

জন্ম শতবর্ষ স্মর্গে

ষ্মার্মী বিবেকানন্দের বাণী ও রচনা

জন্ম-শতবর্ষ-স্মরণে

স্থামী বিবেকানন্দের বাণী ও রচনা

নবম খণ্ড



উদ্বোধন কার্যালয় কলিকাতা প্ৰকাশক খাৰী জানাখানক উৰোধন কাৰ্যালয় কলিকাডা-৩

বেলুড় শ্রীরামক্বফ মঠের অধ্যক্ষ কর্তৃক্ সর্বস্বদ্ধ সংরক্ষিত

প্রথম সংস্করণ কৃষ্ণাসপ্রমী, ১৩৬৭

মূত্রক শ্রীগোশালচন্দ্র রায় নাজানা প্রিণিং ওত্মার্কস্ প্রাইভেট লিনিটেড ৪৭ গণেশচন্দ্র অ্যাভিনিউ, ক্লিক্ডিট-১৩

প্রকাশকের নিবেদন

'বামীজীর বাণী ও রচনা'র নবম থণ্ডে প্রধানতঃ কথোপকথন-মূলক বিষয়গুলি—বামীজীর সহিত দেশে ও বিদেশে চিন্তানীল ব্যক্তিগণের বে-সব কথাবার্তা হইয়াছিল, তাহা সন্নিবেশিত হইল। এগুলি' তাঁহার বক্তা ও লেখার মতোই জীবনপ্রদ, উপরন্ধ জাতিগত ব্যক্তিগত নালা সমস্তার সমাধানের স্থাচিন্তিত ইবিতে পরিপূর্ণ।

খানীজীর শিক্ত শ্রীযুক্ত শরচন্দ্র চক্রবর্তী 'খানি-শিক্ত-সংবাদ' (পূর্ব ও উত্তর) ছই খণ্ডে খানীজীর উদ্দীপনামর বহু কথা লিপিবদ্ধ করিরাছেন, দীর্ঘকাল ধরিরা এই গ্রন্থ বহু দেশদেবক ও আধ্যাত্মিক সাধককে অমুপ্রাণিত করিরা আসিতেছে। ছই খণ্ডে প্রকাশিত গ্রন্থটি এখানে সর্বাগ্রে ক্রমিক অধ্যার-অমুসারে—যথাসন্তব তারিখ ও ঘটনার অমুক্রমে সাজানো হইরাছে। কথোপকথনের পটভূমিকার জন্ম বতটুকু বর্ণনা প্রয়োজন, ততটুকুই রাখা হইরাছে; মূল প্রতক্রে অধ্যায়মুখে লিখিত বিষয়স্টী ও মাঝে মাঝে লিখিত লেখকের মন্তব্য বর্জিত হইরাছে।

ভাগনী নিবেদিতা লিখিত 'Notes of Some Wanderings with the Swami Vivekananda'—'বামীজীর দহিত হিমালয়ে' নামে বাংলার প্রকাশিত; এ প্রকথানির অধ্যায়-শিরোনামা দব ঠিক রাখা হইয়াছে, কিন্তু মূল প্রকের বর্ণনা- ও সমালোচনা-মূলক অংশ বাদ দেওয়া হইয়াছে, শুধ্ খামীজীর মভামত ও কথাগুলিই নির্বাচিত হইয়াছে। প্রয়োজনীয় পটভূমিকা ও ধারাবাহিকতা ষ্থাস্থ্যব রাখা হইয়াছে।

'সামীজীর কথা' অংশট স্বভিকথা-মূলক। স্বভিক্থা বাঁহারা লিখিরাছেন, ভাঁহাদের অনেকে স্বামীজীর শিক্স—ম্থা স্বামী শুদ্ধানন্দ স্বামীজীর সন্ন্যাসী শিক্ত, হরিপদ মিত্র গৃহস্থ শিক্ত, প্রিয়নাথ সিংহ একাধারে ভাঁহার কাল্যবন্ধু ও শিক্ত। এই লেখাগুলিতে স্বামীজীর বিভিন্ন ভাবের চিত্র ফুটিরা উঠিরাছে। এখানেও বর্ণনাংশ কিছু বাদ দিয়া স্বামীজীর কথাবার্তাই চয়ন করা হইয়াছে। সমগ্র রস আস্বাদনের জক্ত পাঠকগণ মূল পুশ্বক-পাঠে আরুই হইবেন, আশা করি।

সর্বলেবে 'কথোপকথন' পুত্তকটি সন্নিবেশিত হইল। এটি প্রধানত দেশেলী ও বিদেশের সংবাদপত্র-প্রতিনিধিসণের সাক্ষাৎকারের প্রকাশিত বিহুতি। এখানেও বর্ণনা—বিশেষত সমালোচন। সংক্ষিপ্ত করিয়া কথোপকথনে স্বাসীজী। কর্তৃক প্রকাশিত সভামতের উপরই জোর দেওয়া হইয়াছে। শেষের দিকে করেকটি প্রশ্নোত্তরের বিবরণ নিপিবন্ধ আছে।

এই গ্রহাবদীর অন্তান্ত থণ্ডের স্থার এই খণ্ড ছাপাইবার আংশিক ব্যন্ত ভারত- ও পশ্চিমবদ-সরকার বহন করিয়া আমাদের কুতক্ততাভাজন হইয়াছেন। তথ্যপঞ্জী প্রভৃতি সংগ্রহ করিয়া এই খণ্ড মূদ্রণযোগ্য করিতে বাঁহারা আমাদের সাহায্য করিয়াছেন, তাঁহাদিগকেও আমরা ধন্তবাদ জানাইতেছি।

প্রকাশক

সূচীপত্ৰ

বিষয়	পৰাৰ
স্বামি-শিষ্য-সংবাদ	> { 0>
(৪৬ অধ্যান্স—১৮৯৭ চ্ইতে ১৯০২)	
স্বামীজীর সহিত হিমালয়ে	२৫৯—७२१
(১২ অধ্যায়— ১৮৯৮, মার্চ হুইতে সেপ্টেম্বর)	
স্বামীজীর কথা	७२৯—8७०
স্বামীজীর অস্ট স্বৃতি	८७७
त्रामीकीत कथा	७ ৫ १
স্বামীলীর সহিত কয়েকদিন	৬৬৽
শামীজীর শ্বতি	• 60
তিনদিনের শ্বতিলিপি	872
কথোপকথন	8 ० ५—8३७
লণ্ডনে ভারতীয় যোগী	800
ভারতের জীবনব্রড	809
ভারত ও ইংগও	888
ইংলত্তে ভারতীয় ধর্মপ্রচারক	865
স্বামীজীর সহিত মাত্রায় এক ঘণ্টা	8 ¢¢
ভারত ও অক্তান্ত দেশের নানা সমস্তা আলোচনা	8७•
শাশ্চাত্যে প্রথম হিন্দু সন্ন্যাদীর প্রচার	8७३
শাতীয় ভিত্তিতে হিন্দুধর্মের পুনর্বোধন	89¢
ভারতীয় নারী—ভাহাদের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ	896
हिन्त्र्रायं गोगांन।	860
প্রমোন্তর	8 ৮৬
তথ্যপঞ্জী	869
নিৰ্দেশিকা	679

স্বামি-শিষ্য-সংবাদ

প্রথম সংস্করণের নিবেদন

'স্বামি-শিশ্ত-সংবাদ' প্রকাশিত হইল। দেশ, সমাজ, আচার, নীতি, ধর্ম প্রভৃতি বে-সকল বিষয়ের কর্তব্যাকর্তব্য অহুধাবন এবং মীমাংসা করিতে যাইয়া মানব-মন সন্দেহে দোলায়মান হইয়া দিঙ্নির্ণয়ে অক্ষম হয়, ভভবিষয় সম্বন্ধে পূজাপাদাচার্য শ্রীবিবেকানন্দ স্বামীজীর অলোকিক দূরদৃষ্টি এবং অসাধারণ বহুদর্শিতা তাঁহাকে কি মীমাংসায় উপনীত করাইয়াছিল, গ্রন্থকার এই পুন্তকে তাহারই কিঞ্চিথ পরিচয় দিবার প্রয়ত্ত্ব করিয়াছেন। তথু তাহাই নহে, যে শক্তিমান পুরুষের অভূত প্রতিভা এবং দিব্য চরিত্রবলে প্রাচ্য ও পাশ্চাত্য—উভয় জগভের মনীষিগণই শুম্ভিত হইয়া অনতিকালপূর্বে তাঁহাকে উচ্চাসন প্রদান করিয়াছিলেন, সেই মহামহিম স্বামী শ্রীবিবেকানন্দ লোকচক্ষ্র অন্তরালে, মঠে সর্বদা কিরূপ উচ্চভাবে কালক্ষেপ করিতেন, কিরূপ স্লেহে তাঁহার শিশ্ববর্গকে সর্বদা শিক্ষাদীক্ষাদি প্রদান করিতেন, নিজ গুরুভাতৃগণকে কিরুপ উচ্চ সম্মান প্রদান করিতেন এবং সর্বোপরি নিজ গুরু শ্রীশ্রীরামকৃষ্ণ-দেবকে জীবনে-মরণে কিরূপ ভাবে অমুসরণ করিতেন, মধ্যে মধ্যে ভিষিয়ের পরিচয়ও কিঞ্চিৎ কিঞ্চিৎ প্রদান করা হইয়াছে। আবার স্বামীজীর মডামত লিপিবদ্ধ করিতে অগ্রদর হইবার গুরুতর দায়িত্ব অহভব করিয়া গ্রন্থকার পুস্তকথানির আছোপাস্ত স্বামীন্দীর বেলুড়-মঠন্থ গুরুত্রাতৃগণের দারা সংশোধিত করাইয়া লইয়াছেন। গ্রন্থনিবদ্ধ বিষয়সকলের স্থানকালাদির নির্ণয়ও ষণাদাধ্য বিভাগ করিয়া পুস্তকখানিকে তৃই খণ্ডেং বিভক্ত করিয়া দেওয়া হইয়াছে ।…

> বিনীত নিবেদক— শ্রীসারদানন্দ

> শিশ্ব —শরচ্চত্র চক্রবর্তী।

২ বর্তমান সংগ্রহে হুই খণ্ডের অধায়গুলি একই ক্রমিক সংখ্যানুসারে নিবন্ধ হুইল।

দ্বিতীয় খণ্ডের নিবেদন হইতে

গত সাত বংসর যাবং 'স্বামি-শিক্স-সংবাদ' 'উষোধন' পত্তে ধারাবাহিকক্রমে প্রকাশিত হইয়াছে। এতদিনে পুস্তকাকারে 'উষোধন' আফিস হইতে প্রকাশিত হইল।

খামীজী বধন প্রথমবার বিলাত হইতে আদিরা কলিকাতা বাগবাজার ৺বলরাম বহুর বাড়িতে অবস্থান করেন, তখন হইতে শিশ্রের সহিত খামীজীর নানারূপ বিচার ও শাল্পপ্রসঙ্গ হইত। পূজনীয় মহেন্দ্রনাথ গুপু মহাশয় ঐ সময়ে একদিন তথায় উপস্থিত ছিলেন। ঐ দিন তিনি শিশ্রকে বলেন যে, খামীজীর সহিত ষে-সব প্রসঙ্গ হয়, তাহা যেন সে লিপিবদ্ধ করিয়া রাখে। মাস্টার মহাশয়ের আদেশে শিশ্র সেই-সকল প্রসঙ্গ লিপিবদ্ধ করিয়া রাখিয়াছিল —তাহাতেই বিস্তৃত আকারে 'খামি-শিশ্র-সংবাদ' লিখিত হইয়াছে।……

মাঘ, ১৩১>

স্থান—কলিকাতা, প্রিয়নাথ মুখোপাধ্যারের বাটী, বাগবাঞ্জার কাল—ফেব্রুআরি (শেব সপ্তান্ত), ১৮৯৭

প্রথমবার বিলাভ হইতে ভারতে ফিরিবার পর তিন চারদিন হইল স্বামীজী কলিকাতার পদার্পন করিয়াছেন। আজ মধ্যাহ্নে বাগবাজারের রাজবল্পত-পাড়ায় শ্রীরামক্লফ-ভক্ত শ্রীযুক্ত প্রিয়নাথ মুখোপাধ্যায়ের বাজিতে স্বামীজীর নিমন্ত্রণ। সংবাদ পাইয়া বহু ভক্ত আজু তাঁহার বাজিতে সমাগত হইতেছেন। শিক্তও লোকমুখে সংবাদ পাইয়া মুখ্ব্যে মহাশয়ের বাজিতে বেলা প্রায় ২॥টার সময় উপহিত হইল। স্বামীজীর সঙ্গে শিক্তের এখনও আলাপ হয় নাই। শিক্তের জীবনে স্বামীজীর দর্শনলাভ এই প্রথম।

শিশু উপস্থিত হইবামাত্র স্বামী তুরীয়ানন্দ তাহাকে স্বামীজীর নিকটে লইয়া বাইয়া পরিচয় করাইয়া দিলেন। স্বামীজী মঠে আলিয়া শিশুরচিত একটি 'শ্রীরামকৃষ্ণভোত্র' পাঠ করিয়া ইতঃপূর্বেই তাহার বিষয় শুনিয়া-ছিলেন; শ্রীরামকৃষ্ণদেবের ভক্তগরিষ্ঠ নাগ-মহাশয়ের' কাছে ভাহার ধে যাতায়াত আছে—ইহাও স্বামীজী জানিয়াছিলেন।

শিশু স্বামীজীকে প্রণাম করিয়া উপবেশন করিলে স্বামীজী তাহাকে সংস্কৃতে
সম্ভাষণ করিয়া নাগ-সহাশয়ের কুশলাদি জিজ্ঞাসা করিলেন এবং তাঁহার
স্থামুবিক ত্যাগ, উদ্ধাম ভগবদম্বাগ ও দীনতার বিষয় উল্লেখ করিতে
করিতে বলিলেন—'বরং ভত্তাবেবাদ্ হতাং মধুকর স্বং খলু কতী''।
কথাগুলি নাগ-মহাশয়কে লিখিয়া জানাইতে শিশুকে আদেশ করিলেন।
পরে বহু লোকের ভিড়ে স্থালাপ করিবার স্থবিধা হইতেছে না দেখিয়া,
তাহাকে ও স্বামী তুরীয়ানন্দকে পশ্চিমের ছোট ঘরে লইয়া গিয়া শিশুকে
'বিবেকচ্ডামণি'র এই কথাগুলি বলিতে লাগিলেন:

মা ভৈষ্ট বিষন্ তব নান্ত্যপার: সংসারসিন্ধোন্তরণেহস্ত্যপার:।

> এরামকুকের গৃহী-ভক্ত ছর্গাচরণ নাগ

২ অভিজ্ঞানশকুত্বলম্—কালিদাস

স্বামীজীর বাণী ও রচনা

বেনৈৰ যাতা যতরোহত পারং তমেৰ মাৰ্গং তব নিৰ্দিশামি ॥

এবং তাহাকে আচার্য শঙ্করের 'বিবেকচ্ড়ামণি' নামক গ্রন্থানি পাঠ করিছে আদেশ করিলেন।

নানাপ্রসঙ্গ চলিতেছে এমন সময় একজন আসিয়া সংবাদ দিল যে, 'মিরর''সম্পাদক প্রীযুক্ত নরেন্দ্রনাথ সেন স্থামীজীর সঙ্গে দেখা করিতে আসিয়াছেন।
স্থামীজী বলিলেন, 'তাঁকে এখানে নিয়ে এসো।' নরেন্দ্রবার্ ছোট ঘরে
আসিয়া বলিলেন এবং আমেরিকা ও ইংলও সম্বন্ধে স্থামীজীকে নানা
প্রশ্ন করিতে লাগিলেন। উত্তরে স্থামীজী বলিলেন:

আমেরিকাবাদীর মতো এমন সহাদয়, উদারচিত্ত, অতিথিদেবাপরায়ণ, নব নব ভাবগ্রহণে একাস্ত সমৃৎস্থক জাতি জগতে আর বিতীয় দেখা বার না। আমেরিকায় বা কিছু কাজ হয়েছে, তা আমার শক্তিতে হয়নি; আমেরিকার লোক এত সহাদয় বলেই তাঁরা বেদাস্কভাব গ্রহণ করেছেন।

ইংলণ্ডের কথায় বলিলেন: ইংরেজের মতো conservative (প্রাচীন
বীতিনীতির পক্ষণাতী) জাতি জগতে আর দিতীয় নেই। তারা কোন
ন্তন ভাব সহজে গ্রহণ করতে চায় না, কিন্তু অধ্যবসায়ের সহিত ধদি
তাদের একবার কোন ভাব ব্রিয়ে দেওয়া বায়, তবে তারা কিছুতেই
তা আর ছাড়ে না। এমন দৃঢ়প্রতিজ্ঞা অন্ত কোন জাতিতে মেলে না।
সেইজক্ত তারা সভ্যতায় ও শক্তি-সঞ্চয়ে জগতে সর্বপ্রেষ্ঠ স্থান অধিকার
করেছে।

উপযুক্ত প্রচারক পাইলে আমেরিকা অপেকা ইংলওেই বেদান্ত-প্রচারকার্য ছায়ী হইবার অধিকতর সম্ভাবনা, ইহা জানাইয়া স্বামীজী বলিলেন:

আমি কেবল কাজের পত্তন মাত্র ক'রে এসেছি। পরবর্তী প্রচারকগণ ঐ পদ্ম অহসরণ করলে কালে অনেক কাজ হবে। নরেজবাবু। এইরপ ধর্মপ্রচার দারা ভবিশ্বতে আমাদের কি আশা আছে?

[্]ব 'হে বিছন্! ভয় পাইও না, তোমার বিনাশ নাই; সংসার-সাগর পার হইবার উপায় আছে। বে পর্থ অফান্থন করিয়া শুদ্ধসন্ত্ব যোগিগণ এই সংসার-সাগর পার হইয়াছেন; সেই পর্ণ আমি তোমার নির্দেশ করিয়া দিতেছি।'

২ 'Indian Mirror' পত্ৰিকা

শানীশী। আমাদের দেশে আছে মাত্র এই বেদান্তথম। পাশ্চাত্য সভ্যতার তুলনার আমাদের এখন আর কিছু নেই বললেই হয়। কিন্তু এই সার্বভৌম বেদান্তবাদ—যা সকল মতের, সকল পথের লোককেই ধর্মলাভে সমান অধিকার প্রদান করে—এর প্রচারের দারা পাশ্চাত্য সূত্য লগৎ জানতে পারবে, ভারতবর্বে এক সমরে কি আশ্চর্ব ধর্ম-ভাবের ক্ষ্রণ হয়েছিল এবং এখনও রয়েছে। এই মতের চর্চার পাশ্চাত্য লাভির আমাদের প্রতি শ্রন্ধা ও সহায়ভূতি হবে—অনেকটা এখনই হয়েছে। এইরূপে ষথার্থ শ্রন্ধা ও সহায়ভূতি লাভ করতে পারলে আমরা তাদের নিকট এইক জীবনের বিজ্ঞানাদি শিক্ষা ক'রে জীবন-সংগ্রামে অধিকতর পটু হবো। পক্ষান্তরে তারা আমাদের নিকট এই বেদান্তমত শিক্ষা ক'রে পারমার্থিক কল্যাণলাভে সমর্থ হবে।

নরেজবার্। এই আদান-প্রদানে আমাদের রাজনৈতিক কোন উন্নতির আশা আছে কি ?

শামীনী। ওরা (পাশ্চাত্যেরা) মহাপরাক্রান্ত বিরোচনের' সন্তান; ওদের
শক্তিতে পঞ্চুত ক্রীড়াপ্তলিকার মতো কাজ করছে; আপনারা বদি
মনে করেন, আমরা এদের সঙ্গে সংঘর্ষ ঐ সুল পাঞ্চেতিক শক্তিপ্রয়োগ করেই একদিন স্বাধীন হবো, তবে আপনারা নেহাত ভুল বুঝছেন।
হিমালয়ের সামনে সামান্ত উপলথও বেমন, ওদের ও আমাদের ঐ শক্তিপ্রয়োগকুশলতায় তেমনি প্রভেদ। আমার মত কি জানেন? আমরা
এইরপে বেদান্তোক্ত ধর্মের গৃঢ় রহুত্য পাশ্চাত্য জগতে প্রচার ক'রে, ঐ
মহাশক্তিধরগণের শ্রুভা ও সহাহুভূতি আকর্ষণ ক'রে ধর্মবিষয়ে চিরদিন
ওদের গুরুহানীয় থাকব এবং ওরা ইহলোকিক অভান্ত বিষয়ে আমাদের
গুরু পাকবে। ধর্ম জিনিসটা ওদের হাতে ছেড়ে দিয়ে ভারতবাদী বেদিন
পাশ্চাত্যের পদতলে ধর্ম শিখতে বসবে, সেইদিন এ অধঃপতিত জাতির
জাতিত্ব একেবারে ঘুচে বাবে। দিনরাত চীৎকার ক'রে ওদের—'এ
দেও, ও দেও' বললে কিছু হবে না। আদান-প্রদানরূপ কাজের হারা
যথন উভরপক্ষের ভিতর শ্রুভা ও সহাহুভূতির একটা টান দাড়াবে, তথন
আর চেচামেচি করতে হবে না। গুরা আপনা হতেই সব করবে।

অপ্রর, দেহাস্ববাদী, ভোগবাদী—এইবা ঃ ছান্দোগ্য উপ, ইশ্র-বিরোচন-সংবাদ

আমার বিখাস—এইরূপে, ধর্মের চর্চার ও বেদান্তথর্মের বছল প্রচারে এদেশ ও পাশ্চাত্য দেশ—উভরেরই বিশেষ লাভ। রাজনীতিচর্চা এর তুলনার আমার কাছে গৌণ (secondary) উপায় ব'লে বোধ হয়। আমি এই বিখাদ কাজে পরিণত করতে জীবনক্ষয় ক'রব। আপনারা ভারতের কল্যাণ অক্তভাবে সাধিত হবে বুঝে থাকেন তো অক্তভাবে কাজ ক'রে যান।

নরেন্দ্রবার স্থামীজীর কথায় সমতি প্রকাশ করিয়া কিছুক্ষণ বাদে উঠিয়া গেলেন। শিশু স্থামীজীর পূর্বোক্ত কথাগুলি শুনিয়া অবাক হইয়া তাঁহার দীপ্ত মৃতির দিকে অনিমেষ নয়নে চাহিয়া রহিল।

নরেশ্রবাব্ চলিয়া গেলে পর, গোরক্ষিণী সভার জনৈক উভোগী প্রচারক স্থামীজীর সঙ্গে দেখা করিতে উপস্থিত হইলেন। পুরা না হইলেও ইহার বেশভ্যা অনেকটা সন্ন্যাসীর মতো—মাথায় গেরুয়া রঙের পাগড়ি বাঁধা, দেখিলেই বুঝা যায় ইনি হিলুয়ানী। গোরক্ষা-প্রচারকের আগমন-বার্তা পাইয়া স্থামীজী বাহিরের ঘরে আসিলেন। প্রচারক স্থামীজীকে অভিবাদন করিয়া গোমাতার একখানি ছবি তাঁহাকে উপহার দিলেন। স্থামীজী উহা হাতে দয়া নিকটবর্তী অপর এক ব্যক্তির হাতে দয়া তাঁহার সহিত নিয়লিখিত আলাপ করিয়াছিলেন:

স্বামীজী। আপনাদের সভার উদ্দেশ্য কি ?

প্রচারক। আমরা দেশের গোমাতাগণকে কনাইয়ের হাত হইতে রক্ষা করিয়া থাকি। স্থানে স্থানে পিঁজরাপোল স্থাপন করা হইয়াছে। সেথানে রুয়, অকর্মণ্য এবং কনাইয়ের হাত হইতে ক্রীত গোমাতাগণ প্রতিপালিত হন।

খামীজী। এ অতি উত্তম কথা। আপনাদের আয়ের পছা কি ?

প্রচারক। দয়াপরবশ হইয়া আপনাদের ক্যায় মহাপুরুষ বাহা কিছু দেন, তাহা ঘারাই সভার ঐ কার্য নির্বাহ হয়।

সামীলী। আপনাদের গচ্ছিত কত টাকা আছে ?

প্রচারক। মারোয়াড়ী বণিকসম্প্রদার এ কার্যের বিশেষ পৃষ্ঠপোষক। তাঁহারা এই সৎকার্যে বহু অর্থ দিয়াছেন।

- খামীজী। মধ্য-ভারতে এবার ভয়ানক ছভিক হয়েছে। ভারত গভর্মেণ্ট নম লক্ষ লোকের অনশনে মৃত্যুর ভালিকা প্রকাশ করেছেন। আপনাদের সভা এই ছভিক্ষকালে কোন সাহায্যদানের আয়োজন করেছে কি ?
- প্রচারক। আমরা ছভিকাদিতে সাহাষ্য করি না। কেবলমাত্র গোমাভাগণের রক্ষাকরেই এই সভা স্থাপিত।
- খামীজী। যে ছভিকে আপনাদের জাতভাই লক্ষ লক্ষ মাহ্য মৃত্যুম্থে পতিত হ'ল, সামর্থ্য সন্তেও আপনারা এই ভীষণ ছদিনে ভাদের আন দিয়ে সাহায্য করা উচিত মনে করেননি ?
- প্রচারক। না। লোকের কর্মফলে—পাপে এই ত্রুভিক্ষ হইয়াছিল; 'বেমন কর্ম তেমনি ফল' হইয়াছে।

প্রচারকের কথা ওনিয়া স্বামীন্সীর বিশাল নয়নপ্রাস্থে যেন অগ্নিকণা স্থ্রিত হইতে লাগিল, মুখ আরক্তিম হইল; কিন্তু মনের ভাব চাপিয়া বলিলেন:

বে দভা-দমিতি মাহবের প্রতি দহাহুভূতি প্রকাশ করে না, নিজের ভাই অনশনে মরছে দেখেও তার প্রাণরক্ষার জন্ম এক মৃষ্টি অয় না দিয়ে পশুপক্ষিরক্ষার জন্ম রাশি রাশি অয় বিতরণ করে, তার সক্ষে, আমার কিছুমাত্র দহাহুভূতি নেই; তার বারা সমাজের বিশেষ কিছু উপকার হয় ব'লে আমার বিশাস নেই। কর্মকলে মাহ্র মরছে—এরপে কর্মের দোহাই দিলে জগতে কোন বিষয়ের জন্ম চেটাচরিত্র করাটাই একেবারে বিফল ব'লে দাব্যন্ত হয়। আপনাদের পশুরক্ষার কাজটাও বাদ বায় না। ঐ কাজ সম্বন্ধেও বলা বেতে পারে—গোমাতারা নিজ নিজ কর্মকলেই ক্যাইদের হাতে বাচ্ছেন ও মরছেন, আমাদের ওতে কিছু ক্রবার প্রয়োজন নেই।

- প্রচারক। (একটু অপ্রতিভ হইয়া) ই।, আপনি যাহা বলিয়াছেন, তাহা সত্য; কিন্তু শাস্ত্র বলে—গরু আমাদের মাতা।
- স্বামীজী। (হাসিতে হাসিতে) হাঁ, গঙ্গ আমাদের যে মা, তা আমি বিলকণ বুঝেছি—তা না হ'লে এমন সব কৃতী সম্ভান আর কে প্রসব করবেন ?

হিন্দুখানী প্রচারক ঐ বিষয়ে আর কিছু না বলিয়া (বোধ হয় স্বামীজীর বিষম বিজ্ঞপ ভিনি বৃঝিভেই পারিলেন না) স্বামীজীকে বলিলেন যে, সেই সমিভির উদ্দেশ্যে ভিনি ভাঁহার কাছে কিছু ভিন্দাপ্রার্থী। ষামীজী। আমি তো সন্থাসী ফকির লোক। আমি কোথার অর্থ পাবো, বাতে আপনাদের সাহায্য ক'রব ? তবে আমার হাতে যদি কথনও অর্থ হয়, আগে মাছবের সেবার ব্যয় ক'রব ; মাছবকে আগে বাঁচাতে হবে— আনদান, বিভাদান, ধর্মদান করতে হবে। এ-সব ক'রে যদি অর্থ বাকী থাকে, তবে আপনাদের সমিতিতে কিছু দেওয়া যাবে।

কথা শুনিয়া প্রচারক মহাশয় স্বামীদ্ধীকে অভিবাদন করিয়া প্রস্থান করিলেন। তথন স্বামীদ্ধী আমাদিগকে বলিতে লাগিলেন:

কি কথাই বললে! বলে কিনা—কর্মফলে মাহ্যব মরছে, ভাদের দয়।
ক'রে কি হবে ? দেশটা বে অধঃপাতে গেছে, এই ভার চূড়ান্ত প্রমাণ।
ভোদের হিন্দুধর্মের কর্মবাদ কোথায় গিয়ে দাঁড়িয়েছে দেখলি ? মাহ্যব
হয়ে মাহ্যবের জন্মে বাদের প্রাণ না কাদে, ভারা কি আবার মাহ্যব ?

এই কথা বলিতে বলিতে স্বামীজীর সর্বান্ধ খেন ক্লোভে ছ্:থে শিহ্রিয়া উঠিল। পরে স্বামীজী শিশুকে বলিলেন:

আবার আমার সঙ্গে দেখা ক'রো।

- শিশু। আপনি কোথায় থাকিবেন? হয়তো কোন বড় মাহুষের বাড়িতে থাকিবেন। আমাকে তথায় যাইতে দিবে তো?
- স্বামীনী। সম্প্রতি স্বামি কখন স্বালমবাজার মঠে, কখন কাশীপুরে গোপাললাল শীলের বাগানবাড়িতে থাকব। তুমি সেথানে যেও।

শিশু। মহাশয়, আপনার সঙ্গে নির্জনে কথা কহিতে বড় ইচ্ছা হয়।
স্বামীজী। তাই হবে—একদিন রাত্রিতে ষেও। খুব বেদাস্তের কথা হবে।

শিশ্ব। মহাশয়, আপনার সঙ্গে কতকগুলি ইংরেজ ও আমেরিকান আসিয়াছে

শুনিয়াছি, তাহারা আমার বেশভ্যা ও কথাবার্তার কট হইবে না ভো ? স্বামীজী। তারাও সব মাহ্ব—বিশেষতঃ বেদান্তধর্মনিষ্ঠ। তোমার সঙ্গে আলাপ ক'রে তারা খুশী হবে।

শিশু। মহাশয়, বেরাস্তে অধিকারীর বে-সর লকণ আছে, তাহা আপনার
পাশ্চাত্য শিশুদের ভিতরে কিরুপে আদিল? শাস্তে বলে—অধীতবেদবেরাস্ত, রতপ্রায়শ্তিত, নিত্যনৈমিত্তিক কর্মাস্ক্রানকারী, আহার-বিহারে
পরম সংযত, বিশেষতঃ চতুঃসাধনস্পন্ন না হইলে বেরাস্তের অধিকারী হয়

না। আপনার পাশ্চাত্য শিক্ষেরা একে অব্রাদ্ধ, তাহাতে অশন-বসনে অনাচারী; তাহারা বেদাস্তবাদ বুঝিল কি করিয়া?

খামীজী। তাদের সদে আলাপ করেই বুঝতে পারবে, তারা বেদান্ত বুঝেছে কি না।

অনস্তর স্বামীজী কয়েকজন ভক্তপরিবেটিত হইয়া বাগবাজারের শ্রীযুক্ত বলরাম বহু মহাশয়ের বাটীতে গেলেন। শিশু বটতলায় একখানা 'বিবেক-চূড়ামণি' গ্রন্থ ক্রম করিয়া দরজীপাড়ায় নিজ বাসার দিকে অগ্রসর হইল।

२

স্থান—কলিকাতা হইতে কাশীপুর যাইবার পথে ও গোপাললাল শীলের বাগানে

কাল-কেব্ৰুআরি বা মার্চ, ১৮৯৭ খুঃ

স্বামীজী আৰু প্ৰীযুক্ত গিরিশচক্ত ঘোষ' মহাশয়ের বাটাতে মধ্যাহে বিপ্রাম করিতেছিলেন। শিশু সেধানে আসিয়া প্রণাম করিয়া দেখিল, আমীজী তথন গোপাললাল শীলের বাগানবাড়িতে বাইবার জন্ম প্রস্তুত । গাড়ি দাঁড়াইরা আছে। শিক্তকে বলিলেন, 'চল্ আমার সলে।' শিশু সম্মত হইলে স্বামীজী তাহাকে সলে লইরা গাড়িতে উঠিলেন; গাড়ি ছাড়িল। চিৎপুরের রান্ডার আসিয়া গলাদর্শন হইবামাত্র স্বামীজী আপন মনে স্বর্ব করিয়া আর্ত্তি করিতে লাগিলেন, 'গলা-তর্ল-রমণীয়-জটা-কলাপং' ইত্যাদি। শিশু মুখ্র হইরা দে অন্ত্রত স্বরলহরী নি:শব্দে তনিতে লাগিল। কিছুক্ষণ এইরূপে গত হইলে একথানা রেলের ইঞ্জিন চিৎপুর 'হাইড়ালিক ব্রিজের' দিকে বাইতেছে দেখিয়া স্বামীজী শিশুকে বলিলেন, 'দেণ্ দেখি কেমন দিলির মতো বাজে।' শিশু বলিল:

ইহা তো জড়। ইহার পশ্চাতে মাছবের চেতনশক্তি ক্রিয়া করিতেছে,

১ বিখ্যাত নট ও নাট্যকার শ্রীরামকৃষ্ণ-ভক্ত গিরিশচন্দ্র ঘোষ

২ ব্যাসকৃত 'বিশ্বনাথস্তবঃ'

তবে তো ইহা চলিতেছে। ঐরপে চলায় ইহার নিজের বাহাছরি আর কি আছে?

স্বামীজী। বলু দেখি চেতনের লক্ষণ কি ?

শিশ্ব। কেন মহাশন্ন, বাহাতে বৃদ্ধিপূর্বক ক্রিয়া দেখা যান্ন, ভাহাই চেতন।
খামীজী। বা nature-এর against rebel প্রকৃতির বিরুদ্ধে বিদ্রোহ)
করে, ভাই চেতন; ভাতেই চৈতত্তের বিকাশ রয়েছে। দেখু না, একটা
সামান্ত পিঁপড়েকে মারতে বা, সেও জীবনরক্ষার জন্ত একবার rebel
(লড়াই) করবে। বেখানে struggle (চেটা বা পুরুষকার), বেখানে
rebellion (বিজ্ঞাহ), সেখানেই জীবনের চিহ্ন—সেখানেই চৈতত্তের
বিকাশ।

শিশ্ব। মাহুষের ও মহুশ্বজাতিসমূহের সম্বন্ধেও কি ঐ নিয়ম খাটে ?

শামীজী। খাটে কি না একবার জগতের ইতিহাসটা পড়ে দেখ্ না।
দেখ্বি, তোরা ছাড়া আর সব জাতি সহদ্বেই ঐ কথা খাটে।
তোরাই কেবল জগতে আজকাল জড়বং পড়ে আছিস্। তোদের
hypnotise (বিমোহিত) ক'রে ফেলেছে। বহু প্রাচীনকাল থেকে
অন্তে বলেছে—তোরা হীন, তোদের কোন শক্তি নেই। তোরাও
তাই তনে আজ হাজার বচ্ছর হ'তে চ'লল ভাবছিদ—আমরা হীন,
সব বিষয়ে অকর্মণ্য! তেবে ভেবে তাই হয়ে পড়েছিস। (নিজের
শরীর দেখাইয়া) এ দেহও তো ভোলের দেশের মাটি বেকেই জয়েছে।
আমি কিছু কখনও ওরুপ ভাবিনি। তাই দে্না, তার (ঈশরের)
ইচ্ছার, বারা আমাদের চিরকাল হীন মনে করে, তারাই আমাকে
দেবতার মতো খাতির করেছে ও করছে। তোরাও যদি ঐরপ
ভাবতে পারিদ—'আমাদের ভিতর অনস্ত শক্তি, অপার জ্ঞান, অদম্য
উৎসাহ আছে' এবং অনস্তের ঐ শক্তি জাগাতে পারিদ তো ভোরাও
আমার মতো হ'তে পারিদ।

শিশ্য। এরপ ভাবিবার শক্তি কোথায়, মহাশয়? বাল্যকাল হইতেই ঐ কথা শোনায় ও ব্ঝাইয়া দেয়, এমন শিক্ষক বা উপদেষ্টাই বা কোথায়? লেখাপড়া করা আফকাল কেবল চাকরিলাভের অন্ত,— এই কথাই আমরা সকলের নিকট হইতে শুনিয়াছি ও শিধিয়াছি।

- ষানীজী। তাই তো খানরা এসেছি খন্তরূপ শেখাতে ও দেখাতে। ভোরা খানাদের কাছ থেকে ঐ তন্ধ শেখ, বোঝ, অহত্তি কর্—তারপর নগরে নগরে, গ্রামে গ্রামে, পলীতে পলীতে ঐ ভাব ছড়িরে দে। সকলকে গিয়ে বল্—'ওঠ, জাগো, আর ঘ্মিও না; সকল খভাব, সকল হৃঃও ঘ্চাবার শক্তি ভোমাদের নিজের ভিতর রয়েছে, এ কথা বিখাস করো, তা হলেই ঐ শক্তি জেগে উঠবে।' ঐ কথা সকলকে বল্ এবং সেই সলে সালা কথায় বিজ্ঞান দর্শন ভূগোল ও ইতিহাসের মূল কথাগুলি mass-এর (সাধারণের) ভেতর ছড়িয়ে দে। আমি অবিবাহিত ঘ্রকদের নিয়ে একটি centre (শিক্ষাকেন্দ্র) ভৈয়ার ক'রব—প্রথম তাদের শেখাব, ভারপর তাদের দিয়ে এই কাল করাবো, মতলব করেছি।
- শিশু। কিন্তু মহাশন্ধ, ঐরপ করা তো অনেক অর্থসাপেক্ষ। টাকা কোথায় পাইবেন ?
- স্থানীজী। তুই কি বলছিন? মাহুবেই তো টাকা করে। টাকায় মাহুব করে, এ কথা কবে কোথায় শুনেছিন? তুই যদি মন মুখ এক করতে পারিদ, কথায় ও কাজে এক হ'তে পারিদ তো জলের মতো টাকা আপনা-আপনি তোর পায়ে এদে পভবে।
- শিশু। আছে মহাশর, না হয় সীকারই করিলাম যে, টাকা আদিল এবং আপনি এরপে সংকার্যের অন্তর্গন করিলেন। তাহাতেই বা কি? ইতঃপূর্বেও কত মহাপুরুষ কত ভাল ভাল কাজ করিয়া গিয়াছেন। সে-সকল এখন কোথায়? আপনার প্রতিষ্ঠিত কার্বেরও সময়ে এরপ দশা হইবে নিশ্চয়। তবে এরপ উভ্যমের আবশুক্তা কি?
- খামীজী। পরে কি হবে সর্বদা এ কথাই যে ভাবে, ভার ঘারা কোন কাজই হ'তে পারে না। বা সভ্য ব'লে ব্ঝেছিস, ভা এখনি ক'রে ফেল্; পরে কি হবে না হবে, দে কথা ভাবৰার দরকার কি ? এভটুকু ভো জীবন—ভার ।ভভর অভ ফলাফস থভালে কি কোন কাজ হ'তে পারে ? ফলাফলছাভা একমাত্র ভিনি (ঈশর) যা হয় করবেন। সেক্থায় ভোর কাজ ক'রে ঘা।

বলিতে বলিতে গাড়ি বাগানবাড়িতে পঁছছিল। কলিকাতা হইতে অনেক লোক স্বামীলীকে দুৰ্শন করিতে সেদিন বাগানে আসিয়াছেন। স্বামীলী গাড়ি হইতে নামিয়া ঘরের ভিতর বাইয়া বলিলেন এবং তাঁহাদিগের সকলের সহিত কথা কহিতে লাগিলেন; স্বামীলীর বিলাতী শিশু শুভউইন সাহেব সাক্ষাং 'সেবা'র মতো অনতিদ্রে দাঁড়াইয়া ছিলেন; ইতঃপূর্বে তাঁহার সহিত পরিচয় হওয়ায় শিশু তাঁহারই নিকট উপস্থিত হইল এবং উভয়ে মিলিয়া স্বামীলী সহজে নানাপ্রকার কথোপকথনে নিযুক্ত হইল।

সন্ধার পর স্বামীজী শিশুকে ডাকিয়া বলিলেন, 'তুই কি কঠোপনিষদ কণ্ঠস্থ করেছিস ?'

শিক্ত। না মহাশন্ধ, শাহরভাক্তসমেত উহা পড়িয়াছি মাত্র।

স্বামীজী। উপনিষদের মধ্যে এমন স্থলর গ্রন্থ আর দেখা যার না। ইচ্ছা হয় ভোরা এ-খানা কণ্ঠে ক'রে রাখিস। নচিকেভার মভো শ্রন্থা সাহস বিচার ও বৈরাগ্য জীবনে জানুবার চেষ্টা কর্। শুধু পড়লে কি হবে ?

শিশু। রূপা করুন, যাহাতে দাসের ঐ-সকল অন্তভূতি হয়।

শামীজী। ঠাকুরের কথা শুনেছিস তো? তিনি বলতেন, 'রুপা-বাডাস তো বইছেই, তুই পাল তুলে দে না।' কেউ কাকেও কিছু ক'রে দিতে পারে কি রে বাপ? নিজের নিয়তি নিজের হাতে—শুরু এইটুকু কেবল ব্ঝিয়ে দেন মাত্র। বীজের শক্তিতেই গাছ হয়, জল ও বায়ু কেবল তার সহায়ক মাত্র।

শিষ্য। বাহিরের সহায়তারও আবশ্রক আছে, মহাশয় ?

খামীকী। তা সাছে। তবে কি জানিস—ভেতরে পদার্থ না থাকলে শত সহায়তায়ও কিছু হয় না। তবে সকলেরই আত্মাহভৃতির একটা সময় আসে, কারণ সকলেই ব্রন্ধ। উচ্চনীচ-প্রভেদ করাটা কেবল ঐ ব্রন্ধবিকাশের তারতম্যে। সময়ে সকলেরই পূর্ণ বিকাশ হয়। তাই শাস্ত্র বলেছেন, 'কালেনাত্মনি বিশ্বতি'।

শিষ্য। কবে আর এরপ হবে মহাশর? শাস্তম্থে শুনি, কভ জন্ম আমরা অজ্ঞানভার কাটাইয়াছি!

খাৰীখী। ভয় কি ? এবার যধন এধানে এলে পড়েছিস, তখন এবারেই

হয়ে যাবে। মৃক্তি, সমাধি—এ-সব কেবল ব্রন্ধপ্রকাশের পথের প্রতিবন্ধগুলি দ্ব ক'রে দেওয়া। নতুবা আছা স্থের মতো সর্বদা অলহেন। অজ্ঞানমেদ তাঁকে ঢেকেছে মাত্র। সেই মেঘকেও সরিরে দেওয়া আর স্থেরও প্রকাশ হওয়া। তথনি 'ভিছ্যতে ক্লয়প্রছিঃ''ইভ্যাদি অবহা হওয়া; যত পথ দেখছিস, সবই এ পথের প্রতিবন্ধ দ্ব করতে উপদেশ দিছে। বে বে-ভাবে আত্মাহভব করেছে, সে সেইভাবে উপদেশ দিয়ে গিয়েছে। উদ্দেশ্য সকলেরই কিন্তু আত্মজ্ঞান—আত্মদর্শন। এতে সর্ব জাতি—সর্ব জীবের সমান অধিকার। এটাই সর্ববাদিসম্মত মৃত।

শিক্স। মহাশয়, শাজের ঐ কথা যথন পড়ি বা শুনি, তথন আজও আত্মবস্তর প্রত্যক্ষ হইল না ভাবিয়া প্রাণ যেন ছটফট করে।

সামীজী। এবই নাম ব্যাকুলতা। ঐঠে ষত বেড়ে যাবে, ততই প্রতিবন্ধরূপ মেঘ কেটে যাবে, ততই প্রজা দৃঢ়তর হবে। ক্রমে আত্মা
'করতলামলকবং' প্রত্যক্ষ হবেন। অমুভূতিই ধর্মের প্রাণ। কতকগুলি
আচার-নিয়ম সকলেই মেনে চলতে পারে, কতকগুলি বিধি-নিবেধ
সকলেই পালন করতে পারে; কিন্তু অমুভূতির জন্ম ক-জন লোক
ব্যাকুল হয় ? ব্যাকুলতা—ঈশরলাভ বা আত্মানের জন্ম উন্নাদ হওয়াই
যথার্থ ধর্মপ্রাণতা। ভগবান্ শ্রীকৃফের জন্ম গোপীদের যেমন উদ্দাম
উন্নান্ততা ছিল, আত্মদর্শনের জন্মও সেইরূপ ব্যাকুলতা চাই। গোপীদের
মনেও একটু একটু পুক্র-মেন্ধে-ভেদ ছিল। ঠিক ঠিক আত্মানে
ঐ ভেদ একেবারেই নেই।

('গীডগোবিন্দ' সমমে কথা তুলিয়া বলিতে লাগিলেন) •

জন্মদেবই সংস্কৃত ভাষার শেষ কবি। তবে জন্মদেব ভাষাপেক্ষা অনেক হলে jingling of words (শ্রুতিমধুর বাক্যবিক্তাসের) দিকে বেশী নজন রেখেছেন। দেখ দেখি গীডগোবিন্দের 'পডতি পডত্রে' ইড্যাদি গোকে অনুনাগ-ব্যাকৃসভার কি culmination (পনাকাচা) কবি

> युक्क উপनिक्ष शश्र

পততি পততো বিচলিত পত্তে শব্ধিক্ততবত্বপৰানন্।
 রচয়তি শয়নং সচবিক্তনয়নং পশ্চতি তব পদ্মানন্।

দেখিয়েছেন! আত্মদর্শনের জন্ত এক্লণ অহুরাগ হওয়া চাই, প্রাণের ভেতরটা ছটফট করা চাই। আবার বৃন্দাবনদীলার কথা ছেড়ে কুককেত্রের কৃষ্ণ কেমন হাদয়গ্রাহী তাও দেখু! অমন ভয়ানক যুদ্ধকোলাহলেও রুফ কেমন স্থির, গভীর, শাস্ত! যুদ্ধকেত্রেই অর্জুনকে গীতাবলছেন, ক্ষত্ৰিয়ের স্বধর্ম—যুদ্ধ করতে লাগিয়ে দিচ্ছেন! এই ভয়ানক যুদ্ধের প্রবর্তক হয়েও নিজে শ্রীকৃষ্ণ কেমন কর্মহীন — অত্ত ধরলেন না ! যে দিকে চাইবি, দেখবি জীক্ঞ-চরিত্র perfect (সর্বাঙ্গ-সম্পূর্ণ)। জ্ঞান, কর্ম, ভক্তি, যোগ—তিনি মেন সকলেরই মৃতিমান্ বিগ্রহ! জীক্তফের এই ভাবটিরই আঞ্জকাল বিশেষভাবে আলোচনা চাই। এখন বৃন্দাবনের বাঁশীবাজানো কৃষ্ণকেই কেবল দেখলে চলবে না, ভাতে জীবের উদ্ধার হবে না। এখন চাই গীভারপ সিংহনাদকারী জীক্তফের পূজা; ধহুধারী বাম, মহাবীর, মা-কালী এঁদের পূজা। তবে তো লোকে মহা উল্লয়ে কর্মে লেগে শক্তিমান্ হয়ে উঠবে। আমি বেশ ক'রে বুঝে দেখেছি, এদেশে এখন যারা ধর্ম ধর্ম করে, ভাদের অনেকেই full of morbidity cracked brains অথবা fanatic (মজাগত তুর্বলতা-সম্পন্ন, বিকৃত-মন্তিক অথবা বিচারশৃক্ত ধর্মোন্মাদ)। মহা রক্ষোগুণের উদ্দীপনা ভিন্ন এখন তোদের না আছে ইহকাল, না আছে পরকাল। দেশ ঘোর তমো-তে ছেম্নে ফেলেছে। ফলও তাই হচ্ছে—ইহজীবনে দাসত্ত, পরলোকে নরক।

শিশু। পাশ্চাত্যদেশীয়দের রজোভাব দেখিয়া আপনার কি আশা হয়, তাহারা ক্রমে সান্তিক হইবে ?

খামাজী। নিশ্চর। মহারজোগুণসম্পন্ন তারা এখন ভোগের শেষ দীমার উঠেছে। তাদের যোগ হবে না তো কি পেটের দারে লালায়িত তোদের হবে ? তাদের উৎকৃষ্ট ভোগ দেখে আমার 'মেঘদ্তে'র 'বিদ্যুদ্ধতং ললিতবদনাং'' ইত্যাদি চিত্র মনে প'ড়ত। আর তোদের ভোগের ভেতর হচ্ছে কি না—সাঁতিসাঁতে ঘরে ছেঁড়া কাঁথায় ভারে বছরে বছরে শোরের মতো বংশবৃদ্ধি—begetting a band of famished beggars and

বিভাদন্ত: ললিতবসনাঃ সেক্রচাপং সচিত্রাঃ
 সঙ্গা তার প্রহুত্তমুরজাঃ প্রিশ্বগরীরবোবন্ ।—কালিদাস

slaves (একপাল ক্থাত্র ভিক্ক ও ক্রীতদাসের জন্ম দেওরা)! ডাই বলছি এখন মাহ্যকে র**জোগুণে** উদ্দীপিত ক'রে কর্মপ্রাণ করতে হবে। কর্ম—কর্ম—কর্ম। এখন 'নাক্তঃ পদ্বা বিভতেইরনার'—এ ছাড়া উদ্ধারের আর অক্ত পথ নেই।

শিশু। মহাশয়, আমাদের পূর্বপুরুষগণ কি রজোগুণসম্পন্ন ছিলেন ?
বামীজী। ছিলেন না ? এই তো ইতিহাস বলছে, তাঁরা কড দেশে উপনিবেশ
স্থাপন করেছেন—তিব্বত, চীন, হুমাত্রা, হুদ্র জাপানে পর্বস্ত ধর্মপ্রচারক পাঠিয়েছেন। রজোগুণের ভেতর দিয়ে না গেলে উন্নতি
হ্বার জো আছে কি ?

কথার কথার রাত্রি হইল। এমন সময় মিস মূলার (Miss Muller)
আসিয়া প্রছিলেন। ইনি একজন ইংরেজ মহিলা, স্বামীজীর প্রতি বিশেষ
আদ্ধাসম্পরা। স্বামীজী ইহার সহিত শিয়ের পরিচর করাইয়া দিলেন।
অলকণ বাক্যালাপের পরেই মিস মূলার উপরে চলিয়া গেলেন।

- স্বামীজী। দেখছিস কেমন বীরের জাত এরা! কোথায় বাড়ি-ঘর, বড় মাহুষের মেয়ে, তবু ধর্মলাভের আশায় কোথায় এনে পড়েছে!
- শিশ্ব। হাঁ মহাশয়, আপনার ক্রিয়াকলাপ কিন্তু আরও অভুত। কত সাহেব-মেম আপনার সেবার জক্ত সর্বদা প্রস্তুত। এ কালে এটা বড়ই আশ্চর্যের কথা।
- খানীজী। (নিজের দেহ দেখাইরা) শরীর যদি থাকে, তবে আরও কত দেখির; উৎসাহী ও অহরাগী কতকগুলি যুবক পেলে আমি দেশটাকে তোলপাড় ক'রে দেব। মান্ত্রাজে জন-কতক আছে। কিছ বাঙলার আমার আশা বেশী। এমন পরিছার মাথা অন্ত কোথাও প্রায় জন্মে না। কিছ এদের muscles-এ (মাংসপেশীতে) শক্তিনেই। Brain ও muscles (মন্তিছ ও মাংসপেশী) সমানভাবে developed (হুগঠিত, পরিপুষ্ট) হওরা চাই। Iron nerves with a well intelligent brain and the whole world is at your feet (লোহার মতো শক্ত ভারু ও তীক্ত বৃদ্ধি থাকলে সমগ্র জ্পৎ পদানত হর)।

সংবাদ আদিল, স্বামীজীর থাবার প্রস্তুত হইরাছে। স্বামীজী শিক্তকে বলিলেন, 'চল্, আমার থাওরা দেখবি।' আহার করিতে করিতে তিনি বলিতে লাগিলেন, 'মেলাই তেল-চর্বি থাওরা ভাল নয়। লুচি হ'তে কটি ভাল। লুচি রোগীর আহার। মাছ, মাংস, fresh vegetable (ভাজা ভরিভরকারি) থাবি, মিষ্টি কম।' বলিতে বলিতে প্রশ্ন করিলেন, 'হ্যারে, ক-থানা কটি থেরছি? আর কি থেতে হবে?' কভ থাইরাছেন ভাহা স্বামীজীর শ্বরণ নাই। ক্থা আছে কিনা ভাহাও ব্রিতে পারিভেছেন না!

আরও কিছু থাইয়া স্বামীলী আহার শেষ করিলেন। শিশুও বিদার গ্রহণ করিয়া কলিকাতার ফিরিল। গাড়ি না পাওয়ার পদত্রজে চলিল; চলিতে চলিতে ভাবিতে লাগিল, কাল আবার কথন স্বামীজীকে দর্শন করিতে আদিবে।

9

স্থান—কাশীপুর, ৮গোপাললাল শীলের বাগান কাল—মার্চ, ১৮৯৭

প্রথমবার বিলাভ হইতে ফিরিয়া স্বামীনী করেক দিন কাশীপুরে

৺গোপাললাল শীলের বাগানে অবস্থান করিতেছিলেন, শিশু তথন প্রতিদিন

সেধানে বাতারাত করিত। স্বামীনীর দর্শনমানসে তথন বহু উৎসাহী যুবকের

সেধানে ভিড় হুইত। কেহু উৎস্থক্যের বশবর্তী হইরা, কেহু তত্বাদ্বেরী

হইয়া, কেহু বা স্বামীন্তীর জ্ঞান-গরিষা পরীক্ষা করিবার জন্ত তথন স্বামীন্তীকে

দর্শন করিতে আসিত। প্রশ্নকর্তারা স্বামীন্তীর শাল্পব্যাধ্যা শুনিরা মৃশ্ব হইরা

বাইত; স্বামীনীর কঠে বীণাপাণি বেন সর্বদা অবস্থান করিতেন।

কলিকাতা বড়বাজারে বহু পণ্ডিতের বাস। ধনী মারোরাড়ী বণিকগণের অন্নেই ইহারা প্রতিপালিত। স্বামীজীর স্থনাম অবগত হইরা করেকজন বিশিষ্ট পণ্ডিত স্বামীজীর সঙ্গে তর্ক করিবার জন্ত একদিন এই বাগানে উপস্থিত হন। শিশু সেদিন সেধানে উপস্থিত ছিল। আগত্তক পণ্ডিভগণের সকলেই সংস্কৃতভাষার অনর্গল কথাবার্তা বলিভে পারিতেন। তাঁহারা আসিয়াই মণ্ডলীপরিবেটিত স্থামীজীকে সভাষণ করিয়া সংস্কৃতভাষার কথাবার্তা আরম্ভ করিলেন। স্থামীজীও সংস্কৃতেই তাঁহাদিগকে উত্তর দিতে লাগিলেন। পণ্ডিভেরা সকলেই প্রায় এক সলে চীৎকার করিয়া সংস্কৃতে স্থামীজীকে দার্শনিক কূট প্রশ্নসমূহ করিতেছিলেন এবং স্থামীজী প্রশান্ত গভীরভাবে ধীরে ধীরে তাঁহাদিগকে এ-বিষয়ক নিজ মীমাংসাভোতক দিদ্ধান্তগুলি বলিতেছিলেন। ইহাও বেশ মনে আছে ধে, স্থামীজীর সংস্কৃতভাষা পণ্ডিভগণের ভাষা অপেকা শ্রুতিমধ্র ও স্কল্লিত হইতেছিল। পণ্ডিভগণও ঐ কথা পরে স্থীকার করিয়াছিলেন।

সংস্কৃতভাষার স্বামীজীকে এরপে অনুর্গল কথাবার্তা বলিতে দেখিরা তাঁহার গুরুজাতগণও সেদিন শুন্ধিত হইরাছিলেন। কারণ, গত ছয় বৎসর কাল ইওরোপ ও আমেরিকায় অবস্থানকালে স্বামীজী বে সংস্কৃত-আলোচনার তেমন স্থবিধা পান নাই, তাহা সকলেরই জানা ছিল। শাস্তদর্শী এই সকল পগুতের সলে এরপ তর্কালাপে সেদিন সকলেই ব্ঝিতে পারিয়াছিল, স্বামীজীর মধ্যে অভুত শক্তির স্কৃবণ হইয়াছে। সেদিন এ সভায় রামরুফানন্দ, শিবানন্দ, যোগানন্দ, তুরীয়ানন্দ ও নির্মানন্দ মহারাজ্যণ উপস্থিত ছিলেন।

বাদে স্থানীকী দিকান্তপক্ষ এবং পণ্ডিভগণ পূর্বপক্ষ অবলম্বন করিয়াছিলেন।
শিয়ের মনে পড়ে, বিচারকালে স্থানীকী এক হলে 'অন্তি' হলে 'বন্তি' প্রয়োগ করার পণ্ডিভগণ হাসিয়া উঠেন; ভাহাতে স্থানীকী তৎক্ষণাৎ বলেন, 'পণ্ডিভানাং দাসোহহং ক্ষন্তব্যমেতৎ স্থানন্ম'। পণ্ডিভেরাও স্থানীকীর এইরপ দীন ব্যবহারে মুগ্র হইরা যান। অনেকক্ষণ বাদাহ্যবাদের পর দিকান্তপক্ষের নীমাংসা পর্যাপ্ত বলিয়া পণ্ডিভগণ স্থীকার করিলেন এবং প্রীভিসম্ভাবণ করিয়া গমনোন্তভ হইলেন। ত্ই-চারি জন স্থাগন্তক ভদ্রলোক ঐ সমর তাঁহাদিগের পদাং গমন করিয়া কিজাসা করিলেন, 'মহান্যগণ, স্থানীজীকে কিরণ বোধ হইল ?' তত্ত্তরে ব্যোক্যেন্ত পণ্ডিভ বলিলেন, 'ব্যাক্রণে গভীর ব্যুৎপত্তি না থাকিলেও স্থানীকী শান্তের গৃঢ়ার্থজ্ঞা, মীমাংসা করিতে স্থিতীয় এবং স্থীর প্রতিভাবলে বাদ্ধণ্ডনে অভ্নত পাণ্ডিভ্য দেখাইয়াছেন।'

পণ্ডিভগণ চলিয়া গেলে স্বামীত্রী শিক্তকে বলেন বে, পূর্বপক্ষকারী উক্ত পণ্ডিভগণ পূর্বমীমাংসা-শাল্পে স্থান্ডিভ। স্বামীত্রী উত্তরমীমাংসা-পক্ষ অবলয়নে ভাঁহাদিগের নিকট জ্ঞানকাণ্ডের শ্রেষ্ঠতা প্রতিপাদন করিয়াছিলেন এবং পণ্ডিতগণও তাঁহার দিক্ষান্ত মানিয়া লইতে বাধ্য হইয়াছিলেন।

ব্যাকরণগত একটি ভূল ধবিয়া পণ্ডিতগণ যে বিজ্ঞাপ করিয়াছিলেন, তাহাতে স্বামীনী বলেন যে, অনেক বংসর যাবং সংস্কৃতে কথাবার্তা না বলায় তাঁহার এরপ ভ্রম হইয়াছিল। পণ্ডিতগণের উপর সেম্বন্ত তিনি কিছুমাত্র দোষারোপ করেন নাই। এ বিষয়ে স্বামীন্ধী ইহাও কিছু বিদ্যাছিলেন:

পাশ্চাত্যদেশে বাদের মৃশ বিষয় ছেড়ে এভাবে ভাষার সামান্ত ভূল ধরা প্রতিপক্ষের পক্ষে মহা অসৌজন্ত। সভ্যসমাজ এরপ স্থলে ভাষটাই নেয়— ভাষার দিকে লক্ষ্য করে না। ভোদের দেশে কিন্তু থোসা নিয়েই মারামারি চলছে—ভেতরকার শস্তের সন্ধান কেউ করে না।

পরে স্বামীজী শিক্ষের সঙ্গে দেদিন সংস্কৃতে স্বালাপ করিতে স্বারম্ভ করিলেন। শিক্সও ভাঙা ভাঙা সংস্কৃতে স্বাব দিতে লাগিল, তিনি তাহাকে উৎসাহিত করিবার জন্ম প্রশংসা করিতে লাগিলেন। এদিন হইতে শিক্স স্বামীজীর স্বস্থরোধে তাঁহার সঙ্গে প্রারহ মধ্যে মধ্যে দেবভাষার কথাবার্তাঃ কহিত।

'সভ্যতা' কাহাকে বলে, ইহার উত্তরে সেদিন স্বামীন্দী বলেন :

বে সমাজ বা যে জাতি আধ্যাত্মিক ভাবে যত অগ্রসর, সে সমাজ ও সে জাতি তত সভ্য। নানা কল-কারখানা ক'রে ঐহিক জীবনের স্থ-আছ্ন্দ্য র্দ্ধি করতে পারলেই যে আতিবিশেষ সভ্য হয়েছে, তা বলা চলে না। বর্তমান পাশ্চাত্য সভ্যতা লোকের হাহাকার ও অভাবই দিন দিন বৃদ্ধি ক'রে দিছে, পরস্ক ভারতীয় প্রাচীন সভ্যতা সর্বসাধারণকে আধ্যাত্মিক উন্নতির পন্থা প্রদর্শন ক'রে লোকের ঐহিক অভাব এককালে দ্র করতে না পারলেও নি:সন্দেহে অনেকটা কমাতে সমর্থ হয়েছিল। ইদানীস্কন কালে ঐ উভয় সভ্যতার একত্র সংযোগ করতেই ভগবান্ শ্রীরামকৃষ্ণদেব জন্মগ্রহণ কয়েছেন। একালে একদিকে বেমন লোককে কর্মতংপর হ'তে হবে, অপরদিকে তাদের জেমনি গভীর অধ্যাত্মজান লাভ করতে হবে। এক্ষণে ভারতীয় ও পাশ্চাত্য সভ্যতার অক্যোত্ত-সংমিশ্রণে জগতে এক নবযুগের অভ্যান্ত হবে।

এ-কথা স্বামীন্ধী সেদিন বিশেষভাবে বুঝাইয়া দেন; ঐ কথা বুঝাইতে বুঝাইতে একছলে বলিয়াৰ্ছিলেন:

আর এক কথা—ওদেশের লোকেরা ভাবে, যে যত ধর্মপরায়ণ ছবে, সে বাইরের চালচলনে তত গভীর হবে, মুথে অক্ত কথাটি থাকবে না। একদিকে আমার মুখে উদার ধর্মকথা শুনে ওদেশের ধর্মযাজকেরা বেমন অবাক হয়ে যেত, বক্তৃতার শেষে বন্ধুবান্ধবদের সলে ফটিনাটি করতে দেখে আবার তেমনি অবাক হয়ে যেত। মুথের উপর কথন কথন বলেও ফেলত, 'খামীজী, আপনি একজন ধর্মযাজক; সাধারণ লোকের মতো এরূপ হাসি-ভামাসা করা আপনার উচিত নয়। আপনার ও-রকম চপলতা শোভা পায় না।' তার উত্তরে আমি বলভাম, We are children of bliss—why should we look morose and sombre (আমরা আনন্দের সন্থান, বিরস মুখে থাকব কেন)? এ কথা শুনে ভারা মর্ম গ্রহণ করতে পারত কি না সন্দেহ।

সেদিন স্বামীজী ভাবসমাধি ও নির্বিকল্পসমাধি সম্বন্ধেও বলিয়াছিলেন:

মনে কর, একজন হম্মানের মতো ভক্তিভাবে ঈশরের সাধনা করছে। ভাবের যত গাঢ়তা হ'তে থাকবে, ঐ সাধকের চলন-বলন ভাবভদী এমন কি শারীরিক গঠনাদিও ঐরপ হয়ে আসবে। 'জাতাস্তরপরিণাম''— ঐরপেই হয়। ঐরপ একটা ভাব নিয়ে সাধক ক্রমে 'ভলাকারাকারিত' হয়ে যায়। কোন প্রকার ভাবের চরমাবস্থার নামই ভাবসমাধি। আর আমি দেহ নই, মন নই, বৃদ্ধি নই—এইরপে 'নেতি, নেতি' করতে করতে জানী সাধক চিমাত্রসভায় অবস্থিত হ'লে নির্বিকল্প-সমাধিলাভ হয়়। এক একটা ভাব নিয়েই সিদ্ধ হ'তে বা ঐ ভাবের চরমাবস্থায় পৌছতে কত জন্মের চেটা লাগে! ভাবরাজ্যের রাজা আমাদের ঠাকুর কিন্তু আঠারটি ভাবে সিদ্ধিলাভ করেছিলেন। ভাবন্ম্যে না থাকলে তার শ্রীর থাকত না—এ-কথাও ঠাকুর বলতেন।

কথায় কথায় শিশু ঐদিন জিজ্ঞাসা করিয়াছিল, 'মহাশন্ধ, ঐদেশে কিরূপ আহারাদি ক'রতেন ?' উত্তরে স্বামীজী বলিলেন, 'ওদেশের মতোই থেতাম। আমরা সন্মাসী, আমাদের কিছুতেই জাত বার না।'

১ দ্রপ্তব্য : যোগস্ত্র—৪।২

এদেশে কি প্রণালীতে কার্য করিবেন, সে সম্বন্ধে স্বামীজী এদিন বলেন:

মান্দ্রাঞ্জ ও কলিকাতায় তৃইটি কেন্দ্র ক'রে সর্ববিধ লোককল্যাণের জন্ত নৃতন ধরনে সাধুসন্মাদী তৈরি করতে হরে। Destruction (ধ্বংস) বারা বা প্রাচীন রীতিগুলি অথপা ভেঙে সমাজ বা দেশের উন্নতি করা বান্ধ না। সর্বকালে সর্বদিকে উন্নতিলাভ constructive process-এর (গঠনমূলক প্রণালী) বারা অর্থাৎ প্রাচীন রীতিগুলিকে নৃতনভাবে পরিবর্তিত করেই গড়া হয়েছে। ভারতবর্ষের ধর্মপ্রচারক-মাত্রই পূর্ব পূর্ব মূগে ঐভাবে কাজ ক'রে গেছেন। একমাত্র বৃদ্ধদেবের ধর্ম destructive (ধ্বংসমূলক) ছিল। সেজ্বন্ত ঐ ধর্ম ভারত থেকে নিমূল হয়ে গিয়েছে।

স্বামীজী এভাবে কথা কহিতে কহিতে বলিতে লাগিলেন:

একটি জীবের মধ্যে ব্রন্ধবিকাশ হ'লে হাজার হাজার লোক সেই আলোকে পথ পেয়ে জগ্রসর হয়। ব্রন্ধজ্ঞ পুরুবেরাই একমাত্র লোকগুরু—এ-কথা সর্বশাস্ত্র ও যুক্তি দ্বারা সমর্থিত হয়। অবৈদিক অশাস্ত্রীয় কুলগুরুপ্রথা স্বার্থপর ব্রান্ধণেরাই এদেশে প্রচলন করেছে। সেজ্তু সাধন করেও লোক এখন দিদ্ধ বা ব্রন্ধজ্ঞ হ'তে পাছে না। ধর্মের এ-সকল গ্রানি দ্ব করতেই ভগবান্ শ্রীরামরুক্ষ-শরীর ধারণ ক'রে বর্তমান যুগে জগতে অবতীর্ণ হয়েছেন। তার প্রদর্শিত সার্বভৌম মত জগতে প্রচারিত হ'লে জগতের এবং জীবের মঙ্গল হবে। এমন অভুত মহাসমন্বয়াচার্য বহুশতানী যাবৎ ভারতবর্ষে জন্মগ্রহণ করেননি।

স্বামীজীর একজন গুরুত্রাতা এই সময়ে জিঞাদা করিলেন, 'তুমি ওদেশে সর্বদা সর্বসমক্ষে ঠাকুরকে অবতার বলিয়া প্রচার করিলে না কেন ?'

স্থামীনী। ওরা দর্শন-বিজ্ঞানের বড় বড়াই করে। তাই যুক্তি তর্ক দর্শন বিজ্ঞান দিয়ে ওদের জ্ঞানগরিমা চূর্ণ ক'রে দিতে না পারলে কোন কিছু করা যায় না। তর্কে থেই হারিয়ে যারা ষথার্থ তথাঘেষী হয়ে আমার কাছে আগত, তাদের কাছে ঠাকুরের কথা কইতুম। নতুবা একেবারে অবতারবাদের কথা বললে ওরা ব'লত, 'ও আর তুমি নৃতন কি ব'লছ?

🕶 আমাদের প্রভূ ঈশাই তো রয়েছেন।'

তিন-চারি ঘণ্টা কাল এরপে মহানন্দে অভিবাহিত করিয়া শিশু সেদিন শক্তান্ত আগৰকদের সহিত কলিকাভায় ফিরিয়া আসিয়াছিল। 8

স্থান—কলিকাতা, বাগবাজার কাল—১৮৯৭ (?)

কয়েক দিন হইল স্বামীজী বাগবাজারে ৺বলরাম বস্থর বাড়িতে অবস্থান করিতেছেন। প্রাত্তে, বিপ্রহরে বা সন্ধ্যার তাঁহার কিছুমাত্র বিরাম নাই; কারণ বহু উৎসাহী যুবক, কলেজের বহু ছাত্র—ভিনি এখন যেখানেই থাকুন না কেন, তাঁহাকে দর্শন করিতে আসিয়া থাকে। স্বামীজী সকলকেই সাদরে ধর্ম ও দর্শনের জটিল তত্ত্তলি সহজ্ব ভাষার বুঝাইয়া দেন; স্বামীজীর প্রতিভার নিকট তাহারা সকলেই বেন অভিভূত হইয়া নীরবে অবস্থান করে।

আজ প্রতিহণ—সর্বপ্রাসী গ্রহণ। জ্যোতির্বিদ্গণও গ্রহণ দেখিতে
নানাহানে গিয়াছেন। ধর্মপিপাস্থ নরনারীগণ গলাসান করিতে বহুদ্র
হইতে আসিয়া উৎস্থক হইয়া গ্রহণবেলা প্রতীক্ষা করিতেছেন। স্বামীজীর
কিন্ত গ্রহণসহক্ষে বিশেষ কোন উৎসাহ নাই। শিক্ত আজ স্বামীজীকে
নিজহত্তে রন্ধন করিয়া খাওয়াইবে—স্বামীজীর আদেশ। মাছ, তরকারি ও
রন্ধনের উপযোগী অক্তাক্ত প্রব্যাদি লইয়া বেলা ৮টা আন্দাজ সে ৺বলরামবাব্র
বাড়ি উপস্থিত হইয়াছে। তাহাকে দেখিয়া স্বামীজী বলিলেন, 'তোদের
দেশের মতো রামা করতে হবে; আর গ্রহণের প্র্বিই খাওয়া দাওয়া শেক
হওয়া চাই।'

বলরামবাবৃদের বাড়িতে মেরেছেলেরা কেছই এখন কলিকাভার নাই।
ফুতরাং বাড়ি একেবারে খালি। শিশু বাড়ির ভিতরে রন্ধন-শালায় গিয়া
রন্ধন আরন্ধ করিল। শ্রীরামকৃষ্ণগভপ্রাণা বোগীন-মা নিকটে দাঁড়াইয়া
শিশুকে রন্ধন-সম্বন্ধীয় সকল বিষয় যোগাড় দিতে ও সময়ে সময়ে দেখাইয়া
দিয়া সাহাষ্য করিতে লাগিলেন এবং স্বামীজী মধ্যে মধ্যে ভিতরে আসিয়া
রায়া দেখিয়া ভাহাকে উৎসাহিত করিতে লাগিলেন; আবার কখনও বা
'দেখিদ মাছের 'জুল' যেন ঠিক বাঙালদিশি ধরনে হয়' বলিয়া রন্ধ করিতে
লাগিলেন।

ভাত, মৃগের দাল, কই মাছের ঝোল, মাছের টক ও মাছের স্কুনি রারা প্রায় শেব হইরাছে, এমন সময় স্বামীজী স্নান করিয়া আলিয়া নিজেই পাতা

করিয়া খাইতে বদিলেন। এখনও রান্নার কিছু বাকি আছে বলিলেও শুনিলেন না, আবদেরে ছেলের মতো বলিলেন, 'বা হয়েছে শীগণীর নিয়ে আর, আমি আর বসতে পাচ্ছিনে, থিদেয় পেট জলে যাচ্ছে।' শিশ্র কাজেই তাড়াভাড়ি আগে স্বামীজীকে মাছের স্ক্রনি ও ভাত দিয়া গেল, স্বামীজীক তৎক্ষণাৎ খাইতে আরম্ভ করিলেন। অনম্ভর শিশু বাটিতে করিয়া স্বামীঞ্চীকে অস্ত সকল ভরকারি আনিয়া দিবার পর যোগানন্দ প্রেমানন্দ প্রমূধ অস্তাস্ত সন্ন্যাসী মহারাজগণকে অন্ন-ব্যঞ্জন পরিবেশন করিতে লাগিল। শিশু কোন-কালেই রন্ধনে পটু ছিল না; কিন্তু স্বামীকী আৰু তাহার রন্ধনের ভূয়সী প্রশংসা করিতে লাগিলেন। কলিকাভার লোক মাছের স্বন্ধনির নামে খুব ঠাট। তামাদা করে, কিন্তু তিনি দেই স্কুনি ধাইয়া খুনী হইয়া বলিলেন, 'এমন কখনও থাই নাই। কিন্তু মাছের 'জুল'টা বেমন ঝাল হয়েছে, এমন আর কোনটাই হয় নাই।' টকের মাছ থাইয়া স্বামীজী বলিলেন, 'এটা ঠিক খেন রর্ধমানী ধরনের হয়েছে।' অনম্ভর দধি সন্দেশ গ্রহণ করিয়া স্বামীকী ভোজন শেষ করিলেন এবং আচমনান্তে ঘরের ভিতর খাটের উপর উপবেশন করিলেন। শিশু স্বামীঞ্জীর সম্মুখের দালানে প্রসাদ পাইতে বসিল। স্বামীকী ভামাক টানিভে টানিভে বলিলেন, 'যে ভাল রাঁধতে পারে না, সে ভাল সাধু হ'তে পারে না-মন শুদ্ধ না হ'লে ভাল স্থাত্ রারা एक्र ना।'

কিছুক্দণ পরে চারিদিকে শাঁক ঘণ্টা বাজিয়া উঠিল এবং স্ত্রীকণ্ঠের উল্পানি শুনা যাইতে লাগিল। স্থামীজী বলিলেন, 'এরে গেরন লেগেছে— আমি ঘুমোই', তুই আমার পা টিপে দে।' এই বলিয়া একটুকু তন্ত্রা অহতে করিতে লাগিলেন। শিক্তও তাঁহার পদসেবা করিতে করিতে ভাবিল, 'এই পুণ্যক্ষণে গুরুপদসেবাই আমার গলালান ও জ্বপ।' এই ভাবিয়া শিক্ত শাস্ত মনে স্থামীজীর পদসেবা করিতে লাগিল। গ্রহণে সর্বগ্রান ইয়া ক্রমে চারিদিক সন্ধ্যাকালের মতো তমসাচ্ছর হইরা গেল।

গ্রহণ ছাড়িয়া ষাইতে যখন ১৫।২০ মিনিট বাকি আছে, তখন স্বামীজী উঠিয়া মুধ হাত ধুইয়া তামাক খাইতে খাইতে শিশ্বকে পরিহাস করিয়া বলিতে লাগিলেন, 'লোকে বলে, গেরনের সময় যে যা করে, সে নাকি তাই কোটিগুণে পায়; তাই ভাবলুম মহামায়া এ শরীরে স্থনিত্রা দেননি, যদি এই সময় একটু ঘুমুতে পারি তো এর পর বেশ ঘুম হবে, কিন্তু তা হ'ল না; জোর ১৫ মিনিট ঘুম হয়েছে।'

অনন্তর সকলে স্বামীজীর নিকট আদিয়া উপবেশন করিলে স্বামীজী শিশুকে উপনিষদ সম্বন্ধ কিছু বলিতে আদেশ করিলেন। শিশু ইভঃপূর্বে কথনও স্বামীজীর সমকে বক্তৃতা করে নাই। তাহার বুক ত্রত্র করিতে লাগিল। কিছু স্বামীজী ছাড়িবার পাত্র নহেন। স্বতরাং শিশু উঠিয়া পরাঞ্চি থানি ব্যত্পৎ স্বয়স্থঃ' মন্ত্রটির ব্যাখ্যা করিতে লাগিল, পরে 'গুরুভক্তি' ও 'ত্যাগের' মহিমা বর্ণন করিয়া ব্রহ্মজ্ঞানই যে পরম পুরুষার্থ, ইহা মীমাংসা করিয়া বিসয়া পড়িল। স্বামীজী পুনঃ পুনঃ করতালি দারা শিশ্বের উৎসাহবর্ধনার্থ বলিতে লাগিলেন, 'আহা! স্বন্দর বলেছে।'

অনস্তর শুদ্ধানন্দ, প্রকাশানন্দ (তখন ব্রহ্মচারী) প্রভৃতি শিশ্বকে স্বামাজী কিছু বলিতে আদেশ করিলেন। শুদ্ধানন্দ ওজবিনী ভাষায় 'ধ্যান' সম্বন্ধে নাতিদীর্ঘ এক বক্তৃতা করিলেন। অনস্তর প্রকাশানন্দ প্রভৃতিও এরপ করিলে স্বামীজী উঠিয়া বাহিরের বৈঠকখানায় আগমন করিলেন। তখনও সন্ধ্যা হইতে প্রায় এক ঘণ্টা বাকি আছে। সকলে ঐ স্থানে আসিলে স্বামীজী বলিলেন, 'তোদের কার কি জিজ্ঞাশু আছে, বল্।'

ওদানন জিঞাসা করিলেন, 'মহাশয়, ধ্যানের স্বরূপ কি ?'

- খামীজী। কোন বিষয়ে মনের কেন্দ্রীকরণের নামই ধ্যান। এক বিষয়ে একাগ্র করতে পারলে সেই মন যে-কোন বিষয়ে হোক না কেন, একাগ্র করতে পারা যায়।
- শিক্স। শাজে বে সবিষয় ও নির্বিষয়-ভেদে ছিবিধ ভাবের ধ্যান দৃষ্ট ছয়,
 ভিছার অর্থ কি ?—এবং উহার মধ্যে কোন্টি বড় ?
- খামীজী। প্রথম কোন একটি বিষয় নিয়ে ধ্যান অভ্যাস করতে হয়। এক সময় আমি একটা কালো বিন্দুতে মনঃসংষম করতাম। ঐ সময়ে শেবে আর বিন্দুটাকে দেখতে পেতৃম না, বা সামনে বে রয়েছে ভা ব্ঝতে

পারত্ম না, মন নিরোধ হয়ে বেড, কোন বৃত্তির তরক উঠত না—
বেন নিরাত সাগর। ঐ অবস্থার অতীন্দ্রির সভ্যের ছায়া কিছু কিছু
দেখতে পেতৃম। ভাই মনে হয়, বে-কোন সামান্ত বাফ্ বিষয় ধরে ধ্যান
অভ্যাস করলেও মন একাগ্র বা ধ্যানছ হয়। তবে বাতে বায় মন
বসে, সেটা ধরে ধ্যান অভ্যাস করলে মন শীজ হির হয়ে বায়। ভাই
এদেশে এত দেবদেবীমৃতির প্জা। এই দেবদেবীর প্জা থেকে আবায়
কেমন art develop (শিয়ের উয়ভি) হয়েছিল। বাক্ এখন সে
কথা। এখন কথা হছেে বে, ধ্যানের বহিরালম্বন সকলের সমান বা
এক হ'তে পারে না। বিনি বে বিষয় ধরে ধ্যানসিক হয়ে গেছেন,
ভিনি সেই বহিরালম্বনেরই কীর্তন ও প্রচার ক'রে গেছেন। ভারপর
কালে ভাতে মনঃহির করতে হবে, এ-কথা ভূলে বাওয়ায় সেই
বহিরালম্বনিটাই বড় হয়ে দাড়িয়েছে। উপায়টা (means) নিয়েই
লোকে ব্যস্ত হয়ে পড়েছে, উদ্দেশ্যটার (end) দিকে লক্ষ্য কমে গেছে।
উদ্দেশ্য হচ্ছে মনকে বৃত্তিশৃক্ত করা—ভা কিন্ত কোন বিষয়ে তয়য় না
হ'লে হবার জোনেই।

- শিশ্ব। মনোবৃত্তি বিষয়াকারা হইলে তাহাতে আবার ব্রহ্মের ধারণা কিরুপে হইতে পারে ?
- স্বামীজী। বৃত্তি প্রথমত: বিষয়াকারা বটে, কিন্তু ঐ বিষয়ের জ্ঞান থাকে না; তথন শুদ্ধ 'সন্থি' এই মাত্র বোধ থাকে।
- শিখ। মহাশয়, মনের একাগ্রতা হইলেও কামনা বাসনা উঠে কেন ?
- সামীজী। ওগুলি পূর্বের সংস্কারে হয়। বৃদ্ধদেব ধখন সমাধিত্ব হ'তে বাচ্ছেন, তথন 'মার্ব'-এর অভ্যুদয় হ'ল। 'মার' বলে একটা কিছু বাইরে ছিল না, মনের প্রাকৃসংস্কারই ছায়ারূপে বাইরে প্রকাশ হয়েছিল।
- শিশু। তবে বে শুনা যায়, পিদ্ধ হইবার পূর্বে নানা বিভীষিকা দেখা যায়, তাহা কি মন:কলিড ?
- খামীনী। তা নম তো কি ? সাধক অবশ্য তথন ব্ৰতে পারে না বে, এগুলি তার মনেরই বহিঃপ্রকাশ। কিন্তু বাইরে কিছুই নেই। এই বে অগৎ দেখছিন, এটাও নেই। সকলই মনের ক্রনা। মন বধন বৃত্তিশৃস্ত হয়, তথন তাতে ব্রহ্মাভাস দর্শন হয়, তথন বং বং লোকং মনসা

সংবিভাতি' সেই সেই লোক দর্শন করা বার। বা সবর করা বার, তাই
সিদ্ধ হয়। ঐকপ সভ্যসবর অবহা লাভ হলেও যে সমনত্ব থাকতে
পারে এবং কোন আকাজনার দাস হয় না, সে-ই ব্রহ্মজ্ঞান লাভ করে।
আর ঐ অবহা লাভ ক'রে যে বিচলিভ হয়, সে নানা সিদ্ধি লাভ ক'রে
পরমার্থ হ'তে ভ্রষ্ট হয়।

এই কথা বলিতে বলিতে সামীজী পুন: পুন: 'শিব' শিব' নাম উচ্চারণ করিতে লাগিলেন। অবশেষে আবার বলিলেন, 'ত্যাগ ভিন্ন এই গভীর জীবন-সমস্থার রহস্তভেদ কিছুতেই হবার নয়। ত্যাগ—ত্যাগ, এ-ই বেন তোদের জীবনের মূলমন্ত্র হয়। 'সর্বং বস্তু ভয়ান্বিতং ভূবি নৃণাং বৈরাগ্য-মেবাভয়ম''।'

¢

স্থান—দক্ষিণেখর কালীবাড়ি ও আলমবাজার মঠ কাল—মার্চ (১ম সপ্তাহ), ১৮৯৭

স্বামীজী ষধন দেশে ফিরিয়া আদেন, মঠ তথন আলমবাজারে ছিল।

শ্রীরামক্রফদেবের জুন্মোৎসব। দক্ষিণেশরে রানী রাসমণির কালীবাড়িতে

এবার উৎসবের বিপুল আয়োজন হইয়াছে। স্বামীজী তাঁহার কয়েকজন

শুক্রভাতাসহ বেলা নটা-১০টা আন্দাজ সেথানে উপস্থিত হইয়াছেন।

তাঁহার নয় পদ, শীর্ষে গৈরিকবর্ণের উজীষ। জনসঙ্গ তাঁহাকে লক্ষ্য করিয়া

ইতন্তত: ধাবিত হইতেছে—তাঁহার সেই অনিন্দ্য-স্থলর রূপ দর্শন করিবে,
পাদপদ্ম ম্পর্শ করিবে এবং শ্রীমুখের সেই জলস্ক অয়িনিধাসম বাণী শুনিয়া

বল্প হইবে বলিয়া। স্বামীজী শ্রীশ্রীজ্ঞানস্মাতাকে ভূমির্চ হইয়া প্রেণাম করিলে

সঙ্গে সঙ্গে সহস্র শির অবনত হইল। পরে পরাধাকান্তকে প্রণাম

করিয়া ভিনি এইবার ঠাকুরের গৃহে আগমন করিলেন। সে প্রকোঠে

এখন আর তিলমাত্র স্থান নাই। 'জয় রামকৃষ্ণ' ধ্বনিতে কালীবাড়ির চতুর্দিক মুখরিত হইতেছে। শত সহস্র দর্শক লইয়া কলিকাতা হইতে হোরমিলার কোম্পানির জাহাজ বার বার ষাতায়াত করিতেছে। নহবতের তানতরকে স্থরধুনী নৃত্য করিতেছেন। উৎসাহ, আকাজ্ঞা, ধর্মপিগাসা ও অহ্বোগ মুর্তিমান্ হইয়া শ্রীরামকৃষ্ণপার্বদগণরূপে ইতন্ততঃ বিরাজ করিতেছে।

স্বামীজীর সহিত আগত তৃইটি ইংরেজ মহিলাও উৎসবে আসিয়াছেন।
স্বামীজী তাঁহাদের সলে করিয়া পবিত্র পঞ্বটী ও বিল্বমূল দর্শন করাইতেছেন।
শিশু উৎসবদম্বনীয় স্বরচিত একটি সংস্কৃত তব স্বামীজীর হতে প্রদান করিল।
স্বামীজীও উহা পড়িতে পড়িতে পঞ্বটীর দিকে অগ্রসর হইতে লাগিলেন।
যাইতে যাইতে শিশ্বের দিকে একবার তাকাইয়া বলিলেন, 'বেশ হয়েছে,
স্বারও লিখবে।'

পঞ্চতীর একপার্থে ঠাকুরের গৃহী ভক্তগণের সমাবেশ হইরাছিল।
গিরিশবার্ পঞ্চতীর উত্তরে গলার দিকে মুখ করিয়া বসিয়াছিলেন এবং
তাঁহাকে ঘিরিয়া অক্সান্ত ভক্তগণ শ্রীবামকৃষ্ণ-শুণগানে ও কথাপ্রসঙ্গে আত্মহারা
হইয়া বসিয়াছিলেন। ইত্যবসরে বহু লোকের সলে স্বামীকী গিরিশবার্র
নিকট উপস্থিত হইয়া 'এই যে ঘোষজা!' বলিয়া গিরিশবার্কে প্রণাম
করিলেন। গিরিশবার্ও তাঁহাকে করজোড়ে প্রতিনমন্ধার করিলেন। গিরিশবার্কে পূর্ব কথা শারণ করাইয়া স্বামীকী বলিলেন, 'ঘোষজ, সেই একদিন
আর এই একদিন।' গিরিশবার্ও স্বামীকীর কথায় সম্বতি জানাইয়া বলিলেন,
'তা বটে; তর্ এখনও সাধ যায় আরও দেখি।' এইরূপে উভ্রের মধ্যে
যে-সকল কথা ছইল, তাহার মর্ম বাহিরের লোকের অনেকেই গ্রহণ করিতে
সমর্থ হইলেন না। কিছুক্ষণ কথাবার্তার পর স্বামীকী পঞ্বটীর উত্তর-পূর্ব
দিকে অবন্থিত বিবর্কের অভিমুথে অগ্রসর হইলেন।

দেদিন দক্ষিণেশর ঠাকুরবাড়ির সর্বত্তই একটা দিব্যভাবের বক্তা এরিপে বহিরা ষাইতেছিল। এইবার সেই বিরাট জনসভ্য স্বামীজীর বক্তৃতা শুনিতে উদ্প্রীর হইরা দণ্ডারমান হইল। কিন্তু বহু চেষ্টা করিয়াও স্বামীজী লোকের

> মহাকবি গিরিশচন্দ্র ঘোষ

কলরবের অপেক্ষা উচ্চৈংম্বরে বক্তৃতা করিতে পারিলেন না। অগত্যা বক্তৃতার চেষ্টা পরিত্যাগ করিয়া তিনি আবার ইংরেজ মহিলা হুইটিকে সঙ্গে লইয়া ঠাকুরের সাধনম্থান দেখাইতে এবং শ্রীশ্রীঠাকুরের বিশিষ্ট ভক্ত ও অন্তরন্ধগণের সঙ্গে আলাপ করাইয়া দিতে লাগিলেন।

বেলা ভিনটার পর স্বামীজী শিশুকে বলিলেন, 'একখানা গাড়ি দেখ্— মঠে খেতে হবে।' অনম্বর আলমবাজার পর্যন্ত যাইবার ভাড়া হই আনা ঠিক করিয়া শিশু গাড়ি লইয়া উপস্থিত হইলে স্বামীজী স্বন্ধং গাড়ির একদিকে বিসয়া এবং স্বামী নিরঞ্জনানন্দ ও শিশুকে অন্তদিকে বসাইয়া আলমবাজার মঠের দিকে আনন্দে অগ্রসর হইতে লাগিলেন। যাইতে যাইতে শিশুকে বলিতে লাগিলেন:

কেবল abstract idea (শুদ্ধ ভাব মাত্র) নিয়ে পড়ে থাকলে কি হবে ? এ-সব উৎসব প্রভৃতিরও দরকার; তবে তো mass (জনসাধারণ)-এর ভেতর এ-সকল ভাব ক্রমশঃ ছড়িয়ে পড়বে। এই বে হিন্দুদের বার মাসে তের পার্বণ—এর মানেই হচ্ছে ধর্মের বড় বড় ভাবগুলি ক্রমশঃ লোকের ভেতর প্রবেশ করিয়ে দেওয়া। ওর একটা দোবও আছে। সাধারণ লোকে ঐ সকলের প্রকৃত ভাব না বুঝে ঐ সকলে মন্ত হয়ে বায়, আর ঐ উৎসব-আমোদ থেমে গেলেই আবার যা, তাই হয়। সেজ্জ ওগুলি ধর্মের বহিরাবরণ—প্রকৃত ধর্ম ও আত্মজ্ঞানকে ঢেকে রেখে দেয়, এ কথা সভা।

কিন্তু বারা ধর্ম কি, আত্মা কি, এ-সব কিছুমাত্র ব্যতে পারে না, তারা ঐ উৎসব-আমোদের মধ্য দিয়ে ক্রমে ধর্ম ব্যতে চেষ্টা করে। মনে কর্, এই যে আজ ঠাকুরের জন্মোৎসব হয়ে গেল, এর মধ্যে বাদা সব এসেছে তারা ঠাকুরের বিষয় একবারও ভাববে। যার নামে এত লোক একত্র হয়েছিল, তিনি কে, তাঁর নামেই বা এত লোক এল কেন—এ কথা তাদের মনে উদিত হবে। বাদের তাও না হবে, তারাও এই কীর্তন দেখতে ও প্রসাদ পেতেও অভতঃ বছরে একবার আসবে আর ঠাকুরের ভক্তদের দেখে বাবে। তাতে তাদের উপকার বই অপকার হবে না।

শিগু। কিন্তু মহাশর, ঐ উৎসব-কীর্তনই বদি সার বলিয়া কেহ ব্রিয়া লয়, তবে সে আর অধিক অগ্রসর হইছে পারে কি? আমাদের দেশে বগীপ্ৰা, মকলচণ্ডীর পূজা প্রভৃতি বেমন নিভানৈমিন্তিক হইরা দাঁড়াইয়াছে, ইহাও নেইরূপ একটা হইরা দাঁড়াইবে। মরণ পর্যন্ত লোকে এসৰ করিরা বাইভেছে, কিন্তু কই এমন লোক ভো দেখিলাম না, বে এসকল পূজা করিতে করিতে ব্রহ্মক্ত হইরা উঠিল!

- খামীজী। কেন ? এই যে ভারতে এত ধর্মবীর জন্মছিলেন, তাঁরা তো সকলে ঐশুলিকে ধরে উঠেছেন এবং অত বড় হয়েছেন। ঐশুলিকে ধরে সাধন করতে করতে যথন আত্মার দর্শনলাভ হর, তথন আর ঐ-সকলে আঁট থাকে না। তর্ লোকসংগ্রহের জন্ত অবভারকর মহা-পুরুষেরাও ঐশুলি মেনে চলেন।
- শিশু। লোক-দেখানো মানিতে পারেন—কিন্ত আত্মজ্ঞের কাছে বখন এ সংসারই ইক্রজালবং অলীক বোধ হয়, তখন তাঁহাদের কি আবার এ-সকল বাহু লোকব্যবহারকে সভ্য বলিয়া মনে হইতে পারে ?
- খামীজী। কেন পারবে না ? সত্য বলতে আমরা বা ব্ঝি তাও তো relative (আপেক্ষিক)—দেশকালপাত্রভেদে ভিন্ন ভিন্ন। অতএব সকল ব্যবহারেরই প্রয়োজন আছে অধিকারিভেদে। ঠাকুর বেমন বলতেন, মা কোন ছেলেকে পোলাও-কালিয়া রেঁধে দেন, কোন ছেলেকে বা সাগুপথ্য দেন, সেইক্লপ।

দেখিতে দেখিতে গাড়ি আলমবাজার মঠে উপস্থিত হইল। শিশু গাড়িভাড়া
দিয়া স্থামীজীর সঙ্গে মঠের ভিতরে চলিল এবং স্থামীজীর পিপাসা পাওরার
জল আনিয়া দিল। স্থামীজী জল পান করিয়া জামা খুলিয়া ফেলিলেন
এবং মেজেতে পাতা শতরঞ্জির উপর অর্থশায়িত হইয়া অবস্থান করিছে
লাগিলেন। স্থামী নিরম্ভনানন্দ পার্থে বিদিয়া বলিতে লাগিলেন, 'এমন ভিড়
উৎসবে আর কথন হয়নি। যেন কলকাতাটা ভেঙে এসেছিল।'
স্থামীজী। তা হবে না ? এর পর আরও কত কী হবে!

- শিশু। মহাশন্ধ, প্রত্যেক ধর্মসম্প্রদারেই দেখা যান্ন—কোন-না-কোন বাহ্ উৎসব-আমোদ আছেই। কিন্তু কাহারও সদে কাহারও মিল নাই। এমন বে উদার মহম্মদের ধর্ম, ভাহার মধ্যেও ঢাকা শহরে দেখিরাছি শিশ্বা-স্থানিতে লাঠালাঠি হয়!
- স্বামীকী। সম্প্রদার হলেই ওটা অরাধিক হবে। তবে এখানকার ভাব কি

জানিস ?—সম্প্রদায়বিহীনতা। আমাদের ঠাকুর ঐটেই দেখাতে জয়ে-ছিলেন। তিনি সব মানতেন—আবার বলতেন, ত্রন্ধজানের দিক দিয়ে দেখলে ও-সকলই মিথ্যা মারামাত্র।

- শিশু। মহাশয়, আপনার কথা ব্ঝিতে পারিতেছি না; মধ্যে মধ্যে আমার
 মনে হয়, আপনারাও এইরপে উৎসব-প্রচারাদি করিয়া ঠাকুরের
 নামে আর একটা সম্প্রদায়ের স্ত্রপাত করিতেছেন। আমি নাগমহাশয়ের মৃথে শুনিয়াছি, ঠাকুর কোন দলভূক্ত ছিলেন না। শাক্ত,
 বৈঞ্ব, ব্রক্ষানী, ম্সলমান, এটান সকলের ধর্মকেই তিনি বহুমান
 দিতেন।
- খামীজী। তুই কি ক'রে জানলি, জামরা দকল ধর্মমতকে এরপে বছমান দিই না ?

এই বলিয়া স্বামীজী নির্থন মহারাজকে হাসিতে হাসিতে বলিলেন, 'এরে, এ বাঙাল বলে কি ?'

শিশু। মহাশয়, কুণা করিয়া ঐ কথা আমায় ব্ঝাইয়া দিন।

- সামীনী। তুই তো আমার বকৃতা পড়েছিস। কই, কোথার ঠাকুরের নাম করেছি ? খাটি উপনিষদের ধর্মই তো জগতে বলে বেড়িয়েছি।
- শিয়। তা বটে। কিন্তু আপনার সঙ্গে পরিচিত হইয়া দেখিতেছি, আপনার রামকৃষ্ণগত প্রাণ। বদি ঠাকুরকে ভগবান্ বলিয়াই জানিয়া থাকেন, তবে কেন সর্বসাধারণকে তাহা একেবারে বলিয়া দিন না।
- স্বামীজী। আমি যা ব্ঝেছি তা বলছি। তুই যদি বেদান্তের অবৈতমতটিকে ঠিক ধর্ম ব'লে থাকিস, তা হ'লে লোককে তা ব্ঝিয়ে দে না কেন?
- শিক্ত। আগে অভ্তৰ কৰিব, তবে তো বুঝাইব। ঐ মত আমি পড়িয়াছি মাত্র।
- খামীজী। তবে আগে অন্তত্তি কর্। তারপর লোককে ব্রিয়ে দিবি।

 এখন লোকে প্রত্যেকে বে এক একটা মতে বিখাস ক'রে চলেছে—

 ভাভে ভোর ভো বলবার কিছু অধিকার নেই। কারণ তৃইও এখন
 ভাদের মভো একটা ধর্মমন্তে বিখাস ক'রে চলেছিস বই ভো নর।
- শিক্ত। হাঁ, আমিও একটা বিশাস করিরা চলিয়াছি বটে ; কিন্ত আমার প্রমাণ
 —শান্ত। আমি শান্তের বিরোধী যত মানি না।

- স্বামীন্সী। শাল্প মানে কি ? উপনিষদ্ প্রমাণ হ'লে বাইবেল জেন্দাবেন্ডাই বা প্রমাণ হবে না কেন ?
- শিশু। এই সকল গ্রন্থের প্রামাণ্য স্বীকার করিলেও বেদের মভো উহারা ভো স্থার প্রাচীন গ্রন্থ নয়। স্থাবার স্থাত্মতত্ত্ব-সমাধান বেদে যেমন স্থাছে, এমন ভো স্থার কোথাও নাই।
- স্বামীজী। বেশ, তোর কথা না হয় মেনেই নিল্ম। কিন্তু বেদ ভিন্ন স্বার কোথাও যে সভ্য নেই, এ কথা বলবার তোর কি অধিকার ?
- শিখা। বেদ ভিন্ন অস্তা সকল ধর্মগ্রন্থে সভা থাকিতে পারে, ভবিষয়ের বিক্রছে আমি কিছু বলিতেছি না; কিন্তু আমি উপনিষদের মতই মানিয়া যাইব। আমার ইহাতে খুব বিশাস।
- স্বামীজী। তা কর্, তবে স্বার কারও ধদি এক্লপ কোন মতে খ্ব বিখাস হয়, তবে তাকেও ঐ বিখাসে চলে যেতে দিন। দেখবি—পরে তুই ও সে একই জায়গায় পৌছবি। মহিমন্তবে পড়িদনি ?—'ত্মিন পয়সামর্ণব ইব''।

ত্ররী সাংখ্যং বোগঃ পশুপতিমতং বৈক্ষবমিতি
প্রভিন্নে প্রস্থানে পরমিদমদঃ পথ্যমিতি চ।
ক্রচীনাং বৈচিত্র্যাদৃজুক্টিল নানাপথজুবাং
নৃগানেকো পন্যস্থমসি পরসামর্থব ইব।

—শিবশহিদ্য ভোত্ৰস্

৬

স্থান-ক্রিকাতা, বাগবাজার কাল-মার্চ, ১৮৯৭

স্বামীঞ্জী করেকদিন বাবং কলিকাতাতেই অবস্থান করিতেছেন। বাগবাজারের বলরাম বস্থ মহাশয়ের বাড়িতেই রহিয়াছেন। মধ্যে মধ্যে
পরিচিত ব্যক্তিদিগের বাটাতেও ঘ্রিয়া বেড়াইতেছেন। আজ প্রাতে শিশ্র
স্বামীজীর কাছে আসিয়া দেখিল, স্বামীজী এরপে বাহিরে বাইবার জ্ঞা
প্রস্তুত হইয়াছেন। শিশ্বকে বলিলেন, চল, আমার সঙ্গে বাবি'। বলিতে
বলিতে স্বামীজী নীচে নামিতে লাগিলেন; শিশ্বও পিছু পিছু চলিল। একখানি
ভাড়াটিয়া গাড়িতে তিনি শিশ্ব-সঙ্গে উঠিলেন; গাড়ি দক্ষিণম্ধে চলিল।
শিশ্ব। মহাশয়, কোথায় বাওয়া হইবে ?
স্বামীজী। চল্না, দেখবি এখন।

এইরপে কোথায় ধাইতেছেন সে বিষয়ে শিশুকে কিছুই না বলিয়া গাড়ি বিজন খ্লীটে উপস্থিত হইলে কথাচ্ছলে বলিতে লাগিলেন, 'তোদের দেশের মেয়েদের লেথাপড়া শেথবার জন্ম কিছু মাত্র চেষ্টা দেখা যায় না। তোরা লেথাপড়া ক'রে মাহ্ম্য হচ্ছিদ, কিছু যারা তোদের স্থপত্থের ভাগী, সকল সময়ে প্রাণ দিয়ে সেবা করে, তাদের শিক্ষা দিতে—তাদের উন্নত করতে ভোরা কি করছিন ?'

শিষ্য। কেন মহাশয়, আজকাল মেয়েদের জম্ব ক'ত স্থল কলেজ হইয়াছে। ক'ত স্ত্রীলোক এম-এ, বি-এ পাদ করিতেছে।

স্বামীজী। ও তো বিলাতি তংএ হচ্ছে। তোদের ধর্মশান্ত্রান্থশাসনে, তোদের দেশের মতো চালে কোথার কটা স্থল হয়েছে ? দেশে পুরুষদের মধ্যেও তেমন শিক্ষার বিস্তার নেই, তা আবার মেয়েদের ভেতর। গবর্নমেণ্টের statisticsএ (সংখ্যাস্চক তালিকার) দেখা যার, তারতবর্ষে শতকরা ১০।১২ জন মাত্র শিক্ষিত, তা বোধ হয় মেয়েদের মধ্যে one per cent (শতকরা একজন)ও হবে না। তা না হ'লে কি দেশের এমন তুর্দশা হয় ? শিক্ষার বিস্তার—জ্ঞানের উয়েষ—এ-সব না হ'লে দেশের উয়তি কি ক'রে হবে ? তোরা দেশে বে কয়জন লেখা পড়া

শিখেছিস—দেশের ভাবী আশার খল—দেই করজনের ভেডরেও ঐ বিষয়ে কোন চেষ্টা উভাম দেখতে পাই না। কিছ জানিস, সাধারণের ভেতর আর মেরেদের মধ্যে শিক্ষাবিন্তার না হ'লে কিছু হবার জো নেই। সেজগ্র আমার ইচ্ছা, কতকগুলি ব্রহ্মচারী ও ব্রহ্মচারিণী তৈরি ক'রব। ত্রন্সচারীরা কালে সন্ন্যাস গ্রহণ ক'রে দেশে দেশে গাঁরে গাঁরে গিয়ে mass-এর (জনসাধারণের) মধ্যে শিক্ষাবিস্তারে বত্রপর হবে। আর ব্রন্মচারিণীরা মেয়েদের মধ্যে শিক্ষাবিস্তার করবে। কিন্তু দেশী ধরনে ঐ কান্ধ করতে হবে। পুরুষদের জন্ম যেমন কতকগুলি centre (শিক্ষাকেন্দ্র) করতে হবে, মেয়েদের শিক্ষা দিতেও দেইরূপ কতকগুলি কেন্দ্র করতে হবে। শিক্ষিতা ও সচ্চবিত্রা ব্রন্মচারিণীরা ঐসকল কেন্দ্রে মেয়েদের শিক্ষার ভার নেবে। পুরাণ, ইতিহাদ, গৃহকার্য, শিল্প, ঘরকলার নিয়ম ও আদর্শ চরিত্র গঠনের সহায়ক নীতিগুলি বর্তমান বিজ্ঞানের সহায়তায় শিক্ষা দিতে হবে। ছাত্রীদের ধর্মপরায়ণ ও নীতিপরায়ণ করতে হবে। কালে যাতে তারা ভাল গিন্নী ভৈরী হয়, তাই করতে হবে। এই সকল মেয়েদের সন্তানসন্ততিগণ পরে ঐসকল বিষয়ে আরও উন্নতি লাভ করতে পারবে। বাদের মা শিক্ষিতা ও নীতিপরায়ণা হন, তাঁদের ঘরেই বড় লোক জন্মায়। মেয়েদের তোরা এখন ধেন কভকগুলি manufacturing machine (উৎপাদন-ষম্ভ) ক'রে তুলেছিল। রাম রাম! এই কি ভোদের শিক্ষার ফল হ'ল? মেরেদের আগে তুলতে হবে, massকে (জনসাধারণকে) জাগাতে হবে; ভবে ভো দেশের কল্যাণ—ভারতের কল্যাণ।

গাড়ি এইবার কর্নপ্রালিস্ খ্লীটের ব্রাহ্মসমাজ ছাড়াইয়া অগ্রসর ছইডে দেখিয়া গাড়োয়ানকে বলিলেন, 'চোরবাগানের রান্তায় চল্।' গাড়ি যখন ঐ রান্তায় প্রবেশ করিল, তখন স্বামীজী শিল্পের নিকট প্রকাশ করিলেন, 'মহাকালী পাঠশালা'র স্থাপয়িত্রী তপন্থিনী মাতা তাঁহার পাঠশালা দর্শন করিতে আহ্বান করিয়া তাঁহাকে চিঠি লিখিয়াছেন। ঐ পাঠশালা তখন চোরবাগানে একটা দোতলা ভাড়াটিয়া বাড়িতে ছিল। গাড়ি খামিলে ছই-চারিজন ভত্রলোক তাঁহাকে প্রণাম করিয়া উপরে লইয়া গেলেন এবং ভপন্বিনী মাতা দাড়াইয়া স্বামীজীকে অভ্যর্থনা করিলেন। অয়কণ পরেই তপন্থিনী

মাভা খামীজীকে সঙ্গে করিয়া একটি ক্লাসে লইয়া পেলেন। কুমারীরা দ্রাড়াইয়া স্বামীন্দীকে অভ্যর্থনা করিল এবং মাতান্দীর আদেশে প্রথমত: 'শিবের ধ্যান' হুর করিয়া আবৃত্তি করিতে লাগিল। কিরূপ প্রণালীতে পাঠশালায় পূজাদি শিক্ষা দেওয়া হয়, মাতাজীর আদৈশে কুমারীগণ পরে তাহাই করিয়া দেখাইতে লাগিল। স্বামীজীও উৎফুল্ল-মনে এ সকল দর্শন করিয়া অগু এক শ্রেণীর ছাত্রীদিগকে দেখিতে চলিলেন। বুদা মাতাজী স্বামীজীর সঙ্গে সকল ক্লাস ঘুরিতে পারিবেন না বলিয়া স্থলের তুই-তিন্ট শিক্ষককে আহ্বান করিয়া সকল ক্লাস ভাল করিয়া স্বামীজীকে দেখাইবার ব্দত্ত বলিয়া দিলেন। অনম্ভর খামীজী সকল ক্লাস ঘুরিয়া পুনরায় মাতাজীর নিকটে ফিরিয়া আদিলে মাতাজী একজন কুমারীকে তথন ডাকিয়া আনিলেন এবং রঘুবংশের তৃতীয় অধ্যায়ের প্রথম শ্লোকটির ব্যাখ্যা করিতে বলিলেন। ছাত্রীটিও উহার সংস্কৃতে ব্যাখ্যা করিয়া স্বামীজীকে শুনাইল। স্বামীজী শুনিয়া সম্ভোষ প্রকাশ করিলেন এবং স্ত্রীশিক্ষা-প্রচারকল্পে মাতান্দীর অধ্যবসায় ও যত্নপরতার এতদূর সাফল্য দর্শন করিয়া তাঁহার ভূষুসী প্রশংসা করিতে লাগিলেন। মাতাজী তাহাতে বিনীতভাবে বলিলেন, 'আমি ভগবতী-জ্ঞানে ছাত্রীদের সেবা করিয়া থাকি, নতুবা বিভালয় করিয়া যশোলাভ করিবার বা অপর কোন উদ্দেশ্য নাই।'

বিভালয়-সম্মীয় কথাবার্তা সমাপন করিয়া স্বামীনী বিদায় লইতে উত্যোগ করিলে মাতানী স্থলসম্বন্ধ মতামত লিপিবন্ধ করিতে দর্শকদিগের জন্ত নিদিট খাতায় (Visitors' Book) স্বামীনীকে মতামত লিখিতে বলিলেন। স্বামীনীও ঐ পরিদর্শক-পৃস্তকে নিজ মত বিশদভাবে লিপিবন্ধ করিলেন। লিখিত বিষয়ের শেষ ছত্রটি শিশ্রের এখনও মনে আছে—'The movement is in the right direction' (ত্রীশিক্ষার প্রচেটাটি ঠিক পথে চলেছে)।

অনস্তর মাতাজীকে অভিবাদন করিয়া স্বামীজী প্ররায় গাড়িতে উঠিলেন এবং শিশ্বের সহিত স্ত্রীশিক্ষা সম্বন্ধে নিয়লিখিতভাবে কথোপকথন করিতে করিতে বাগবাজার অভিমূধে অগ্রসর হইতে লাগিলেন:

সামীনী। এঁর (মাতান্তীর) কোথার জয়! সর্বস্থ-ভ্যাগী—ভবু লোকহিতের জয় কেমন ষত্নবতী! স্তীলোক না হ'লে কি ছাত্রীদের এমন ক'রে শিকা দিতে পারে ? সবই ভাল দেখলুম; কিছ ঐ যে কভকগুলি গৃহী পুৰুষ মান্টার রয়েছে—এটে ভাল বোধ হ'ল না। শিক্ষিতা বিধবা ও ব্রহ্মচারিণীগণের ওপরই স্থূলের শিক্ষার ভার সর্বথা রাখা উচিত। এদেশে খ্রীবিভালয়ে পুরুষ-সংশ্রব একেবারে না রাখাই ভাল।

- শিশু। কিন্তু মহাশয়, গাগী থনা শীলাবতীর মতো গুণবতী শিক্ষিতা স্থীলোক দেশে এখন পাওয়া যায় কই ?
- ষামীজী। দেশে কি এখনও ঐরপ ত্বীলোক নেই ? এ দীতা দাবিত্রীর দেশ, প্ণাক্ষেত্র ভারতে এখনও মেয়েদের ষেমন চরিত্র দেবাভাব স্নেহ দয়া তৃষ্টি ও ভক্তি দেখা ষায়, পৃথিবীর কোথাও তেমন দেখলুম না। ওদেশে (পাশ্চাভ্যে) মেয়েদের দেখে আমার অনেক সময় ত্বীলোক বলেই বোধ হ'ত না—ঠিক যেন পুরুষ মাহ্যয়! গাড়ি চালাছে, অফিনে বেরুছে, স্কুলে ষাছে, প্রফেদরি করছে! একমাত্র ভারতবর্ষেই মেয়েদের লজ্জা, বিনয় প্রভৃতি দেখে চক্ষ্ জুড়ায়। এমন সব আধার পেয়েও তোরা এদের উন্নতি করতে পারলিনি। এদের ভেতরে জ্ঞানালোক দিতে চেটা করলিনে। ঠিক ঠিক শিক্ষা পেলে এরা ideal (আদর্শ) স্বীলোক হ'তে পারে।
- শিশ্ব। মহাশয়, মাতাজী ছাত্রীদিগকে ষেভাবে শিক্ষা দিতেছেন, তাহাতে কি এরপ ফল হইবে । এই সকল ছাত্রীরা বড় হইয়া বিবাহ করিবে, এবং উহার অল্পকাল পরেই অক্ত সকল জ্বীলোকের মতো হইয়া ষাইবে। মনে হয়, ইহাদিগকে ব্রহ্মচর্য অবলম্বন করাইতে পারিলে ইহারা সমাজের এবং দেশের উন্নতিকয়ে জীবনোৎসর্গ করিতে এবং শাজ্রোক্ত উচ্চ আদর্শ লাভ করিতে পারিত।
- খামীজী। ক্রমে সব হবে। দেশে এমন শিক্ষিত লোক এখনও জন্মায়নি, যারা সমাজ-শাদনের ভয়ে ভীত না হয়ে নিজের মেয়েদের অবিবাহিতা রাখতে পারে। এই দেখ না—এখনও মেয়ে বার-তের বংসর পেরুতে না পেরুতে লোকভয়ে—সমাজভয়ে বে দিয়ে ফেলে। এই সেদিন consent (সম্মতিস্চক) আইন করবার সময় সমাজের নেতারা লাখো লোক জড়ো ক'রে চেঁচাতে লাগলো 'আমরা আইন চাই না'। অলু দেশ হ'লে সভা ক'রে চেঁচানো দ্রে থাকুক, লজ্জায় মাথা শুঁজে লোক ঘরে বনে থাকত ও ভাবত আহাদের সমাজে এখনও এ-ছেন কলম্ব রয়েছে!

- শিশু। কিন্তু মহাশর, সংহিতাকারগণ একটা কিছু না ভাবিরা চিন্তিরা কি আব বাল্যবিবাহের অহুমোদন করিরাছিলেন? নিশ্চর উহার ভিতর একটা গৃঢ় রহস্ত আছে।
- সামীজী। কি রহস্টা আছে?
- শিক্ত। এই দেখুন, অল্প বন্ধসে মেন্তেদের বিবাহ দিলে তাহারা স্বামিগৃহে আসিয়া কুলধর্মগুলি বাল্যকাল হইতে শিথিতে পারিবে। শশুর-শাশুড়ীর আশুয়ে থাকিয়া গৃহকর্ম-নিপুণা হইতে পারিবে। আবার পিতৃগৃহে বয়ন্থা কক্সার উচ্ছুখল হওয়ার বিশেষ সন্তাবনা; বাল্যকালে বিবাহ দিলে তাহার আর উচ্ছুখল হইবার সন্তাবনা থাকে না; অধিকন্ত লজ্জা, নম্রতা, সহিষ্কৃতা ও শ্রমশীলতা প্রভৃতি ললনা-স্থলভ গুণগুলি তাহাতে বিকশিত হইয়া উঠে।
- স্বামীজী। অক্তপক্ষে আবার বলা যেতে পারে যে, বাল্যবিবাহে মেয়েরা অকালে সন্তান প্রদান ক'রে অধিকাংশ মৃত্যুমুথে পতিত হয়; তাদের সন্তান সন্ততিগণও ক্ষাণজাবী হয়ে দেশে ভিখারীর সংখ্যা বৃদ্ধি করে। কারণ, পিতামাতার শরীর সম্পূর্ণ সমর্থ ও সবল না হ'লে সবল ও নীরোগ সন্তান জন্মাবে কেমন ক'রে? লেখাপড়া শিথিয়ে একটু বয়স হ'লে বে দিলে সেই মেয়েদের যে সন্তান-সন্ততি জন্মাবে, তাদের ছারা দেশের কল্যাণ হবে। তোদের যে ঘরে ছরে এত বিধবা তার কারণ হচ্ছে—এই বাল্য-বিবাহ। বাল্য-বিবাহ কমে গেলে বিধবার সংখ্যাও কমে যাবে।
- শিশু। কিন্তু মহাশয়, আমার মনে হয়, অধিক বয়দে বিবাহ দিলে মেয়েরা গৃহকার্বে তেমন মনোষোগী হয় না। শুনিয়াছি, কলিকাতার অনেক হলে শাশুড়ীরা রাঁধে ও শিক্ষিতা বধ্রা পায়ে আলতা পরিয়া বিসয়া থাকে। আমাদের বাদাল দেশে এরপ কখনও হইতে পায় না।
- খামীজী। ভাল মল সব দেশেই আছে। আমার মতে সমাজ সকল দেশেই আপনা আপনি গড়ে। অতএব বাল্য-বিবাহ তুলে দেওরা, বিধবাদের পুনরার বে দেওরা প্রভৃতি বিষয় নিয়ে আমাদের মাথা ঘামাবার দরকার নেই। আমাদের কাজ হচ্ছে জী পুক্ষ—সমাজের সকলকে শিক্ষা দেওরা। সেই শিক্ষার ফলে ভারা নিজেরাই কোন্টি ভাল, কোন্টি মল

সব ব্ঝতে পারবে এবং নিজেরা মন্দটা করা ছেড়ে দেবে। তখন আর জোর ক'রে সমাজের কোন বিষয় ভাঙতে গড়তে হবে না।

শিশু। মেরেদের এখন কিরূপ শিক্ষার প্রয়োজন?

খামীজী। ধর্ম, শিল্প, বিজ্ঞান, ঘরকল্পা, রন্ধন, সেলাই, শরীরপালন—এ-সব
বিষয়ের স্থুল মর্মগুলিই মেল্লেলের শেখানো উচিত। নভেল-নাটক
ছুঁতে দেওয়া উচিত নয়। মহাকালী পাঠশালাটি অনেকটা ঠিক পথে
চলছে; তবে কেবল পূজাপদ্ধতি শেখালেই হবে না; সব বিষয়ে চোখ
ফুটিয়ে দিতে হবে। আদর্শ নারীচরিত্রগুলি ছাত্রীদের সামনে সর্বদা
ধরে উচ্চ ত্যাগরূপ ব্রতে তাদের অহ্বরাগ জল্ম দিতে হবে। সাতা,
সাবিত্রী, দমন্বন্তী, লীলাবতী, খনা, মীরা এঁদের জীবনচরিত্র মেয়েদের
ব্রিয়ে দিয়ে তাদের নিজেদের জীবন এরপে গঠিত করতে হবে।

—গাড়ি এইবার বাগবাজারে ৺বলরাম বস্থ মহাশয়ের বাড়িতে পৌছিল।
স্বামীজী অবতরণ করিয়া উপরে উঠিলেন এবং তাঁহার দর্শনাভিলাবী হইয়া
বাহারা তথায় উপস্থিত ছিলেন, তাঁহাদের সকলকে মহাকালী পাঠশালার
বৃত্তান্ত আভোপান্ত বলিতে লাগিলেন।

পরে 'রামকৃষ্ণ মিশনের' সভ্যদের কি কি কাজ করা কর্তব্য, তবিষয়ে আলোচনা করিতে করিতে বিভাদান ও জ্ঞানদানের শ্রেষ্ঠত্ব বহুধা প্রতিপাদন করিতে লাগিলেন। শিশ্বকে লক্ষ্য করিয়া স্বামীজী বলিলেন, 'Educate, educate (শিক্ষা দে, শিক্ষা দে), নাক্তঃ পদ্বা বিভতেহয়নায় (এ ছাড়া অন্ত পথ নেই)।' শিক্ষাদানের বিরোধী দলের প্রতি কটাক্ষ করিয়া বলিলেন, 'বেন পেহলাদের দলে ঘাসনি।' ঐ কথার অর্থ জিজ্ঞাসা করায় স্বামীজী বলিলেন, 'শুনিসনি? ক-অক্ষর দেখেই প্রহলাদের চোখে জল এসেছিল—তা আর পড়াশুনো কি ক'রে হবে? অবশ্র প্রহলাদের চোথে প্রেমে জল এসেছিল, আর মূর্থদের চোথে জল ভয়ে এসে থাকে। ভজ্জদের ভেতরেও অনেকে ঐ রক্ষের আছে।' সকলে ঐকথা শুনিয়া হাস্থা করিছে লাগিলেন। স্বামী বোগানন্দ ঐ কথা শুনিয়া বলিলেন, 'ভোমার বখন বে দিকে বোঁক উঠবে—ভার একটা ছেন্তনেন্ত না হ'লে ভো আর শান্তি নেই; এখন বা ইছে। হছে, ভাই হবে।'

9

স্থান—কলিকাতা, বাগবাঞ্জার কাল—(মার্চ ?), ১৮৯৭

আৰু দশ দিন হইল শিশ্ত স্বামীজীর নিকটে ঝথেদের সায়নভান্ত পাঠ করিতেছে। স্বামীজী বাগবাজারের ৺বলরাম বহুর বাড়িতে অবস্থান করিতেছেন। ম্যাক্সমূলর (MaxMuller)-এর মুক্তিত বহু সংখ্যায় সম্পূর্ণ ঝথেদ গ্রন্থখানি কোন বড়লোকের বাড়ি হইতে আনা হইয়াছে। নৃতন গ্রন্থ, তাহাতে আবার বৈদিক ভাষা, শিক্তের পড়িতে পড়িতে অনেক স্থলে বাধিয়া বাইতেছে। তাহা দেখিয়া স্বামীজী সম্মেহে তাহাকে কখন কখন 'বাঙাল' বলিয়া ঠাট্টা করিতেছেন এবং ঐ স্থলগুলির উচ্চারণ ও পাঠ বলিয়া দিতেছেন। বেদের অনাদিত্ব প্রমাণ করিতে লায়ন ফে অভুত যুক্তিকৌশল প্রদর্শন করিয়াছেন, স্বামীজী তাহার ব্যাখ্যা করিতে করিতে কথনও ভাশ্তকারের ভূয়সী প্রশংসা করিতেছেন, আবার কখনও বা প্রমাণপ্রয়োগে ঐ পদের গ্রার্থ সম্বন্ধে স্বয়ং ভিন্নমত প্রকাশ করিয়া সায়নের প্রতি কটাক্ষ করিতেছেন।

এরপে কিছুক্ষণ পাঠ চলিবার পর সামীজী ম্যাক্সমূলর-এর প্রসঙ্গ উত্থাপন করিয়া বলিতে লাগিলেন:

মনে হ'ল কি জানিস—সায়নই নিজের ভাগ্য নিজে উদ্ধার করতে
ম্যাক্সমূলর-রূপে পুনরায় জন্মছেন। আমার অনেক দিন হতেই ঐ ধারণা।
ম্যাক্সমূলরকে দেখে সে ধারণা আরও যেন বন্ধমূল হয়ে গেছে। এমন
অধ্যবসায়ী, এমন বেদবেদান্তনিদ্ধ পণ্ডিত এ দেশে দেখা যায় না! তার
উপর আবার ঠাকুরের (শ্রীরামক্রফদেবের) প্রতি কি আগাধ ভক্তি! তাঁকে
অবতার ব'লে বিখাস করে রে! বাড়িতে অতিথি হয়েছিলাম—কি ব্যুটাই
করেছিল! বুড়ো-বুড়ীকে দেখে মনে হ'ত, যেন বলিঠ-অক্লম্ভীর মতো
হটিতে সংসার করছে!—আমায় বিদান্ন দেওয়ার কালে বুড়োর চোথে জল
পড়ছিল!

শিক্ত। আছো মহাশয়, সায়নই যদি ম্যাক্সমূলর হইয়া থাকেন ভো পুণ্যভূমি ভারতে না জ্যিয়া মেচ্ছ হইয়া জ্যিলেন কেন ? স্বামীনী। অজ্ঞান থেকেই মাহৰ 'আমি আৰ্থ, উনি মেচ্ছ' ইভ্যাদি অহভব ও বিভাগ করে। কিন্ত বিনি বেদের ভায়কার, জ্ঞানের জ্ঞলম্ভ মৃতি, তাঁর পকে আবার বর্ণাশ্রম, জাতিবিভাগ কি ?—তাঁর কাছে ও-সর একেবারে অর্থশৃত্য। ভীবের উপকারের জন্ম তিনি যথা ইচ্ছা জন্মাতে পারেন। বিশেষতঃ যে দেশে বিছা ও অর্থ উভরই আছে, দেখানে না জন্মালে এই প্রকাণ্ড গ্রন্থ ছাপাবার খরচই বা কোথায় পেতেন? ভনিসনি ?—East India Company (ইস্ট ইণ্ডিয়া কোম্পানি) এই ঋথেদ ছাপাতে নয়লক্ষ টাকা নগদ দিয়েছিল। তাতেও কুলোয়নি। এদেশের (ভারতের) শত শত বৈদিক পণ্ডিতকে মাদোহার। দিয়ে এ কাব্দে নিযুক্ত করা হয়েছিল। বিভা ও জ্ঞানের জ্ঞা এইরূপ বিপুল অব্ব্যয়, এইরূপ প্রবল জ্ঞানতৃষ্ণা এ দেশে এ যুগে কেউ কি কখন দেখেছে ? মাক্সমূলর নিজেই ভূমিকায় লিখেছেন যে, তিনি ২৫ বৎসর কাল কেবল manuscirpt (পাণ্ডুলিপি) লিখেছেন; ভারপর ছাপতে ২০ বংসর লেগেছে! ৪৫ বংসর একখানা বই নিয়ে এইরূপ লেগে পড়ে থাকা সামাত মাহুষের কাজ নয়। এতেই বোঝ্; সাধে কি আর বলি, তিনি সায়ন!

ম্যাক্সমূলর সম্বন্ধে এরূপ কথাবার্তা চলিবার পর আবার প্রস্থপাঠ চলিতে লাগিল। এইবার 'বেদকে অবলম্বন করিয়াই স্পষ্টির বিকাশ হইয়াছে'— সায়নের এই মত স্বামীজী সর্বধা সমর্থন করিয়া বলিলেন:

'বেদ' মানে অনাদি সত্যের সমষ্টি; বেদপারগ ঋষিগণ ঐসকল সত্য প্রত্যক্ষ করেছিলেন; অতীন্দ্রিয়দর্শী ভিন্ন আমাদের মতো সাধারণ লোকের দৃষ্টিতে দে-সকল প্রত্যক্ষ হয় না; তাই বেদে ঋষি শব্দের অর্থ মন্ত্রার্থ-স্রুষ্টা;—পৈতা গলায় ব্রাহ্মণ নয়। ব্রাহ্মণাদি জাতিবিভাগ পরে হয়েছিল। বেদ শব্দাত্মক অর্থাৎ ভাবাত্মক বা অনস্ত ভাবরাশির সমষ্টি মাত্র। 'শব্দ' পদের বৈদিক প্রাচীন অর্থ হচ্ছে স্ক্ষভাব, যা পরে স্থূলাকার গ্রহণ ক'রে নিজেকে প্রকাশিত করে। স্ক্তরাং যথন প্রলয় হয়, তথন ভাবী স্পষ্টির স্ক্ষ বীজুসমূহ বেদেই সম্পৃটিত থাকে। তাই পুরাণে প্রথমে মীনাবভারে বেদের উদ্ধার দৃষ্ট হয়। প্রথমাবভারেই বেদের উদ্ধার-সাধন হ'ল। তারপর সেই বেদ থেকে ক্রমে স্ক্টির বিকাশ হ'তে লাগল; অর্থাৎ বেদনিছিত শকাবলখনে বিখের সকল বুল পদার্থ একে একে ভৈরী হ'তে লাগল। কারণ, সকল বুল পদার্থেরই ক্ষম রূপ হচ্ছে শব্দ বা ভাব। পূর্ব পূর্ব কয়েও এরূপে ক্ষষ্ট হয়েছিল। এ কথা বৈদিক সন্ধ্যার মন্ত্রেই আছে 'ক্ষাচন্দ্র-মসৌ ধাতা যথাপূর্বমকর্মাৎ দিবঞ্চ পৃথিবীং চাস্তরীক্ষমথো স্থঃ।' বুঝলি ?

শিশু। কিন্তু মহাশয়, কোন জিনিদ না থাকিলে কাহার উদ্দেশে শব্দ প্রযুক্ত হইবে ? আর পদার্থের নামসকলই বা কি করিয়া তৈয়ারী হইবে ? স্বামীজী। আপাতভ: তাই মনে হয় বটে। কিন্তু বোক্—এই ঘটটা ভেঙে গেলে ঘটাছের নাশ হয় কি? না। কেন না, ঘটটা হচ্ছে সুল; কিন্ত ঘটওটা হচ্ছে ঘটের স্ক্র-বা শব্দাবস্থা। ঐরপে সকল পদার্থের শব্দাবস্থাটি হচ্ছে এসকল জিনিসের স্ক্রাবস্থা। আর আমরা দেখি শুনি ধরি ছুঁই যে জিনিসগুলো, সেগুলো হচ্ছে এরপ স্ক্র-বা শবাবস্থায় অবস্থিত পদার্থসকলের স্থল বিকাশ। ষেমন কার্য আর তার কারণ। অসং ধ্বংস হয়ে সেলেও জনহোধাত্মক শব্দ বা স্থুল পদার্থদকলের স্থা স্থারপদমূহ ত্রন্ধা কারণরূপে থাকে। ভগৰিকাশের প্রাক্তালে প্রথমেই ক্ল স্বরূপসমূহের সমগীভূত ঐ পদার্থ উদ্বেলিত হয়ে ওঠে এবং তারই প্রকৃতস্বরূপ শন্দগর্ভাত্মক অনাদি নাদ 'ওঁ'কার আপনা আপনি উঠতে থাকে। ক্রমে ঐ সমষ্টি হ'তে এক একটি বিশেষ বিশেষ পদার্থের প্রথমে সৃদ্ধ প্রতিক্বতি বা শান্দিক রূপ ও পরে স্থলরূপ প্রকাশ পায়। এ শন্ধই ব্রহ্ম—শন্ধই বেদ। ইহাই সায়নের অভিপ্রায়। বুঝলি ?

শিশ্ব। মহাশন্ন, ভাল বুঝিতে পারিতেছি না।

শামীজী। অগতে যত ঘট আছে, সবগুলো নই হলেও ঘটশন থাকতে যে পারে, তা তো ব্রেছিস? তবে জগৎ ধ্বংস হলেও বা বে-সব জিনিসগুলোকে নিয়ে জগৎ, সেগুলো সব ভেঙে চুরে গেলেও ভত্তহোধাত্মক শন্তুলি কেন না থাকতে পারবে? আর তা থেকে পুনঃস্ট কেনই বা না হ'তে পারবে ?

শিশু। কিন্তু মহাশয়, 'ঘট' 'ঘট' বলিয়া চীৎকার করিলেই ভো ঘট ভৈরী হয় না। খামীজী। তুই আমি ঐরপে চীৎকার করলে হয় না; কিছ সিছসহয় ব্রক্ষে ঘটশ্বতি হবামাত্র ঘট প্রকাশ হয়। সামাশ্র সাধকের ইচ্ছাতেই বধন নানা অঘটন-ঘটন হ'তে পারে—তথন সিদ্ধসহয় ব্রক্ষের কা কথা। স্টের প্রাকালে ব্রহ্ম প্রথম শকাত্মক হন, পরে 'ওঁ'কারাত্মক বা নাদাত্মক হয়ে যান। তারপর পূর্ব পূর্ব কয়ের নানা বিশেষ বিশেষ শক্ষ, যথা—'ভৃ: ভূব: খং' বা 'গো মানব ঘট পট' ইত্যাদি ঐ 'ওঁ'কার থেকে বেকতে থাকে। সিদ্ধসহয় ব্রক্ষে ঐ ঐ শক্ষ ক্রমে এক একটা ক'রে হবামাত্র ঐ ঐ জিনিসগুলো অমনি তথনি বেরিয়ে ক্রমে বিচিত্র জগতের বিকাশ হয়ে পড়ে। এইবার ব্রুলি—শক্ষ কিরপে স্টের মূল ?

শিষ্য। হাঁ, একপ্রকার ব্ঝিলাম বটে। কিন্তু ঠিক ঠিক ধারণা হইতেছে না।
স্বামীজী। ধারণা হওয়া—প্রত্যক্ষ অফুভব করাটা কি সোজা রে বাপ পূ
মন যখন ব্রহ্মাবগাহী হ'তে থাকে, তখন একটার পর একটা ক'রে
এই সব অবস্থার ভিতর দিয়ে গিয়ে শেষে নির্বিকল্পে উপস্থিত হয়।
সমাধিম্থে প্রথম ব্রা যায়—জগৎটা শব্দময়, তারপর গভীর 'ওঁ'কার
ধ্বনিতে সব মিলিয়ে যায়।—তারপর তাও শুনা যায় না। তাও
আছে কি নেই—এরপ বোধ হয়। এটেই হচ্ছে অনাদি নাদ, তারপর
প্রত্যক্-ব্রহ্মেমন মিলিয়ে যায়। বস্—সব চুপ।

স্বামীজীর কথায় শিয়ের পরিষার বোধ হইতে লাগিল, স্বামীজী ঐ-সকল অবস্থার ভিতর দিয়া অনেকবার স্বয়ং সমাধি-ভূমিতে গমনাগমন করিয়াছেন, নত্বা এমন বিশদভাবে এ-সকল কথা কিরপে বুঝাইয়া বলিতেছেন? শিয় অবাক হইয়া শুনিতে ও ভাবিতে লাগিল,—নিজের দেখা-শুনা জিনিস নাহইলে কথনও কেহ এরপে বলিতে বা বুঝাইতে পারে না।

ষামীজী বলিতে লাগিলেন: অবতারকল্প মহাপুরুষেরা সমাধিভদের পর আবার যথন 'আমি-আমার' রাজতে নেমে আসেন, তথন প্রথমেই অব্যক্ত নাদের অন্তত্তব করেন; ক্রমে নাদ স্কুপ্টে হয়ে 'ওঁ'কার অন্তত্তব করেন, 'ভুঁ'কার থেকে পরে শক্ষমন্ত্র জগতের প্রতাতি করেন, তারপর সর্বশেষে স্থুল ভূত-অগতের প্রত্যক্ষ করেন। সামাক্ত সাধকের কিছু অনেক কটে কোনক্ষণ নাদের পারে গিয়ে ব্রক্ষের সাকাৎ উপলব্ধি করতে পারকে পুনরায় সুল জগতের প্রত্যক্ষ হয় যে নিয়ভূমিতে—দেখানে আর নামতে পারে না। ব্রক্ষেই মিলিয়ে যায়—'কীরে নীরবং'।

এই দকল কথা হইতেছে, এমন সময় মহাকৰি প্ৰীযুক্ত গিরিশচক্র ঘোষ মহাশয় দেখানে উপস্থিত হইলেন। স্বামীকী তাঁহাকে অভিবাদন ও কুশলপ্রমাদি করিয়া পুনরায় শিশুকে পাঠ দিতে লাগিলেন। গিরিশবাব্ও তাহা নিবিষ্টচিত্তে শুনিতে লাগিলেন এবং স্বামীকীর এরপে অপূর্ব বিশদভাবে বেদব্যাখ্যা শুনিয়া মুগ্ধ হইয়া বিশিয়া রহিলেন।

পূর্ব বিষয়ের অহুসরণ করিয়া স্বামীজী পুনরায় বলিতে লাগিলেন:

বৈদিক ও লৌকিক ভেদে শব্দ আবার দ্বিধা বিভক্ত। 'শব্দান্তি-প্রকাশিকায়' এ বিষয়ের বিচার দেখেছি। বিচারগুলি থ্ব চিম্ভার পরিচায়ক বটে, কিম্ক Terminologyর (পরিভাষার) চোটে মাথা গুলিয়ে ওঠে!

এইবার গিরিশবাব্র দিকে চাহিয়া স্বামীজী বলিলেন—'কি জি. সি, এ-সব তো কিছু পড়লে না, কেবল কেষ্ট-বিষ্টু, নিয়েই দিন কাটালে।' গিরিশবাব্। কি আর প'ড়ব ভাই ? অত অবসরও নেই, বৃদ্ধিও নেই যে

ওতে সেঁধুব। তবে ঠাকুরের রূপায় ও-সব বেদবেদান্ত মাথায় রেথে এবার পাড়ি মারব। তোমাদের দিয়ে তাঁর ঢের কাজ করাবেন ব'লে ও-সব পড়িয়ে নিয়েছেন, আমার ও-সব দরকার নেই।

এই কথা বলিয়া গিরিশবাবু সেই প্রকাণ্ড ঋথেদ গ্রন্থথানিকে পুনঃ পুনঃ প্রশাম করিতে ও বলিতে লাগিলেন—'জয় বেদরূপী শ্রীবামরুফের জয়'।

স্বামীজী অন্তমনা হইয়া কি ভাবিভেছিলেন, ইতোমধ্যে গিরিশবাব্ বলিয়া উঠিলেন, 'হাঁ, হে নরেন, একটা কথা বলি। বেদবেদান্ত তো ঢের পড়লে, কিন্তু এই যে দেশে ঘোর হাহাকার, অন্নাভাব, ব্যভিচার, জ্রণহত্যা, মহাণাতকাদি চোথের সামনে দিনরাত ঘ্রছে, এর উপায় ভোমার বেদে কিছু বলেছে? ঐ অমুকের বাড়ির গিন্নি, এককালে যার বাড়িতে রোজ পঞ্চাশধানি পাতা প'ড়ত, সে আজ তিন দিন হাঁড়ি চাপায়নি; ঐ অমুকের বাড়ির ক্লেজীকে গুণ্ডাগুলো অত্যাচার ক'রে মেরে ফেলেছে; ঐ অমুকের বাড়িতে

জ্রণহত্যা হয়েছে, অমুক জোচোরি ক'রে বিধবার সর্বন্ধ হরণ করেছে—এ-সকল রহিত করবার কোন উপায় তোমার বেদে আছে কি ?' সিরিশবার্ এইরূপে সমাজের বিভীষিকাপ্রদ ছবিগুলি উপর্গরি অঙ্কিত করিয়া দেখাইতে আরম্ভ করিলে স্বামীজী নির্বাক্ত হুয়া রহিলেন। জগতের হু:থকষ্টের কথা ভাবিতে ভাবিতে স্বামীজীর চক্ষে জল আদিল। তিনি তাঁহার মনের এরপ ভাব আমাদের জানিতে দিবেন না বলিয়াই বেন উঠিয়া বাহিরে চলিয়া গেলেন।

ইতোমধ্যে গিরিশবার শিশ্বকে লক্ষ্য করিয়া বলিলেন, 'দেখলি বালাল, কত বড় প্রাণ! তোর স্বামীজীকে কেবল বেদজ্ঞ পণ্ডিত ব'লে মানি না; কিন্তু ঐ যে জীবের তৃ:থে কাদতে কাদতে বেরিয়ে গেল, এই মহাপ্রাণতার জন্ম মানি। চোখের সামনে দেখলি তো মাহুষের তৃ:থকষ্টের কথাগুলো ভনে কক্ষণার হাদর পূর্ণ হয়ে স্বামীজীর বেদ-বেদান্ত সব কোথায় উড়ে

- শিশু। মহাশয়, আমাদের বেশ বেদ পড়া হইতেছিল; আপনি মায়ার জগতের কি কতকগুলো ছাইভন্ম কথা তুলিয়া স্বামীজীর মন খারাপ ক্রিয়া দিলেন।
- গিরিশবাব্। জগতে এই ছঃখকষ্ট, আর উনি দে দিকে একবার না চেয়ে চুপ ক'রে বদে কেবল বেদ পড়ছেন! রেখে দে তোর বেদ-বেদাস্ত।
- শিয়। আপনি কেবল হাদয়ের ভাষা শুনিতেই ভালবাদেন, নিজে হাদয়বান্
 কি না! কিছ এই সব শাল্প, বাহার আলোচনায় জগৎ ভূল হইয়া বায়,
 ভাহাতে আপনার আদ্র দেখিতে পাই না। নতুবা এমন করিয়া আজ
 রসভঙ্গ করিতেন না।
- গিরিশরাব্। বলি জ্ঞান আর প্রেমের পৃথক্ষটা কোথায় আমার ব্রিয়ে দে দেখি। এই দেখ না, ভোর গুরু (খামীজী) ষেমন পণ্ডিত তেমনি প্রেমিক। ভোর বেদও বলছে না 'সং-চিং-আনন্দ' তিনটে একই জিনিব? এই দেখ না, খামীজী অত পাণ্ডিত্য প্রকাশ করছিলেন, কিন্ত যাই জগতের হৃংখের কথা শোনা ও মনে পড়া, অমনি জীবের হৃংখে কাঁদতে লাগলেন। জ্ঞান আর প্রেমে যদি বেদবেদান্ত বিভিন্নতা প্রমাণ ক'রে থাকেন তো অমন বেদ-বেদান্ত আমার মাথার থাকুন।

শিশ্ব নিৰ্বাক হইয়া ভাবিতে লাগিল, 'সত্যই তো গিরিশবার্য সিদ্ধান্তওলি বেদের অবিরোধী।'

ইতোমধ্যে স্বামীজী আবার ফিরিয়া আসিলেন এবং শিশুকে সংখাধন করিয়া বলিলেন, 'কি রে ভোদের কি কথা হচ্ছিল ?'

- শিশু। এই সব বেদের কথাই হইতেছিল। ইনি এ-সকল গ্রন্থ পড়েন নাই, কিন্তু নিদ্ধান্তগুলি বেশ ঠিক ঠিক ধরিতে পারিয়াছেন—বড়ই আশ্চর্যের বিষয়।
- স্বামীজী। গুল্লভক্তি থাকলে সব সিদ্ধান্ত প্রত্যক্ষ হয়—পড়বার শুনবার দরকার হয় না। তবে এরপ ভক্তি ও বিশাস জগতে তুর্লভ। ওর (গিরিশবাব্র) মতো বাঁদের ভক্তি বিশাস, তাঁদের শান্ত্র পড়বার দরকার নেই। কিন্তু ওকে (গিরিশবাব্কে) imitate (অফুকরণ) করতে গেলে অস্তের সর্বনাশ উপস্থিত হবে। ওর কথা শুনে যাবি, কিন্তু কথন ওর দেখাদেখি কাজ করতে যাবি না।

শিশু। আছে হাঁ।

- খামীজী। আজে হাঁ নয়। যা বলি দে-সব কথাগুলি বুঝে নিবি, মুর্থের মতো সব কথায় কেবল সায় দিয়ে যাবি না। আমি বললেও বিখাস করবিনি। বুঝে তবে নিবি। আমাকে ঠাকুর তাঁর কথা সব বুঝে নিতে সর্বদা বলতেন। সদ্যুক্তি, তর্ক ও শান্তে যা বলেছে, এই সব নিয়ে পথে চলবি। বিচার করতে করতে বৃদ্ধি পরিষ্কার হয়ে যাবে, তবে তাইতে বৃদ্ধ reflected (প্রতিফলিত) হবেন। বুঝালি?
- শিশু। হাঁ। কিন্তু নানা লোকের নানা কথার মাথা ঠিক থাকে না। এই একজন (গিরিশবার্) বলিলেন, 'কি হবে ও-সৰ পড়ে?' আবার এই আপনি বলিভেছেন বিচার করিছে। এখন করি কি?
- খামীজী। আমাদের উভয়ের কথাই সন্তিয়। তবে ছই standpoint (দিক)
 থেকে আমাদের ত্-জনের কথাগুলি বলা হচ্ছে—এই পর্যস্ত । একটা
 অবস্থা আছে, ধেখানে যুক্তি তর্ক সব চুপ হয়ে যায় 'মৃকাখাদনবং'। আর
 একটা অবস্থা আছে, যাতে বেদাদি শাস্ত্রগ্রের আলোচনা পঠন-পাঠন
 করতে করতে সত্যবস্ত প্রত্যক্ষ হয়। তোকে এসব পড়ে শুনে বেতে
 হবে, তবে তোর সত্য প্রত্যক্ষ হবে। বুঝলি ?

নির্বোধ শিশ্র স্বামীশীর ঐরপ আদেশলাভে গিরিশবাব্র হার হইল মনে করিয়া গিরিশবাব্র দিকে চাহিয়া বলিতে লাগিল, 'মহাশয়, শুনিলেন জো স্বামীশী আমায় বেদবেদান্ত পড়িতে ও বিচার করিতেই বলিলেন।' গিরিশবাব্। তা তুই করে যা। স্বামীশীর আশীর্বাদে তোর তাই করেই স্ব ঠিক হবে।

স্বামী সদানন্দ এই সময়ে সেথানে আসিয়া উপস্থিত হইলেন। স্বামীজী তাঁহাকে দেখিয়াই বলিলেন, 'প্রয়ে, এই জি. সি-র মুথে দেশের তুর্দশার কথা শুনে প্রাণটা আঁকুপাঁকু করছে। দেশের জন্ম কিছু করতে পারিস্?' সদানন্দ। মহারাজ! যো তুকুম—বান্দা তৈয়ার হায়।

শামীনী। প্রথমে ছোটখাট scale-এ (হারে) একটা relief centre (সেবাশ্রম) খোল, যাতে গরীব-ছংথীরা সব সাহায্য পাবে, রোগীদের সেবা করা হবে, যাদের কেউ দেখবার নেই—এমন অসহায় লোকদের জাতি-বর্ণ-নির্বিশেষে সেবা করা হবে। বুঝলি ?

সদানন। জো হকুম মহারাজ!

আধার বলতেন!

স্বামীজী। জীবদেবার চেয়ে আর ধর্ম নেই। দেবাধর্মের ঠিক ঠিক অন্থ্র্চান করতে পারলে অতি সহজেই সংসারবন্ধন কেটে যায়—'মৃক্তিঃ করফলায়তে'।

এইবার গিরিশবাবুকে সম্বোধন করিয়া স্বামীজী বলিলেন:

দেখ, গিরিশবাব্, মনে হয় এই জগতের হংখ দ্র করতে আমার বদি হাজারও জন্ম নিতে হয়, তাও নেবো। তাতে বদি কারও এতটুকু হংখ দ্র হয় তো তা ক'রব। মনে হয়, খালি নিজের মুক্তি নিয়ে কি হবে? সকলকে সঙ্গে নিয়ে ঐ পথে বেতে হবে। কেন ৰলো দেখি এমন ভাব ওঠে? গিরিশবাব্। তা না হ'লে আর তিনি (ঠাকুর) তোমায় সকলের চেয়ে বড়

এই বলিয়া গিরিশবাবু কার্যান্তবে বাইবেন বলিয়া বিদায় লইলেন।

4

স্থান—আলমবাজার মঠ, কলিকাতা কাল—এপ্রিল, ১৮৯৭

প্রথমবার বিলাভ হইতে ফিরিয়া খামীকী যখন কিছুদিন কলিকাভায় ছিলেন, তথন বহু উৎসাহী যুবক তাঁহার নিকট যাভায়াত করিত। দেখা গিয়াছে, সেই সময় খামীকী অবিবাহিত যুবকগণকে ব্রহ্মচর্য ও ত্যাগের বিষয় সর্বদা উপদেশ দিতেন এবং সন্ন্যাস অথবা আপনার মোক্ষ ও ক্রাতের কল্যাণার্থ সর্বন্ধ ত্যাগ করিতে বছুধা উৎসাহিত করিতেন। আমরা তাঁহাকে অনেক সময় বলিতে শুনিয়াছি, সন্ন্যাস গ্রহণ না করিলে কাহারও যথার্থ আত্মন্তান লাভ হইতে পারে না; কেবল ভাহাই নহে—বছন্দনহিতকর, বছন্দনম্থকর কোন এহিক কার্যের অন্ন্র্যান এবং ভাহাতে দিছিলাভ করাও সন্মাস ভিন্ন হয় না। তিনি সর্বদা ত্যাগের উচ্চাদর্শ উৎসাহী যুবকদের সমক্ষে স্থাপন করিতেন এবং কেহু সন্ন্যাস গ্রহণ করিবে এইরূপ অভিপ্রায় প্রকাশ করিলে ভাহাকে সমধিক উৎসাহ দিতেন ও কুপা করিতেন। এই সময় কতিপন্ন ভাগ্যবান্ যুবক সংসার-আশ্রম ত্যাগ করিয়া তাঁহার খারাই সন্ন্যাসাশ্রমে দীক্ষিত হইয়াছিল। ইহাদের মধ্যে যে চারিজনকে খামীক্ষী প্রথম সন্ন্যাস দেন, ভাহাদের সন্ন্যাসব্রতগ্রহণের দিন শিল্প আলমবাজার মঠে উপস্থিত ছিল।

ইহাদের মধ্যে একজনকে যাহাতে সন্ন্যাস না দেওয়া হয়, সেজয় স্বামীজীর গুদ্লাত্গণ তাঁহাকে বহুধা অহুরোধ করেন। স্বামীজী তত্ত্তরে বলিয়াছিলেন, 'আমরা ষ্দি পাপী তাপী দীন হংখী পভিতের উদ্ধারসাধনে পশ্চাৎপদ হই, তা হ'লে কে আর তাকে দেখবে? তোমরা এ বিষয়ে কোনয়প প্রতিবাদী হইও না।' স্বামীজীর বলবতী ইচ্ছাই পূর্ণ হইল। অনাধশরণ স্বামীজী নিজ রূপাঞ্জণে ভাহাকে সন্ন্যাস দিতে কুভসহল্ল হইলেন।

শিশু আৰু ত্ই দিন হইতে মঠেই বহিয়াছে। স্বামীনী শিশুকে বলিলেন, 'কুই তো ভটচাৰ বামূন; আগামী কাল তুই-ই এদের আছে করিয়ে দিবি,

১ নিজানন্দ, বিরজানন্দ, প্রকাশানন্দ ও নির্ভয়ানন্দ

২ শাস্ত্রমতে বাঁহারা সন্ন্যাস আশ্রম গ্রহণ করেন, তাঁহাদিগকে নিজেদের শ্রাদ্ধ ঐ সময়ে করিয়া স্লইতে হয়, কারণ সন্ন্যাস গ্রহণ করিলে লৌকিক বা বৈদিক কোন বিষয়ে আর অধিকার থাকে না।

পরদিন এদের সম্মাস দিব। আজ পাঁজি-পুঁথি সৰ পড়ে-শুনে দেখে নিস্।^স্থি শিশু স্বামীজীর আজ্ঞা শিরোধার্য করিয়া লইল।

শ্রাদান্তে যথন বন্ধচারিচতুইয় নিজ নিজ পিও অর্পণ করিয়া পিওাদি লইয়া গলায় চলিয়া গেলেন, তথন স্বামীজী শিশুের মনের অবস্থা লক্ষ্য করিয়া বলিলেন, 'এ-সব দেখে শুনে তোর মনে ভয় হয়েছে— না রে?' শিশু নতমন্তকে সমতি জ্ঞাপন করায় স্বামীজী শিশুকে বলিলেন:

সংসারে আজ থেকে এদের মৃত্যু হ'ল, কাল থেকে এদের নৃতন দেহ, নৃতন চিস্তা, নৃতন পরিচ্ছদ হবে—এরা বন্ধবীর্ধে প্রদীপ্ত হয়ে জলস্ত পাবকের মতো অবস্থান করবে। ন ধনেন ন চেজ্যুয়া…ত্যাগেনৈকে অমৃতত্মানভঃ।

স্বামীজীর কথা শুনিয়া শিশু নির্বাক হইয়া দাঁড়াইয়া রহিল। সন্নাদের কঠোরতা শ্বরণ করিয়া তাহার বৃদ্ধি শুন্তিত হইয়া গেল, শাল্পজ্ঞানের আফালন দ্রীভূত হইল।

রুতপ্রাদ্ধ বন্ধচারিচতুষ্টয় ইতোমধ্যে গলাতে পিণ্ডাদি নিক্ষেপ করিয়া আসিয়া স্বামীজীর পাদপদ্ম বন্দনা করিলেন। স্বামীজী তাঁহাদিগকে আশীর্বাদ করিয়া বলিলেন:

তোমরা মানব-জীবনের শ্রেষ্ঠব্রত গ্রহণে উৎসাহিত হয়েছ; ধন্য তোমাদের জন্ম, ধন্য তোমাদের বংশ, ধন্য তোমাদের গর্ভধারিণী—'কুলং পবিত্রং জননী কৃতার্থা'।

সেইদিন রাত্রে আহারাস্তে স্বামীজী কেবল সন্ন্যাসধর্ম বিষয়েই কথাবার্তা কহিতে লাগিলেন। সন্ন্যাসত্রতগ্রহণোৎস্ক ত্রন্ধচারিগণকে লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন:

'আত্মনো দ্যোক্ষার্থং জগন্ধিতায় চ'—এই হচ্ছে সন্ন্যাদের প্রকৃত উদ্দেশ্য।
সন্ন্যাদ না হ'লে কেউ কখনও ব্রহ্মজ্ঞ হ'তে পারে না—এ কথা বেদ-বেদাস্থ
ঘোষণা করছে। যারা বলে—এ সংসার্গজ্ঞ ক'রব, ব্রহ্মজ্ঞও হবো—তাদের
কথা আদপেই শুনবিনি। ও সব প্রচ্ছন্মভোগীদের ভোকবাক্য। এতটুকু
সংসারের ভোগেচ্ছা যার রয়েছে, এতটুকু কামনা যার রয়েছে, এ কঠিন পদ্মা
ভেবে তার ভর; তাই আপনাকে প্রবোধ দেবার জন্ম ব'লে বেড়ার, 'একুল

১ 'উপনিযদ'

ওকুল তুকুল রেখে চলতে হবে'। ও পাগলের কথা, উন্মন্তের প্রলাপ,
অপান্তীর অবৈদিক মত। ত্যাপ ছাড়া মৃক্তি নেই। ত্যাপ ছাড়া পরাভক্তি
লাভ হয় না। ত্যাপ—ত্যাপ। 'নাক্তঃ পছা বিভাতে২য়নায়'। প্রীতাতেও
আছে—'কাম্যানাং কর্মণাং ক্যাসং সন্মাসং ক্রম্যো বিভঃ''।

সংসারের ঝঞ্চাট ছেড়ে না দিলে কারও মৃক্তি হয় না। সংসারাশ্রমে বে রয়েছে, একটা না একটা কামনার দাস হয়েই বে সে এরপে বন্ধ রয়েছে, ওতেই তা প্রমাণ হচ্ছে। নৈলে সংসারে থাকবে কেন? হয় কামিনীর দাস, নয় অর্থের দাস, নয় মান মণ বিছা ও পাণ্ডিভ্যের দাস। এ দাসত্ব থেকে বেরিয়ে পড়লে তবে মৃক্তির পদ্বায় অগ্রসর হ'তে পারা যায়। বে ঘতই বলুক না কেন, আমি বুঝেছি, এ-সব ছেড়ে-ছুড়ে না দিলে, সয়াস গ্রহণ না করলে কিছুতেই জীবের পরিজ্ঞাণ নেই, কিছুতেই ব্রহ্মক্ষান লাভের সম্ভাবনা নেই।

শিষ্য। মহাশয়, সন্মাস গ্রহণ করিলেই কি সিদ্ধিলাভ হয় ?

খামীজী। সিদ্ধ হয় কি না হয় পরের কথা। তুই ষতক্ষণ না এই ভীষণ সংসারের গণ্ডি থেকে বেরিয়ে পড়তে পারছিস—যতক্ষণ না বাসনার দাসত্ব ছাড়তে পারছিস—ততক্ষণ তোর ভক্তি মৃক্তি কিছুই লাভ হবে না। ব্রহ্মজ্ঞের কাছে সিদ্ধি ঋদ্ধি অতি তুচ্ছ কথা।

শিশু। মহাশয়, সয়াসের কোনরূপ কালাকাল বা প্রকার-ভেদ আছে কি ?
খামীজী। সয়াসধর্ম-সাধনের কালাকাল নেই। শ্রুতি বলছেন, 'বদহরেব
বিরজেৎ ভদহরেব প্রজেৎ'—বর্ধনি বৈরাগ্যের উদয় হবে, তথনি
প্রজ্ঞা করবে। যোগবাশিঠেও রয়েছে—

যুবৈৰ ধৰ্মশীলঃ স্থাদ্ অনিত্যং খলু জীবিজং। কোহি জানাতি কস্থান্ত মৃত্যুকালো ভবিশ্বতি॥

—জীবনের অনিত্যতাবশত: বৃ্বকালেই ধর্মশীল হবে। কে জানে কার কখন দেহ ধাবে? শাজে চতুর্বিদ সন্ন্যাসের বিধান দেখতে পাওয়া ধার —বিহুৎ সন্ন্যাস, বিবিদিষা সন্ন্যাস, মর্কট সন্ধ্যাস এবং আতৃর সন্ন্যাস। হঠাৎ ঠিক ঠিক বৈরাগ্য হ'ল, তথনি সন্ন্যাস নিমে বেরিয়ে পড়লে—

১ পীতা, ১৮া২

এটি পূর্ব জন্মের সংস্থার না থাকলে হয় না। এরই নাম 'বিছৎ সন্ন্যাস'। আত্মতত্ব জানবার প্রবল বাসনা থেকে শাস্ত্রপাঠ ও সাধনাদি ঘারা খ-খরপ অবগত হত্মার জন্ম কোন ব্রহ্মজ্ঞ পুরুষের কাছে সন্ন্যাস নিয়ে খাধ্যায় ও সাধন ভজন করতে লাগলো—একে 'বিবিদিষা সন্মান' বলে। সংসারের তাড়না, স্বন্ধনবিয়োগ বা অস্তু কোন কারণে কেউ কেউ বেরিয়ে পড়ে সন্ন্যাস নেয় ; কিন্তু এ বৈরাগ্য স্থায়ী হয় না, এর নাম 'মর্কট সন্ন্যাদ'। ঠাকুর ধেষন বলতেন, 'বৈরাগ্য নিয়ে পশ্চিমে গিরে আবার একটা চাকরি বাগিয়ে নিলে; তারপর চাই কি পরিবার আনলে वा जातात (व क'रत (कनरन।' जात এक श्रकांत्र मह्याम जाहि. ষেমন মৃম্যুর্, রোগশখ্যায় শায়িত, বাঁচবার আশা নেই, তথন তাকে সন্ন্যাদ দেবার বিধি আছে। সে যদি মরে তো পবিত্র সন্ন্যাদত্রত গ্রহণ ক'রে মরে গেল—পর জন্মে এই পুণ্যে ভাল জন্ম হবে। আর ষদি বেঁচে যায় তো আর গৃহে না গিয়ে ত্রক্ষজ্ঞানলাভের চেষ্টায় সন্মাদী হয়ে কাল্যাপন করবে। তোর কাকাকে শিবানন্দ স্বামী 'আতুর সন্ন্যাস' দিয়েছিলেন। সে মরে পেল, কিন্তু এরপে সন্মাদগ্রহণে ভার উচ্চ জন্ম হবে। সন্ন্যাস না নিলে কিন্তু আত্মজানলাভের আর উপায়ান্তর নেই।

শিক্স। মহাশন্ন, গৃহীদের তবে উপান্ন ?

- খামীজী। স্থক্তিবশতঃ কোন-না-কোন জন্মে তাদের বৈরাগ্য হবে। বৈরাগ্য এলেই হয়ে গেল—জন্ম-মৃত্যু-প্রহেলিকার পারে যাবার আর দেরী হয় না। তবে সকল নিয়মেরই ত্-একটা exception (ব্যতিক্রম) আছে। ঠিক ঠিক গৃহীর ধর্ম পালন করেও ত্-একজন মৃক্ত পুরুষ হ'তে দেখা যায়ঃ যেমন আমাদের মধ্যে 'নাগ-মহাশর'।
- াশস্ত। মহাশয়, বৈরাগ্য ও সন্ন্যাস বিষয়ে উপনিষদাদি গ্রন্থেও বিশদ উপদেশ পাওয়া যায় না।
- শামীজী। পাগলের মতো কি বলছিন? বৈরাগ্যই উপনিষদের প্রাণ।
 বিচারজনিত প্রজাই উপনিষদ-জ্ঞানের চরম লক্ষ্য। তবে আমার বিখান,
 ভূগবান বৃদ্দেবের পর থেকেই ভারতবর্ষে এই ভ্যাগত্রত বিশেষরূপে
 প্রচারিত হয়েছে এবং বৈরাগ্য ও বিষয়বিত্ফাই ধর্মের চরম লক্ষ্য ব'লে
 বিবেচিত হয়েছে। বৌদ্ধর্মের সেই ত্যাগ-বৈরাগ্য ছিন্দুধর্ম absorb

(নিজের ভিতর হজম) ক'রে নিয়েছে। ভগবান বৃদ্ধের আয় ত্যাগী মহাপুরুষ পৃথিবীতে আর জ্যায়নি।

শিশ্ব। তবে কি মহাশন্ধ, বৃদ্ধদেব জন্মাইবার পূর্বে দেশে ত্যাগ-বৈরাগ্যের অক্সতা ছিল এবং দেশে সন্মাসী ছিল না ?

শামীজী। তাকে বললে? সন্ন্যাসাধ্রম ছিল, কিন্তু উহাই জীবনের চরমলক্ষ্য ব'লে সাধারণের জানা ছিল না, বৈরাগ্যে দৃঢ়তা ছিল না, বিবেক-নিষ্ঠা ছিল না। সেই জন্ম বৃদ্ধদেব কত ধোগী, কত সাধুর কাছে গিয়ে শাস্তি পেলেন না। তারপর 'ইহাসনে গুলুতু মে শরীরং'' ব'লে আত্মজান লাভের জন্ম নিজেই বলে পড়লেন এবং প্রবৃদ্ধ হয়ে তবে উঠলেন। ভারতবর্ষের এই যে সব সন্ন্যাসীর মঠ-ফঠ দেখতে পাচ্ছিস—এ-সব বৌদ্ধদের অধিকারে ছিল, হিন্দুরা সেই সকলকে এখন তাদের রঙে রঙিয়ে নিজন্ম ক'রে বসেছে। ভগবান বৃদ্ধদেব হতেই যথার্থ সন্ন্যাসাধ্রমের স্ত্রপাত হয়েছিল। তিনিই সন্ন্যাসাধ্রমের মৃতকন্ধালে প্রাণসঞ্চার ক'রে গেছেন।

স্বামীজীর গুরুলাতা স্বামী রামক্ষণনন্দ বলিলেন, 'বুদ্ধদেব জন্মাবার আগেও ভারতে আশ্রম-চতুইয় যে ছিল, সংহিতা-পুরাণাদি তার প্রমাণস্থল।' স্বামীজী। মন্বাদি সংহিতা, পুরাণসকলের অধিকাংশ এবং মহাভারতের অনেকটাও সেদিনকার শাস্ত। ভগবান্ বুদ্ধ তার তের আগে।

রামকৃষ্ণানন। তা হ'লে বেদে, উপনিষদে, সংহিতায়, পুরাণে বৌদ্ধর্মের সমালোচনা নিশ্চয় থাকত; কিন্তু এই সকল প্রাচীন গ্রন্থে যথন বৌদ্ধ-ধর্মের আলোচনা দেখা যায় না, তখন তুমি কি ক'রে বলবে বৃদ্ধদেব তার আগেকার লোক? ছ-চারখানি প্রাচীন পুরাণাদিতে বৌদ্ধমতের আংশিক বর্ণনা রয়েছে, তা দেখে কিন্তু বলা যায় না যে, হিন্দুর সংহিতা পুরাণাদি আধুনিক শাস্ত্র।

স্বামীজী। History (ইভিহান) পড়ে দেখ। দেখতে পাবি, হিন্দুধর্ম বুদ্ধদেবের সব ভাৰগুলি absorb (হজম) ক'রে এড বড় হয়েছে। রামকৃষ্ণানন্দ। আমার বোধ হয়, ত্যাগ বৈরাগ্য প্রভৃতি জীবনে ঠিক ঠিক

অহুষ্ঠান ক'রে বুদ্ধদেব হিন্দুধর্মের ভাবঙলি সজীব ক'রে গেছেন মাত।

১ ললিভবিন্তর

- খামীজী। ঐ কথা কিন্তু প্রমাণ করা বার না। কারণ, বৃদ্ধের জন্মাবার আগেকার কোন History (প্রামাণ্য ইতিহাস) পাওয়া বার না। Historyকে (ইতিহাসকে) authority (প্রমাণ) ব'লে মানলে এ কথা খীকার করতে হয় বে, প্রাকালের খোর আদ্ধারে ভগবান বৃদ্ধেরেই একমাত্র জ্ঞানালোকপ্রদীপ্ত হয়ে অবহান করছেন।
 (প্ররায় সন্ন্যাসধর্মের প্রসক্ষ চলিতে লাগিল।)
 - সন্মানের origin (উৎপত্তি) ষধনই হোক না কেন, মানব-জন্মের goal (উদ্দেশ্য) হচ্ছে এই ত্যাগত্রত অবলমনে ত্রন্মজ্ঞ হওয়া। সন্মান-গ্রহণই হচ্ছে পরম পুরুষার্থ। বৈরাগ্য উপস্থিত হবার পর যারা সংসারে বীতরাগ হয়েছে, তারাই ধন্য।
- শিশ্ব। মহাশয়, আজকাল অনেকে বলিয়া থাকেন যে, ভাগী সয়াদীদের
 সংখ্যা বাড়িয়া যাওয়ায় দেশের ব্যাবহারিক উন্নতির পক্ষে ক্ষতি হইয়াছে।
 গৃহত্বের মুখাপেকী হইয়া সাধুরা নিজ্মা হইয়া ঘূরিয়া বেড়ান বলিয়া
 ইহারা বলেন, সয়াদীরা সমাজ ও খদেশের উন্নতিকল্পে কোনরূপ সহায়ক
 হন না।
- খামীজী। লোকিক বা ব্যাবহারিক উন্নতি কথাটার মানে কি, আগে আমার বুঝিয়ে বল্ দেখি।
- শিষ্য। পাশ্চাত্য ,ষেমন বিভাসহায়ে দেশে অন্নবন্ত্রের সংস্থান করিতেছে, বিজ্ঞানসহায়ে দেশে বাণিজ্য-শিল্প পোশাক-পরিচ্ছদ রেল-টেলিগ্রাফ প্রভৃতি নানাবিষয়ের উন্নতিসাধন করিতেছে, সেইরূপ করা।
- খামীজী। মাহুষের মধ্যে রজোগুণের অভ্যুদয় না হ'লে এ-সব হয় কি পূ
 ভারতবর্ষ মুরে দেখলুম, কোথাও রজোগুণের বিকাশ নেই। কেবল
 তমো—তমো—ঘোর তমোগুণে ইতরসাধারণ সকলে পড়ে রয়েছে।
 কেবল সন্মানীদের ভেতরেই দেখেছি রজঃ ও সন্বত্তণ রয়েছে; এরাই
 ভারতের মেরুদও, যথার্থ সন্মানী—গৃহীদের উপদেষ্টা। তাদের
 উপদেশ ও জানালোক পেয়েই পূর্বে অনেক সময়ে গৃহীরা জীবনসংগ্রামে
 কুত্রকার্য হয়েছিল। সন্মানীদের বহুমূল্য উপদেশের বিনিময়ে গৃহীরা
 ভাদের অন্নবন্ধ দেয়। এই আদান-প্রদান না থাকলে ভারতবর্ষের লোক
 এতদিনে আমেরিকার Red Indianদের (আদিম অধিবাদীদের) মতো

প্রান্ত extinct (উলাড়) হয়ে বেত। সয়াসীদের গৃহীরা ছম্ঠো থেতে দের ব'লে গৃহীরা এখনও উয়তির পথে যাছে। সয়াসীরা কর্মহীন নয়। তারাই হছে কর্মের fountain-head (উৎস)। উচ্চ আদর্শ-সকল তাদের জীবনে বা কাজে পরিণত করতে দেখে এবং তাদের কাছ থেকে ঐ সব idea (উচ্চ ভাব) নিয়েই গৃহীরা কর্মক্ষেত্রে জীবনসংগ্রামে সমর্থ হয়েছে ও হছে। পৰিত্র সয়াসীদের দেখেই গৃহস্বেরা পবিত্র ভাব-গুলি জীবনে পরিণত করছে এবং ঠিক ঠিক কর্মতংপর হছে। সয়াসীরা নিজ জীবনে ঈশ্বরার্থে ও জগতের কল্যাণার্থে সর্বস্থ-ত্যাগরূপ তত্ত্ব প্রতিফলিত ক'রে গৃহীদের সব বিষয়ে উৎসাহিত করছে, আর বিনিময়ে ভারা তাদের তৃম্ঠো অয় দিছে। দেশের লোকের সেই অয় জয়াবার প্রবৃত্তি এবং ক্ষমতাও আবার সর্বত্যাগী সয়াসীদের আশীর্বাদেই বর্ধিত হছে। না ব্রেই লোকে সয়্যাস institution (আশ্রম)-এর নিন্দা করে। অয়্য দেশ যাই হোক না কেন, এদেশে কিছে সয়্যাসীরা হাল ধরে আছে বলেই সংসারসাগরে গৃহহুদের নৌকা ডুবছে না।

- শিশু। মহাশয়, লোক-কল্যাণে তৎপর যথার্থ সন্মাসী কয়জন দেখিতে পাওয়া যায় ?
- ষামীজী। হাজার বংগর অন্তর যদি ঠাকুরের ফায় একজন সয়াসী মহাপুরুষ আসেন তো ভরপুর। তিনি যে-সকল উচ্চ আদর্শ ও ভাব দিয়ে যাবেন, তা নিয়ে তাঁর জয়াবার হাজার বংগর পর অবধি লোকে চলবে। এই সয়াস institution (আশ্রম) দেশে ছিল বলেই তো তাঁর ফায় মহাপুরুষেরা এদেশে জয়গ্রহণ করছেন। দোষ সব আশ্রমেই আছে, তবে অল্লাধিক। দোষ সত্তেও এতদিন পর্যন্ত যে এই আশ্রম সকল আশ্রমের শীর্ষহান অধিকার ক'রে দাঁড়িয়ে রয়েছে, তার কারণ কি ? যথার্থ সয়াসীয়া নিজেদের মৃক্তি পর্যন্ত উপেক্ষা করেন, জগতের ভাল করতেই তাঁদের জয়। এমন সয়াসাশ্রমের প্রতি যদি ভোরা রডজ্ঞ না হ'স্ তো ভোদের ধিক—শত ধিক।
- —বলিতে বলিতে স্বামীজীর মুখমওল প্রদীপ্ত হইয়া উঠিল। সন্ন্যাসাধ্রমের গোরবপ্রসঙ্গে স্বামীজী যেন মুর্ভিমান্ 'সন্ন্যাস'রূপে শিক্সের চক্ষে প্রতিভাত হইতে লাগিলেন।

অনস্কর ঐ আশ্রমের গৌরব তিনি প্রাণে প্রাণে অস্তব করিতে করিতে বেন অন্তর্মুথ হইয়া আপনা আপনি মধুর স্বরে আর্ডি করিতে লাগিলেন:

বেদান্তবাক্যেয়্ সদা রমন্তঃ

ভিক্ষান্তমাত্তেপ চ তৃষ্টিমন্ত:।

অশোকমন্ত:করণে চরন্ত:

কৌপীনবন্তঃ খলু ভাগ্যবন্তঃ॥

পরে আবার বলিতে লাগিলেন:

বহুজনহিতায় বহুজনহুথায় সয়াসীর জয়। সয়াস গ্রহণ ক'রে বারা এই ideal (উচ্চ লক্ষা) ভূলে বায় 'বৃথৈব তশু জীবনং'। পরের জয় প্রাণ দিতে, জীবের গগনভেদী কন্দন নিবারণ করতে, বিধবার অশ্রু মৃছাতে, পুত্রবিয়োগ-বিধুরার প্রাণে শান্তিদান করতে, জজ্ঞ ইতরসাধারণকে জীবন-সংগ্রামের উপবোগী করতে, শাস্ত্রোপদেশ-বিস্তারের বারা সকলের এহিক ও পারমার্থিক মঙ্গল করতে এবং জ্ঞানালোক দিয়ে সকলের মধ্যে প্রহুপ্ত ব্রহ্ম-সিংহকে জাগরিত করতে জগতে সয়্যাসীর জয় হয়েছে।

গুরুভাতাদের লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন:

'আত্মনো মোক্ষার্থং জ্বাদ্ধিতায় চ' আমাদের জন্ম ; কি করছিদ দব বদে বদে ? ওঠ,—জাগ্, নিজে জেগে অপর দকলকে জাগ্রত কর্, নরজন্ম দার্থক ক'রে চলে যা। 'উত্তিষ্ঠিত জাগ্রত প্রাপ্য বরান্ নিবোধত।' ৯

স্থান—আলমবাক্সার মঠ কাল—মে. ১৮৯৭

দার্জিলিও হইতে স্বামীলী কলিকাতায় ফিরিয়া আদিয়াছেন। আলমবাজার
মঠেই অবস্থান করিতেছেন। গলাতীরে কোন স্থানে মঠ উঠাইয়া লইবার
জন্ধনা হইতেছে। শিশু আজকাল প্রায়ই মঠে তাঁহার নিকটে বাতায়াত করে
এবং মধ্যে মধ্যে রাত্রিতে অবস্থানও করিয়া থাকে। দীক্ষাগ্রহণে কৃতসম্বর
হইয়া শিশু স্বামীজীকে দার্জিলিঙে ইতঃপূর্বে পত্র লিখিয়া জানাইয়াছিল।
স্বামীজী তত্ত্তরে লিখেন, 'নাগ-মশায়ের আপত্তি না হ'লে তোমাকে অতি
আনন্দের সহিত দীক্ষিত ক'রব।'

১৩০৩ সালের ১৯শে বৈশাধ। স্বামীজী আজ শিশুকে দীকা দিবেন বলিয়াছেন। আজ শিশ্বের জীবনে সর্বাপেকা বিশেষ দিন। শিশ্ব প্রত্যুবে গদাস্মানাস্তে কতকগুলি লিচু ও অক্ত দ্রব্যাদি কিনিয়া বেলা ৮টা আন্দাজ আলমবাজার মঠে উপস্থিত হইয়াছে। শিশ্বকে দেখিয়া স্বামীজী রহস্থ করিয়া বলিলেন: আজ তোকে বলি' দিতে হবে—না ?

স্বামীন্দী শিশ্বকে ঐ কথা বলিয়া আবার হাস্তম্থে সকলের সঙ্গে আমেরিকার নানা প্রসন্ধ করিতে লাগিলেন। ধর্মজীবন গঠন করিতে হইলে কিরূপ একনিষ্ঠ হইতে হয়, গুরুতে কিরূপ অচল বিশ্বাস ও দৃঢ় ভক্তিভাব রাখিতে হয়, গুরুবাক্যে কিরূপ আহা স্থাপন করিতে হয় এবং গুরুর জ্বস্তু কিরূপে প্রাণ পর্যন্ত বিদর্জন দিতে প্রস্তুত হইতে হয়—এ-সকল প্রসন্ধও সঙ্গে সঙ্গের হার্যাপরীক্ষা করিতে লাগিলেন: 'আমি ভোকে কতকগুলি প্রশ্ন করিয়া ভাহার হান্য পরীক্ষা করিতে লাগিলেন: 'আমি ভোকে বখন বে কান্ধ করতে ব'লব, তখনি ভা ষধাসাধ্য করবি ভো? যদি গদার বাঁপে দিলে বা ছাদের উপর থেকে লাফিয়ে পড়লে ভোর মদল হবে ব্রে ভাই করতে বলি, ভা হ'লে ভাও নির্বিচারে করতে পারবি ভো? এখনও জেবে দেখু; নতুবা সহসা গুরু ব'লে গ্রহণ করতে এগোসনি।'—এইরূপে কয়েকটি প্রশ্ন করিয়া স্বামীন্দ্রী শিশ্বের বিশ্বানের দৌড়টা ব্রিতে লাগিলেন। শিশ্বপ্ত নভশিরে 'পারিব' বলিয়া প্রতি প্রশ্নের উত্তর দিতে লাগিলে।

- ষামীজী। বিনি এই সংসার-মারার পারে নিয়ে বান, বিনি রূপা ক'রে সমস্ত মানসিক আধিব্যাধি বিনষ্ট করেন, তিনিই বথার্থ গুরু । আগে শিক্সেরা 'সমিংপাণি' হয়ে গুরুর আশ্রমে বেড। গুরু অধিকারী ব'লে ব্রলে তাকে দীকিত ক'রে বেদপাঠ করাতেন এবং কায়মনোবাক্যদণ্ড-রূপ ব্রতের চিহুত্বরূপ ত্রিরার্ভ্ত মৌঞ্জিমেখলা তার কোমরে বেঁধে দিতেন। এটে দিয়ে শিক্সেরা কৌপীন এটে বেঁধে রাখত। সেই মৌঞ্জিমেখলার হানে পরে ব্জুত্ব বা পৈতে পরার পদ্ধতি হয়।
- শিশু। ভবে কি, মহাশয়, আমাদের মতো হতার পৈতা পরাটা বৈদিক প্রথা নয় ?
- স্বামীজী। বেদে কোথাও হুভোর পৈতের কথা নেই। স্মার্ত ভট্টাচার্য রঘুনন্দনও লিখেছেন, 'অস্থিরেব সময়ে যজ্ঞস্ত্রং পরিধাপয়েৎ।' স্তোর পৈতের কথা গোভিল গৃহুস্ত্ত্তেও নেই। গুরুসমীপে এই প্রথম বৈদিক সংস্থারই শাল্পে 'উপনয়ন' বলে উক্ত হয়েছে। কিন্তু আজকাল দেশের কি ত্রবস্থাই না হয়েছে! শাস্ত্রপথ পরিত্যাগ ক'রে কেবল কতকগুলো দেশাচার, লোকাচার, ও স্ত্রী-আচারে দেশটা ছেয়ে ফেলেছে। তাই তো ভোদের বলি, ভোরা প্রাচীন কালের মতো শান্ত্রপথ ধরে চল্। নিজেরা শ্রমাবান্ হয়ে দেশে শ্রমা নিয়ে আয়। নচিকেতার মতো শ্রমা হদয়ে আন্। নচিকেভার মতো বমলোকে চলে ষা—আত্মতত্ব জান্বার জন্ত, আত্ম-উদ্ধারের জন্ত, এই জন্ম-মরণ-প্রহেলিকার ষ্ণার্থ মীমাংসার জন্ত যমের মুখে গেলে যদি সভালাভ হয়, তা হ'লে নিভীক হাদয়ে যমের মুখে ষেতে হবে। ভয়ই তো মৃত্যু। ভয়ের পরপারে ষেতে হবে। আঞ থেকে ভয়শূল হ। যা চলে—আপনার মোক ও পরার্থে দেহ দিতে। কি হবে কতকগুলো হাড়মানের বোঝা বয়ে 💡 ঈখরার্থে সর্বস্বত্যাগরূপ মন্ত্রে দীক্ষাগ্রহণ ক'রে দ্ধীচি মূনির মতো পরার্থে ছাড়মাস দান কর। শান্তে বলে, যারা অধীত-বেদবেদান্ত, যারা ত্রন্ধত, যারা অপরকে অভয়ের পারে নিতে সমর্থ, তাঁরাই বথার্থ গুরু; তাঁদের পেলেই দীক্ষিত হবে— 'নাত্র কার্যবিচারণা।' এখন সেটা কেমন দাঁড়িয়েছে জানিস—'অঙ্কেনৈব नीयमाना वर्षाकाः।''

১ কঠ উপ, ১৷২৷৫

বেলা প্রায় নম্বটা হইয়াছে। স্বামীজী আজ পদায় না গিয়া ঘরেই দ্রান করিলেন। স্থানাস্তে নৃতন একখানি গৈরিক বন্ধ পরিধান করিয়া মৃত্পদে ঠাকুর্ঘরে প্রবেশপূর্বক পূজার আদনে উপবেশন করিলেন। শিশ্ত ঠাকুরঘরে প্রবেশ না করিয়া বাহিরেই প্রভীক্ষা করিয়া রহিল: স্বামীজী ডাকিলে তবে ষাইবে। এইবার স্বামীজী ধ্যানস্থ হইলেন—মুক্তপদ্মাসন, ঈষমুক্তিতনয়ন, ষেন দেহমনপ্রাণ সকল স্পন্দহীন হইয়া গিয়াছে। ধ্যানাস্তে খামীজী শিক্তকে 'বাবা, আয়' বলিয়া ডাকিলেন। শিক্ত খামীজীর সম্পেহ আহ্বানে মৃগ্ধ হইয়া ষন্ত্ৰবৎ ঠাকুরঘরে প্রবেশ করিল। ঠাকুরঘরে প্রবেশমাত্র चांभीकी निशास्क विनातन, 'मादि थिन मा' এই क्रथ करा इहेरन विनातन, 'স্থির হয়ে আমার বাম পাশে বোস্।' স্বামীজীর আজ্ঞা শিরোধার্য করিয়া শিয় আদনে উপবেশন করিল। তাহার হৎপিও তথন কি এক অনিব্চনীয় অপূর্বভাবে ত্রত্র করিয়া কাঁপিতে লাগিল। অনন্তর স্বামীজী তাঁহার পদাহন্ত শিশ্বের মন্তকে স্থাপন করিয়া শিশ্বকে করেকটি গুহু কথা জিজাসা করিলেন এবং শিক্স ঐ বিষয়ের ষ্থাসাধ্য উত্তর দিলে পর মহাবীজ্মন্ত্র তাহার কর্ণমূলে তিনবার উচ্চারণ করিলেন এবং পরে শিশ্যকে তিনবার উহা উচ্চারণ করিতে বলিলেন। অনস্তর সাধনা সম্বন্ধে সামাক্ত উপদেশ প্রদান করিয়া স্থির হইয়া অনিমেষনয়নে শিশ্তের নয়নপানে কিছুক্ষণ চাহিয়া রহিলেন। স্বামীজী বলিলেন, 'গুরুদক্ষিণা দে।' শিশু বলিল, 'কি দিব?' শুনিয়া স্বামীজী অনুমতি করিলেন, 'যা, ভাণ্ডার থেকে কোন ফল নিয়ে আয়। শিষ্য দৌড়িয়া ভাগুারে গেল এবং ১০৷২৫টা লিচু লইয়া পুনরায় ঠাকুরঘরে আসিল। স্বামীন্দীর হতে সেগুলি দিবামাত্র ডিনি একটি একটি করিয়া সেইগুলি সমন্ত খাইয়া ফেলিলেন এবং বলিলেন, 'যা, ভোর গুরুদক্ষিণা দেওয়া एख (भन।'

দীক্ষাগ্রহণ করিয়া শিক্ত ঠাকুর্বর হইতে নির্গত হইবামাত্র স্বামী শুদ্ধানন্দ ঐ বরে স্বামীজীর নিকটে উপস্থিত হইয়া দীক্ষার অভিপ্রায় জ্ঞাপন করিলেন। স্বামী শুদ্ধানন্দের আগ্রহাতিশ্ব্য দেখিয়া স্বামীজীও তাঁহাকে দীক্ষাদান করিলেন।

১ তথন ব্রহ্মচারী সুধীর

অনন্তর খামীজী কতক্ষণ পরে বাহিরে আদিলেন এবং আহারান্তে শয়ন করিয়া কিছুকাল বিশ্রাম করিতে লাগিলেন। শিগুও ইভিমধ্যে খামী শুদ্ধানন্দের সহিত খামীজীর পাত্রাবশেষ সাহলাদে গ্রহণ করিয়া আদিয়া তাঁহার পদতলে উপবেশন করিল এবং ধীরে ধীরে তাঁহার পাদসংবাহনে নিযুক্ত হইল!

বিশ্রামান্তে স্বামীজী উপরের বৈঠকখানাঘরে আসিয়া বসিলেন, শিশুও এই সময়ে অবসর বৃঝিয়া তাঁহাকে জিজাসা করিল, 'মহাণয়, পাপপুণ্যের ভাব কোথা হইতে আসিল ?'

ষামীজী। বহুছের ভাব থেকেই এই সব বেরিয়েছে। মাহ্র একছের দিকে বত এগিয়ে যায়, তত 'আমি-তুমি' ভাব—যা থেকে এই সব ধর্মাধর্ম- হন্দভাব এসেছে, কমে যায়। 'আমা থেকে অমুক ভিয়'—এই ভাবটা মনে এলে তবে অস্ত সব হন্দভাবের বিকাশ হ'তে থাকে এবং একছের সম্পূর্ণ অহুভবে মাহুষের আর শোক-মোহ থাকে না—'তত্র কো মোহ: ক: শোক একজমহুপশুত:।'

ষত প্রকার ত্র্বলতার অন্থভবকেই পাপ বলা যার (weakness is sin)। এই ত্র্বলতা থেকেই হিংসাদ্বোদির উন্মেষ হয়। তাই ত্র্বলতা বা weakness-এরই নাম পাপ। ভেতরে আত্মা দর্বদা জ্বল জ্বল করছে — দে দিকে না চেয়ে হাড়মাদের কিছুত্তিমাকার থাচা এই জড় শরীরটার দিকেই দ্বাই নজর দিয়ে 'আমি আমি' করছে! এটেই হচ্ছে স্কল প্রকার ত্র্বলতার গোড়া। ঐ অভ্যাস থেকেই জগতে ব্যাবহারিক ভাব বেরিয়েছে। পরমার্থভাব ঐ ছন্দের পারে বর্তমান।

শিশু। তাহা হইলে এই সকল ব্যাবহারিক সন্তা কি সত্য নহে ?

ষামীজী। বভক্ষণ 'আমি' জ্ঞান আছে, ততক্ষণ সত্য। আর যথনই 'আমি আজাা' এই অহতেব, তথনই এই ব্যাবহারিক সত্তা মিথ্যা। লোকে বে 'গাণ পাণ' বলে, সেটা weakness (তুর্বলতা)-এর ফলে—'আমি দেহ' এই অহং-ভাবেরই রূপান্তর। যথন 'আমি আজাা' এই ভাবে মন নিশ্চল হবে, তথন তুই পাপপুণ্য ধর্মাধর্মের অতীত হয়ে যাবি। ঠাকুর বলতেন, 'আমি মলে ঘুটিবে জ্ঞাল।'

> जेलाशनियम, १

শিশু। মহাশয়, 'আমি'-টা যে মরিয়াও মরে না । এইটাকে মারা বড় কঠিন। স্বামীজী। এক ভাবে খুব কঠিন, আবার আর এক ভাবে খুব সোজা। 'আমি' জিনিসটা কোথায় আছে, বুঝিয়ে দিতে পারিস ? যে জিনিসটে নেই, তাকে আবার মারামারি কি ? আমিত্বরূপ একটা মিথ্যা ভাবে মাহ্ৰ hypnotised (সমোহিত) হয়ে আছে মাত্ৰ। ঐ ভূতটা ছাড়লেই সব স্বপ্ন ভেঙে যায় ও দেখা যায়-এক আত্মা আব্ৰন্নন্তৰ পৰ্যন্ত সকলের মধ্যে রয়েছেন। এইটি জানতে হবে, প্রত্যক্ষ করতে হবে। যত কিছু সাধনভজন-এ আবরণটা কাটাবার জন্ম। ওটা গেলেই চিৎ-পূর্ব নিজের প্রভায় নিজে জলছে দেখতে পাবি। কারণ, আত্মাই একমাত্র স্বয়ংজ্যোতিঃ —স্বসংবেছ। যে জিনিদটে স্থসংবেছ, তাকে অন্ত কিছুর সহায়ে কি ক'রে জানতে পারা যাবে ? শ্রুতি তাই বলছেন, 'বিজ্ঞাতারমরে কেন বিজানীয়াৎ।'' তুই যা কিছু জানছিদ, তা মনরূপ কারণদহায়ে। মন তো জড়; ভার ণেছনে ভদ্ধ আত্মা থাকাতেই মনের দারা কার্য হয়। স্তরাং মন দারা দে আত্মাকে কিরূপে জানবি ? তবে এইটে মাত্র জানা ষায় যে, মন শুদ্ধাত্মার নিকট পৌছতে পারে না, বুদ্ধিটাও পৌছতে পারে না। জানাজানিটা এই পর্যস্ত। তারপর মন যথন বৃত্তিহীন হয়, তথনই মনের লোপ হয় এবং তথনি আত্মা প্রত্যক্ষ হন। ঐ অবস্থাকেই ভাষ্যকার শঙ্কর 'অপরোক্ষামুভূতি' ব'লে বর্ণনা করেছেন।

শিশু। কিন্তু মহাশয়, মনটাই তো 'আমি'। দেই মনটার যদি লোপ হয়, ভবে 'আমি'টাও তো আর থাকিবে না।

বামীজী। তথন যে অবস্থা, সেটাই ষথার্থ 'আমিছের' শ্বরূপ। তথন যে 'আমিটা' থাকবে, সেটা সর্বভূতস্থ, সর্বগ—সর্বান্তরা আ। যেন ঘটাকাশ ভেঙে মহাকাশ—ঘট ভাঙলে তার ভিতরকার আকাশেরও কি বিনাশ হয় রে? যে ক্স্ত্র আমিটাকে তুই দেহবদ্ধ মনে করছিলি, সেটাই ছড়িয়ে এইরূপে সর্বগত আমিত্ব বা আত্মারূপে প্রত্যক্ষ হয়। অতএব মনটা রইল বা পেল, ভাতে ষথার্থ 'আমি' বা আত্মার কি ?

ষা বলছি, তা কালে প্ৰত্যক্ষ হবে—'কালেনাত্মনি বিন্দতি'। প্ৰবণ-মনন

করতে করতে কালে এই কথা ধারণা হয়ে বাবে,—আর মনের পারে চলে বাবি। তথন আর এ প্রশ্ন করবার অবদর থাকবে না।

শিষ্য শুনিয়া স্থির হইয়া বদিয়া রহিল। স্বামীজী আন্তে আ্তে ধ্মপান করিতে করিতে পুনরায় বলিলেন:

এ সহজ বিষয়টা ব্ঝাতে কত শাস্ত্রই না লেখা হয়েছে, তবু লোকে তা ব্ঝতে পারছে না!—আপাতমধুর কয়েকটা রূপার চাকতি আর মেয়েমাস্থ্যের ক্ষণভদ্র রূপ নিয়ে তুর্লভ মান্ত্র-জন্মটা কেমন কাটিয়ে দিচ্ছে! মহামায়ার আশ্চর্ব প্রভাব! মা! মা!!

>0

স্থান—কলিকাতা, বাগবাজার কাল—মে (১ম সপ্তাহ), ১৮৯৭

খামীজী কয়েক দিন বাগবাজারে ৺বলরামবাব্র বাটাতে অবস্থান করিতেছেন। পরমহংসদেবের গৃহী ভক্তদিগকে তিনি একত্র হইতে আহ্বান করায় (১লামে) ৩টার পর বৈকালে ঠাকুরের বহু ভক্ত ঐ বাটাতে সমবেত হইয়াছেন। খামী যোগানন্দও তথায় উপস্থিত আছেন। খামীজীর উদ্দেশ্য একটি সমিতি গঠিত করা। সকলে উপবেশন করিলে পর খামীজী বলিতে লাগিলেন:

নানাদেশ ঘুরে আমার ধারণা হয়েছে, সংঘ ব্যতীত কোন বড় কাজ হ'তে পারে না। তবে আমাদের মতো দেশে প্রথম হ'তে সাধারণতত্ত্বে সংঘ তৈরি করা বা সাধারণের সম্মতি (ভোট) নিয়ে কাজ করাটা তত স্থবিধাজনক ব'লে মনে হয় না। ও-সব দেশের (পাশ্চাত্যের) নরনারী সমধিক শিক্ষিত—আমাদের মতো ছেবপরায়ণ নয়। তারা গুণের সম্মান কয়তে শিথেছে। এই দেখুন না কেন, আমি একজন নগণ্য লোক, আমাকে ওদেশে কত আদর-য়ত্ব করেছে, এদেশে শিক্ষাবিন্তারে যথন সাধারণ লোক সমধিক সহ্লম্ম হবে, যথন মত-ফতের সংকীর্ণ গণ্ডির বাইরে চিন্তা প্রসারিত করতে শিথবে, তথন সাধারণতত্ত্বমতে সংঘের কাজ চালাতে পারবে। সেই জক্ত এই সংঘে

একজন dictator বা প্রধান পরিচালক থাকা চাই। সকলকে তাঁর আদেশ মেনে চলতে হবে। তারপর কালে সকলের মত ল'য়ে কাজ করা হবে।

আমরা যাঁর নামে সয়াসী হয়েছি, আপনারা যাঁকে জীবনের আদর্শ ক'রে সংসারাশ্রমে কার্যক্ষেত্রে রয়েছেন, যাঁর দেহাবসানের বিশ বংসরের মধ্যে প্রাচ্য ও পাশ্চাভ্য অগতে তাঁর পুণ্য নাম ও অভ্ত জীবনের আশ্চর্য প্রদার হয়েছে, এই সংঘ তাঁরই নামে প্রতিষ্ঠিত হবে। আমরা প্রভুর দাস। আপনারা এ কাজে সহায় হোন।

শ্রীযুক্ত গিরিশ ঘোষ প্রমুখ উপস্থিত গৃহী-ভক্তগণ এ প্রস্তাব অন্থমোদন করিলে রামক্রফসংঘের ভাবী কার্যপ্রশালী আলোচিত হইতে লাগিল। সংঘের নাম রাখা হইল—'রামক্রফ-প্রচার বা রামক্রফ মিশন।' উহার উদ্দেশ্য প্রভৃতি নিয়ে প্রদত্ত হইল।'

- উদ্দেশ্য: মানবের হিতার্থ শ্রীরামকৃষ্ণ বে-সকল তত্ত্ব ব্যাখ্যা করিয়াছেন এবং কার্বে তাঁহার জীবনে প্রতিপাদিত হইয়াছে, তাহাদের প্রচার এবং মহয়ের দৈহিক, মাননিক ও পারমার্থিক উন্নতিকল্পে বাহাতে সেই সকল তত্ত্ব প্রযুক্ত হইতে পারে, তবিষয়ে সাহায্য করা এই 'প্রচারের' (মিশনের) উদ্দেশ্য।
- ব্রত: জগতের বাবতীর ধর্মতকে এক অক্ষয় সনাতন ধর্মের রূপাস্তরমাত্র-জ্ঞানে সকল ধর্মাবলমীর মধ্যে আত্মীয়তা-স্থাপনের জন্ম শ্রীরামকৃষ্ণ যে কার্ষের অবতারণা করিয়াছিলেন, তাহার পরিচালনাই এই 'প্রচারের' (মিশনের) ব্রত।
- কার্যপ্রণালী: মহুদ্বের সাংসারিক ও আধ্যাত্মিক উরতির জন্ত বিভাদানের উপযুক্ত লোক শিক্ষিতকরণ, শিল্প ও শ্রমোপজীবিকার উৎসাহবর্ধন এবং বেদান্ত ও অস্তান্ত ধর্মভাব রামকৃষ্ণজাবনে বেল্পে ব্যাখ্যাত হইয়াছিল, ভাহা জনসমাজে প্রবর্তন।
- ভারতবর্ষীর কার্ব: ভারতবর্ষের নগরে নগরে আচার্বব্রত-গ্রহণাভিলাষী গৃহস্থ বা সন্ন্যাসীদিপের শিক্ষার জন্ম আশ্রমস্থাপন এবং যাহাতে তাঁহারা দেশ-

১ ১লা মে অমুটিত সভার সর্বসন্মতিক্রমে সমিতি বা সংঘ স্থাপিত হয় ; ^৫ই মে ছিতীয় অধিবেশনে ইহার কার্যপ্রণালী আলোচিত হইয়া গৃহীত হয় ।

দেশাস্তবে গিয়া জনগণকে শিক্ষিত করিতে পারেন, তাহার উপায়-অবলম্বন।

বিদেশীয় কার্যবিভাগ: ভারত-বহিভূতি প্রদেশসমূহে 'ব্রতধারী' প্রেরণ এবং তত্তৎদেশে স্থাপিত আশ্রমসকলের সহিত ভারতীয় আশ্রমসকলের ঘনিষ্ঠতা ও সহাত্মভৃতিবর্ধন এবং নৃতন নৃতন আশ্রম-সংস্থাপন।

খামীজী খায়ং উক্ত সমিতির সাধারণ সভাপতি হইলেন। খামী ব্রহ্মানন্দ কলিকাতা-কেন্দ্রের সভাপতি এবং খামী যোগানন্দ তাঁহার সহকারী হইলেন। বাবু নরেজনাথ মিত্র এটনী মহাশয় ইহার সেক্রেটারি, ডাক্তার শশিভ্যণ ঘোষ ও বাবু শরচন্দ্র সরকার সহকারী সেক্রেটারি এবং শিল্প শাল্পাঠকরূপে নির্বাচিত হইলেন। সঙ্গে সঙ্গে এই নিয়মটিও বিধিবদ্ধ হইল যে, প্রতির বিবার ৪টার পর বলরামবাবুর বাটীতে সমিতির অধিবেশন হইবে। প্রবিক্তার পরে তিন বৎসর পর্যন্ত 'রামক্রক্ত মিশন'-সমিতির অধিবেশন প্রতি রবিবারে বলরাম বহু মহাশল্পের বাটীতে হইয়াছিল। বলা বাছল্য খামীজী বতদিন না পুনরায় বিলাত গমন করিয়াছিলেন, ততদিন স্থবিধামত সমিতির অধিবেশনে উপস্থিত থাকিয়া কথনও উপদেশদান এবং কথনও বা কিয়রকণ্ঠে গান করিয়া শ্রোত্বর্গকে মোহিত করিতেন।

সভাভদের পর সভাগণ চলিয়া গেলে যোগানন্দ স্বামীকে লক্ষ্য করিয়া স্বামীজী বলিতে লাগিলেন, 'এভাবে কাজ তো আরম্ভ করা গেল; এখন দেখ্ ঠাকুরের ইচ্ছায় কতদূর হয়ে দাঁড়ায়।'

স্বামী যোগানন্দ। তোমার এ-সব বিদেশী ভাবে কাজ করা হচ্ছে। ঠাকুরের উপদেশ ক্লি এ-রকম ছিল ?

শামীজী। তৃই কি ক'রে জানলি এ-সব ঠাকুরের ভাব নয়? অনস্কভাবময়
ঠাকুরকে ভোরা ভোদের গণিতে বৃঝি বদ্ধ ক'রে রাখতে চাস?
আমি এ গণ্ডি ভেঙে তাঁর ভাব পৃথিবীময় ছড়িয়ে দিয়ে যাব।
ঠাকুর আমাকে তাঁর পূজা-পাঠ প্রবর্তনা করতে কথনও উপদেশ দেননি। তিনি সাধনভন্ধন, ধ্যানধারণা ও অক্যান্ত উচ্চ ওমভাব
সম্বন্ধে বে-সব উপদেশ দিয়ে গেছেন, সেগুলি উপলব্ধি ক'রে জীবকে
শিক্ষা দিতে হবে। অনস্ক মত, অনস্ক পথ। সম্প্রদায়পূর্ণ জগতে

শার একটি নৃতন সম্প্রদায় তৈরি ক'রে বেতে আমার জন্ম হয়নি। প্রস্তুর পদতলে আশ্রয় পেরে আমরা ধন্ত হয়েছি। ত্রিজগতের লোককে তার ভাব দিতেই আমাদের জন্ম।

र्याशानम यामी প্রতিবাদ না করার यामीकी वनिष्ठ नाशितनः

প্রভাব দয়ার নিদর্শন ভ্রোভ্য়: এ জীবনে পেয়েছি। তিনি পেছনে দাঁড়িয়ে এ-সব কাজ করিয়ে নিচ্ছেন। যথন ক্ধায় কাতর হয়ে গাছতলায় পড়ে থাকত্ম, যখন কৌপীন আঁটবার বস্ত্রও ছিল না, যথন কপর্দকশৃষ্ম হয়ে পৃথিবীল্রমণে কতসংকল্ল, তথনও ঠাকুরের দয়ায় সর্ববিষয়ে সহায়তা পেয়েছি। আবার যথন এই বিবেকানদকে দর্শন করতে চিকাগোর রাভায় লাঠালাঠি হয়েছে, যে সমানের শতাংশের একাংশ পেলে সাধারণ মাছ্য উন্নাদ হয়ে যায়, ঠাকুরের কপায় তথন সে সমানও অকেশে হজম করেছি—প্রভ্র ইচ্ছায় সর্বত্র বিজয়! এবার এদেশে কিছু কাজ ক'রে যাব, তোরা সন্দেহ ছেড়ে আমার কাজে সাহায়্য কর্, দেখবি—তার ইচ্ছায় সর পূর্ণ হয়ে যাবে।

সামী যোগানন। তুমি যা ইচ্ছে করবে, তাই হবে। আমরা তো চিরদিন তোমারই আজ্ঞান্থবর্তী। ঠাকুর যে তোমার ভিতর দিয়ে এ-সব করছেন, মাঝে মাঝে তা বেশ দেখতে পাচ্ছি। তবু কি জানো, মধ্যে মধ্যে কেমন থটকা আদে—ঠাকুরের কার্যপ্রণালী অন্তর্নপ দেখেছি কি না; তাই মনে হয়, আমরা তাঁর শিক্ষা ছেড়ে অন্ত পথে চলছি না তো? তাই তোমায় অন্তর্মপ বলি ও সাবধান ক'রে দিই।

খামীজী। কি জানিস, সাধারণ ভক্তেরা ঠাকুরকে ষতটুকু ব্বেছে, প্রভূ বান্তবিক ততটুকু নন। তিনি অনস্কভাবময়। ব্রহ্মজ্ঞানের ইয়ন্তা হয় তো প্রভূব অগম্য ভাবের ইয়ন্তা নেই। তাঁর কণাকটাক্ষে লাখো বিবেকানন্দ এখনি তৈরী হ'তে পারে। তবে তিনি তা না ক'রে ইচ্ছা ক'রে এবার আমার ভিতর দিয়ে, আমাকে যন্ত্র ক'রে এরপ করাচ্ছেন— তা আমি কি ক'রব—বল্?

—এই বলিয়া স্বামীজী কার্যান্তরে অক্তর গেলেন। স্বামী যোগানন শিশুকে বলিতে লাগিলেন, 'আহা, নরেনের বিশ্বাসের কথা শুনলি? বলে কি না ঠাকুরের ক্রপাকটাকে লাখো বিবেকানন তৈরী হ'তে পারে! কি গুরুভজি! আমাদের ওর শতাংশের একাংশ ভক্তি যদি হ'ত তো ধক্ত হতুম।'

শিশু। মহাশর, স্বামীজীর সম্বন্ধে ঠাকুর কি বলিভেন ?

ষোগানন্দ। তিনি বলতেন, 'এমন আধার এ যুগে জগতে আর আদেনি।' কথনও বলতেন, 'নরেন পুরুষ, আমি প্রকৃতি; নরেন আমার শশুর্ঘর।' কথনও বলতেন, 'অথণ্ডের থাক।' কথনও বলতেন, 'অথণ্ডের ঘরে—বেথানে দেবদেবীসকলও ব্রহ্ম হ'তে নিজের নিজের অন্তিম্ব পৃথক্ রাথতে পারেননি, লীন হয়ে গেছেন—সাত জন ঋষিকে আপন আপন অন্তিম্ব পৃথক্ রেখে ধ্যানে নিমগ্র দেখেছি; নরেন তাঁদেরই একজনের অংশাবভার।' কথন বলতেন, 'জগংপালক নারায়ণ নর ও নারায়ণনামে যে তুই ঋষিমূর্তি পরিগ্রহ ক'রে জগতের কল্যাণের জন্ত তপস্থা করেছিলেন, নরেন সেই নর-ঋষির অবভার।' কথন বলতেন, 'ভক্ব-দেবের মতো তাকে মাহা ভ্লাৰ্ক করতে পারেনি।'

শিশ্য। ঐ কথাগুলি কি সভ্য, না—ঠাকুর ভাবমুখে এক এক সময়ে এক এক রূপ বলিভেন ?

বোগানন। তাঁর কথা দব সত্য। তাঁর শ্রীমুখে ভ্রমেও মিধ্যা কথা বেক্লত না। শিয়া। তাহা হইলে সময় সময় এক্লপ ভিন্নক্রপ বলিতেন কেন ?

ষোগানক। তুই ব্ৰতে পারিসনি। নরেনকে ঐ সকলের সমষ্টি-প্রকাশ বলতেন। নরেনের মধ্যে ঋষির বেদজ্ঞান, শহরের ত্যাগ, বুদ্ধের হৃদয়, ভকদেবের মায়ারাহিত্য ও ব্রহ্মজ্ঞানের পূর্ণ বিকাশ এক সলে রয়েছে, দেখতে পাল্ছিস না ? ঠাকুর তাই মধ্যে মধ্যে এক্সপ নানা ভাবে কথা কইতেন। যা বলতেন, সব সত্য।

স্বামীজী ফিরিরা আসিরা শিগ্যকে বলিলেন, 'ভোদের ওদেশে' ঠাকুরের নাম বিশেষভাকে লোকে জানে কি ?'

শিয়। মহাশর, এক নাগ-মহাশরই ওদেশ হইতে ঠাকুরের কাছে আসিয়া-ছিলেন; তাঁহার কাছে শুনিরা এখন অনেকের ঠাকুরের বিষর জানিজে কৌত্হল হইরাছে। কিন্তু ঠাকুর যে ঈশরাবভার, এ কথা ওদেশের লোকেরা এখনও জানিভে পারে নাই, কেহ কেহ উহা শুনিলেও বিশাস কুরে না।

- খামীজী। ও-কথা বিশাস করা কি সহজ ব্যাপার। আমরা তাঁকে হাতে

 নেড়েচেড়ে দেখলুম, তাঁর নিজ মুখে ঐ কথা বারংবার ভনলুম, চিনিশ

 ঘণ্টা তাঁর সঙ্গে বসবাস করলুম, তবু আমাদেরও মধ্যে মধ্যে সন্দেহ

 আসে। তা—অন্তে পরে কা কথা।
- শিশু। মহাশয়, ঠাকুর যে পূর্বজন ভগবান, এ কথা তিনি আপনাকে নিজ মূখে কখনও বলিয়াছিলেন কি ?
- স্বামীজী। কতবার বলেছেন। আমাদের স্বাইকে বলেছেন। ডিনি যখন কাশীপুরের বাগানে—যথন তাঁর শরীর যায় যায়, তথন আমি তাঁর বিছানার পাশে একদিন মনে মনে ভাবছি, এই সময় বদি বলতে পারো 'আমি ভগবান', ভবে বিখাস ক'রব—ভূমি সভ্যসভাই ভগবান। তথন শরীর বাবার হ্-দিন মাত্র বাকি। ঠাকুর ভখন হঠাৎ আমার দিকে তোর বেদান্তের দিক দিয়ে নয়।' আমি শুনে অবাক হয়ে রইলুম। প্রভুর শ্রীমৃথে বার বার ওনেও আমাদেরই এখনও পূর্ণ বিখাস হ'ল না---नत्मरह, निवानांत्र यन मरशा मरशा चात्नांनिङ इत्र-- डा चनरवंत्र कथा আর কি ব'লব ? আমাদেরই মতো দেহবান এক ব্যক্তিকে ঈশর ব'লে নির্দেশ করা ও বিশাস করা বড়ই কঠিন ব্যাপার। সিদ্ধ, ব্রশ্বক-এ-সব ব'লে ভাবা চলে। তা ষাই কেন তাঁকে বল্ না, ভাব্ না-মহাপুক্ষ বল, বন্ধজ বল, তাতে কিছু আদে যায় না। কিছ ঠাকুরের মতো এমন পুরুষোত্তম জগতে এর আগে আর কখনও আসেননি। সংসারে যোর অন্ধকারে এখন এই মহাপুরুষই জ্যোতি:তত্ত-বরুপ। এঁর আলোভেই মাত্র্য এখন সংসার-সমূত্রের পারে চলে যাবে।
- শিশু। মহাশয়, আমার মনে হয়, কিছু না দেখিলে শুনিলে যথার্থ বিখাস হর না। শুনিরাছি, মথ্রবার্ ঠাকুরের সমজে কভ কি দেখিরাছিলেন ! ভাই ঠাকুরে তাঁর এত বিখাস হইয়াছিল।
- খানীজী। যার বিখাস হর না, তার দেখলেও বিখাস হর না; মনে করে রাধার ভূল, খপ্প ইত্যাদি। ছর্ষোধনও বিশ্বরণ দেখেছিল, অর্জুনও দেখেছিল। অর্জুনের বিখাস হ'ল, ছর্ষোধন ভেলকিবাজি ভাবলে। তিনি না বুঝালে কিছু বলবার বা বুঝবার জো নেই। না দেখে না

শ্বনে কারও বোল-আনা বিধাস হয়; কেউ বার বংসর সামনে থেকে নানা বিভৃতি দেখেও সন্দেহে ভূবে থাকে। সার কথা হচ্ছে—তাঁয় কুপা; তবে লেগে থাকতে হবে, তবে তাঁর কুপা হবে।

শিশু। কুপার কি কোন নিয়ম আছে, মহাশয় ? শামীশী। হাঁও বটে, নাও বটে।

শিক্স। কিরূপ?

শামীজী। ধারা কারমনোবাক্যে সর্বদা পবিত্র, থাদের অন্থরাগ প্রবল, ধারা সদসং বিচারবান্ ও ধ্যানধারণার রড, তাদের উপরই ভগবানের রূপা হয়। তবে ভগবান প্রকৃতির সকল নিরমের (natural law) বাইরে, কোন নিরম-নীতির বশীভূত নন—ঠাকুর বেমন বলভেন, 'তার বালকের অভাব'—সেজ্জ দেখা বায় কেউ কোটি জয় ভেকে ভেকেও তার সাড়া পায় না; আবার বাকে আমরা পাপী তাপী নান্তিক বলি, তার ভেতরে সহসা চিংপ্রকাশ হয়ে বায়—তাকে ভগবান জ্বাচিত রূপা ক'রে বসেন। তার আগের জয়ের স্কৃতি ছিল, এ কথা বলতে পারিস; কিছে এ রহল্ড বোঝা কঠিন। ঠাকুর কথনও বলতেন, 'তার প্রতি নির্ভর কর।—বড়ের এঁটো পাতা হয়ে যা'; আবার কথনও বলতেন, 'তার কুপাবাতাস তো বইছেই, তুই পাল তুলে দে না।'

শিশু। মহাশয়, এ ভো মহা কঠিন কথা। কোন যুক্তিই বে এখানে দাড়ীয় না।

স্বামীন্ত্রী। যুক্তিতর্কের সীমা মারাধিকত জগতে, দেশ-কাল-নিমিন্তের গণ্ডির মধ্যে। তিনি দেশকালাতীত। তাঁর law (নিরম)ও বটে, আবার তিনি law (নিরম)-এর বাইরেও বটে; প্রকৃতির বা কিছু নিরম তিনিই করেছেন, হয়েছেন,—আবার দে-সকলের বাইরেও য়য়েছেন। তিনি যাকে কুপা করেন, সে সেই মুহুর্তে beyond law (নিয়মের গণ্ডির বাইরে) চলে বার। সেজন্ত কুপার কোন condition (বাধাধরা নিরম) নেই; কুপাটা হচ্ছে তাঁর ধেরাল। এই জগৎ-স্প্রটিটিই তাঁর ধেরাল—'লোকবন্ধ্ লীলাকৈবল্যং।' বিনি ধেরাল

১ বেদান্তপুত্র, ২।১।৩৩

ক'রে এমন জগৎ গড়তে-ভাঙতে পারেন, তিনি কি আর রুপা ক'রে

নহাপাপীকেও মৃক্তি দিতে পারেন না । তবে যে কারুকে সাধন-ভজন
করিয়ে নেন ও কারুকে করান না, সেটাও তাঁর ধেয়াল—তাঁর ইছা।
শিয়। মহাশয়, ব্বিতে পারিলাম না।

ষামীজী। বুঝে জার কি হবে ? বতটা পারিস তাঁতে মন লাগিয়ে থাক্।
তা হলেই এই জগণভেলকি আপনি-আপনি ভেঙে বাবে। তবে লেগে
থাকতে হবে। কাম-কাঞ্চন থেকে মন সরিয়ে নিতে হবে, সদসংবিচার
সর্বদা করতে হবে, 'আমি দেহ নই'—এইরপ বিদেহ-ভাবে অবহান
করতে হবে, 'আমি সর্বগ আত্মা'—এইটি জহুভব করতে হবে। এরপে
লেগে থাকার নামই পুরুষকার। এরপে পুরুষকারের সহায়ে তাঁতে
নির্ভর আসবে—সেটাই হ'ল পরমপুরুষার্থ।

খামীজী আবার বলিতে লাগিলেন: তাঁর রুপা তোদের প্রতি না থাকলে তোরা এখানে আসবি কেন? ঠাকুর বলতেন, 'বাদের প্রতি ঈশরের রুপা হয়েছে, তারা এখানে আসবেই আসবে; বেখানে-সেধানে থাক বা বাই ক্রক না কেন, এখানকার কথায়, এখানকার ভাবে সে অভিভূত হবেই হবে।' ভোর কথাই ভেবে দেখ না, বিনি রুপাবলে সিদ্ধ—বিনি প্রভূর রুপা সম্মক্ রুখেছেন, সেই নাগ-মহাশয়ের সকলাভ কি ঈশরের রুপা ভিন্ন হয়? 'অনেক-জন্মংসিকভতো বাতি পরাং গতিন্''—জন্মজনাভরের স্করুতি থাকলে ভবে অমন মহাপ্রবের দর্শনলাভ হয়। শাল্রে উত্তমা ভক্তির বে-সকল লক্ষণ দেখা বার, নাগ-মহাশয়ের সেগুলি সব ফুটে বেরিয়েছে। ঐ বে বলে 'তৃণাদ্গি স্থনীচেন',' তা একমাত্র নাগ-মহাশয়েই প্রত্যক্ষ করা গেল। ভোদের বাঙাল দেশ ধন্ত, নাগ-মহাশয়ের পাদম্পর্শে পবিত্র হয়ে গেছে।'

বলিতে বলিতে খামীজী মহাকবি প্রীযুক্ত গিরিশচন্দ্র ঘোষের বাড়ি বেড়াইয়া আসিতে চলিলেন। সঙ্গে খামী যোগানন্দ ও শিক্স। গিরিশবার্র বাড়িতে উপস্থিত হইয়া উপবেশন করিয়া খামীজী বলিতে লাগিলেন:

জি. সি., মনে আজকাল কেবল উঠছে—এটা করি, সেটা করি, তাঁর কথা জগতে ছড়িরে দিই, ইত্যাদি। আবার ভাবি—এতে বা ভারতে আর একটা

১ গীতা, ৬া৪৫

২ শিকাষ্টকম্—শীশীচৈতম্বচরিতামৃত

সম্প্রদায় স্টে হয়ে পড়ে। তাই অনেক সামলে চলতে হয়। কথনও ভাবি— সম্প্রদায় হোক। আবার ভাবি—না, তিনি কারও ভাব কদাচ নই করেননি; সমদর্শিতাই তাঁর ভাব। এই ভেবে মনের ভাব অনেক সময় চেপে চলি। তুমি কি বলো?

গিরিশবারু। আমি আর কি ব'লব ? তুমি তাঁর হাতের বস্ত্র। বা করাবেন, ভাই ভোমাকে করতে হবে। আমি অত শত বুঝি না। আমি দেখছি প্রভূর শক্তি ভোমার দিয়ে কাজ করিয়ে নিচ্ছেঃ সাদা চোখে দেখছি।

শামীনী। আমি দেখছি, আমরা নিজের থেরালে কান্ত ক'রে বাচ্ছি। তবে বিপদে, আপদে, অভাবে, দারিস্ত্রো তিনি দেখা দিরে ঠিক পথে চালান, guide (পরিচালনা) করেন—ঐটি দেখতে পেয়েছি। কিন্তু প্রভূর শক্তির কিছুমাত্র ইয়তা করে উঠতে পারলুম না!

গিরিশবার্। তিনি বলেছিলেন, 'সব বুঝলে এখনি সব ফাঁকা হয়ে পড়বে। কে করবে, কারেই বা করাবে ?'

এইরপ কথাবার্তার পর আমেরিকার প্রদদ হইতে লাগিল। গিরিশবার্
ইচ্ছা করিয়াই বেন খামীজীর মন প্রদলাভারে ফিরাইয়া দিলেন। এরপ
করিবার কারণ জিজ্ঞানা করায় গিরিশবার্ অন্ত সময়ে আমাদিগকে বলিয়াছিলেন, 'ঠাকুরের শ্রীমুথে শুনেছি—এরপ কথা বেশী কইতে কইতে ওর
সংসারবৈরাগ্য ও ঈশরোদীপনা হয়ে যদি একবার অ্বরূপের দর্শন হয়, সে
বে কে—এ-কথা বদি জানতে পারে, তবে আর এক মূহুর্তও তার দেহ থাকবে
না।' তাই দেখিয়াছি, সর্বদা ঠাকুরের কথাবার্তা কহিতে আরম্ভ করিলে
খামীজীর সয়্যাদী গুরুত্রাত্রগণও প্রসলাভারে তাঁহার মনোনিবেশ করাইতেন।
সে বাহা হউক, আমেরিকার প্রসল করিতে করিতে খামীজী তাহাতেই
মাতিয়া গেলেন। ওদেশের সমৃদ্ধি, স্ত্রী-পুরুবের গুণাগুণ, ভোগবিলান ইত্যাদি
নানা কথা বর্ণন করিতে লাগিলেন।

>>

স্থান—শ্রীনবগোপাল বোবের বাটী, রামকুকপুর, হাওড়া কাল—৬ই কেব্রুআরি, ১৮৯৮—(মাবীপুর্ণিমা)

প্রীরামক্ষণেবের পরম ভক্ত প্রীষ্ক্ত নবগোপাল বোধ মহাশর ভাগীরথীর পশ্চিম তীরে হাওড়ার অন্তর্গত রামকৃষ্ণপুরে নৃতন বসতবাটী নির্মাণ করিয়াছেন। নবগোপালবার ও তাঁহার গৃহিণীর একান্ত ইচ্ছা—খামীজী বারা বাটাতে প্রীরামকৃষ্ণ-বিগ্রহ স্থাপন করিবেন। খামীজীও এ প্রস্তাবে সমত হইয়াছেন। নবগোপালবার্র বাটাতে আজ তত্পলক্ষ্যে উৎসব। ঠাকুরের সন্মাসী ও গৃহী ভক্তগণ সকলেই আজ তথার ঐ জন্ত সাদরে নিমন্ত্রিত। বাটাখানি আল ধ্বজ্বপতাকার পরিশোভিত, সামনের ফটকে পূর্ণঘট, কদলীর্ক্ষ, দেবদাক্ষপাতার তোরণ এবং আম্রপত্রের ও পূজ্মালার সারি। 'জয় রামকৃষ্ণ' ধ্বনিতে রামকৃষ্ণপুর আজ প্রতিধ্বনিত।

মঠ হইতে তিনধানি ভিক্তি ভাড়া করিয়া স্বামীজীর সঙ্গে মঠের সন্ন্যাসী ও ব্রহ্মচারিগণ রামকৃষ্ণপুরের ঘাটে উপস্থিত হইলেন। খামীজীর পরিধানে গেরুয়া রঙের বহির্বাস, মাথায় পাগড়ি—থালি পা। রামক্তঞ্পুরের ঘাট হইতে ডিনি যে পথে নৰগোপালবাবুর বাটীতে ষাইবেন, সেই পথের তুই-ধারে অগণিত লোক তাঁহাকে দর্শন করিবে বলিয়া দাঁড়াইয়া রহিয়াছে। ঘাটে নামিয়াই স্বামীজী 'ছখিনী ব্ৰাহ্মণীকোলে কে শুয়েছ আলো ক'রে! কেরে ওরে দিগমর এনেছ কুটারঘরে !' গানটি ধরিয়া স্বয়ং খোল বাজাইতে বাজাইতে অগ্ৰসর হইলেন; আর ছই-ভিন খানা খোলও সলে সলে বাজিতে লাগিল এবং সমবেত ভক্তগণের সকলেই সমন্ববে ঐ গান গাহিতে গাহিতে তাঁহার পশ্চাৎ পশ্চাৎ চলিতে লাগিলেন। উদাম নৃত্য ও মুদক্ধনিতে পথ-ঘাট মুধরিত হইয়া উঠিল। লোকে যথন দেখিল, স্বামীজী অক্তাগ্ত সাধ্পণের মতো সামাস্ত পরিচ্ছদে থালি পারে মৃদক বাজাইতে বাজাইতে আসিতেছেন, তখন অনেকে তাঁহাকে প্রথম চিনিতেই পারে নাই এবং অপরকে জিজানা করিয়া পরিচয় পাইয়া বলিতে লাগিল, 'ইনিই বিশ্বিজয়ী খামী বিবেকানন !' খামীনীর এই দীনতা দেখিয়া সকলেই একবাক্যে প্রশংসা করিতে লাগিল; 'জর রাষকৃষ্ণ ধ্বনিভে গ্রাম্য পথ মুখরিত হইতে লাগিল।

গৃহীর আদর্শহল নৰগোপালবাব্র প্রাণ আজ আনন্দে ভরিয়া গিয়াছে। ঠাকুর ও তাঁহার সালোপালগণের সেবার জন্ত বিপুল আয়োজন করিয়া তিনি চতুর্দিকে ছুটাছুটি করিয়া তত্বাবধান করিতেছেন এবং মধ্যে মধ্যে 'জয় রাম, জয় রাম' বলিয়া উল্লাসে চীৎকার করিতেছেন।

ক্রমে দলটি নবগোপালবাব্র বাটার ঘারে উপস্থিত হইবামাত্র গৃহমধ্যে দাঁকি ঘণ্টা বাজিয়া উঠিল। স্বামীজী মুদল নামাইয়া বৈঠকথানা-ঘরে কিয়ংকাল বিশ্রাম করিয়া ঠাকুরঘর দেখিতে উপরে চলিলেন। ঠাকুরঘরখানি মর্মরপ্রস্তরে মণ্ডিত। মধ্যস্থলে সিংহাসন, ভত্নপরি ঠাকুরের পোর্সিলেনের মুর্তি। ঠাকুরপ্রায় যে যে উপকরণের আবশ্রক, আয়োজনে তাহার কোন আদে কোন ক্রটি নাই। স্বামীজী দেখিয়া বিশেষ প্রসন্ন হইলেন।

নবগোপালবাব্র গৃহিণী অপরাপর কুলবধ্গণের সহিত স্বামীজীকে প্রাণাম করিলেন এবং পাখা লইয়া তাঁহাকে ব্যক্তন করিতে লাগিলেন।

খামীজীর মূথে দকল বিষয়ের স্থাতি শুনিয়া গৃছিণীঠাকুরানী তাঁহাকে দখোধন করিয়া বলিলেন, 'আমাদের সাধ্য কি যে ঠাকুরের দেবাধিকার লাভ করি? সামান্ত ঘর, সামান্ত অর্থ। আপনি আজ নিজে রূপা করিয়া ঠাকুরকে প্রতিষ্ঠিত করিয়া আমাদের ধন্ত কলন।'

খামীজী তত্ত্তরে রহন্ত করিয়া বলিতে লাগিলেন, 'ভোমাদের ঠাকুর ভো এমন মার্বেলপাথর-মোড়া ঘরে চৌদপুরুবে বাস করেননি; সেই পাড়া-গাঁরে খোড়ো ঘরে জন্ম, খেন-তেন ক'রে দিন কাটিয়ে গেছেন। এখানে এমন উত্তম দেবার যদি তিনি না থাকেন তো আর কোথার থাকবেন ?' সকলেই খামীজীর কথা শুনিরা হাত্ত করিতে লাগিল। এইবার বিভৃতিভূষাক খামীজী লাক্ষাৎ মহাদেবের মতো পূজকের আসনে বিদিয়া ঠাকুরকে আহ্বান করিলেন।

পরে স্বামী প্রকাশানন্দ স্বামীজীর কাছে বসিরা মন্ত্রাদি বলিরা দিছে লাগিলেন। পূজার নানা অদ ক্রমে সমাধা হইল এবং নীরাজনের শাক-ঘন্টা বাজিরা উঠিল। স্বামী প্রকাশানন্দই পূজা করিলেন।

নীরাজনাত্তে স্বামীজী পূজার ঘরে বসিরা বসিরাই শ্রীরামরুফদেবের প্রশতিমন্ত্র মূথে মূথে এইরূপ রচনা করিয়া দিলেন:

> ছাপকায় চ ধর্মত সর্বধর্মজন্মপিশে। অবভারবন্ধিষ্ঠায় রামকৃষ্ণায় তে নবঃ।

সকলেই এই বন্ধ পাঠ কৰিয়া ঠাকুৰকে প্ৰণাম কৰিলে শিশু ঠাকুৰের একটি ভব পাঠ কৰিল। এইৰূপে পূজা সম্পন্ন হইল। উৎস্বাজে শিশুও সামীলীর সলে গাড়িতে রামকুকপুরের ঘাটে পৌছিয়া নৌকার উঠিল এবং জানন্দে নানা কথা কহিতে কহিতে বাগবাজারের দিকে জগ্রাপর হইল।

>2

স্থান—বেলুড়, ভাড়াটিয়া মঠ-বাটা কাল—কেব্ৰুআহি, ১৮৯৮

বেল্ডে গলাতীরে নীলাম্ববাব্র বাগানে স্থামীজী মঠ উঠাইয়া আনিয়াছেন'। আলমবাজার হইতে এখানে উঠিয়া আলা হইলেও জিনিসপত্র এখনও সব গুছানো হয় নাই। ইতন্ততঃ পড়িয়া আছে। স্থামীজী নৃতন বাড়িতে আলিয়া খ্ব খুলী হইয়াছেন। শিক্ত উপস্থিত হইলে বলিলেন, 'দেখ্ দেখি কেমন গলা, কেমন বাড়ি! এমন স্থানে মঠ না হ'লে কি ভাল লাগে?' তখন অপরাত্ন।

সন্ধার পর শিশু স্বামীনীর সহিত দোতলার সরে সাক্ষাৎ করিলে নানা প্রসদ হইতে লাগিল। সরে আর কেছই নাই; শিশু মধ্যে মধ্যে উঠিরা স্বামীজীকে ভাষাক সাজিয়া দিভে লাগিল এবং নানা প্রশ্ন করিতে করিভে স্ববশেষে কথার কথার স্বামীজীর বাল্যকালের বিষয় জানিতে চাহিল। স্বামীজী বলিতে লাগিলেন, 'স্বল্প বর্ষ থেকেই স্বামি ভানপিটে ছিল্ম, নইলে কি নি:সন্থলে ত্নিরা সুরে স্বাসতে পারত্ম রে ?'

—ছেলেবেলার তাঁর রামারণগান শুনিবার বড় ঝোঁক ছিল। পাড়ার নিকট বেখানে রামারণগান হইড, স্থামীলী খেলাগুলা ছাড়িয়া তথার উপস্থিত হইডেন; বলিলেন—রামারণ শুনিতে শুনিতে এক একদিন ভন্মর হইরা ডিনি বাড়িষর স্থানীয়া বাইডেন এবং রাত হইয়াছে বা বাড়ি বাইডে

১ ১७३ क्टब्यांत्रि

হইবে ইত্যাদি কোন বিষয়ে ধেয়াল থাকিত না। একদিন মানায়ণ-গানে ভনিলেন—হত্যান কলাবাগানে থাকে। অমনি এমন বিখাদ হইল খে, সে রাজি রামায়ণগান ভনিয়া ঘরে আর না ফিরিয়া বাড়ির নিকটে কোন এক বাগানে কলাগাছতলায় অনেক রাজি পর্যন্ত হত্যানের দর্শনা-কাজ্যায় অভিবাহিত করিয়াছিলেন।

হত্তমানের প্রতি স্বামীজীর জ্পাধ ভক্তি ছিল। সন্ন্যাসী হইবার পরেও মধ্যে মধ্যে মহাবীরের কথাপ্রসঙ্গে মাভোদ্বারা হইরা উঠিতেন এবং জনেক সময় মঠে শ্রীমহাবীরের একটি প্রস্তরমূর্তি রাখিবার সঙ্কর প্রকাশ ক্রিতেন।

ছাত্রজীবনে দিনের বেশায় ভিনি সমবরদ্ধদের সহিত কেবল আমোদপ্রমোদ করিয়াই বেড়াইতেন। রাত্রে ঘরের ছার বন্ধ করিয়া পড়াগুনা করিতেন। কখন বে ভিনি পড়াগুনা করিতেন, তাহা কেহ জানিতে পারিত না।

শিশু। মহাশর, ছুলে পড়িবার কালে আপনি কখন কোনরূপ vision দেখিতেন (দিব্যদর্শন হইড) কি ?

শামীলী। ভূলে পড়বার সময় একদিন রাত্রে দোর বন্ধ ক'রে ধ্যান করতে করতে মন বেশ ভয়য় হয়েছিল। কডক্ষণ ঐ ভাবে ধ্যান করেছিলায়, বলতে পারি না। ধ্যান শেষ হ'ল, তথনও বলে আছি, এমন সময় ঐ ঘরের দক্ষিণ দেওয়াল ভেদ ক'রে এক জ্যোভির্ময় মূর্ভি বাহির হয়ে সামনে এসে দাঁড়ালেন। তাঁর মূথে এক অভ্ত জ্যোভিঃ, অথচ যেন কোন ভাব নাই। মহাশাল্ক সয়্যাসী-মূর্তি—মুখিত মন্তক, হল্তে দও ও কমগুল্। আমার প্রতি একদৃষ্টে থানিকক্ষণ চেয়ে রইলেন, যেন আমায় কিছু বলবেন—এয়প ভাব। আমিও অবাক হয়ে তাঁর পানে চেয়ে ছিলাম। তারপর মনে কেমন একটা ভয় এল, তাড়াভাড়ি দোর খুলে ঘরের বাইরে গেলাম। পয়ে মনে হ'ল, কেন এমন নির্বোধের মতো ভয়ে পালাল্ম, হয়তো ভিনি কিছু বলতেন। আর কিন্তু সে মূর্ভির কথনও দেখা পাইনি। কভদিন মনে হয়েছে—
যদ্ভি ফের তাঁর দেখা পাই তো এবার আর ভয় ক'রব না—তাঁর সঙ্গে কথা কইব। কিন্তু আর তাঁর দেখা পাইনি।

শিশ্ব। ভারপর এ বিষয়ে কিছু ভেবেছিলেন কি ? স্বামীজী। ভেবেছিলাম, কিছু ভেবে চিন্তে কিছু কৃল-কিনারা পাইনি। এখন বোধ হয়, ভগবান বৃদ্ধদেবকৈ দেখেছিলুম।

কিছুক্দণ পরে স্বামীজ। বলিলেন: মন শুক্ক হ'লে, কামকাঞ্চনে বীতস্পৃত্ত হ'লে কভ vision (দিব্যদর্শন) দেখা যায়—অভূত অভূত! তবে ওতে খেরাল রাখতে নেই। ঐ-সকলে দিনরাত মন থাকলে সাধক আর অগ্রসর হ'তে পারে না। শুনিসনি, ঠাকুর বলভেন—'কভ মণি পড়ে আছে (আমার) চিন্তামণির নাচত্রারে!' আত্মাকে সাক্ষাৎ করতে ত্বে—ও-সব খেরালে মন দিয়ে কি হবে?

কথাগুলি বলিয়াই স্বামীজী ভন্ময় হইয়া কোন বিষয় ভাবিতে ভাবিতে কিছুক্ষণ মৌনভাবে রহিলেন। পরে আবার বলিতে লাগিলেন:

দেখ, আমেরিকায় অবস্থানকালে আমার কডকগুলি অভ্ত শক্তির শৃরণ হয়েছিল। লোকের চোথের ভেতর দেখে তার মনের ভেতরটা সব ব্রতে পারত্ম মৃহুর্তের মধ্যে। কে কি তাবছে না ভাবছে 'করামলকবং' প্রত্যক্ষ হয়ে বেত। কালকে কালকে বলে দিত্য। বাদের বাদের বলত্ম, তাদের মধ্যে অনেকে আমার চেলা হয়ে বেত; আর বারা কোনরূপ মতলব পাকিয়ে আমার দক্ষে মিশতে আসত, তারা ঐ শক্তির পরিচয় পেয়ে আর আমার দিকেও মাড়াত না।

বধন চিকাগো প্রভৃতি শহরে বক্তা শুক্ষ করল্ম, তখন সপ্তাহে ১২।১৪টা, কখনও আরও বেদী লেকচার দিতে হ'ত; অত্যধিক শারীরিক ও মানদিক প্রমে মহা রাজ হরে পড়ল্ম। বেন বক্তার বিষয় সব ফুরিয়ে বেতে লাগলো। ভাবত্য—কি করি, কাল আবার কোখা থেকে কি ন্তন কথা ব'লব? ন্তন ভাব আর বেন জুটত না। একদিন বক্তার পরে শুরে ভারে ভারছি, ভাইতো এখন কি উপায় করা যার? ভাবতে ভাবতে একটু তপ্রার মতো এল। সেই অবস্থায় শুনতে পেল্ম, কে বেন আমার পাশে দাঁড়িয়ে বক্তা করছে; কত ন্তন ভাব, ন্তন কথা—সে-সব বেন ইহজয়ে শুনিনি, ভাবিগুনি! ঘূম থেকে উঠে সেগুলি শ্রেণ ক'রে রাধল্ম, আর বক্তার ডাই বলল্ম। এমন বে কতদিন ঘটেছে ভার সংখ্যা নেই। শুরে প্রের এমন বক্তা কতদিন শুনেছি! কখন বা এত জোরে জোরে

তা হ'ত বে, অন্ত ঘরের লোক আওরাজ শেত ও পরদিন আযার ব'লড — 'বাষীজী, কাল অত রাত্তে আপনি কার সঙ্গে এত জোরে কথা কইছিলেন?' আমি তাদের দে-কথা কোনরূপে কাটিরে দিতুম। দে এক অহুত কাও।

শিশু বামীজীর কথা শুনিরা নির্বাক হইরা ভাবিতে ভাবিতে বালল, 'মহাশর, তবে বোধ হয় আপনিই ক্ষাদেহে এক্লণে বক্তৃতা করিতেন এবং সুল-দেহে কখন কখন তার প্রতিধানি বাহির হইত।'

ওনিয়া স্বামীজী বলিলেন, 'তা হবে।'

অনন্তর আমেরিকার কথা উঠিল। খানীজী বলিলেন, 'সে দেশের পুরুবের চেরে মেরেরা অধিক শিক্ষিত। বিজ্ঞান-দর্শনে তারা সব মহা পণ্ডিত; তাই তারা আমার অত থাতির ক'রত। পুরুবগুলো দিনরাত থাটছে, বিশ্রামের সময় নেই; মেরেরা স্থলে অধ্যয়ন-অধ্যাপনা ক'রে মহা বিত্বী হয়ে দাঁড়িরেছে। আমেরিকার যে দিকে চাইবি, কেবলই মেরেদের রাজ্য।'

শিশু। আছো মহাশয়, গোঁড়া ক্রিশ্চানেরা সেখানে আপনার বিপক হয় নাই ?

খামীজী। হয়েছিল বইকি। লোকে বধন আমার থাতির করতে লাগলো,
তথন পাদ্রীরা আমার পেছনে খ্ব লাগলো। আমার নামে কত
কুংসা কাগজে লিখে রটনা করেছিল। কত লোক আমার তার
প্রতিবাদ করতে ব'লত। আমি কিছ কিছু গ্রাহ্ম করতুম না। আমার
দৃঢ় বিখাস—চালাকি ঘারা জগতে কোন মহৎ কার্য হয় না; তাই
ঐ-সকল অসীল কুংসায় কর্ণপাত না ক'রে ধীরে থীরে আপনার কাজ
ক'রে বেতুম। দেখতেও পেতুম, অনেক সময়ে বারা আমার অবথা
পালমন্দ ক'রত, তারাও অস্থতপ্ত হয়ে আমার শরণ নিত এবং নিজেরাই
কাগজে contradict (প্রতিবাদ) ক'রে কমা চাইত। কথন কথন
এমনও হয়েছে—আমার কোন বাড়িতে নিমন্ত্রণ করেছে দেখে কেছ
আমার নামে ঐ-সকল মিথা কুংসা বাড়িওয়ালাকে ভনিয়েছ।
ভাই ভনে সে দোর বছ ক'রে কোথায় চলে গেছে। আমি নিমন্ত্রণ
বক্ষা করতে গিরে দেখি—সব ভোঁ ভা, কেউ নেই। আধার কিছুদিন

शांत छात्राहे मछा कथा खाना (शांत खाइ छश्च हात्र खाना त का है एक जरमाह में विक मरमाह में विक खानी कि अ- मद इसित्रामाति एक खाना त वांत में विक स्वाप कि खाना विक खाना विक खाना कि खाना कि खाना कि खाना कि खाना कि स्वाप कि स्

নিশ্ব নীতিনিপুণা বদি বা শুবছ
লক্ষ্মীঃ সমাবিশতু গচ্ছতু বা বথেষ্টম্।
অভৈব মরণমন্ত শতাকান্তরে বা
ভাষাাৎ পথঃ প্রবিচন্তির পদং ন ধীরাঃ ॥

লাকে ভার শুভিই কর্ক বা নিন্দাই কর্ক, ভোর প্রতি লন্ধীর কণা হোক বা না হোক, আজ বা শভবর্ব পরে ভোর দেহপাত হোক, আয় পথ থেকে বেন ল্লন্ট হ'সনি। কত ঝড় তুফান এড়িয়ে গেলে ভবে শান্তির রাজ্যে গৌছানো যায়। বে যত বড় হয়েছে, ভার উপর তত কঠিন পরীক্ষা হয়েছে। পরীক্ষার কষ্টিপাথরে ভার জীবন ঘবে মেজেদেখে ভবে ভাকে জগৎ বড় ব'লে স্বীকার করেছে। যারা ভীক্ষ কাপুরুষ, ভারাই সমৃজ্যের ভরল দেখে ভীরে নৌকা ভোবার। মহাবীর কি কিছুভে দৃক্পাত করে রে? বা হ্বার হোক গে, আমার ইট্টলাভ আগে ক'রবই ক'রব—এই হচ্ছে পুরুষকার। এ পুরুষকার না থাকলে শত দৈবও ভোর জড়ত্ব দ্ব করতে পারে না।

শিষ্ক। তবে দৈবে নির্ভরতা কি ত্র্বলভার চিহ্ন ?

ষামীজী। শাস্ত্র নির্ভরতাকে পঞ্চম পুরুষার্থ ব'লে নির্দেশ করেছে। কিন্তু আমাদের দেশে লোকে ষেভাবে 'দৈব দৈব' করে, ওটা মৃত্যুর চিহ্ন, মহা-কাপুরুষভার পরিণাম, কিন্তুতিকিমাকার একটা ঈশর করানা ক'রে ভার ঘাড়ে নিজের দোব-চাপানোর চেষ্টামাত্র। ঠাকুরের সেই গোহত্যা-পাপের গল্প ভনেছিল ভো? সেই গোহত্যা-পাপে শেষে বাগানের মালিককেই ভূপে মরতে হ'ল। আজকাল সকলেই 'বথা নিযুক্তোহশ্মি

- ভণা করোমি' বলে পাপ-পূণ্য ছই-ই ঈশরের ঘাড়ে চালিয়ে দেয়। নিজে ধেন পদ্মপত্রে জল! সর্বদা এ ভাবে থাকডে পারলে সে ভো মৃক্ষ! কিছ ভালো-র বেলা 'আমি', আর মন্দের বেলা 'ভূমি'—বলিহারি ভাষের দৈবে নির্ভরতা! পূর্ণ প্রেম বা জ্ঞান না হ'লে নির্ভরের অবস্থা হতেই পারে না। যার ঠিক ঠিক নির্ভর হয়েছে, ভার ভালমন্দ-ভেদবৃদ্ধি থাকে না—এ অবস্থার উজ্জল দৃষ্টান্ত আমাদের (শ্রীরামক্রফদেবের শিক্সদের) ভেতর ইদানীং নাগ-মহাশয়।
- —ৰলিতে বলিতে নাগ-মহাশয়ের প্রদৃত চলিতে লাগিল। সামীজী বলিলেন, 'অমন অহুরাগী ভক্ত কি আর ছটি দেখা যায়? আহা, তাঁর সঙ্গে আবার কবে দেখা হবে!'
- শিষ্ক। ডিনি শীঘ্রই কলিকাভায় আপনাকে দর্শন করিতে আসিবেন বলিয়া মা-ঠাক্রন (নাগ-মহাশয়ের পত্নী) আমায় চিঠি লিখিয়াছেন।
- খামীজী। ঠাকুর জনক-রাজার সঙ্গে তাঁর তুলনা করতেন। অমন জিতে প্রিয় পুরুষের দর্শন দূরে থাক, কথাও শোনা যায় না। তাঁর সঙ্গ খুব করবি। তিনি ঠাকুরের একজন অস্তরঙ্গ।
- শিশু। মহাশর, ওদেশে অনেকে তাঁহাকে পাগল বলে। আমি কিছু প্রথম দিন দেখা হইতেই তাঁহাকে মহাপুক্ষ মনে করিয়াছিলাম। ডিনি আমার বড় ভালবাদেন ও কুপা করেন।
- বামীজী। অমন মহাপুরুষের সক্লাভ করেছিল, তবে আর ভাবনা কিলের ? বহু জন্মের তপতা থাকলে তবে এরকম মহাপুরুষের সক্লাভ হয়। নাগ-মহাশয় বাড়িতে কিরুপ থাকেন ?
- শিশ্ব। মহাশন্ন, কাজকর্ম তো কিছুই দেখি না। কেবল অতিথিলেবা লইরাই আছেন; পালবাবুরা বে করেকটি টাকা দেন, তাহা ছাড়া গ্রাসাচ্ছাদনের অন্ত সমল নাই; কিন্ত ধরচপত্র একটা বড়লোকের বাড়িতে বেমন হয় তেমনি! নিজের ভোগের জন্ত সিকি পরসাও ব্যর নাই—অতটা ব্যর সহই কেবল পরসেবার্থ। লেবা, সেবা—ইহাই তাঁহার জীবনের মহাত্রত বলিরা মনে হয়। মনে হয়, বেন ভূড়ে ভূড়ে আত্মদর্শন করিয়া তিনি অভির-জানে জগতের সেবা করিছে ব্যক্ত আছেন। সেবার জন্ত নিজের শরীরটাকে শরীর বলিয়া জ্ঞান করেন না—বেন বের্ট্ণ। বাত্তবিক

শরীর-জ্ঞান তাঁহার আছে কি না, সে বিবরে আমার সন্দেহ হয়। আপনি বে অবস্থাকে superconscious (অভিচেতন) বলেন, আমার বোধ হয় তিনি সর্বদা সেই অবস্থার থাকেন।

খামীজী। তা না হবে কেন ? ঠাকুর তাঁকে কত ভালবাসতেন। তোদের বাঙাল দেশে এবার ঠাকুরের ঐ একটি সদী এসেছেন। তাঁর আলোডে পূর্ববদ আলোকিত হয়ে আছে।

50

স্থান—বেলুড়, ভাড়াটিয়া মঠ-বাটী কাল—কেব্ৰুঝারি, ১৮৯৮

বেলুড়ে গৰাতীরে প্রীযুক্ত নীলাম্বর মুখোপাধ্যায়ের বাগানবাটী ভাড়া করিয়া আলমবাঞ্চার হইতে ঐ স্থানে মঠ উঠাইয়া আনা হইয়াছে। সে-বার ঐ বাগানেই প্রীয়ামক্তফের জন্মতিথিপূজা' হয়। স্থামীজী নীলাম্ববার্র বাগানেই অবস্থান করিতেছিলেন।

জন্মতিথিপুজার সে-বার বিপুল আরোজন! স্বামীজীর আদেশমত ঠাকুরঘর পরিপাটী দ্রব্যসম্ভারে পরিপূর্ণ। স্বামীজী সেদিন স্বয়ং সকল বিষয়ের তত্ত্বা-বধান করিয়া বেড়াইতেছিলেন। পূজার তত্ত্বাবধান শেব করিয়া স্বামীজী শিশুকে বলিলেন, 'পৈতে এনেছিল্ তো?'

শিক্ত। আজে হাঁ। আপনার আদেশমত সর্ব প্রস্তা কিন্তু এত পৈতার যোগাড় কেন, বৃঝিতেছি না।

স্বামীজী। বি-জাতিমাত্তেরই° উপনয়ন-সংশ্বারে অধিকার আছে। বেদ স্বয়ং তার প্রমাণস্থল। আজ ঠাকুরের জন্মদিনে বারা আসবে, তাদের স্কলকে পৈতে পরিয়ে দেবো। এয়া স্ব ভ্রাত্ত্য (পতিত) হয়ে

১ ২২শে কেব্ৰুআরি

২ ত্রাদাণ ক্রিয় ও বৈশ্র বিজাতি

গেছে। শাস্ত্র বলে, প্রায়ণিত করনেই ব্রাড্য আবার উপনয়ন-সংকারের অধিকারী হয়। আন ঠাকুরের গুভ অরাডিথি, সকলেই তার নাম নিয়ে গুক্ত হবে। ভাই আন সমাগত ভক্তমণ্ডলীকে পৈতে পরাতে হবে। ব্রাল ?

শিক্ত। আমি আপনার আদেশমত অনেকগুলি পৈতা সংগ্রহ করিরা আনিয়াছি। পূজাতে আপনার অন্তমতি অন্তসারে সমাগত ভক্তপণকে ঐগুলি পরাইরা দিব।

শানীলী। ব্রান্ধণেতর ভক্তদিগকে এরপ গার্ত্তী-মন্ত্র (এধানে শিক্সকে ক্রিরাদি বিজ্ঞাতির গার্ত্তী-মন্ত্র বলিরা দিলেন) দিবি। ক্রমে দেশের সকলকে ব্রান্থণপদবীতে উঠিয়ে নিতে হবে; ঠাক্রের ভক্তদের ভোকথাই নেই। হিন্দুমাত্রেই পরম্পর পরস্পরের ভাই। 'হোঁব না, হোঁব না' ব'লে এদের আমরাই হীন ক'রে ফেলেছি। তাই দেশটা হীনতা, ভীকতা, মূর্যতা ও কাপুক্ষবতার পরাকাঠার গিয়েছে। এদের ত্লতে হবে, অভরবাণী শোনাতে হবে। বলতে হবে—'ভোরাও আমাদের মতো মাহুব, ভোদেরও আমাদের মতো সব অধিকার আছে।' বুরালি ?

भिग्र। चाट्य है।

খামীনী। এখন ধারা পৈতে নেবে, ডাদের গদাম্মান ক'রে আদতে বল্। ভারপর ঠাকুরকে প্রণাম ক'রে স্বাই পৈতে প্রবে।

বামীজীর আদেশমত সমাগত প্রায় ৪০।৫০ জন তক্ত ক্রমে গলালান করিয়া আসিয়া, শিয়ের নিকট গায়ত্রী-মন্ত্র লইয়া পৈতা পরিতে লাগিল। মঠে হলপুল। পৈতা পরিয়া ভক্তগণ আবার ঠাকুরকে প্রণাম করিল, এবং খামীজীর পাদপদ্মে প্রণত হইল। তাহাদিগকে দেখিয়া খামীজীর ম্থারবিদ্ধ বেন শতগুণে প্রফুল হইল। ইহার কিছু পরেই শ্রীষ্ক্ত গিরিশচক্র ঘোব মহাশয় মঠে উপস্থিত হইলেন।

এইবার খামীজীর আদেশে স্পীতের উন্থোগ হইতে লাগিল, এবং মঠের সন্মানীরা আদ্ধ খামীজীকে মনের লাথে যোগী সাজাইলেন। তাঁহার কর্পে শন্ধের কুণ্ডল, সর্বান্ধে কর্প্রথবল পবিত্র বিভৃতি, মন্তকে আপাদলম্বিভ জটাভার, বাম হল্ডে ত্রিশ্ল, উভয় বাহতে ক্রাক্ষবলয়, গলে আজাহলম্বিভ ত্রিবলীকৃত বড় ক্রাক্ষমালা প্রভৃতি দেওয়া হইল। এইবার স্বামীদ্ধী পশ্চিমান্তে মৃক্ত পদাসনে বসিরা 'কুলতং রামরামেতি' দ্বাট মব্ব খনে উচ্চাবণ করিতে এবং শুবান্তে কেবল 'রাম রাম শ্রীরাম স্বাম' এই কথা পুনঃপুনঃ উচ্চারণ করিতে লাগিলেন। স্বামীদ্ধীর স্বর্ধনিনীলিত নেত্র; হতে ভানপুরার হুব বাজিতেছে। 'রাম রাম শ্রীরাম রাম' ধননি ভিন্ন মঠে কিছুক্ষণ আন্ত কিছুই শুনা গেল না! এইরণে প্রায় স্বর্ধাধিক দ্বাটায়া গেল। তথনও কাহারও মৃথে অন্ত কোন কথা নাই। স্বামীদ্ধীর কঠনিংকত রামনামন্থা পান করিরা সকলেই আন্ত মাডোয়ারা!

রামনামকীর্তনান্তে স্থামীলী পূর্বের স্থায় নেশার ঘোরেই গাহিতে লাগিলেন
—'লীতাপতি রামচন্দ্র রঘুপতি রঘুরাল।' স্থামী লারদানন্দ্র' একরপ-অরপনাম-বরণ' গানটি গাহিলেন। মৃদলের স্নিম্ব-গভীর নির্ঘোষে গলা খেন
উপলিয়া উঠিল, এবং স্থামী লারদানন্দের স্কর্ষ্ঠ ও ললে ললে মধুর আলাপে
গৃহ ছাইয়া ফেলিল। তৎপর শ্রীরামক্রফদেব বৈ-সকল গান গাহিতেন, ক্রমে
সেগুলি গীত ছইতে লাগিল।

এইবার স্থামীজী সহসা নিজের বেশভ্বা খুলিয়া গিরিশবাবৃকে সাদরে ঐ সকল পরাইয়া সাজাইতে লাগিলেন। নিজহতে গিরিশবাবৃর বিশাল দেহে ভশ্ব মাধাইয়া কর্ণে কুওল, মন্তকে জটাভার, কঠে ফল্রাক্ষ ও বাছতে ফল্রাক্ষ-বলয় দিতে লাগিলেন। গিরিশবাবৃ সে সজ্জায় বেন আর এক মৃতি হইয়া দাড়াইলেন; দেখিয়া ভক্তগণ অবাক হইয়া গেল! অনস্কর স্থামীজী বলিলেন:

পরমহংসদেব বলভেন, 'ইনি ভৈরবের অবভার।' আমাদের সঙ্গে এঁর কোনও প্রভেদ নেই।

গিরিশবাব্ নির্বাক্ হইয়া বিসয়া য়হিলেন। তাঁহার সয়্যাসী গুরুপ্রাতারা তাঁহাকে আজ বেরপ সাজে সাজাইতে চাহেন, তাহাঁতেই তিনি রাজী। অবশেষে স্বামীজীর আদেশে একখানি গেরুয়া কাপড় আনাইয়া গিরিশবাব্কে পরানো হইল। গিরিশবাব্ কোন আপত্তি করিলেন না। গুরুপ্রাতাদের ইচ্ছায় তিনি আজ অবাধে অল ঢালিয়া দিয়াছেন। এইবার স্বামীজী বলিলেন, 'জি. সি., তুমি আজ আমাদের ঠাকুরেয় (প্রীরামকৃষ্ণদেবের) কথা শোনাবে; (সকলকে লক্ষ্য করিয়া) তোরা সব হির হয়ে বস্।'

গিরিশবার্র তথমও মুখে কোন কথা নাই। খাছার জরোৎসবে আজ সকলে মিলিত হইরাছেন, তাঁহার লীলা ও তাঁহার লাক্ষাৎ পার্যলগণের আনন্দ দর্শন করিয়া তিনি আনন্দে জড়বৎ হইরাছেন। অবশেষে গিরিশবার বলিলেন, 'দরামর ঠাকুরের কথা আমি আর কি ব'লব? কামকাঞ্চন-ত্যাগী ভোষাদের ভার বালসর্যাসীদের সঙ্গে যে তিনি এ অধমকে একাসনে বলিতে অধিকার দিয়াছেন, ইহাতেই তাঁহার অপার করণা অহতের করি!' কথাগুলি বলিতে বলিতে গিরিশবার্র কণ্ঠরোধ হইরা আনিল, তিনি অন্ত কিছুই আর সেদিন বলিতে পারিলেন না!

অনন্তর খামীজী কয়েকটি হিন্দি গান গাহিলেন। এই সময়ে প্রথম পূজা শেব হওয়ায় ভক্তগণকে অলবোগ করিবার জন্ত ডাকা হইল। অলবোগ লাজ হইবার পর খামীজী নীচে বৈঠকখানা-ঘরে ঘাইয়া বলিলেন। সমাগত ভক্তেরাও তাঁহাকে ঘিরিয়া বলিলেন। উপবীতধারী অনৈক গৃহত্বকে সমোধন করিয়া খামীজী বলিলেন:

তোরা হচ্ছিস বিজাতি, বছকাল থেকে ব্রাভ্য হয়ে গেছলি। আজ থেকে আবার বিলাভি হলি। প্রভাহ গান্নতী-মন্ত্র অস্তভঃ এক শত বার অপবি বুঝলি?

গৃহস্ট 'ধে আজা' বলিয়া স্থামীনীর আজা শিরোধার্য করিলেন।
ইতোমধ্যে শ্রীযুক্ত মহেন্দ্রনাথ গুপ্ত (মান্টার মহাশয়) উপস্থিত হইলেন।
স্থামীনী মান্টার মহাশয়কে দেখিয়া সাদর সন্তাবণে আপ্যায়িত করিতে
লাগিলেন। মহেন্দ্রবার্ প্রণাম করিয়া এক কোণে দাঁড়াইয়াছিলেন। স্থামীনী
বারংবার বসিতে,বলায় জড়সড়ভাবে এক কোণে উপবিষ্ট হইলেন।
স্থামীনী। মান্টার মহাশয়, আজ ঠাকুরের জন্মদিন। ঠাকুরের কথা আজ

আমাদের কিছু শোনাতে ছবে।

মার্টার মহাশয় মৃত্ছাতে অবনতমতক হইয়া বহিলেন। ইভোমধ্যে আমী অথগুনেল মূর্লিদাবাদ হইতে প্রার দেও মণ ওজনের ত্ইটি পাভয়া লইয়া মঠে উপস্থিত হইলেন। অভ্ত পাভয়া ত্ইটি দেখিতে সকলে ছুটিলেন। অনভর আমীজী প্রভৃতিকে উহা দেখানো হইলে আমীজী বলিলেন, ঠাকুর্বরে নিয়ে বা।'

খামী অথতানন্দকে লক্য করিয়া খামীজী শিক্তকে বলিতে লাগিলেন:
কেখছিস্ কেমন কর্মবীর। ভয় যুত্যু—এ-সবের জান নেই; এক রোধে
কর্ম ক'রে বাচ্ছে 'বছজনছিতার বছজনভ্থার'।

শিক্ত। মহাশন্ন, কভ তপস্থান বলে ভাঁহাতে ঐ শক্তি আসিয়াছে।

- খামীজী। তপশ্তার ফলে শক্তি আসে। আবার পরার্থে কর্ম করনেই ভপশ্তা করা হয়। কর্মধোপীরা কর্মটাকেই ভপশ্তার অল বলে। তপশ্তা করতে করতে যেমন পরহিভেচ্ছা বলবতী হয়ে সাধককে কর্ম করায়, তেমনি আবার পরের অন্ত কাজ করতে করতে পরা ভপশ্তার ফল— চিত্তভদ্ধি ও পরমাত্মার দর্শনলাভ হয়।
- শিশু। কিন্তু মহাশন্ন, প্রথম হইতে পরের জক্ত প্রাণ দিরা কাজ করিতে কয় জন পারে? মনে এরূপ উদারতা আসিবে কেন, যাহাতে জীব আত্মস্থেচ্ছা বলি দিয়া পরার্থে জীবন দিবে?
- খামীজী। তপতাতেই বা কর জনের মন বার ? কামকাঞ্চনের আকর্ষণে কর জনই বা ভগবান লাভের আকাজ্ঞা করে ? তপতাও বেমন কঠিন, নিছাম কর্মও দেরপ। স্থত্রাং বারা পরহিতে কাজ ক'রে বার, তাদের বিরুদ্ধে তোর কিছু বলবার অধিকার নেই। তোর তপতা ভাল লাগে, ক'রে বা; আর একজনের কর্ম ভাল লাগে—তাকে তোর নিষেধ করবার কি অধিকার আছে ? তুই বুঝি বুঝে রেখেছিস—কর্মটা আর তপতা নর ?

শিশ্য। আজে হাঁ, পূর্বে তপস্থা অর্থে আমি অন্তরূপ বুঝিতাম।

স্বামীজী। বেমন সাধন-ভজন অভ্যাস করতে করতে তাতে একটা রোক জন্মায়, ভেমনি অনিছা সন্তেও কাজ করতে করতে হাদম ক্রমে তাতে ভূবে যায়। ক্রমে পরার্থ কর্মে প্রবৃদ্ধি হয় বুঝলি ? একবার অনিছা সন্তেও পরের সেবা ক'রে দেখ না, তপস্থার ফল লাভ হয় কি না। পরার্থে কর্মের ফলে মনের আঁক-বাঁক ভেঙে যায় ও মাহ্য ক্রমে অকপটে পরহিতে প্রাণ দিতে উন্মুখ হয়।

শিশ্ত। কিন্তু মহাশয়, পরহিতের প্রয়োজন কি ?

খামীজী। নিজহিতের জন্ত। এই দেহটা—বাতে 'আমি' অভিযান ক'রে বলে আছিল, এই দেহটা পরের জন্ত উৎসর্গ করেছি, এ কথা ভাবতে গেলে এই আমিষ্টাকেও ভূলে বেতে হয়। অভিনে বিদেহ-বৃদ্ধি আসে। তুই যত একাগ্রতার সহিত পরের ভাষনা ভাষনি, ভতটা আপনাকে ভূলে বাবি। এরপে কর্মে যখন ক্রমে চিন্তগুদ্ধি হয়ে আসবে, তথন ভোরই আজা সর্বজীবে সর্বঘটে বিরাজমান,—এ তত্ত্ব দেখতে পাবি। তাই পরের হিতসাধন হচ্ছে আপনার আজার বিকাশের একটা উপায়, একটা পথ। এও জানবি এক প্রকারের ঈশর-সাধনা। এরও উদ্দেশ্য হচ্ছে—আত্মবিকাশ। জ্ঞান ভক্তি প্রভৃতি সাধনা হারা বেমন আত্ম-বিকাশ হয়, পরার্থে কর্ম হারাও ঠিক তাই হয়।

- শিশু। কিন্তু মহাশয়, আমি যদি দিনরাত পরের ভাবনাই ভাবিব, তবে আত্মচিস্তা করিব কথন ? একটা বিশেষ ভাব লইয়া পড়িয়া থাকিলে অভাবরূপী আত্মার কিরূপে সাক্ষাৎকার হইবে ?
- স্বামীনী। আত্মজানলাভই সকল সাধনার—সকল পথের মুখ্য উদেশু। তুই বিদ সেবাপর হয়ে ঐ কর্মফলে চিত্তগুদ্ধি লাভ ক'রে সর্বজীবকে আত্মবং দর্শন করতে পারিল তো আত্মদর্শনের বাকি কি রইল? আত্মদর্শন মানে কি অড়ের মতো—এই দেওয়ালটা বা কাঠখানার মতো হয়ে বলে থাকা?
- শিশ্ব। তাহা না হইলেও সর্ববৃত্তির ও কর্মের নিরোধকেই তো শাল্প আত্মার অ-অক্সপাবস্থান বলিয়াছেন ?
- যামীনী। শাস্ত্রে বাকে 'সমাধি' বলা হয়েছে, দে অবস্থা ভো আর সহজে
 লাভ হয় না। কদাচিৎ কারও হলেও আধক কাল স্থায়ী হয় না।
 ভখন দে কি নিয়ে থাকবে বল্? সে-জয়্ম শাস্ত্রোক্ত অবস্থালাভের পর
 লাধক সর্বভূতে আত্মদর্শন ক'রে, অভিয়-জ্ঞানে সেবাপর হয়ে প্রারক্ত
 কয় করে। এই অবস্থাচাকেই শাস্ত্রকারেরা জীবমুক্ত অবস্থা ব'লে
 গেছেন।
- শিশু। তবেই তো এ কথা দাঁড়াইতেছে মহাশন্ন যে, জীবস্তির অবহা লাভ না করিলে ঠিক ঠিক পরার্থে কাজ করা যায় না।
- খামীজী। শাল্পে ঐ কথা বলেছে; আবার এও বলেছে বে, পরার্থে সেবাপর হ'তে হ'তে সাধকের জীবমুক্তি-অবস্থা ঘটে; নতুবা 'কর্মবোর' ব'লে একটা আলাদা পথ উপদেশ করবার শাল্পে কোনই প্রয়োজন ছিল না।

শিশু এভক্ষণে ব্ৰিয়া হির হইল; খামীজীও ঐ প্রস্থ ভাাগ করিয়া কিন্ত্র-কঠে গান ধরিলেন:

ত্থিনী আন্দণীকোলে কে শুরেছ আলো ক'রে।
কেরে ওরে দিগখর এসেছ কুটীর-ঘরে ॥
মরি মরি দ্ধপ হেরি, নয়ন ফিরাডে নারি,
কদম-সভাপহারী সাধ ধরি ক্ষদি 'পরে ॥
ভূতলে অতুল মণি, কে এলি রে যাত্মণি,
তাপিতা হেরে অবনী এসেছ কি সকাতরে।
ব্যথিতে কি দিতে দেখা, গোপনে এসেছ একা,
বদনে করুণামাখা, হাস কাঁদ কার তরে ॥ '

গিরিশবার ও ভজেরা সকলে তাঁহার সকে সকে ঐ গান গাহিতে লাগিলেন। 'তাশিতা হেরে অবনী এসেছ কি সকাতরে'—পদটি বারবার পীত হইতে লাগিল। অতঃপর 'মজলো আমার মন-অমরা কালী-পদ-নীলকমলে' ইত্যাদি কয়েকটি গান হইবার পরে তিথিপুজার নিয়মাহ্বারী একটি জীবিত মংশু বাভোজমের সহিত গলার ছাড়া হইল। তারপর মহাপ্রসাদ গ্রহণ করিবার জন্ম ভজেদিগের মধ্যে ধুম পড়িয়া গেল।

38

স্থান—কলিকাতা, ৮বলরামবাবুর বাটা কাল—মার্চ (গু) ১৮৯৮

খানীজী আজ ছই দিন বাবং বাগবাজারে বলরাম বস্থর বাটাতে অবহান করিতেছেন। শিশ্রের স্থতরাং বিশেষ স্থবিধা—প্রত্যাহ তথার বাভারাত করে। অভ সন্ধ্যার কিছু পূর্বে খানীজী ঐ বাটার ছালে বেড়াইতেছেন। শিশু ও অভ চার-পাঁচ জন লোক সলে আছে। বড় গরম পড়িয়াছে। খানীজীর খোলা গা। বীরে ধীরে দক্ষিণে হাওয়া দিভেছে। বেড়াইতে

শীরামকুক-জম্মোৎসৰ উপলকে নাট্যকার শিরিশচন্দ্র বোব কর্তৃক রচিত।

বেড়াইতে স্বামীনী শুক্রগোবিন্দের কথা পাড়িয়া তাঁহার ত্যাগ তপস্থা ডিতিক্ষা ও প্রাণপাতী পরিপ্রমের ফলে শিশুকাতির কিরূপে প্ররভ্যথান হইয়াছিল, কিরুপে তিনি ম্সলমান ধর্মে দীক্ষিত ব্যক্তিগণকে পর্যন্ত দীকা দান করিয়া প্ররায় হিন্দু করিয়া শিশুকাতির অন্তর্ভুক্ত করিয়া লইয়াছিলেন, এবং কিরুপেই বা ডিনি নর্মদাতীরে মানবলীলা সংবরণ করেন, ওল্পবিনী ভাষায় সে-সকল বিষয়ের কিছু কিছু বর্ণনা করিতে লাগিলেন। শুক্রগোবিন্দের নিকট দীক্ষিত ব্যক্তিদের মধ্যে তথন বে কি মহাশক্তি সঞ্চারিত হইত, তাহার উল্লেখ করিয়া স্বামীনী শিশুকাতির মধ্যে প্রচলিত একটি দৌহা আর্ত্তি করিলেন:

সওয়া লাখ পর এক চড়াউ। বব্ গুরু গোবিন্দ্ নাম ভনাউ॥

অর্থাৎ গুরুগোবিন্দের নিকট নাম (দীক্ষামন্ত্র) গুনিয়া এক এক ব্যক্তিতে সওয়া লক্ষ অপেকাও অধিক লোকের শক্তি সঞ্চারিত হইত। গুরুগোবিন্দের নিকটে দীক্ষা গ্রহণ করিলে তাঁহার শক্তিতে জীবনে যথার্থ ধর্মপ্রাণতা উপস্থিত হইয়া তাঁহার প্রত্যেক শিয়ের অন্তর এমন অন্তত বীরত্বে পূর্ণ হইত যে, সে তথন সওয়া লক্ষ বিধর্মীকে পরাজিত করিতে সমর্থ হইত। ধর্মহিমাস্ট্রক ঐ কথাগুলি বলিতে বলিতে স্বামীজীর উৎসাহ-বিক্ষারিত নয়নে যেন তেজ ফুটিয়া বাহির হইতে লাগিল। প্রোত্রক্ষ তের হইয়া স্বামীজীর মৃথপানে চাহিয়া উহাই দেখিতে লাগিল। কি অন্ত উৎসাহ ও শক্তিই স্বামীজীর ভিতরে ছিল! যথন যে বিষয়ে কথা পাড়িতেন, তথন তাহাতে তিনি এমন তয়য় হইয়া যাইতেন যে, মনে হইত ঐ বিষয়কেই তিনি ব্রি জগতের অন্ত সকল বিষয় অপেক্ষা বড় এবং উহা লাভই মহয়জীবনের একমাত্র লক্ষ্য বলিয়া বিবেচনা করেন।

কিছুকণ পরে শিশু বলিল, 'মহাশর, ইহা কিন্ত বড়ই অভুত ব্যাপার যে, গুরুগোবিন্দ হিন্দু ও মুসলমান উভয়কেই নিজ ধর্মে দীক্ষিত করিয়া একই উদ্দেশ্যে চালিত করিতে পারিয়াছিলেন। ভারতবর্ষের ইভিহাদে এরূপ বিতীয় দৃষ্টান্ত কেখা বায় না ?

খামীলী। Common interest (একপ্রকারের খার্থচেষ্টা) না হ'লে লোক কথনও একডাস্ত্রে খাবদ হর না। সভা সমিতি লেকচার যার। সর্বসাধারণকৈ কথনও unite (এক) করা বায় না—বদি তাদের interest (সার্থ) না এক হয়। গুরুপোবিন্দ ব্রিয়ে দিয়েছেন যে, তদানীন্দন কালের কি ছিলু কি মুসলমান—সকলেই ঘোর আত্যাচার-অবিচারের রাজ্যে বাস করছে। গুরুপোবিন্দ common interest create (একপ্রাকারের স্বার্থচেটার স্টি) করেননি, কেবল সেটা ইভরসাধারণকে ব্রিয়ে দিয়েছিলেন মাত্র। ভাই ছিলু-মুসলমান স্বাই তাঁকে follow (অহ্নরণ) করেছিল। তিনি মহা শক্তিসাধক ছিলেন। ভারতের ইভিহাসে এরপ দৃষ্টান্ড বিরল।

় রাত্রি হইতেছে দেখিয়া স্বামীজী সকলকে সজে লইয়া দোতলার বৈঠকখানার নামিরা আসিলেন। তিনি এখানে উপবেশন করিলে সকলে তাঁহাকে আবার ঘিরিয়া বসিল। এই সময়ে miracle (সিদ্ধাই) সম্বন্ধ কথাবার্তা উঠিল।

খামীজী। সিদ্ধাই বা বিভৃতি-শক্তি অতি সামাক্ত মন:সংখমেই লাভ করা যার।
(শিশুকে উপলক্ষ্য করিয়া) তুই thought-reading (অপরের মনের
কথা ঠিক ঠিক বলা) শিখবি ? চার-পাঁচ দিনেই ভোকে ঐ বিভাটা
শিখিয়ে দিতে পারি।

শিখা ৷ ভাতে কি উপকার হবে ?

খামীজী। কেন ? পরের মনের ভাব জানতে পারবি।

শিয়। তাতে ব্ৰহ্মবিভালাভের কিছু সহায়তা হবে কি ?

সামীজী। কিছুমাত নয়।

শিখ। তবে আমার ঐ বিভা শিধিবার প্রয়োজন নাই। কিন্তু মহাশর, আপনি শ্বয়ং সিন্ধাই সম্বন্ধে বাহা প্রত্যক্ষ করিয়াছেন বা দেধিয়াছেন, ভাষা শুনিতে ইচ্ছা হয়।

খানীজী। আমি একবার হিমানয়ে ভ্রমণ করতে করতে কোন পাহাড়ী গ্রামে এক রাত্রের জন্ত বাদ করেছিলাম। সন্ধ্যার থানিক বাদে ঐ গাঁরে মাদলের খুব বাজনা শুনতে পেরে বাড়িওরালাকে জিজ্ঞাদা ক'রে জানতে পারলুম—গ্রামের কোন লোকের উপর 'দেবভার ভর' হয়েছে। বাড়িওরালার আগ্রহাভিশব্যে এবং নিজের curiosity (কোভূহল) চরিভার্থ করবার জন্ত ব্যাপারথানা দেখতে যাওয়া গেল। গিয়ে দেখি, 🕟 বছলোকের স্মাবেশ। সমা ঝাঁকড়াচুলো একটা পাহাড়ীকে দেখিয়ে বললে, এরই উপর 'দেবভার ভর' হরেছে। দেখলুম, তার কাছেই একধানি কুঠার আগুনে পোড়াতে দেওয়া হয়েছে। থানিক বাদে দেখি, অগ্নিবর্ণ কুঠারখানা ঐ উপদেবতাবিষ্ট লোকটার দেহের স্থানে হানে লাগিয়ে ছ্যাকা দেওয়া হচ্ছে, চুলেও লাগানো হচ্ছে! কিছ আশ্চর্ণের বিষয়, ঐ কুঠারস্পর্শে তার কোনও অন্ধ বা চুল দগ্ধ হচ্ছে না বা ভার মূথে কোনও কটের চিহ্ন প্রকাশ পাচ্ছে না ! দেখে অবাক হয়ে গেলুম। ইতিমধ্যে গাঁরের মোড়ল করজোড়ে আমার কাছে এদে ব'লল, 'মহারাজ, আপনি দয়া ক'রে এর ভূতাবেশ ছাড়িয়ে দিন।' আমি তো ভেবে অন্থির! কি করি, সকলের অহুরোধে ঐ উপদেবতাবিষ্ট লোকটার কাছে খেতে হ'ল। গিয়েই কিছ আগে কুঠারখানা পরীকা করতে ইচ্ছা হ'ল। বাই হাত দিয়ে ধরা, হাত পুড়ে গেল। তথন কুঠারটা তবু কালো হয়ে গেছে। হাতের জালায় তো অহির। থিওরি-মিণ্ডার তখন সব লোপ পেয়ে পেল। কি করি, জালায় অহির হয়েও ঐ লোকটার মাথায় হাত দিয়ে ধানিকটা জপ করলুম। আশ্চর্যের বিষয়, এরূপ করার দশ-বার মিনিটের মধ্যেই লোকটা স্থন্থ হয়ে গেল। তথন গাঁয়ের লোকের আমার উপর ভক্তি দেখে কে! আমায় একটা কেষ্ট-বিষ্টু ঠাওরালে। আমি কিছ ব্যাপারধানা কিছু ব্ঝতে পারদুম না। অগত্যা বিনা বাক্যব্যয়ে আশ্রয়দাভার সঙ্গে ভার কুটারে ফিরে এলুম। তথন রাভ ১২টা হবে। এনে ওয়ে পড়লুম। কিন্তু হাতের জালায়, জার এই ব্যাপারের কিছুমাত্র রহস্তভেদ করতে পারলুম না ব'লে চিস্তায় খুম হ'ল না। জলস্ত কুঠারে মাছবের শরীর দগ্ধ হ'ল না দেখে কেবলই মনে হ'তে লাগল, 'There are more things in heaven and earth...than are dreamt of in your philosophy 1'3

শিক্ত। পরে ঐ বিষয়ের কোন স্থমীমাংসা করিতে পারিয়াছিলেন কি ?

> Hamlet—Shakespeare বর্গে ও পৃথিবীতে এমন অনেক ব্যাপার আছে, দর্শনশান্তে বা কল্পনা করা বায় না ।

খাৰীখী। না। আৰু কথার কথার ঘটনাটি মনে পড়ে পেল। ভাই তাদের বলসুম।

অনন্তর স্বামীজী পুনরার বলিতে লাগিলেন:

ঠাকুব কিন্তু শিলাই-এর বড় নিলা করতেন; বলতেন, 'ঐ-সকল শক্তি-' প্রকাশের দিকে মন দিলে পরমার্থ-ভল্নে পৌছানো বায় না।' কিন্তু মাহুষের এমনি তুর্বল মন, গৃহত্বের তো কথাই নেই, সাধুদের মধ্যেও চৌদ্দ আনা লোক সিন্ধাই-এর উপাসক হয়ে পড়ে। পাশ্চাত্য দেশে ঐ প্রকার ব্যক্তিকি দেশলে লোকে অবাক হয়ে বায়। সিন্ধাই-লাভটা বে একটা বারাপ জিনিস; ধর্মপথের অন্তর্যার, এ কথা ঠাকুর রূপা ক'রে ব্রিয়ে দিয়ে গেছেন, তাই ব্রুতে পেরেছি। সে-জন্ম দেখিসনি—ঠাকুরের সন্তানেরা কেউই ঐ দিকে খেয়াল রাখে না?

স্থামী যোগানন্দ এই সময়ে স্থামীজীকে বলিলেন, 'তোমার সঙ্গে মাক্রাজে যে একটা ভূতুভের দেখা হয়েছিল, সেই কথাটা বাঙাল-কে বলো না।'

শিশু ঐ বিষয় ইতঃপূর্বে শুনে নাই, শুনিবার জন্ম জেদ করিয়া বসিলে অগত্যা খামীজী ঐ কথা এইরপে বলিলেন:

মাজাজে যখন মন্নথবাব্ব বাড়ীতে ছিল্ম, তথন একদিন খপ্ন দেখল্ম, মাং মারা গেছেন! মনটা ভারী খারাপ হরে গেল। তখন মঠেও বড় একটা চিঠিপত্র লিখত্ম না—তা বাড়িতে লেখা তো দ্রের কথা। মন্নথবাব্কে খপ্নের কথা বলার তিনি তখনই ঐ বিষয়ের সংবাদের জন্ত কলকাভার 'ভার' করলেন। কারণ খপ্রটা দেখে মনটা বড়ই খারাপ হরে গিরেছিল। আবার, এদিকে মাজাজের বন্ধুগণ তখন আমার আমেরিকার যাবার যোগাড় ক'রে ভাড়া লাগাছিল; কিছু মারের শারীরিক কুণল সংবাদটা না পেরে বেতে ইচ্ছা হচ্ছিল না। আমার ভাব ব্রে মন্নথবারু বললেন বে, শহরের কিছু দ্রে একজন পিশাচনিদ্ধ লোক বাস করে, সে জীবের শুভাণ্ডত ভূত-ভবিশ্বৎ সব খবর ব'লে দিতে পারে। মন্মথবাবুর অহ্রোধে ও নিজের মানসিক উদ্বেগ দূর করতে ভার নিকট বেতে রাজী হল্ম। মন্নথবার, আমি, আলাসিদা

> ৺মত্েশচন্ত্র ভাররত্ব মহাশরের জ্যেষ্ঠ পুত্র মন্মধনাথ ভট্টাচার্য মাজাজে একাউণ্টেণ্ট জেমারেল ছিলেন।

২ স্বামীজীয় গর্ভধারিণী

ও আর একজন থানিকটা রেলে ক'রে, পরে পারে হেঁটে লেথানে ভা লেপুর।
গিরে দেখি শ্রশানের পাশে বিকটাকার, ভঁটকো ভূষ-কালো একটা লোক
বলে আছে। তার অহচরগণ 'কিড়িং মিড়িং' ক'রে মাজ্রাজি ভাষার বুঝিয়ে
'দিলে, উনিই পিশাচনিত্ব পুরুষ। প্রথমটা লে ভো আমাদের আমদের
আনলে না। তারপর যথন আমরা কেরবার উন্ভোগ করছি, তথন আমাদের
দাঁড়াবার জক্ত অহরোধ করলে। সদী আলানিলাই দোভাষীর কাজ
করছিল; আমাদের দাঁড়াবার কথা বললে। ভারপর একটা পেনসিল দিয়ে
লোকটা খানিকজণ ধরে কি আঁক পাড়ভে লাগল। পরে দেখলুম, লোকটা
concentration (মন একাগ্র) ক'রে যেন একেবারে দ্বির হয়ে প'ড়ল।
ভারপর প্রথমে আমার নাম গোজ চৌদ্পুরুষের থবর বললে; আর বললে বে,
ঠাকুর আমার সঙ্গে দলে নিয়ভ ফিরছেন! মারের মঙ্গল সমাচারও বললে!
ধর্মপ্রচার করতে আমাকে যে বছদ্রে অভি দীল্ল বেতে হবে, ভাও বলে দিলে!
এইরপে মারের মঙ্গলগংবাদ পেরে ভট্টাচার্বের সঙ্গে শহরে ফিরে এলুম। এনে
কলকাভার ভারেও মারের মঙ্গল সংবাদ পেলুম।

বোগানদ খামীকে লক্য করিয়া খামীলী বলিলেন:

ব্যাটা কিন্তু যা যা বলেছিল, ঠিক তাই তাই হয়ে গেল; তা সেটা 'কাকতালীয়ের' স্থায়ই হোক, বা যাই হোক।

বোগানন। তৃমি পূর্বে এ-সব কিছু বিশাস করতে না, তাই তোমার ঐ সকল দেখবার প্রয়োজন হয়েছিল !

খামীজী। আমি কি না দেখে, না শুনে যা তা কতকপ্রলো বিখাস করি?

এমন ছেলেই নই। মহামায়ার রাজ্যে এসে জগৎ-ভেলকির সঙ্গে সঙ্গে
কত কি ভেলকিই না দেখলুম। মায়া—মায়া!! রাম রাম! আজ

কি ছাইভন্ম কথাই সব হ'ল। ভূত ভাবতে ভাবতে লোকে ভূত হয়ে
বায়। আয় বে দিনরাত জানতে-অজানতে বলে, 'আমি নিড্য শুক
বৃদ্ধ মৃক্ত আজা', সেই ব্রহ্মক্ত হয়।

এই বলিয়া স্বামীলী ম্বেহভৱে শিশুকে লক্ষ্য করিয়া বলিলেন:

এইসব ছাইভন্ম কথাগুলোকে মনে কিছুমাত্র স্থান দিবিনি। কেবল সদসৎ বিচার করবি—আত্মাকে প্রভাক্ষ করতে প্রাণপণ বত্ব করবি। আত্মজানের চেয়ে শ্রেষ্ঠ আর কিছুই নেই। আর সবই মায়া—ভেলকিবাজি! এক প্রত্যাত্মাই অবিভণ সভা। এ কথাটা ব্বেছি; সে জন্তই ভোদের বুঝাবার চেটা করছি। 'একমেবাছয়ং এল নেহ নানান্তি কিঞ্ন'।

কথা বলিতে বলিতে রাত্রি ১১টা বাজিয়া গেল। অনন্তর স্বামীজী আহারান্তে বিশ্রাম করিতে গেলেন। শিশু স্বামীজীর পাদপদ্মে প্রণত হইরা বিদার গ্রহণ করিল। স্বামীজী বলিলেন, 'কাল আসবি ভো?' শিশু। আজে আসিব বইকি? আপনাকে দিনান্তে না দেখিলে প্রাণ ব্যাকুল হইরা ছটফট করিতে থাকে।

ব্যাপুণ ধ্বরা ছটফট কারতে থাকে। স্বামীজী। ভবে এখন আয়, রাত্তি হয়েছে।

20

স্থান—বেশুড়, ভাড়াটিয়া মঠ-বাটী কাল—নভেম্বর, ১৮৯৮

আজ হই-তিন দিন হইল সামীজী কাশ্মীর হইতে প্রত্যাবর্তন করিয়াছেন।
শরীর তেমন ভাল নাই। শিশু মঠে আসিতেই স্বামী ব্রহ্মানন্দ বলিলেন,
'কাশ্মীর থেকে ফিরে আসা অবধি স্বামীজী কারও সঙ্গে কোন কথাবার্তা কন না, তন্ধ হয়ে বদে থাকেন। তুই স্বামীজীর কাছে গল্পর ক'রে স্বামীজীর মনটা নীচে আনতে চেটা করিস।'

শিশু উপরে স্বামীজীর ঘরে গিয়া দেখিল, স্বামীজী মৃক্ত-পদ্মাননে পূর্বাস্থ হইয়া বিদিয়া আছেন, যেন গভীর ধ্যানে ময়, মৃথে হাসি নাই, প্রদীপ্ত নয়নে বহির্ম্থী দৃষ্টি নাই, যেন ভিতরে কিছু দেখিতেছেন। শিশুকে দেখিবামাত্র বলিলেন, 'এলেছিস বাবা, বোস'—এই পর্যস্ত। স্বামীজীর বামনেত্রের ভিতরটা রক্তবর্ণ দেখিয়া শিশু জিজ্ঞাসা করিল, 'আপনার চোধের ভিতরটা লাল হইয়াছে কেন?' 'ও কিছু না' বলিয়া স্বামীজী প্নরায় স্থির হইয়া বিদিয়া রহিলেন। সানেককণ পরেও বখন স্বামীজী কোন কথা কহিলেন না, তখন শিশু অধীর হইয়া স্বামীজীর পাদপদ্ম স্পর্শ করিয়া বলিল, '৺স্বয়রনাথে বাহা বাহা প্রত্যক্ষ করিলেন, ভাহা স্বামাকে বলিবেন না?' পাদস্পর্শে

শ্বামীজীর যেন একটু চমক ভাঙিল, যেন একটু বছিদৃষ্টি আলিল, বলিলেন, 'অমরনাথ-দর্শনের পর থেকে আমার মাথায় চকিল ঘটা যেন শিব বৃদ্দে আছেন, কিছুতেই নাবছেন না।' শিশু শুনিরা অবাক হইরা বহিল।
শ্বামীজী। ৺অমরনাথ ও পরে ৺কীরভবানীর মন্দিরে থ্ব তপশ্যা করেছিলাম।
যা, তামাক সেজে নিরে আয়।

. শিশু প্রফুলমনে স্বামীনীর স্বাক্তা শিরোধার্ব করিয়া তামাক সানিয়া দিল । স্বামীনী স্বান্তে স্বান্তে ধ্মপান করিতে করিতে বলিতে লাগিলেন:

অমরনাথ বাবার কালে পাহাড়ের একটা থাড়া চড়াই ভেঙে উঠেছিলুম। লে রান্তার বাত্রীরা কেউ বার না, পাহাড়ী লোকেরাই বাওয়া-আসা করে। আমার কেমন রোক হ'ল, ঐ পথেই বাব। বাব তো বাবই। সেই পরিশ্রমে শরীর একটু দমে গেছে। ওথানে এমন কনকনে শীত বে, গারে বেন ছুঁচ ফোটে।

শিশু। শুনেছি, উলঙ্গ হয়ে ৺অমরনাথকে দর্শন করিতে হয়; কথাটা কি সত্য ? স্বামীজী। ইা, আমিও কৌপীনমাত্র পরে ভন্ম মেথে গুহায় প্রবেশ করে-ছিলাম; তথন শীত-গ্রীম কিছুই জানিতে পারিনি। কিছু মন্দির থেকে বেরিয়ে ঠাগ্রায় বেন জড় হয়ে গিয়েছিলাম।

শিষ্য। পায়রা দেখিয়াছিলেন কি? শুনিয়াছি সেধানে ঠাণ্ডায় কোন জীবজন্তকে বাস করিতে দেখা যায় না, কেবল কোথা হইতে এক ঝাঁক খেত পারাবত মধ্যে মধ্যে জাদিয়া থাকে।

স্বামীঞী। হাঁ, ৩।৪টা সাদা পায়রা দেখেছিলুম। তারা ওহায় থাকে কি নিকটবর্তী পাহাড়ে থাকে, তা বুঝতে পারলুম না।

শিশু। মহাশন্ন, লোকে বলে শুনিরাছি—শুহা হইতে বাহিরে আদিরা বদি
কেহ সাদা পাররা দেখে, তবে বুঝা বার তাহার সত্যসত্য শিবদর্শন হইল।
আমীলী। শুনেছি পাররা দেখলে যা কামনা করা যায়, তাই সিদ্ধ হয়।

অনন্তর খামীজী বলিলেন, আদিবার কালে তিনি সকল বাত্রী বে রান্তার কেরে, সেই রান্তা দিয়াই শ্রীনগরে আদিয়াছিলেন। শ্রীনগরে ফিরিবার অন্তর্দিন পরেই ৺কীরভবানী দেবীকে দর্শন করিতে বান এবং সাতদিন তথার অবস্থান করিয়া ক্ষীর দিয়া দেবীর উদ্দেশে পূজা ও হোম করিয়াছিলেন। প্রতিদিন এক মণ ছধের কীর ভোগ দিতেন ও হোম করিছেন। একদিন পূজা করিতে করিতে স্বামীশীর মনে উঠিয়াছিল:

মা ভবানী এখানে সভাসভাই কত কাল ধরিয়া প্রকাশিত রহিরাছেন! প্রাকালে ঘবনেরা আসিয়া ভাঁহার মন্দির ধ্বংস করিয়া বাইল, অথচ এখানকার লোকগুলো কিছুই করিল না। হায়, আমি যদি তথন থাকিতাম, তবে কখনও উহা চুপ করিয়া দেখিতে পারিতাম না—এরপ ভাবিতে ভাবিতে ভাঁহার মন ঘখন তৃংখে কোভে নিভান্ত পীড়িত, তথন স্পষ্ট ভনিতে পাইলেন, মা বলিতেছেন, 'আমার ইচ্ছাভেই ঘবনেরা মন্দির ধ্বংস করিয়াছে, আমার ইচ্ছা—আমি জীর্ণ মন্দিরে অবস্থান করিব। ইচ্ছা করিলে আমি কি এখনি এখানে সপ্ততল সোনার মন্দির তুলিতে পারি না? তুই কি করিতে পারিস দ তোকে আমি রক্ষা করিব, না তুই আমাকে রক্ষা করিবি?'

খামীজী বলিলেন, 'ঐ দৈববাণী শোনা অবধি আমি আর কোন সহক্র
রাখি না। মঠ-ফঠ করবার সহর ত্যাগ করেছি; মায়ের বা ইচ্ছা ভাই হবে।'
শিশ্য অবাক হইয়া ভাবিতে লাগিল, ইনিই না একদিন বলিয়াছিলেন, 'বা কিছু
দেখিল ভনিল তা ভোর ভেতরে অবস্থিত আত্মার প্রতিধ্বনিমাত্র। বাইরে
কিছুই নেই।' শিশ্য স্পাই বলিয়াও ফেলিল, 'মহাশয়, আপনি ভো বলিভেন—
এই সকল দৈববাণী আমাদের ভিতরের ভাবের বাহু প্রতিধ্বনি মাত্র।' খামীজী
গন্ধীর হইয়া বলিলেন, 'তা ভেতরেরই হোক আর বাইরেরই হোক, তুই বদি
নিজের কানে আমার মতো ঐরপ অশরীরী কথা ভনিল, তা হ'লে কি মিধ্যা
বলতে পারিল ? দৈববাণী সত্যসত্যই শোনা বায়; ঠিক বেমন এই আমাদের
কথাবার্তা হচ্ছে—ভেমনি।'

শিক্ত আর বিক্তি না করিয়া খামীজীর বাক্য খিরোধার্য করিয়া লইল; কারণ খামীজীর কথায় এমন এক অভ্ত শক্তি ছিল ধে, তাহা না মানিয়া থাকা বাইত না—যুক্তিতর্ক বেন কোথায় ভাসিয়া ঘাইত!

শিশু এইবার প্রেভাত্মাদের কথা পাড়িল। বলিল, 'মহাশন্ধ, এই ফে ড্তপ্রেভাদি বোনির কথা শোনা যান্ধ, শাত্মেও বাহার ভ্রোভ্রঃ সমর্থন দৃষ্ট হর, সে-সকল কি সভাসভা আছে ?

খামীজী। সভ্য বইকি। তুই বা না দেখিস, তা কি আর সভ্য নয়? তোর দৃষ্টির বাইরে কভ বন্ধাও দ্রদ্রান্তরে খুরছে। তুই দেখতে পাস না

ব'লে তাদের কি আর অন্তিম্ব নেই ? তবে ঐসব ভূত্ত্তে কাণ্ডে মন দিসনে, ভাববি ভূতপ্রেত আছে তো আছে। ডোর কাল্ড হচ্ছে—এই শরীর-মধ্যে বে আত্মা আছেন, তাঁকে প্রত্যক্ষ করা। তাঁকে প্রত্যক্ষ করতে পারলে ভূতপ্রেত ভোর দাসের দাস হয়ে যাবে।

শিশু। কিন্তু মহাশন্ত, মনে হয়—উহাদের দেখিতে পাইলে পুনর্জন্মাদি-বিশাস
খুব দৃঢ় হয় এবং পরলোকে আর অবিশাস থাকে না।

স্বামীজী। তোরা তো মহাবীর; তোরা আবার ভ্তপ্রেত দেখে পরলোকে কি দৃঢ় বিশ্বাস করবি ? এত শাস্ত্র, science (বিজ্ঞান) পড়লি—এই বিরাট বিশ্বের কত গৃঢ়তত্ত্ব জানলি—এতেও কি ভূতপ্রেত দেখে আত্মজান লাভ করতে হবে ? ছি: ছি:!

শিয়। আছা মহাশয়, আপনি স্বয়ং ভূতপ্রেত কথন দেখিয়াছেন কি ?

স্বামীজী বলিলেন, তাঁহার সংসার-সম্পর্কীয় কোন ব্যক্তি প্রেক্ত হইয়া তাঁহাকে মধ্যে মধ্যে দেখা দিত। কখন কখন দ্র দ্রের সংবাদসকলও আনিয়া দিত। কিন্তু তিনি পরীক্ষা করিয়া দেখিয়াছিলেন তাহার কথা সকল সময়ে সত্য হইত না। পরে কোন এক তীর্থে বাইয়া 'সে মৃক্ত হয়ে য়াক'—এইয়প প্রার্থনা করা অবধি তিনি আর তাহার দেখা পান নাই।

প্রাদাদি বারা প্রেভাত্মার তৃথি হয় কি না, এই প্রশ্ন করিলে বামীজী কহিলেন, 'উহা কিছু অসম্ভব নয়।' শিশু ঐ বিষয়ের যুক্তিপ্রমাণ চাহিলে বামীজী কহিলেন, 'ভোকে একদিন ঐ প্রসঙ্গ ভালরূপে ব্যিয়ে দেব। প্রাদাদি বারা বে প্রেভাত্মার তৃথি হয়, এ বিষয়ে অকাট্য যুক্তি আছে। আজ আমার শরীর ভাল নয়, অগু একদিন ব্রিয়ে দেব।' শিশু কিছ এ জীবনে বামীজীর কাছে আর ঐ প্রশ্ন করিবার অবকাশ পায় নাই।

36

স্থান—বেল্ড্, ভাড়াটিরা মঠ-বাটী কাল—নভেম্বর, ১৮১৮

বেল্ড়ে নীলাম্ববাব্র বাগানে এখনও মঠ বহিরাছে। অগ্রহারণ মাসের শেব ভাগ। স্বামীলী এই সময় সংস্কৃত শাস্ত্রাদির বহুধা আলোচনার তৎপর। 'আচগুলাপ্রতিহতরয়:' ইত্যাদি শ্লোক-তৃইটি তিনি এই সময়েই রচনা করেন। আজ স্বামীজী 'ওঁ হ্রীং অতং' ইত্যাদি স্ববটি রচনা করিয়া শিশ্রের হাতে দিয়া বলিলেন, 'দেখিস, এতে কিছু ছন্দপতনাদি দোব আছে কিনা।' শিশ্র স্বীকার করিয়া উহার একখানি নকল করিয়া লইল।

খামীজী যে দিন ঐ শুবটি রচনা করেন, সে দিন খামীজীর জিহ্নায় বেন সরস্থতী আরুচা হইয়াছিলেন। শিশ্যের সহিত অনর্গল হুললিত সংস্কৃত ভাষার প্রায় ত্-ঘণ্টা কাল আলাপ করিয়াছিলেন। এমন হুললিত বাক্যবিদ্যাস বড় বড় পণ্ডিতের মুখেও সে কথন শোনে নাই।

শিশু শুবটি নকল করিয়া লইবার পর স্বামীজী তাহাকে বলিলেন, 'দেশ, ভাবে তন্ময় হয়ে লিখতে লিখতে সময়ে সময়ে স্বামার ব্যাকরণগত স্থলন হয়; তাই তোদের বলি দেখে-শুনে দিতে।'

শিয়। মহাশয়, ও-সব খলন নয়—উহা আর্য প্রয়োগ।

। তুই তো বললি, কিছু লোকে তা ব্যবে কেন? এই দেদিন 'হিন্দ্ধর্ম কি?' ব'লে একটা বাঙলায় লিখল্ম—তা তোদের ভেতরই কেউ কেউ বলছে, কটমট বাঙলা হয়েছে। আমার মনে হয় সকল জিনিসের মতো ভাষা এবং ভাবও কালে একঘেয়ে হয়ে যায়। এদেশে এখন একপ হয়েছে বলে বোধ হয়। ঠাকুরের আগমনে ভাব ও ভাষায় আবার নৃতন শ্রোভ এসেছে। এখন সব নৃতন ছাঁচে গড়তে হবে। নৃতন প্রতিভার ছাপ দিয়ে সকল বিষয় প্রচার করতে হবে। এই দেখ না—আগেকার কালের সন্মানীদের চালচলন ভেঙে গিয়ে এখন কেমন এক নৃতন ছাঁচ দাঁড়িয়ে যাছে। সমাজ এর বিক্লছে বিত্তর প্রতিবাদও

> এই अञ्चावनीत वर्ष थएक 'वीतवानी' चारान जहेवा ।

করছে। কিন্তু ভাতে কিছু হচ্ছে কি ?—না আমরাই ভাতে ভর পাছি ? এখন এ-সৰ সন্থাসীদের দ্রদ্রান্তরে প্রচারকার্বে বেভে হবে—ছাইমাখা অর্ধ-উলক প্রাচীন সর্যাগীদের বেশভূষার গেলে প্রথম ভো জাহাজেই নেবে না; এরণ বেশে কোনরপে ওদেশে পৌছলেও তাকে কারাগারে থাকতে হবে। দেশ, সভ্যতা ও সময়ের উপযোগী ক'রে সকল বিষয়ই কিছু কিছু change (পরিবর্তন) ক'রে নিতে হয়। এর পর বাঙলা ভাষায় প্রবন্ধ লিখব মনে করছি। সাহিত্যসেবিগণ হয়তো ভা দেখে গালমন করবে। করুক, তবু বাঙলা ভাষাটাকে নৃতন ছাঁচে গড়তে চেষ্টা ক'রব। এখনকার বাঙলা-লেখকেরা লিখতে গেলেই বেশী verbs (ক্রিয়াপদ) use (ব্যবহার) করে; তাতে ভাষায় জোর হয় না। বিশেষণ দিয়ে verb (ক্রিয়াপদ)-এর ভাব প্রকাশ করতে পারলে ভাষার বেশী জোর ছয়—এখন থেকে এক্সপে লিখতে চেষ্টা কর দিকি। 'উৰোধনে' ঐরূপ ভাষায় প্রবন্ধ লিখতে চেষ্টা করবি'। ভাষার ভেডর verb (ক্রিয়াপদ)-গুলি ব্যবহারের মানে কি জানিস ?—এরপে ভাবের pause (বিরাম) দেওয়া; সেজ্জ ভাষায় অধিক ক্রিয়াপদ ব্যবহার করাটা ঘন ঘন নিঃখাদ ফেলার মতো তুর্বলভার চিহ্নমাত্র। ঐরপ করলে ৰনে হয়, যেন ভাষার দম নেই। সেজগুই বাঙলা ভাষায় ভাল lecture (বকুডা) দেওরা যায় না। ভাষার উপর বার control (দ্থল) আছে, দে অত শীগগীর শীগগীর ভাব থামিয়ে ফেলে না। তোদের ডালভাত খেয়ে শরীর বেমন ভেতো হয়ে গেছে, ভাষাও ঠিক সেইরূপ হয়ে দাঁড়িয়েছে; আহার চালচলন ভাব-ভাবাতে তেজবিতা আনতে হবে, লব দিকে প্রাণের বিস্তার করতে হবে-সব ধমনীতে রক্তপ্রবাহ প্রেরণ করতে হবে, যাতে সকল বিষয়েই একটা প্রাণম্পন্দন অহত্তুত হয়। তবেই এই যোর জীবনসংগ্রামে দেশের লোক survive করতে (বাঁচতে) পারবে। নভূবা অদ্বে মৃভ্যুর ছায়াতে অচিরে এ দেশ ও জাতিটা মিশে বাবে।

শিশ্ব। মহাশয়, অনেক কাল হইতে এ দেশের লোকের ধাতু এক রকম হইয়া গিয়াছে; উহার পরিবর্তন করা কি শীশ্র সম্ভব ?

১ তথন 'উৰোধন' পত্ৰিকা প্ৰকাশ কৰিবাৰ আন্নোজন চলিতেছিল।

- ৰামীনী। তুই যদি পুরানো চালটা ধারাপ বুৰে থাকিস তো বেমন বলনুম
 . নৃতন ভাবে চলতে শেখ না। তোর দেখাদেবি আরো দশজনে তাই
 করবে; তাদের দেখে আরো ৫০ জনে শিখবে—এইরপে কালে সমস্ত
 ভাতটার ভেতর ঐ নৃতন ভাব জেগে উঠবে। আর বুঝেও যদি তুই
 সেরম্ব কাজ না করিস, তবে জানবি তোরা কেবল কথায় পণ্ডিভ—
 practically (কাজের বেলায়) মূর্থ।
- শিক্ত। আপনার কথা ভনিলে মহা সাহসের সঞ্চার হয়, উৎসাহ বল ও তেজে হার্য ভরিয়া যায়।
- শামীজী। হাদয়ে ক্রমে ক্রমে বল আনতে হবে। একটা 'মাছ্ব' বলি তৈরী হয়, তো লাথ বক্তার ফল হবে। মন মুখ এক ক'রে idea (ভাব)-গুলি জীবনে ফলাতে হবে। এর নামই ঠাকুর বলতেন 'ভাবের ঘরে চুরি না থাকা।' সব দিকে practical (কাজের লোক) হ'তে হবে। থিওরিতে থিওরিতে দেশটা উচ্ছর হয়ে গেল। বে ঠিক ঠিক ঠাকুরের সন্ধান হবে, সে ধর্মভাবসকলের practicality (কাজে পরিণত করবার উপায়) দেখাবে, লোকের বা সমাজের কথায় জ্রাজেপ না ক'রে জাপন মনে কাজ ক'রে ঘাবে। তুলসীদাসের দোহায় আছে, গুনিসনি ?—

হাতী চলে বাঞ্চারমে কুন্তা ভোঁকে হাজার। সাধুন্কো হুর্ভাব নেহি যব্ নিন্দে সংসার।

—এই ভাবে চলতে হবে। লোককে জানতে হবে পোক। তাদের ভালমন্দ কথায় কান দিলে জীবনে কোন মহৎ কাজ করতে পারা যায় না। 'নায়মাজা বলহীনেন লভ্যঃ'—শরীরে-মনে বল না থাকলে আত্মাকে লাভ করা যায় না। পৃষ্টিকর উত্তম আহারে আলে শরীর গড়তে হবে, তবে তো মনে বল হবে। মনটা শরীরেরই স্ক্রাংশ। মনে-মৃথে পৃব জোর করবি। 'আমি হীন, আমি হীন' বলতে বলতে মাহ্য হীন হয়ে যায়। শাস্ত্রকার তাই বলেছেন—

মুক্তাভিমানী মৃক্তো হি বন্ধো বন্ধাভিমান্তণি। কিম্মন্তীতি সভ্যেয়ং যা মতিঃ সা পতির্ভবেৎ॥

—বার 'মৃক্ত'-অভিমান সর্বদা আগরুক, সেই মৃক্ত হয়ে বায়; বে ভাবে 'আমি বন্ধ', জানবি জয়ে জয়ে তার বন্ধনদশা। ঐত্তিক পারমার্থিক উভয় পক্ষেই ঐ কথা সত্য জানবি। ইহ'জীবনে বারা সর্বলা হতাশচিত্ত, তাদের বারা কোন কাজ হ'তে পারে না; তারা জন্ম জন্ম হা হতাশ করতে করতে আসে ও বার। 'বীরভোগ্যা বহুদ্ধরা'—বীরই বহুদ্ধরা জোগ করে, এ-কথা এব সত্য। বীর হ—সর্বদা বল্ 'অভী:'। সকলকে শোনা 'মাভি: মাভি:'—ভরই মৃত্যু, ভরই পাপ, ভরই নরক, ভরই অধর্ম, ভরই ব্যভিচার। জগতে বত কিছু negative thoughts (নেতিবাচক ভাব) আছে, সে-সকলই এই ভয়রূপ শরতান থেকে বেরিয়েছে। এই ভরই স্থের স্থাত্ব, ভরই বায়ুর বায়ুত্ব, ভরই ব্যের ব্যাত্ত্বন বেরেজিছে। এই ভরই ক্রের স্থাত্ব, ভরই বায়ুর বায়ুত্ব, ভরই ব্যের ব্যাত্ত্বন বেতে দিছে না। তাই শ্রুতি বলছেন,

ভরাদক্তারিস্তপতি ভরাৎ তপতি স্থা:। ভরাদিক্রত বায়ুক্ত মৃত্যুর্ধাবতি পঞ্চম:॥

বেদিন ইন্দ্র চন্দ্র বায়ু বঙ্গণ ভয়শৃত্য হবেন, সব এক্ষে মিশে বাবেন; স্পটক্রপ অধ্যাসের লয় সাধিত হবে। তাই বলি—'অভীঃ, অভীঃ'।

— বলিতে বলিতে স্বামীসীর সেই নীলোৎপল-নয়নপ্রাস্ত বেন অঙ্কণরাগে রঞ্জিত হইরাছে। বেন 'অভীঃ' মূর্তিমান্ হইয়া গুরুত্ধপে শিশ্তের সম্মুথে সশরীরে অবস্থান করিতেছেন।

খামীজী আবার বলিতে লাগিলেন: এই দেহধারণ ক'রে কত স্থাধছংধে—কত সম্পদ-বিপদের তরলে আলোড়িত হবি। কিন্তু জানবি, ও-সব
মূহুর্তকাল-ছায়ী। ঐ-সকলকে গ্রাহ্যের ভেতর আনবিনি, 'আমি অজর অমর
চিন্নর আত্মা'—এই ভাব হৃদরে দৃঢ়ভাবে ধারণ ক'রে জীবন অভিবাহিত করতে
হবে। 'আমার জন্ম নেই, আমার মৃত্যু নেই, আমি নির্লেপ আত্মা'—এই
ধারণার একেবারে তন্মর হয়ে বা। একবার তন্মর হয়ে যেতে পারলে ছংধকট্টের সমর আপনা-আপনি ঐ ভাব মনে উঠে পড়বে, চেটা ক'রে আর
আনতে হবে না। এই বে সেদিন বৈছনাথ দেওবরে প্রির মৃথ্ব্যের বাড়ি
গিরেছিল্ম, সেধানে এমন হাঁপ ধ'রল বে প্রাণ বার। ভেতর থেকে কিন্তু
খাসে খাসে গভীর ধ্বনি উঠতে লাগলো—'সোহহং সোহহং'; বালিশে ভর

ক'বে প্রাণবায় বেরোবার অপেন্দা করছিল্ম' আর দেখছিল্ম—ভেডর থেকে কেবল শক হচ্ছে 'সোহছং সোহছং'—কেবল শুনতে লাগল্ম 'একরেবাবরং বন্ধ নেহ নানাতি কিঞ্ন!'

শিশু। (ভড়িত হইরা) মহাশর, আপনার সঙ্গে কথা কহিলে, আপনার অফুভূতিসকল শুনিলে শাল্লপাঠের আর প্রয়োজন হর না।

খামীজী। নারে! শান্তও পড়তে হয়। জানলাভের জন্ত শান্তপঠি একান্ত প্রয়োজন। আমি মঠে শীন্তই class (ক্লাস) খুলছি। বেদ, উপনিষদ, গীতা, ভাগবত পড়া হবে, জটাধ্যায়ী পড়াব।

শিয়। আপনি কি অষ্টাধ্যায়ী পাণিনি পড়িয়াছেন ?

খামীজী। বখন জন্নপুরে ছিলুম, তখন এক মহাবৈদ্যাকরণের সঙ্গে দেখা হয়। তাঁর কাছে ব্যাকরণ পড়তে ইচ্ছা হ'ল। ব্যাকরণে মহাপণ্ডিড হলেও তাঁর অধ্যাপনার তত ক্ষমতা ছিল না। আমাকে প্রথম প্রের তান্ত তিন দিন ধরে বোঝালেন, তব্ও আমি তার কিছুমাত্র ধারণা করতে পারলুম না। চার দিনের দিন অধ্যাপক বিরক্ত হয়ে বললেন, 'খামীজী! তিন দিনেও আপনাকে প্রথম প্রের মর্ম বোঝাতে পারলুম না! আমাঘারা আপনার অধ্যাপনায় কোন ফল হবে না বোধ হয়।' ঐ কথা তনে মনে তীত্র তর্ৎসনা এল। খ্ব দ্চুসহল্প হয়ে প্রথম প্রের তান্ত নিজে নিজে পড়তে লাগলুম। তিন ঘণ্টার মধ্যে ঐ প্রভান্তের অর্থ বেন 'করামলকবং' প্রত্যক্ষ হয়ে গেল, তারপন্ন অধ্যাপকের কাছে পিয়ে সমন্ত ব্যাধ্যার তাৎপর্ব কথান্ন কথান্ন বৃঝিয়ে বললুম। অধ্যাপক তনে বললেন, 'আমি তিন দিন বৃঝিয়ে বা করতে পারলুম না, আপনি তিন ঘণ্টার তার এমন চমংকার ব্যাধ্যা কেমন ক'য়ে উদ্ধার করলেন.?' ভারপর প্রতিদিন জোন্নারের জলের মতো অধ্যারের পর অধ্যায় পড়ে বেতে লাগলুম। মনের একাগ্রতা থাকলে সব সিদ্ধ হয়—স্বমেন্ধও চুর্ণ করতে পারা যায়।

শিশু। মহাশন্ন, আপনার সবই অভুত।

স্নামীনী। অভ্ত ব'লে বিশেষ একটা কিছুই নেই। অঞানতাই অন্ধকার। ভাতেই সব ঢেকে রেখে অভুত দেখায়। আনালোকে সৰ উদ্ভিন্ন হ'লে

> ডিসেম্বরের লেব দিকে বার্ণরিবর্তনের জন্ত বৈচ্চনাথে প্রিয়নাথ সুখোপাধ্যায়ের বাড়িডে গিয়া স্বামীঞ্জী বিশেষ অক্তম্ম হটয়া পদ্ধেন।

কিছুরই আর অভ্তম্ব থাকে না। এমন বে অঘটন-ঘটন-পটীরনী বারা, তা-ও লুকিয়ে বার! থাকে জানলে সব জানা বার, তাঁকে জান্—তাঁর কথা ভাব্—সেই আত্মা প্রত্যক্ষ হ'লে শাস্তার্থ 'করামলকবং' প্রত্যক্ষ হবে। পুরাতন ঋষিগণের হয়েছিল, জার আমাদের হবে না? আমরাও মাছ্য। একবার একজনের জীবনে বা হয়েছে, চেটা করলে তা অবশ্রই আবার অত্যের জীবনেও দিছ হবে। History repeats itself—যা একবার ঘটেছে, তাই বার বার ঘটে। এই আত্মা সর্বভূতে সমান। কেবল প্রতি ভূতে তাঁর বিকাশের তারতম্য আছে মাত্র। এই আত্মা বিকাশ করবার চেটা কর্। দেখবি বৃদ্ধি সব বিষয়ে প্রবেশ করবে। জনাত্মজ্ঞ পুরুষের বৃদ্ধি একদেশদর্শিনী। আত্মজ্ঞ পুরুষের বৃদ্ধি দর্শন বিজ্ঞান সব আয়ত্ত হয়ে যাবে। দিংহগর্জনে আত্মার মহিমা ঘোষণা কর্, জীবকে অভয় দিয়ে বল্—'উভিচত জাগ্রত প্রাণ্য বরান্ নিবাধত'— Arise! awake! and stop not till the goal is reached. (ওঠ, জাগো, লক্ষ্যে না পৌছানো পর্যন্থ থামিও না।)

29

স্থান—বেশুড়, ভাড়াটিয়া মঠ-বাটী কাল—১৮৯৮

আৰু ত্-দিন হইল শিশ্ব বেলুড়ে নীলাম্ববাব্ব বাগানবাটীতে স্বামীনীর কাছে বহিয়াছে। কলিকাতা হইতে অনেক যুবক এ সময় স্বামীনীর কাছে যাতায়াত করার মঠে বেন আন্ধকাল নিত্য-উৎসব। কত ধর্মচর্চা, কত সাধন-ভন্তনের উত্তম, কত দীনত্ঃধমোচনের উপায় স্বালোচিত হইতেছে!

আৰু খামীনী শিশুকে তাঁহার কক্ষে বাত্রে থাকিবার অন্থমতি দিয়াছেন। এই সেবাধিকার পাইয়া শিশুরে হৃদয়ে আৰু আনন্দ ধরে না। প্রসাদ-গ্রহণাত্তে সে স্বামীনীর পদদেবা করিতেছে, এমন সময় খামীনী বলিলেন: এমন বারগা ছেড়ে তুই কি না কলকাভার বেতে চাস্—এথানে ক্ষেন পৰিত্র ভাব, কেমন গৰার ছাওয়া, কেমন সব সাধ্র সমাগম! এমন ছান কি আর কোথাও খুঁজে পাবি ?

শিষ্য। মহাশয়, বহু জন্মান্তবের তপভার আপনার সম্লাভ হইয়াছে। এখন ৰাহাতে আৰু না মান্নামোহের মধ্যে পড়ি, কুপা করিয়া তাহা করিয়া দিন। এখন প্রভাক অন্তভ্তির জন্ত মন মাঝে মাঝে বড় ব্যাকুল হয়। স্বামীজী। স্বামারও স্বমন কভ হয়েছে। কাশীপুরের বাগানে একদিন ঠাকুরের কাছে খুব ব্যাকুল হয়ে প্রার্থনা জানিয়েছিলুম। তারপর সন্ধ্যার সময় ধ্যান করতে করতে নিব্দের দেহ খুঁজে পেলুম না। দেহটা একেবারে নেই মনে হয়েছিল। চক্র সূর্য, দেশ কাল আকাশ--- সব বেন একাকার হয়ে কোথায় মিলিয়ে গিয়েছিল, দেহাদি-বুদ্ধির প্রায় অভাব रम्बिन, थात्र नीन रम तिहन्म चात्र कि! अकरू 'चर्' हिन, जारे সে সমাধি থেকে ফিরেছিলুম। এরপ সমাধিকালেই 'আমি' আর 'ব্ৰহ্মের' ভেদ চলে যায়, সব এক হয়ে যায়, যেন মহাসমূত্ৰ—জল জল, আৰ কিছুই নেই, ভাব আৰু ভাষা সৰ ফুৰিয়ে যায়। 'অবাঙ্মনসো-গোচরম্' কথাটা ঐ সময়েই ঠিক ঠিক উপলব্ধি হয়। নতুবা 'আমি এফা' এ-কথা সাধক যখন ভাৰছে বা বলছে তখনও 'আমি' ও 'ব্ৰহ্ম' এই ছুই পদার্থ পৃথকু থাকে—হৈতভান থাকে। তারপর ঐরপ অবস্থালাভের ব্দক্ত বারংবার চেষ্টা করেও আনতে পারলুম না। ঠাকুরকে জানাডে বললেন, 'দিবারাত্র ঐ অবস্থাতে থাকলে মা-র কাল হবে না; সেজস্ত এখন আর ঐ অবস্থা আনতে পারবি না, কাল করা শেব হ'লে পর আবার ঐ অবস্থা আসবে।'

শিশু। নিংশেষ সমাধি বা ঠিক ঠিক নির্বিকল্প সমাধি হইলে তবে কি কেহই আৰু পুনরাল্প অহংজ্ঞান আশ্রেল করিয়া বৈতভাবের রাজতে,—সংসারে ফিরিতে পারে না ?

খানীজী। ঠাকুর বলতেন, 'একমাত্র শ্বকারেরাই জীবহিতে ঐ সমাধি থেকে নেবে শাসতে পারেন। সাধারণ জীবের খার ব্যুখান হয় না; একুণ দিন-মাত্র জীবিত থেকে ডাদের দেহটা শুদ্ধ পত্রের মতো সংসাররপ বৃদ্ধ হ'তে ধনে পড়ে বায়।'

- শিশু। মন বিল্পু হইরা যথন সমাধি হয়, মনের কোন ভরকট যথন আর থাকে না, তথন আবার বিক্ষেপের—আবার অহংজ্ঞান লট্য়া সংসারে ফিরিবার সভাবনা কোথায়? মনট যথন নাট, তথন কে কি নিমিন্তট বা সমাধি-অবস্থা ছাড়িয়া বৈভরাজ্যে নামিয়া আসিবে?
- খামীনী। বেদান্তশাজ্বের অভিপ্রায় এই বে, নিংশেব নিরোধ-সমাধি থেকে পুনরাবৃত্তি হয় না; যথা—'অনাবৃত্তিঃ শকাং'। কিন্তু অবভারেরা এক-আগটা সামান্ত বাসনা জীবহিতকল্পে রেখে দেন। ভাই ধরে আবার superconscious state (জ্ঞানাতীত ভূমি) থেকে conscious state-এ—'আমি তুমি'-জ্ঞানমূলক বৈতভূমিতে আসেন।
- শিশ্ব। কিন্তু মহাশন্ন, যদি এক-আধটা বাসনাপ্ত থাকে, তবে ভাহাকে
 নিংশেষ নিরোধ-সমাধি বলি কিন্ধণে ? কারণ শাল্পে আছে, নিংশেক
 নির্বিকল্প সমাধিতে মনের সর্ব বৃত্তির, সকল বাসনার নিরোধ বা ধ্বংস
 হইয়া যার।
- খামীজী। মহাপ্রলয়ের পরে তবে স্পষ্টই বা আবার কেমন ক'রে হবে ? মহাপ্রলয়েও তো দব ত্রন্ধে মিশে যায় ? তারপরেও কিন্তু আবার শান্তমুখে স্প্রপ্রিপদ শোনা যায়—স্পষ্ট ও লয় প্রবাহাকারে আবার চলভে থাকে। মহাপ্রলয়ের পরে স্প্রতি ও লয়ের পুনরাবর্তনের মডো অবতার-পুরুষদিগের নিরোধ এবং ব্যুখানও তেমনি অপ্রাদদিক কেন হবে ?
- শিশু। আমি ষদি বলি, লয়কালে পুনংস্টির বীজ ব্রহ্মে লীনপ্রায় থাকে এবং উহা মহাপ্রলয় বা নিরোধ-সমাধি নহে, কিছ স্টের বীজ ও শক্তিক —আপনি ষেমন বলেন potential (অব্যক্ত) আকারধারণ মাত্র ?
- খামীজী। তা হ'লে আমি ব'লব, বে ব্রন্ধে কোন বিশেষণের আভাস নেই— খা নির্লেপ ও নিশু ৭—তাঁর খারা এই স্মষ্টিই বা কিন্ধপে projected (বহির্গত) হওয়া সম্ভব হয়, তার জবাব দে।
- শিক্ত। ইহা তো seeming projection (আপাতপ্রতীয়নান ৰহি:প্রকাশ)!

 সে কথার উত্তরে তো শাল্প বলিয়াছে বে, ব্রহ্ম হইতে স্কটির বিকাশটা

 নক্ষরীচিকার মতো দেখা বাইতেহে বটে, কিছু বছতঃ স্কটি প্রভৃতি

 কিছুই হয় নাই। ভাব-বছ বন্ধের অভাব বা মিধ্যা মায়াশজ্ঞিবশতঃ

 এইরপ লম দেখাইতেছে।

- বারীলী। স্টেটাই বদি বিখ্যা হয়—তবে জীবের নির্বিকর-সরাধি ও সমাধি

 . থেকে রুখানটাকেও তুই seeming (মিখ্যা) ধরে নিতে পারিস ভো ?
 জীব স্বতই অক্ষরণ; তার স্থাবার বন্ধের স্বয়ন্ত্তি কি ? তুই বে
 'জামি স্বাস্থা' এই স্বয়ন্তব করতে চাস, সেটাও তা হ'লে ভ্রম, কারণ
 শাস্ত্র বলছে, You are already that (তুমি সর্বদা ব্রন্ধই হয়ে
 রয়েছে)। স্বত্তব 'স্বয়মেব হি তে বন্ধ: স্মাধিমন্থতিঠিসি'—তুই বে
 সমাধিলাভ করতে চাচ্ছিদ, এটাই তোর বন্ধন।
- শিষ্য। এ তো বড় মৃশকিলের কথা; আমি যদি ত্রন্ধই, ভবে ঐ বিষয়ের সর্বদা অহুভৃতি হয় না কেন ?
- খামীজী। Conscious plane-এ ('তুমি-আমি'র বৈভভূমিতে) ঐ কথা অহভৃতি করতে হ'লে একটা করণ বা বা বারা অহভব করবি, তা একটা চাই। মনই হচ্ছে আমাদের সেই করণ। কিন্তু মন পদার্থটা তো জড়। পেছনে আত্মার প্রভায় মনটা চেডনের মতো প্রভিভাত হচ্ছে মাত্র। পঞ্চদশীকার ভাই বলেছেন, 'চিচ্ছায়াবশত: শক্তিশ্চেতনেব বিভাতি দা'—চিৎস্বরূপ আত্মার ছায়া বা প্রতিবিষের আবেশেই শক্তিকে চৈতমুময়ী ব'লে মনে হয় এবং ঐ জম্মই মনকেও চেতনপদাৰ্থ ব'লে বোধ হয়। অতএব 'মন' দিয়ে ওজ চৈতক্তম্বরূপ আত্মাকে যে জানতে পারবি না, এ-কথা নিশ্চয়। মনের পারে ষেতে হবে। মনের পারে ভো আর কোন করণ নেই—এক আত্মাই আছেন; স্বভরাং ঘাকে জানবি, সেটাই আবার করণস্থানীয় হয়ে দাঁড়াছে। কর্তা কর্ম করণ—এক হয়ে দাঁড়াচ্ছে। এক্স শ্রুতি বলছেন, 'বিজ্ঞাতারমরে কেন বিজানীয়াৎ।' ফল-কথা conscious plane-এর (বৈভভূমির) উপরে একটা অবস্থা আছে, সেখানে কর্তা-কর্ম-করণাদির দৈতভান মন নিক্ষ হ'লে তা প্ৰভাক হয়। অন্ত ভাষা নেই ব'লে ঐ অবহাটিকে 'প্রত্যক্ষ' করা বলছি; নতুবা লে অহতব-প্রকাশের ভাষা নেই! শহরাচার্ব ভাকে 'অপরোক্ষাত্বভূতি' ব'লে গেছেন। ঐ প্রত্যক্ষামুভূতি বা অপরোক্ষামুভূতি হলেও অবতারেরা নীচে নেবে এসে বৈভড়মিতে তার আভাস দেন। সে বছই বলে, (আগুপুরুষের) অহতব থেকেই বেদাদি শাল্পের উৎপত্তি হয়েছে। সাধারণ জীবের অবস্থা কিন্ত

'হনের পৃত্লের সম্ত্র মাপতে গিয়ে গলে ষাওয়ার' মতো; ব্যালি ?
মোট কথা হচ্ছে বে, 'তৃই বে নিজ্যকাল ব্রহ্ম' এই কথাটা জানতে
হবে মাত্র; তৃই সর্বদা তাই হয়ে রয়েছিস, তবে মাঝখান থেকে একটা
জড় মন (বাকে শাস্ত্রে মায়া বলে) এলে সেটা ব্রতে দিছে না;
সেই ক্র্ম, জড়রূপ উপাদানে নির্মিত মনরূপ পদার্থটা প্রশমিত হ'লে—
আত্মার প্রভার আত্মা আপনিই উদ্ভাসিত হন। এই মায়া বা মন যে
মিথ্যা, তার একটা প্রমাণ এই যে, মন নিজে জড় ও অন্ধকার-স্বরূপ।
পেছনে আত্মার প্রভার চেতনবং প্রভীত হয়। এটা ষখন ব্রতে
পারবি, তখন এক অখণ্ড চেতনে মনের লয় হয়ে যাবে; তখনই অয়ড়্তি
হবে—'অয়মাত্মা ব্রহ্ম'।

অতঃপর খামীজী বলিলেন, 'তোর ঘুম পাচ্ছে বৃঝি ?—তবে শো।' শিক্ত খামীজীর পাশের বিছানায় শুইয়া নিজা ঘাইতে লাগিল। শেষ রাজে সে এক অভ্ত খপ্ন দেখিরা নিজাভলে আনন্দে শধ্যা ত্যাগ করিল। প্রাতে গলা-আনাস্কে শিক্ত আদিয়া দেখিল খামীজী মঠের নীচের তলার বড় বেঞ্চথানির উপর পূর্বাস্ত হইয়া বসিয়া আছেন। গত রাজের খপ্ন-কথা শারণ করিয়া খামীজীর পাদপদ্ম অর্চনা করিবার জন্ত খামীজীর অহুমতি প্রার্থনা করিল। তাহার একান্ত আগ্রহে খামীজী সমত হইলে সে কতকগুলি ধৃত্রা পূজা সংগ্রহ করিয়া আনিয়া খামি-শরীরে মহাশিবের অধিষ্ঠান চিন্ধা করিয়া বিধিমত তাহার পূজা করিল।

প্জান্তে স্থামীজী শিশুকে বলিলেন, 'ভোর প্জো ভো হ'ল, কিছ বাব্রাম (প্রেমানন্দ) এনে ভোকে এখনি থেরে ফেলবে! তুই কেনা ঠাকুরের প্জোর বাসনে (পুলপাত্রে) আমার পা রেখে প্জো করলি?' কথাগুলি বলা শেষ হইতে না হইতে স্থামী প্রেমানন্দ সেখানে উপন্থিত হইলেন এবং স্থামীজী ভাঁহাকে বলিলেন, 'ওরে, দেখ, আজ কি কাও করেছে!! ঠাকুরের প্জোর খালা বাসন চন্দন এনে ও আজ আমার প্জো করেছে।' স্থামী প্রেমানন্দ মহারাজ হাসিতে হাসিতে বলিলেন, 'ভা বেশ করেছে; তুমি আর ঠাকুর কি ভির?' কথা শুনিরা শিশু নির্ভয় হইল।

শিশ্ব গোঁড়া হিন্দু; অথাত দ্বে থাকুক কাহারও স্পৃষ্ট ত্রব্য পর্বন্ত থার না। একস স্বামীকী শিহুকে কথন কথন 'ভট্চার' বলিয়া ডাকিছেন। প্রাতে জনবোগসময়ে বিলাতি বিষ্টাদি খাইতে খাইতে বামীলী সদানন্দ্র বামীকে বলিলেন, 'ভট্চায়কে ধরে নিয়ে জায় তো।' আদেশ শুনিয়া শিশ্ব নিকটে উপস্থিত হইলে স্বামীজী ঐ-সকল দ্রব্যের কিঞ্চিৎ ভাহাকে প্রসাদস্ত্রণে খাইতে দিলেন। শিশ্ব বিধা না করিয়া ভাহা গ্রহণ করিল দেবিয়া স্বামীজী ভাহাকে বলিলেন, 'আজ কি খেলি ভা জানিস্? এগুলি ভিমের ভৈরী!' উত্তরে দে বলিল, 'বাহাই থাকুক আমার জানিবার প্রয়োজন নাই। আপনার প্রসাদরূপ অমৃত থাইয়া অমর হইলাম।' শুনিয়া স্বামীজী বলিলেন, 'আজ থেকে ভোর জাত, বর্ণ, আভিজাত্য, পাপপ্ণ্যাদি অভিমান জন্মের মতো দ্র হোক—আশীর্বাদ করিছ।'

অপরায়ে স্বামীজীর কাছে মান্রাজের একাউণ্টেণ্ট জেনারেল বার্ ময়থনাথ
ভট্টাচার্য উপস্থিত হইলেন। আমেরিকা ষাইবার পূর্বে মান্রাজে স্বামীজী
কয়েক দিন ইহার বাটীতে অতিথি হইয়াছিলেন এবং তদবিধ ইনি স্বামীজীকে
বিশেষ ভক্তি-শ্রজা করিতেন। ভট্টাচার্য মহাশয় স্বামীজীকে পাশ্চাত্য দেশ ও
ভারতবর্ষ সহক্ষে নানা কথা জিজ্ঞাসা করিতে লাগিলেন। স্বামীজী তাঁহাকে
ঐ-সকল প্রশ্নের উত্তর প্রদান করিয়া এবং অন্ত নানার্রপে আপ্যায়িত করিয়া
বলিলেন, 'একদিন এখানে থেকেই বান না।' ময়থবার তাহাতে রাজী হইয়া
'আর একদিন এনে থাকা যাবে' বলিয়া বিদায় গ্রহণ করিলেন।

78

স্থান—বেল্ড়, ভাড়াটিয়া মঠ-বাটী কাল—১৮৯৮

শিশ্ব আৰু প্ৰাতে মঠে আসিয়াছে। স্বামীনীর পাদপদ্ম বন্দনা করিয়া দাঁড়াইবামাত্র স্বামীনী বলিলেন, 'কি হবে আর চাকরি ক'রে? না হয় একটা ব্যবসা কর্।' শিশ্ব তথন এক হানে একটি প্রাইভেট মান্টারি করে মাত্র। সংসারের ভার তথনও তাহার ঘাড়ে পড়ে নাই। আনন্দে দিন কাটায়। শিক্ষকতা-কার্ব-সহছে জিজ্ঞাসা করার স্বামীনী বলিলেন:

অনেক দিন মাস্টারি করলে বৃদ্ধি থারাপ হয়ে যায়; জ্ঞানের বিকাশ হয় না। দিনরাত ছেলের দলে থেকে থেকে ক্রমে জড়বৎ হয়ে যায়। আর মাস্টারি করিস না।

শিশ্য। তবে কি করিব?

শামীজী। কেন ? যদি ভোর সংসারই করতে হয়, যদি অর্থ-উপায়ের স্পৃহাই থাকে, তবে যা—আমেরিকায় চলে যা। আমি ব্যবসায়ের বৃদ্ধি দেব। দেথবি পাঁচ বছরে কত টাকা এনে ফেলতে পারবি। শিশু। কি ব্যবসা করিব ? টাকাই বা কোথা হইতে পাইব ?

খামীনী। পাগলের মতো কি বকছিন? ভেতরে অদম্য শক্তি রয়েছে।
তথু 'আমি কিছু নই' ভেবে ভেবে বীর্যহীন হয়ে পড়েছিস। তৃই
কেন?—সব জাতটা তাই হয়ে পড়েছে! একবার বেড়িয়ে আয়—
দেখবি ভারতেতর দেশে লোকের জীবন-প্রবাহ কেমন তরতর ক'য়ে
প্রবল বেগে বয়ে বাচ্ছে। আর তোরা কি কয়ছিন? এত বিভা শিথে
পরের গোরে ভিথারীন মতো 'চাকরি দাও, চাকরি দাও' ব'লে
চেঁচাচ্ছিস। ভ্তো খেয়ে খেয়ে— দাসত্ব ক'য়ে ক'য়ে তোরা কি আয়
মাহব আছিস! তোদের মৃল্য এক কানাকড়িও নয়। এমন সজলা
সফলা দেশ, যেখানে প্রকৃতি অল্প সকল দেশের চেয়ে কোটিওণে
ধন-ধাল্প প্রস্ব কয়ছেন, সেখানে দেহধারণ ক'য়ে ভোদের পেটে অয়
মেই, পিঠে কাপড় নেই! যে দেশের ধন-ধাল্প পৃথিবীয় অল্প সব দেশে
civilisation (সভ্যতা) বিভার কয়েছে, সেই অয়পুর্গার দেশে ভোদের

এমন ছুর্দশা? খুণিত কুরুর অপেকাও বে তোদের ছুর্দশা হয়েছে! তোরা আবার তোদের বেদবেদান্তের বড়াই করিস! বে জাত সামান্ত অরবজ্রের সংস্থান করতে পারে না, পরের মুখাপেক্ষী হয়ে জীবনধারণ করে, সে জাতের আবার বড়াই! ধর্মকর্ম এখন গলায় ভাসিয়ে আগে জীবনসংগ্রামে অগ্রসর হ। ভারতে কত জিনিস জন্মায়। বিদেশী লোক সেই raw material (কাঁচা মাল) দিয়ে ভার সাহায্যে সোনা ফলাত্তে। আর ভোরা ভারবাহী গর্দভের মতো ভাদের মাল টেনে মরছিস। ভারতে যে-সব পণ্য উৎপন্ন হয়, দেশবিদেশের লোক ভাই নিয়ে ভার ওপর বৃদ্ধি খরচ ক'রে, নানা জিনিস ভৈয়ের ক'রে বড় হয়ে গেল; আর ভোরা ভোদের বৃদ্ধিটাকে সিন্দুকে পুরে রেখে ঘরের ধন পরকে বিলিয়ে 'হা অয়, হা অয়' ক'রে বড়াছিচ্ন!

শিশ্ব। কি উপায়ে অন্ন-সংস্থান হইতে পারে, মহাশয় ?

খামীজী। উপায় ভোদেরই হাতে রয়েছে। চোখে কাপড় বেঁধে বলছিদ, 'আমি অন্ধ, কিছুই দেখতে পাই না!' চোখের বাঁধন ছিঁড়ে ফেল্, দেখবি মধ্যাহুসুর্বের কিরণে জগৎ আলো হয়ে রয়েছে। টাকা না জোটে ভো জাহাজের খালাসী হয়ে বিদেশে চলে যা। দিনী কাপড়, গামছা, কুলো, ঝাঁটা মাথায় ক'রে আমেরিকা-ইওরোপে পথে পথে ফেরি করগে। দেখবি—ভারত-জাত জিনিসের এখনও কত কদর! আমেরিকায় দেখলুম, হুগলী জেলার কতকগুলি মুসলমান এরপে ফেরি ক'রে ক'রে ধনবান্ হয়ে পড়েছে। ভাদের চেয়েও কি ভোদের বিভাব্দি কম? এই দেখ না—এদেশে বে বেনারসী শাড়ী হয়, এমন উৎক্রই কাপড় পৃথিবীর আর কোথাও জন্মায় না। এই কাপড় নিয়ে আমেরিকায় চলে যা। সে দেশে এ কাপড়ে গাউন তৈরী ক'রে বিক্রী করতে লেগে বা, দেখবি কত টাকা আসে।

- শিক্ত। মহাশয়, তারা বেনারসী শাড়ীর গাউন পরিবে কেন? শুনেছি, চিত্রবিচিত্র কাপড় ওদেশের মেরেরা পছন্দ করে না।
- খামীনী। নেবে কি না, তা খামি বুঝব এখন। তুই উন্থম ক'রে চ'লে যা দেখি! খামার বহু বন্ধুবাদ্ধর সে দেশে খাছে। আমি ভোকে তাদের কাছে introduce (পরিচিত) ক'রে দিছি। তাদের ভেতর ঐশুলি

অহুরোধ ক'রে প্রথমটা চালিয়ে দেবো। তারপর দেধবি—কভ লোক তাদের follow (অহুসরণ) করবে। তুই তথন মাল দিয়ে কুলিয়ে উঠতে পারবিনি।

শিষ্য। ব্যবসা করিবার মূলধন কোথার পাইব ?

স্বামীজী। আমি বে ক'রে হোক ভোকে start (আরম্ভ) করিয়ে দেবো।
তারপর কিন্তু তোর নিজের উত্যের উপর সব নির্ভর করবে। 'হতো
বা প্রাপ্স্যাসি স্বর্গং জিত্বা বা ভোক্যাসে মহীম্'—এই চেষ্টায় যদি মরে যাস
তা-ও ভাল, তোকে দেখে আরও দশ জন অগ্রসর হবে। আর
যদি success (সফলতা) হয়, তো মহাভোগে জীবন কাটবে।

शिश्च । আঙ্কে हैं। किन्ह महित्म कूलाय ना।

স্বামীজী। তাইতো বলছি বাবা, তোদের শ্রন্ধা নেই—আত্মপ্রতায়ও নেই। কি হবে তোদের? না হবে সংসার, না হবে ধর্ম। হয় ঐপ্রকার উত্তোগ উত্তম ক'রে সংসারে successful (গণ্য মাক্ত সফল) হ— নয় তো সব ছেড়ে-ছুড়ে দিয়ে আমাদের পথে আয়। দেশ-বিদেশের লোককে ধর্ম উপদেশ দিয়ে তাঁদের উপকার কর। তবে ভো আমাদের মতো ভিক্ষা মিলবে। আদান-প্রদান না থাকলে কেউ কাক্ষর দিকে চায় না। দেপছিদ তো আমরা ছটো ধর্মকথা শোনাই, ভাই গেরন্ডেরা আমাদের হৃম্ঠো অন্ন দিচ্ছে। তোরা কিছুই করবিনি, তোদের লোকে অর দেবে কেন? চাকরিতে গোলামিতে এত তৃঃখ দেখেও তোদের চেতনা হচ্ছে না, কাজেই ছ:খও দূর হচ্ছে না! এ নিশ্চয়ই দৈবী মায়ার থেলা! ওদেশে দেখলুম, যারা চাকরি করে, parliament-এ (জাতীয় সমিভিতে) তাদের স্থান পেছনে নির্দিষ্ট। যারা নিজের উন্তমে বিভান বৃদ্ধিতে স্বনামধন্ত হয়েছে, তাদের বসবার জন্তই front seat (সামনের আসনগুলি)। ও-সব দেশে জাত-ফাতের উৎপাত নেই। উভাম ও পরিশ্রমে ভাগ্যলক্ষা বাদের প্রতি প্রসন্ধা, তারাই দেশের নেতা ও নিয়ম্ভা বলে গণ্য হন। আর তোদের দেশে জাতের বড়াই ক'রে ক'রে ডোদের অন্ন পর্যন্ত জুটছে না। একটা চুঁচ গড়বার ক্ষমতা নেই, তোরা আবার ইংরেদদের criticise. (দোষগুণ-বিচার) করতে যাস—আহম্মক! ওদের পায়ে ধরে জীবন-

সংগ্রামোপবোগী বিভা, শিরবিজ্ঞান, কর্মভৎপরভা শিখগে। যখন উপষ্ক হবি, তখন ভোদের আবার আদর হবে। ওরাও তখন ভোদের কথা রাখবে। কোখাও কিছুই নেই, কেবল Congress (কংগ্রেস— আতীর মহাসামিতি) ক'রে চেচামিচি করলে কি হবে ?

- শিক্ষ। মহাশন্ন, দেশের সমস্ত শিক্ষিত লোকই কিন্ত উহাতে বোগদান করিতেছে।
- স্বামীজী। কয়েকটা পাস দিলে বা ভাল বকৃতা করতে পারলেই ভোদের কাছে শিক্ষিত হ'ল ! যে বিভার উল্লেষে ইতর-সাধারণকে জীবনসংগ্রামে সমর্থ করতে পারা যায় না, যাতে মাহুষের চরিত্রবন, পরার্থতৎপরতা, সিংহ্সাহ্সিকতা এনে দেয় না, সে কি আবার শিকা? যে শিকায় জীবনে নিজের পাম্বের উপরে দাঁড়াতে পারা যায়, সেই হচ্ছে শিক্ষা। আজকালকার এই সব স্থূল-কলেজে পড়ে ভোরা কেমন এক প্রকারের একটা dyspeptic (অত্বীৰ্বোগাকান্ত) তাত তৈরী হচ্ছিদ। কেবল machine (কল) এর মত খাটছিদ, আর 'জায়ম্ব থ্রিয়ম্ব' এই বাক্যের সাকিস্বরূপ হয়ে দাঁড়িয়েছিল। এই যে চাষাভূষো, মূচি-মুদ্দাফরাশ---এদের কর্মতৎপরতা ও আত্মনিষ্ঠা তোদের অনেকের চেয়ে ঢের বেশী। এরা নীরবে চিরকাল কাজ ক'রে যাচ্ছে, দেশের ধন-ধান্ত উৎপন্ন করছে, মূখে কথাটি নেই। এরা শীঘ্রই তোদের উপরে উঠে যাবে! Capital (মৃলধন) তাদের হাতে গিয়ে পড়ছে—তোদের মতো তাদের অভাবের ব্দস্ত তাড়না নেই। বর্তমান শিক্ষায় তোদের বাহ্যিক হাল-চাল ৰদলে দিচ্ছে, অথচ নৃতন নৃতন উদ্ভাবনী শক্তির অভাবে ভোদের অর্থাগমের উপায় হচ্ছে না। তোরা এই সব সহিষ্ণু নীচ জাতদের ওপর এতদিন অত্যাচার করেছিস, এখন এরা ভার প্রতিশোধ নেবে। আর ভোরা 'হা চাকরি, জো চাকরি' ক'রে ক'রে লোপ পেরে ষাবি।
- শিক্ত। মহাশর, অপর দেশের তুলনার আমাদিগের উদ্ভাবনী শক্তি অল হইলেও ভারতের ইতর জাতিসকল তো আমাদের বৃদ্ধিতেই চালিত হইতেছে। অতএব ত্রাহ্মণ-কার্য্যদি তত্র জাতিদিগকে জীবনসংগ্রামে পরাজিত করিবার শক্তি ও শিক্ষা ইতর জাতিরা কোথার পাইবে ?

খামীনী। তোদের মতো তারা কতকওলো বই-ই না-হর না পড়েছে। তোদের মতো শার্ট কোট পরে সভ্য না-হর নাই হ'তে শিথেছে। তাড়ে আর কি এল গেল! কিন্তু এরাই হছেে ভাতের মেরুদণ্ড—সব দেশে। এই ইতর শ্রেণীর লোক কান্ত বন্ধ করলে তোরা অরবন্ধ কোধার পাবি? একদিন মেথররা কলকাতার কান্ত বন্ধ করলে হা-হতাশ লেগে যার, তিন দিন ওরা কান্ত বন্ধ করলে মহামারীতে শহর উলাড় হয়ে যার! শ্রমনীবীরা কান্ত বন্ধ করলে তোদের অরবন্ধ ভোটে না। এদের তোরা হোট লোক ভাবছিস, আর নিজেদের শিক্তিত বলে বড়াই করাছ্স?

জীবনসংগ্রামে সর্বদা ব্যন্ত থাকাতে নিম্নশ্রেণীর লোকদের এতদিন জানোমের হয়নি। এরা মানবর্দ্ধি-নিয়ন্ত্রিত কলের মতো একই ভাবে এতদিন কাজ ক'রে এসেছে, জার বৃদ্ধিমান চতুর লোকেরা এদের পরিশ্রম ও উপার্জনের সারাংশ গ্রহণ করেছে; সকল দেশেই ঐ-রকম হয়েছে। কিছ এখন আর সে কাল নেই। ইতরজাতিরা ক্রমে ঐ-কথা বৃষতে পাছে এবং তার বিরুদ্ধে সকলে মিলে দাঁড়িয়ে আপনাদের ভাষ্য গণ্ডা আদার করতে দৃঢ়প্রতিক্ত হয়েছে। ইওরোপ-আমেরিকায় ইতরজাতিরা জেগে উঠে ঐ লড়াই আগে আরম্ভ ক'রে দিয়েছে। ভারতেও তার লক্ষণ দেখা দিয়েছে ছোটলোকদের ভেতর আজকাল এত বে ধর্মঘট হচ্ছে, ওতেই ঐ-কথা বোঝা বাছে। এখন হাজার চেটা করলেও ভক্ত জাতেরা ছোট জাতের আর দাবাতে পারবে না। এখন ইতরজাতেরা ছোট জাতের আর দাবাতে পারবে না। এখন ইতরজাতের ভারের ভাষ্য অধিকার পেতে সাহাষ্য করলেই ভক্ত জাতদের কল্যাণ।

তাই তো বলি, তোরা এই mass (জনসাধারণ) এর ভেতর বিভার উন্মেষ বাতে হয়, তাতে লেগে বা। এদের ব্ঝিয়ে বলগে, 'ভোমরা আমাদের ভাই, শরীরের একাল; আমরা তোমাদের ভালবাসি, ত্বণা করি না।' তোদের এই sympathy (সহায়ভৃতি) শেলে এরা শত-গুণ উৎসাহে কার্যভংশর হবে। আধুনিক বিজ্ঞানসহায়ে এদের জানোয়ের করে দে। ইতেহাস, ভূগোল, বিজ্ঞান, সাহিত্য—সন্দে সন্দে ধর্মের গৃঢ়তত্বভালি এদের শেখা। ঐ শিকার বিনিময়ে শিক্ষকগণেরও গারিত্র্য ভূচে বাবে। আদানপ্রালানে উভয়েই উভয়ের বয়ুয়ানীয় হয়ে গাঁড়াবে।

- শিশ্ব। কিন্তু মহাশর, ইহাদের ভিতর শিশার বিন্তার হইলে ইহারাও তো আবার কালে আমাদের মতো উর্বরমন্তিক অথচ উন্তমহীন ও অলস হইরা উহাদিগের অপেকা নিম্নশ্রেণীর লোকদিগের পরিপ্রমের সারাংশ গ্রহণ করিতে থাকিবে ?
- শাসীলী। তা কেন হবে? জানোয়েব হলেও কুমোর কুমোরই থাকবে, জেলে জেলেই থাকবে, চাবা চাবই করবে। জাত-ব্যবদা ছাড়বে কেন? 'সহজং কর্ম কোজের সদোষমণি ন ত্যজেং'—এই ভাবে শিক্ষা পেলে এরা নিজ নিজ বুভি ছাড়বে কেন? জানবলে নিজের সহজাত কর্ম বাডে আরও ভাল ক'রে করতে পারে, সেই চেষ্টা করবে। ত্-দশ জন প্রতিভাশালী লোক কালে তাদের ভেতর থেকে উঠবেই উঠবে। তাদের তোরা (ভক্র জাতিরা) তোদের শ্রেণীর ভেতর ক'রে নিবি। তেজনী বিশামিত্রকে ত্রাহ্মণেরা বে ত্রাহ্মণ বলে শীকার ক'রে নিয়েছিল, তাতে ক্তির জাতিটা ত্রাহ্মণদের কাছে তথন কতদ্র কৃতক্ত হয়েছিল—বল্ দেখি? ঐক্রণ sympathy (সহাম্বড্ডি) ও সাহাম্য পেলে মাহ্মণ তো দ্রের কথা পশুপক্ষীও আপনার হরে যায়।
- শিষ্য। মহাশয়, আপনি বাহা বলিতেছেন, তাহা সত্য হইলেও ভত্তেতর শ্রেণীর ভিতর এখনও বেন বহু ব্যবধান রহিয়াছে বলিয়া বোধ হয়। ভারতবর্বের ইতর জাতিদিগের প্রতি ভত্রলোকদিগের সহাত্ত্তি আনমন করা বড় কঠিন ব্যাপার বলিয়া বোধ হয়।
- যামীজী। তা না হ'লে কিছ তোদের (তন্ত্র জাতিদের) কল্যাণ নেই।
 তোরা চিরকাল যা ক'রে আসছিল—ঘরাঘরি লাঠালাঠি ক'রে সব
 ধ্বংস হরে যাবি! এই mass (জনসাধারণ) যথন জেগে উঠবে, আর
 তাদের ওপর তোদের (ভন্তলোকদের) অত্যাচার ব্বতে পারবে—তথন
 তাদের কুৎকারে তোরা কোখার উড়ে যাবি! তারাই তোদের ভেতর
 civilisation (সভ্যতা) এনে দিয়েছে; তারাই আবার তথন সব ভেঙে
 দেবে। ভেবে দেখ্—গল-জাভের হাডে জমন বে প্রাচীন রোমক
 সভ্যতা কোথার ধ্বংস হরে গেল! এই জন্ত বলি, এইসর নীচ জাতদের
 ভেতর বিভাদান জানদান ক'রে এদের স্ম ভাঙাতে বল্পীল হ।
 এরা বথন জাগবে—জার একদিন জাগবে নিক্রই—তথন তারাও

ভোদের রুভ উপকার বিশ্বভ হবে না, ভোদের নিকট রুভঞ হয়ে থাকবে।

এইরপ কথোপকথনের পর স্বামীজী শিক্তকে বলিলেন: গু-সব কথা এখন থাক; তুই এখন কি হির করলি, তা বল্। বা হয় একটা কর্। হয়, কোন ব্যবসায়ের চেটা দেখ, নয় তো স্বামাদের মডো 'স্বাস্থানো মোক্ষার্থং জগজিতায় চ' যথার্থ সন্ত্যাসের পথে চলে স্বায়। এই শেব পছাই স্বস্থা শ্রেষ্ঠ পহা, কি হবে ছাই সংসারী হয়ে? বুঝে তো দেখছিস সবই ক্ষণিক—'নলিনীদলগতজ্বমভিতরলং তহ্মজীবনমভিশয়চপলম্'।' স্বভএব যদি এই স্বায়্থাপ্রতায় লাভ করতে উৎসাহ হয়ে থাকে তো স্বায় কালবিলম্ব করিস্ নে। এখনি স্বগ্রসর হ। 'ষদহরের বিরজেৎ ভদহরের প্রজেপ'।' পরার্থে নিজ্পীবন বলি দিয়ে লোকের দোরে দোরে গিয়ে স্বভয়বানী শোনা—'উরিষ্ঠত স্বাগ্রত প্রাপ্য বরান্ নিবোধত'।

ンツ

স্থান—বেল্ড়, ভাড়াটিয়া মঠ-বাটী ও নৃতন মঠভূমি কাল—>ই ডিনেম্বর, ১৮৯৮

আৰু নৃতন মঠের অমিতে সামীজী বজ্ঞ করিয়া শ্রীশ্রীঠাকুর-প্রতিষ্ঠা করিবেন। শিক্ত পূর্বরাজ হইতেই মঠে আছে; ঠাকুর-প্রতিষ্ঠা দর্শন করিবে— এই বাসনা।

প্রাতে গলালান করিয়া খামীজা ঠাকুর-ঘরে প্রবেশ করিলেন। অনন্তর প্রকের আদনে বসিয়া প্রপণাত্তে যতগুলি ফুল-বিৰণত ছিল, সব ছই হাতে এককালে তুলিয়া লইলেন এবং শ্রীরামকৃষ্ণদেবের শ্রীণাত্তকার অঞ্জলি দিয়া ধ্যানহ হইলেন—অপূর্ব দর্শন। তাঁহার ধর্মপ্রভা-বিভাসিত লিখোজ্ঞল কার্সিতে

> শেহমূলার, শক্তরাচার্য

২ বু: উপনিষদ

ঠাকুরঘর বেন কি এক অভুত আলোকে পূর্ণ হইল! প্রেমানন্দ ও অক্তান্ত সন্মালিগণ ঠাকুরঘরের ঘারে দাড়াইরা রহিলেন।

ধ্যানপ্তাবসানে এইবার মঠভূমিতে যাইবার আয়োজন হইতে লাগিল। তাত্রনির্মিত কৌটার বিক্ষিত শ্রীরামকৃষ্ণদেবের ভস্মাস্থি স্বামীজী স্বরং দক্ষিণ স্ক্ষে লইয়া অগ্রগামী হইলেন। অস্তান্ত সন্থাসিগণসহ শিশু পশ্চাৎ পশ্চাৎ চলিল। শন্ধ-ঘন্টারোলে তটভূমি ম্থবিত হওয়ায় ভাগীরথী যেন ঢল ভাবে নৃত্য করিতে লাগিল। যাইতে যাইতে স্থামীজী শিশুকে বলিলেন:

ঠাকুর আমায় বলেছিলেন, 'তুই কাঁথে ক'রে আমায় যেখানে নিয়ে বাবি, আমি সেখানেই যাব ও থাকব। তা গাছতলাই কি, আর কুটারই কি।' সেজগুই আমি স্বয়ং তাঁকে কাঁথে ক'রে ন্তন মঠভূমিতে নিয়ে যাছি। নিশ্য জানবি, বহু কাল পর্যন্ত 'বহুজনহিভায়' ঠাকুর ঐ স্থানে স্থিয় হয়ে থাকবেন।

শিশু। ঠাকুর আপনাকে কখন এই কথা বলিয়াছেন ?

স্বামীজী। (মঠের সাধুগণকে দেখাইয়া) ওদের মূখে শুনিসনি ?—কাশীপুরের বাগানে।

শিয়। ওঃ! সেই সময়েই বুঝি ঠাকুরের গৃহস্থ ও সন্ন্যাদী ভজ্জদের ভিতর সেবাধিকার লইয়া দলাদলি হইয়াছিল ?

শামীনী। 'দলাদলি' ঠিক নয়, একটু মন-ক্ষাক্ষি হয়েছিল। জানবি,
যাঁরা ঠাকুরের ভক্ত, যাঁরা ঠিক ঠিক তাঁর রূপা লাভ করেছেন—তা
গৃহস্থই হোন আর সন্ন্যাসীই হোন—তাঁদের ভেতর দল-ফল নেই,
থাকতেই পারে না। তবে ওরুপ একটু-আথটু মন-ক্ষাক্ষির কারণ
কি তা জানিস? প্রত্যেক ভক্ত ঠাকুরকে আপন আপন বৃদ্ধির রঙে
রঙিয়ে এক এক জনে এক এক রক্ষম দেখে ও বোঝে। তিনি ধেন
মহাস্থ্র, আর আমরা খেন প্রত্যেকে এক এক রক্ষম রঙিন কাচ চোথে
দিয়ে সেই এক স্থাকে নানা রঙ-বিশিষ্ট য'লে দেখছি। অবশ্র এই
কথাও ঠিক বে, কালে এই থেকেই দলের স্পষ্ট হয়। তবে যারা
সৌভাগ্যক্রমে অবতারপুরুবের সাক্ষাৎ সম্পর্কে আসে, তাদের জীবৎকালে এরপ 'দল-ফল' সচরাচর হয় না। সেই আত্মারাম পুরুবের
আলোতে তাদের চোখ বলনে যান্ত; অহ্মার, অভিমান, হীনবৃদ্ধি

সৰ ভেসে ৰায়। কাজেই 'দল-কল' করবার তাদের অবসর হয় না'; কেবল বে বার নিজের ভাবে হদয়ের পূজা দেয়।

- শিক্ত। মহাশয়, তবে কি ঠাকুরের ভক্তেরা সকলেই তাঁহাকে ভগবান্ বলিরা জানিলেও সেই এক ভগবানের স্বরূপ তাঁহারা ভিন্ন ভিন্ন ভাবে দেখেন এবং সেজফুই তাঁহাদের শিক্ত-প্রশিক্তেরা কালে এক একটি ক্ত্র গণ্ডির ভিতরে পড়িয়া ছোট ছোট দল বা সম্প্রদায়সকল গঠন করিয়া বলে ?
- স্বামীজী। হাঁ, এজন্ত কালে সম্প্রদায় হবেই। এই দেখ্না, চৈতন্তদেবের এখন ত্-তিন শ সম্প্রদায় হয়েছে; বীশুর হাজার হাজার মত বেরিয়েছে; কিছু এ-সকল সম্প্রদায় চৈতন্তদেব ও বীশুকেই মানছে।
- শিক্স। তবে শ্রীরামক্বঞ্চদেবের ভক্তদিগের মধ্যেও কালে বোধ হয় বছ সম্প্রদায় হইবে ?
- স্বামীজী। হবে বইকি। তবে আমাদের এই বে মঠ হচ্ছে, তাতে সকল মতের, সকল ভাবের সামঞ্জু থাকবে। ঠাকুরের বেমন উদার মত ছিল, এটি ঠিক সেই ভাবের কেন্দ্রখন হবে; এথান থেকে বে মহাসমন্বরের উদ্ভিন্ন ছটা বেরুবে, তাতে জগৎ প্লাবিত হরে যাবে।

এইরপ কথাবার্তা চলিতে চলিতে সকলে মঠভূমিতে উপস্থিত হইলেন।
খামীলী স্ক্রিত কোটাটি জমিতে বিস্তীর্ণ আসনোপরি নামাইয়া ভূমিষ্ঠ হইয়া
প্রাণাম করিলেন। , অপর সকলেও প্রাণাম করিলেন।

অনস্তর স্থানীজী পুনরায় পূজায় বনিলেন। পূজান্তে যজ্ঞান্তি প্রজানিত করিয়া হোষ করিলেন এবং সন্ন্যাসী ভাতৃগণের সহায়ে সহস্তে পায়সান প্রস্তুত করিয়া ঠাকুরকে নিবেদন করিলেন। বোধ হয়, ঐ দিন ঐ স্থানে তিনি কয়েকটি গৃহস্থকে দীক্ষাও দিয়াছিলেন। পূজা সমাপন করিয়া স্থামীজী সাদরে স্মাগত সকলকে আহ্বান ও সম্বোধন করিয়া বলিলেন:

আপনারা আজ কায়মনোবাক্যে ঠাকুরের পাদপদ্মে প্রার্থনা কলন যেন মহাযুগাবভার ঠাকুর আজ থেকে বহুকাল 'বহুজনহিভায় বহুজনস্থায়' এই পুণ্যক্ষেত্রে অবস্থান ক'রে একে সর্বধর্মের অপূর্ব সমন্বয়-কেন্দ্র ক'রে রাখেন।

সকলেই করজোড়ে ঐরণে প্রার্থনা করিলেন। পূজান্তে স্থামীজী শিশুকে ডাকিশ্বাবলিলেন, ঠাকুরের এই কোটা ফিরিয়ে নিয়ে যাবার স্থামাদের (সন্ত্যাসী-দের) কারও স্থার স্থামিকার নেই; কারণ স্থান্ধ স্থামন্ত্রা ঠাকুরকে এথানে বিশিরেছি। অভএব তৃই-ই মাধার ক'রে ঠাকুরের এই কোটা তুলে মঠে নিয়ে চল্।' শিশু কোটা স্পর্ল করিতে কৃষ্টিত হইড্রেছে দেখিয়া স্বামীলী বলিলেন, 'ভর নেই, মাধার কর্, আমার আঞা।'

শিশ্ব তথন আনন্দিত চিত্তে খামীজীর আজা শিরোধার্থ করিয়া কোটা মাথার তুলিরা লইল এবং শ্রীশুন্দর আজার ঐ কোটার স্পর্শাধিকার লাভ করিরা আপনাকে ধন্ত জান করিতে করিতে চলিল। অগ্রে কোটা-মন্তকে শিশ্ব, পশ্চাতে খামীজী, তারপর অন্তান্ত সকলে আসিতে লাগিলেন। পথিমধ্যে খামীজী তাহাকে বলিলেন, 'ঠাকুর আজ তোর মন্তকে উঠে তোকে আশীর্বাদ করছেন। সাবধান, আজ থেকে আর কোন অনিত্য বিষয়ে মন দিসনে।' একটি ছোট সাঁকো পার হইবার পূর্বে খামীজী শিশ্বকে পুনরায় বলিলেন, 'দেখিস, এবার খুব সাবধান, খ্ব সতর্কে খাবি।'

এইরপে নির্বিল্পে মঠে (নীলাম্বর বাবুর বাগানে) উপস্থিত হইরা সকলেই আনন্দ করিতে লাগিলেন। স্বামীঞ্জী শিশুকে এখন কথাপ্রসঙ্গে বলিতে লাগিলেনঃ

ঠাকুরের ইচ্ছার আজ তাঁর ধর্মকেত্রের প্রতিষ্ঠা হ'ল। বারো বছরের চিন্তা আমার মাথা থেকে নামলো। আমার মনে এখন কি হচ্ছে, জানিদ ? এই মঠ হবে, বিগ্যা ও সাধনার কেব্রন্থান। তোদের মতো ধার্মিক গৃহত্বেরা এর চারদিককার জমিতে ঘরবাড়ি ক'রে থাকবে, আর মাঝধানে ত্যাসী সন্মাসীরা থাকবে। আর মঠের ঐ দক্ষিণের জমিটার ইংলও ও আমেরিকার ভক্তদের থাকবার ঘর-দোর হবে। এরপ হ'লে কেমন হয় বল্ দেখি ?

শিয়। মহাশয়, আপনার এ অভূত কল্পনা!

ষাষ্ট্রী। করনা কি রে ? সময়ে সব হবে। আমি তো পদ্তন-মাত্র ক'রে

দিচ্ছি—এর পর আরও কর্ড কি হবে ! আমি কভক ক'রে হাব ;

আর তোদের ভেতর নানা idea (ভাব) দিয়ে হাব। ভোরা পরে
সে-সব work out (কাজে পরিণত) করবি। বড় বড় principle
(নীতি) কেবল শুনলে কি হবে ? সেগুলিকে practical field-এ
(কর্মজেত্রে) দাঁড় করাভে, প্রভিনিয়ত কাজে লাগাভে হবে। শাল্রের
লখা লখা কথাগুলি কেবল পড়লে কি হবে ? শাল্রের কথাগুলি আগে
ব্রুতে হবে। ভারপর জীবনে সেগুলিকে ফলাভে হবে। ব্রুলি ?
একেই বলে practical religion (কর্মজীবনে পরিণভ ধর্ম)।

এইরপে নানা প্রসদ চলিতে চলিতে শ্রীমং শহরাচার্বের কথা উঠিল।
শিশ্ব শ্রীশহরের বড়ই পক্ষপাতী ছিল; এমন কি, ঐ বিষয়ে তাহাকে গোঁড়া
বলিলেও বলা ষাইত। স্বামীজী উহা জানিতেন এবং কেহ কোন মডের
গোঁড়া হয়, ইহা তিনি সন্থ করিতে পারিতেন না। কোন বিষয়ের গোঁড়ামি
দেখিলেই তিনি উহার বিরুদ্ধশক্ষ অবলম্বন করিতেন এবং অক্তম অমোঘ
যুক্তির আঘাতে ঐ গোঁড়ামির সহীর্ণ বাধ চূর্ণবিচূর্ণ করিয়া দিতেন।
স্বামীজী। শহরের ক্রধার বৃদ্ধি—তিনি বিচারক বটে, পণ্ডিত বটে, কিন্তু

তাঁর উদারতাটা বড গভীর ছিল না; হৃদয়টাও ঐক্লপ ছিল ব'লে বোধ হয়। আবার ব্রাহ্মণ-অভিমানটুকু খুব ছিল। একটি দক্ষিণী ভট্টাচার্য গোছের ছিলেন আর কি! ব্রাহ্মণেতর ছাতের ব্রহ্মজ্ঞান হবে না, এ কথা বেদান্তভাষ্যে কেমন সমর্থন ক'রে গেছেন! বলিহারি বিচার! বিহুরের কথা উল্লেখ ক'রে বলেছেন--ভার পূর্বজন্মের ত্রাহ্মণ-শরীরের ফলে সে ব্রহ্মন্ত হয়েছিল। বলি, আজকাল যদি এরপ কোন শুদ্রের ব্ৰহ্মজ্ঞান হয়, তবে কি তোর শহরের মতে মত দিয়ে বলতে হবে যে, সে পূর্বজন্মে ব্রাহ্মণ ছিল, তাই তার হয়েছে ? ব্রাহ্মণছের এত টানাটানিতে কাজ কি রে বাবা ? বেদ তো ত্রৈবর্ণিক-মাত্রকেই বেদপাঠ ও বন্ধজানের অধিকারী করেছে। অভএব শহরের ঐ বিষয় নিয়ে বেদের উপর এই অভুত বিভাপ্রকাশের কোন প্রয়োজন ছিল না। আবার এমনি হৃদয় যে কত বৌদ্ধ শ্রমণকে আগুনে পুড়িয়ে মারলেন—ভাদের ভর্কে হারিয়ে! আহামক বৌদ্ধলোও কি না তর্কে হার মেনে আগুনে পুড়ে ময়তে গেল! শহরের ঐরূপ কাজকে fanaticism (সমীর্ণ ধর্মোনাদ) ছাড়া আর কি বলা যেতে পারে? কিন্তু দেখ্ বুজদেবের হৃদয়! 'বছজনহিতার বছজনহ্থার' কা কথা, সামাস্ত একটা ছাগশিশুর জীবনরক্ষার জন্ত নিজ-জীবন দান করতে সর্বদা প্রস্তত ! দেখ দেখি কি উদারতা—কি দয়া 1

শিশু। বুদ্ধের ঐ ভাবটাকেও কি মহাশর, অশু এক প্রকারের পাগলামি বলা বাইতে পারে না? একটা পশুর অশু কি না নিজের গলা দিভে গৈলেন!

১ পাওবদের পরমধার্মিক খবিতুল্য পিতৃব্য।

- যামীলী। কিছ তাঁর ঐ fanaticism (ধর্মোয়াদ)-এ জগতের জীবের কত কল্যাণ হ'ল—তা দেখ্! কত আশ্রম—ত্বল-কলেজ, কত public hospital (সাধারণের জন্ত হাসপাতাল), কত পশুলালার স্থাপন, কত হাপত্যবিভার বিকাশ হ'ল, তা ভেবে দেখ্! বৃদ্ধদেব জয়াবার আগে এ দেশে এ-সব ছিল কি?—তালপাতার পুঁথিতে বাঁধা কতকগুলো ধর্মতত্ব—তা-ও অল্ল কয়েকজনের জানা ছিল মাত্র। ভগবান বৃদ্ধদেব সেগুলি practical field-এ (কার্যক্রেত্রে) আনলেন, লোকের দৈনন্দিন জীবনে সেগুলো কেমন ক'রে কাজে লাগাতে হবে, তা দেখিয়ে দিলেন। ধরতে গেলে তিনিই যথার্থ বেদান্তের ক্রন্মূর্তি।
- শিশু। কিন্তু মহাশয়, বর্ণাধ্রমধর্ম ভাঙিয়া দিয়া ভারতে হিন্ধর্মের বিপ্লব তিনিই ঘটাইয়া গিয়াছেন এবং সেই জ্ঞুই তৎ-প্রচারিত ধর্ম ভারত হইতে কালে নির্বাদিত হইয়াছে, এ কথা সত্য বশিয়া বোধ হয়।
- স্বামীজী। বৌদ্ধর্মের ঐরপ তুর্দশা তাঁর teaching-এর (শিক্ষার) দোষে হয় নাই, তাঁর follower (চেলা)-দের দোষেই হয়েছিল; বেলী philosophic হয়ে (দর্শনচর্চা ক'রে) তাদের heart (হয়য়)-এর উদারতা কমে গেল। তারপর ক্রমে বামাচারের ব্যক্তিচার চুকে বৌদ্ধর্ম মরে গেল। অমন বীভৎস বামাচার এখনকার কোন তয়ে নেই। বৌদ্ধর্মের একটি প্রধান কেন্দ্র ছিল 'জগলাথক্ষেত্র'—সেধানে মন্দিরের গায়ে খোদা বীভৎস মৃতিগুলি একবার গিয়ে দেখে এলেই ঐ কথা জানতে পারবি। রামান্ত্রজ ও চৈতক্ত-মহাপ্রভুর সময় থেকে পুরুষোত্তমক্ষেত্রটা বৈঞ্চবদের দখলে এসেছে। এখন উহা ঐ-সকল মহাপুরুষের শক্তিসহারে অন্ত এক মৃতি ধারণ করেছে।
- শিশু। মহাশয়, শাক্ষম্থে তীর্থাদি-স্থানের বিশেষ মহিমা অবগত হওয়া বার, উহার কতটা সভ্য ?
- বামীজী। সমগ্র ব্রহ্মাণ্ড বথন নিত্য আত্মা ঈশরের বিরাট শরীর, তথন হানমাহাত্ম্য থাকাটার বিচিত্রতা কি আছে ? হানবিশেবে তাঁর বিশেষ প্রকাশ
 কোথাও তথ্য এবং কোথাও তথ্যত্ত মানবমনের ব্যাকৃল আগ্রহে হয়ে
 থাকে। সাধারণ মানব এ-সকল হানে জিল্লাহ্ন হয়ে গেলে সহজে ফল
 পার। এই জন্ত তীর্থাদি আপ্রয় ক'রে কালে আত্মার বিকাশ হ'তে পারে।

ভবে স্থির জানবি, এই যানবংগ্রের চেয়ে আর কোনও বড় ভীর্থ নেই। এখানে আত্মান্ন বেমন বিকাশ, এমন আর কোথাও নয়। ঐ বে জগনাথেৰ বৰ, ভাও এই দেহৰণেৰ concrete form (সুল দ্বপ) ষাত্র। এই দেহরথে আত্মাকে দর্শন করতে হবে। পড়েছিস না---'আত্মানং রথিনং বিদ্ধি' ইভ্যাদি, 'মধ্যে বামনমাসীনং বিশ্বে দেবা উপাসতে'—এই বামন-রূপী আত্মদর্শনই ঠিক ঠিক জগরাধদর্শন। ঐ বে বলে 'রথে চ বামনং দৃষ্টা পুনর্জন্ম ন বিশুতে'---এর মানে হচ্ছে, ভোর ভেতরে যে আত্মা আছেন, থাকে উপেন্ধা ক'রে তুই কিছুভকিমাকার এই দেহরপ অড়পিওটাকে সর্বদা 'আমি' ব'লে ধরে নিচ্ছিদ, তাঁকে দর্শন করতে পারলে আর পুনর্জন্ম হয় না। যদি কাঠের দোলায় ঠাকুর দেখে জীবের মুক্তি হ'ত, তা হ'লে বছরে বছরে কোটি জীবের মৃক্তি হয়ে यেত—আঞ্কাল আবার রেলে যাওয়ার যে হুযোগ! ভবে ৺ঞ্গরাথের সম্বন্ধে সাধারণ ভক্তদিগের বিশাসকেও আমি 'কিছু নয় বা মিথ্যা' বলছি না। এক শ্রেণীর লোক আছে, বারা ঐ মৃতি-অবলম্বনে উচ্চ থেকে ক্রমে উচ্চতর তত্ত্বে উঠে বায়, অতএব ঐ মৃতিকে আশ্রয় ক'রে শ্রীভগবানের বিশেষ শক্তি যে প্রকাশিত রয়েছে, এতে সন্দেহ নেই।

শিষ্য। তবে কি মহাশৃর, মূর্থ ও বৃদ্ধিমানের ধর্ম আলাদা ?

শামীলী। তাই তো, নইলে তোর শান্তেই বা এত অধিকারি-নির্দেশের হালামা কেন? সবই truth (সত্য), তবে relative truth different in degrees (আপেক্ষিক সত্যে তারতম্য আছে)। মাহ্র বা কিছু সত্য ব'লে আনে, সে সকলই ঐরপ; কোনটি অল সত্য, কোনটি তার চেল্লে অধিক সত্য; নিত্য সত্য কেবল একমাত্র ভগবান্। এই আত্মা জড়ের ভেতর একেবারে খুম্ছেন, 'জীব'নাষধারী মাহ্নবের ভেতর তিনিই আবার কিঞ্চিৎ conscious (আগরিত) হয়েছেন। শ্রীকৃন্দে, বৃদ্ধভাবে ভাবার ঐ আত্মাই superconscious stage-এ—অর্থাৎ পূর্ণভাবে ভাগবিত হয়ে দীড়িয়েছেন। এর উপরেও অবহা আছে, বা ভাবে বা ভাবার বলা বার না—'অবাঙ্মনসোগোচরম্'।

শিয়। মহাশর, কোন কোন ভক্তসম্প্রদায় বলে, ভগবানের সহিত একটা
ভাব বা সমন্ধ পাতাইয়া সাধনা করিতে হইবে। আত্মার মহিমাদির
কথা ভাহারা কিছুই বোঝে না, শুনিলেও বলে—'এ-সকল কথা ছাড়িয়া
সর্বদা ভাবে থাকো।'

শামীলী। তারা যা বলে, তা তাদের পক্ষে সত্য। ঐরপ করতে করতে তাদের ভেতরও একদিন বন্ধ জেগে উঠবেন। আমরা (সয়াসীরা) যা করছি, তাও আর এক রকম ভাব। আমরা সংসারত্যাগ করেছি, অতএব সাংসারিক সম্বন্ধ মা-বাপ স্ত্রী-পুত্র ইত্যাদির মতো কোন একটা ভাব ভগবানে আরোপ ক'রে সাধনা করা—আমাদের ভাব কেমন ক'রে হবে? ও-সব আমাদের কাছে সহীর্ণ ব'লে মনে হয়। অবশ্র, সর্বভাবাতীত শ্রীভগবানের উপাসনা বড় করিন। কিন্তু অমৃত পাই না ব'লে কি বিষ খেতে যাব? এই আত্মার কথা সর্বদা বলবি, ভনবি, বিচার করবি। ঐরপ করতে করতে কালে দেখবি—তোর ভেতরেও সিদি (সিংহ, ব্রন্ধ) জেগে উঠবেন। ঐ সব ভাব-ধেয়ালের পারে চলে যা। এই শোন, কঠোপনিবদে যম কি বলেছেন: উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান্নিবোধত।

এইরপে এই প্রসক সমাপ্ত হইল। মঠে প্রসাদ পাইবার ঘণ্টা বাজিল। স্বামীজীর দলে শিক্ষও প্রসাদ গ্রহণ করিতে চলিল। २०

স্থান—কলিকাতা কাল—১৮৯৮

আজ তিন দিন হইল খামীজী বাগবাজারে ৺বলরাম বহুর বাড়িতে অবস্থান করিতেছেন। প্রত্যহ অসংখ্য লোকের ভিড়। স্থামী বোগানলও স্থামীজীর সঙ্গে একত্র অবস্থান করিতেছেন। আজ সিষ্টার নিবেদিতাকে সঙ্গে লাইয়া খামীজী আলিপুরের পশুলালা দেখিতে ঘাইবেন। শিশু উপস্থিত হইলে তাহাকে ও স্থামী যোগানলকে বলিলেন, 'তোরা আগে চলে যা—আমি নিবেদিতাকে নিয়ে গাড়ি ক'রে একটু পরেই যাচিছ।'……

প্রায় সাড়ে চারিটার সময় স্বামীকী নিবেদিতাকে সঙ্গে লইয়া পশুশালায় উপস্থিত হইলেন। বাগানের তদানীস্তন স্থপারিণ্টেণ্ডেণ্ট রায় বাহাত্ত্র রামব্রহ্ম সাক্ষাল পরম সাদরে স্বামীজী ও নিবেদিতাকে অভ্যর্থনা করিয়া ভিতরে লইয়া গেলেন এবং প্রায় দেড় ঘণ্টাকাল তাঁহাদের অস্থগমন করিয়া বাগানের নানা স্থান দেখাইতে লাগিলেন। স্থামী যোগানন্দও শিশ্বের সঙ্গে তাঁহাদের পশ্চাৎ পশ্চাৎ চলিলেন।

রামত্রন্ধবাবু উভানহ নানা বৃক্ষ দেখাইতে দেখাইতে বৃক্ষাদির কালে কিরপ ক্রমপরিণতি হইয়াছে তথিষ্য আলোচনা করিতে করিতে অগ্রসর হইডে লাগিলেন। নানা জীবজন্ত দেখিতে দেখিতে স্বামীজীর মধ্যে মধ্যে জীবের উদ্ভবোদ্তর পরিণতি-সম্বন্ধ ডাক্রইনের (Darwin) মতের আলোচনা করিতে লাগিলেন। লিন্তার মনে আছে, সর্প-গৃহে বাইরা তিনি চক্রান্ধিতগাত্র একটা প্রকাশু সাপ দেখাইয়া বলিলেন, 'ইহা হইতেই কালে tortoise (কছপ) উৎপন্ন হইরাছে। ঐ সাপই বছকাল ধরিয়া একছানে বসিয়া থাকিয়া ক্রমে কঠোরপৃষ্ঠ হইরা গিরাছে।' কথাগুলি বলিয়াই স্বামীজী শিশুকে তামাসা করিয়া বলিলেন, 'তোরা না কছপে থাস্? ডাক্লইনের মতে এই সাপই কাল-পরিণামে কছেপ হয়েছে; তা হ'লে তোরা সাপত খাস্!' ইহা শুনিয়া শিশু মুণার মুখ বাঁকাইয়া বলিল, 'মহাশয়, একটা পদার্থ ক্রমপরিণতির ম্বারা পদার্থান্তর বেবার প্রবির আকৃতি ও স্বভাব থাকে না, তখন কছেপ খাইলেই বে সাপ খাওয়া হইল, এ কথা কেমন করিয়া বলিতেছেন ?'

শিখ্যের কথা শুনিয়া স্বামীজী ও রামগ্রহ্মবাৰু হাসিয়া উঠিলেন এবং সিটার নিবেদিতাকে ঐ কথা বুঝাইয়া দেওয়াতে তিনিও হাসিতে লাগিলেন। ক্রমে সকলেই বেখানে সিংহ-গ্রাম্রাদি ছিল, সেই ঘরের দিকে অগ্রসর হইতে লাগিলেন।

রামবন্ধবাব্র আদেশে রক্ষকেরা সিংহ্ব্যান্তের জক্ত প্রচুর মাংস আনিয়া আমাদের সম্থেই উহাদিগকে আহার করাইতে লাগিল। উহাদের সাহলাদ গর্জন শুনিবার এবং সাগ্রহ ভোজন দেখিবার অল্পণ পরেই উভানমধ্যত্থ রামবন্ধবাব্র বাদাবাড়িতে আমরা সকলে উপস্থিত হইলাম। তথার চা ও জলপানের উভোগ হইয়াছিল। আমীজী অল্পমাত্র চা পান করিলেন। নিবেদিতাও চা পান করিলেন। এক টেবিলে বসিয়া সিষ্টার নিবেদিতা-ম্পৃষ্ট মিষ্টার ও চা খাইতে সঙ্কৃচিত হইতেছে দেখিয়া আমীজী শিশুকে পুনঃ পুনঃ অহুরোধ করিয়া উহা খাওয়াইলেন এবং নিজে জলপান করিয়া তাহার অবশিষ্টাংশ শিশুকে পান করিতে দিলেন। অতঃপর ডারুইনের ক্রমবিকাশবাদ লইয়া কিছুক্ষণ কথোপকথন চলিতে লাগিল।

- রামব্রহ্মবার্। ভারুইন ক্রমবিকাশবাদ ও ভাহার কারণ বেভাবে ব্ঝাইয়াছেন, তৎসম্বন্ধে আপনার অভিমত কি ?
- স্বামীজী। ভারুইনের কথা সক্ষত হলেও evolution (ক্রমবিকাশবাদ)-এর কারণ সম্বন্ধে উহা যে চূড়ান্ত মীমাংসা, এ কথা আমি স্বীকার করতে পারি না।
- রামব্রহ্মবার্। এ বিষয়ে আমাদের দেশে প্রাচীন পণ্ডিতগণ কোনরূপ ভালোচনা করিয়াছিলেন কি ?
- স্বামীজী। সাংখ্যদর্শনে ঐ বিষয় স্থলর আলোচিত হয়েছে। ভারতের প্রাচীন দার্শনিকদিগের সিদ্ধান্তই ক্রমবিকাশের কারণ সম্বন্ধে চূড়ান্ত মীমাংসা ব'লে আমার ধারণা।
- রামত্রক্ষবারু। সংক্ষেপে ঐ সিদ্ধান্ত বুঝাইয়া বলা চলিলে ভনিতে ইচ্ছা হয়।
- খামীজী। নিম জাতিকে উচ্চ জাতিতে পরিণত করতে পাশ্চাত্য মতে struggle for existence (জীবন-সংগ্রাম), survival of the fittest (বোগ্যতমের উর্থ্ডন), natural selection (প্রাকৃতিক

নিৰ্বাচন) প্ৰভৃতি বে-সকল নিয়ম কারণ ব'লে নিৰ্দিষ্ট হয়েছে, সে-সকল আপনার নিশ্চরই জানা আছে। পাতঞ্জ-দর্শনে কিন্ত এ-সকলের একটিও ভার কারণ ব'লে সমর্থিত হয়নি। পতঞ্চলির মভ হচ্ছে, এক species (কাতি) থেকে আর এক species-এ (কাতিতে) পরিণতি 'প্রকৃতির আপ্রণের' বারা (প্রকৃত্যাপুরাৎ) সংসাধিত হয় 🛵 আবরণ ৰা obstacles-এর (প্রতিবন্ধক বা বাধার) সঙ্গে দিনরাত struggle (नড়াই) ক'বে বে ওটা দাধিত হয়, তা নয়। আমার বিবেচনায় struggle (ৰড়াই) এবং competition (প্ৰতিৰ্দ্দিতা) জীবের পূর্ণতালাভের পক্ষে অনেক সময় প্রতিবন্ধক হয়ে দাঁড়ায়। হাজার জীবনকৈ ধ্বংস ক'রে যদি একটা জীবের ক্রমোরতি হয়—যা পাশ্চাত্য দর্শন সমর্থন করে, তা হ'লে বলতে হয়, এই evolution (ক্রমবিকাশ) বারা সংসারের বিশেষ কোন উন্নতিই হচ্ছে না। সাংসারিক উন্নতির কথা স্বীকার ক'রে নিলেও আধ্যাত্মিক বিকাশকল্পে ওটা যে বিষম প্রতিবন্ধক, এ কথা স্বীকার করতেই হয়। স্বামাদের দেশীয় দার্শনিকগণের অভিপ্রায়—জীবমাত্রই পূর্ণ আত্মা। আত্মার বিকাশের তারতমোই বিচিত্রভাবে প্রকৃতির অভিব্যক্তি ও বিকাশ। প্রকৃতির অভিব্যক্তির ও বিকাশের প্রতিবন্ধকগুলি সর্বতোভাবে সরে দাঁড়ালে পূর্ণভাবে আত্মপ্রকাশ। প্রকৃতির অভিব্যক্তির নিমন্তরে যাই হোক, উচ্চন্তরে কিন্তু প্রতিবন্ধকগুলির দলে দিনরাত যুদ্ধ করেই বে ওদের অতিক্রম করা যায়, তা নয়; দেখা যায় সেখানে শিক্ষা-দীক্ষা, ধ্যান-ধারণা ও প্রধানতঃ ভ্যাগের ঘারাই প্রতিবন্ধকগুলি সরে যায় বা অধিকতর আত্মপ্রকাশ উপস্থিত হয়। স্বতরাং obstacle (প্রতিবন্ধক)-গুলিকে আত্মপ্রকাশের কার্য না ব'লে কারণরূপে নির্দেশ করা এবং প্রকৃতির এই বিচিত্র অভিব্যক্তির সহায়ক বলা যুক্তিযুক্ত নয়। হাজার পাপীর প্রাণসংহার ক'রে জগৎ থেকে পাপ দূর করবার চেষ্টা ছারা ব্দগতে পাপের বৃদ্ধিই হয়। কিন্তু উপদেশ দিয়ে জীবকে পাপ থেকে নিবৃত্ত করতে পারলে জগতে আর পাপ থাকে না। এখন দেখুন, পাশ্চাভ্য Struggle Theory (প্রাণীদের পরস্পর সংগ্রাম ও প্রতিষ্থিতা ঘারা উন্নতিলাভরণ মত)টা কভদূর horrible (ভীবণ) হরে দাঁড়াচ্ছে।

বাসত্রন্ধাব সামীজীর কথা শুনিরা শুন্তিত হইরা রহিলেন; অবশেষে বলিলেন, 'ভারতবর্ষে এখন আপনার ন্তারপ্রাচ্য-পাশ্চাত্য দর্শনে অভিজ্ঞ লোকের বিশেষ প্রয়োজন হইরাছে। ঐরপ লোকেই একদেশদর্শী শিক্ষিত জনগণের ভ্রমপ্রবাদ অনুলি দিরা দেখাইরা দিতে সমর্থ। আপনার Evolution Theory-র (ক্রমবিকুর্মাবাদের) নৃতন ব্যাধ্যা শুনিরা আমি পরম আহ্লাদিত হইলাম।'

শিক্ত স্থামী বোগানন্দের সহিত ট্রামে করিয়া রাত্তি প্রায় ৮টার সময় বাগবাজারে ফিরিয়া আদিল। স্থামীজী ঐ সময়ের প্রায় পনর মিনিট পূর্বে ফিরিয়া বিশ্রাম করিতেছিলেন। প্রায় অর্ধবন্টা বিশ্রামান্তে তিনি বৈঠকধানায় আমাদিগের নিকট উপস্থিত হইলেন। স্থামীজী জ্বত পশুশালা দেখিতে গিয়া রামত্রন্ধবাব্র নিকট ক্রমবিকাশবাদের অপূর্ব ব্যাখ্যা করিয়াছেন শুনিয়া উপস্থিত সকলে ঐ প্রসন্ধ বিশেষরূপে শুনিবার জ্বত্ত ইতঃপূর্বেই সমুৎস্থক ছিলেন। অতএব স্থামীজী আদিবামাত্র সকলের অভিপ্রায় বুবিয়া শিক্ত ঐ কথাই পাডিল।

শিশু। মহাশয়, পশুশালায় ক্রমবিকাশ সম্বন্ধে বাহা বলিয়াছিলেন, তাহা ভাল করিয়া ব্ঝিতে পারি নাই। অন্তগ্রহ করিয়া সহজ কথায় তাহা পুনরায় বলিবেন কি ?

খামীজী। কেন, কি বুঝিসনি ?

শিক্ত। এই আপনি অগু অনেক সময় আমাদের বলিয়াছেন যে, বাহিরের শক্তিস্মৃহের সহিত সংগ্রাম করিবার ক্ষমতাই জীবনের চিহ্ন এবং উহাই উর্যাভির সোপাম। আৰু আবার যেন উল্টা কথা বলিলেন।

শামীজী। উলটো ব'লব কেন? তুই-ই বৃষতে পারিসনি। Animal kingdom-এ (নিয় প্রাণিজগতে) আমরা সত্য-সভাই struggle for existence, survival of the fittest (জীবনসংগ্রাম, বোগ্যতমের উর্থ্ডন) প্রভৃতি নিয়ম স্পাই দেখতে পাই। ভাই ডারুইনের theory (ভল্ব) কভকটা সভ্য ব'লে প্রভিন্ধাত হয়। কিন্তু human kingdom (মহন্ত-অগৎ)-এ, বেখানে rationality (জ্ঞান-বৃদ্ধি)-র বিকাশ, সেধানে এ নিয়মের উলটোই দেখা যায়। মনে কর্, বাঁদের আমরা really great men (বাস্তবিক বহাপুক্ষ) বা ideal (আদর্শ) ব'লে

জানি, তাঁদের বাহু struggle (সংগ্রাম) একেবারেই দেখিতে পাওয়া যার না। Animal kingdom (মহুরেডর প্রাণিজগৎ)-এ instinct (বাভাবিক জ্ঞান)-এর প্রাবল্য। মাহুব কিন্তু বত উন্নত হয়, ভতই ভাতে rationality (বিচার-বৃদ্ধি)-র বিকাশ। এজন্ত animal kingdom (প্রাণিজগৎ)-এর মতো rational human kingdom (বৃদ্ধিযুক্ত মহয়জগৎ)-এ পরের ধ্বংস সাধন ক'রে progress (উর্ন্তি) হ'তে পারে না। মানবের সর্বশ্রেষ্ঠ evolution (পূর্ণবিকাশ) একমাত্র sacrifice (ত্যাগ) ঘারা সাধিত হয়। যে পরের জন্ম যত sacrifice (ভ্যাগ) করভে পারে, মাহুষের মধ্যে দে ভত বড়। আর নিমন্তরের প্রাণিজগতে যে যত ধ্বংস করতে পারে, সে তত বলবান্ জানোয়ার হয়। স্বতরাং Struggle Theory (জীবনসংগ্রাম-তত্ব) এ উভয় রাজ্যে equally applicable (সমানভাবে উপযোগী) হ'তে পারে না। মাহুষের struggle (সংগ্রাম) হচ্ছে মনে। মনকে যে যভ control (আয়ত্ত) করতে পেরেছে, সে তত বড় হয়েছে। মনেক সম্পূর্ণ বৃত্তিহীনতায় আত্মার বিকাশ হয়। Animal kingdom (মানবেতর প্রাণিজগৎ)-এ স্থুল দেহের সংরক্ষণে যে struggle (শংগ্রাম) পরিলক্ষিত হয়, human plane of existence (মানব-জীবন)-এ মনের ওপর আধিপত্যলাভের জন্ম বা দন্ত(গুণ)বৃত্তিসম্পন্ন হবার জ্বন্য সেই struggle (সংগ্রাম) চলেছে। জীবন্ত বৃক্ষ ও পুকুরের জলে পতিত বৃক্ষজারার মতো মহয়েতর প্রাণীতে ও মহয়জগতে struggle (সংগ্রাম) বিপরীত দেখা যায়।

- শিশু। তাহা হইলে আপনি আমার্দের শারীরিক উন্নতিসাধনের জ্ঞা এত করিয়া বলেন কেন ?
- স্থানীজী। তোরা কি আবার মাহ্নব ? তবে একটু rationality (বিচার-বৃদ্ধি) আছে, এই মাত্র। Physique (দেহটা) ভাল না হ'লে মনের সহিত struggle (সংগ্রাম) করবি কি ক'রে ? তোরা কি আর জগতের highest evolution (পূর্ণবিকাশস্থল) 'মাহ্নব'পদবাচ্য আছিল ? আহার নিজা মৈথুন ভিন্ন তোদের আর আছে কি ? এখনও বে চতুপাদ হয়ে যাসনি, এই ঢের। ঠাকুর বলতেন, 'হান হ'ল আছে

বার, সেই মাছম'। তোরা তো 'জায়ন্থ মিরন্থ'-বাক্যের সাকী হয়ে।
বালেশবাসীর হিংলার স্থল ও বিদেশিগণের ঘুণার আম্পদ হয়ে রয়েছিল।
তোরা animal (প্রাণী), তাই struggle (সংগ্রাম) করতে বলি।
বিওরি-ফিওরি রেখে দে। নিজেদের দৈনন্দিন কার্য ও ব্যবহার
হিরভাবে আলোচনা ক'রে দেখ্ দেখি, তোরা animal and human
planes-এর (মানব এবং মানবেতর ভারের) মধ্যবর্তী জীববিশেষ কি
না! Physique (দেহ)-টাকে আগে গড়ে ভোল্। ভবে তো মনের
ওপর ক্রমে আধিপত্য লাভ হবে। 'নায়মাত্মা বলহীনেন লভ্যঃ।'
বুঝলি?

শিয়। মহাশয়, 'বলহীনেন' অর্থে ভায়কার কিন্ত 'ব্রন্ধচর্যহীনেন' বলেছেন।
সামীজী। তা বলুনগে। আমি বলছি, the physically weak are
unfit for the realisation of the self (তুর্বল শরীরে আত্মসাক্ষাৎকার হয় না)।

শিষ্য। কিন্তু সৰল শরীরে অনেক জড়বুদ্ধিও তো দেখা যায়।

খামীলী। তাদের বদি তুই ষত্ম ক'রে ভাল idea (ভাব) একবার দিতে পারিস, তা হ'লে তারা যত শীগগীর তা work out (কার্যে পরিণত) করতে পারবে, হীনবীর্ষ লোক তত শীগগীর পারবে না। দেখছিস না, ফীণ শরীরে কাম-কোধের বেগধারণ হয় না। ভাটকো লোকগুলো শীগগীর রেগে খার—শীগগীর কামমোহিত হয়।

শিষা। কিন্তু এ নিয়মের ব্যতিক্রমণ্ড দেখিতে পাওয়া যায়।

খামীজী। তা নেই কে বলছে? মনের ওপর একবার control (সংখম)
হয়ে গেলে, দেহ সবল থাক বা শুকিয়েই যাক, তাতে আর কিছু
এসে যায় না। মোট কথা হচ্ছে physique (শরীর) ভাল না হ'লে
যে আত্মজানের অধিকারীই হ'তে পারে না; ঠাকুর বলতেন, 'শরীরে
এতটুকু খুঁত থাকলে জীব সিদ্ধ হ'তে পারে না।'

কিছুক্প পরে স্থামীজী রহস্ত করিয়া উপস্থিত সকলকে বলিতে লাগিলেন, 'আর এক কথা শুনেছেন, আজ এই ভটচাব বাম্ন নিবেদিভার এঁটো থেয়ে এনেছে। তার ছোঁয়া মিটার না হয় থেলি, তাতে তত আসে বার না, কিছে তার ছোঁয়া জলটা কি ক'রে থেলি ?'

- শিক্ত। তা আগনিই তো আদেশ করিয়াছিলেন। গুরুর আদেশে আমি শ্ব করিতে পারি। জলটা থাইতে কিন্তু আমি নারাজ ছিলাম; আপনি পান করিয়া দিলেন, কাজেই প্রদাদ বলিয়া থাইতে ছইল।
- খামীজী। তোর ভাতের দফা রফা হয়ে গেছে—এখন আর তোকে কেউ ভটচাৰ বামুন বলে মানবে না!
- শিশু। না মানে নাই মাস্থক। আমি আপনার আদেশে চণ্ডালের ভাতও থাইতে পারি।

কথা শুনিয়া স্বামীন্দী ও উপস্থিত সকলে হো হো করিয়া হাসিয়া উঠিলেন।

23

স্থান—বেলুড়, ভাড়াটিয়া মঠ-বাটী কাল—১৮৯৮

আন্ধ বেলা প্রায় গুইটার সময় শিশু পদব্রজে মঠে আসিয়াছে। নীলাম্বন্বাব্র বাগানবাটাতে এখন মঠ উঠাইয়া আনা হইয়াছে এবং বর্তমান মঠের জমিও অল্লদিন হইল ধরিদ করা হইয়াছে। স্বামীজী শিশুকে সঙ্গেলইয়া বেলা চারিটা আন্দান্ধ মঠের নৃতন জমিতে বেড়াইতে বাহির হইয়াছেন। মঠের জমি তখনও জললপূর্ণ। জমিটির উত্তরাংশে তখন একখানি একতলা কোঠাবাড়ি ছিল; উহারই সংস্থার করিয়া বর্তমান মঠ-বাড়ি নির্মিত হইয়াছে। মঠের জমিটি বিনি খরিদ করাইয়া দেন, তিনিও স্বামীজীর সঙ্গে কিছুদ্র পর্যন্ত আদিয়া বিদার লইলেন। স্বামীজী শিশুসঙ্গে মঠের জমিতে ভ্রমণ করিতে লাগিলেন এবং কথাপ্রসঙ্গে ভাবী মঠের কার্যকারিতা ও বিধিবিধান পর্যালোচনা করিতে লাগিলেন।

ক্রমে একতলা ঘরের পূর্বদিকের বারালার পৌছিয়া বেড়াইডে বেড়াইডে শামীনী বলিলেন:

এইথানে সাধুদের থাকবার ছান হবে। সাধন-ভজন ও জানচর্চার এই ষঠ প্রধান কেন্দ্রছান হবে, এই আমার অভিপ্রায়। এবান থেকে বে শক্তির অভানর হবে, তা জগৎ ছেরে ফেলবে; সাছ্যের জীবনগতি ফিরিয়ে দেবে; জান ভক্তি বোগ ও কর্মের একজ সমন্বরে এখান থেকে ideals (উচ্চার্দর্শ-সকল) বেরোবে; এই মঠভুক্ত সাধুদের ইন্ধিতে কালে দিগ্দিগন্তরে প্রাণের সকার হবে; যথার্থ ধর্মান্থরাগিগণ সব এখানে কালে এসে জুটবে—মনে এরূপ কত কর্মনার উদ্বর হচ্ছে।

মঠের দক্ষিণ ভাগে ঐ যে জমি দেখছিস, ওথানে বিভার কেন্দ্রস্থা ছবে। ব্যাকরণ দর্শন বিজ্ঞান কাব্য অলহার শ্বতি ভক্তিশাস্ত্র আর রাজকীয় ভাষা ঐ স্থানে শিক্ষা দেওয়া হবে। প্রাচীন টোলের ধরনে ঐ 'বিভামন্দির' স্থাপিত হবে। বালত্রন্ধচারীরা ঐথানে বাদ ক'রে শান্তপাঠ করবে। তাদের অশন-বদন সব মঠ থেকে দেওয়া হবে। এ-সব এক্ষচারীরা পাঁচ বংসর training (শিক্ষালাভ)-এর পর ইচ্ছে হ'লে গৃহে ফিরে গিয়ে সংসারী হ'তে পারবে। মঠে মহাপুরুষগণের অভিমতে সন্মানও ইচ্ছে হ'লে নিতে পারবে। এই ব্রহ্মচারি-গণের মধ্যে যাদের উচ্ছুঙাল বা অসচ্চরিত্র দেখা যাবে, মঠস্বামিগণ ভাদের তথনি বহিষ্ণত ক'রে দিতে পারবেন। এখানে জাতিবর্ণ-নির্বিশেষে অধ্যয়ন করানো হবে। এতে যাদের objection (আপত্তি) থাকবে, তাদের নেওয়া হবে না। ভবে নিজের জাভিবর্ণাশ্রমাচার মেনে যারা চলভে চাইবে, ভালের আহারাদির বন্দোবন্ত নিজেদের ক'রে নিতে হবে। ভারা অধ্যয়ন-মাত্র সকলের সঙ্গে একত্র করবে। তাদেরও চরিত্র-বিষয়ে মঠস্বামিগণ সর্বদা তীক্ষ দৃষ্টি রাধবেন। এখানে trained (শিক্ষিড) না হ'লে কেউ সন্ন্যাসের অধিকারী হ'তে পারবে না। ক্রমে এক্লপে বধন এই মঠের কাজ আরম্ভ हरत, ज्थन क्यान हरत वन् रम्थि ?

শিশ্ব। আপনি তবে প্রাচীনকালের মতো গুরুগৃহে ব্রন্ধ্চর্যাপ্রমের অহুষ্ঠান পুনরায় দেশে চালাইতে চান ?

খামীজী। নম তো কি ? Modern system of education-এ (বর্তমান শিক্ষাপদ্ধতিতে) ব্রন্ধবিদ্যা-বিকাশের হুবোগ কিছুমান্ত নেই। পূর্বের মন্তো ব্রন্ধচর্বাল্রম প্রতিষ্ঠিত করতে হবে। তবে এখন broad basis (উদারভাব)-এর ওপর তার foundation (ভিত্তিখাপন) করতে হবে, অর্থাৎ কালোপবোগী অনেক পরিবর্তন তাতে ঢোকাতে হবে। সে বর্ণবিব।

স্বামীজী স্বাবার বলিতে লাগিলেন:

মঠের দক্ষিণে ঐ বে অমিটা আছে, ঐটেও কালে কিনে নিভে হবে। ঐথানে মঠের 'অন্নদত্ত' হবে। এখানে যথার্থ দীনত্ব:খিগণকে নারায়ণজ্ঞানে নেবা করবার বন্দোবন্ত থাকবে। ঐ অন্নসত্র ঠাকুরের নামে প্রভিষ্টিত হবে। বেষন fund (টাকা) জুটবে, সেই অহুদারে অর্সত্র প্রথম খুলভে হবে। চাই কি প্রথমে ছ-ভিনটি লোক নিয়ে start (আরম্ভ) করতে হবে। উৎসাহী বন্ধচারীদের এই অন্নসত্র চালাতে train করতে (শেখাতে) হবে ! ভাদের বোগাড়-সোগাড় ক'বে, চাই কি ভিক্ষা ক'রে এই অরমত্র চালাভে হবে। মঠ এ-বিষয়ে কোনরকম অর্থসাহাষ্য করতে পারবে না। ব্রহ্মচারীদের ওর জন্ম অর্থসংগ্রহ ক'রে আনতে হবে। সেবাসত্তে এভাবে পাঁচ বংসর training (শিক্ষালাভ) সম্পূর্ণ হ'লে ভবে ভারা 'বিভামন্দির'-শাখায় প্রবেশাধিকার লাভ করতে পারবে। অন্নসত্তে পাঁচ বৎসর আর বিভাশ্রমে পাঁচ বৎসর-একুনে দশ বৎসর training-এর (শিক্ষার) পর মঠের স্বামিগণের ঘারা দীক্ষিত হয়ে সন্ন্যাসাঞ্জমে প্রবেশ করতে পারবে—অবশ্য যদি তাদের সন্ত্যাদী হ'তে ইচ্ছে হয় এবং উপযুক্ত অধিকারী বুবে মঠাধ্যক্ষগ**ণ** ভাদের সন্ন্যাসী করা অভিমত করেন। তবে কোন কোন বিশেষ সদ্গুণসম্পন্ন ব্রদাচারী সম্বন্ধে ঐ নিয়মের ব্যতিক্রম ক'রে মঠাধ্যক্ষ তাকে যথন ইচ্ছে সন্ন্যাসদীক্ষা দিতেও পারবেন। সাধারণ এক্ষচারিগণকে কিন্তু পূর্বে যেমন বললুম, দেইভাবে ক্রমে ক্রমে সন্মাসাপ্রমে প্রবেশ করতে হবে। আমার মাথায় এই-সব idea (ভাব) রয়েছে।

শিশু। মহাশয়, মঠে এরপ তিনটি শাধাস্থাপনের উদ্দেশ্য কি হবে ?

খামীজী। ব্রালনি? প্রথমে অন্নদান, তারপর বিভাগান, সর্বোপরি জ্ঞানদান। এই তিন ভাবের সমন্তর এই মঠ থেকে করতে হবে। অন্নদান
করবার চেষ্টা করতে করতে ব্রহ্মচারীদের মনে পরার্থকর্মভংপরতা ও
শিবজ্ঞানে জীবসেবার ভাব দৃঢ় হবে। ও থেকে তাদের চিন্ত ক্রমে
নির্মন হয়ে তাতে সম্বভাবের ফুরণ হবে। তা হলেই ব্রহ্মচারিগণ কালে
ব্রহ্মবিভালাভের বোগ্যতা ও সন্নাদাশ্রমে প্রবেশাধিকার লাভ করবে।

শিশ্ব। মহাশর, জানদানই বদি শ্রেষ্ঠ হয়, তবে আর অরদান ও বিভাদানের শাখা স্থাপনের প্রয়োজন কি ?

- শামীজী। তুই এতক্ষণেও কথাটা ব্যতে পায়লিনি। শোন্—এই জনহাহাকারের দিনে তুই বদি পরার্থে সেবাকরে ভিক্ষা-লিক্ষা ক'রে বেরূপে
 হোক ত্মুঠো জর দীনত্ঃখীকে দিতে পারিদ, তা হ'লে জীব-জগতের ও
 তোর মধল তো হবেই—সঙ্গে সংল তুই এই সংকাজের জন্ত সকলের
 sympathy (সহাহভূতি) পারি। ঐ সংকাজের জন্ত তোকে বিখাদ
 ক'রে কামকাঞ্চনবন্ধ সংসারীরা ভোর সাহাষ্য করতে অগ্রসর হবে।
 তুই বিভাদানে বা জ্ঞানদানে যত লোক আকর্ষণ করতে পারবি, ভার
 সহস্রপ্তণ লোক তোর এই অ্যাচিত জন্নদানে আরুই হবে। এই কাজে
 তুই public sympathy (সাধারণের সহাহভূতি) যত পারি, তত
 জার কোন কাজে পারিনি। যথার্থ সংকাজে মাহ্র্য কেন, ভগবানও
 সহায় হন। এরূপে লোক আরুই হ'লে তথন তাদের মধ্য দিয়ে বিভা
 ও জ্ঞানার্জনের স্পৃহা উদ্বীপিত করতে পারবি। তাই আগে জ্ঞাদান।
- শিক্ত। মহাশর, অন্নসত্র করিতে প্রথম—স্থান চাই, তারপর ঐজক্ত ঘর-ছার নির্মাণ করা চাই, তারপর কাজ চালাইবার টাকা চাই। এত টাকা কোথা হইতে আসিবে ?
- বামীজী। মঠের দক্ষিণ দিকটা আমি এখনি ছেড়ে দিচ্ছি এবং ঐ বেলতলার একখানা চালা তুলে দিচ্ছি। তুই একটি কি তুটি আন্ধ আতুর সন্ধান ক'রে নিম্নে এদে কাল থেকেই তাদের সেবায় লেগে যা দেখি। নিজে ভিকা ক'রে তাদের জন্ম নিয়ে আয়। নিজে রেঁধে তাদের খাওয়া। এইরূপে কিছু দিন করলেই দেখবি—তোর এই কাজে কত লোক সাহায্য করতে অগ্রসর হবে, কত টাকা-কড়ি দেবে! 'ন হি কল্যাণ্রুৎ কন্টিৎ তুর্গতিং তাত গচ্ছতি।''
- শিক্ত। হাঁ, তাহা বটে। কিন্ত ঐরপে নিরম্ভর কর্ম করিতে করিতে কালে কর্মবন্ধন তো ঘটতে পারে ?
- শামীজী। কর্মের ফলে যদি ভোর দৃষ্টি না থাকে এবং সকল প্রকার কামনা-বাসনার পারে যাবার যদি ভোর একান্ত অন্তরাগ থাকে, ভা হ'লে ঐ সব সংকাজ ভোর কর্মবন্ধন-মোচনেই সহায়তা করবে। ঐরপ কর্মে

১ গীতা, ৬-৪০

বন্ধন আসবে !— ৩-কথা ভূই কি বলছিন ? এরণ পরার্থ কর্মই কর্ম-বন্ধনের ম্লোৎপাটনের একমাত্র উপায়। 'নাল্ল: পছা বিভতেহয়নায়।'

শিশু। আপনার কথার অরসত ও সেবাশ্রম সমকে আপনার মনোভাব বিশেষ করিয়া শুনিতে প্রাণে উৎসাহ হইতেছে।

শামীনী। গরীব-ছংখীদের জন্ম well-ventilated (বার্-চলাচলের পথর্জ) ছোট ছোট ঘর তৈরি করতে হবে। এক এক ঘরে তাদের ত্বনন কি তিন জন মাত্র থাকবে। তাদের ভালো বিছানা, পরিষার কাপড়-চোপড় সব দিতে হবে। তাদের জন্ম একজন ভাজার থাকবেন। হপ্তার একবার কি ত্বার স্থবিধামত তিনি তাদের দেখে বাবেন। সেবাপ্রমটি জন্মত্রের ভেতর একটা ward (বিভাগ)-এর মতো থাকবে, তাতে রোগীদের ভগ্রবা করা হবে। ক্রমে বখন fund (টাকা) এসে পড়বে, তখন একটা মন্ত kitchen (রন্ধনশালা) করতে হবে। জনসত্রে কেবল দীয়তাং নীর্তাং ভ্রত্যতান্ এই রব উঠবে। ভাতের ফেন গলার গড়িরে পড়ে গলার জল সাদা হরে বাবে। এই রক্ষ জন্মত্র হয়েছে দেখলে তবে আমার প্রাণটা ঠাণ্ডা হর।

শিশু। আপনার যথন এরূপ ইচ্ছা হইডেছে, তথন বোধ হয় কালে এ বিষয়টি বাস্তবিকই হইবে।

শিষ্মের কথা শুনিয়া স্বামীজী গলার দিকে চাছিয়া কিছুক্ষণ স্থির হইয়া রহিলেন। পরে প্রসরমূথে সম্বেহে শিশুকে বলিলেন:

তোদের ভেতর কার কবে সিংহ জেগে উঠবে, তা কে জানে? তোদের একটার মধ্যে মা যদি শক্তি জাগিয়ে দেন তো ছনিয়াময় অমন কত অরসজ হবে। কি জানিদ, জান শক্তি ভক্তি—সকলই সর্বজীবে পূর্ণভাবে আছে। এদের বিকাশের তারতমাটাই কেবল আমরা দেখি এবং একে বড়, ওকে ছোট ব'লে মনে করি। জীবের মনের ভেতর একটা পর্দা বেন মাঝখানে পড়ে পূর্ণ বিকাশটাকে আড়াল ক'রে রয়েছে। সেটা সরে গেলেই বস্, সব হয়ে গেল! তথন বা চাইবি, যা ইচ্ছে করবি, তাই হবে।

খামীদী আবার বলিতে লাগিলেন:

ঈশন্ন করেন তো এ মঠকে মহাসমবন্নক্ষেত্র ক'রে তুলতে ছবে। ঠাকুর আমাদের সর্বভাবের সাকাৎ সমবন্নমূর্ভি। ঐ সমব্বের ভাবটি এখানে ভাগিন্দে রাখনে ঠাকুর জগতে প্রতিষ্ঠিত থাকবেন। সর্বমতের সর্বপথের আচণ্ডাল ব্রাহ্মণ—সকলে বাতে এখানে এসে আপন আপন ideal (আদর্শ) দেখতে পার, তা করতে হবে। সেদিন বখন মঠের জমিতে ঠাকুরকে স্থাপন করল্ম, তখন মনে হ'ল, যেন এখান হ'তে তাঁর ভাবের বিকাশ হরে চরাচর বিশ ছেয়ে কেলছে! ,আমি তো বখাসাধ্য করছি ও ক'রব—ভোরাও ঠাকুরের উদার তাব লোকদের ব্রিয়ে দে। বেদাস্ত কেবল প'ড়ে কি হবে? Practical life (কর্মজীবন)-এ শুদ্ধাবৈত্তবাদের সভ্যতা প্রমাণিত করতে হবে। শহর এ অবৈত্বাদকে জললে পাহাড়ে রেখে গেছেন; আমি এবার সেটাকে সেখান থেকে সংসারে ও সমাজের সর্বত্ত রেখে যাব ব'লে এসেছি। ঘরে ঘরে, মাঠে ঘাটে, পর্বতে প্রান্তরে এই অবৈত্ববাদের হৃদ্ভিনাদ ত্লতে হবে। ভোরা আমার সহার হয়ে লেগে যা।

শিশ্ব। মহাশয়, ধ্যানসহায়ে ঐ ভাব অহভৃতি করিতেই বেন আমার ভাল লাগে। লাফাতে ঝাঁপাতে ইচ্ছা হয় না।

স্বামীজী। সেটা ভো নেশা ক'রে অচেডন হয়ে থাকার মডো; ঋরু এরপ (थरक कि हरत ? व्यविष्ठवारमत्र প्रित्रभात्र कथन वा छा ७व नृष्ठा कत्रवि, কখন বা বুঁদ হয়ে থাকবি। ভাল জিনিদ পেলে কি একা খেয়ে হুখ হয়? দশ জনকে দিতে হয় ও খেতে হয়। আত্মাহভূতি লাভ ক'রে না-হয় তুই মৃক্ত হয়ে গেলি—তাতে অগতের এল গেল কি ? ত্রিজগৎ মৃক্ত ক'রে নিয়ে বেতে হবে। মহামায়ার রাজ্যে আগুন ধরিয়ে দিতে হবে ! তথনই নিত্য-সত্যে প্রভিষ্ঠিত হবি। সে আনন্দের কি তুলনা আছে রে ! 'নিরবধি গগনাভম্'—আকাশকর ভূমানন্দে প্রভিষ্ঠিত হবি। জীবজগতের সর্বত্র ভোর নিজ সত্তা দেখে অবাক হয়ে পড়বি! স্থাবর ও জনম সমস্ত তোর আপনার সত্তা ব'লে বোধ হবে। তথন সকলকৈ আপনার মতো যত্ন না ক'রে থাকতে পারবিনি। এরপ অবস্থাই হচ্ছে Practical Vedanta (কর্মে পরিণত বেদান্তের অহভূতি)—বুঝলি। তিনি (ব্রহ্ম) এক হয়েও ব্যাবহারিকভাবে বছরূপে সামনে রয়েছেন। নাম ও রূপ এই ব্যবহারের মূলে রয়েছে। বেমন ঘটের নাম-রূপটা বাদ দিয়ে কি দেখতে পাস—একমাত্র মাটি, যা এর প্রকৃত সতা। সেরূপ ভ্রমে ঘট পট মঠ—সব ভাবছিদ ও দেখছিদ। জ্ঞান-প্ৰতিবন্ধক এই যে অজ্ঞান, যার বাস্তব কোন সন্তা নেই, তাই নিয়ে ব্যবহার চলছে। মাগ-ছেলে, দেহ-মন—ধা কিছু স্বই নামরূপসহায়ে অজ্ঞানের স্পষ্টতে দেখতে পাওয়া যায়। অজ্ঞানটা ষেই সরে দাঁড়াল, তথনি ব্রন্ধ-সন্তার অক্সভৃতি হয়ে গেল।

শিশ্ব। এই অঞ্চান কোথা হইতে আদিল ?

স্বামীজী। কোথেকে এল তা পরে ব'লব। তুই বখন দড়াকে সাপ ভেবে ভয়ে দৌডুতে লাগলি, তখন কি দড়াটা সাপ হয়ে গিয়েছিল ?—না, তোর অঞ্চতাই তোকে অমন ক'রে ছুটিয়েছিল ?

শিশু। অজ্ঞতা হইতেই ঐরপ করিয়াছিলাম।

সামীনী। তা হ'লে ভেবে দেখ্—তুই যখন আবার দড়াকে দড়া ব'লে জানতে পারবি, তখন নিজের পূর্বকার অজ্ঞতা ভেবে হাসি পাবে কি না? তখন নামরূপ মিধ্যা ব'লে বোধ হবে কি না?

শিক্স। তাহবে।

শামীজী। তা বদি হয়, তবে নামরূপ মিথ্যা হয়ে দাঁড়াল। এরূপে ব্রহ্মসন্তাই একমাত্র সভ্য হয়ে দাঁড়াল। এই অনস্ত স্টেবিচিত্র্যেও তাঁর স্বরূপের কিছুমাত্র পরিবর্তন হয়নি। কেবল তুই এই অজ্ঞানের মন্দান্ধকারে এটা মাগ, এটা ছেলে, এটা আপন, এটা পর ভেবে সেই দর্ব-বিভাসক আত্মার সন্তা ব্রতে পারিসনে। বধন গুরুর উপদেশ ও নিজের বিশাস দারা এই নামরূপাত্মক জগৎটা না দেখে এর মূল সন্তাটাকে কেবল অহভব করবি, তথনি আব্রহ্মস্তম্ব পর্যস্ত সকল পদার্থে তোর আ্যাহ্মভূতি হবে—তথনি ভিততে হৃদয়গ্রন্থিক্তিয়ন্তে সর্বসংশয়াঃ'' হবে।

শিশ্ব। মহাশয়, এই অজ্ঞানের আদি-অল্ডের কথা জানিতে ইচ্ছা হয়।
খামীজী। বে জিনিসটা পরে থাকে না—সে জিনিসটা যে মিধ্যা, তা তো
বৃষতে পেরেছিস । যে ষথার্থ ব্রন্ধজ্ঞ হয়েছে সে বলবে, অজ্ঞান আবার
কোথায় । সে দড়াকে দড়াই দেখে—সাপ ব'লে দেখতে পায় না।
যারা দড়াকে সাপ ব'লে দেখে, তাদের ভয়-ভীতি দেখে তার হাসি পায়!
সেজস্ত অজ্ঞানের বান্তব অরপ নেই। অজ্ঞানকে সংও বলা যায় না—
অসংও বলা যায় না। 'সয়াপ্যসয়াপ্যভয়াত্মিকা নো'। যে জিনিসটা

১ मुखक উপनिवल, राराज

এরণে মিখ্যা ব'লে প্রতিপন্ন হচ্ছে, তার বিষয়ে প্রশ্নই বা কি, আর উত্তরই

বা কি ? ঐ বিষয়ে প্রশ্ন করাটা যুক্তিযুক্তও হ'তে পারে না। কেন, তা
শোন্।—এই প্রশ্নোন্তরটাও তো দেই নামরূপ বা দেশকাল ধরে করা
হচ্ছে ? যে বন্ধারন্ত নাম-রূপ-দেশ-কালের অভীত, তাকে প্রশ্নোন্তর দিয়ে
কি বোঝানো যায় ? এইজন্ত শাস্ত্র মন্ত্র প্রভৃতি ব্যাবহারিকভাবে সভ্য—
পারমার্থিকরূপে সভ্য নয়। স্বরূপতঃ অজ্ঞানের অন্তিত্বই নেই, তা আবার
বুঝবি কি ? যথন ব্রন্ধের প্রকাশ হবে, তথন আর ঐরপ প্রশ্ন করবার
অবসরই থাকবে না। ঠাকুরের সেই 'মৃচি-মুটের গল্প' শুনেছিস
না ?—ঠিক তাই।—অজ্ঞানকে ষেই চেনা যায়, অমনি সে পালিয়ে
যায়।

শিব্য। কিন্তু মহাশয়, অঞ্জানটা আসিল কোথা হইতে ?

বামীজী। যে জিনিসটাই নেই, তা আবার আসবে কি ক'রে ?—থাকলে তো আসবে ?

শিশু। তবে এই জীব-জগতের কি করিয়া উৎপত্তি হইল ?

স্বামীজী। এক ব্রহ্মসন্তাই তো রয়েছেন! তুই মিখ্যা নামরূপ দিয়ে তাকে রূপান্তবে নামান্তবে দেখছিল।

শিশু। এই মিণ্যা নামরূপই বা কেন ? কোণা হইতে আসিল?

খামীজী। শাল্তে এই নামরূপাত্মক সংস্থার বা অজ্ঞতাকে প্রবাহরূপে নিত্য-প্রায় বলেছে। কিন্তু ওটা সাস্ত। ব্রহ্মস্তা কিন্তু সর্বদা দড়ার মতো স্ব-খরপেই রয়েছেন। এইজন্ত বেদান্তশাল্তের সিদ্ধান্ত এই যে, এই নিখিল ব্রহ্মাণ্ড ব্রহ্মে অধ্যন্ত ইক্সজালবৎ ভাসমান। ভাতে ব্রহ্মের কিছুমাত্র শ্বরূপ-বৈশৃক্ষণ্য ঘটেনি। বুঝালি ?

শিশ। একটা কথা এখনও ব্ঝিতে পারিতেছি না। স্বামীজী। কি বলু না?

শিষ্য। এই বে আপনি বলিলেন, এই সৃষ্টি-স্থিতি-লয়াদি ব্ৰহ্মে অধ্যন্ত, তাদের
কোন স্বরূপ-সন্তা নাই—তা কি করিয়া হইতে পারে? বে যাহা
পূর্বে দেখে নাই, সে জিনিসের ভ্রম তাহার হইতেই পারে না।
বে কখনও সাপ দেখে নাই, তাহার দড়াতে বেমন সর্পভ্রম হয়
না; সেইরূপ বে এই সৃষ্টি দেখে নাই, তার ব্রহ্মে সৃষ্টিজ্রম হইবে

কেন ? স্বৰাং স্ট ছিল বা আছে, ভাই স্টেশ্ৰৰ হইয়াছে ! ইহাভেই বৈভাপত্তি উঠিভেছে।

শানীজী। ব্ৰদ্ধক প্ৰদেষ ভোৱ প্ৰশ্ন এই ক্লপে প্ৰথমেই প্ৰভাগিন করবেন বে, তাঁর দৃষ্টিভে স্থাই প্ৰভৃতি একেবারেই প্ৰভিজাত হচ্ছে না। তিনি একমাত্র ব্ৰদ্ধগতাই দেখছেন। বজ্জ্ই দেখছেন, সাপ দেখছেন না। তুই বদি বলিস্, 'আমি তো এই স্থাই বা সাপ দেখছি', তবে ভোর দৃষ্টিদোষ দ্ব করতে তিনি ভোকে বজ্জ্ব শ্বরূপ ব্বিরে দিতে চেষ্টা করবেন। যখন তাঁর উপদেশে ও বিচার-বলে তুই বজ্জ্সন্তা বা ব্রহ্মস্তা ব্রহেত পারবি, তখন এই শ্রমাত্মক সর্পজ্ঞান বা স্থাই-জান নাশ হয়ে যাবে। তখন এই স্থাইছিতিলয়ক্ষপ শ্রমজ্ঞান বজ্মো আরোপিত ভিন্ন আর কি বলতে পারিস ? অনাদি প্রবাহরূপে এই স্থাইজানাদি চলে এসে থাকে ভো থাকুক, তার নির্ণয়ে লাভালাভ কিছুই নেই। ব্রহ্মতত্ত 'করামলকবং' প্রত্যক্ষ না হ'লে এ প্রশ্নের পর্যাপ্ত মীমাংসা হ'তে পারে না এবং হ'লে আর প্রশ্নও উঠে না, উত্তরেরও প্রয়োজন হয় না। ব্রহ্মতত্তাখাদ তখন 'মুকাখাদনবং' হয়।

শিশ্ব। তবে আর এত বিচার করিয়া কি হইবে?

খামীজী। ঐ বিষয়টি বোঝবার জন্ম বিচার। সত্য বস্তু কিন্তু বিচারের পারে
—'নৈষা ভর্কেণ মভিরাপনেয়া'।

এইরপ কথা চলিতে চলিতে শিশু স্বামীজীর সঙ্গে মঠেই আদিরা উপস্থিত ছইল। মঠে স্বাসিরা স্বামীজী মঠের সন্থাসী ও ব্রন্ধচারিগণকে অভকার ব্রন্ধবিচারের সংক্ষিপ্ত মর্ম ব্ঝাইরা দিলেন। উপরে উঠিতে উঠিতে শিশুকে বলিতে লাগিলেন, 'নায়মান্মা বলহীনেন লভ্যাং'।

১ , কঠোপনিষদ

২ নীলাশ্ববাবুর বাগানে অবস্থিত

२२

স্থান-বেলুড় মঠ

কাল—(ঐ নির্বাণকালে) ১৮৯৮

- শিষ্ক। স্বামীজী, আপনি এদেশে বক্তা দেন না কেন? বক্তাপ্রভাবে ইওরোপ-আমেরিকা মাতাইয়া আদিলেন, কিন্তু ভারতে ফিরিয়া আপনার ঐ বিবয়ে উত্তম ও অহুরাপ বে কেন কমিয়া গিয়াছে, তাহার কারণ ব্রিতে পারি না। পাশ্চাত্যদেশগুলি অপেকা—আমাদের বিবেচনায় এখানেই ঐরপ উত্তমের অধিক প্রয়োজন।
- স্বামীনী। এদেশে আগে ground (জমি) তৈরি করতে হবে, তবে বীজ
 ফললে গাছ হবে। পাশ্চাত্যের মাটিই এখন বীজ ফেলবার উপযুক্ত,
 খ্ব উর্বর। ওদেশের লোকেরা এখন ভোগের শেব সীমায় উঠেছে।
 ভোগে তৃপ্ত হয়ে এখন ভাদের মন ভাতে আর শান্তি পাছে না। একটা
 দারুণ অভাব বোধ করছে। ভোদের দেশে না আছে ভোগ, না আছে
 যোগ। ভোগের ইচ্ছা কতকটা তৃপ্ত হ'লে তবে লোকে যোগের কথা
 শোনে ও বোঝে। অরাভাবে ক্ষীণদেহ ক্ষীণমন, রোগ-শোকপরিতাপের জন্মভূমি ভারতে লেকচার-ফেকচার দিয়ে কি হবে ?
- শিষ্য। কেন, আপনিই ভো কখন কখন বলিয়াছেন এদেশ ধর্মভূমি। এদেশে লোকে বেমন ধর্মকথা বুঝে ও কার্যতঃ ধর্মান্ত্রীন করে, অন্তদেশে ভেমন নহে। তবে আপনার জলস্ক বাগ্মিভায় দেশ কেন না মাভিয়া উঠিবে —কেন না ফল হইবে?
- খামীনী। ওরে ধর্মকর্ম করতে গেলে আগে কুর্মাবভারের পূকা চাই—পেট হচ্ছেন সেই কুর্ম। এঁকে আগে ঠাণ্ডা না করলে, ভারে ধর্মকর্মের কথা কেউ নেবে না। দেখতে পাচ্ছিস না, পেটের চিম্বাভেই ভারত অহির! বিদেশীর সঙ্গে প্রভিষ্থিতা, বাণিজ্যে অবাধ রপ্তানি, সবচেয়ে ভোদের পরস্পারের ভেতর দ্বণিত দাসফ্লভ দ্বাই ভোদের দেশের অন্থিমক্ষা থেয়ে ফেলেছে। ধর্মকথা শোনাতে হ'লে আগে এদেশের লোকের পেটের চিম্বা দ্র করতে হবে। নতুবা তথু লেকচার-ফেকচারে বিশেষ কোন ফল হবে না।

শিশু। তবে আমাদের এখন কি করা প্রয়োজন ?

সামীজী। প্রথমত: কভকগুলি ত্যাগী পুরুষের প্রয়োজন—যারা নিজেদের সংসারের জন্ম না ভেবে পরের জন্ম জীবন উৎসর্গ করতে প্রস্তুত হবে। আমি মঠ স্থাপন ক'রে কভকগুলি বাল-সন্মাদীকে ভাই ঐরূপে ভৈরি করছি। শিক্ষা শেষ হ'লে এরা ঘারে ঘারে গিয়ে সকলকে ভাদের বর্তমান শোচনীয় অবস্থার বিষয় বৃঝিয়ে বলবে, ঐ অবস্থার উন্নতি কিন্তাবে হ'তে পারে, সে বিষয়ে উপদেশ দেবে আর সঙ্গে সঙ্গে ধর্মের মহান্ সত্যগুলি সোজা কথায় জলের মতো পরিষার ক'রে তাদের বুঝিয়ে দেবে। তোদের দেশের mass of people (জনসাধারণ) যেন একটা sleeping Leviathan (খুমস্ত বিরাট অলম্ভ)! এদেশের এই যে বিশ্ববিত্যালয়ের শিক্ষা, এতে শতকরা বড়জোর একজন কি তৃজন দেশের লোক শিক্ষা পাচ্ছে। যারা পাচ্ছে—তারাও দেশের হিতের জন্ত কিছু ক'রে উঠতে পারছে না। কি করেই বা বেচারি করকে ৰল ? কলেজ থেকে বেরিয়েই দেখে সে সাত ছেলের বাপ! তখন ষা তা ক'রে একটা কেরানিগিরি, বড়জোর একটা ডেপুটিগিরি জুটিয়ে নেয়। এই হ'ল শিক্ষার পরিণাম! তারপর সংসারের ভারে উচ্চকর্ম উচ্চচিন্তা করবার তাদের আর সময় কোথায়? তার নিজের স্বার্থই সিদ্ধ হয় না; পরার্থে সে আবার কি করবে?

শিক্স। তবে কি আমাদের উপায় নাই ?

ষামীজী। অবশ্য আছে। এ সনাতন ধর্মের দেশ। এদেশ পড়ে গেছে
বটে, কিন্তু নিশ্চয় আবার উঠবে। এমন উঠবে যে জগৎ দেখে অবাক
হয়ে যাবে। দেখিসনি নদী বা সম্জে তরজ বত নামে, তারপর সেটা
তত জোরে ওঠে? এখানেও সেইরপ হবে। দেখছিসনি—পূর্বাকাশে
অরুণোদর হয়েছে, স্র্ব ওঠার আর বিলম্ব নেই? তোরা এই সময়ে
কোমর বেঁধে লেগে বা—সংসার-ফংসার ক'রে কি হবে? তোদের
এখন কাজ হচ্ছে দেশে-দেশে গাঁয়ে-গাঁয়ে গিয়ে দেশের লোকদের ব্বিয়ে
দেওয়া বে, আর আলিন্তি ক'রে বসে থাকলে চলছে না। শিক্ষাহীন
ধর্মহীন বর্তমান অবনতিটার কথা তাদের ব্বিয়ে দিয়ে বলগে, 'ভাই
সব, ওঠ, জাগো। কভদিন আর ঘ্মুবে?' আর শাজের মহান্

সত্যগুলি সরল ক'রে তাদের বৃঝিয়ে দিগে। এতদিন এদেশের বাজনেরা ধর্মটা একচেটে ক'রে বসে ছিল। কালের প্রোত্তে তা বখন আরু টিকলো না, তখন সেই ধর্মটা দেশের সকল লোকে বাতে পার, তার ব্যবস্থা করগে। সকলকে বোঝাগে বাদ্ধণদের মতো তোমাদেরও ধর্মে সমান অধিকার। আচণ্ডালকে এই অগ্নিমন্ত্রে দীক্ষিত কর্। আর সোজা কথায় তাদের ব্যবসা-বাণিজ্য কৃষি প্রভৃতি গৃহস্থীবনের অত্যাবশ্রক বিষয়গুলি উপদেশ দিগে। নতুবা তোদের লেখাপড়াকেও ধিক, আর তোদের বেদবেদান্ত পড়াকেও ধিক।

- শিক্ত। মহাশয়, আমাদের সে শক্তি কোথায় ? আপনার শতাংশের একাংশ শক্তি থাকিলে নিজেও ধন্ত হইতাম, অপরকেও ধন্ত করিতে পারিতাম।
- শামীজী। দ্র মূর্থ! শক্তি-ফক্তি কেউ কি দেয়? ও তোর ভেতরেই রয়েছে, সময় হলেই আপনা-আপনি বেরিয়ে পড়বে। তুই কাজে লেগে যা না; দেখবি এত শক্তি আসবে যে সামলাতে পারবিনি। পরার্থে এতটুকু কাজ করলে ভেতরের শক্তি জেগে ওঠে। পরের জন্ম এতটুকু তাবলে ক্রমে হলয়ে সিংহবলের সঞ্চার হয়। তোদের এত ভালবাসি, কিন্তু ইচ্ছা হয়, তোরা পরের জন্ম থেটে থেটে মরে যা—আমি দেখে খ্নী হই।
- শিশু। কিন্তু মহাশয়, যাহারা আমার উপর নির্ভর করিতেছে, তাহাদের কি হইবে ?
- স্বামীজী। তুই ষদি পরের জন্ম প্রাণ দিতে প্রস্তুত হ'স্ তো ভগবান তাদের একটা উপায় করবেনই করবেন। 'ন হি কল্যাণক্বং কশ্চিৎ হুর্গতিং তাত গচ্চতি'—গীতায় পড়েছিস তো ?
- निशा चां ख है।
- খামীজী। ত্যাগই হচ্ছে আদল কথা—ত্যাগী না হ'লে কেউ পরের জন্তু বোল আনা প্রাণ দিয়ে কাজ করতে পারে না। ত্যাগী সকলকে সমভাবে দেখে, সকলের সেবায় নিযুক্ত হয়। বেদান্তেও পড়েছিস, সকলকে সমানভাবে দেখতে হবে। তবে একটি স্বী ও কয়েকটি ছেলেকে বেশী আপমার ব'লে ভাববি কেন? তোর দোরে খয়ং নারায়ণ কাঙালবেশে এসে অনাহারে মৃতপ্রায় হয়ে পড়ে রয়েছেন, তাঁকে কিছু না দিয়ে

খালি নিজের ও নিজের স্থী-পুত্রদেরই উদর নানাপ্রকার চর্ব্য-চ্ছ দিরে পূর্তি করা—সে তো পশুর কাজ।

- শিশ্য। মহাশর, পরার্থে কার্য করিতে সময়ে সময়ে বহু অর্থের প্রয়োজন হয়; তাহা কোথায় পাইব ?
- সামীজী। বলি, বতটুকু ক্ষমতা আছে ততটুকুই আগে কর্ না। পরসার আভাবে যদি কিছু নাই দিতে পারিস—একটা মিষ্টি কথা বা ছটো সং উপদেশও তো তাদের শোনাতে পারিস। না—ভাতেও ভোর টাকার দরকার ?

শিশ্ব। আছে হাঁ, তা পারি।

বামীজী। 'হা পারি' কেবল মুধে বললে হচ্ছে না। কি পারিস—ভা কাজে আমার দেখা, তবে ভো জানবো আমার কাছে আসা সার্থক। লেগে যা। কদিনের জন্ম জীবন? জগতে যথন এফেটা দাগ রেখে মা। নতুবা গাছ-পাথরও ভো হচ্ছে মরছে—এক্রপ জন্মাডে মরতে মাহুষের কখন ইচ্ছা হন্ন কি? আমায় কাজে দেখা যে, ভোর বেদান্ত পড়া সার্থক হয়েছে। সকলকে এই কথা শোনাগে—'ভোমাদের ভেতরে অনম্ব শক্তি রয়েছে, সে শক্তিকে জাগিয়ে ভোল।' নিজের মৃক্তি নিয়ে কি হবে? মৃক্তিকামনাও ভো মহা বার্থপরতা। কেলে দে ধ্যান, কেলে দে মৃক্তি-ফুক্তি। আমি যে কাজে লেগেছি, সেই কাজে লেগে যা।

শিশু অবাক হইয়া ভনিতে লাগিল। স্বামীজী বলিতে লাগিলেন:

তোরা ঐক্পে আগে জমি তৈরি করগে। আমার মতো হাজার হাজার বিবেকানন্দ পরে বক্তৃতা করতে নরলোকে শরীর ধারণ করবে; তার জন্ত ভাবনা নেই। এই দেখ্ না, আমাদের (প্রীরামক্তৃঞ্গশিশ্বদের) ভেতর বারা আগে ভাবত তাদের কোন শক্তি নেই, তারাই এখন অনাথ-আশ্রম, ছণ্ডিক্ষ-ফণ্ড কত কি খুলছে! দেখছিস না—নিবেদিতা ইংরেজের মেয়ে হয়েও ভোদের সেবা করতে শিথেছে। আর তোরা তোদের নিজের দেশের লোকের জন্ত তা করতে পারবিনি? ষেধানে মহামারী হয়েছে, ষেধানে জীবের ছৃঃখ হয়েছে, ষেধানে ছভিক্ষ হয়েছে—চলে বা সেদিকে। নয়—ময়েই বাবি। ভোর আমার মতো কত কীট হজ্ছে ময়ছে। ভাতে জগতের

কি আগছে বাছে ? একটা মহান্ উদ্বেশ্ত নিয়ে মরে বা। মরে তো বাবিই; তা তাল উদ্বেশ্ত নিয়েই মরা তাল। এই ভাব বরে বরে প্রচার কর্, নিজের ও দেশের মলল হবে। তোরাই দেশের আশা-ভরলা। তোদের কর্মহীন দেখলে আমার বড় কট্ট হয়। লেগে বা—লেগে বা। দেরি করিসনি—মৃত্যু তো দিন দিন নিকটে আগছে। পরে করবি ব'লে আর বলে থাকিসনি—তা হ'লে কিছুই হবে না।

২৩

স্থান--বেলুড় মঠ

কাল—(ঐ নির্মাণকালে) ১৮৯৮

- শিশু। স্বামীজী, ব্ৰহ্ম যদি একমাত্ৰ সভ্য বস্তু হন, ভবে জগতে এভ বিচিত্ৰভা দেখা যায় কেন ?
- খামীজী। সভাই হ'ন বা আর ষাই হ'ন, ব্রহ্মবন্ধকে কে জানে বল্? জগংটাকেই আমরা দেখি ও সভ্য ব'লে দৃঢ় বিশাস ক'রে থাকি। তবে স্টেগত বৈচিত্র্যটাকে সভ্য ব'লে খীকার ক'রে বিচারপথে অগ্রসর হ'লে কালে একত্বমূলে পৌছানো যায়। যদি সেই একত্বে অবস্থিত হ'তে পারভিস, তা হ'লে এই বিচিত্রভাটা দেখতে পেভিস না।
- শিয়। মহাশয়, যদি একত্বেই অবস্থিত হইতে পারিব, তবে এই প্রশ্নই বা কেন করিব? আমি বিচিত্রতা দেখিয়াই যখন প্রশ্ন করিতেছি, তখন উহাকে সভ্য বদিয়া অবশ্য মানিয়া লইতেছি।
- স্বামীন্ত্রী। বেশ কথা। সৃষ্টির বিচিত্রতা দেখে তাকে সত্য ব'লে মেনে
 নিয়ে একত্বের মূলামুসন্ধান করাকে শাস্ত্রে 'ব্যতিরেকী বিচার' বলে।
 অর্থাৎ অভাব বা অসত্য বস্তুকে ভাব বা সত্য বস্তু ব'লে ধরে নিয়ে
 বিচার ক'রে দেখানো বে, সেটা ভাব নয়—অভাব বস্তু। তৃই
 এরপে মিথ্যাকে সত্য ব'লে ধরে সত্যে পৌছানোর কথা বলছিল।
 কেমন ?

- শিশু। আঞা হাঁ, তবে আমি ভাবকেই সভ্য বলি এবং ভাবরাহিত্যটাকেই
 মিখ্যা বলিয়া স্বীকার করি।
- খামীজী। আচ্ছা। এখন দেখ, বেদ বলছে, 'একমেবাৰিতীয়ন্'; যদি বস্তুত: এক ব্ৰশ্বই থাকেন, তবে ভোৱ নানাত্ব তো মিধ্যা হচ্ছে। বেদ মানিস তো ?
- শিশু। বেদের কথা আমি মানি বটে। কিন্তু যদি কেহ না মানে, ভাছাকেও ভো নিরম্ভ করিতে হইবে ?
- ষামীজী। তা ঠিক। জড়-বিজ্ঞান সহায়ে তাকে প্রথম বেশ ক'রে ব্রিয়ে দেখিয়ে দিতে হয় বে, ইন্সিয়জ প্রত্যক্ষকেও আমরা বিশাস করতে পারি না; ইন্সিয়গুলিও ভূল সাক্ষ্য দেয় এবং ষথার্থ সত্য বস্থু আমাদের ইন্সিয়-মন-বৃদ্ধির বাইরে রয়েছে। তারপর তাকে বলতে হয় মন, বৃদ্ধিও ইন্সিয়ের পারে যাবার উপায় আছে। তাকেই ঋবিরা যোগ বলেছেন। যোগ অমুষ্ঠান-সাপেক্ষ, হাতে-নাতে করতে হয়। বিশাস কর্ আয় নাই কর্, করলেই ফল পাওয়া যায়। ক'রে দেখ্—হয়, কি না হয়। আমি বাত্তবিকই দেখেছি—ঋবিরা যা বলেছেন, সব সত্য। এই দেখ্—তৃই যাকে বিচিত্রতা বলছিস, তা এক সময় লুগু হয়ে যায়— অম্ভব হয় না। তা আমি নিজের জীবনে ঠাকুরের রূপায় প্রত্যক্ষ করেছি।

শিয়। কথন ঐরপ করিয়াছেন?

শামীজী। একদিন ঠাকুর দক্ষিণেশরের বাগানে আমার ছুঁয়ে দিয়েছিলেন;
দেবামাত্র দেখলুম ঘরবাড়ি, দোর-দালান, গাছপালা, চক্র-স্থ—সব বেন
আকাশে লয় পেয়ে বাচ্ছে। ক্রমে আকাশও বেন কোথার লয় পেয়ে
গেল। তারপর কি বে প্রত্যক্ষ হয়েছিল, কিছুই শ্বরণ নেই; তবে মনে
আছে, ঐরপ দেখে বড় ভয় হয়েছিল—চীৎকার ক'য়ে ঠাকুরকে
বলেছিল্ম, 'ওগো, তৃমি আমার কি ক'য়ছ গো, আমার বে বাপ-মা
আছে!' ঠাকুর তাতে হাসতে হাসতে 'তবে এখন থাক্' ব'লে ফেয়
ছুঁয়ে দিলেন। তখন ক্রমে আবার দেখলুম—ঘরবাড়ি দোর-দালান বা
বেমন সব ছিল; ঠিক সেই রকম রয়েছে! আর একদিন আমেরিকার
একটি lake-এর (য়েয়ের) ধারে ঠিক ঐরপ হয়েছিল।

- শিক্ত। (অবাক হইরা) আচ্ছা মহাশর, এরপ অবহা মন্তিকের বিকারে,ও
 . তো হইতে পারে ? আর এক কথা, এ অবহাতে আপনার বিশেষ
 আনন্দ উপলব্ধি হইরাছিল কি ?
- স্থানীজী। বধন বোগের ধেয়ালে নয়, নেশা ক'রে নয়, রকন-বেরকমের দ্ম টেনেও নয়, সহজ মান্নযের স্থাবস্থায় এ অবস্থা হয়ে থাকে, ভধন তাকে মন্তিক্ষের বিকার কি ক'রে বলবি, বিশেষতঃ বধন আবার এরপ অবস্থা-লাভের কথা বেদের সলে মিলছে, পূর্বপূর্ব আচার্য ও ঋষিগণের আপ্ত-বাক্যের সলে মিলে বাছে? আমায় কি শেষে তুই বিকৃতমন্তিক্ষ ঠাওবালি?
- শিষ্য। না মহাশয়, আমি তাহা বলিতেছি না। শাল্পে ষথন শত শত এরপ একতারুভূতির দৃষ্টাস্ত রহিয়াছে, আপনি ষথন বলিতেছেন যে ইহা করামলকবং প্রত্যক্ষণিদ্ধ, আর আপনার অপরোক্ষারুভূতি ষথন বেলাদি শাল্পোক্ত বাক্যের অবিসংবাদী, তথন ইহাকে মিথ্যা বলিতে সাহস হয় না। শ্রীশঙ্করাচার্যপ্ত বলিয়াছেন—'ক গতং কেন বা নীতং' ইত্যাদি।
- খামীজী। জানবি, এই একজ্ঞান—বাকে তোদের শাস্তে ব্রহ্মান্থভৃতি বলে—
 তা হ'লে জীবের আর ভয় থাকে না, জন্মমৃত্যুর পাশ ছিন্ন হয়ে যায়।
 এই হেয় কামকাঞ্চনে বন্ধ হয়ে জীব সে ব্রহ্মানন্দ লাভ করতে পারে না।
 সেই পর্মানন্দ পেলে জগতের স্থাত্যুগে জীব আর অভিভূত হয় না।
- শিশু। আচ্ছা মহাশর, ষদি তাহাই হয় এবং আমরা ষদি ষথার্থ পূর্ণব্রদ্ধস্বন্ধই হই, তাহা হইলে এরপে সমাধিতে স্থলাভে আমাদের ষত্ন হয়
 না কেন? আমরা তৃচ্ছ কামকাঞ্চনের প্রলোভনে পড়িয়া বারবার
 মৃত্যুমুখে ধাবমান হইতেছি কেন?
- স্বামীজী। তৃই মনে করছিল, জীবের সে শান্তিলাভে আগ্রহ নেই বৃঝি ?

 একটু ভেবে দেখ্—বৃঝতে পারবি, যে বা করছে, সে তা ভূমা কথের
 আশাতেই করছে। তবে সকলে ঐ কথা বৃঝে উঠতে পারছে না।
 সে পরমানন্দলাভের ইচ্ছা আত্রন্ধতম্ব পর্যন্ত সকলের ভেতর পূর্ণভাবে
 রয়েছে। আনন্দলরপ ত্রন্ধও সকলের অন্তরের অন্তরে রয়েছেন। তৃইও
 সেই পূর্বিশ্ব। এই মৃহুর্তে—ঠিক ঠিক ভাবলেই ঐ কথার অহুভূতি হয়।
 কেবল অহুভূতির অভাব যাত্র। তুই যে চাকরি ক'রে স্বী-পুত্রের জন্ত

এত থাটছিস, তার উদ্বেশ্বও সেই সচিদানন্দলাত। সেই সোহের
মারপেঁচে পড়ে ঘা থেরে থেরে ক্রমশঃ খ-খরপে নজর আসবে। বাসনা
আছে বলেই থাকা থাচ্ছিস ও থাবি। এরপে থাকা থেরে থেরে নিজের
দিকে দৃষ্টি পড়বে—সকলেরই এক সমর পড়বেই পড়বে। তবে কারও
এ জন্মে, কারও বা লক্ষ জন্ম পরে।

- শিশু। দে চৈতন্ত হওয়া—মহাশয়, আপনার আশীর্বাদ ও ঠাকুরের রূপা না হইলে কখনও হইবে না।
- খামীজী। ঠাকুরের রূপা-বাতাস তো বইছেই। তুই পাল তুলে দে না।

 বখন যা করবি, খুব একাস্তমনে করবি। দিনরাত ভাববি, আমি

 সচ্চিদানন্দখরপ—আমার আবার ভয়-ভাবনা কি ? এই দেহ মন বৃদ্ধি—

 সবই ক্ষণিক; এর পারে যা তাই আমি।
- শিক্স। ঐ ভাব ক্ষণিক আদিলেও আবার তথনি উড়িয়া যায় এবং ছাইভস্ম সংসার ভাবি।
- শামীজী। ও রকম প্রথম প্রথম হয়ে থাকে; ক্রমে শুধরে হাবে। তবে মনের থ্ব তীব্রতা, একান্তিক ইচ্ছা চাই। ভাববি যে আমি নিত্য-শুদ্ধ-বৃদ্ধ-মৃক্তস্বভাব, আমি কি কখন অস্তায় কান্ত করতে পারি? আমি কি সামাক্ত কামকাঞ্চনলোভে পড়ে সাধারণ জীবের মতো মৃশ্ধ হ'তে পারি? মনে এমনি ক'রে জোর করবি; তবে তো ঠিক কল্যাণ হবে।
- শিষ্য। মহাশয়, এক একবার মনের বেশ জোর হয়। আবার ভাবি, ভেপুটিগিরির জন্ম পরীক্ষা দিব—ধন মান হবে, বেশ মঞ্জায় থাকব।
- শামীজী। মনে ষধন ও-সব আসবে, তথনি বিচার করবি। তুই তো বেদান্ত পড়েছিন? ঘুম্বার সময়ও বিচারের তরোয়ালখানা শিয়রে রেখে ঘুম্বি, ধেন অপ্নেও লোভ সামনে না এগোতে পারে। এইরপে জোর ক'রে বাসনা ভ্যাগ করতে করতে ক্রমে ষথার্থ বৈরাগ্য আসবে, তথন দেখবি অর্গের ছার খুলে গেছে।
- শিক্ত। আছো সামীজী, ভক্তিশাল্পে যে বলে বেনী বৈরাগ্য হ'লে ভাব থাকে না।
- স্বামীজী। স্বারে ফেলে দে ভোর সে ভক্তিশান্ত, যাতে ও-রকম কথা স্বাছে। বৈরাগ্য—বিষয়বিতৃফা না হ'লে, কাকবিঠার ন্তায় কামিনীকাঞ্চন ত্যাগ

না করবে 'ন সিধ্যতি বন্ধণতান্তরেছণি'—বন্ধার কোটকল্পেও জীবের মৃক্তি নেই। জপ, ধ্যান, পূজা, ছোম, তপতা কেবল তীব্র বৈরাগ্য আনবার জন্ত। তা যার হয়নি, তার জানবি—নোঙর ফেলে নৌকোর দাঁড়টানার মতো হচ্ছে! 'ন ধনেন ন চেজারা, ত্যাগেনৈকে অমৃতজ্যানতঃ।'

শিষ্য। আচ্ছা মহাশয়, কামকাঞ্চনত্যাগ হইলেই কি সব হইল ?

- স্বামীলী। ও ত্টো ত্যাগের পরও অনেক লেঠা আছেন! এই বেমন, তারপর আদেন লোকখ্যাতি! সেটা বে-সে লোক সামলাতে পারে না। লোকে মান দিতে থাকে, নানা ভোগ এসে জোটে। এতেই ত্যাগীদের মধ্যে বার আনা লোক বাঁধা পড়ে। এই বে মঠ-ফঠ করছি, নানা রকমের পরার্থে কাজ ক'রে স্থ্যাতি হচ্ছে—কে জানে, আমাকেই বা আবার ফিরে আসতে হয়।
- শিশু। মহাশন্ন, আপনিই ঐ কথা বলিতেছেন, তবে আমরা আর হাই কোথায় ?
- খামীজী। সংসারে রয়েছিস, তাতে ভয় কি ? 'অভীরভীরভী:'—ভয় ত্যাগ
 কর্। নাগ-মহাশয়কে দেখেছিস তো ?—সংসারে থেকেও সয়্যাসীর
 বাড়া! এমনটি বড় একটা দেখা যায় না। গেরন্ত যদি কেউ হয়
 তো বেন নাগ-মহাশরের মতো হয়। নাগ-মহাশয় পূর্ববঙ্গ আলো
 ক'রে বসে আছেন। ওদেশের লোকদের বলবি—বেন তাঁর কাছে যায়,
 তা হ'লে তাদের কল্যাণ হবে।
- শিক্ত। মহাশন্ন, ষথার্থ কথাই বলিয়াছেন; নাগ-মহাশন্ন শ্রীরামকৃষ্ণ-লীলাসহচর, তাঁকে জীবস্ত দীনতা বলিয়া বোধ হয়।
- খামীজী। তা একবার বলতে? আমি তাঁকে একবার দর্শন করতে যাব।
 তুইও বাবি? জলে ভেলে গেছে, এমন মাঠ দেখতে আমার এক এক
 সময়ে বড় ইচ্ছা হয়। আমি যাব, দেখব। তুই তাঁকে লিখিস।
- শিশু। আমি লিখিয়া দিব। আপনার দেওভোগ ষাইবার কথা শুনিলে তিনি আনন্দে উন্নাদপ্রায় হইবেন। বহুপূর্বে আপনার একবার ষাইবার কথা হইরাছিল, তাহাতে তিনি বলিয়াছিলেন, 'পূর্ববদ আপনার চরণধূলিতে তীর্ব হইরা ষাইবে।'

স্বামীকী। জানিস ভো, নাগ-মহাশয়কে ঠাকুর বলভেন, 'জলম্ভ আগুন'। শিষ্য। আজে হাঁ, ভা গুনিয়াছি। সামীজী। অনেক রাড হয়েছে, তবে এখন আয়—কিছু খেয়ে যা। শিয়া। বে আক্রা।

অনম্বর কিছু প্রদাদ পাইয়া শিশ্ব কলিকাতা যাইতে যাইতে ভাবিতে লাগিল: স্বামীলী কি: অভুত পুৰুষ—বেন দাকাৎ জ্ঞানমূৰ্তি আচাৰ্য শহর !

२8

স্থান—বেলুড় মঠ কাল-(ঐ নির্মাণকালে) ১৮৯৮

শিয়। স্বামীকী, জ্ঞান ও ভক্তির সামগ্রন্থ কিরুপে হইতে পারে ? দেখিতে পাই, ভক্তিপথাবলম্বিগণ আচার্য শহরের নাম শুনিলে কানে হাত দেন, আবার জ্ঞানমার্গীরা ভক্তদের আকুল ক্রন্দন, উল্লাস ও নৃত্যগীতাদি দেখিয়া বলেন, ওরা পাগলবিশেষ।

স্বামীনী। কি কানিস, গৌণ জ্ঞান ও গৌণ ভক্তি নিয়েই কেবল বিবাদ উপস্থিত হয়। ঠাকুরের সেই ভূত-বানরের গল্প গুনেছিস তো **?**১

শিয়া আৰু হাঁ।

স্বামীজী। কিন্তু মুখ্যা ভক্তি ও মুখ্য জানে কোন প্রভেদ নেই। মুখ্যা ভক্তি মানে হচ্ছে—ভগবানকে প্রেমশ্বরূপে উপলব্ধি করা। তুই যদি সর্বত্র সকলের ভেডরে ভগবানের প্রেমমৃতি দেখতে পাস্ ভো কার ওপর আর হিংসাবেষ করবি ? সেই প্রেমাত্বভৃতি এডটুকু বাসনা—ঠাকুর যাকে বলতেন 'কামকাঞ্নাদক্তি'—থাকতে হবার জো নেই। সম্পূর্ণ প্রেমাহভূতিতে দেহবৃদ্ধি পর্যন্ত থাকে না। আর মুখ্য ভানের মানে

১ শিব-রামের যুদ্ধ হইরাছিল। এখন রামের গুরু শিব ও শিবের গুরু রাম, ফুডরাং যুদ্ধের পরে ফুল্লনের ভাবও হইল ৷ কিন্তু শিবের চেলা ভূতপ্রেতগুলির আর রামের সঙ্গী বানরগুলির মধ্যে ৰগড়া কিচিমিটি সেই দিন হইতে আরম্ভ হইয়া আজ পর্যন্ত মিটিল না।

হচ্ছে সর্বত্ত একস্বাহ্নভৃতি, স্বাত্মস্বরূপের সর্বত্ত দর্শন। তাও এতটুকু স্বংৰুদ্ধি থাকতে হবার জো নেই।

শিশু। তবে আপনি যাহাকে প্রেম বলেন, তাহাই কি পরমজ্ঞান ?

যামীজী। তা বই কি! পূর্ণপ্রজ্ঞ না হ'লে কারও প্রেমাইছিত হয় না।
দেখছিল তো বেদান্তশাল্পে ব্রহ্মকে 'সচিদানন্দ' বলে। ঐ সচিদানন্দশব্দের মানে হচ্ছে—'সং' অর্থাৎ অন্তিত্ব, 'চিং' অর্থাৎ চৈতক্ত বা
জ্ঞান, আর 'আনন্দ'ই প্রেম। ভগবানের সং-ভাবটি নিয়ে ভক্ত
ও জ্ঞানীর মধ্যে কোন বিবাদ-বিসংবাদ নেই। কিন্তু জ্ঞানমার্গী ব্রস্কের
চিৎ বা চৈতক্ত-সন্তাটির ওপরেই সর্বদা বেশী ঝোঁক দেয়, আর ভক্তগণ
আনন্দ-সন্তাটিই সর্বন্ধণ নজরে রাখে। কিন্তু চিৎস্কর্মণ অন্তভ্তি হ্বামাত্র আনন্দস্কর্পের উপলব্ধি হয়। কারণ বা চিৎ, তা-ই বে আনন্দ।
শিক্ষ। তবে ভারতবর্ষে এত সাম্প্রদায়িক ভাব প্রবল কেন এবং ভক্তি ও
জ্ঞান-শাল্ভেই বা এত বিরোধ কেন ?

স্বামীজী। কি জানিস, গৌণভাব নিয়েই অর্থাৎ বে ভাবগুলো ধরে মাতুষ ঠিক জ্ঞান বা ঠিক ভক্তি লাভ করতে অগ্রসর হয়, দেইগুলো নিয়েই যত লাঠালাঠি দেখতে পাওয়া যায়। কিন্তু তোর কি বোধ হয়? End (উদ্দেশ্য) বড়, কি means (উপায়গুলো) বড় ? নিশুরুই উদ্দেশ্ত থেকে উপায় কখন বড় হ'তে পারে না। কেন না, অধিকারি-ভেদে একই উদ্দেশ্যলাভ নানাবিধ উপায়ে হয়। এই যে দেখছিস---জ্প ধ্যান পূজা হোম ইত্যাদি ধর্মের অব, এগুলি সবই হচ্ছে উপায়। আর পরাভক্তি বা পরব্রহ্মস্বরূপকে দর্শনই হচ্ছে মুখ্য উদ্দেশ্য। অভএব একটু তলিয়ে দেখলেই ব্ৰতে পারবি—বিবাদ হচ্ছে কি নিয়ে। একজন বলছেন-প্ৰমুখো হয়ে ব'লে ভগবানকে ডাকলে ভবে তাঁকে পাওয়া ষায়; আর একজন বলছেন—না, পশ্চিমম্ধো হয়ে বসতে হবে, তবেই তাঁকে পাওয়া যাবে। হয়তো একজন বছকাল পূর্বে প্রমুখো হয়ে ব'লে ধ্যানভজন ক'রে ঈশরলাভ করেছিলেন; তাঁর চেলারা তাই দেখে অমনি ঐ মত চালিয়ে দিয়ে বলতে লাগলো, প্ৰমুখো হয়ে না বসলে नेयतमां कथनहे हत ना। यात्र धक्रम तमल-तम कि कथा? পশ্চিমমুখো ব'লে অমুক ভগবান লাভ করেছে, আমরা ওনেছি বে!

আমরা তোদের ঐ মত মানি না। এইরূপে সব দল বেঁধেছে। একজন হয়তো হরিনাম অপ ক'রে পরাভক্তি লাভ করেছিলেন; অসনি শাস্ত তৈরী হল—'নান্ড্যেব গতিরম্বধা'। কেউ আবার 'আরা' ব'লে সিদ্ধ হলেন, তথনি তাঁর আর এক মত চলতে লাগলো। আমাদের এখন দেখতে হবে-এই সকল জ্বণ-পূজাদির খেই (আরম্ভ) কোথায়। সে খেই হচ্ছে শ্ৰদ্ধা; সংস্কৃতভাষায় 'শ্ৰদ্ধা' কথাটি বোঝাবার মডো শব্দ আমাদের ভাষার নেই। উপনিষদে আছে, ঐ শ্রমা নচিকেভার হৃদয়ে প্রবেশ করেছিল। 'একাগ্রতা' কথাটির ছারাও শ্রছা-কথার সমৃদয় ভাবটুকু প্রকাশ করা যায় না। বোধ হয় 'একাগ্রনিষ্ঠা' বললে সংস্কৃত শ্রদ্ধা-কথাটার অনেকটা কাছাকাছি মানে হয়। নিষ্ঠার সহিত একাগ্র-মনে বে-কোন তত্ত্ব হোক না, ভাৰতে থাকলৈই দেখতে পাবি, মনের গতি ক্রমেই একত্বের দিকে চলেছে বা সচ্চিদানন্দ-শ্বরূপের অমুভৃতির দিকে যাচ্ছে। ভক্তি এবং জ্ঞান-শাস্ত্র উভয়েই ঐরপ এক একটি নিষ্ঠা জীবনে আনবার জন্ত মাহুষকে বিশেষভাবে উপদেশ করছে। যুগপরস্পরায় বিকৃত ভাব ধারণ ক'রে সেইসব মহান্ সভ্য ক্রমে দেশাচারে পরিণত হয়েছে। শুধু বে তোদের ভারতবর্ষে ঐক্লপ হয়েছে ভা নয়-পৃথিবীর সকল জাভিতে ও সকল সমাজেই এক্লপ হয়েছে। আর বিচারবিহীন সাধারণ জীব ঐগুলো নিয়ে সেই অবধি বিবাদ ক'রে মরছে, খেই হারিয়ে ফেলেছে; ভাই এত লাঠালাঠি চলেছে।

শিষ্ক। মহাশয়, তবে এখন উপায় কি ?

ষারীজী। পূর্বের মতো ঠিক ঠিক শ্রন্ধা আনতে হবে। আগাছাগুলো উপড়ে ফেলতে হবে। সকল মতে সকল পথেই দেশকালাতীত সত্য পাওয়া যার বটে, কিন্তু সেগুলোর উপর অনেক আবর্জনা পড়ে গেছে। সেগুলো সাফ ক'রে ঠিক ঠিক তত্ত্ত্তিলি লোকের সামনে ধরতে হবে; তবেই তোদের ধর্মের ও দেশের মঙ্গল হবে।

শিক্ত। কেমন করিয়া উহা করিতে হইবে ?

খামীজী। কেন ? প্রথমতঃ মহাপুরুষদের পূজা চালাতে হবে। ধারা দেইসৰ সনাতন তত্ত্ব প্রত্যক্ষ ক'রে গেছেন, তাঁদের—লোকের কাছে ideal (আদর্শ বা ইষ্ট)-রূপে থাড়া করতে হবে। বেমন ভারতবর্ষে বীবাৰচ্জ, প্ৰীকৃষ্ণ, ৰহাবীয় ও বীরাৰকৃষ্ণ। দেশে প্ৰীরাৰচজ্ঞ ও মহাবীরের পূজা চালিরে দে দিকি। বুন্ধাৰনলীলা-কীলা এখন রেখে দে। গীডানিংহনাদকারী প্রীকৃষ্ণের পূজা চালা, শক্তিপূজা চালা।

শিশু। কেন, বুন্দাবনগীলা মন্দ কি ?

খানীজী। এখন জীক্নকের ঐক্নপ প্লায় ভোগের দেশে ফল হবে না। বানী বাজিরে এখন আর দেশের কল্যাণ হবে না। এখন চাই মহাভ্যাগ, মহানিষ্ঠা, মহাধৈর্ব এবং খার্থগন্ত শুক্র্কি-সহায়ে মহা উভ্য প্রকাশ ক'রে সকল বিষয় ঠিক ঠিক জানবার জন্ধ উঠে পড়ে লাগা।

শিশ্ব। মহাশন্ধ, ভবে আপনার মতে বৃন্ধাবন-দীলা কি সভ্য নহে 📍

- খামীজী। তা কে বলছে? ঐ লীলার ঠিক ঠিক ধারণা ও উপলব্ধি করতে বড় উচ্চ সাধনার প্রয়োজন। এই ঘোর কাম-কাঞ্চনাসন্ধির সময় ঐ লীলার উচ্চ ভাব কেউ ধারণা করতে পারবে না।
- শিয়। মহাশন্ধ, তবে কি আপনি বলিতে চাহেন, যাহারা মধুর-সধ্যাদি ভাব-অবশ্যনে এখন সাধনা করিতেছে, ভাহারা কেহই ঠিক পথে যাইতেছে না?
- শামানী। আমার তো বোধ হয়, তাই—বিশেষতঃ আবার যারা মধুরতাবের সাধক ব'লে পরিচয় দেয়, তারা; তবে ছ-একটি ঠিক ঠিক লোক থাকলেও থাকতে পারে। বাকি সব আনবি ঘোর তমোভাবাপর full of morbidity (মানসিকছর্বলতা-সমাচ্চয়)! তাই বলছি, দেশটাকে এখন তুলতে হ'লে মহাবীরের পূজা চালাতে হবে, শক্তিপূজা চালাতে হবে, শ্রীরামচন্দ্রের পূজা ঘরে ঘরে করতে হবে। তবে ভোদের এবং দেশের কল্যাণ। নতুবা উপায় নেই।
- শিশু। কিন্তু মহাশন্ন, শুনিরাছি ঠাকুর (শ্রীরামকৃঞ্জেব) তো সকলকে লইরা সংকীর্তনে বিশেষ স্থানন্দ করিতেন।
- খামীজী। তাঁর কথা খতন্ত। তাঁর সদে জীবের তুলনা হয়? তিনি লব মতে সাধন ক'বে দেখিয়েছেন—সকলগুলিই এক তত্ত্বে পৌছে দেয়। তিনি বা করেছেন, তা কি তুই আমি করতে পারব? তিনি বে কে ও কত বড়, তা আমরা কেউই এখনও বুঝতে পারিনি! একছই আমি তাঁর কথা বেখানে সেখানে বলি না। তিনি বে কি ছিলেন, তা

ভিনিই জানতেন; তাঁর দেহটাই কেবল মান্তবের মডো ছিল, কিছ চালচলন সব খডর অমান্তবিক ছিল!

শিস্ত। আচ্ছা মহাশন্ধ, আপনি তাঁহাকে অবভার বলিয়া মানেন কি ? স্বামীজী। ভোর অবভার কথার মানেটা কি, ভা আগে বলু ?

- শিষ্য। কেন? বেমন শ্রীরাম, শ্রীরুঞ্চ, শ্রীগোরাখ, বৃদ্ধ, উশা ইত্যাদি পুরুবের মতো পুরুষ।
- বামীজী। তুই বাঁদের নাম করলি, জামি ঠাকুর (প্রীরামকৃষ্ণ)-কে তাঁদের সকলের চেরে বড় ব'লে জানি—মানা তো ছোট কথা। থাক্ এখন দেকথা, এইটুকুই এখন শুনে রাখ্—সমন্ত্র- ও সমাজ-উপবােগী এক এক মহাপুরুষ জাসেন ধর্ম উদ্ধার করতে। তাঁদের মহাপুরুষ বল্ বা অবভার বল্, ভাতে কিছু জাসে বান্ন না। তাঁরা সংসারে এসে জীবকে নিজ জীবন গঠন করবার ideal (আদর্শ) দেখিরে বান। বিনি বখন জাসেন, তখন তাঁর ছাচে গড়ন চলতে থাকে, মাহ্যুষ তৈরী হয় এবং সম্প্রদায় চলতে থাকে। কালে এ-সকল সম্প্রদায় বিক্বত হ'লে আবার এক্নপ জন্ত সংস্কারক আসেন। এই প্রথা প্রবাহরূপে চলে আসছে।
- শিশু। মহাশয়, তবে আপনি ঠাকুরকে অবতার ব'লে ঘোষণা করেন না
 কেন ? আপনার তো শক্তি—বাগ্যিতা যথেষ্ট আছে।
- খামীজী। তার কারণ, আমি তাঁকে অন্নই ব্ৰেছি। তাঁকে এত বড় মনে হয় বে, তাঁর সহত্বে কিছু বলতে গেলে আমার ভয় হর—পাছে সভ্যের অপলাপ হয়, পাছে আমার এই অন্নশক্তিতে না কুলোর, বড় করতে গিয়ে তাঁর ছবি আমার চঙে এঁকে তাঁকে পাছে ছোট ক'রে ফেলি!
- শিক্স। আজকাল অনেকে তো তাঁহাকে অবভার বলিয়া প্রচার করিতেছে! স্বামীনী। তা করক। বে বেমন ব্বেছে, সে তেমন করছে। তোর ঐরপ বিশাস হয় তো তুইও কর্।
- শিশ্য। আমি আপনাকেই সম্যক ব্ৰিতে পারি না, তা আবার ঠাকুরকে।
 মনে হয়, আপনার কৃপাকণা পাইলেই আমি এ জয়ে ধন্ত হইব।

অভ এইথানেই কথার পরিসমাপ্তি হইল এবং শিশু স্বামীজীর পদ্ধৃশি স্ট্রা গ্রেপ্তাগ্যন করিল।

হান—বেল্ড্ মঠ কাল—(ঐ নিৰ্মাণকালে) ১৮৯৮

- শিষ্য। সামীজী! ঠাকুর বলিতেন, কামিনী-কাঞ্চন ত্যাগ না করিলে ধর্মপথে অগ্রদর হওয়া যায় না। তবে যাহারা গৃহস্থ, তাহাদের উপায় কি ? তাহাদের তো দিনরাত ঐ উভয় লইয়াই ব্যস্ত থাকিতে হয়।
- খামীজী। কাম-কাঞ্চনের আসন্তি না গেলে ঈশবে মন বায় না, তা গেরন্তই হোক আর সন্মাসীই হোক। ঐ ছুই বস্তুতে বতক্ষণ মন আছে, জানবি ততক্ষণ ঠিক ঠিক অহুরাগ, নিঠা বা শ্রহা কথনই আসবে না।
- শিশু। তবে গৃহস্থদিগের উপার ?
- সামীজী। উপায় হচ্ছে ছোটখাট বাসনাগুলিকে পূর্ণ ক'রে নেওয়া, জার বড় বড় গুলিকে বিচার ক'রে ত্যাগ করা। ত্যাগ ভিন্ন ঈশবলাভ হবে না, 'বদি ত্রন্ধা স্বয়ং বদেং'—বেদকর্তা ত্রন্ধা স্বয়ং তা বললেও হবে না।
- শিশ্ব। আছো মহাশন্ধ, সন্মান গ্রহণ করিলেই কি বিবন্ধ-ত্যাগ হয় ?
- শামীনী। তা কি কখন হয় ? তবে সন্ন্যাসীয়া কাম-কাঞ্চন সম্পূর্ণভাবে ত্যাপ করতে প্রস্তুত হচ্ছে, চেষ্টা করছে ; আর গেরন্তরা নোঙর ফেলে নোকায় দাঁড় টানছে—এই প্রভেদ। ভোগের সাধ কখন মেটে কি রে ? 'ভূষ এবাভিবর্ধতে'—দিন দিন বাড়তেই থাকে।
- শিশু। কেন? ভোগ করিয়া করিয়া বিরক্ত হইলে শেষে ভো বিভৃষ্ণা আসিতে পারে?
- শামীজী। দূর ছোড়া, তা ক-জনের আসতে দেখেছিস? কমাগত বিষয়ভোগ করতে থাকলে, মনে সেই-সব বিষয়ের ছাপ পড়ে যায়, দাগ পড়ে যায়, মন বিষয়ের রঙে ব'ঙে যায়। ত্যাগ, ত্যাগ—এই হচ্ছে মূলমন্ত্র।
- শিষ্য। কেন মহাশন্ধ, ঋষিবাক্য তো আছে—'গৃহের্ পঞ্চেন্তির-নিগ্রাহত্তপঃ,
 নিবৃত্তরাগভ গৃহং তপোবনন্'—গৃহস্থাশ্রমে থাকিয়া ইন্দ্রিরসকলকে বিষয়
 অর্থাৎ রূপরসাদি-ভোগ হইতে বিরত রাখাকেই তপভা বলে; বিষয়ের
 প্রতি অমুরাগ দূর হইলে গৃহই তপোবনে পরিণত হয়।

- খানীজী। গৃহে থেকে খারা কাম-কাঞ্চন ত্যাগ করতে পারে, তারা ধন্ত;
 কিন্তু তা ক-জনের হয় ?
- শিশ্র। কিন্তু মহাশয়, আপনি তো ইডঃপূর্বেই বলিলেন বে, সন্মাসীদের মধ্যেও অধিকাংশের সম্পূর্ণরূপে কামকাঞ্চন-ভ্যাগ হয় নাই।
- খানীলী। তা বলেছি; কিন্তু এ-কথাও বলেছি বে, তারা ত্যাগের পথে চলেছে; তারা কামকাঞ্চনের বিরুদ্ধে যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ হরেছে। গেরস্তদের কামকাঞ্চনাসক্তিটাকে এখনও বিপদ বলেই ধারণা হরনি, আন্মোন্নতির চেষ্টাই হচ্ছে না। ওটার বিরুদ্ধে যে যুদ্ধ করতে হবে, এ ভাবনাই এখনও আসেনি।
- শিল্প। কেন মহাশন্ন, তাহাদিগের মধ্যেও তো অনেকেই ঐ আদক্তি ত্যাগ করিতে চেষ্টা করিতেছে ?
- বামীজী। বাবা করছে, তারা অবশ্য ক্রমে ত্যাগী হবে; তাদেরও কামকাঞ্চনাসন্তি ক্রমে কমে বাবে। কিন্তু কি জানিস—'বাচ্ছি বাব, হচ্ছে
 হবে' বারা এইরূপে চলেছে, তাদের আত্মদর্শন এখনও অনেক দ্রে।
 'এখনই ভগবান লাভ ক'রব, এই জরেই ক'রব'—এই হচ্ছে বীরের কথা।
 এরূপ লোকে এখনই সর্বন্ধ ত্যাগ করতে প্রস্তুত হয়; শাল্প তাদের
 সম্বন্ধেই বলেছেন, 'বদহরেব বির্ত্তেৎ তদহরেব প্রক্তেং'—ব্যন্ধ বৈরাগ্য
 আসবে, তখনই সংসার ত্যাগ করবে।
- শিশ্ব। কিন্তু সহাশন্ন, ঠাকুর তো বলিতেন—ঈশরের রূপা হইলে, তাঁহাকে ডাকিলে ডিনি এইসকল আসজি এক দণ্ডে কাটাইরা দেন।
- খাৰীৰী। হাঁ, তাঁর কুপা হ'লে হয় ৰটে, কিন্তু তাঁর কুপা পেতে হ'লে আগে শুদ্ধ পৰিত্র হওয়া চাই; কায়মনোবাক্যে পৰিত্র হওয়া চাই, ভবেই তাঁর কুপা হয়।
- নিত্ত। কিন্তু কারমনোবাক্যে সংখ্য করিতে পারিলে রূপার আর দরকার কি । তাহা হইলে তো আমি নিজেই নিজের চেটার আত্যোরতি করিলাম।
- नारीको। जूरे शांवनत्व क्रिंडा क्विष्टिंग स्वर्थ ज्या क्षेत्र क्षेत्र शांक्र क्षेत्र क

- শিক্ত। ভাল ব্টব, ইহা বোৰ হয় সকলেয়ই ইচ্ছা; কিন্তু কি ফুৰ্লক্য স্তে বে মন নীচগানী হয়, ভাহা বলিভে পাহ্নি না; সকলেয়ই কি মনে ইচ্ছা হয় না বে, আমি সং ছইব, ভাল হইব, ঈশ্ব লাভ করিব ?
- খামীনী। বাদের ভেতর ওরণ ইচ্ছা হয়েছে, তাদের ভেতর জানবি
 Struggle (উত্তম বা চেটা) এগেছে এবং ঐ চেটা ক্রতে করতেই
 দিবের দয়া হয়।
- শিষ্য। কিন্ত সহাশর, অনেক অবভার-জীবনে ভো ইহাও দেখা বায়—
 বাহাদের আমরা ভরানক পাপী ব্যভিচারী ইভাদি মনে করি,
 ভাহারাও দাধনভন্তন না করিয়া তাঁহাদের রূপার অনায়াদে উপরলাভে
 সক্ষম হইরাছিল—ইহার অর্থ কি ?
- খামীজী। জানবি—ভাদের ভেতর ভরানক অশান্তি এগেছিল, ভোগ করতে করতে বিভ্ঞা এসেছিল, অশান্তিতে ভাদের হৃদর জলে বাচ্ছিল; হৃদরে এত অভাব বোধ হচ্ছিল বে, একটা শান্তি না পেলে ভাদের দেহ ছুটে বেড। ভাই ভগবানের দ্য়া হয়েছিল। তমোগুণের ভেতর দিরে এ-সকল লোক ধর্মপথে উঠেছিল।
- শিক্স। তমোগুণ বা বাহাই হউক, কিন্তু ঐ ভাবেও ভো তাহাদের ঈশ্বলাভ হইয়াছিল ?
- খামীজী। হাঁ, তা হবে না কেন? কিছ পায়ধানার দোর দিয়ে না চুকে
 সদর দোর দিয়ে বাড়িতে ঢোকা ভাল নয় কি? এবং ঐ পথেও ভো
 'কি ক'রে মনের এ অশান্তি দ্র করি'—এইরপ একটা বিষম হাঁকপাকানি ও চেটা আছে।
- শিশু। তাহা ঠিক, তবে আমার মনে হয়, বাহারা ইক্রিয়াদি দমন ও কামকাঞ্চন ত্যাপ করিয়া ঈশরলাত করিতে উত্তত, তাহারা পুরুষকারবাদী
 ও থাবলখী; এবং বাহারা কেবলমাত্র তাহার নামে বিশাস ও নির্ভর
 করিয়া পড়িয়া আছে, তাহাদের কামকাঞ্চনাসক্তি তিনিই কালে দ্র
 করিয়া অত্তে পরম পদ দেন।
- খাৰীজী। হাঁ, ডবে এক্সপ লোক বিরল; সিদ্ধ হবার পর লোকে এদেরই 'কুপাসিদ' বলে। জানী ও ভক্ত—এ উভরেরই মতে কিন্তু ত্যাগই হচ্ছে মূলমন্ত্র।

- শিশ্ব। ভাহাতে আর সন্দেহ কি! শ্রীর্ক্ত গিরিশচন্দ্র ঘোষ মহাশর একদিন আমার বলিরাছিলেন, 'রুপাপক্ষে কোন নিরম নেই; যদি থাকে, ভবে ভাকে রূপা বলা যার না। সেধানে সবই বে-আইনী কারধানা।'
- যামীজী। তা নর রে, তা নর; যোষত বৈধানকার কথা বলেছে, শেখানেও আমাদের অজ্ঞাত একটা আইন বা নিরম আছেই আছে। বে-আইনী কারধানটো হচ্ছে শেব কথা, দেশকালনিমিত্তের অতীত ছানের কথা; দেখানে Law of Causation (কার্য-কারণ-সম্বদ্ধ) নেই, কাজেই সেধানে কে কারে রূপা করবে? সেধানে সেব্য-সেবক ধ্যাতা-ধ্যের, জ্ঞাতা-জ্যের এক হরে বার—সব সমরস।
- শিশু। আৰু তবে আদি। আপনার কথা শুনিয়া আৰু বেদ-বেদান্তের সার বুঝা হইল; এতদিন কেবল বাগাড়ম্বর মাত্র করা হইতেছিল। স্থামীকারে পদধূলি লইয়া শিশু কলিকাডাভিমুখে অগ্রসর হইল।

স্থান—বেলুড়মঠ কাল—(ঐ নির্মাণকাল) ১৮৯৮

শিষ্য। স্বামীজী, ধাছাধাতের সহিত ধর্মাচরণের কিছু সম্বন্ধ আছে কি ? স্বামীজী। স্বর্জবিশ্বর আছে বইকি।

শিশু। মাছ-মাংস খাওয়া উচিত এবং জাবখক কি ?

- শামীজী। থ্ৰ থাবি বাবা! তাতে যা পাপ হবে তা আমার।' তোদের দেশের লোকগুলোর দিকে একবার চেয়ে দেখ দেখি—মুখে মলিনতার ছারা, বুকে সাহস-ও উভ্যমশৃগুভা, পেটটি বড়, হাতে পারে বল নেই, ভীক্ত কাপুরুষ!
- শিশু। মাছ-মাংগ থাইলে যদি উপকারই ছইবে, তবে বৌদ্ধ ও বৈফ্রথর্মে , অহিংসাকে 'পরমো ধর্ম:' বলিয়াছে কেন ?

> আমিব-নিরামিব আহার-বিবরে স্বামীজী অধিকারী-বিচার করিতেন।

- বামীলী। বৌদ্ধ ও বৈক্ষবধর্ম আলাদা নয়। বৌদ্ধর্ম মরে বাবার সময়

 হিন্দুধর্ম তার কতকগুলি নিয়ম নিজেদের ভেতর চুকিয়ে আপনার ক'রে
 নিয়েছিল। ঐ ধর্মই এখন ভারতবর্ষে বৈক্ষবধর্ম বলে বিখ্যাত।
 'অহিংসা পরমো ধর্মঃ'—বৌদ্ধর্মের এই মত খ্ব ভাল, তবে অধিকারী
 বিচার না ক'রে বলপূর্বক রাজ-শাসনের হারা ঐ মত জনসাধারণ সকলের
 উপর চালাতে গিয়ে বৌদ্ধর্ম দেশের মাধাটি একেবারে থেয়ে দিয়ে গেছে।
 ফলে হয়েছে এই বে, লোকে পিপড়েকে চিনি দিছেে, আর টাকার জক্ত
 ভাইয়ের সর্বনাশ করছে। অমন 'বক-ধার্মিক' এ জীবনে অনেক দেখেছি!
 অক্সপক্ষে দেখ্—বৈদিক ও মন্তুক্ত ধর্মে মংস্ত-মাংস ধাবার বিধান
 রয়েছে, আবার অহিংসার কথাও আছে। অধিকারি-বিশেষে হিংসা
 ও অধিকারি-বিশেষে অহিংসা-ধর্মপালনের ব্যবস্থা আছে। শ্রুতি বলছেন
 —'মা হিংস্তাং সর্বভূতানি'; মহুও বলেছেন—'নির্ভিন্ত মহাফলা'।
- শিশু। কিন্তু এমন দেখিয়াছি মহাশয়, ধর্মের দিকে একটু ঝোঁক হইলেই লোক আগে মাছ-মাংস ছাড়িয়া দেয়। অনেকের চক্ষে ব্যক্তিচারাদি শুরুতর পাপ অপেকাও বেন মাছ-মাংস খাওয়াটা বেশী পাপ!—এ ভাবটা কোথা হইতে আসিল ?
- শিষ্ট। আজা হাঁ। আমাদের দেশে অখনের ব্যারাম বলিয়া কোন ব্যারাম নাই। এদেশে আসিয়া ঐ ব্যারামের নাম শুনিয়াছি। দেশে আমরা গুবেলাই মাছ-ভাত থাইয়া থাকি।
- খামীজী। তা থ্ব থাবি। খাসপাতা থেয়ে যত পেটরোগা বাবাজীর দলে দেশ ছেরে ফেলেছে। ও-সব সম্বত্তণের চিহ্ন নয়, মহা তমোগুণের ছারা—

মৃত্যুর ছারা। সম্বর্ধের চিহ্ন হচ্ছে—মুখে উজ্জেখা, জদরে জ্বয় উৎসাহ, tremendous activity (প্রচণ্ড কর্মভৎপরভা); জার ভয়োপ্তরের লক্ষণ হচ্ছে জালস্ত, জড়ভা, মোহ, নিজ্রা—এই সব।

শিক্ত। কিন্তু মহাশন্ধ, মাছ-মাংসে তো রজোভণ বাড়ার।

- খানীখী। খানি তো তাই চাই। এখন রজোগুণেরই দরকার। দেশের বে-সব লোককে এখন সম্বশুণী ব'লে মনে করছিল, তাদের ভেতর পনের খানা লোকই বোর তমোভাবাপর। এক খানা লোক সম্বশুণী মেলে তো চের! এখন চাই প্রবল রজোগুণের ভাগুর উদীপনা। দেশ বে বোর তমসাচ্ছর, দেখতে পাচ্ছিদ না ? এখন দেশের লোককে মাছ-মাংস ধাইরে উভানী ক'রে তুলতে হবে, জাগাতে হবে, কার্যতংপর করতে হবে। নতুবা ক্রমে দেশস্ক লোক জড় হরে যাবে, গাছ-পাথরের মতো জড় হয়ে যাবে। তাই বলছিল্য, মাছ-মাংস খ্ব ধাবি।
- শিশ্ব। কিন্তু মহাশয়, মনে যথন সম্বগুণের অভ্যক্ত ফুর্ভি হয়, তথন মাছ-মাংসে স্পৃহা থাকে কি ?
- খামীলী। না, তা থাকে না। সন্তশুণের যথন খুব বিকাশ হয়, তথন মাছমাংদে কচি থাকে না। কিন্তু সন্তশুণ-প্রকাশের এইসব লক্ষণ জানবি—
 পরের জন্ত সর্বস্থ-পণ, কামিনী-কাঞ্চনে সম্পূর্ণ জনাসন্তি, নিরভিমানতা,
 অহংবৃদ্ধিশ্রতা। এইসব লক্ষণ যার হয়, তার আর animal-food
 (আমিবাহার)-এর ইচ্ছা হয় না। আর বেখানে দেখবি, মনে এসব
 ওণের ফুর্তি নেই, অথচ অহিংসার দলে নাম লিখিয়েছে—সেখানে
 জানবি হয় ভগামি, না হয় লোকদেখানো ধর্ম। তোর যথন ঠিক ঠিক
 সন্তগুণের অবহা হবে তথন আমিবাহার ছেড়ে দিস।
- শিষ্য। কিন্তু মহাশয়, ছান্দোগ্য শ্রুতিতে তো আছে 'আহারগুছো সম্বত্তিং'— গুদ্ধ বন্ধ আহার করিলে সম্বত্তণের বৃদ্ধি হয়, ইত্যাদি। অভএব সম্বত্তণী হইবার অস্ত রক্ষা ও তমোগুণোদীপক পদার্থসকলের ভোজন পূর্বেই ত্যাপ করা কি এখানে শ্রুতির অভিপ্রায় নহে ?
- খানীজী। ঐ শ্রুডির অর্থ করতে গিরে শ্রুরাচার্য বলেছেন—'আছার'-অর্থ ,'ইক্রিয়-বিষয়', আর জীরামাছজ্বামী 'আছার'-অর্থে থাত ধরেছেন। আমার মত হচ্ছে উচ্চিয়ের ঐ উভয় মডের সামঞ্জ ক'রে নিডে হবে।

কেবৰ দিনমাভ থাভাখাতের বাদবিচার ক'রে জীবনটা কাটাতে হবে. না ইন্দ্রিরশংবস করভে হবে ? ইন্দ্রিরশংবসটাকেই সুধ্য উদ্দেশ্য ব'লে ধরতে হবে ; আর ঐ ইন্সিরসংব্যের অন্তই ভাল-মন্দ ধাছাধাতের অর-বিভন্ন বিচার করতে হবে। শাস্ত্র বলেন, থাত জিবিধ লোবে তৃষ্ট ও পরিভ্যাক্য হয়: (১) জাতিহ্ট—বৈষন পৌরাজ, রশুন ইভ্যাদি। (২) নিষিত্ত্ই—বেষন বন্ধরার দোকানের ধাবার, দশগণু মাছি মরে প'ড়ে রয়েছে, রাস্তার ধুলোই কভ উড়ে পড়ছে। (৬) আঞ্চরভূষ্ট —বেষন অসৎ লোকের বারা স্পৃষ্ট অলাদি। পাত কাতিত্ই ও নিমিত্ত ই হল্পেছে কি না, তা দকল সময়েই খুব নজর রাখতে হয়। কিন্ত এদেশে এদিকে নজর একেবারেই উঠে গেছে। কেবল শেখোক দোবটি—বা যোগী ভিন্ন অন্ত কেউ প্রান্ন বুঝতেই পারে না, তা নিমেই যত লাঠালাঠি চলছে, 'ছুঁয়োনা ছুঁয়োনা' ক'রে ছুঁৎমার্গীর দল দেশটাকে ঝালাপালা করেছে। তাও ভালমন্দ লোকের বিচার নেই; গৰায় একগাছা হুছো থাকলেই হ'ল, তার হাতে অন্ন খেতে ছুঁৎমার্গী-দের আর আপত্তি নেই। খাতের আপ্রয়দোষ ধরতে পারা একমাত্র ঠাকুরকেই দেখেছি। এমন খনেক ঘটনা হয়েছে, বেখানে ভিনি কোন কোন লোকের ছোঁয়া থেডে পারেননি। বিশেষ অনুসন্ধানের পর জানতে পেবেছি--বাহুবিক্ট দে-সকল লোকের ভিতর কোন-না-কোন বিশেষ দোষ ছিল। ভোদের যত কিছু ধর্ম এখন দাড়িরেছে গিয়ে ভাতের হাড়ির মধ্যে! অপর জাতির ছোঁরা ভাতটা না খেলেই বেন ভগৰান-লাভ হয়ে গেল! শাল্লের মহান্ সভ্যসকল ছেড়ে কেবল খোসা नियुष्टे बाबाबादि हन्टह ।

- শিক্ত। মহাশর, ভবে কি আপনি বলিভে চান, সকলের স্পৃষ্ট আর খাওয়াই আমালের কর্তব্য ?
- খানীজী। তা কেন ব'লব? আমার কথা হচ্ছে তুই বামুন, অপর জাতের অন্ন নাই থেলি; কিছ তুই সৰ বামুনের অন্ন কেন থাবিনি? তোরা রাটীশ্রেণী বলে বারেজ বামুনের অন্ন থেতে আপত্তি হবে কেন? আর বারেজ বামুনই বা ভোলের অন্ন বাবে কেন? মারাঠী, ভোলেষী ও কনোজী বামুনই বা ভোলের অন্ন না থাবে কেন?

কলকাতার আতবিচারটা আরও কিছু মন্তার। দেখা বার, অনেক বাম্ন-কারেভই হোটেলে ভাত মারছেন; তাঁরাই আবার মৃথ পুঁছে এনে নমাজের নেতা হচ্ছেন; তাঁরাই অন্তের অশু আতবিচার ও অর-বিচারের আইন করছেন! বলি এসব কপটীদের আইনমত কি নমাজকে চলতে হবে? ওদের কথা ফেলে দিয়ে সনাতন ঋবিদের শাসন চালাতে হবে, তবেই দেশের কল্যাণ।

শিষ্ত। তবে কি মহাশন্ন, কলিকাতার অধুনাতন সমাজে ঋবিশাসন চলিতেছে না ?

খামীজী। শুধু কলকাতায় কেন? আমি ভারতবর্ষ তর তর ক'রে খুঁজে দেখেছি, কোথাও ঋষিশাসনের ঠিক ঠিক প্রচলন নেই। কেবল লোকাচার, দেশাচার আর জী-আচার—এতেই সকল জায়গায় সমাজ শাসিত হচ্ছে। শাস্ত্রফান্ত কি কেউ পড়ে—না, প'ড়ে সেইমত সমাজকে চালাতে চায়?

শিশু। ভবে মহাশয়, এখন আমাদের কি করিতে হইবে ?

ষামীজী। ঋষিগণের মত চালাতে হবে; মহ, ষাজ্ঞবন্ধ্য প্রভৃতি ঋষিদের মত্রে দেশটাকে দীক্ষিত করতে হবে। তবে সমরোপযোগী কিছু কিছু পরিবর্তন ক'রে দিতে হবে। এই দেখনা ভারতের কোথাও আর চাতুর্বর্গ্য-বিভাগ দেখা যার না। প্রথমতঃ ব্রাহ্মণ, ক্ষত্রের, বৈশ্ব, শূক্র—এই চার জাতে দেশের লোকগুলোকে ভাগ করতে হবে। সব বাম্ন এক ক'রে একটি ব্রাহ্মণজাত গড়তে হবে। এইরপ সব ক্ষত্রের, সব বৈশ্ব, সব শৃক্ষদের নিয়ে অন্ত ভিনটি জাত ক'রে সকল জাতিকে বৈদিক প্রণালীতে আনতে হবে। নতুবা শুধু 'ভোমায় হোঁব না' বলনেই কি দেশের কল্যাণ হবে রে ? ক্ষনই নয়।

ন্থান—বেলুড় মঠ কাল—(ঐ নির্মাণকালে) ১৮৯৮

শিশু। স্বামীজী, বর্তমান কালে স্বামাদের সমাজ ও দেশের এত চুর্দশা হইরাছে কেন?

श्रामेना। তোরাই সে जन्न मात्री।

শিশ্ব। বলেন কি ? কেমন করিরা?

খামীজী। বছকাল থেকে দেশের নীচ জাতদের ঘেরা ক'রে ক'রে ভোরা এখন জগতে স্থণাভাজন হয়ে পড়েছিল!

শিশ্র। কবে আবার আমরা উহাদের ম্বণা করিলাম ?

পাম গুলি বান্ধণেতর জাতদের কথনও পড়তে দিসনি, তাদের ছুঁসনি, তাদের কেবল নীচে দাবিয়ে রেখেছিল, স্বার্থণরতা থেকে তোরাই তো চিরকাল ঐরপ ক'রে আসছিল। বান্ধণেরাই তো ধর্মশাল্পগুলিকে একচেটে ক'রে বিধি-নিষেধ তাদেরই হাতে রেখেছিল; আর ভারতবর্ষের অন্তান্ত জাতগুলিকে নীচ ব'লে ব'লে তাদের মনে ধারণা করিয়ে দিয়েছিল বে, তারা সভ্যসতাই হীন। তুই যদি একটা লোককে খেতে ভতে বদতে সর্বন্ধণ বলিম, 'তুই নীচ, তুই নীচ'—তবে সময়ে তার ধারণা হবেই হবে, 'আমি সভ্যসতাই নীচ।' ইংরেজীতে একে বলে hypnotise (হিপ্নোটাইজ) বা ময়ম্ম করা। বান্ধণেতর জাতগুলির একটু একটু ক'রে চমক ভাওছে। বান্ধণদের তল্পেমন্তে তাদের আহা কমে বাচ্ছে। পান্ধাত্য শিক্ষার বিস্তারে বান্ধণদের সব তুকতাক 'এখন ভেঙে পড়ছে, পদ্মার পান্ধ ধনে যাবার মতো, দেখতে পাচ্ছিস তো?

শিষ্য। আজা হাঁ, আচার-বিচারটা আজকাল ক্রমেই শিথিল হইয়া পড়িতেছে।
স্বামীজী। পড়বে না ? ব্রাদ্ধণেরা যে ক্রমে ঘোর অনাচার-অত্যাচার
আরম্ভ করেছিল। স্বার্থপর হরে কেবল নিজেদের প্রভূত্ব বজার রাধবার
অন্ত কত কি অভূত অবৈদিক, অনৈতিক, অবৌজিক মত চালিয়েছিল।
ভার ফলও হাতে হাতেই পাছে।

শিক্ত। কি ফল পাইভেছে, মহাশর ?

- বামীনী। ফলটা কি দেখতে পাচ্ছিদ না? তোরা বে ভারতের অপর সাধারণ জাতগুলিকে থেরা করেছিলি, তার অস্তই এখন তোদের ছাজার বছরের দাসত্ব করতে ছচ্ছে, তাই তোরা এখন বিদেশীর স্থণাত্বল ও স্বদেশবাসিগণের উপেক্ষাত্বল ছরে রয়েছিল।
- শিশ্য। কিন্তু মহাশয়, এখনও তো ব্যবস্থাদি আন্ধণদের মতেই চলিভেছে;
 গর্ভাধান হইতে যাবতীয় ক্রিয়াকলাপেই লোকে আন্ধণেরা বেরূপ
 বলিভেছেন, নেইরূপই করিতেছে। তবে আপনি ঐরূপ বলিভেছেন কেন দু
- বলিতেছেন, দেইরূপই করিতেছে। তবে আপনি ঐরূপ বলিতেছেন কেন ?
 খামীজী। কোথার চলছে ? শাজোক্ত দশবিধ সংস্কার কোথার চলছে ?
 আমি ভো ভারতবর্ষটা সব ঘ্রে দেখেছি, সর্বত্রই শ্রুভি-মৃতি-বিগর্হিত
 দেশাচারে সমান্ত শাদিত হচ্ছে! লোকাচার, দেশাচার ও স্ত্রী-আচার—
 এই এখন সর্বত্র শৃতিশাল্ল হয়ে দাঁড়িরেছে। কে কার কথা শুনছে ? টাকা
 দিতে পারলেই ভটচাবের দল যা-তা বিধি-নিষেধ লিখে দিতে রাজী
 আছেন! কর্মজন ভটচাম বৈদিক কর-গৃহ্-ও শ্রোভ-স্ত্রে পড়েছেন ?
 ভারপর দেখ্—বাঙলার রঘ্নন্দনের শাসন, আর একটু এগিরে দেখবি
 মিভাক্ষরার শাসন, আর একদিকে গিয়ে দেখ মহুস্থৃতির শাসন চলেছে!
 ভোরা ভাবিস—সর্বত্র বৃঝি একমত চলেছে। সেল্ফেই আমি চাই—বেদের
 শ্রুতি লোকের স্থান বাড়িয়ে বেদের চর্চা করাতে এবং স্বত্র বেদের
 শাসন চালাভে।
- শিশু। মহাশন্ধ, তাহা কি এখন আর চলা সম্ভবপর ?
- খামীজী। বেদের সকল প্রাচীন নিয়মই চলবে না বটে, কিন্তু সময়োপবোগী বাদ-সাদ দিয়ে নিয়মগুলি বিধিবদ্ধ ক'রে নৃতন হাঁচে গড়ে সমাজকে দিলে চলবে না কেন ?
- শিক্ত। মহাশয়, আমার ধারণা ছিল অন্ততঃ মহুর শাসনটা ভারতে সকলেই এখনও মানে।
- শানীলী। কোথার নানছে ? তোলের নিজেবের দেশেই বেধ্ না—ভারের বানাচার তোলের হাড়ে হাড়ে চুকেছে। এমন কি, আধুনিক বৈষ্ণব , ধর্ম—যা মুক্ত বৌদ্ধর্মের কড়ালাবলিউ—ভাভেও ঘোর বানাচার চুকেছে। ঐ অবৈদিক বামাচারের প্রভাবটা ধর্ব করতে হবে।

- निश्च। महानश्न, अ भरकांकांत्र अथन मस्तर कि 🤊
- বানীজী। তুই কি বলছিল, ভীক কাপুক্ষ ? অসম্ভব ব'লে ব'লে ভোৱা দেশটা নলালি। মাছবের চেটার কি না হয় ?
- শিক্ত। কিন্তু মহাশর, মহু বাজ্ঞবন্ধ্য প্রভৃতি ধ্বিগণ কেশে পুনরার না জন্মালে উহা সম্ভব্পর মনে হয় না।
- খামীনী। আরে, পবিত্রতা ও নিংখার্থ চেষ্টার জন্মই তো তাঁরা মহু-যাজ্ঞবদ্ধ্য হয়েছিলেন, না আর কিছু! চেষ্টা করলে আমরাই যে মহু-যাজ্ঞবদ্ধ্যের চেরে ঢের বড় হ'তে পারি! আমাদের মতই বা তথন চলবে না কেন?
- শিশু। মহাশয়, ইভ:পূর্বে আপনিই তো বলিলেন, প্রাচীন আচারাদি দেশে চালাইতে হইবে। তবে ময়াদিকে আমাদেরই মতো একজন বলিয়া উপেকা করিলে চলিবে কেন ?
- খামীজী। কি কথায় কি কথা নিম্নে এলি! তুই আমার কথাই ব্যভে পারছিদ না। আমি কেবল বলেছি বে প্রাচীন বৈদিক আচারগুলি সমাজ- ও সময়োপধাসী ক'রে ন্তন ছাঁচে গড়ে ন্তনভাবে দেশে চালাভে হবে। নম্ন কি ?
- निया। जाका दै।।
- খানীজী। তবে ও কি বলছিলি? ভোৱা শাস্ত্র পড়েছিস, আমার আশা-ভরদা ভোরাই। আমার কথাগুলি ঠিক ঠিক বুঝে সেইভাবে কাজে লেগে বা।
- শিশু। কিন্তু মহাশয়, আমাদের কথা শুনিবে কে? দেশের লোক উহা লইবে কেন?
- ষামীজী। তুই বদি ঠিক ঠিক বোঝাতে পারিস এবং বা বদৰি তা হাতে-নাভে ক'রে দেখাতে পারিস ভো অবশু নেবে। আর ভোতাপাধীর রভো বদি কেবল শ্লোকই আওড়াস, বাক্যবাগীশ হয়ে কাপুরুষের মডো কেবল অপরের দোহাই দিস ও কাজে কিছুই না দেখাস, তা হ'লে ভোর কথা কে শুনবে বল ?
- শিক্ত। সহাশর, সমাজ-সংক্ষার সহকে এখন সংক্ষেপে ছুই-একটি উপদেশ

- বামীলী। উপদেশ তো ভোকে ঢের দিল্ম; একটি উপদেশও অভতঃ কাজে
 পরিণত কর্। জগৎ দেখুক বে, ভোর শাল্প পড়া ও আমার কথা শোনা
 সার্থক হয়েছে। এই বে মন্বাদি শাল্প পড়ালি, আরও কড কি পড়ালি,
 বেশ ক'রে ভেবে দেখু—এর মূল ভিন্তি বা উদ্দেশ্ত কি। সেই ভিন্তিটা
 বজার রেখে সার সার ভত্তভালি ও প্রাচীন ঋষিদের মত সংগ্রহ কর্ এবং
 সময়োপবাদী মতদকল ভাতে নিবদ্ধ কর্; কেবল এইটুকু লক্ষ্য রাখিল,
 বেন সমগ্র ভারতবর্ষের সকল জাতের, সকল সম্প্রদারেরই ঐসকল নিরমপালনে বথার্থ কল্যাণ হয়। লে দেখি ঐরপ একথানা স্বভি; আমি
 দেখে সংশোধন ক'রে দেবো'খন।
- শিশ্ব। মহাশয়, ব্যাপারটি সহজ্পাধ্য নহে; কিন্তু ঐক্লপে শ্বতি নিখিলেও উহা চলিবে কি ?
- ষামীনী। কেন চলবে না । তুই লেখ্ না। 'কালো হয়ং নিরবধিবিপুলা চ পৃথী'—খদি ঠিক ঠিক লিখিন ভো একদিন না একদিন চলবেই। আপনাতে বিশান রাখ্। ভোরাই ভো পূর্বে বৈদিক ঋবি ছিলি। ভগু শরীর বদলিরে এনেছিন বইভো নয় ? আমি দিব্যচকে দেখছি, ভোদের ভেতর অনম্ভ শক্তি রয়েছে ! সেই শক্তি জাগা; ওঠ, ওঠ, লেগে পড়, কোমর বাধ্। কি হবে ছ-দিনের ধন-মান নিয়ে ? আমার ভাব কি জানিন ? আমি মৃক্তি-ছক্তি চাই না। আমার কাজ হচ্ছে—ভোদের ভেতর এই ভাবগুলি জাগিয়ে দেওয়া; একটা মাহ্যব ভৈরি করতে লক্ষ বদি নিতে হয়, আমি ভাতেও প্রস্তুত।
- শিষ্য। কিছ মহাশয়, এরপ কার্বে লাগিয়াই বা কি হইবে? মুত্যু তো পশ্চাতে।
- খামীজী। দূর ছোঁড়া, মরতে হয় একবারই মরবি। কাপুরুষের মতো অহরহ: মৃত্যু-চিন্তা ক'রে বারে বারে মরবি কেন ?
- শিয়। আছা মহাশন্ন, মৃত্যু-চিন্তা না হন্ন নাই করিলাম, কিন্তু এই অনিত্য সংসাবে কর্ম করিয়াই বা ফল কি ?
- ৰামীজী। ওরে, মৃত্যু যথন অনিবার্ণ, তথন ইট-পাটকেলের মডো মরার চেরে বীরের মডো মরা ভাল। এ অনিভ্য সংসারে ছ্-দিন বেনী বেঁচেই বা লাভ কি ? It is better to wear out than rust out—অরাজীর্ণ

হরে একটু একটু ক'রে করে করে মরার চেয়ে বীরের মতো অপরের এডটুকু কল্যাণের অন্তও লড়াই ক'রে মরাটা ভাল নয় কি ?

লিয়। আজে ইয়া। আপনাকে আজ অনেক বিরক্ত করিলাম।
বামীজী। ঠিক ঠিক জিজাহ্মর কাছে ত্-রাজি বকলেও আমার প্রান্তি বোধ হয় না, আমি আহারনিজা ত্যাগ ক'রে অনবরত বকতে পারি। ইছ্যা করলে তো আমি হিমালয়ের গুহার সমাধিত্ব হয়ে বলে থাকতে পারি। আর আজকাল দেখছিল তো মায়ের ইচ্ছার কোথাও আমার খাবার ভাবনা নেই, কোন-না-কোন রকম জোটেই জোটে। তবে কেন এরপ করি না ? কেনই বা এদেশে রয়েছি ? কেবল দেশের দশা দেখে ও পরিণাম ভেবে আর ছির থাকতে পারিনে। সমাধি-ক্ষাধি তুচ্ছ বোধ হয়, 'তুচ্ছং বন্ধপদং' হয়ে যায়। ভোদের মলল-কামনা হচ্ছে আমার জীবনব্রত । বে দিন এ ব্রত শেষ হবে, লে দিন দেহ ফেলে টোচা দৌড় মারব।

শিশু মন্ত্রমুথ্যের মতো স্থামীন্ত্রীর ঐ-সকল কথা শুনিরা শুন্তিত হৃদরে নীরবে তাঁহার মূখের দিকে চাহিরা কভক্ষণ বদিয়া রহিল। পরে বিদায়গ্রহণের আশার তাঁহাকে ভক্তিভরে প্রণাম করিয়া বলিল, 'মহাশন্ত, আজ তবে আলি।' স্থামীজী। আসবি কেন রে? মঠে থেকেই যা না। সংসারীদের ভেতর গেলে মন আবার মলিন হয়ে বাবে। এখানে দেখ—কেমন হাওয়া, গন্ধার তীর, সাধুরা সাধনভন্ধন করছে, কভ ভাল কথা হচ্ছে। আর কলকাভার গিয়েই ছাইভন্ম ভাববি।

শিশু সহর্বে বলিল, 'আচ্ছা মহাশয়, তবে আজ এথানেই থাকিব।' স্থামীজী। 'আজ' কেন রে? একেবারে থেকে যেতে পারিস না? কি হবে ফের সংসারে গিয়ে?

শিশু স্বামীশীর ঐ কথা শুনিরা মন্তক অবনত করিয়া বহিল; মনে
যুগপৎ নানা চিম্বার উদয় হওরার কোনই উত্তর দিতে পারিল না।

স্থাৰ—বেল্ড মঠ কাল—(ঐ নির্মাণকালে) ১৮৯৮

যামীলীর শরীর সম্প্রতি অনেকটা হাছ; মঠের নৃতন জমিতে বে প্রাচীন বাড়িটি ছিল, তাহার ঘরগুলি বেরামত করিয়া বানোপথালী করা হইতেছে, কিন্তু এখনও সম্পূর্গ হয় নাই। সমগ্র জমিটি মাটি ফেলিয়া ইড:পূর্বেই লমতল করা হইরা গিয়াছে। আমীলী আজ অপরাহে শিক্তকে সঙ্গে করিয়া মঠের জমিতে ঘূরিয়া বেড়াইতেছেন। আমীলীর হত্তে একটি দীর্ঘ ষষ্টি, গায়ে গেলয়া রঙের ম্লানেলের আলখালা, মন্তক অনাবৃত। শিক্তার সঙ্গে গল্ল করিতে করিতে দক্ষিণমূখে ফটক পর্যন্ত গিয়া পুনরায় উত্তরাস্তে ফিরিতেছেন— এইরূপে বাড়ি হইতে ফটক ও ফটক হইতে বাড়ি পর্যন্ত বারংবার পদচারণা করিতেছেন। দক্ষিণ পার্যে বিশ্বতক্ষ্ণ বাধানো হইতেছে; ঐ বেলগাছের অদ্রে দাড়াইয়া আমীলী এইবার ধীরে ধীরে গান ধরিলেন:

গিরি, গণেশ আমার শুভকারী।
বিষর্কমূলে পাতিরে বোধন,
গণেশের কল্যাণে গোরীর আগমন,
ঘরে আনবো চণ্ডী, শুনবো কত চণ্ডী,
আগবে কড দণ্ডী যোগী কটাধারী!

—গান গাছিতে গাছিতে শিয়কে বলিলেন: হেখা 'আসবে কত দুখী বোগী আটাধারী'! বুঝলি? কালে এখানে কত সাধু-সন্মানীর সমাগম হবে!
—বলিতে বলিতে বিষতকমূলে উপবেশন করিলেন এবং বলিলেন, 'বিষতকমূল বড়ই পবিজ্ঞ স্থান। এখানে ব'লে ধ্যানধারণা করলে শীত্র উদীপনা হয়।
ঠাঁকুর এ-কথা বলতেন।'

শিশ্ব। মহাশন্ন, বাহারা আত্মানাত্মবিচারে রত, ভাহাদের স্থানাস্থান, কালা-কাল, গুদ্ধি-অগুদ্ধি-বিচারের আবশুকভা আছে কি ?

খামীজী। থাদের আত্মজানে 'নিঠা' হয়েছে, তাঁদের ঐসৰ বিচার করবার প্রয়োজন নেই বটে, কিন্তু ঐ নিঠা কি জমনি হলেই হ'ল ? কড গাধ্যসাধনা করতে হয়, তবে হয়। তাই প্রথম প্রথম এক-আর্থটা বাহ্ন, অবলম্বন নিয়ে নিজের পারের ওপর দাঁড়াবার চেটা করতে হয়। পরে বখন আজ্ঞাননিষ্ঠা লাভ হয়, তখন কোন অবলম্বনের আর দরকার থাকে না।

শান্তে বে নানা প্রকার সাধনমার্গ নির্দিষ্ট হরেছে, সে-সব কেবল ঐ আত্মলান-লাভের অন্ত । তবে অধিকারিভেদে সাধনা ভিন্ন ভিন্ন । কিছ ঐ-সব সাধনাদিও এক প্রকার কর্ম; এবং যতক্ষণ কর্ম, ততক্ষণ আত্মার দেখা নেই । আত্ম-প্রকাশের অন্তরায়গুলি শান্ত্রোক্ত সাধনরূপ কর্ম দারা প্রতিরুদ্ধ হয়, কর্মের নিজের সাক্ষাৎ আত্ম-প্রকাশের শক্তি নেই; কতকগুলি আবরণকে দ্র ক'রে দের মাত্র । তারপর আত্মা আপন প্রভার আপনি উদ্ভাসিত হয় । ব্রুলি ? এইজক্ত ভোর ভাল্যকার বলছেন, 'ব্রক্ষজানে কর্মের লেশমাত্র সম্বন্ধ নেই ।'

- শিশু। কিন্তু মহাশয়, কোন না কোনরপ কর্ম না করিলে যথন আত্ম-প্রকাশের অন্তরায়গুলির নিরাস হয় না, তথন পরোক্ষভাবে কর্মই তো জ্ঞানের কারণ হইয়া দাঁড়াইতেছে।
- খামীজী। কার্বকারণ-পরম্পরা-দৃষ্টিতে আপাততঃ এরপ প্রতীয়মান হয় বটে। মীমাংসা-শাল্রে এরপ দৃষ্টি অবলঘন করেই 'কাম্য কর্ম নিশ্চিত ফল প্রদেব করে'—এ-কথা বলা হয়েছে। নির্বিশেষ আত্মার দর্শন কিছ কর্মের ঘারা হ্বার নয়। কারণ আত্মজানপিপাত্মর পক্ষে বিধান এই ধে, সাধনাদি কর্ম করবে, অথচ তার ফলাফলে উদাসীন থাকবে। তবেই হ'ল—এ-সব সাধনাদি কর্ম সাধকের চিত্তভদ্ধির কারণ ভিন্ন আর কিছুই নয়; কারণ এ সাধনাদির ফলেই যদি আত্মাকে সাক্ষাৎ প্রত্যক্ষ করা যেত, তবে আর শাল্রে সাধককে ঐ-সব কর্মের ফল ত্যাগ করতে ব'লত না। অতএব মীমাংসাশাল্রোক্ত ফলপ্রত্ম কর্মবাদের নিরাকরণকল্লেই গীতোক্ত নিদাম কর্মধোগের অবতারণা করা হয়েছে। বুঝলি ?
- শিক্ত। কিন্তু মহাশয়, কর্মের ফলাফলেরই যদি প্রত্যাশা না রাথিলাম, তবে কটকর কর্ম করিতে প্রবৃত্তি হইবে কেন ?
- সামীজী। শরীরধারণ ক'রে সর্বক্ষণ একটা কিছু না ক'রে থাকতে পারা যার না। জীবকে যথন কর্ম করতেই হচ্ছে, তথন যেভাবে কর্ম করলে

2-77

আত্মার দর্শন শেরে মৃক্তিলাভ হর, দেভাবে কর্ম করন্তেই নিকার কর্মবোগে বলা হরেছে। আর ভূই বে বললি 'প্রবৃদ্ধি হবে কেন?', ভার
উত্তর হচ্ছে এই বে, যত কিছু কর্ম করা বার তা সবই প্রবৃদ্ধিন্দক;
কিন্তু কর্ম ক'রে ক'রে যথন কর্ম থেকে কর্মান্তরে, জর্ম থেকে জন্মান্তরেই
কেবল গতি হ'তে থাকে, তথন লোকের বিচারপ্রবৃদ্ধি কালে আগনাআগনি জেগে উঠে জিজ্ঞানা করে—এই কর্মের অন্ত কোথার? তথনি
সে গীতাম্থে ভগবান বা বলেছেন, 'গহনা কর্মণো গতিঃ'—তার মর্ম
ব্যতে পারে। অতএব যথন কর্ম ক'রে ক'রে আর শান্তিলাভ হয় না,
তথনই সাধক কর্মত্যাগী হয়। কিন্তু দেহধারণ ক'রে কিছু একটা নিয়ে
তো থাকতে হবে—কি নিয়ে থাকবে বল্? তাই ছ-চারটে সংকর্ম
ক'রে বায়, কিন্তু ঐ কর্মের ফলাক্লের প্রত্যাশা রাখে না। কারণ,
তথন তারা জেনেছে বে, ঐ কর্মফলেই জন্মমৃত্যুর বহুধা অন্তুর নিহিত
আছে। সেই জন্মই বন্ধজ্ঞেরা সর্বকর্মত্যাগী—লোক-দেখানো ছ-চারটে
কর্ম করলেও তাতে তাঁদের কিছুমাত্র আঁট নেই। এঁরাই শান্তে নিছাম
কর্মযোগী ব'লে কথিত হয়েছেন।

শিশু। তবে কি মহাশয়, নিকাম ব্রহ্মজ্ঞের উদ্দেশ্যহীন কর্ম উন্মজের চেটাদির স্থায় ?

শামীজী। তাকেন? নিজের জন্ত, আপন শরীর-মনের হুখের জন্ত কর্ম নাকরাই হচ্ছে কর্মফল ত্যাগ করা। ব্রহ্মজ্ঞ নিজ হুখাবেষণাই করেন না, কিন্তু অপরের কল্যাণ বা যথার্থ হুখলাভের জন্ত কেন কর্ম করবেন না? তারা ফলাসলরহিত হয়ে যা-কিছু কর্ম ক'রে যান, তাতে জগভের হিত হয়—সে-সব কর্ম 'বহুজনহিতার বহুজনহুখায়' হয়। ঠাকুর বলতেন, 'ভাদের, পা কখনও বেচালে পড়ে না।' তারা যা যা করেন, তাই অর্থন্ড হয়ে দাঁড়ায়। উত্তরচরিতে পড়িসনি—'য়বীণাং পুনরাভানাং বাচমর্থো-হয়্থাবিতি।'—য়বিদের বাক্যের অর্থ আছেই আছে, কখনও নির্থক বা মিথ্যা হয় না। মন যখন আত্মার লীন হয়ে বৃত্তিহীন-প্রার হয়, তখনই [ঠিক ঠিক] 'ইহামুত্রফলভোগবিরাগ' জন্মার অর্থাৎ সংসারে বা মৃত্যুর পর স্বর্গাদিতে কোন প্রকার হুখভোগ করবার বাসনা থাকে না—মনে আর সংকল্প-বিকল্পের ভরক থাকে না। কিন্তু ব্যুখানকালে অর্থাৎ সমাধি

বা ঐ বৃদ্ধিহীন অবস্থা থেকে নেমে মন বধন আবার 'আমি-আমার' রাজ্যে আনে, তথন পূর্বকৃত কর্ম বা অভ্যাস বা প্রায়ন্তনিত সংখারবণে দেহাদির কর্ম চলতে থাকে। মন তথন প্রায়ই superconscious (অভিচেডন) অবস্থার থাকে; না থেলে নয়, তাই থাওয়া-দাওয়া থাকে—হেহাদি-বৃদ্ধি এত অয় বা কীণ হয়ে বায়। এই অভিচেডন ভূমিতে পৌছে বা বা করা বায়, তাই ঠিক ঠিক কয়তে পায়া বায়; সে-সব কাজে জীবের ও জগতের যথার্থ হিত হয়, কায়ণ তথন কর্ডার মন আর অর্থপরতায় বা নিজের লাভ-লোকসান থতিয়ে দ্বিত হয় না। ঈশর superconscious state-এ (জানাতীত ভূমিতে) সর্বদা অবস্থান করেই এই জগত্রপ বিচিত্র ফৃষ্টি করেছেন; এ ফ্টিডে সেইজয়্য কোন কিছু imperfect (অসম্পূর্ণ) দেখা বায় না। এইজয়্যই বলছিল্ম, আত্মজ্যের ফলাস্করহিত কর্মাদি অক্ষ্টীন বা অসম্পূর্ণ হয় না—তাতে জীবের ও জগতের ঠিক ঠিক কল্যাণ হয়।

- শিয়। আপনি ইত:পূর্বে বলিলেন, জ্ঞান ও কর্ম পরস্পরবিরোধী। ব্রহ্মজ্ঞানে কর্মের তিলমাত্র স্থান নাই, অথবা কর্মের বারা ব্রহ্মজ্ঞান বা আত্মদর্শন হয় না, তবে আপনি মহা রজোগুণের উদ্দীপক উপদেশ—মধ্যে মধ্যে দেন কেন? এই সেদিন আমাকেই বলিতেছিলেন, কর্ম কর্ম—নাক্তঃ পদ্বা বিশ্বতেহয়নায়।
- যামীজী। আমি ছনিয়া খ্রে দেখল্ম, এদেশের মতো এত অধিক তামদপ্রকৃতির লোক পৃথিবীর আর কোথাও নেই। বাইরে সাহিকতার ভান,
 ভেতরে একেবারে ইট-পাটকেলের মতো জড়ছ—এদের হারা জগতের
 কি কাল হবে? এমন অকর্মা, অলস, শিলোদরপরায়ণ জাত ছনিয়ায়
 কতদিন আর বেঁচে থাকতে পারবে? ওদেশ (পাশ্চত্যি) বেড়িয়ে আসে
 দেখে আয়, পরে আমার ঐ কথার প্রতিবাদ করিস। তাদের জীবনে
 কত উত্তর, কত কর্মতৎপরতা, কত উৎসাহ, কত রজোগুণের বিকাশ!
 তোদের দেশের লোকগুলোর রক্ত বেন হদয়ে কয় হয়ে রয়েছে, ধমনীতে
 বেন আর রক্ত ছুটছে পারছে না, স্বাক্ত paralysis (পক্ষাযাত) হয়ে
 বেন এলিয়ে পড়েছে! আমি তাই এদের ভেতর রজোগুণ বাড়িয়ে
 কর্মতৎপরতা হারা এদেশের লোকগুলোকে আগে এহিক জীবনসংগ্রামে

সমর্থ করতে চাই। শরীরে বল নেই, হাদয়ে উৎসাহ নেই, মন্তিং প্রতিভা নেই! কি হবে বে, কড়শিওওলো ঘারা? আমি নেড়ে চেড়ে এদের ভেতর সাড় আনতে চাই-একন্ত আমার প্রাণাম্ভ পণ। ৰেদান্তের অমোঘ মন্ত্ৰৰে এদের জাগাব। 'উত্তিষ্ঠত জাগ্ৰত'—এই অভয়বাণী শোনাতেই আমার জন্ম। তোরা ঐ কাজে আমার সহায় হ। বা গাঁরে-গাঁরে দেশে-দেশে এই অভয়বাণী আচঙালব্রাহ্মণকে শোনাগে। সকলকে ধ'রে ধ'রে বল্গে হা—ভোমরা অমিভবীর্হ, অমৃতের অধিকারী। এইভাবে আগে রক্তঃশক্তির উদীপনা কর্— জীবনসংগ্রামে সকলকে উপযুক্ত কর্, ভারপর মুক্তিলাভের কথা তাদের বল্। আগে ভেতরের শক্তি জাগ্রত ক'রে দেশের লোককে নিব্দের পায়ের ওপর দাঁড় করা, উত্তম অশন-বসন, উত্তম ভোগ আগে করতে শিথুক, ভার পর সর্বপ্রকার ভোগের বন্ধন থেকে কি ক'বে মৃক্ত হ'তে পারবে, তা বলে দে। আলভা, হীনবৃদ্ধিতা, কণটভায় দেশ ছেয়ে ফেলেছে! বৃদ্ধিমান লোক এ দেখে কি হিব হয়ে থাকতে পারে? কালা পার না? মান্রাজ, বছে, পাঞ্চাব, বাঙলা—বেদিকে চাই, কোথাও বে জীবনীশক্তির চিহ্ন দেখি না। ভোরা ভাবছিদ-স্থামরা শিক্ষিত। কি ছাই মাথামুগু শিখেছিদ ? কতকগুলি পরের কথা ভাষাস্তরে মৃথস্থ ক'রে মাথার ভেডরে পুরে পাস ক'রে ভাৰছিস, আমরা শিক্ষিত! ছ্যাং! ছ্যাং! এর নাম আবার শিক্ষা !! ভোদের শিক্ষার উদ্দেশ্য কি ? হয় কেরানিগিরি, না হয় একটা ছুট উকিল হওয়া, না হয় বড়জোর কেরানিগিরিরই রপাম্বর একটা ভেপুটিগিরি চাকরি-এই তো! এতে তোদেরই বা कि ए'न, बांत मिलांदरे वा कि ए'न? अकवान छाथ भूम मध्य স্বৰ্প্ৰস্ ভারতভূমিতে অন্নের জন্ম কি হাহাকারটা উঠেছে! ভোদের ঐ শিক্ষায় সে অভাব পূর্ণ হবে কি ?—কখনও নয়। পাশ্চাত্য-বিজ্ঞানসহায়ে মাটি খুঁড়তে লেগে যা, অন্নের সংস্থান কর্—চাকরি ঋথুরি ক'রে নয়; নিজের চেষ্টায় পাশ্চাভ্যবিজ্ঞানসহায়ে নিভ্য নৃতন পছা আবিষার ক'রে। ঐ অরবজ্বের সংখান করবার জন্তই আমি 'লোকগুলোকে বজোগুণ-তৎপর হ'তে উপদেশ দিই। অরবদ্রাভাবে

চিন্ধার চিন্ধার দেশ উৎসর হরে গেছে—ভার ভারা কি করছিন?
কেলে দে ভারে শাস্ত্রফাস্ত্র গলাজনে। দেশের লোকগুলোকে আগে
অরসংস্থান করবার উপার শিথিরে দে, ভারপর ভাগবত পড়ে শোনাস।
কর্মতৎপরতা ছারা ঐহিক অভাব দ্র না হ'লে ধর্ম-কথার কেউ
কান দেবে না। ভাই বলি আগে আপনার ভেতর অন্তর্নিহিত
আত্মশক্তিকে জাগ্রত কর্, ভারপর দেশের ইতরসাধারণ সকলের
ভেতর ষতটা পারিস ঐ শক্তিতে বিশাস জাগ্রত ক'রে প্রথম অরসংস্থান, পরে ধর্মলাভ করতে ভাদের শেথা। আর বসে থাকবার
সময় নেই। কথন কার মৃত্যু হবে, তা কে বলতে পারে?

কথাগুলি বলিতে বলিতে ক্ষোভ তৃঃথ ও কক্ষণার সহিত অপূর্ব এক তেজের মিলনে স্বামীজীর বদন উদ্ভাসিত হইরা উঠিল। চক্ষে বেন অগ্নিজ্লিক বাহির হইতে লাগিল। তাঁহার তথনকার সেই দিব্যম্তি অবলোকন করিয়া ভয়ে ও বিশ্বয়ে শিক্ষের আর কথা সরিল না! কভক্ষণ পরে স্বামীজী পুনরায় বলিলেন:

ক্রমণ কর্মতৎপরতা ও আত্মনির্ভরতা কালে দেশে আসবেই আসবে— বেশ দেখতে পাচ্ছি; There is no escape (গতাস্তর নেই); তাকুরের জন্মাবার সমন্ন হতেই পূর্বাকাশে অন্ধণোদন্ন হয়েছে; কালে তার উদ্ভিন্ন ছটার দেশ মধ্যাহ্ন-সূর্যকরে আলোকিত হবে।

স্থান—বেলুড় ষঠ কাল—(ঐ নিৰ্মাণকালে) ১৮৯৮

মঠ-বাটা নির্মাণ হইয়াছে, দামাক্ত একটু-আধটু বাহা বাকি আছে, বামীজীর অভিমতে বামী বিজ্ঞানানন্দ তাহা শেব করিতেছেন। স্বামীজীর শরীর তত ভাল নর, তাই ডাজ্ঞারগণ তাঁহাকে নৌকায় করিয়া গলাবক্ষে সকাল-সন্ধ্যা বেড়াইতে বলিয়াছেন। নড়ালের রায়বাব্দের বজরাখানি কিছুদিনের জন্ম মঠের সামনে বাঁধা রহিয়াছে। স্বামীজী ইচ্ছামত কখন কখন ঐ বজরার করিয়া গলাবক্ষে ভ্রমণ করিয়া থাকেন।

আৰু রবিবার। শিশু মঠে আগিরাছে এবং আহারাত্তে স্থামীনীর বরে বিসিরা স্থামীনীর সহিত কথোপকথন করিতেছে। মঠে এই সময় স্থামীনী সন্যাসী ও বালব্রন্ধচারিগণের জন্ম কতকগুলি নিয়ম বিধিবন্ধ করেন, গৃহস্থদের সঙ্গ হুতে দ্রে থাকাই ঐগুলির মুখ্য উদ্দেশ্য ছিল; বথা—পৃথক আহারের স্থান, পৃথক বিশ্রামের স্থান ইত্যাদি। ঐ বিষয় লইরাই এখন কথাবার্তা হুইতে লাগিল।

শামীলী। গেরন্তদের গারে-কাপড়ে আজকাল কেমন একটা সংব্যহীনতার গদ্ধ পাই; তাই মঠে নিয়ম করেছি, গেরন্তরা সাধুদের বিছানায় না বসে, না শোয়। আগে শাত্রে পড়তুম বে, এরপ পাওয়া যায় এবং দেলফ্র সন্মাসীরা গৃহস্থদের গদ্ধ সইতে পারে না। এখন দেখছি—ঠিক কথা। নিয়মগুলি প্রতিপালন ক'রে চললে বালত্রন্ধচারীদের কালে ঠিক ঠিক সন্মাস হবে। সন্মাস-নিষ্ঠা দৃঢ় হ'লে পর গৃহস্থদের সহিত সমভাবে মিলে-মিলে থাকলেও আর ক্ষতি হবে না। কিছু এখন নিয়মের গণ্ডির ভেতর না রাখলে সন্মাসী-ত্রন্ধচারীরা সব বিগড়ে যাবে। যথার্থ ত্রন্ধচারী হ'তে হ'লে প্রথম প্রথম সংব্য সম্পদ্ধ কঠোর নিয়ম পালন ক'রে চলতে হয়, স্ত্রীলোকের নাম-গদ্ধ থেকে ভো দ্বে থাকতেই হয়, তা ছাড়া স্ত্রীসন্ধীদের সক্ষও ভ্যাগ করতেই হয়।

গুহুত্বাশ্রমী শিশু স্বামীজীর কথা শুনিয়া শুন্ধিত হইয়া রহিল এবং মঠের সন্মাসী-ব্রহ্মচারীদিগের সহিত পূর্বের মতো সম্ভাবে মিশিতে পারিবে না ভাবিরা বিমর্ব ছইরা কহিল, 'কিন্ত সহাশর, এই মঠ ও মঠন্থ বাবতীর লোককে
আমার বাড়ি-ঘর জী-পুত্রের অপেকা অধিক আপনার বলিরা মনে হর।
ইহারা সকলে বেন কভকালের চেনা! মঠে আমি বেমন সর্বভোষ্ধী
ঘাধীনভা উপভোগ করি, জগভের কোধাও আর ভেমন করি না!'

বামীনী। বত ওছদত্ব লোক আছে, স্বারই এথানে এক্লণ অহজুতি হবে।
বার হর না, সে জানবি এথানকার লোক নর। কত লোক হজুগে
মেতে এদে আবার বে পালিরে বার, উহাই তার কারণ। এক্লচ্ববিহীন,
দিনরাত অর্থ অর্থ ক'রে ঘুরে বেড়াচ্ছে, এমন স্ব লোকে এথানকার
ভাব কথনও ব্যতে পারবে না, কথনও মঠের লোককে আপনার ব'লে
মনে করবে না। এখানকার সন্ন্যাদীরা সেকেলে ছাই-মাধা, মাধায়-জটা,
চিম্টে-হাতে, ঔবধ-দেওরা সন্ন্যাদীদের মতো নয়; তাই লোকে দেখে
ভানে কিছুই ব্যতে পারে না। আমাদের ঠাকুরের চালচলন ভাব—
স্কলই ন্তন ধরনের ছিল, তাই আমরাও স্ব ন্তন রক্ষের; কথন
সেক্লে-গুলে বক্তৃতা দিই, আবার কথন 'হর হয় ব্যোম্ ব্যোম্' ব'লে
ছাই মেথে পাহাড়-জললে ঘোর তপভার মন দিই!

শুধু সেকেলে পাঁজি-পুঁথির দোহাই দিলে এখন আর কি চলে রে?
এই পাশ্চাত্য সভ্যতার উবেল প্রবাহ তর্তর্ ক'রে এখন দেশ জুড়ে বরে
বাছে। তার উপযোগিতা একটুও প্রত্যক্ষ না ক'রে কেবল পাহাড়ে
বসে ধ্যানত্থ থাকলে এখন আর কি চলে? এখন চাই সীতার ভগবান
বা বলেছেন—প্রবল কর্মবোগ, হদরে অসীম সাহস, অমিত বল পোষণ
করা। তবে তো দেশের লোকগুলো সব জেগে উঠবে, নতুবা তুমি বে
তিমিরে, তারাও সেই তিমিরে।

বেলা প্রায় অবসান। সামীজী গদাবকে ভ্রমণোপবোগী সাজ করিয়া নীচে নামিলেন এবং মঠের জমিতে বাইয়া পূর্বদিকে এখন বেখানে পোন্তা গাঁথা হইয়াছে, সেখানে পদচারণা করিয়া কিছুক্ষণ বেড়াইতে লাগিলেন। পরে বজরাখানি ঘাটে আনা হইলে স্বামী নির্ভয়ানন্দ, স্বামী নিত্যানন্দ ও শিশুকে সঙ্গে লইয়া নৌকায় উঠিলেন।

নৌকার উঠিরা খামীজী ছাতে বদিলে শিক্ত তাঁহার পাদমূলে উপবেশন করিল। গলার কৃত্র কৃত্র ভরকগুলি নৌকার তলদেশে প্রতিহত হুইরা কলকল শন্দ করিতেছে, যুত্ত মলয়ানিল প্রবাহিত হইতেছে, আকাশের পশ্চিমদিক এখনও সন্ধ্যার রক্তিম রাগে রঞ্জিত হয় নাই, ভগবান মরীচিমালী অন্ত বাইতে এখনও অর্থবণ্টা বাকি। নোকা উত্তর দিকে চলিয়াছে। খামীজীর মূখে প্রকৃত্বতা, নয়নে কোমলতা, কথার উদাদীনতা! সে এক ভাবপূর্ণ রূপ—বুঝানো অসন্তব!

এইবার দক্ষিণেশর ছাড়াইরা নৌকা অন্তর্ক বায়্বশে আরও উত্তরে অগ্রসর হইতেছে। দক্ষিণেশর কালীবাড়ি দেখিরা শিক্ত ও অপর সন্ন্যাসিদ্বর প্রণাম করিল। স্থামীজী কিন্তু কি এক গভীর ভাবে আত্মহারা হইরা এলো-থেলো ভাবে বসিয়া রহিলেন! শিক্ত ও সন্ন্যাসীরা পরস্পরে দক্ষিণেশরের কন্ত কথা বলিতে লাগিল, সে-সকল কথা বেন তাঁহার কর্ণে প্রবিষ্টই হইল না। দেখিতে দেখিতে নোকা পেনেটির দিকে অগ্রসর হইল। পেনেটিতে ৺গোবিক্ষকুমার চৌধুরীর বাগানবাটার ঘাটে নৌকা কিছুক্ষণের জন্ত বাধা হইল। এই বাগানধানিই ইতঃপূর্বে একবার মঠের জন্ত ভাড়া করিবার প্রস্তাব হইরাছিল। স্থামীজী অবতরণ করিয়া বাগান ও বাটী বিশেষরূপে পর্যবেক্ষণ করিয়া বলিলেন, 'বাগানটি বেশ, কিন্তু কলকাতা থেকে অনেক দ্র; ঠাকুরের শিক্ত (ভক্ত)দের ষেতে আসতে কট হ'ত; এখানে মঠ বে হয়নি, তা ভালই হয়েছে।'

এইবার নৌকা আবার মঠের দিকে চলিল এবং প্রান্ন এক ঘণ্টাকাল নৈশ অন্ধকার ভেদ করিয়া চলিতে চলিতে মঠে আসিয়া উপস্থিত হইল।

স্থান--বেল্ড় মঠ কাল---১৮৯৯ খঃ প্রারম্ভ

শিশু অভ নাগ-মহাশয়কে সঙ্গে লইরা মঠে আসিয়াছে।
খানীজী। (নাগ-মহাশয়কে প্রণাম করিয়া) ভাল আছেন ভো ?
নাগ-মহাশয়। আপনাকে দর্শন করতে এলাম। জয় শহর! জয় শহর!
সাকাৎ শিব-দর্শন হ'ল।

কথাগুলি বলিয়া নাগ-মহাশয় করজোড়ে দগুায়মান রহিলেন। স্বামীজী। শরীর কেমন আছে ?

নাগ-মহাশয়। ছাই হাড়মাদের কথা কি জিজ্ঞাসা করছেন? আপনার দর্শনে আৰু ধন্ত হলাম, ধন্ত হলাম।

ঐরপ বলিয়া নাগ-মহাশয় স্বামীজীকে সাষ্টাব্দে প্রণিপাত করিলেন। স্বামীজী। (নাগ-মহাশয়কে তুলিয়া)ও কি করছেন?

- নাগ-ম:। আমি দিব্য চক্ষে দেখছি, আজ সাক্ষাৎ শিবের দর্শন পেলাম। জয় ঠাকুর রামকৃষ্ণ!
- স্বামীজী। (শিশুকে লক্ষ্য করিরা) দেখছিদ, ঠিক ভক্তিতে মাহ্য কেমন হয়!
 নাগ-মহাশয় তন্ময় হয়ে গেছেন, দেহবৃদ্ধি একেবারে গেছে! এমনটি
 স্থার দেখা বার না। (প্রেমানন্দ স্বামীকে লক্ষ্য করিরা) নাগমহাশয়ের জন্ম প্রাদা নিয়ে স্বায়।
- নাগ-ম:। প্রদাদ ! প্রামীজীর প্রতি করজোড়ে) আপনার দর্শনে আজ আমার ভবক্ধা দূর হয়ে গেছে।

মঠে বন্ধচারী- ও সন্নাসিগণ উপনিষদ পাঠ করিতেছিলেন। স্বামীন্ধী তাঁহাদিগকে লক্ষ্য করিয়া বলিলেন, 'আন্ধ ঠাকুরের একজন মহাভক্ত এসেছেন। নাগ মহাশন্তের শুভাগমনে আন্ধ তোদের পাঠ বন্ধ থাকলো।' সকলেই বই বন্ধ করিয়া নাগ-মহাশন্তের চারিদিকে ঘিরিয়া বসিল। স্বামীন্ধীও নাগ-মহাশত্তের সমূপে বসিলেন।

খামীজী। (সকলকে লক্ষ্য করিয়া) দেখছিস! নাগ-মহাশয়কে দেখ; ইনি গেরন্ড, কিন্তু জগৎ আছে কি নেই, এঁর সে জ্ঞান নেই; সর্বদা তম্মর হয়ে আছেন! (নাগ-মহাশয়কে লক্ষ্য করিয়া) এই সব একচারীদের ও আমাদের ঠাকুরের কিছু কথা শোনান।

নাগ-ম:। ও কি বলেন ! ও কি বলেন ! আমি কি ব'লব ? আমি আপনাকে দেখতে এসেছি ; ঠাকুরের লীলার সহায় মহাবীরকে দর্শন করতে এসেছি ;

ঠাকুরের কথা এখন লোকে বুৰবে। অম রামকৃষ্ণ! অম রামকৃষ্ণ!

খামীজী। আপনিই বথার্থ রামকৃষ্ণদেবকে চিনেছেন। আমরা ঘুরে ঘুরেই মরলুম।

নাগ-ম:। ছি! ও-কথা কি বলছেন! আপনি ঠাকুরের ছান্না—এপিঠ আর ওপিঠ; যার চোখ আছে, সে দেখুক।

चांभीको। এ-मर रा मर्ठ-कर्र शक्क, এ कि ठिक शक्क?

নাগ-ম:। আমি কৃত্র, আমি কি বৃঝি ? আপনি বা করেন, নিশ্চয় জানি তাতে জগতের মঙ্গ হবে—মঙ্গ হবে।

অনেকে নাগ-মহাশয়ের পদধ্লি লইতে ব্যস্ত হওয়ায় নাগ-মহাশয় উন্মাদের মতো হইলেন। স্বামীজী সকলকে বলিলেন, 'বাতে এঁর কট হয়, তা ক'রো না।' শুনিয়া সকলে নিরম্ভ হইলেন।

স্বামীকী। স্বাপনি এসে মঠে থাকুন না কেন? স্বাপনাকে দেখে মঠের ছেলেরা সব শিথবে।

নাগ-ম:। ঠাকুরকে ঐ কথা একবার জিজ্ঞাসা করেছিলাম। তিনি বললেন, 'গৃহেই থেকো।' তাই গৃহেই আছি; মধ্যে মধ্যে আপনাদের দেখে ধগু হয়ে বাই।

স্বামীন্দী। আমি একবার আপনার দেশে বাব।

নাগ-ম:। (আনন্দে উন্মন্ত হইয়।) এমন দিন কি হবে ? দেশ কাশী হয়ে যাবে, কাশী হয়ে যাবে। সে অদৃষ্ট আমার হবে কি ?

স্বামীকী। স্বামার তো ইচ্ছা স্বাছে। এখন মা নিয়ে গেলে হয়।

নাগ-ম:। আপনাকে কে ব্ঝবে—কে ব্ঝবে । দিব্য দৃষ্টি না খুললে চিনবার জো নেই। একমাত্র ঠাকুরই চিনেছিলেন; আর সকলে তাঁর কথার বিখাস করে মাত্র, কেউ বুরতে পারেনি।

শামীজী। শামার এখন একমাত্র ইচ্ছা, দেশটাকে লাগিরে তুলি—মহাবীর বেন নিজের শক্তিমতার অনাহাপর হয়ে ঘুমুচ্ছে—সাড়া নেই, শব্দ নেই। সনাভন বর্মভাবে একে কোনদ্ধপে জাগাতে পারলে ব্যব, ঠাকুরের ও আমাদের আসা সার্থক হ'ল। কেবল ঐ ইচ্ছাটা আছে—মৃক্তি-ফুক্তি তৃচ্ছ বোধ হয়েছে। আপনি আশীর্বাদ কক্ষন বেন কৃতকার্য হওয়া যায়। নাগ-মং। ঠাকুরের আশীর্বাদ। আপনার ইচ্ছার গতি ফেরায় এমন কাকেও দেখি না; যা ইচ্ছা করবেন, তাই হবে।

यांगीको। कर किहूरे दम ना---जांत रेव्हा जिन्न किहूरे दम ना।

নাগ-ম:। তাঁর ইচ্ছা আর আপনার ইচ্ছা এক হয়ে গেছে; আপনার যা ইচ্ছা, তা ঠাকুরেরই ইচ্ছা। জয় রামকৃষ্ণ! জয় রামকৃষ্ণ!

স্বামীজী। কান্ত করতে মজবুত শরীর চাই; এই দেখুন, এদেশে এসে অবধি শরীর ভাল নেই; ওদেশে বেশ ছিলুম।

নাগ-ম:। শরীর ধারণ করলেই—ঠাকুর বলডেন—'ঘরের টেক্স দিতে হয়।' রোপশোক সেই টেক্স। আপনি যে মোহরের বাক্স; ঐ বাক্সের খ্ব যত্ন চাই। কে করবে ? কে ব্ঝবে ? ঠাকুরই একমাত্র ব্বেছিলেন। জয় রামকৃষণ! জয় রামকৃষণ!

স্বামীজী। মঠের এরা স্বামায় যতে রাথে।

নাগ-ম:। যারা করছেন তাঁদেরই কল্যাণ, বুরুক আর নাই বুরুক। সেবার কমতি হ'লে দেহ রাখা ভার হবে।

খানীজী। নাগ-মহাশর! কি যে করছি, কি না করছি—কিছু ব্রতে পাচ্ছিনে। এক এক সময়ে এক এক দিকে মহা ঝোঁক আদে, সেই মতো কাল ক'রে যাচ্ছি, এতে ভাল হচ্ছে কি মন্দ হচ্ছে, কিছু ব্রতে পার্চিনা।

নাগ-ম:। ঠাকুর যে বলেছিলেন—'চাবি দেওয়া রইল।' তাই এখন ব্রতে দিচ্ছেন না। ব্যামাত্রই লীলা ফ্রিয়ে যাবে।

খামীজী একদৃষ্টে কি ভাবিতেছিলেন। এমন সময়ে খামী প্রেমানন্দ ঠাকুরের প্রসাদ লইরা আসিলেন এবং নাগ-মহাশয় ও অক্সান্ত সকলকে দিলেন। নাগ-মহাশয় অই হাতে করিয়া প্রসাদ মাথায় তুলিয়া 'অয় রাময়ফ' বলিয়া নৃত্য করিতে লাগিলেন। সকলে দেখিয়া অবাক। প্রসাদ পাইয়া সকলে বাগানে পায়চারি করিতে লাগিলেন। ইভোমধ্যে খামীজী একখানি কোদাল লইয়া আত্তে অত্তির পুকুরের পূর্বপারে মাটি কাটিতেছিলেন—নাগ-মহাশয় দর্শনখাত তাঁহার হত ধরিয়া বলিলেন, 'আষরা থাকতে আপনি ও কি করেন ৷' স্বামীজী কোদাল ছাড়িয়া যাঠে বেড়াইতে বেড়াইতে গর বলিতে লাগিলেন ৷

ঠাকুরের দেহ যাবার পর একদিন শুনল্ম, নাগ-মহাশয় চার-পাঁচ দিন
উপোদ ক'রে তাঁর কলকাতার খোলার ঘরে পড়ে আছেন; আমি, হরি
ভাই ও আর একজন মিলে তো নাগ-মহাশয়ের কুটারে গিয়ে হাজির;
দেখেই লেপম্ডি ছেড়ে উঠলেন। আমি বলল্ম—আপনার এখানে আজ
ভিক্ষা পেতে হবে। অমনি নাগ-মহাশয় বাজার থেকে চাল, হাঁড়ি, কাঠ
প্রভৃতি এনে রাঁথতে শুক্ষ করলেন। আমরা মনে করেছিল্ম—আমরাও
থাব, নাগ-মহাশয়েকও থাওয়াব। রায়াবায়া ক'রে তো আমাদের দেওয়া
হ'ল; আমরা নাগ-মহাশয়ের জন্ম সব রেখে দিয়ে আহারে বদল্ম। আহারের
পর, ওঁকে থেতে যাই অন্থরোধ করা আর তথনি ভাতের হাঁড়ি ভেঙে ফেলে
কপালে আঘাত ক'রে বলতে লাগলেন—'যে দেহে ভগবান-লাভ হ'ল
না, দে দেহকে আবার আহার দিব ?' আমরা ভো দেথেই অবাক! অনেক
ক'রে পরে কিছু থাইয়ে তবে আমরা ফিরে এল্ম।
আমীজী। নাগ-মহাশয় আজ মঠে থাকবেন কি ?
পিন্ত। না। ওঁর কি কাজ আছে, আজাই যেতে হবে।
আমীজী। তবে নৌকা দেখ। সন্ধ্যা হয়ে এল।

নৌকা আদিলে শিশ্ব ও নাগ-মহাশন্ন স্বামীজীকে প্রণাম করিয়া কলিকাতা অভিমূপে রওনা হইলেন।

স্থান--বেল্ড়, ভাড়াটিয়া মঠ-বাটা কাল--(৩য় সপ্তাহ) জামুআরি, ১৮৯৯

আলমবাজার হইতে বেলুড়ে নীলাম্ববাব্র বাগানে যথন মঠ উঠিয়া আলে, তাহার অল্লদিন পরে স্বামীজী তাঁহার গুরুলাতগণের নিকট প্রস্তাব করেন যে, ঠাকুরের ভাব জনসাধাণের মধ্যে প্রচারকল্পে বাঙলা ভাষার একখানি সংবাদপত্রের প্রতাব করেন। কিন্তু উহা বিস্তর ব্যয়সাপেক্ষ হওয়ায় পাক্ষিক পত্র বাহির করিবার প্রস্তাবই সকলের অভিমত হইল এবং স্বামী ত্রিগুণাতীতের উপর উহার পরিচালনের ভার অপিত হইল। স্বামী ত্রিগুণাতীত এইরূপে কার্যভার গ্রহণ করিয়া ১৩০৫ সালের ১লা মাঘ ঐ পত্র প্রথম প্রকাশ করিলেন। স্বামীজী ঐ পত্রের 'উল্লোধন' নাম মনোনীত করেন।

পত্রের প্রস্তাবনা স্বামীজী নিজে লিখিয়া দেন এবং কথা হয় যে, ঠাকুরের সন্ন্যাসী ও গৃহী ভক্তগণ এই পত্রে প্রবন্ধাদি লিখিবেন। সভ্যরূপে পরিণত 'রামকৃষ্ণ মিশনের' সভ্যগণকে স্বামীজী এই পত্রে প্রবন্ধাদি লিখিতে এবং ঠাকুরের ধর্মসম্বন্ধীয় মত পত্রসহায়ে জনসাধায়ণের মধ্যে প্রচার করিতে অহুরোধ করিয়াছিলেন। পত্রের প্রথম সংখ্যা প্রকাশিত হইলে শিশ্ব একদিন মঠে উপস্থিত হইল। শিশ্ব প্রশাম করিয়া উপবেশন করিলে স্বামীজী ভাহার সহিত 'উদ্বোধন' পত্র সম্বন্ধে এইরূপ কথাবার্তা আরম্ভ করিলেন:

স্বামীজী। (পত্রের নামটি বিক্লভ করিয়া পরিহাসচ্চলে) 'উদ্বন্ধন' দেখেছিস ? শিশু। আজে হাা; স্থানর হয়েছে।

খামীজী। এই পত্তের ভাব ভাষা—সব নৃতন ছাচে গড়তে হবৈ। শিষ্য। কিরুণ ?

খামীজী। ঠাকুরের ভাব তো সবাইকে দিতে হবেই; অধিকত বাঙলা ভাষার নৃতন ওজবিতা আনতে হবে। এই বেমন—কেবল ঘন ঘন verb use (ক্রিয়াপদের ব্যবহার) করলে, ভাষার দম কমে যায়। বিশেষণ দিয়ে verb (ক্রিয়াপদ)-এর ব্যবহারগুলি কমিয়ে দিতে হবে। তুই এরপ প্রবদ্ধ লিখতে আরম্ভ কর্। আমার আগে দেখিয়ে তবে উবোধনে ছাপতে দিবি।

- শিষ্য। মহাশয়, স্বামী ত্রিগুণাভীত এই পত্রের জন্ম বেরূপ পরিপ্রম করিতেছেন, তাহা অঞ্জের পক্ষে অসম্ভব।
- খামীজী। তুই বৃঝি মনে করছিস, ঠাকুরের এইসব সয়াসী সম্ভানেরা কেবল গাছতলার ধূনি জালিরে বসে থাকতে জরেছে ? এদের বে বথন কার্য-ক্ষেত্রে অবজীর্ণ হবে, তথন তার উন্নম দেখে লোকে অবাক হবে। এদের কাছে কাজ কি ক'রে করতে হয়, তা শেখ্। এই দেখ্, আমার আদেশ পালন করতে জিগুণাতীত সাধনভজন ধ্যানধারণা পর্বন্ধ ছেড়ে দিয়ে কাজে নেবেছে। এ কি কম sacrifice (স্বার্থত্যাগ)-এর কথা! আমার প্রতি কভটা ভালবাসা থেকে এ কর্মপ্রবৃদ্ধি এসেছে বল্ দেখি! Success (কাজ হাসিল) ক'রে তবে ছাড়বে!! ভোদের কি এমন রোক্ আছে?
- শিশু। কিন্তু মহাশন্ন, গেরুয়াপরা সন্ধাসীর গৃহীদের থারে থারে ঐরপে বোরা আমাদের চক্ষে কেমন কেমন ঠেকে।
- শ্বামীন্দ্রী। কেন ? পত্রের প্রচার তোগৃহীদেরই কল্যাণের জন্ত । দেশে নবভাবপ্রচারের হারা জনসাধারণের কল্যাণ সাধিত হবে। এই ফলাকাজ্র্যারহিত
 কর্ম বুঝি তুই সাধন-ভজনের চেয়ে কম মনে করছিল ? আমাদের
 উদ্দেশ্ত জীবের হিতসাধন। এই পত্রের আয় হারা টাকা জ্ব্যাবার
 মতলব আমাদের নেই। আমরা সর্বত্যাপী সন্ন্যাসী, মাগছেলে নেই বে,
 তাদের জন্ত কিছু রেখে হেতে হবে। Success (কাজ হানিল) হয়
 তো এর income (আয়টা) সমন্তই জীবনসেবাকয়ে ব্যয়িত হবে।
 স্থানে হানে সত্য-গঠন, সেবাশ্রম-স্থাপন, আরও কত কি হিতকর কাজে
 এর উভ্ত অর্থের সন্থায় হ'তে পারবে। আমরা তো গৃহীদের মতো
 নিজ্ঞেদের, রোজগারের মতলব এঁটে এ কাজ করছি না। তথু পরহিতেই
 আমাদের সকল movement (কাজকর্ম)—এটা জ্বেনে রাখবি।
- শিশু। তাহা হইলেও-সকলে এভাব লইভে পারিবে না।
- খানীজী। নাই বা পারলে। তাতে আমাদের এল গেল কি ? আমরা criticism (সমালোচনা) গণ্য ক'রে কাজে অগ্রসর হইনি।
- শিষ্ঠ মহাশর, এই পত্ত ১৫ দিন অন্তর বাহির হইবে; আমাদের ইচ্ছা সাপ্তাহিক হয়।

- খানীখা। তা তো বটে, কিন্ত funds (টাকা) কোথার ? ঠাকুরের ইচ্ছার টাকার বোগাড় হ'লে এটাকে পরে দৈনিকও করা বেতে পারে। রোজ লক্ষ কপি ছেপে কলকাভার গলিতে গলিতে free distribution (বিনামূল্যে বিভরণ) করা বেতে পারে।
- শিশ্ব। আপনার এ সহর বড়ই উভম।
- খামীজী। আমার ইচ্ছে হর, কাগজটাকে পারে দাঁড় করিরে দিরে ভোকে editor (সম্পাদক) ক'রে দেবো। কোন বিষয়কে প্রথমটা পারে দাঁড় করাবার শক্তি ভোদের এখনও হয়নি। সেটা করতে এইদব সর্বভ্যাগী সাধ্রাই সক্ষম। এরা কাজ ক'রে ক'রে মরে বাবে, ভবু হটবার ছেলে নয়। ভোরা একটু বাধা পেলে, একটু criticism (সমালোচনা) শুনলেই ছনিয়া আঁধার দেখিস!
- শিশু। সেদিন দেখিলাম, স্বামী ত্রিগুণাতীত প্রেসে ঠাকুরের ছবি পূজা করিয়া তবে কাজ আরম্ভ করিলেন এবং কার্বের সফলতার জন্য আপনার রুণা প্রার্থনা করিলেন।
- খামীজী। আমাদের centre (কেন্দ্র) তো ঠাকুরই। আমরা এক একজন সেই জ্যোতি:কেন্দ্রের এক একটি ray (কিরণ)। ঠাকুরের পূজা ক'রে কাজটা আরম্ভ করেছে—বেশ করেছে। কই আমায় ভো পূজোর কথা কিছু বললে না।
- শিশু। মহাশর, তিনি আপনাকে তয় করেন। ত্রিগুণাতীত স্বামী আমার কল্য বলিলেন, 'তুই আগে স্বামীন্দীর কাছে গিয়ে জেনে আয়, পত্রের ১ম সংখ্যা বিষয়ে তিনি কি অভিমত প্রকাশ করেছেন, তারপর আমি তাঁর সজে দেখা ক'রব।'
- খামীজী। তুই গিয়ে বলিস, আমি তার কালে খ্ব খুশী হয়েছি। তাকে আমার স্বেহাশীর্বাদ আমাবি। আর তোরা প্রত্যেকে ষতটা পারবি, তাকে সাহাষ্য করিস। ওতে ঠাকুরের কাল্লই করা হবে।

কথাগুলি বলিয়াই স্বামীজী ব্রহ্মানন্দ স্বামীকে নিকটে আহ্বান করিলেন এবং আবশুক হইলে ভবিশ্বতে 'উবোধনে'র জন্ত ব্রিগুণাতীত স্বামীকে স্বারও টাকা দিতে আদেশ করিলেন। ঐ দিন রাত্রে আহারান্তে স্বামীজী পুনরার শিশ্বের সহিত 'উবোধন' পত্র সহস্কে এরপ আলোচনা করিয়াছিলেন: খামীজী। 'উৰোধনে' সাধারণকে কেবল positive ideas (গঠনমূলক ভাব) দিতে হবে। Negative thought (বেডি-বাচক ভাব) মাছুষকে weak (তুর্বল) ক'রে দেয়। দেখছিল না, বে-সকল মা বাপ ছেলেদের দিনরাত লেখাপড়ার জন্ম তাড়া দের, বলে এটার কিছু হবে না, বোকা, গাধা'—ভাদের ছেলেগুলি অনেকস্থলে তাই হয়ে দাঁড়ায়। ছেলেদের ভাল বললে—উৎসাহ দিলে, সময়ে নিশ্চয় ভাল হয়। ছেলেদের পকে যা নিয়ম, children in the region of higher thoughts (ভাবরান্ড্যের উচ্চন্তরে যারা শিশু, তাদের) সহত্বেও তাই। Positive ideas (গঠনমূলক ভাৰগুলি) দিতে পারলে সাধারণে মাহুষ হয়ে উঠবে ও নিজের পায়ে দাঁড়াতে শিখবে। ভাষা, সাহিত্য, দর্শন, কবিতা, শিল্প সকল বিষয়ে যা চিস্তা ও চেষ্টা মাহ্য করছে, তাতে ভুল না দেখিয়ে ঐ-সব বিষয় কেমন ক'রে ক্রমে ক্রমে আরও ভাল রক্ষে করতে পারবে, তাই ব'লে দিতে হবে। ভ্রমপ্রমাদ দেখালে মাহুষের feeling wounded (মনে আঘাত দেওয়া) হয়। ঠাকুরকে দেখেছি—যাদের আমরা হেয় মনে করতুম, তাদেরও তিনি উৎসাহ দিয়ে জীবনের মতি-গতি ফিরিয়ে দিতেন। তাঁর শিক্ষা দেওয়ার রকমটা অভুত !

কথাগুলি বলিয়া স্বামীজী একটু ছির হইলেন। কিছুক্ষণ পরে আবার বলিতে লাগিলেনঃ

ধর্মপ্রচারটা কেবল যাতে তাতে এবং যার তার উপর নাক সিঁটকানো ব্যাপার ব'লে যেন বৃষিসনি। Physical, mental, spiritual (শারীরিক, মানসিক ও আধ্যাত্মিক) সকল ব্যাপারেই মাহ্মকে positive ideas (গঠনমূলক ভাব) দিতে হবে। কিন্তু যেরা ক'রে নয়। পুরস্পারকে যেরা ক'রে ক'রেই তোদের অধঃপতন হয়েছে। এখন কেবল positive thought (গঠনমূলক ভাব) ছড়িয়ে লোককে তুলতে হবে। প্রথমে এরপে সমস্ত হিঁছুলাভটাকে তুলতে হবে, তারপর জগংটাকে তুলতে হবে। ঠাকুরের অবতীর্ণ হওয়ার কারণই এই। তিনি অগতে কারও ভাব নট্ট করেননি। মহা-অধঃপতিত মাহ্মকেও তিনি অভয় দিয়ে, উৎসাহ দিয়ে তুলে নিয়েছেন। আমাদেরও তাঁর পদাহ্মরণ ক'রে সকলকে তুলতে হবে, জাগাতে হবে। বুঝলি? ভোদের history, literature, mythology (ইভিহাস, সাহিত্য, প্রাণ) প্রভৃতি সকল শান্তগ্রহ ৰাছ্যকে কেবল ভয়ই দেখাছে! মাছ্যকে কেবল বলছে—'ভূই নরকে বাবি, ভোর আর উপার নেই!' ভাই এত অবসমতা ভারতের অন্থিমজ্জার প্রবেশ করেছে। সেই জন্ত বেদ-বেদান্তের উচ্চ উচ্চ ভারগুলি সাদা কথার মাছ্যকে ব্বিয়ে দিতে হবে। সদাচার, সন্থাবহার ও বিছা শিক্ষা দিয়ে ব্রাহ্মণ ও চগুলকে এক ভূমিতে দাঁড় করাতে হবে। 'উদ্বোধন' কাগজে এই-সব লিখে আবালর্দ্ধবনিভাকে ভোল্ দেখি। তবে জানব—ভোর বেদ-বেদান্ত পড়া সার্থক হয়েছে। কি বলিস—পারবি?

শিষ্য। আপনার আশীর্বাদ ও আদেশ হইলে সকল বিষয়েই সিদ্ধকাম হইব বলিয়া মনে হয়!

খানীজী। আর একটা কথা—শরীরটাকে থ্ব মজবুত করতে ভোকে শিখতে

হবে ও সকলকে শেখাতে হবে। দেখছিসনে এখনও রোজ
আমি ভামবেল কবি। রোজ সকাল-সন্ধ্যায় বেড়াবি; শারীরিক
পরিশ্রম করবি। Body and mind must run parallel (দেহ
ও মন সমানভাবে চলবে)। সব বিষয়ে পরের ওপর নির্ভর করলে
চলবে কেন? শরীরটা সবল করবার প্রয়োজনীয়তা ব্রতে পারলে
নিজেরাই তখন ঐ বিষয়ে ষত্ম করবে। সেই প্রয়োজনীয়তা-বোধের

জন্মই এখন education-এর (শিক্ষার) দরকার।


৩২

স্থান—বেলুড় ষঠ কাল—১৯০০

এখন স্বামীলী বেশ স্থ আছেন। শিশু রবিবার প্রাতে মঠে আসিয়াছে।
স্বামীলীর পাদপদ্ম-দর্শনান্তে নীচে আসিয়া স্বামী নির্মলানন্দের সহিত বেদান্তশান্তের আলোচনা করিতেছে। এমন সময়ে স্বামীলী নীচে নামিরা আসিলেন
এবং শিশুকে দেখিয়া বলিলেন, 'কিরে, তুলসীর সঙ্গে ভোর কি বিচার হচ্ছিল ?'
শিশু। মহাশয়, তুলসী মহারাজ বলিতেছিলেন, 'বেদান্তের ব্রহ্মবাদ কেবল
ভোর স্বামীলী আর তুই ব্রিস। আমরা কিন্তু জানি—কৃষ্ণন্ত ভগবান্
স্বস্ম।'

यांगीकी। जूरे कि वननि ?

- শিশ্ব। আমি বলিলাম, এক আত্মাই সত্য। কৃষ্ণ ব্ৰহ্মজ্ঞ পুৰুষ ছিলেন মাত্ৰ।
 তুলনী মহারাজ ভিতরে বেদান্তবাদী, বাহিরে কিন্তু বৈতবাদীর পক্ষ
 লইয়া তর্ক করেন। ঈশরকে ব্যক্তিবিশ্যে বলিয়া কথা অবতারণা
 করিয়া ক্রমে বেদান্তবাদের ভিত্তি স্থান্ন প্রমাণিত করাই তাঁহার অভিপ্রায়
 বলিয়া মনে হয়। কিন্তু উনি আমায় 'বৈক্ষৰ' বলিলেই আমি ঐ কথা
 ভূলিয়া বাই এবং তাঁহার সহিত ভর্কে লাগিয়া বাই।
- স্বামীজী। তুলদী তোকে ভালবাদে কিনা, তাই ঐরপ ব'লে তোকে খ্যাপায়। তুই চটবি কেন? তুইও বলবি, 'আপনি শৃক্তবাদী নাত্তিক।'
- শিশু। মহাশয়, উপনিষদে ঈশর যে শক্তিমান্ ব্যক্তি-বিশেষ, এ কথা আছে
 কি ? লোকে কিন্তু ঐক্নণ ঈশরে বিশাসবান্।
- খামীজী। সর্বেখন কখনও ব্যক্তিবিশেষ হ'তে পারেন না। জীব হচ্ছে ব্যষ্টি, আর সকল জীবের সমষ্টি হচ্ছেন ঈখর। জীবের অবিছা প্রবল ; ঈখর বিছা ও অবিছার সমষ্টি মায়াকে বনীভূত ক'রে রয়েছেন এবং খাধীনভাবে এই খাবরজ্বমাত্মক জগংটা নিজের ভেতর থেকে project (বাহির) করেছেন। ত্রন্ধ কিছ ঐ ব্যষ্টি-সমষ্টির অথবা জীব ও ঈখরের পারে বর্তমান। ত্রন্ধের অংশাংশভাগ হয় না। বোঝাবার জন্ত তাঁর ত্রিপাদ, চভূপাদ ইত্যাদি করনা করা হয়েছে মাত্র। বে পাদে স্টি-হিতি-লয়



অধ্যাদ হচ্ছে, দেই ভাগকেই শান্ত 'ইশর' ব'লে নির্দেশ করেছে। অপর বিপাদ কৃটন্থ, যাতে কোনরূপ হৈত-কল্পনার ভান নেই, তাই বন্ধ। তা ব'লে এরূপ যেন মনে করিদনি যে, বন্ধ—জীবজ্ঞগৎ থেকে একটা স্বতন্ত্র বন্ধ। বিশিষ্টাইছতবাদীরা বলেন, বন্ধই জীবজ্ঞগৎরূপে পরিণত হয়েছেন। অইছতবাদীরা বলেন, তা নয়, ব্রন্ধে এই জীবজ্ঞগৎ অধ্যত্ত হয়েছে মাত্র; কিন্তু বন্ধত: ওতে ব্রন্ধের কোনরূপ পরিণাম হয়নি। অইছতবাদী বলেন, নামরূপ নিয়েই জগং। যতক্ষণ নামরূপ আছে, ততক্ষণই জগং আছে। ধ্যান-ধারণা-বলে যথন নামরূপের বিলয় হয়ে বায়, তথন এক বন্ধই থাকেন। তথন তোর, আমার বা জীব-জগতের স্বতন্ত্র সন্তার আর অহতব হয় না। তথন বোধ হয়, আমিই নিত্য-গন্ধ-বৃদ্ধ প্রত্যক্-চৈতক্ত বা বন্ধ। জীবের স্বর্পই হচ্ছেন ব্রন্ধ; ধ্যান-ধারণায় নামরূপের আবরণটা দ্র হয়ে ঐ ভাবটা প্রত্যক্ষ হয় মাত্র। এই হচ্ছে ভল্লাইছতবাদের সারমর্ম। বেদ-বেদান্ত শান্ত-ফাল্র এই কথাই নানা রক্ষে বারংবার ব্রিরে দিছে।

শিশু। তাহা হইলে ঈশর বে সর্বশক্তিমান্ ব্যক্তিবিশেষ—একথা আর সভ্য হয় কিরুপে ?

শামাজী। মনরূপ উপাধি নিয়েই মাহ্ব। মন দিয়েই মাহ্বকে সকল বিবয়
ধরতে ব্রুতে হচ্ছে। কিন্তু মন বা ভাবে, তা limited (সীমাবদ্ধ)
হবেই। এ-জন্ম নিজের personality (ব্যক্তিদ্ধ) থেকে ঈশরের
personality (ব্যক্তিদ্ধ) করনা করা জীবের শ্বভঃনিদ্ধ শ্বভাব।
মাহ্ব ভার ideal (আদর্শ)-কে মাহ্বরূপেই ভারতে সক্ষম। এই
জরামরণসঙ্গল জগতে এলে মাহ্বর হংখের ঠেলায় 'হা হতোংশ্বি'
করে এবং এমন এক ব্যক্তির আশ্রয় চায়, বার উপর নির্ভর ক'রে
সে চিন্তাশ্ন্ম হ'তে পারে। কিন্তু আশ্রয় কোথায় প নিয়াধার সর্বজ্ঞ
আত্মাই একমাত্র আশ্রম্বল। প্রথমে মাহ্বর ভা টের পায় না!
বিবেক-বৈরাগ্য এলে ধ্যান-ধারণা করতে করতে সেটা জমে
টের পায়। কিন্তু যে বে-ভাবেই সাধন কর্কক না কেন, সকলেই
অজ্ঞাতসারে নিজের ভেতরে অবন্থিত ব্রক্ষভাবকে জাগিয়ে তুলছে। তবে
আলম্বন ভিন্ন ভিন্ন হ'তে পারে। বার personal God (ব্যক্তিবিশেষ

জীবর)-এ বিশ্বাস আছে, তাকে ঐ ভাব ধরেই সাধনভজন করতে হয়।
ঐকান্তিকতা এলে ঐ থেকেই কালে ব্রহ্ম-সিংহ তার ভেতরে জেগ্যে
অঠেন। ব্রহ্মজানই হচ্ছে জীবের goal (লক্ষ্য)। তবে নানা পথ—নানা
মত। জীবের পারমার্থিক স্বরূপ ব্রহ্ম হলেও মনরূপ উপাধিতে অভিমান
থাকায় সে হরেক রকম সন্দেহ-সংশয় স্থ্য-তৃংথ ভোগ করে। কিছ
নিজের স্বরূপলাভে আব্রহ্মগুর পর্যন্ত সকলেই গভিনীল। যভক্ষণ না
'অহং ব্রহ্ম' এই তব্ব প্রত্যক্ষ হবে, ততক্ষণ এই জন্মমৃত্যু-গতির হাত থেকে
কার্ম্বরই নিভার নেই। মাহ্যজন্ম লাভ ক'রে মৃক্তির ইছা প্রবল হ'লে
ও মহাপ্র্রুবের রূপালাভ হ'লে—তবে মাহ্যের আত্মজানস্পৃহা বলবতী
হয়। নতুবা কাম-কাঞ্চন-জড়িত লোকের ওদিকে মনের গতিই হয় না।
মার্গ-ছেলে ধন-মান লাভ করবে ব'লে মনে যার সহল্ল রয়েছে, তার কি
ক'রে ব্রহ্ম-বিবিদিয়া হবে ? বে সব ভ্যাগ করতে প্রস্তুত, যে স্থ্য-তৃংথ
ভাল-মন্দের চঞ্চল প্রবাহে ধীর হির শান্ত সমনস্ক, সেই আত্মজানলাভে
যত্মপর হয়। সেই 'নির্গচ্ছিত জগজ্জালাৎ পিঞ্জরাদিব কেশবী'—মহাবলে
জগজ্জাল ছিন্ন ক'রে মায়ার গণ্ডি ভেঙে গিংহের মভো বেরিয়ে পড়ে।

শিষ্য। তবে কি মহাশয়, সন্ন্যাস ভিন্ন বন্ধজ্ঞান হইতেই পারে না ?

খামীজী। তা একবার বলতে ? অন্তর্বহি: উভয় প্রকারেই সন্ন্যাস অবলম্বন

করা চাই। আচার্ব শহরও উপনিষদের 'তপসো বাপ্যলিকাং''—এই

অংশের ব্যাখ্যাপ্রসদে বলছেন, লিকহীন অর্থাৎ সন্ন্যাসের বাহ্য চিহ্নস্বরূপ

গৈরিকবসন দণ্ড কমণ্ডলু প্রভৃতি ধারণ না ক'রে তপস্থা করলে ত্রধিগম্য

বন্ধভত্ত প্রত্যক্ষ হয় না। বৈরাগ্য না এলে, ভ্যাগ না এলে, ভোগস্পৃহাভ্যাগ না হ'লে কি কিছু হবার জো আছে ? 'সে যে ছেলের হাতে

মোয়া নয় যে, ভোগা দিয়ে কেড়ে ধাবে।'

শিষ্য। কিন্তু সাধন করিতে করিতে ক্রমে তো ভ্যাগ আদিতে পারে ? আমীজী। যার ক্রমে আদে তার আহক। তুই তা ব'লে বদে থাকবি কেন ? এখনি থাল কেটে জল আনতে লেগে যা। ঠাকুর বলতেন, 'হচ্ছে-হবে

১ সুএক উপ.—৩৷২৷৪ মন্ত্রের ভাষ্ঠ জইবা

- —ও-সব মেদাটে ভাব।' পিপাসা পেলে কি কেউ বসে থাকতে পারে,
 না, জলের জন্ত ছুটোছুটি ক'রে বেড়ায়? পিপাসা পায়নি, ভাই
 বসে আছিস। বিবিদিষা প্রবল হয়নি, ভাই মাগ-ছেলে নিয়ে সংসার
 করছিস।
- শিক্স। বান্তবিক কেন যে এখনও ঐরপ সর্বস্ব-ত্যাগের বৃদ্ধি হয় না, তাহা
 বুঝিতে পারি না। আপনি ইহার একটা উপায় করিয়া দিন।
- শামীজী। উদ্দেশ্য ও উপায়—সবই তোর হাতে। আমি কেবল stimulate (দৈৰু জ) ক'রে দিতে পারি। এইসব সংশাস্ত্র পড়ছিস, এমন ব্রহ্মজ্ঞ সাধুদের সেবা ও সল করছিস—এতেও যদি না ভ্যাগের ভাব আসে, তবে জীবনই রুধা। তবে একেবারে রুধা হবে না, কালে এর ফল তেড়েফুঁড়ে বেকবেই বেকবে।
- শিশু। (অধােম্থে বিষয়ভাবে) মহাশয়, আমি আপনার শরণাগভ, আমার
 মৃক্তিলাভের পছা খুলিয়া দিন, আমি বেন এই শরীরেই তত্ত হইতে
 পারি।
- স্থামীন্দী। (শিশ্বের অবসন্নতা দর্শন করিয়া) তর কি ? সর্বদা বিচার করবি—এই দেহগেহ, জীবজগৎ সকলই নিংশেষ মিধ্যা, স্থপ্নের মতো; সর্বদা ভাববি—এই দেহটা একটা জড় ষত্রমাত্র। এতে বে আত্মারাম পুরুষ রয়েছেন, তিনিই তোর ষথার্থ স্বরূপ। মনরূপ উপাধিটাই তাঁর প্রথম ও স্ক্র আবরণ, তারপর দেহটা তাঁর সুল আবরণ হয়ে রয়েছে। নিজল নির্বিকার স্বয়ংজ্যোতিঃ সেই পুরুষ এইসব মারিক আবরণে আচ্ছাদিত থাকার তুই তোর স্থ-স্বরূপকে জানতে পারছিল না। এই রূপ-রসে ধাবিত মনের গতি স্বন্ধানিকে ফিরিয়ে দিতে হবে। মনটাকে মারতে হবে। দেহটা তো সুল—এটা ম'রে পঞ্চতুতে মিশে বায়। কিছ সংস্কারের পুঁটলি—মনটা শীগণীর মরে না। বীজাকারে কিছুকাল থেকে আবার বৃক্ষে পরিণত হয়; আবার সুল শরীর ধাবণ ক'রে জন্মসূত্যপথে গমনাগমন করে, এইরূপ যতক্ষণ না আত্মজ্ঞান হয়। সেজ্ল বলি, ধ্যানধারণা ও বিচারবলে মনকে সচ্চিদানন্দ-সাগরে ড্বিয়ে দে। মনটা ম'রে গেলেই সব গেল—ব্রক্ষাংশ্ব হলি।
- শিষ্য। মহাশয়, এই উদ্ধাম উন্মন্ত মনকে এক্ষাবগাহী করা মহা কঠিন।

শামীলী। বীবের কাছে আবার কঠিন ব'লে কোন জিনিস আছে ?
কাপুরুবরাই ও-কথা বলে।—বীরাণামের করভলগতা মৃক্তি:, ন পুন:
কাপুরুবাণাম্।' অভ্যাস ও বৈরাগ্যবলে মনকে সংযত কর্। গীতা
বলছেন, 'অভ্যাসেন তৃ কোন্তের বৈরাগ্যেণ চ গৃহতে।' চিত্ত
হচ্ছে যেন অছে হল। রূপরসাদির আঘাতে তাতে যে তরঙ্গ উঠছে,
তার নামই মন। এজন্তই মনের অরপ সংকর্মবিকরাত্মক। ঐ সহরবিকর থেকেই বাসনা ওঠে। তারণর ঐ মনই ক্রিয়াশন্তিরূপে পরিণত
হয়ে বুলদেহরূপ যন্ত্র দিয়ে কাজ করে। আবার কর্মও যেমন অনস্ত,
কর্মের ফলও তেমনি অনস্ত। স্ক্তরাং অনস্ত অর্ফ কর্মফলরূপ তরঙ্গ
মন সর্বলা তুলছে। সেই মনকে বৃত্তিশৃষ্ণ ক'রে দিতে হবে—পুনরায়
অছ হলে পরিণত করতে হবে, যাতে বৃত্তিরূপ তরঙ্গ আর একটিও না
থাকে; তবেই বন্ধ প্রকাশ হবেন। শাস্তকার ঐ অবস্থারই আভাস
এই ভাবে দিছেন—'ভিততে হলেরগ্রেছিং' ইত্যাদি।" ব্রালি ?

শিশ্ব। আজে হাঁ। কিছ ধ্যান তো বিষয়াবলমী হওয়া চাই ?

শাসীলী। তুই নিজেই নিজের বিষয় হবি। তুই সর্বগ আত্মা—এটিই মনন ও ধ্যান করবি। আমি দেহ নই, মন নই, বৃদ্ধি নই, সুল নই, স্ক্ম নই

—এইরূপে 'নেতি নেতি' ক'রে প্রত্যক্তিভক্তরূপ স্ব-শ্বরূপে মনকে তুবিয়ে দিবি। এরূপে মন-শালাকে বারংবার তুবিয়ে তুবিয়ে মেরে ফেলবি। তবেই বোধস্বরূপের বোধ বা স্ব-শ্বরূপে স্থিতি হবে। ধ্যাতা-ধ্যেয়-ধ্যান তথন এক হয়ে যাবে; জ্ঞাতা-জ্ঞেয়-জ্ঞান এক হয়ে যাবে। নিখিল অধ্যাসের নিরুদ্ভি হবে। একেই শাস্তে বলে—'ত্রিপুটিভেদ'। এরূপ অবস্থার জ্ঞানাজানি থাকে না। আ্মাই যথন একমাত্র বিজ্ঞাতা, তথন তাঁকে আ্বার জ্ঞানবি কি ক'রে ? আ্থাই জ্ঞান, আ্থাই চৈতক্ত, আ্থাই স্কিদানন্দ। যাকে সং বা অসং কিছুই ব'লে নির্দেশ করা যায় না, সেই অনির্বচনীয়-মায়াশক্তি-প্রভাবেই জীবরূপী ব্রন্ধের ভেতরে জ্ঞাতা-

১ মৃক্তি বীরগণেরই করতলগত, কাপুরুষের নয়।

[ু]২ গীতা, ৬।৩৫

৩ সুপ্তক উপ. হাহাদ

জেয়-জানের ভাবটা এসেছে। এটাকেই সাধারণ মাহ্ব conscious state (চেডন বা জানের অবহা) বলে। আর বেখানে এই বৈড-সংঘাত নিরাবিল ব্রন্ধতন্তে এক হরে বার, তাকে শাল্প superconscious state (সমাধি, সাধারণ জানভূষি অপেকা উচ্চাবহা) ব'লে এইরপে বর্ণনা করেছেন—'গুমিতসলিলরাশিপ্রধ্যমাখ্যাবিহীনম্।'

(গভীর ভাবে মগ্ন হইয়া খামীজী বলিভে লাগিলেন)

এই জ্ঞাতা-জ্ঞের বা জানাজানি-ভাব থেকেই দর্শন-শাদ্ধ বিজ্ঞান সব বেরিয়েছে। কিন্তু মানব-মনের কোন ভাব বা ভাষা জানাজানির পারের বন্ধকে সম্পূর্ণরূপে প্রকাশ করতে পারছে না। দর্শন-বিজ্ঞানাদি partial truth (জাংশিক সত্য)। ওরা।সেজ্ঞ পরমার্ণতন্তের সম্পূর্ণ expression (প্রকাশ) কথনই হ'তে পারে না। এই জ্ঞা পরমার্থরে দিক দিয়ে দেখলে সবই মিথ্যা ব'লে বোধ হয়—ধর্ম মিথ্যা, কর্ম মিথ্যা, জামি মিথ্যা, ভূই মিথ্যা, জগৎ মিথ্যা। তথনই বোধ হয় যে আমিই সব, আমিই সর্বগত আত্মা, আমার প্রমাণ আমিই। আমার অভিত্যের প্রমাণের জ্ঞা আবার প্রমাণান্তরের অপেকা কোথার ? শাল্পে যেমন বলে, 'নিত্যমন্মৎ-প্রসিদ্ধন্'—নিত্যবন্ধরূপে ইহা অভঃসিদ্ধ—এইভাবেই আমি সর্বদা ইহা জন্মভব করি। আমি ঐ অবস্থা সত্যসত্যই দেখেছি, অহুভূতি করেছি। তোরাও দেখ, অহুভূতি কর্ আর জীবকে এই ব্রন্ধতন্ধ শোনাগে। তবে তো শান্তি পাবি।

ঐ কথা বলিতে বলিতে স্বামীজীর মৃথমণ্ডল গন্তীর ভাব ধারণ করিল এবং তাঁহার মন বেন কোন্ এক অক্তাভরাজ্যে বাইরা কিছুক্লণের জন্ত হির হইরা গেল! কিছুক্লণ পরে ভিনি আবার বলিতে লাগিলেন:

এই সর্বমতগ্রাসিনী সর্বমতসমঞ্জ্যা ব্রহ্মবিছা নিজে অহুভব কর্, আর জগতে প্রচার কর্। এতে নিজের মঙ্গল হবে, জীবেরও কল্যাণ হবে। ভোকে আজ সারক্থা বল্লাম; এর চাইতে বড় কথা আর কিছুই নেই।

শিশু। মহাশয়, আপনি এখন জানের কথা বলিডেছেন; আবার কখন বা ভক্তির, কখন কর্মের এবং কখন বোগের প্রাধান্ত কীর্তন করেন। উহাতে আমাদের বৃদ্ধি গুলাইয়া বার। শামীনী। কি জানিস্—এই ব্রহ্ম হওরাই চরম লক্ষ্য, পরম প্রুষার্থ। তবে
মাছ্য তো আর সর্বদা ব্রহ্মগৃত্ব হয়ে থাকতে পারে না! ব্যুখানকালে কিছু নিয়ে তো থাকতে হবে। তথন এমন কর্ম করা উচিত,
যাতে লোকের শ্রেরোলাভ হয়। এইজয়্ম ভোদের বলি, অভেদবৃদ্ধিতে জীবসেবারূপ কর্ম কর্। কিছু বাবা, কর্মের এমন মারপ্যাচ
বে বড় বড় সাধ্রাও এতে বছু হয়ে পড়েন। সেইজয়্ম ফলাকাজ্ফাহীন
হয়ে কর্ম করতে হয়। গীভায় ঐ কথাই বলেছে। কিছু জানবি,
ব্রহ্মজানে কর্মের অম্প্রবেশও নেই; সংকর্ম বারা বড়জোর চিত্তভদ্ধি
হয়। এ-জয়্মই ভায়কার জানকর্মসমূহের প্রতি এভ তীব্র কটাক্ষ
—এত দোবারোপ করেছেন। নিছাম কর্ম থেকে কারও কারও
ব্রহ্মজানলাভ। এ কথাটা বেশ ক'রে জেনে রাখ্—বিচারমার্গ ও অয়
সকল প্রকার সাধনার ফল হচ্ছে ব্রহ্মজ্ঞতা লাভ করা।

শিশু। মহাশন্ন, একবার ভক্তি ও রাজ্যোগের উপযোগিত বলিয়া আমার জানিবার আকাজ্যা দূর করুন।

শামীনী। ঐ সব পথে সাধন করতে করতেও কারও কারও ব্রক্ষান্তাভ হয়ে বায়। ভিজ্মার্গ—slow process (মহর গতি), দেরীতে ফল হয়, কিছ সহজ্ঞাধ্য। যোগে নানা বিয়; হয়তো বিভৃতিপথে মন চলে গেল, আর স্বরূপে পৌছুতে পারলে না। একমাত্র জ্ঞানপথই আন্তফ্লপ্রেদ এবং সর্বমত-সংস্থাপক ব'লে সর্বকালে সর্বদেশে সমান আদৃত। তবে বিচারপথে চলতে চলতেও মন ছয়্তর তর্কজালে বদ্দ হয়ে বেতে পারে। এইজয়্ম সঙ্গে ধ্যান করা চাই। বিচার ও ধ্যানবলে উদ্দেশ্যে বা ব্রন্ধতত্বে পৌছুতে হবে। এইভাবে সাধন করলে goal-এ (লক্ষে) ঠিক পৌছানো বায়। আমার মতে, এই পয়া সহক্ষ ও আন্তফ্লপ্রাদ।

শিশ্য। এইবার আমায় অ্বতারবাদ-বিষয়ে কিছু বদুন। খামীজী। তুই যে একদিনেই সব মেরে নিডে চাস্!

> শহরাচার্ব

শিক্ত। মহাশন্ন, মনের ধাঁধা একদিনে মিটিরা ধার ভো বারবার আর
· আপনাকে বিরক্ত করিতে হইবে না।

স্বামীজী। বে-আত্মার এত মহিমা শাল্লমূথে অবগত হওয়া বায়, সেই আত্মজান বাদের রূপায় এক মৃহুর্তে লাভ হর, তাঁরাই সচল ভীর্থ— অবভারপুরুষ। তাঁরা আজন্ম ব্রহ্মঞ্জ, এবং ব্রহ্ম ও ব্রহ্মঞে কিছুমাত্র ভফাভ নেই—'ব্ৰহ্ম বেদ ব্ৰহ্মিব ভবতি ৷' আত্মাকে তো আৱ জানা বায় না, কারণ এই আত্মাই বিজ্ঞাতা ও মস্তা হয়ে রয়েছেন—এ কথা পূর্বেই বলেছি। অতএব মাহুষের জানাজানি ঐ অবতার পর্যস্ত—বাঁরা আতাসংস্থ। মানব-বৃদ্ধি ঈশব সম্বন্ধে highest ideal (স্বাপেক্ষা উচ্চ আদর্শ) বা গ্রহণ করতে পারে, তা ঐ পর্যন্ত। তারপর আর জানাজানি থাকে না। এরপ ত্রন্ধক্ত কদাচিৎ জগতে জন্মায়। অল্প লোকেই তাঁদের ব্ৰতে পারে। তাঁরাই শান্তােক্তির প্রমাণস্থল—ভবসমূত্রে আলোক-স্তম্বরণ। এই অবভারগণের সঙ্গ ও রূপাদৃষ্টিতে মুহূর্তমধ্যে হৃদয়ের অন্ধকার দূর হয়ে যায়—সহসা ত্রন্ধজানের ক্রুরণ হয়। কেন বা কি process-এ (উপায়ে) হয়, তার নির্ণয় করা যায় না। তবে হয়— হ'তে দেখেছি। শ্রীকৃষ্ণ আত্মসংস্থ হয়ে গীতা বলেছিলেন। গীতার বে ষে ছলে 'অহং' শব্দের উল্লেখ রয়েছে, তা 'অপুস্থাপর' ব'লে জানবি। 'মামেকং শরণং ব্রন্ধ' কিনা 'আত্মদংস্থ হও'। এই আত্মন্তানই গীতার চরম লক্ষ্য। যোগাদির উল্লেখ ঐ আত্মতত্ত্বলাভের আহ্যবিক অবভারণা। এই আত্মজান বাদের হয় না, ভারাই আত্মঘাতী। 'বিনিহ্স্যুদগ্রহাৎ'—রূপরদাদির উষ্দ্ধনে তাদের প্রাণ যায় ৷ তোরাও তো মাহব---ছদিনের ছাই-ভশ্ম ভোগকে উপেক্লা করতে পারবিনি? 'জায়ত্ব এয়ত্বে'র দলে যাবি ? 'শ্রেয়:'কে গ্রহণ কর, 'প্রেয়:'কে পরিত্যাগ কর্। এই আত্মতম্ব আচঙাল স্বাইকে বলবি। বলতে বলতে নিজের বৃদ্ধিও পরিষার হয়ে যাবে। আর 'তত্ত্বমদি', 'দোহহ-মিনি', 'সর্বং থবিদং ত্রহ্ম' প্রভৃতি মহামন্ত্র সর্বদা উচ্চারণ করবি এবং হাণরে সিংহের মতো বল রাধবি। ভয় কি? ভয়ই মৃত্যু--ভয়ই মহাপাডক। নররূপী অর্নের ভয় হয়েছিল—তাই আত্মশংহ ভগবান্ শ্ৰীকৃষ্ণ তাঁকে গীতা উপদেশ দিলেন; তবু কি তাঁর ভয় বায়? পরে

অজুন বখন বিশরণ দর্শন ক'রে আত্মসংছ হলেন, তখন জ্ঞানাগ্রিদগ্ধকর্ম।
হয়ে যুদ্ধ করলেন।

শিষ্য। মহাশন্ন, আত্মজান লাভ হইলেও কি কর্ম থাকে ?

যামীজী। জ্ঞানলাভের পর সাধারণে যাকে কর্ম বলে, সেরপ কর্ম থাকে না।
তথন কর্ম 'জগজিতার' হয়ে দাঁড়ার। আত্মজানীর চলন-বলন সবই
জীবের কল্যাণ্যাধন করে। ঠাকুরকে দেখেছি 'দেহস্থাংপি ন দেহস্থং''
—এই ভাব। এরপ প্রুষদের কর্মের উদ্দেশ্য সম্বন্ধে কেবল এই কথামাত্র
বলা যায়—'লোকবভ লালা-কৈবল্যম্।'

৩৩

স্থান—বেলুড মঠ কাল—১৯০১

কলিকাতা জ্বিলি আর্ট একাডেমির অধ্যাপক ও প্রতিষ্ঠাতা বাবু রণদাপ্রদাদ দাশগুপ্ত মহাশয়কে সকে করিয়া শিশ্র আৰু বেল্ড় মঠে আলিয়াছে। রণদাবাবু শিল্পকলানিপুণ স্থপগুড় ও স্বামীজীর গুণগ্রাহী। আলাপ-পরিচয়ের পর স্বামীজী রণদাবাব্র সঙ্গে শিল্প-বিভা সম্বন্ধে নানা প্রসন্ধ করিতে লাগিলেন; রণদাবাব্কে উৎসাহিত করিবার জন্ম তাঁর একাডেমিতে একদিন বাইতেও ইচ্ছা প্রকাশ করিলেন। কিন্তু নানা অস্থবিধার স্বামীজীর তথায় বাওয়া ঘটিয়া উঠে নাই।

সামীকী রণদাবাবুকে বলিভে লাগিলেন:

পৃথিবীর প্রায় সকল সভ্য দেশের শিল্প-সৌন্দর্য দেখে এলুম, কিছ বৌদ্ধর্মের প্রাতৃভাবকালে এদেশে শিল্পকলার বেমন বিকাশ দেখা বার, ভেমনটি আর কোথাও দেখলুম না। মোগল বাদশাদের সময়েও ঐ বিছার

- ১ দেহেতে থাকিয়াও দেহবৃদ্ধিশৃষ্ট।
- ২ বেদাভগুত্র, ২অ, ১ পা, ৩৩ পু,

বিশেষ বিকাশ হয়েছিল; সেই বিভার কীর্তিশুন্তরূপে আত্তও তাত্তমহল, জুমা মদজিদ প্রভৃতি ভারতবর্ষের বুকে দাঁড়িয়ে রয়েছে।

মাছ্য যে জিনিসটি তৈরি করে, তাতে কোন একটা idea express
(মনোভাব প্রকাশ) করার নামই art (শিল্প)। বাতে idea-র expression
(তাবের প্রকাশ) নেই, রঙ-বেরঙের চাকচিক্য পরিপাটি থাকলেও তাকে
প্রকৃত art (শিল্প) বলা বার না। ঘট, বাটি, পেরালা প্রভৃতি নিত্যব্যবহার্য
জিনিসপত্রগুলিও ঐরপে বিশেষ কোন ভাব প্রকাশ ক'রে তৈরি করা
উচিত। প্যারিস প্রদর্শনীতে পাথরের খোলাই এক অভ্তুত মূর্তি দেখেছিলাম।
মৃতিটির পরিচায়ক এই কয়টি কথা নীচে লেখা, 'Art unveiling nature'
অর্থাৎ শিল্প কেমন ক'রে প্রকৃতির নিবিড় অবগুর্তন স্বত্তে মোচন ক'রে
ভেতরের রূপসৌন্দর্য দেখে। মৃতিটি এমনভাবে তৈরি করেছে বেন
প্রকৃতিদেবীর রূপছেবি এখনও স্পষ্ট বেরোয়নি; বতটুকু বেরিয়েছে, ততটুকু
সৌন্দর্য দেখেই শিল্পী যেন মৃশ্ব হয়ে গিয়েছে। যে ভান্ধর এই ভাবটি প্রকাশ
করতে চেষ্টা করেছেন, তাঁর প্রশংসা না ক'রে থাকা যায় না। ঐ রকমের
original (মৌলিক) কিছু করতে চেষ্টা করবেন।

- বণদাবাব্। আমারও ইচ্ছা আছে সময়মত original modelling (নৃতন ভাবের মৃতি) সব গড়তে; কিন্ত এদেশে উৎসাহ পাই না। অর্থাভাব, তার উপর আমাদের দেশে গুণগ্রাহী লোকের অভাব।
- বামীজী। আপনি ষদি প্রাণ দিয়ে যথার্থ একটি থাঁটি জিনিস করতে পারেন, বিদ art-এ (শিল্পে) একটি ভাবও যথায়থ express (প্রকাশ) করতে পারেন, কালে নিশ্চয় ভার appreciation (সমাদর) হবে। খাঁটি জিনিসের কথনও জগতে জনাদর হয়নি। এরপও শোনা যায়, এক-এক জন artist (শিল্পী) মরবার হাজার বছর পর হয়তো ভার appreciation (সমাদর) হ'ল!
- বণদাবার্। তা ঠিক। কিন্তু আমরা থেরপ অপদার্থ হয়ে পড়েছি, তাতে 'ঘরের থেরে বনের মোষ ভাড়াতে' সাহসে কুলোয় না। এই পাঁচ বংসরের চেষ্টার আমি যা হ'ক কিছু রুভকার্য হয়েছি। আশীর্বাদ কর্মন যেন উভ্যব্যক্ষণ না হয়।

শামীজী। যদি ঠিক ঠিক কাজে লেগে যান, তবে নিশ্চর successful (সফল)
হবেন। বে বে-বিবরে মনপ্রাণ ঢেলে খাটে, তাতে তার success
(সফলতা) তো হয়ই, তারপর চাই কি ঐ কাজের তন্ময়তা থেকে
বন্ধবিতা পর্যন্ত লাভ হয়। বে কোন বিবরে প্রাণ দিয়ে খাটলে ভগবান
তার সহায় হন।

রণদাবাবু। ওদেশ এবং এদেশের শিরের ভেতর ভফাত কি দেখলেন ? স্বামীনী। প্রায় দবই সমান, originality (মৌলিকস্ব) প্রায়ই দেখতে পাওয়া যায় না। এসব দেশে ফটোয়ন্ত্রের সাহায্যে এখন নানা চিত্র তুলে ছবি আঁকছে। কিন্তু বন্ধের সাহায্যে নিলেই originality (মৌলিক্ত) লোপ পেয়ে ষায়; নিজের idea-র expression নিডে (মনোগত ভাব প্রকাশ করতে) পারা যায় না। আগেকার ভাস্করগণ নিজ্ঞেদের মাধা থেকে নৃতন নৃতন ভাব বের করতে বা সেইগুলি ছবিতে বিকাশ করতে চেষ্টা করতেন; এখন ফটোর অহুরূপ ছবি হওয়ায় মাথা খেলাবার শক্তি ও চেষ্টার লোপ হয়ে যাচ্ছে। তবে এক-একটা জাতের এক-একটা characteristic (বিশেষত্ব) আছে। আচারে-ব্যবহারে, আহারে-বিহারে, চিত্রে-ভাস্কর্ষে সেই বিশেষ ভাবের বিকাশ দেখতে পাওয়া যায়। এই ধক্ষন—ওদেশের গান-বাজনা-নাচের expression (বাহ বিকাশ)-গুলি সবই pointed (ভীব্ৰ, ভীক্ষ); নাচছে বেন হাও পা ছুঁড়ছে ! বাজনাগুলির আওয়াজে কানে খেন সঙীনের খোঁচা দিছে ! গানেরও ঐরপ। এদেশের নাচ আবার ধেন ছেলেছলে ভরকের মতো গড়িয়ে পড়ছে, গানের গমক মূর্ছনাভেও এক্কণ rounded movement (মোলায়েম গতি) দেখা যায়। বাজনাতেও তাই। অতএব art (শিল্প) 'সম্বন্ধে বিভিন্ন জাতির মধ্যে বিভিন্নরূপ বিকাশ হয়। বে জাতটা বড় materialistic (জড়বাদী), তারা nature (প্রকৃতি) টাকেই ideal (আদর্শ) ব'লে ধরে এবং তদমুরূপ ভাবের expression (বিকাশ) শিল্পে দিভে চেষ্টা করে। বে জাতটা আবার প্রকৃতির অতীত একটা ভাবপ্রাপ্তিতেই ideal (আদর্শ) ব'লে ধরে, সেটা ঐ ভাবই nature-এর (প্রকৃতিগত) শক্তিসহায়ে শিরে express (প্রকাশ) করতে চেষ্টা করে। প্রথম শ্রেণীর জাতের Nature (প্রকৃতি)-ই হচ্ছে

primary basis of art (শিরের মৃশ ভিত্তি); আর বিভীয় শ্রেণীর আতপ্তলোর Ideality (প্রকৃতির অতীত একটা ভাব) হচ্ছে শিল্প-বিকাশের মূল কারণ। এক্রণে ছই বিভিন্ন উদ্দেশ্য ধ'রে শিল্লচর্চার অগ্রসর হলেও ফল উভয় শ্রেণীর প্রায় একই দাঁড়িয়েছে, উভয়েই নিজ নিজ ভাবে শিল্পোয়তি করছে। ও-সব দেশের এক একটা ছবি দেখে আপনার সভ্যকার প্রাকৃতিক দৃশ্য ব'লে ভ্রম হবে। এদেশের সহজেও তেমনি-পুরাকালে ভাপত্য-বিভার ব্ধন খুব বিকাশ হয়েছিল, তথনকার এক-একটি মূর্তি দেখলে আপনাকে এই বুড় প্রাকৃতিক রাজ্য ভূলিয়ে একটা নৃতন ভাবরাক্ষ্যে নিম্নে ফেলবে। ওদেশে এখন ষেমন আগেকার মভো ছবি হয় না, এদেশেও তেমনি নৃতন নৃতন ভাববিকাশকয়ে ভাস্করগণের আর চেষ্টা দেখা যায় না। এই দেখুন না, আপনাদের আর্ট স্থলের ছবিগুলোতে যেন কোন expression (ভাবের বিকাশ) নেই। আপনারা হিন্দুদের নিত্য-ধ্যেয় যুতিগুলিতে প্রাচীন ভাবের উদ্দীপক expression (বহি:প্রকাশ) দিয়ে আঁকবার চেষ্টা করলে ভাল হয়।

রণদাবার। আপনার কথার হৃদরে মহা উৎসাহ হয়। চেষ্টা ক'রে দেখব,

আপনার কথামত কান্ত করতে চেষ্টা ক'রব।

স্বামীজী বলিতে লাগিলেন:

এই মনে করুন, মা কালীর ছবি। এতে ধূগণৎ ক্ষেমন্বরী ও ভয়ন্বরী মৃতির সমাবেশ। ঐ ছবিগুলির কোনখানিতে কিন্তু ঐ উভয় ভাবের ঠিক ঠিক expression (প্রকাশ) দেখা যায় না। তা দূরে যাক, একটাও চিত্রে ঐ উভন্ন ভাবের ঠিক ঠিক বিকাশ করবার চেষ্টা কারুর নেই! আমি মা কালীর ভীমা মৃতির কিছু idea (ভাব) 'Kali the Mother' (কালী দি মাদার) নামক ইংরেজী কবিভাটার লিপিবদ্ধ করতে চেষ্টা করেছি। আপনি ঐ ভাৰটা একথানা ছবিভে express (প্ৰকাশ) করতে পারেন কি ? वनमानाव। कि ভाব?

খামীজী শিয়ের পানে তাকাইয়া তাঁহার ঐ কবিতাটি উপর হইতে ব্যানিতে বলিলেন। শিক্ত লইয়া ব্যাসিলে স্বামীনী নণদাবাৰুকে পড়িয়া জনাইতে লাগিলেন: 'The stars are blotted out' &c'.

১ অষ্ট্ৰা: বীরবাণী কবিতা পুত্তক বা Complete Works

খামীজীর ঐ কবিতাটি পাঠের সময়ে শিয়ের মনে হইতে লাগিল, ধেন মহাপ্রলয়ের সংহারম্তি তাহার কর্নাসমক্ষে নৃত্য করিতেছে। রণদাবাবৃত্ত কবিতাটি শুনিয়া কিছুক্ষণ শুক্ত হইয়া বসিয়া রহিলেন। কিছুক্ষণ বাদে রণদাবাবু বেন কর্নানয়নে ঐ চিত্রটি দেখিতে পাইয়া 'বাপ' বলিয়া শুত-চকিতনয়নে খামীজীর মুখপানে তাকাইলেন।

স্বামীজী। কেমন, এই idea (ভাবটা) চিত্রে বিকাশ করতে পারবেন ভো?

রণদাবাবু। আজে, চেষ্টা ক'রব। কন্ত ঐ ভাবের কল্পনা করতেই বেন মাথা ঘুরে যাচ্ছে।

স্বামীজী। ছবিধানি এঁকে আমাকে দেখাবেন। ভারপর আমি উহা সর্বাঙ্গদশ্যর করতে যা যা দরকার, তা আপনাকে ব'লে দেবো।

অতঃপর স্বামীজী বামকৃষ্ণ মিশনের সীলমোহরের জল্প বিকশিত-কমলদলযুক্ত হ্রদমধ্যে হংসবিরাজিত সর্পবেষ্টিত বে কৃত্র ছবিটি করিয়াছিলেন, তাহা আনাইয়া রণদাবাবুকে দেখাইয়া তৎসম্বন্ধে নিজ মতামত প্রকাশ করিতে বলিলেন। রণদাবাবু প্রথমে উহার মর্মগ্রহণে অসমর্থ হইয়া স্বামীজীকেই উহার অর্থ জিজ্ঞাসা করিলেন। স্বামীজী বুঝাইয়া দিলেন:

চিত্রস্থ তরকায়িত সলিলরাশি—কর্মের, কমলগুলি—ভক্তির এবং উদীয়মান প্র্টি—জ্ঞানের প্রকাশক। চিত্রগত সর্পপরিবেষ্টনটি—ধোগ এবং জাগ্রত ক্ওলিনীশক্তির পরিচায়ক। আর চিত্রমধ্যস্থ হংসপ্রতিকৃতিটির অর্থ পরমাত্মা। অতএব কর্ম ভক্তি ও জ্ঞান, ধোগের সহিত সন্মিলিত হইলেই পরমাত্মার সন্দর্শন লাভ হয়—চিত্রের ইহাই অর্থ।

রণদাবাবু চিত্রটির ঐরপ অর্থ শুনিয়া নির্বাক হইয়া রহিলেন। কিছুকণ পরে বলিলেন, 'আপনার নিকটে কিছুকাল শিল্পকলাবিভা শিখতে পারলে আমার বাস্তবিক উন্নতি হ'তে পারত।'

অতঃপর ভবিশ্বতে শ্রীরামক্ত্ণ-মন্দির বেভাবে নির্মাণ করিতে তাঁহার ইচ্ছা, স্বামীজী তাহারই একথানি চিত্র (Drawing) স্থানাইলেন। চিত্রধানি

^{ু&}gt; শিক্ত তথন রণদাবাব্র সঙ্গে একত্র থাকিত। তিনি দেখিরাছিলেন, রণদাবাবু বাড়ি কিরিরা পরদিন হইতেই ঐ প্রলয়তাওবোন্মত চঙীমূর্তি আঁকিতে আরম্ভ করেন। কিন্তু চিত্রখানি সম্পূর্ণ হয় নাই, এবং বামীজীকে দেখানোও হয় নাই।

শামী বিজ্ঞানানন্দ শামীশীর পরামর্শমত আঁকিয়াছিলেন। চিত্রপানি রণদাবাবুকে দেখাইতে দেখাইতে বলিতে লাগিলেন:

এই ভাবী মঠমন্দিরটির নির্মাণে প্রাচ্য ও পাশ্চাত্য ধারতীয় শিল্পকলার একত সমাবেশ করবার ইচ্ছা আছে আমার। পৃথিবী ঘুরে গৃহশিৱসম্বদ্ধে ৰত সৰ idea (ভাৰ) নিয়ে এসেছি, ভার সৰগুলিই এই মন্দিরনির্মাণে বিকাশ করবার চেষ্টা ক'রব। বহুসংখ্যক জড়িত শুল্কের উপর একটি প্রকাণ্ড নাটমন্দির তৈরী হবে। তার দেওয়ালে শত সহস্র প্রফুর কমল ফুটে থাকবে। হান্ধার লোক যাতে একত ব'সে ধ্যানত্তপ করতে পারে, নাটমন্দিরটি এমন বড় ক'রে নির্মাণ করতে হবে। আর শ্রীরামক্তঞ্চ-মন্দির ও নাটমন্দিরটি এমন ভাবে একত্র গড়ে তুলতে হবে যে দূর থেকে দেখলে ঠিক 'ওঁকার' বলে ধারণা হবে। মন্দিরমধ্যে একটি রাজহংসের উপর ঠাকুরের মৃতি থাকবে। দোরে ছদিকে ছটি ছবি এইভাবে থাকবে—একটি সিংহ ও একটি মেষ বন্ধভাবে উভয়ে উভয়ের গা চাটছে—অর্থাৎ মহাশক্তি ও মহানম্রতা বেন প্রেমে একত্ত দমিলিত হয়েছে। মনে এই সব idea (ভাব) রয়েছে; এখন জীবনে কুলোয় তো কাজে পরিণত ক'রে যাব। নতুবা ভাবী generation (বংশীরেরা) ঐগুলি ক্রমে কাব্দে পরিণত করতে পারে তো করবে। আমার মনে হয়, ঠাকুর এসেছিলেন দেশের সকল প্রকার বিছা ও ভাবের ভেতরেই প্রাণসঞ্চার করতে। সেজ্জ ধর্ম কর্ম বিভা জ্ঞান ভক্তি-সমন্তই যাতে এই মঠকেন্দ্র থেকে জগতে ছড়িয়ে পড়ে, এমনভাবে ঠাকুরের এই মঠটি গড়ে তুলতে হবে। এ বিষয়ে আপনারা আমার সহার হউন।

রণদাবার এবং উপস্থিত সন্নাদী ও ব্রহ্মচারিপণ স্বামীজীর কথাগুলি শুনিয়া অবাক হইয়া বলিয়া রহিলেন। বাঁহার মহৎ উদার মন দকল বিষয়ের দকল প্রকার মহান্ ভাবরাশির অদৃষ্টপূর্ব ক্রীড়াভূমি ছিল, দেই স্বামীজীর মহত্বের কথা ভাবিয়া দকলে একটা অব্যক্তভাবে পূর্ণ হইয়া তাক হইয়া রহিলেন।

অল্পৰ পরে স্বামীজী আবার বলিলেন:

আপনি শিল্পবিভার ষথার্থ আলোচনা করেন বলেই আৰু ঐ সছদ্ধে এত চর্চা হচ্ছে। শিল্পসংক্ষে এতকাল আলোচনা ক'রে আপনি ঐ বিষয়ের যা কিছু সার ও সর্বোচ্চ ভাব পেয়েছেন, ভাই এখন আমাকে বলুন। রণদাবার্। মহাশর, আমি আপনাকে নৃতন কথা কি শোনাব, আপনিই ঐ বিষয়ে আৰু আমার চোথ ফুটিয়ে দিলেন। শিল্পসম্থ এমন জ্ঞানগর্জ কথা এ জীবনে আর কথনও শুনিনি। আশীর্বাদ করুন, আপনার নিকট বে-সকল ভাব পেলাম, তা যেন কাজে পরিণত করতে পারি।

অতঃপর স্বামীজী আসন হইতে উঠিয়া ময়দানে ইতস্ততঃ বেড়াইডে বেড়াইতে শিশুকে বলিলেন, 'ছেলেটি থুব তেজমী'।

শিশু। মহাশন্ধ, আপনার কথা শুনিয়া অবাক হইয়া গিয়াছে।
স্বামীকী শিশুের ঐ কথার কোন উত্তর না দিয়া আপন মনে গুনগুন করিয়া
ঠাকুরের একটি গান গাহিতে লাগিলেন—'পরম ধন সে পরশমণি' ইত্যাদি।

এইরপে কিছুক্ষণ বেড়াইবার পর স্বামীন্ধী মৃথ ধুইয়া শিগুসঙ্গে উপরে নিজের ঘরে প্রবেশ করিলেন এবং 'Encyclopædia Britannica' পুস্তকের শিল্প-সম্বদীয় অধ্যায়টি কিছুক্ষণ পাঠ করিলেন। পাঠ সাক্ষ হইলে পূর্বক্ষের কথা এবং উচ্চারণের ঢং অন্তকরণ করিয়া শিশ্বের সঙ্গে সাধারণভাবে ঠাটাভামাসা করিতে লাগিলেন।

98

স্থান—বেলুড় মঠ কাল—মে (শেব ভাগ), ১৯০১

খামীজী করেকদিন হইল পূর্ববন্ধ ও আদাম ইইতে ফিরিয়া আদিয়াছেন।
শরীর অহন্ত, পা ফুলিয়াছে। শিশু আদিয়া মঠের উপর তলায় খামীজীর
কাছে গিয়া প্রণাম করিল। শারীরিক অহন্তাসম্বেও খামীজীর সহাস্থ বদন ও স্বেহ্মাথা দৃষ্টি সকল হৃঃথ ভূলাইয়া সকলকে আত্মহারা করিয়া দিত।
শিশু। খামীজী, কেমন আছেন ?

স্বামীজী। আর বাবা, থাকাথাকি কি? দেহ তো দিন দিন অচল হচ্ছে। বাঙলাদেশে এসে শরীর ধারণ করতে হয়েছে, শরীরে রোগ লেগেই আছে। এদেশের physique (শারীরিক গঠন) একেবারে ভাল নয়। বেশী কাজ করতে গেলেই শ্রীর বয় না। তবে বে-কটা দিন দেহ আছে, তোদের জন্ম খাটব। খাটতে খাটতে ম'রব।

শিশ্ব। আপনি এখন কিছুদিন কাজকর্ম ছাড়িয়া খির হইয়া থাকুন, ভাহা হইলেই শরীর সারিবে। এ দেহের রক্ষায় জগতের মঙ্গল।

স্বামীজী। বদে থাকবার জো আছে কি বাবা! ঐ বে ঠাকুর যাকে 'কালী, কালী' ব'লে ডাকডেন, ঠাকুরের দেহ রাথবার ছ-ডিন দিন আগে সেইটে এই শনীরে ঢুকে গেছে; সেইটেই আমাকে এদিক ওদিক কাজ করিয়ে নিয়ে বেড়ার, স্থির হয়ে থাকতে দেয় না, নিজের স্থাের দিক দেখতে দেয় না!

শিষ্য। শক্তি-প্রবেশের কথাটা কি রূপকচ্ছলে বলিতেছেন ?

খামীজী। নারে। ঠাকুরের দেহ যাবার তিন-চার দিন আগে তিনি আমাকে একাকী একদিন কাছে ডাকলেন। আর সামনে বদিরে আমার দিকে একদৃটে চেয়ে সমাধিছ হয়ে পড়লেন। আমি তথন ঠিক অফ্ভব করতে লাগল্ম, তাঁর শরীর থেকে একটা ক্ষ ডেজ electric shock (ডড়িং-কম্পন)-এর মতো এসে আমার শরীরে চুকছে! ক্রমে আমিও বাছজ্ঞান হারিয়ে আড়ট হয়ে গেল্ম। কভক্ষণ এরপভাবে ছিল্ম, আমার কিছু মনে পড়ে না; যখন বাহু চেতনা হ'ল, দেখি ঠাকুর কাদছেন। জিজ্ঞাসা করায় ঠাকুর সম্মেহে বললেন, 'আজ যথাসর্বস্ব তোকে দিয়ে ককির হল্ম! তুই এই শজিতে জগতের অনেক কাজ ক'রে তবে ফিরে যাবি।' আমার বোধ হয়, ঐ শজিই আমাকে এ-কাজে সে-কাজে কেবল ঘ্রোয়। বসে থাকবার জয় আমার এ দেহ হয়নি।

শিশু অবাক হইরা শুনিতে শুনিতে ভাবিতে লাগিল, এ-সকল কথা সাধারণ লোকে কিভাবে ব্ঝিবে, কে জানে! অনস্তর ভিন্ন প্রশান করিরা বলিল, 'মহাশয়, আমাদের বাঙাল দেশ (পূর্ববল) আপনার কেমন লাগিল ?' যামীজী। দেশ কিছু মন্দ নয়, মাঠে দেখলুম পুব শশু ফলেছে। আবহাওয়াও মন্দ নয়; পাহাড়ের দিকের দৃশ্য অতি মনোহর। ব্রহ্মপুত্র valley-র (উপভ্যকার) শোভা অতুলনীয়। আমাদের এদিকের চেয়ে লোকগুলো কিছু মজৰ্ত ও কর্মঠ। তার কারণ বোধ হর, মাছ-মাংসটা খ্ব থায়; বা করে, থ্ব গোঁয়ে করে। খাওয়া-দাওয়াতে খ্ব ভেল-চর্নি দের; ওটা ভাল নয়। ভেল-চর্বি বেশী থেলে শরীরে মেদ জয়ে।

শিশ্র। ধর্মভাব কেমন দেখিলেন ?

ষামীজী। ধর্মভাব সহক্ষে দেখলুম—দেশের লোকগুলো বড় conservative (রক্ষণনীল); উদারভাবে ধর্ম করতে গিয়ে আবার আনেকে fanatic (ধর্মোয়াদ) হয়ে পড়েছে। ঢাকার মোহিনীবার্র বাড়িতে একদিন একটি ছেলে একধানা কার photo (প্রভিক্তি) এনে আমার দেখালে এবং বললে, 'মহাশয়, বলুন ইনি কে, অবতার কি না?' আমি তাকে আনেক ব্ঝিয়ে বলল্ম, 'তা বাবা, আমি কি জানি?' তিন-চার বার বললেও সে ছেলেটি দেখলুম কিছুতেই তার জেদ হাড়ে না। অবশেষে আমাকে বাধ্য হয়ে বলতে হ'ল, 'বাবা, এখন থেকে ভাল ক'রে খেয়ো-দেয়ো, তা হ'লে মন্তিক্ষের বিকাশ হবে। পুষ্টিকর খাছাভাবে তোমার মাথা বে শুকিয়ে গেছে।' এ-কথা শুনে বোধ হয় ছেলেটির অসস্ভোব হয়ে থাকবে। তা কি ক'রব বাবা, ছেলেদের এরপ না বললে তারা যে জ্বমে পাগল হয়ে দাড়াবে।

শিশ্য। আমাদের পূর্ববাঙলায় আঞ্চলাল অনেক অবভারের অভ্যুদয় হইভেছে! বামীলী। গুরুকে লোকে অবভার বলভে পারে, ষা ইচ্ছা ভাই ব'লে ধারণা করবার চেষ্টা করভে পারে। কিন্তু ভগবানের অবভার ষধন ভখন বেধানে সেধানে হয় না। এক ঢাকাভেই শুনলুম, ভিন-চারটি অবভার দাড়িয়েছে!

শিশু। ওদেশের মেয়েদের কেমন দেখিলেন ?

খামীজী। সেয়েরা সর্বঅই প্রায় একরপ। বৈফব-ভাবটা ঢাকার বেশী দেখলুম। 'হ—'র স্ত্রীকে খুব intelligent (বৃদ্ধিমতী) ব'লে বোধ হ'ল। সে খুব ষত্ম ক'রে আমায় রেঁধে ধাবার পাঠিয়ে দিত।

শিত। ওনিলাম, নাগ-মহাশয়ের বাড়ি নাকি গিয়াছিলেন 📍

খামীজী। হাঁ, খামন মহাপুরুষ ! এতদ্র গিরে তাঁর জন্মহান দেখব না ?
নাগ-মহাণরের স্ত্রী আমার কত বেঁধে খাওয়ালেন ! বাড়িখানি কি
মনোরম—বেন শান্তি-আশ্রম ! ওখানে গিয়ে এক পুকুরে সাঁতার

কেটে নিম্নেছিল্ম। ভারপর, এনে এমন নিজা দিল্ম বে বেলা ২।টা।
ভামার জীবনে বে-কর দিন স্থনিতা হরেছে, নাগ-মহাশরের বাড়ির
নিজা ভার মধ্যে এক দিন। ভারপর উঠে প্রচুর আহার। নাগমহাশরের স্থী একখানা কাপড় দিরেছিলেন। সেইখানি মাধার বেঁধে
ঢাকার রওনা হল্ম। নাগ-মহাশরের ফটো প্লা হর. দেখল্ম। ভার
সমাধিস্থানটি বেশ ভাল ক'রে রাখা উচিত। এখনও—বেমন হওরা
উচিত, তেমন হরনি।

শিশু। মহাশয়, নাগ-মহাশয়কে ও-দেশের লোকে তেমন চিনিতে পারে নাই।

স্বামীজী। ও-সব মহাপুরুষকে সাধারণে কি বুঝবে ? যারা তাঁর সক পেরেছে, তারাই ধক্ত।

শিষ্য। কামাখ্যা (আসাম) গিয়া কি দেখিলেন ?

বামীজী। শিলং পাহাড়টি অতি ফুলর। সেধানে চীফ কমিশনার কটন (Chief Commissioner Mr. Cotton) সাহেবের সঙ্গে দেখা হয়েছিল। তিনি আমার জিঞ্জাসা করেছিলেন—'আমীজী! ইওরোপ ও আমেরিকা বেড়িয়ে এই দ্র পর্বতপ্রান্তে আপনি কি দেখতে এসেছেন?' কটন সাহেবের মতো অমন সদাশয় লোক প্রায় দেখা যায় না। আমার অহুখ শুনে সরকারী ডাক্তার পাঠিয়ে দিয়েছিলেন। হবেলা আমার খবর নিজেন। সেধানে বেশী লেকচার-ফেকচার করতে পারিনি; শরীর বড় অহুত্ব হয়ে পড়েছিল। রান্ডায় নিতাই খুব সেবা করেছিল।

শিয়। সেধানকার ধর্মভাব কেমন দেখলেন ?

খামীজী। তন্তপ্রধান দেশ। এক 'হঙ্কর'দেবের নাম শুনলুম, থিনি ও-অঞ্চলে অবতার ব'লে পৃঞ্জিত হন। শুনলুম, তাঁর সম্প্রদায় 'ধুব বিস্তৃত। ঐ 'হঙ্কর'দেব শঙ্কাচার্বেরই নামান্তর কি না ব্যতে পারলাম না। ওরা ত্যাগী—বোধ হর, তান্তিক সন্ন্যাসী কিংবা শঙ্কাচার্বেরই সম্প্রদায়-বিশেষ।

শতংশর শিশু বলিল, 'মহাশর, ও-দেশের লোকেরা বোধ হয় নাগ-মহাশরের মতো আপনাকেও ঠিক ব্ঝিতে পারে নাই।'

- বামীনী। আমার বৃত্তক আর নাই বৃত্তক—এ অঞ্চলের লোকের চেরে

 কিছ তাদের রজোগুণ প্রবল; কালে সেটা আরও বিকাশ হবে।

 বেরপ চাল-চলনকে ইদানীং সভ্যতা বা শিষ্টাচার বলা হর, সেটা এখনও
 ও-অঞ্চলে ভালরপে প্রবেশ করেনি। সেটা ক্রমে হবে। সকল সময়ে

 capital (রাজধানী) থেকেই ক্রমে প্রদেশসকলে চাল-চলন আদবকারদার বিভার হয়। ও-দেশেও তাই হচ্ছে। বে দেশে নাগমহাশরের মতো মহাপুরুষ জন্মার, সে দেশের আবার ভাবনা? তাঁর
 আলোভেই পূর্বক উজ্জল হয়ে আছে।
- শিশু। কিন্তু মহাশন্ত্র, সাধারণ লোক তাঁহাকে তত জানিত না ; তিনি বড় শুপ্তভাবে ছিলেন।
- বামীলী। ও-দেশে আমার থাওয়া-দাওয়া নিয়ে বড় গোল ক'য়ত। ব'লত—
 ওটা কেন থাবেন, ওর হাতে কেন থাবেন, ইড্যাদি। ডাই বলডে
 হ'ত—আমি তো সয়্যাসী-ফকির লোক, আমার আবার আচার কি ?
 তোদের শাত্রেই না বলছে, 'চরেয়াধুকরীং বৃত্তিমণি মেচ্ছকুলাদণি।''
 তবে অবশু বাইরের আচার ভেতরে ধর্মের অফুভৃতির জগু প্রথম
 প্রথম চাই; শাল্পজানটা নিজের জীবনে practical (কার্যকর)
 ক'রে নেবার জগু চাই। ঠাকুরের সেই পাঁজি নেওড়ানো জলের
 কথা' ওনেছিল তো? আচার-বিচার কেবল মাহুষের ভেতরের মহাশক্তিক্রনের উপায় মাত্র। যাতে ভেতরের সেই শক্তি জাগে, যাতে
 মাহুষ ভার বরুপ ঠিক ঠিক ব্রুতে পারে, তাই হচ্ছে সর্বশান্তের উদ্দেশ্ত।
 উপায়গুলি বিধিনিবেধাল্মক। উদ্দেশ্ত হারিয়ে থালি উপায় নিয়ে ঝগড়া
 করলে কি হবে? যে দেশেই যাই, দেখি উপায় নিয়েই লাঠালাঠি
 চলেছে। উদ্দেশ্তর দিকে লোকের নজর নেই, ঠাকুর ঐটি দেখাতেই
 এনেছিলেন। 'অফুভৃতি'ই হচ্ছে সার কথা। হাজার বংসর গলালান
 কর্, আর হাজার বংসর নিয়ামির থা—ওতে বদি আল্ববিকাশের

> সাধুকরী ভিক্ষা ফ্রেচ্ছজাতি হইতেও গ্রহণ করিবে।

২ পাঁজিতে লে্থা থাকে—'এ বংসর বিশ আড়া জল হবে'. কিন্তু পাঁজিথানা নেঙড়ালে এক কৌটা' জলও পড়ে না। সেইরূপ, ভাজে লেথা আছে, 'এইরূপ এইরূপ করলে ঈবরদর্শন হয়'; না ক'রে কেবল শান্ত নিয়ে নাড়াচাড়া করলে কিছুই কল পাওয়া বায় না।

সহারতা না হর, তবে জানবি সর্বৈব বৃথা হ'ল। আর আচার-বর্জিত হরে যদি কেউ আত্মদর্শন করতে পারে, তবে সেই অনাচারই শ্রেষ্ঠ আচার। তবে আত্মদর্শন হলেও লোকসংখিতির জ্বন্স আচার কিছু কিছু মানা ভাল। মোট কথা মনকে একনিষ্ঠ করা চাই। এক বিষয়ে নিষ্ঠা হ'লে মনের একাগ্রতা হয় অর্থাৎ মনের অক্ত বৃত্তিগুলি নিবে গিয়ে এক বিষয়ে একতানতা হয়। অনেকের—বাহ্য আচার বা বিধিনিবেধের জালেই সব সময়টা কেটে যায়, আত্মচিন্তা আর করা হয় না। দিনরাত বিধিনিষেধের গণ্ডির মধ্যে থাকলে আত্মার প্রদার হবে কি ক'রে? বে বডটা আত্মাহভূতি করতে পেরেছে, তার বিধিনিবেধ ভড়ই কমে যায়। আচার্য শব্দন্ত বলেছেন, 'নিজৈগুণ্যে পথি বিচরতাং কো বিধিঃ কো নিষেধঃ ?'' অভএৰ মূলকথা হচ্ছে—অহভৃতি। তাই জানবি goal (উদ্দেশ্য বা লক্ষ্য); মত-পথ, রাস্থা মাত্র। কার কভটা ভ্যাগ হয়েছে, এইটি জানবি উন্নতির test (পরীক্ষা), কষ্টিপাণর। কাম-কাঞ্চনের আসন্ধি যার মধ্যে দেখবি কমতি--সে যে-মতের যে-পথের লোক হোক না কেন, জানবি তার শক্তি জাগ্রত হচ্ছে, জানবি ভার আত্মাহভূতির দোব খুলে গেছে। আর হাজার আচার মেনে চল্, হাজার শ্লোক আওড়া, ভরু যদি ভ্যাগের ভাব না এদে থাকে ভো জানবি — জীবন বুথা। এই অহুভূতিলাভে তৎপর হ, লেগে যা। শান্ত-টাম্ব ভো ঢের পড়লি। বল্ দিকি, ভাতে হ'ল কি? কেউ টাকার চিন্তা ক'রে ধনকুবের হয়েছে, তুই না হয় শাস্ত্রচিন্তা ক'রে পণ্ডিত एसिছिन। উভয়ই বন্ধন। পরাবিভালাভে বিভা-অবিভার পারে চলে যা। শিশ্ব। মহাশন্ন, আপনার রূপান্ন সব ব্ঝি, কিন্তু কর্মের ফেরে ধারণা করিতে পারি না।

খামীজী। কর্ম-ফর্ম ফেলে দে। তুই-ই পূর্বজন্ম কর্ম ক'রে এই দেহ পেরেছিস—এ-কথা ধদি সভ্য হয়, ভবে কর্মধারা কর্ম কেটে তুই আবার কেন না এ দেহেই জীবস্কু হবি ? জানবি, মৃক্তি বা আত্মজান ভোর নিজের হাতে রয়েছে। জ্ঞানে কর্মের লেশমাত্র নেই। ভবে বারা

১ গুণাতীত অবস্থার বাঁহারা বিচরণ করেন, তাঁহাদের কোন বিধিনিবেধ নাই।

জীবনুক্ত হয়েও কাজ করে, তারা জানবি 'পরহিতার' কর্ম করে।
তারা ভাল-মন্দ ফলের দিকে চার না, কোন বাসনা-বীজ তাদের
মনে খান পার না। সংসারশ্রিমে থেকে ঐরপ বর্ধার্থ 'পরহিতার' কর্ম
করা একপ্রকার অসম্ভব—জানবি। সমগ্র হিন্দুপাল্পে ঐ-রিবরে এক
জনক রাজার নামই আছে। তোরা কিছ এখন বছর বছর ছেলে
জন্ম দিরে ঘরে ঘরে 'জনক' হ'তে চাস্।

শিয়। আপনি রূপা করুন, বাহাতে আত্মাহুভূতিলাভ এ শরীরেই হয়। স্বামীনী। ভর কি? মনের একান্তিকতা পাকলে, আমি নিশ্চর বলছি, এ ক্রেই হবে; ভবে পুরুষকার চাই। পুরুষকার কি জানিস? আত্মজ্ঞান লাভ করবই ক'রব, এতে বে বাধাবিপদ সামনে পড়ে, তা কাটাবই কাটাব-এইরূপ দৃঢ় সংকল্প। মা-বাপ, ভাই-বন্ধু, জী-পুত্র মরে মরুক, এ দেহ থাকে থাক, যায় যাক, আমি কিছুতেই ফিরে চাইব না, ষভক্ষণ না আমার আত্মদর্শন ঘটে-এইরপে সকল বিষয় উপেকা ক'রে একমনে নিঞ্চের goal (লক্ষ্য)-এর দিকে অগ্রসর হ্বার চেষ্টার নামই পুরুষকার। নতুবা অস্ত পুরুষকার তো পণ্ড-পক্ষীরাও করছে। মাহুষ এ দেহ পেয়েছে কেবলমাত্র সেই আত্মজানলাভের অক্ত। সংসারে সকলে যে-পথে বাচ্ছে, তুইও কি সেই স্রোভে গা ঢেলে চলে যাবি? তবে আর ডোর পুরুষকার কি? সকলে তেঃ মরতে বলেছে! তুই যে মৃত্যু জয় করতে এসেছিল। মহাবীরের মতো অগ্রসর হ। কিছুতেই জ্রম্পে করবিনি। ক-দিনের জ্ঞাই বা শরীর ? ক-দিনের জন্তই বা হৃথ-ছঃখ ? যদি মানবদেহই পেয়েছিস, ভবে ভেভরের আত্মাকে কাগা আর বল্—আমি অভয়-পদ পেয়েছি। বল্—আমি দেই আ্থা, যাতে আমার কাঁচা আমিছ ডুবে গেছে। এই ভাবে সিদ্ধ হয়ে বা; তারপর বডদিন দেহ থাকে, ডডদিন অপরকে এই মহাবীর্ঘ-প্রদ নির্ভয় বাণী শোনা—'তত্বমদি', 'উত্তিষ্ঠত কাগ্রভ প্রাণ্য বরান্ নিবোধত।' এটি হ'লে তবে জানব বে তুই বথাৰ্থই একগুঁরে বাঙাল।

90

স্থান—বেলুড় মঠ কাল—(জুন), ১>•১

শনিবার বৈকালে শিশু মঠে আসিরাছে। স্বামীজীর শরীর ডত স্থ নছে,
শিলং পাহাড় হইড়ে অস্থ হইয়া অর দিন হইল প্রত্যাবর্তন করিরাছেন।
তাঁহার পা ফুলিয়াছে, সমন্ত শরীরেই যেন জলসঞ্চার হইয়াছে; গুরুজ্রাতাগণ
সেই জন্ম বড়ই চিস্তিত। স্বামীজী কবিরাজী ঔষধ ধাইতে স্বীকৃত হইয়াছেন।
আসামী মন্লবার হইতে স্ন ও জল বন্ধ করিরা 'বাধা' ঔষধ ধাইতে হইবে।
আজ রবিবার।

শিষ্য। মহাশর, এই দারুণ গ্রীমকাল! তাহাতে আবার আপনি ঘণ্টার ৪।৫
বার করিয়া জল পান করেন, এ সমরে জল বন্ধ করিয়া ঔষধ
খাওয়া আপনার অসহ হইবে।

খামীজী। তুই কি বলছিল? ঔষধ খাওয়ার দিন প্রাত্ত 'আর জলপান ক'রব না' ব'লে দৃঢ় সংকর ক'রব, তারপর সাধ্যি কি জল আর কণ্ঠের নীচে নাবেন! তখন একুণ দিন জল আর নীচে নাবতে পারছেন না। শরীরটা তো মনেরই খোলদ। মন যা বলবে, সেইমত তো ওকে চলতে হবে, ভবে আর কি? নিরঞ্জনের অহ্বোধে আমাকে এটা করতে হ'ল, ওদের (গুরুলাতাদের) অহ্বোধ তো আর উপেক্ষা করতে পারিনে।

বেলা প্রায় ১০টা। স্বামীজী উপরেই বসিয়া আছেন। শিশ্তের সঙ্গে প্রসন্নবদনে মেয়েদের জন্ত যে ভাবী মঠ করিবেন, সে বিষয়ে বলিভেছেন:

মাকে কেন্দ্র ক'রে গলার পূর্বভটে মেরেদের জন্ম একটি মঠ স্থাপন করতে হবে। এ মঠে বেমন ব্রহ্মচারী সাধু—সব ভৈরী হবে, ওপারে মেরেদের মঠেও ভেমনি ব্রহ্মচারিণী সাধনী—সব ভৈরী হবে।

শিশ্ব। মহাশয়, ভারতবর্ষে বহু পূর্বকালে মেয়েদের জন্ম তো কোন মঠের কথা ইতিহালে পাওয়া বার না। বৌদ্ধর্গেই জী-মঠের কথা তনা বার। কিন্ত উহা হইতে কালে নানা ব্যভিচার আদিয়া পড়িয়াছিল, ঘোর বামাচারে দেশ পর্যুদ্ত হইয়া পিয়াছিল।

- শামীনী। এদেশে প্রুষ-মেরেতে এতটা তফাত কেন বে করেছে, তা বোঝা কঠিন। বেদান্তপাল্লে তো বলেছে, একই চিৎসতা সর্বভূতে বিরাজ করছেন। তোরা মেরেদের নিন্দাই করিস, কিন্ত তাদের উরতির জন্ত কি করেছিস বল্ দেখি? শৃতি-ফৃতি লিখে, নিয়ম-নীতিতে বন্ধ ক'রে এদেশের প্রুষেরা মেরেদের একেবারে manufacturing machine (উৎপাদনের যন্ত্র) ক'রে তুলেছে! মহামায়ার সাক্ষাৎ প্রতিমা এইসব মেরেদের এখন না তুললে বুঝি ভোদের আর উপায়ান্তর আছে?
- শিশু। মহাশয়, জীজাতি সাক্ষাৎ মায়ার মূর্তি। মাছবের অধঃপতনের জল্প বেন উহাদের স্থান্ট হইয়াছে। জীজাতিই মায়া ছারা মানবের জ্ঞান-বৈরাগ্য আবরিত করিয়া দেয়। সেইজগুই বোধ হয় শাস্ত্রকার বিলয়াছেন, উহাদের জ্ঞানভক্তি কথনও হইবে না।
- স্বামীজী। কোন্ শাস্ত্রে এমন কথা আছে যে মেরেরা জ্ঞান-ভক্তির অধিকারিণী হবে না ? ভারতের অধ:পতন হ'ল ভটচায-বামুনরা বাদ্দণেতর জাতকে ষথন বেদপাঠের অন্ধিকারী ব'লে নির্দেশ করলে, সেই সময়ে মেয়েদেরও সকল অধিকার কেড়ে নিলে। নতুবা বৈদিক ষ্গে, উপনিষদের যুগে দেখতে পাবি—বৈত্তেয়ী গার্গী প্রভৃতি প্রাতঃ-শ্বরণীয়া মেয়েরা একবিচারে ঋষিস্থানীয়া হয়ে রয়েছেন। ছাজার বেদজ্ঞ ব্রাহ্মণের সভায় গার্গী সগর্বে যাক্তবন্ধ্যকে ব্রহ্মবিচারে আহ্বান করেছিলেন। এ-সৰ আদর্শহানীয়া মেয়েদের যখন অধ্যাত্মজ্ঞানে অধিকার ছিল, তথন মেয়েদের সে অধিকার এথনই বা থাকবে না কেন? একবার যা ঘটেছে, তা আবার অবশ্র ঘটতে পারে। History repeats itself (ইভিহাসের পুনরাবৃত্তি হয়)। মেরেদের পূজা করেই সব জাভ বড় হয়েছে। ষে-দেশে, ষে-জাভে মেয়েদের পূজা নেই, দে-দেশ---সে-ছাভ কথনও বড় হ'তে পারেনি, কমিন্ কালে পারবেও না। তোদের জাতের যে এত অধংপতন ঘটেছে, তার প্রধান কারণ এইসব শক্তিমৃতির অবমাননা করা। মহ বলেছেন, 'যত্ত নার্যন্ত পূজান্তে রমক্তে তত্ত্ব দেবতা:। যত্ত্তৈভাল্থ ন পূল্যক্তে পর্বান্ততাফলা: ক্রিয়া:॥''

^{ু&}gt; বেথানে নারীগণ পৃঞ্জিতা হন, সেখানে দেবতারা প্রসন্ন। বেধানে নারীগণ সম্মানিতা হন না, সেধানে সকল কাজই নিম্মল।—সমুসংহিতা, ৩/৫৬

বেখানে স্ত্রীলোকের আদর নেই, স্ত্রীলোকেরা নিরানন্দে অবস্থান করে, সে সংসারের—সে দেশের কথন উন্নতির আশা নেই। এ-জন্ম এদের আগে তুলতে হবে—এদের অস্ত আদর্শ মঠ স্থাপন করতে হবে।

- শিশু। মহাশর, প্রথমবার বিলাভ হইতে আসিরা আপনি স্টার থিরেটারে বক্তৃতা দিবার কালে ভন্তকে কত গালমন্দ করিয়াছিলেন। এখন আবার ভন্ত্র-সমর্থিত স্ত্রী-পূজার সমর্থন করিয়া নিজের কথা নিজেই যে বদলাইভেছেন।
- খামীজী। তত্ত্বের বামাচার-মতটা পরিবর্তিত হরে এখন বা হয়ে দাঁড়িয়েছে, আমি তারই নিন্দা করেছিলুম। তত্ত্বোক্ত মাতৃভাবের অথবা ঠিক ঠিক বামাচারেরও নিন্দা করিনি। ভগবতীজ্ঞানে মেয়েদের পূজা করাই তত্ত্বের অভিপ্রায়। বৌদ্ধর্মের অধঃপতনের সময় বামাচারটা ঘোর দ্বিত হয়ে উঠেছিল, সেই দ্বিত ভাবটা এখনকার বামাচারে এখনও রয়েছে; এখনও ভারতের তত্ত্বশাস্ত্র ঐ ভাবের বারা influenced (প্রভাবিত) হয়ে য়য়েছে। ঐ সকল বীভৎস প্রথারই আমি নিন্দা করেছিল্ম—এখনও তো তা করি। বে মহামায়ার রুপরসাত্মক বাহ্ববিকাশ মাহ্ববকে উন্নাদ ক'রে রেখেছে, তারই জ্ঞান-ভক্তি-বিবেক-বৈরাগ্যাদি আন্তর্মবিকাশে আবার মাহ্বকে সর্বজ্ঞ সিদ্ধসংকল্প ব্রমজ্ঞ ক'রে দিছ্ছে—সেই মাতৃর্মপিনীর ক্ষ্ববিগ্রহেশ্বর্মপিনী মেয়েদের পূজা করতে আমি কখনই নিষেধ করিনি। 'সৈবা প্রসল্লা বরদা নূণাং ভবতি মৃক্তরে''—এই মহামায়াকে পূজা প্রণতি বারা প্রসল্লা না করতে পারলে সাধ্য কি বন্ধা বিষ্ণু পর্যন্ত তাঁর হাত ছাড়িয়ে মৃক্ত হন? গৃহলন্দ্বীগণের পূজাকল্লে—তাদের মধ্যে বন্ধবিভাবিকাশকল্পে মেয়েদের মঠ ক'রে বাব।
- শিক্ত। আপনার উহা উত্তম সংকল্প হইতে পারে, কিন্তু মেলে কোথায় পাইবেন ? সমাজের কঠিন বন্ধনে কে কুলবধ্দের স্থী-মঠে যাইতে অনুমতি দিবে ?
- খামীজী। কেন রে? এখনও ঠাকুরের কত ভক্তিমতী মেয়েরা রয়েছেন। তাঁদের দিয়ে জী-মঠ start (আরম্ভ) ক'রে দিয়ে বাব।

⁾ हवी. अरब

- শ্রীনাতাঠাকুরানী তাঁদের central figure (কেন্ত্রন্থরণা) হরে বসবেন। আর শ্রীনামকুফদেবের ভক্তদের স্থী-কন্তারা ওধানে প্রথমে বাস করবে। কারণ, তারা এরণ স্থী-মঠের উপকারিতা সহজেই ব্যতে পারবে। তারপর তাদের দেখাদেখি কত গেরস্থ এই মহাকার্যে সহার হবে।
- শিক্ত। ঠাকুরের ভক্তেরা এ কার্যে অবশ্রুই যোগ দিবেন। কিন্তু সাধারণ লোকে এ কার্যে সহায় হইবে বলিয়া মনে হয় না।
- শামীন্দ্রী। জগতের কোন মহৎ কাজই sacrifice (ত্যাগ) ভিন্ন হয়নি।
 বটগাছের অঙ্কুর দেখে কে মনে করতে পারে—কালে উহা প্রকাণ্ড
 বটগাছ হবে ? এখন তো এইভাবে মঠন্থাপন ক'রব। পরে দেখবি, একআধ generation (পুরুষ) বাদে ঐ মঠের কদর দেশের লোক ব্যতে
 পারবে। এই যে বিদেশী মেয়েরা আমার চেলী হয়েছে, এরাই এ-কাজে
 জীবনপাত ক'রে যাবে। তোরা ভয় কাপুরুষতা ছেড়ে এই মহৎ কাজে
 সহার হ। আর এই উচ্চ ideal (আদর্শ) সকল লোকের সামনে ধর্।
 দেখবি, কালে এর প্রভায় দেশ উজ্জ্বল হয়ে উঠবে।
- শিশ্ব। মহাশন্ন, মেন্নেদের জন্ত কিরূপ মঠ করিতে চাহেন, তাহার সবিশেষ বিষয়ণ আমাকে বলুন। শুনিবার বড়ই উৎসাহ হইতেছে।
- ষামীজী। গন্ধার ওপারে একটা প্রকাণ্ড জমি নেওয়া হবে। তাতে জবিবাহিতা কুমারীরা থাকবে, আর বিধবা ব্রন্ধচারিনীরা থাকবে। আর ভক্তিমতী গেরন্ডর মেয়েরা মধ্যে মধ্যে এসে অবস্থান করতে পাবে। এ মঠে পুরুষদের কোনরূপ সংশ্রব থাকবে না। পুরুষ-মঠের বয়োর্ছ্ব সাধুরা দ্র থেকে স্তী-মঠের কার্যভার চালাবে। জ্রী-মঠে মেয়েদের একটি স্থল থাকবে; তাতে ধর্মশাস্ত্র, সাহিত্য, সংস্কৃত, ব্যাকরণ, চাই কি—জয়বিত্তর ইংরেজীও শিক্ষা দেওয়া হবে। সেলাইয়ের কাজ, রায়া, গৃহকর্মের যাবতীয় বিধান এবং শিশুপালনের স্থল বিষয়গুলিও শেখানো হবে। আর জপ, ধ্যান, পূজা এ-সব তো শিক্ষার অন্ধ থাকবেই। বারা বাড়ি ছেড়ে একেবারে এখানে থাকতে পারবে, তাদের জয়বস্ত্র এই মঠ থেকে দেওয়া হবে। বারা তা পারবে না, তারা এই মঠে দৈনিক ছাত্রী-রূপে এসে পড়াগুনা করতে পারবে। চাই কি, মঠাধ্যক্ষের অভিমতে মধ্যে

যথ্যে এথানে থাকতে এবং ষভদিন থাকৰে থেতেও পাৰে। মেরেদের ব্রহ্মচর্যকল্পে এই মঠে বন্ধোবৃদ্ধা ব্রহ্মচারিণীরা ছাত্রীদের শিক্ষার ভার নেবে। এই মঠে ৫।৭ বৎসর শিক্ষার পর মেয়েদের অভিভাবকেরা ভাদের বিয়ে **मिएक भावत्य। त्याभाधिकाविमी ब'तम वित्यिक्त इ'तम अक्तिकावकामय** ষত নিম্নে ছাত্রীবা এখানে চিবকুমারী-ব্রভাবলম্বনে অবস্থান করতে পারবে। বারা চিরকুমারীত্রভ অবলম্বন করবে, ভারাই কালে এই মঠের শিক্ষরিত্রী ও প্রচারিকা হয়ে দাঁড়াবে এবং গ্রামে গ্রামে নগরে নগরে centres (শিক্ষাকেন্দ্র) খুলে মেয়েদের শিক্ষাবিস্তারে যত্ন করবে। চরিত্রবতী, ধর্মভাবাপরা এরপ প্রচারিকাদের ধারা দেশে যথার্থ স্ত্রী-শিক্ষার বিস্তার হবে। ধর্মপরায়ণতা, ত্যাগ ও সংব্য এখানকার ছাত্রীদের অলহার হবে; আর সেবাধর্ম তাদের জীবনত্রত হবে। এইরূপ আদর্শ জীবন দেখলে কে তাদের না সম্মান করবে—কেই বা তাদের অবিশাস করবে ? দেশের স্বীলোকদের জীবন এইভাবে গঠিত হ'লে ভবে ভো তোদের দেশে সীতা সাবিত্রী গার্গীর আবার অভ্যুত্থান হবে। দেশাচারের ঘোর বন্ধনে প্রাণহীন স্পন্দনহীন হয়ে তোদের মেয়েরা এখন কি যে হয়ে দাঁড়িয়েছে, তা একবার পাশ্চাত্য দেশ দেখে এলে ব্রতে পারতিস। মেয়েদের ঐ ত্র্দশার জন্ম তোরাই দায়ী। আবার দেশের মেয়েদের পুনরায় জাগিয়ে তোলাও তোদের হাতে রয়েছে। তাই বলছি, কাজে লেগে যা। কি হবে ছাই শুধু কভকগুলো বেদবেদান্ত মুখন্থ ক'রে?

- শিশু। মহাশয়, এখানে শিক্ষালাভ করিয়াও বদি মেয়েরা বিবাহ করে, তবে আর তাহাদের ভিতর আদর্শ জীবন কেমন করিয়া লোকে দেখিতে পাইবে? এমন নিয়ম হইলে ভাল হয় না কি যে, বাহারা এই মঠে শিক্ষালাভ করিবে, তাহারা আর বিবাহ করিতে পারিবে না?
- খামীজী। তা কি একেবারেই হয় রে? শিক্ষা দিয়ে ছেড়ে দিতে হবে।
 তারপর নিজেরাই ভেবে চিস্তে যা হয় করবে। বে ক'রে সংসারী হলেও
 এক্সপে শিক্ষিতা মেয়েরা নিজ নিজ পতিকে উচ্চ ভাবের প্রেরণা দেকে
 এবং বীর প্ত্রের জননী হবে। কিন্তু স্ত্রী-মঠের ছাত্রীদের অভিভাবকেরা
 ১৫ বংসরের পূর্বে তাদের বে দেবার নামগন্ধ করতে পারবে না—এ
 নিয়ম রাখতে হবে।

- শিশ্র। মহাশয়, তাহা হইলে সমাজে ঐ-সকল মেয়েদের কলক য়টিবে। কেছই তাহাদের আর বিবাহ করিতে চাহিবে না।
- স্বামীজী। কেন চাইবে না? তুই সমাজের গতি এখনও ব্রুতে পারিসনি।
 এই সব বিহুষী ও কর্মতৎপরা মেয়েদের বরের স্বভাব হবে না। 'দশমে
 কল্মকাপ্রাপ্তিঃ'—সে-সব বচনে এখন সমাজ চলছে না, চলবেও না। এখনি
 দেখতে পাচ্ছিদনে ?
- শিশু। ষাছাই বলুন, কিন্ত প্রথম প্রথম ইহার বিরুদ্ধে একটা ঘোরতর আন্দোলন হইবে।
- শামীজী। তা হোক না; তাতে ভন্ন কি ? সংসাহসে অন্নষ্ঠিত সংকাজে বাধা পেলে অন্নষ্ঠাতাদের শক্তি আরও জেগে উঠবে। বাতে বাধা নেই, প্রতিক্লতা নেই, তা মানুষকে মৃত্যুপথে নিম্নে বায়। Struggle (বাধাবিদ্ন অতিক্রম করবার চেষ্টাই) জীবনের চিহ্ন। বুঝেছিল ?

শিয়। আজে হা।

- খামীজী। পরমত্রন্ধতবে লিকভেদ নেই। আমরা 'আমি-তৃমি'র plane-এ (ভূমিতে) লিকভেদটা দেখতে পাই; আবার মন যত অন্তর্মূপ হ'তে থাকে, ততই ঐ ভেদজানটা চলে যায়। শেষে মন যথন সমরস ত্রন্ধততে ভূবে যায়, তথন আর 'এ জী, ও পুরুষ'—এই জ্ঞান একেবারেই থাকে না। আমরা ঠাকুরে ঐরপ প্রভাক্ষ দেখেছি। তাই বলি, মেরেপুরুষে বাহ্য ভেদ থাকলেও স্বরূপতঃ কোন ভেদ নেই। অতএব পুরুষ যদি ত্রন্ধক্র হ'তে পারে তো মেয়েরা তা হ'তে পারবে না কেন? তাই বলছিল্ম—মেয়েদের মধ্যে একজনও যদি কালে ত্রন্ধক্র হন, তবে তাঁর প্রতিভার হাঞ্গারো মেয়ে জেগে উঠবে এবং দেশের ও সমাজের কল্যাণ, হবে। ব্রালি ?
- শিক্ত। মহাশর, আপনার উপদেশে আজ আমার চকু খুলিয়া গেল।
- স্বামীনী। এথনি কি খুলেছে ? যথন সর্বাবভাসক আত্মতত্ত্ব প্রভাক করবি,
 তথন দেখবি—এই স্ত্রী-পুরুষ-ভেদজ্ঞান একেবারে লুগু হবে; তথনই
 মোরেদের ব্রহ্মরূপিনী ব'লে বোধ হবে। ঠাকুরকে দেখেছি, স্ত্রীমাত্রেই
 মাতৃভাব—ভা বে-জাভির বেরূপ স্ত্রীলোকই হোক না কেন।
 দেখেছি কি না !—ভাই এত ক'রে ভোদের এরূপ করতে বলি এবং

মেরেদের জন্ত থামে থামে পাঠশালা খুলে তাদের মাহ্ম্য করতে বলি। মেরেরা মাহ্ম্য হ'লে তবে তো কালে তাদের সম্ভান-সম্ভতির ঘারা দেশের মুখ উজ্জল হবে—বিভা, জ্ঞান, শক্তি, ভক্তি দেশে জ্ঞেগে উঠবে।

- শিশ্ব। আধুনিক শিক্ষায় কিন্ত মহাশয়, বিপরীত ফল ফলিতেছে বলিয়া বোধ হয়। মেরেরা একটু-আধটু পড়িতে ও সেমিজ-গাউন পরিভেই শিবিতেছে, কিন্তু ত্যাগ-সংষম-তপস্থা-ত্রন্মচর্যাদি ত্রন্ধবিভালাভের উপযোগী বিষয়ে কতটা উন্নত যে হইতেছে, ভাহা বুঝিতে পারা যাইতেছে না।
- খামীজী। প্রথম প্রথম অমনটা হয়ে থাকে। দেশে নৃতন idea-র (ভাবের) প্রথম প্রচারকালে কডকগুলি লোক ঐ ভাব ঠিক ঠিক গ্রহণ করতে না পেরে অমন খারাপ হয়ে যায়। তাতে বিরাট সমাজের কি আসে ষায় ? কিন্তু যারা অধুনা প্রচলিত যৎসামান্ত স্থীশিক্ষার জন্তও প্রথম উদ্যোগী হয়েছিলেন, তাঁদের মহাপ্রাণতায় কি সন্দেহ আছে? তবে কি জানিস, শিক্ষাই বলিস আর দীকাই বলিস, ধর্মহীন হ'লে তাতে গলদ থাকবেই থাকবে। এখন ধর্মকে centre (কেন্দ্র) ক'রে রেখে ত্ত্বীশিক্ষার প্রচার করতে হবে। ধর্ম ভিন্ন অগু শিক্ষাটা secondary (গৌৰ) হবে। ধর্মশিক্ষা, চরিত্রগঠন, ব্রহ্মচর্যব্রত-উদ্যাপন---এ জন্ত শিক্ষার দরকার। বর্তমানকালে এ পর্বস্ত ভারতে যে স্ত্রীশিক্ষার প্রচার হয়েছে, তাতে ধর্মটাকেই secondary (গৌণ) ক'রে রাখা হয়েছে, তাইতেই তুই বে-সব দোষের কথা বললি, সেগুলি হয়েছে। কিছ ভাতে জীলোকদের কি দোষ বল্? সংস্থারকেরা নিজে ব্রহ্মজ্ঞ না হয়ে ন্ত্ৰীশিকা দিভে অগ্ৰসৰ হওয়াভেই তাদের অমন বে-চালে পা পড়েছে। সকল সংকার্বের প্রবর্তকেরই অভীপ্সিত কার্যাস্থ্রানের পূর্বে কঠোর ভশস্তাসহায়ে আত্মঞ্চ হওয়া চাই। নতুবা তার কাব্দে গলদ বেরোবেই। ৰুঝাল।
- শিশু। আত্তে হা। দেখিতে পাওয়া যায়, অনেক শিক্ষিতা মেয়েরা কেবল নভেল-নাটক পড়িয়াই সময় কাটায়; পূর্বকে কিন্তু মেয়েরা শিক্ষিতা হইয়াও নানা ব্রতের অহুঠান করে। এদেশে এক্সপ করে কি ?
- খামীজী। ভাল-মন্দ সব দেশে সব জাতের ভেতর বরেছে। আমাদের কাজ হচ্ছে—নিজের জীবনে ভাল কাজ ক'রে লোকের সামনে

example (দৃষ্টান্ত) ধরা। Condemn (নিন্দাবাদ) ক'রে কোন কান্দ সকল হয় না। কেবল লোক হটে যায়। বে যা বলে বলুক, কাকেও contradict (অস্বীকার) করবিনি। এই মায়ার জগতে যা করতে যাবি, তাইতেই দোব থাকবে। 'স্বার্থ্তা হি দোষেণ ধ্যেনায়িরিবার্তাঃ''—আগুন থাকলেই ধ্য উঠবে। কিন্তু তাই ব'লে কি নিশ্চেট্ট হয়ে বসে থাকতে হবে ? যতটা পারিস, ভাল কান্দ ক'রে বেতে হবে।

শিক্ত। ভাল কাল্টা কি?

- খামীজী। যাতে ব্রন্ধবিদাশের সাহায্য করে, তাই ভাল কাজ। সব কাজই প্রত্যক্ষ না হোক, পরোক্ষভাবে আত্মতত্ত্ব-বিকাশের সহায়কারী ভাবে করা যায়। তবে ঋষিপ্রচলিত পথে চললে ঐ আত্মজান শীগামীর ফুটে বেরোয়। আর যাকে শাস্তকারগণ অন্তায় ব'লে নির্দেশ করেছেন, সেগুলি করলে আত্মার বন্ধন ঘটে, কথন কখন জন্মজনান্তরেও সেই মোহবন্ধন ঘোচে না। কিন্তু সর্বদেশে সর্বকালেই জীবের মৃক্তি অবশ্রন্তাবী। কারণ আত্মাই জীবের প্রকৃত স্বরূপ। নিজের স্বরূপ নিজে কি ছাড়তে পারে? ভোর ছায়ার সঙ্গে তুই হাজার বৎসর লড়াই করেও ছায়াকে কি তাড়াতে পারিস? সে তোর সঙ্গে থাকবেই।
- শিশু। কিন্তু মহাশয়, আচার্য শহরের মতে কর্ম জ্ঞানের পরিপন্থী— জ্ঞানকর্মসমূচ্যাকে তিনি বহুণা থণ্ডন করিয়াছেন। অতএব কর্ম কেমন করিয়া জ্ঞানের প্রকাশক হইবে ?
- খামীজী। আচার্য শহর এরপ ব'লে আবার জানবিকাশকরে কর্মকে আপেক্ষিক সহারকারী এবং সন্তগুছির উপায় ব'লে নির্দেশ করেছেন। তবে শুদ্ধ জ্ঞানে কর্মের অন্তপ্রবেশ নেই—ভান্তকারের এ সিদ্ধান্তের আমি প্রতিবাদ করছি না। ক্রিয়া, কর্তা ও কর্ম-বোধ ব্যুকাল মান্তবের থাকবে, তত্তকাল সাধ্য কি—দে কান্ত না ক'রে বদে থাকে ? অতএব কর্মই বধন জীবের সভাব হয়ে দাঁড়াচ্ছে, তথন বে-সব কর্ম এই আত্মজানবিকাশকরে সহায়ক হয়, সেগুলি কেন ক'রে বা না?

১ শীতা ১৮।৪৮

কর্মাত্রই ভ্রমাত্মক—এ-কথা পার্মাণিকরণে বথার্থ হলেও ব্যবহারে কর্মের বিশেষ উপবোগিতা আছে। তুই বথন আত্মতত্ব প্রত্যক্ষ করবি, ভখন কর্ম করা বা না করা ভোর ইচ্ছাধীন হয়ে দাঁড়াবে। সেই অবহার তুই বা করবি, ভাই সং কর্ম হবে; ভাতে জীবের, জগতের কল্যাণ হবে। ব্রহ্মবিকাশ হ'লে ভোর খাদপ্রখাদের ভরক পর্যন্ত হবে সহায়কারী হবে। ভখন আর plan (মতলব) এঁটে কর্ম করতে হবে না। বুঝলি?

শিশু। আহা, ইহা বেদান্তের কর্ম ও জ্ঞানের সমন্বন্ধকারী অভি স্থুন্দর নীমাংসা।

অনস্তর নীচে প্রসাদ পাইবার ঘণ্টা বাজিয়া উঠিল এবং স্বামীজী শিশুকে প্রসাদ পাইবার জন্ম বাইতে বলিলেন। শিশুও বাইবার পূর্বে স্বামীজীর পাদপদ্মে প্রণত হইয়া করজোড়ে বলিল, 'মহাশয়, আপনার স্বেহাশীর্বাদে আমার বেন এ জন্মেই ব্রহ্মজ্ঞান অপরোক্ষ হয়।' শিশ্রের মন্তকে হাড দিয়া স্বামীজী বলিলেন:

ভয় কি বাবা? ভোরা কি আর এ জগতের লোক—না গেরন্ত, না সন্মাসী! এই এক নৃতন চং।

৩৬

হান—বেলুড় মঠ কাল—(জুন ?), ১৯০১

খামীজীর শরীর অক্সন্থ। আজ ৫।৭ দিন বাবৎ খামীজী কবিরাজী ঔবধ খাইতেছেন। এই ঔবধে জলপান একেবারে নিবিদ্ধ। ত্থমাত্র পান করিয়া তৃষ্ণা নিবারণ করিতে হইতেছে।

শিশ্ব প্রাতেই মঠে আদিয়াছে। আদিবার কালে একটা কই মাছ ঠাকুরের ভোগের জন্ত আনিয়াছে। মাছ দেখিয়া খামী প্রেমানন্দ ভাহাকে বলিলেন, 'আজও মাছ আনতে হয়? একে আজ ববিষার, তার উপর খামীজী অক্স্থ

- তথু হব বেরে আজ ৫। দিন আছেন।' শিশু পপ্রস্তুত হইয়া নীচে মাছ কেলিরা খামীজীর পাদপন্ধ-দর্শনমানসে উপরে পেল। শিশুকে দেখিরা খামীজী সম্বেহে বলিলেন, 'এসেছিল? ভালই হয়েছে; ভোর কথাই ভাবছিল্ম।'
- শিষ্ক। শুনিলাম, শুধু ত্থমাত্র পান করিয়া নাকি আজ পাঁচ-সাত দিন আছেন ?
- খাষীজী। হাঁ, নিরশ্বনের একান্ত অহুরোধে কবিরাজী ঔষধ খেতে হ'ল। ওদের কথা তো এড়াতে পারিনে।
- শিষ্ঠ। আপনি তো ঘণ্টায় পাঁচ-ছয় বার জলপান করিতেন। কেমন করিয়া একেবারে উহা ত্যাগ করিলেন ?
- খামীজী। বধন শুনলুম এই ঔষধ খেলে জল খেতে পাব না, তথনি দৃঢ় সহল্ল করলুম—জল খাব না। এখন আর জলের কথা মনেও আলে না।
- শিক্ত। ঔষধে রোগের উপশম হইভেছে ভো?
- খামীজী। উপকার অপকার—জানিনে। গুরুভাইদের আক্রাপালন ক'রে যাচ্চি।
- শিশু। দেশী কৰিরাজী ঔষধ বোধ হয় আমাদের শরীরের পক্ষে সমধিক উপযোগী।
- স্বামীজী। স্থানার মত কিন্তু একজন scientific (বর্তমান চিকিৎসা-বিজ্ঞানবিশাবদ) চিকিৎসকের হাতে মরাও ভাল; layman (হাতুড়ে)—
 বারা বর্তমান science (বিজ্ঞান)-এর কিছুই স্থানে না, কেবল সেকেলে
 পাজিপুঁথির দোহাই দিয়ে স্ক্রকারে টিল ছুঁড়ছে, তারা যদি ত্-চারটে
 রোগী স্থারাম করেও থাকে, তবু তাদের হাতে স্থারোগ্যলাভ স্থাশা
 করা কিছু নয়।

এইরপ কথাবার্তা চলিয়াছে, এমন সময় স্বামী প্রেমানন্দ স্বামীজীর ক্লাছে আসিয়া বলিলেন বে, শিশু ঠাকুরের ভোগের জন্ম একটা বড় মাছ স্বানিয়াছে, কিছ আজ রবিবার, কি করা ষাইবে। স্বামীজী বলিলেন, 'চল্, কেমন মাছ দেখব।'

অনস্তর স্বামীজী একটা গরম জামা পরিলেন এবং দীর্ঘ একগাঁছা ষষ্টি হাতে লইরা ধীরে ধীরে নীচের তলায় আদিলেন। মাছ দেখিয়া স্বামীজী আনন্দ প্রকাশ করিয়া বলিলেন, 'আজই ভাল ক'রে মাছ রেঁথে ঠাকুরকে ভোগ দে।' খামী প্রেমানন্দ বলিলেন, 'রবিবারে ঠাকুরকে মাছ দেওয়া হয় না বে।' ডছডরে খামীজী বলিলেন, 'ভক্তের আনীত প্রব্যে শনিবার-রবিবার নেই। ভোগ দিগে যা।' খামী প্রেমানন্দ আর আণন্তি না করিয়া খামীজীর আজা শিরোধার্য করিলেন এবং সেদিন রবিবার সংখও ঠাকুরকে মংশ্রভোগ দেওয়া দ্বির হইল।

মাছ কাটা হইলে ঠাকুরের ভোগের জন্ত অগ্রভাগ রাধিয়া দিয়া স্বামীজী ইংরেজী ধরনে রাধিবেন বলিয়া কভকটা মাছ নিজে চাহিয়া লইলেন এবং আগুনের ভাতে শিশানার বৃদ্ধি হইবে বলিয়া মঠের সকলে তাঁহাকে রাঁধিবার সংশ্ব ত্যাপ করিতে অহুরোধ করিলেও কোন কথা না শুনিয়া তথ ভারমিসেলি দধি প্রভৃতি দিয়া চার-পাঁচ প্রকারে ঐ মাছ রাধিয়া ফেলিলেন। প্রসাদ পাইবার সময় খামীজী এ-সকল মাছের ভরকারি খানিয়া শিগুকে বলিলেন, 'বাঙাল মৎশুপ্রিয়। দেখ দেখি কেমন বালা হয়েছে।' ঐ কণা বলিয়া ভিনি ঐ-সকল ব্যশ্ননের বিন্দু বিন্দু মাত্র নিজে গ্রহণ করিয়া শিশ্বকে স্বয়ং পরিবেশন করিতে লাগিলেন। কিছুক্ষণ পরে স্বামীঞী জিজাগা করিলেন, 'কেমন হয়েছে ?' শিশু বলিল, 'এমন কথনও ধাই নাই।' তাহার প্রতি স্বামীদীর স্পার দ্যার কথা স্মরণ করিয়াই তথন তাহার প্ৰাণ পূৰ্ব! ভারমিদেলি (vermicelli) শিশ্ৰ ইছৰুত্মে থায় নাই। ইহা কি পদার্থ জানিবার জন্ত জিজাসা করায় খামীজী বলিলেন, 'ওওলি বিলিডী কেঁচো। আমি লগুন থেকে শুকিয়ে এনেছি।' মঠের সন্ন্যাসিগৰ সকলে হাসিরা উঠিলেন; শিক্ত বহন্ত বুঝিতে না পারিরা অপ্রতিভ হইয়া বসিয়া त्रिम ।

কবিরাজী ঔষধের কঠোর নিয়ম পালন করিতে বাইয়া খামীজীর এখন আহার নাই এবং নিজাদেবী তাঁহাকে বহুকাল হইল একরপ ত্যাগই করিয়াছেন, কিছু এই খনাহার-খনিজাতেও খামীজীর প্রমের বিরাম নাই। করেক দিন হইল মঠে নৃতন Encyclopædia Britannica (এনসাইরো-পেডিয়া রিটানিকা) ক্রয় করা হইয়াছে। নৃতন বাক্ষকে বইঙলি দেখিয়া বিশ্ব খামীজীকে বলিল, 'এভ বই এক জীবনে পড়া ছুর্ঘট।' শিল্প তথন আনে, না বে, খামীজী ঐ বইগুলির দশ খণ্ড ইতোমধ্যে পড়িয়া শেষ করিয়া একাদশ খণ্ডানি পড়িতে খারজ করিয়াছেন।

यागी भी। कि वन हिन ? এই मनशानि वह त्थरक आशांत्र वा हेच्छा जितंक्रम कत्र—नव व'तन रहता।

শিশু। (অবাক হইয়া) আপনি কি এই বইগুলি সব পড়িয়াছেন ? খামীজী। না পড়লে কি বলছি ?

অনন্তর দামীলীর আদেশ পাইরা শিব্য ঐ-সকল পুত্তক হইতে বাছিরা বাছিরা কঠিন কঠিন বিষয়সকল জিজ্ঞাসা করিতে লাগিল। আশ্চর্বের বিষয়, দামীলী ঐ বিষয়গুলির পুত্তকে নিবদ্ধ মর্ম তো বলিলেনই, ভাহার উপর হানে হানে ঐ পুত্তকের ভাষা পর্যন্ত উদ্ধৃত করিয়া বলিতে লাগিলেন! শিব্য ঐ বৃহৎ দশ থতু পুত্তকের প্রত্যেকখানি হইতেই তৃই-একটি বিষয় জিঞ্জাসা করিল এবং দামীজীর অসাধারণ ধী-ও দ্বৃতিশক্তি দেখিরা অবাক হইরা বইগুলি তুলিয়া রাখিয়া বলিল, 'ইহা মাছ্যের শক্তিন্তঃ।'

স্বামীজী। দেখলি, একমাত্র বন্ধানন ঠিক ঠিক করতে পারলে সমন্ত বিছা
মূহুর্তে আয়ত্ত হয়ে যায়—শ্রুতিধর, স্মৃতিধর হয়। এই বন্ধচর্যের
অভাবেই আমাদের দেশের সব ধ্বংস হয়ে গেল।

শিষ্য। আপনি বাহাই বলুন, মহাশন্ধ, কেবল ব্রহ্মচর্বরক্ষার ফলে এরূপ অমাস্থবিক শক্তির ক্রণ কথনই সম্ভবে না। আরও কিছু চাই।

ৈ উন্তরে স্বামীজী আর কিছুই বলিলেন না।

অনস্তর স্বামীজী সর্বদর্শনের কঠিন বিষয়সকলের বিচার ও দিকান্তগুলি শিষ্যকে বলিতে লাগিলেন। অন্তরে অন্তরে ঐ দিকান্তগুলি প্রবেশ করাইয়া দিবার জন্মই যেন আজ তিনি ঐপ্তলি ঐক্বপ বিশদভাবে ভাহাকে বুঝাইতে লাগিলেন।

এইরপ কঁথাবার্তা চলিয়াছে, এমন সময় খামী ব্রহ্মানন্দ খামীজীর ঘরে প্রবেশ করিয়া শিষ্যকে বলিলেন, 'তুই তো বেশ! খামীজীর অস্ত্র্য় শরীর—কোথার গ্রস্ত্র ক'রে খামীজীর মন প্রফুল রাথবি, তা না তুই কি না ঐ-সব জটিল কথা তুলে খামীজীকে বকাচ্ছিদ!' শিষ্য অপ্রস্তুত হইয়া খাপনার ভ্রম' ব্রিতে পারিল। কিন্তু খামীজী ব্রহ্মানন্দ মহারাজকে বলিলেন, 'নে, রেথে দে ভোদের কবিরাজী নিয়ম-ফির্ম। এরা খামার সন্তান, এদের সত্নদেশ দিতে দিতে খারার দেহটা বার তো বরে পেল।' নিয় কিছ খতংশর আর কোন দার্শনিক প্রশ্ন না করিয়া বাঙালদেশীর কথা লইরা হাসি-ভাষাসা করিতে লাগিল। ছামীজীও শিয়ের সদে রক্-রহস্তে বোগ দিলেন। কিছুকাল এইরূপে কাটিবার পর বলসাহিত্যে ভারতচন্দ্রের হান সহদ্ধে প্রসন্থ উঠিল।

প্রথম হইতে স্বামীজী ভারতচক্রকে লইয়া নানা ঠাট্টাতামাসা আরম্ভ করিলেন এবং তথনকার সামাজিক আচার-ব্যবহার বিবাহসংস্থারাদি লইয়াও নানার্রণ ব্যঙ্গ করিতে লাগিলেন এবং সমাজে বাল্যবিবাহ-সমর্থনকারী ভারতচক্রের কুফচি ও অগ্লীলভাপূর্ণ কাব্যাদি বন্দদেশ ভিন্ন অন্ত কোন দেশের সভ্য সমাজে প্রভায় পায় নাই বলিয়া অভিমত প্রকাশ করিয়া বলিলেন, 'ছেলেদের হাতে এ-সব বই বাতে না পড়ে, তাই করা উচিত।' পরে মাইকেল মধুস্দন দত্তের কথা তুলিয়া বলিলেন:

ঐ একটা অভুত genius (প্রতিভা) তোদের দেশে ধরেছিল। 'মেঘনাদৰধে'র মতো বিতীয় কাব্য বাঙলা ভাষাতে তো নেই-ই, সমগ্র ইওরোপেও অমন একখানা কাব্য ইদানীং পাওয়া তুর্লভ।

শিশু। কিন্তু মহাশয়, মাইকেল বড়ই শব্দাড়ম্বরপ্রিয় ছিলেন বলিয়া বোধ হয়। শ্বামীন্সী। তোলের দেশে কেউ একটা কিছু নৃতন করলেই তোরা তাকে

ভাড়া করিস। আগে ভাল ক'রে দেখ্—লোকটা কি বলছে, তা না, যাই কিছু আগেকার মতো না হ'ল, অমনি দেশের লোকে তার পিছু লাগলো। এই 'মেঘনাদবধকাবা'—যা ভোদের বাঙলা ভাষার মৃকুটমণি—ভাকে অপদম্ব করতে কিনা 'ছুঁ চোবধকাবা' লেখা হ'ল! তা বত পারিস লেখ্ না, তাতে কি? সেই 'মেঘনাদবধকাবা' এখনও ছিমাচলের মতো অটলভাবে দাঁড়িয়ে আছে। 'কিন্তু তার শুঁত ধরতেই বারা ব্যন্ত ছিলেন, সে-সব critic (সমালোচক)দের মত ও লেখাওলো কোথায় ভেগে গেছে! মাইকেল ন্তন ছন্দে, ওঅবিনী ভাষায় বে কাব্য লিখে গেছেন, তা সাধারণে কি ব্যবে? এই বে জি. সি. কেমন ন্তন ছন্দে কত চমংকার চমংকার বই আজকাল লিখছে, ভা নিয়েও ভোদের অভিবৃদ্ধি পণ্ডিভগণ কত criticise (সমালোচনা) করছে—দোব ধরছে! জি. সি. কি ভাতে জ্রক্ষেপ করে? পরে লোকে ঐসব বই appreciate (আদ্র) করবে।

এইরপে মাইকেলের কথা হইতে হইতে তিনি বলিলেন, 'বা, নীচে লাইবেরী থেকে মেঘনাদবধকাব্য-থানা নিয়ে আয়।' শিশু মঠের লাইবেরী হইতে 'মেঘনাদবধকাব্য' লইরা আসিলে বলিলেন, 'পড়্ দিকি—কেমন পড়তে আনিস ?'

শিশু বই খুলিরা প্রথম সর্গের থানিকটা সাধ্যমত পড়িতে লাগিল। কিছ
পড়া খামীজীর মনোমত না হওরার তিনি ঐ অংশটি পড়িরা দেখাইরা
শিশুকে পুনরার উহা পড়িতে বলিলেন। শিশু এবার অনেকটা কৃতকার্ব
হইল দেখিরা প্রসন্থ জিজ্ঞাসা করিলেন, 'বল্ দিকি—এই কাব্যের
কোন অংশটি সর্বোৎকৃত্ত ?'

শিশ্ব কিছুই বলিতে না পারিয়া নির্বাক হইয়া রহিয়াছে দেখিয়া খামীজী বলিলেন:

বেধানে ইন্দ্রজিৎ যুদ্ধে নিহত হয়েছে, শোকে মৃথ্যানা মন্দোদরী রাবণকে যুদ্ধে বেতে নিবেধ করছে, কিন্তু রাবণ পুত্রশোক মন থেকে জোর ক'রে ঠেলে কেলে মহাবীরের ফার যুদ্ধে কতসবর—প্রতিহিংসা ও জোধানলে স্ত্রী-পুত্র সব ভূলে যুদ্ধের জফ্ত গমনোগড—সেই হান হচ্ছে কাব্যের শ্রেষ্ঠ করনা। 'বা হবার হোক গে; আমার কর্তব্য আমি ভূলব না, এতে ছনিয়া থাক, আর বাক'—এই হচ্ছে মহাবীরের বাক্য। মাইকেল সেইভাবে অম্প্রাণিত হরে কাব্যের ঐ অংশ লিখেছিলেন।

এই বলিয়া খামীজী দে অংশ বাহির করিয়া পড়িতে লাগিলেন। খামীজীর লেই বীরদর্পত্যোতক পঠন-ভঙ্গী আজও শিক্তের হৃদরে জলস্ক—জাগরক বহিরাছে। PC

হান—বেল্ড মঠ কাল—১৯০১

খামীজীর অহথ এখনও একটু আছে। কবিরাজী ঔবধে অনেক উপকার হইরাছে। মালাধিক তথু ছধ পান করিরা থাকার খামীজীর শরীরে আজকাল বেন চক্রকান্তি ফুটিরা বাহির হইতেছে এবং তাঁহার হৃবিশাল নয়নের জ্যোতি অধিকতর বর্ধিত হইরাছে।

আৰু ছুই দিন ছুইল শিক্ত মঠেই আছে। ব্যাসাধ্য সামীজীর সেবা করিতেছে। আৰু অমাবস্থা। শিক্ত নির্ভরানন্দ-খামীর সহিত ভাগাভাগি করিয়া খামীজীর রাত্রিদেবার ভার লইবে, দ্বির ছুইয়াছে। এখন সন্ধ্যা হুইয়াছে।

ষামীজীর পদসেবা করিতে করিতে শিশু বিজ্ঞাসা করিল, 'মহাশন্ধ, বে আত্মা সর্বগ, সর্বব্যাপী, অণুপরমাণুতে অন্ধৃস্যুত ও জীবের প্রাণের প্রাণ হইয়া তাহার এত নিকটে রহিন্নাছেন, তাঁহার অন্থৃতি হয় না কেন ?'

বামীলী। তোর যে চোথ আছে, তা কি তুই জানিস? বখন কেউ চোথের কথা বলে, তথন 'আমার চোথ আছে' ব'লে কতকটা ধারণা হয়; আবার চোথে বালি পড়ে বখন চোথ কর্কর্ করে, তখন চোথ বে আছে, তা ঠিক ঠিক ধারণা হয়। সেইরূপ অন্তর হইতে অন্তরতম এই বিরাট আত্মার বিষয় সহজে বোধপম্য হয় না। শাত্র বা শুল্মুথে শুনে থানিকটা ধারণা হয় বটে, কিছু বখন সংসারের তীত্র শোকত্থের কঠোর কশাঘাতে হৃদর ব্যথিত হয়, বখন আত্মীরস্বভনের বিরোগে জীব আগনাকে অবল্যনশৃত্ত জ্ঞান করে, বখন ভাষী কীবনের ত্রতিক্রমণীয় হুর্ভেড অন্কারে তার প্রাণ আকুল হয়, তথনি জীব এই আত্মার হর্শনে উন্মুখ হয়। এইজন্ত হুংখ আত্মজানের অন্তর্কুল। কিছু ধারণা থাকা চাই। হুংখ পেতে পেতে কুকুর-বেড়ালের মতো বারা মরে, তারা কি আর মাহ্নয়? মাহ্নব হচ্ছে সেই, বে এই স্থখহুংখের বন্দ্রপ্রতিঘাতে অত্মির হয়েও বিচারবলে ঐ-সকলকে নশর ধারণা ক'রে আত্মান্ত ভার হয়। মাহ্নর ও অন্ত জীব-জানোয়ারে এইটুকু প্রভেদ।

বে বিনিসটা যত নিকটে, তার তত কম অহুভৃতি হয়। আত্মা অন্তর্ম হ'তে অন্তর্মক, তাই অমনম চঞ্চলচিত্ত জীব তাঁর সন্ধান পার না। কিন্তু সমনম, শাস্ত ও জিতেন্দ্রিয় বিচারশীল জীব বহির্জগৎ উপৈক্ষা ক'রে অন্তর্জগতে প্রবেশ করতে করতে কালে এই আত্মার মহিমা উপলব্ধি ক'রে গৌরবাহিত হয়। তথনি সে আত্মান লাভ করে এবং 'আমিই সেই আত্মা', 'তত্ত্বমিন শেতকেতো' প্রভৃতি বেদের মহাবাক্যান্সকল প্রত্যক্ষ অহুভব করে। ব্র্থলি ?

শিষ্য। আজ্ঞা, হাঁ। কিন্তু মহাশয়, এ তু:থকট-ভাড়নার মধ্য দিয়া আত্মজ্ঞানলাভের ব্যবহা কেন ? স্প্রতি না হইলেই তো বেশ ছিল। আমরা সকলেই তো এককালে ব্রহ্মে বর্তমান ছিলাম। ব্রহ্মের এইরূপ সিস্ফাই বা কেন ? আর এই হন্দ-ঘাত-প্রতিঘাতে সাক্ষাৎ ব্রহ্মরূপ জীবের এই জন্ম-মরণসঙ্গল পথে গভাগতিই বা কেন ?

শামীজী। লোকে মাতাল হ'লে কত খেয়াল দেখে। কিন্তু নেশা যখন ছুটে যায়, তখন দেগুলো মাধার ভুল ব'লে বুঝতে পারে। অনাদি অথচ সান্ত এই অজ্ঞান-বিলসিত সৃষ্টি-ফিন্টি যা কিছু দেখছিদ, সেটা ভোর মাতাল অবস্থার কথা; নেশা ছুটে গেলে ভোর ঐ-সব প্রশ্নই থাকবে না। শিক্স। মহাশয়, তবে কি সৃষ্টি-স্থিতি এ-সব কিছুই নাই ?

খামীজী। থাকবে না কেন রে? বতক্ষণ তুই এই দেহবৃদ্ধি ধরে 'আমি আমি' করছিদ, ততক্ষণ দবই আছে। আর বথন তুই বিদেহ আতারতি আত্মকীড়, তথন ভোর পক্ষে এ-দব কিছু থাকবে না; স্পষ্ট জন্ম মৃত্যু প্রভৃতি আছে কি না—এ প্রশেরও তথন আর অবদর থাকবে না। তথন ভোকে বলতে হবে—

> ক গতং কেন বা নীতং কুত্ৰ লীনমিদং জগৎ। অধুনৈৰ ময়া দৃষ্টং নান্তি কিং মহদভূতম্॥

শিশু। জগতের জ্ঞান একেবারে না থাকিলে 'কুত্র লীনমিদং জগৎ' কথাই বা কিরূপে বলা ঘাইতে পারে ?

১ স্ঞ্জনের ইচ্ছা

२ विद्वकृद्धांमनि, ४৮६

খামীনী। ভাষার ঐ ভাষটা প্রকাশ ক'রে বোঝাতে হচ্ছে, তাই এরপ বলা
হেরেছে। বেখানে ভাব ও ভাষার প্রবেশাধিকার নেই, সেই অবস্থাটা
ভাব ও ভাষার প্রকাশ করতে গ্রন্থকার চেটা করছেন, তাই জগৎ কথাটা
বে নিঃশেমে মিথ্যা, সেটা ব্যাবহারিকরপেই বলেছেন; পারমার্থিক সন্তা
জগতের নেই, সে কেবলমাত্র 'অবাঙ্মনসোগোচরম্' ব্রন্ধের আছে। বল্,
ভোর আর কি বলবার আছে। আজ ভোর ভর্ক নিরম্ভ ক'রে দেবো।

ঠাকুবঘরে আরাত্রিকের ঘণ্টা বাজিয়া উঠিল। মঠের সকলেই ঠাকুরঘরে চলিলেন। শিশু স্বামীজীর ঘরেই বসিয়া রহিল দেখিয়া স্বামীজী বলিলেন, 'ঠাকুরঘরে গেলিনি ?'

শিক্ত। আমার এখানে থাকিতেই ভাল লাগিতেছে। আমীজী। তবে থাক্।

কিছুক্ষণ পরে শিশ্ব ঘরের বাহিরে নিরীক্ষণ করিয়া বলিল, 'আঞ্চ অমাবস্তা, আধারে চারিদিক যেন ছাইয়া ফেলিয়াছে।—আজ কালীপূজার দিন।'

খামীলী শিয়ের ঐ কথার কিছু না বলিরা জানালা দিরা পূর্বাকাশের পানে একদৃষ্টে কিছুক্ষণ তাকাইয়া বলিলেন, 'দেখছিল, অন্ধকারের কি এক অভ্তত গন্তীর শোভা!' কথা কয়ট বলিয়া দেই গভীর ভিমিররাশির মধ্যে দেখিতে দেখিতে ভক্তিত হইরা দাঁড়াইয়া রহিলেন। এখন লকলেই নিভন্ধ, কেবল দ্রে ঠাকুরঘরে ভক্তগণপঠিত শ্রীরামক্ষয়-শুবমাত্র শিষ্যের কর্ণগোচর হইতেছে। খামীলীর এই অদৃষ্টপূর্ব গান্তীর্ষ ও গাঢ় তিমিরাবগুর্গনে বহিঃপ্রকৃতির নিশুন্ধ হির ভাব দেখিয়া শিব্যের মন এক প্রকার অপূর্ব ভয়ে আকুল হইয়া উঠিল। কিছুক্ষণ এইরূপে গত হইবার পরে খামীলী আন্তে আন্তে গাহিতে লাগিলেন:

'নিবিড় আঁধারে মা তোর চমকে ও রূপরাশি। তাই যোগী ধ্যান ধরে হয়ে গিরিগুহাবাসী॥'

গীত সাক হইলে স্বামীজী ঘরে প্রবেশ করিয়া উপবিষ্ট হইলেন এবং মধ্যে মধ্যে, 'মা, মা, কালী কালী' বলিতে লাগিলেন। ঘরে তথন আর কেহই নাই। কেবল শিষ্য স্বামীজীর স্বাজ্ঞাপালনের জন্ত স্বস্থান করিতেছে।

স্বামীদীর সে সময়ের মৃথ দেখিয়া শিষ্যের বোধ হইতে লাগিল, তিনি ৰেন এখনও কোন এক দ্রদেশে অবহান করিতেছেন। শিষ্য তাঁহার ঐ প্রকার ভাব দেখিয়া পীড়িত হইয়া বলিল, 'মহাশন্ধ, এইবার কথাবার্তা বলুন।' খানীজী ভাহার মনের ভাব ব্যিরাই বেন মৃত্ব হাসিতে হাসিতে বলিলেন, খার লীলা এত মধ্ব, দেই আজার সৌন্দর্য ও গাভীর্য কত দ্ব বল্ দিকি ?' শিষ্য তথনও তাঁহার সেই দ্ব দ্ব ভাব সম্যক্ অপগত হয় নাই দেখিয়া বলিল, 'বহাশর, ও-সব কথার এখন আর দ্বকার নাই; কেনই বাংআজ আপনাকে অমাক্তা ও কালীপ্তার কথা বলিলাম—সেই অবধি আপনার বেন কেমন একটা পরিবর্তন হইরা গেল!

শামীনী শিষ্যের ভাবগতিক দেখিরা গান ধরিলেন:

'কখন কি রঙ্গে থাকো মা, শ্যামা স্থা-ভরন্ধিণী,

—কানী স্থা-ভরন্দিণী॥'

গান সমাপ্ত হইলে বলিতে লাগিলেন:

এই কালীই লীলারপী ব্রহ্ম। ঠাকুরের কথা, 'সাপ চলা, আর সাপের হির ভাব'—ভনিস নি ?

শিষ্য। আজে হা।

বামীজী। এবার ভাল হয়ে মাকে ফ্রাধির দিয়ে প্জো ক'রব! রঘ্নশ্বন বলেছেন, 'নবম্যাং প্রেরেং দেবীং ক্লভা ক্রািরকর্দমন্'—এবার ভাই ক'রব। মাকে বুকের রক্ত দিয়ে প্জো করতে হয়, ভবে যদি ভিনি প্রসমা হন। মা'র ছেলে বীর হবে—মহাবীর হবে। নিরানন্দে, ছঃখে, প্রলয়ে, মহাপ্রলয়ে মায়ের ছেলে নির্ভীক হয়ে থাকবে।

এইরপ কথা হইতেছে, এমন সময় নীচে প্রসাদ পাইবার ঘণ্টা বাজিল।
স্বামীজী শুনিরা বলিলেন, 'বা, নীচে প্রসাদ পেয়ে শীগগীর আসিন।'

9

স্থান—বেল্ড মঠ কাল—১৯০১

শামীলী আৰকাল মঠেই আছেন। শরীর তত স্থ নতে; তবে সকালে সদ্ধার বেড়াইতে বাহির হন। শিক্ত আৰু শনিবার মঠে আসিয়াছে। শামীলীর পাদপদ্মে প্রণত হইয়া তাঁহার শারীরিক কুশলবার্তা জিল্ঞাসা করিয়াছে।

- খামীজী। এ শরীরের তো এই অবস্থা! তোরা তো কেউই আমার কাজে সহায়তা করতে অগ্রসর হচ্ছিদ না। আমি একা কি ক'রব বল্? বাঙলা দেশের মাটিতে এবার এই শরীরটা হয়েছে, এ শরীর দিয়ে কি আর বেশী কাজ-কর্ম চলতে পারে? তোরা সব এখানে আসিস—ওদ্ধ আধার, তোরা যদি আমার এইসব কাজে সহায় না হ'স তো আমি একা কি ক'রব বল্?
- শিশু। মহাশর, এইসকল বন্ধচারী ত্যাপী পুরুষেরা আপনার পশ্চাতে দাঁড়াইয়া রহিয়াছেন। আমার মনে হয়, আপনার কার্বে ইহারা প্রভ্যেকে জীবন দিতে পারেন; তথাপি আপনি ঐ কথা বলিতেছেন কেন?
- খামীজী। কি জানিস, আমি চাই a band of young Bengal (একদল

 যুবক বাঙালী); এরাই দেশের আশা-ভরসাহল। চরিত্রবান্, বুজিমান্,
 পরার্থে সর্বভাগী এবং আজ্ঞান্থবর্ডী যুবকগণের উপরেই আমার ভবিত্রৎ
 ভরসা—আমার idea (ভাব)গুলি বারা work out (কাজে পরিণত)
 ক'রে নিজেদের ও দেশের কল্যাণসাধনে জীবনপাত করতে পারবে।
 নতুবা দলে দলে কত ছেলে আগছে ও আসবে। তাদের মুখের
 ভাব তমোপূর্ব, হৃদর উভ্যমুক্ত, শরীর অপটু, মন সাহস্পৃক্ত। এদের
 দিয়ে কি কাজ হয়? নচিকেভার মতো শ্রজাবান্ দশ-বারোটি ছেলে
 পোলে আমি দেশের চিন্তা ও চেটা নৃতন পথে চালনা ক'রে দিতে
 পারি।
- শিশু। মহাশয়, এড যুবক আপনার নিকট আসিডেছে, ইহাদের ভিতর ঐরপ অভাববিশিষ্ট কাছাকেও কি দেখিতে পাইতেছেন না ?

- খানীজী। বাদের ভাল আধার বলে মনে হয়, তাদের মধ্যে কেউ বা বে
 ক'রে ফেলেছে, কেউ বা সংসারের মান-বশ-ধন-উপার্জনের চেটায়
 বিকিয়ে গিয়েছে; কারও বা শরীর অপটু। তারপর বাকি অধিকাংশই
 উচ্চ ভাব নিতে অকম। তোরা আমার ভাব নিতে সকম বটে,
 কিছ তোরাও তো কার্বক্লেজে সে-সকল এখনও বিকাশ করতে
 পারছিদ না। এইদর কারণে মনে সময় সময় বড়ই আক্লেপ হয়; মনে
 হয়, দৈব-বিড়য়নে শরীরধারণ ক'রে কোন কার্লই ক'রে য়েতে পারল্ম
 না। অবশু এখনও একেবারে হতাশ হইনি, কারণ ঠাকুরের ইচ্ছা হ'লে
 এইদব ছেলেদের ভেতর থেকেই কালে মহা মহা ধর্মবীর বেক্লতে পারে
 —বারা ভবিয়তে আমার idea (ভাব) নিয়ে কাক্ত কয়বে।
- শিশু। আমার মনে হয়, আপনার উদার ভাব সকলকেই একদিন না একদিন
 লইতে হইবে। এটি আমার দৃঢ় ধারণা। কারণ, স্পষ্ট দেখিতে
 পাইতেছি, সকল দিকে সকল বিষয়কে আশ্রয় করিয়াই আপনার
 চিম্বাপ্রবাহ ছুটিয়াছে। কি জীবসেবা, কি দেশকল্যাণত্রত, কি ত্রন্ধবিল্যাচর্চা, কি ত্রন্মচর্য—সর্বত্রই আপনার ভাব প্রবেশ করিয়া উহাদের ভিতর
 একটা অভিনবত্ব আনিয়া দিয়াছে! আর দেশের লোকে কেহ বা
 আপনার নাম প্রকাশ্রে করিয়া, আবার কেহ বা আপনার নামটি গোপন
 করিয়া নিজেদের নামে আপনার ঐ ভাব ও মতই সকল বিষয়ে গ্রহণ
 করিতেছে এবং সাধারণে উপদেশ কবিতেছে।
- ৰামীজী। আমার নাম না করলে তাতে কি আর আদে যায়? আমার idea (ভাব) নিলেই হ'ল। কামকাঞ্নত্যাগী হয়েও শতকরা নিরানকাই জন সাধু নাম-ঘশে বন্ধ হয়ে পড়ে। Fame, that last infirmity of noble mind' (যশের আকাজ্ঞাই মহৎ ব্যক্তিদের শেষ হ্র্বলতা)—পড়েছিস না? একেবারে ফলকামনাশৃক্ত হয়ে কাজ ক'রে খেতে হবে। ভাল-মন্দ লোকে হুই তো বলবেই, কিছু ideal (উচ্চাদর্শ) সামনে রেখে আমাদের সিলির মতো কাজ ক'রে খেতে হবে; তাতে 'নিন্দন্ধ নীতিনিপুণাং যদি বা স্তবন্ধ' (পণ্ডিত ব্যক্তিরা নিন্দা বা ভাত বাহাই কলক)।

> Lycidas—Milton

২ নীতিশতকৃষ্, ভর্তৃহরি

শিষ্য। আমাদের পক্ষে এখন কিরূপ আদর্শ গ্রহণ করা উচিত ?

স্বামীশী। মহাবীরের চরিত্রকেই ভোদের এখন আদর্শ করতে হবে। দেখ্না, রামের আক্রায় সাগর ডিভিয়ে চলে গেল! জীবন-মরণে দৃক্পাত নেই—মহা জিতেক্রিয়, মহা বুদ্ধিমান্! দাস্ভাবের ঐ মহা আদর্শে তোদের জীবন গঠন করতে হবে। এরপ হলেই অস্তান্ত ভাবের ফুরণ কালে আপনা-আপনি হয়ে ধাবে। বিধাণুক্ত হয়ে গুরুর আজ্ঞাপানন আৰু ব্ৰহ্মচৰ্থ-ব্ৰহ্মা—এই হচ্ছে secret of success (সফল হবার একমাত্র বহুস্ত) ; 'নাক্তঃ পদা বিজ্যতে২রনায়' (এ ছাড়া আর বিতীয় পথ নেই)। হত্নমানের একদিকে বেমন সেবাভাব, অক্তদিকে তেমনি ত্রিলোকসম্রাদী সিংহবিক্রম। রামের হিতার্থে জীবনপাত করতে কিছুমাত্র বিধা রাথে না! রামদেবা ভিন্ন অন্ত সকল বিষয়ে উপেকা—ব্রহ্মত্ব-শিবদ-লাভে পর্যন্ত উপেকা! শুধু রঘুনাথের আদেশপালনই জীবনের একমাত্র ব্রত। এরূপ একাগ্রানিষ্ঠ হওয়া চাই। থোল-করতাল বাজিয়ে লক্ষ্মম্প ক'রে দেশটা উৎসন্ন গেল। একে তো এই dyspeptic (পেটরোগা) বোগীর দল, ভাতে আবার লাফালে-ঝাঁপালে সইবে কেন? কামগন্ধহীন উচ্চ সাধনার অত্করণ করতে গিয়ে দেশটা ঘোর ভষ্মাচ্ছন হয়ে পড়েছে। দেশে দেখে, গাঁয়ে গাঁয়ে বেখানে বাবি, দেখবি খোল-করভালই বাদছে! ঢাকঢোল কি দেশে ভৈরী হয় না? ত্রীভেরী কি ভারতে মেলে না ? এ-সব গুরুগন্তীর আওয়ান্ত ছেলেদের त्मांना। ट्रांग्रिंग १०१० त्याः प्रमानिय वांक्रना चरन चरन, कीर्जन चरन ভনে দেশটা যে মেরেদের দেশ হয়ে গেল। এর চেয়ে আর কি অধংপাতে ষাবে ? কবিকরনাও এ ছবি আঁকতে হার মেনে যায়! ভমক শিঙা বাজাতে হবে, ঢাকে ব্ৰহ্মক্তডালের তুনুভিনাদ তুলতে হবে, 'মহাবীর, মহাবীর' ধ্বনিতে এবং 'হর হর ব্যোম্ ব্যোম্' শব্দে দিগ্দেশ কম্পিভ করতে হবে। বে-দব music-এ (গীতবাছে) মাহুষের soft feelings (হৃদয়ের কোমল ভাবসমূহ) উদ্দীপিত করে, দে-সব কিছুদিনের জন্ম এখন বন্ধ রাখতে হবে। খেরাল-টগ্লা বন্ধ ক'রে গ্রুপদ গান খনতে লোককে অভ্যাস করাতে হবে। বৈদিক ছন্দের মেঘমজে रिम्पेरात स्थानमभात कत्राक हत्व। नक्न विवस वीवस्वत कर्काक

ষহাপ্রাণতা আনতে হবে। এইরপ ideal follow (আর্দর্শ অর্সরণ)
করলে তবে এখন জীবের কল্যাণ, দেশের কল্যাণ। তুই বদি একা
এ-ভাবে চরিত্র গঠন করতে পারিস, তা হ'লে ভোর দেখাদেশি হাজার
লোক ঐরপ করতে শিখবে। কিন্ত দেখিস, ideal (আর্দ) থেকে
কখন বেন এক পা-ও হটিদনি। কখন সাহসহীন হবিনি। খেতেভতে-পরতে, গাইতে-বাজাতে, ভোগে-রোগে কেবলই সংসাহসের
পরিচয় দিবি। তবে ভো মহাশক্তির রূপা হবে।

শিশু। মহাশন্ন, এক এক সমন্ত্রে কেমন হীনসাহস হইন্না পঞ্চ।

স্বামীজী। তথন এরপ ভাববি—'স্বামি কার সন্তান? তাঁর কাছে গিয়ে আমার এমন হীন বৃদ্ধি, হীন সাহস !' হীন বৃদ্ধি, হীন সাহসের মাধার লাখি মেরে 'স্বামি বীর্ণবান্, স্বামি মেধাবান্, স্বামি অমুকের চেলা, কামকাঞ্চনজিৎ ঠাকুরের সন্ধীর সন্ধী'—এইরপ অভিমান থ্ব রাখবি। এতে কল্যাণ হবে। ঐ অভিমান বার নেই, তার ভেতরে ব্রহ্ম স্বামেন না। রামপ্রসাদের গান শুনিসনি? তিনি বলতেন, 'এ সংসারে ভরি কারে, রাজা বার মা মহেশ্রী।' এইরপ অভিমান সর্বদা মনে জাগিরে রাখতে হবে। তা হ'লে স্বার হীন বৃদ্ধি, হীন ভাব নিকটে স্বাসবে না। কখনও মনে ত্র্বলতা স্বাসতে দিবিনি। মহাবীরকে স্বরণ করবি—মহামারকৈ স্বরণ করবি। দেখবি সব ত্র্বলতা, সব কাপ্রুবতা তথনই চলে যাবে।

ঐরপ বলিতে বলিতে খামীজী নীচে আলিলেন। মঠের বিস্তৃত প্রাজ্পে বে আমগাছ আছে, তাহারই তলার একধানা ক্যাম্পথাটে তিনি অনেক সময় বলিতেন; অন্তও লেখানে আলিয়া পশ্চিমান্তে উপবেশন করিলেন। তাঁহার নয়নে মহাবীরের ভাব বেন তথনও ফুটিরা বাহির হইতেছে। উপবিষ্ট হইরাই উপহিত সন্থানি-ও ব্রহ্মচারিগণকে দেখাইরা তিনি শিশুকে বলিতে লাগিলেন:

এই বে প্রত্যক্ষ বন্ধ ! একে উপেন্ধা ক'রে ধারা অন্ত বিষয়ে মন দেয়, থিক্
ভাদের ! করামলকবং এই বে বন্ধ ! দেখতে পাচ্ছিসনে !—এই—এই !

এর্যন হ্রণস্পর্শী ভাবে খামীলী কথাগুলি বলিলেন খে, ওনিয়াই উপছিত সকলে 'চিত্রাপিভারত ইবাবতহে!'—সহসা গভীর ধ্যানে মধ। কাহারও মুখে কথাট নাই! খানী প্রেরানন্দ তথন গলা হইতে ক্রওলু করিয়া জল লইয়া ঠাকুরখরে উঠিডেছিলন। তাঁহাকে দেখিরাও খানীলী 'এই প্রত্যক্ষ ত্রদা, এই প্রত্যক্ষ ত্রমা বলিতে লাগিলেন। এ কথা শুনিরা তাঁহারও তথন হাতের কমগুলু হাতে বন্ধ হইয়া বহিল, একটা মহা নেশার খােরে আছের হইয়া তিনিও তথনি ধ্যানস্থ হইয়া পড়িলেন! এইয়পে প্রায় ১৫ মিনিট গভ হইলে খানীলী খানী প্রেরানন্দকে আহ্নান করিয়া বলিলেন, 'বা, এখন ঠাকুরপ্রভার বা।' খানী প্রেরানন্দের তবে চেতনা হয়! ক্রমে সকলের মনই আ্বার 'আমি-আ্রার' রাজ্যে নামিরা আসিল এবং সকলে বে খাহার কার্বে গ্রমন করিল। সেদিনের সেই দুশ্র শিক্ত ইহলীবনে কখনও ভূলিতে পারিবে না।

কিছুক্ষণ পরে শিশ্র-সমভিব্যাহারে স্বামীজী বেড়াইতে গেলেন। মাইতে বাইতে শিশ্রকে বলিলেন, 'দেখলি, জাজ কেমন হ'ল ? স্বাইকে ধ্যানস্থ হ'তে হ'ল। এরা সব ঠাকুরের সন্তান কি না, বলবামাত্র এদের তথনই তথনই অস্তৃতি হয়ে গেল।'

- শিক্ত। মহাশন্ত, আমাদের মতো লোকের মনও যথন নির্বিত্ত হইরা গিরাছিল, তথন ওঁদের কা কথা। আনন্দে আমার হৃদয় যেন ফাটিয়া যাইডেছিল। এখন কিন্তু ঐ ভাবের আর কিছুই মনে নাই—যেন অপ্রবৎ হইরা গিরাছে।
- খামীজী। সৰ কালে হয়ে বাবে। এখন কাজ কর্। এই মহামোহগ্রন্থ জীৰসমূহের কল্যাণের জন্ত কোন কাজে লেগে বা। দেখবি ও-সৰ আপনা-আপনি হয়ে বাবে।
- শিক্ত। মহাশর, অভ কর্মের মধ্যে বাইডে ভয় হর—দে দামর্থ্যও নাই।
 শাল্পেও বলে 'গ্রহনা কর্মণো গভি:।'
- খাৰীজী। ভোৱ কি ভাল লাগে ?
- শিষ্য। আপনার মতো সর্বশান্তার্থনশীর সম্পে বাস ও তত্ত্বিচার করিব, আর
 প্রবণ সনন নিধিয়াসন ছারা এ শরীরেই ব্রহ্মতত্ত্ প্রত্যক্ষ করিব। এ ছাড়া
 কোন বিবরেই আমার উৎসাহ হয় না। বোধ হয় বেন অন্ত কিছু
 করিবার সামর্থাও আমাতে নাই।
- খামীজী। ভাল লাগে তো ভাই করে বা। আর ভোর সব শান্ত-নিদ্ধান্ত

লোকেদের জানিয়ে দে, তা ছলেই জনেকের উপকার হবে। শরীর
বতদিন আছে, ততদিন কাল না ক'রে তো কেউ থাকতে পারে না।
ক্তরাং বে কালে পরের উপকার হয়, তাই করা উচিত। তোর নিজের
অক্তৃতি এবং শাল্লীয় দিলাস্থবাক্যে অনেক বিবিদিয়্র উপকার হ'তে
পারে। ঐ-সব লিপিবদ্ধ ক'রে যা। এতে জনেকের উপকার হ'তে পারে।
শিক্ত। অগ্রে জামারই অক্তৃতি হউক, তখন লিখিব। ঠাকুর বলিতেন বে,
চাপরাস না পেলে কেহ কাহারও কথা লয় না।

যামীনী। তুই বে-সব সাধনা ও বিচারের stage (অবহা) দিয়ে অগ্রসর হচ্ছিদ, জগতে এমন লোক অনেক থাকতে পারে, যারা ঐ stage (অবহা)-এ পড়ে আছে; ঐ অবহা পার হয়ে অগ্রসর হ'তে পারছে না। তোর experience (অহুভৃতি) ও বিচার-প্রণালী লিপিবজ হ'লে তাদেরও তো উপকার হবে। মঠে সাধুদের সঙ্গে বে-সব চর্চা করিস, সেই বিষয়গুলি সহজ ভাষায় লিপিবজ ক'রে রাখলে অনেকের উপকার হ'তে পারে।

শিশ্ব। আপনি ষধন আজা করিতেছেন, তথন ঐ বিষয়ে চেটা করিব।
শামীজী। বে সাধনভজন বা অস্ভৃতি ঘারা পরের উপকার হয় না,
মহামোহগ্রন্থ জীবকুলের কল্যাণ সাধিত হয় না, কামকাঞ্চনের গণ্ডি
থেকে মাসুধকে বের হ'তে সহায়তা করে না, এমন সাধন-ভজনে ফল
কি? তুই বৃঝি মনে করিস—একটি জীবের বন্ধন থাকতে ভোর মৃক্তি
আছে? যত কাল তার উদ্ধার না হচ্ছে, তত কাল তোকেও জন্ম
নিতে হবে তাকে সাহায্য করতে, তাকে ব্রহ্মাস্থৃতি করাতে। প্রতি
জীব বৈ তোরই অল। এইজন্মই পরার্থে কর্ম। ভোর স্থী-পুত্রকে
আপনার জেনে তুই বেমন তাদের সর্বাদীণ মললকামনা করিস,
প্রতি জীবে যথন ভোর ঐরপ টান হবে, তথন ব্যাব—ভোর ভেতর ব্রহ্ম
জাগরিত হচ্ছেন, not a moment before (ভার এক মুহুর্ত আরে
নয়)। জাভিবর্ণ-নির্বিশেষে এই সর্বাদীণ মললকামনা জাগরিত হ'লে
ভবে ব্যাব, তুই ideal—এর (আদর্শের) দিকে অগ্রন্মর হচ্ছিস।

শিশু।' এটি তো মহাশহ ভয়ানক কথা—সকলের মৃক্তি না হইলে ব্যক্তিগত মৃক্তি হইবে না! কোথাও তো এমস অন্তুত গিছাত তনি নাই!

- স্থামীজী। এক class (শ্রেণীর) বেদান্তবাদীদের এরপ মত আছে। তাঁরা
 . বলেন, 'ব্যষ্টিগ্রত মৃক্তি—সৃক্তির মথার্থ স্বরূপ নয়, সমষ্টিগত মৃক্তিই
 মৃক্তি।' অবশ্র এ মতের দোষগুণ মথেষ্ট দেখানো যেতে পারে।
- শিশ্ব। বেদান্তমতে ব্যষ্টভাবই তো বন্ধনের কারণ। সেই উপাধিগত চিৎসন্তাই কামকর্মাদিবশৈ বন্ধ বলিয়া প্রভীত হন। বিচারবলে উপাধিশৃত্ত হইলে, নির্বিষয় হইলে প্রত্যক্ষ চিন্নার আত্মার বন্ধন থাকিবে কিরূপে? বাহার জীবজগদাদিবোধ থাকে, ভাহার মনে হইতে পারে—সকলের মৃক্তি না হইলে ভাহার মৃক্তি নাই। কিন্তু প্রবণাদি-বলে মন নিরুপাধিক হইয়া বথন প্রভাগ্রহ্মমন্ন হয়, তথন ভাহার নিক্ট জীবই বা কোথায়, আর জগৎই বা কোথায় ?—কিছুই থাকে না। ভাহার মৃক্তিভত্তের অবরোধক কিছুই হইতে পারে না।
- খামীজী। হাঁ, তুই বা বলছিল, তাই অধিকাংশ বেদান্তবাদীর সিন্ধান্ত।
 উহা নির্দোষণ্ড বটে। ওতে ব্যক্তিগত মৃক্তি অবরুদ্ধ হয় না। কিন্ত বে মনে করে—আমি আত্রন্ধ জগৎটাকে আমার সঙ্গে নিয়ে একসংক মৃক্ত হবো, তার মহাপ্রাণতাটা একবার ভেবে দেখু দেখি।
- শিশ্ব। মহাশর, উহা উদারভাবের পরিচায়ক বটে, কিন্তু শাস্ত্রবিক্ষক বলিয়া মনে হয়।

খামীজী শিয়ের কথাগুলি শুনিতে পাইলেন না, অক্সনে কোন বিষয় ইতঃপূর্বে ভাবিতেছিলেন বলিয়া বোধ হইল। কিছুক্রণ পরে বলিয়া উঠিলেন, 'ওরে, আমাদের কি কথা হচ্ছিল ?' যেন পূর্বের সকল কথা ভূলিয়া গিয়াছেন! শিয় ঐ বিষয় শ্বনণ করাইয়া দেওয়ায় খামীজী বলিলেন, 'দিনরাভ ব্রহ্মবিষয়ের অহ্ধ্যান করবি। একাস্কমনে ধ্যান করবি। আর ব্যুখানকালে হয় কোন লোকহিতকর বিষয়ের অহ্ঠান করবি, না হয় মনে মনে ভাববি—জীবের, জগতের উপকার হোক, সকলের দৃষ্টি ব্রহ্মাবগাহী হোক। ঐরপ ধারাবাহিক চিন্তাতরক্রের ঘারাই জগতের উপকার হবে। জগতের কোন অহ্ঠানই নির্বেক হয় না, ভা সেটি কাজই হোক, আর চিন্তাই হোক। ভোর চিন্তাতরক্রের প্রভাবে হয়ভো আমেরিকার কোন লোকের চৈত্ত হবে।'

শিশু। মহাশন্ন, আমার মন বাহাতে বথার্থ নির্বিন্ন হয়, সে বিষয়ে আমাকে আশীর্বাদ করুন—এই অন্নেই যেন ভাহা হয়।

খামীখী। তা হবে বইকি। ঐকান্তিকতা থাকলে নিশ্বর হবে। শিশু। আপনি মনকে ঐকান্তিক করিয়া দিতে পারেন; সে শক্তি আহে, আমি জানি। আমাকে ঐরপ করিয়া দিন, ইহাই প্রার্থনা।

এইরপ কথাবার্তা হইতে হইতে শিশুসহ খানীজী মঠে খাসিরা উপস্থিত হইলেন। তথন দশনীর জ্যোৎপ্রার রজতধারার মঠের উন্থান বেন প্রাবিত হইতেছিল।

లస

স্থান—বেলুড় মঠ কাল—১৯০১

বেল্ড মঠ ছাণিত হইবার সময় নৈষ্ঠিক হিন্দুগণের মধ্যে অনেকে মঠের আচার-ব্যবহারের প্রতি তীত্র কটাক্ষ করিতেন। বিলাভ-প্রত্যাগত স্বামীজী-কর্তৃক স্থাণিত মঠে হিন্দুর আচারনিষ্ঠা সর্বথা প্রতিপালিত হয় না এবং ভক্ষভোজ্যাদির বাছ-বিচার নাই—প্রধানতঃ এই বিষয় লইয়া নানা স্থানে আলোচনা চলিত এবং ঐ কথার বিশাসী হইয়া শাল্লানভিজ্ঞ হিন্দুনামধারী অনেকে সর্বত্যাগী সন্থ্যাদিগণের কার্যকলাপের অবথা নিন্দাবাদ করিত। নোকার করিয়া মঠে আদিবার কালে শিল্প সময়ে সময়ে ঐরপ সমালোচনা অকর্ণে শুনিরাছে। তাহার মুখে স্বামীজী কথন কথন ঐ-সকল সমালোচনা শুনিরা বলিতেন, 'হাতী চলে বাজারমে, কুড়া শোঁকে হাজার। সাধুনুকো ভূভাব নহি, বব নিন্দে সংসার।' কথনও বলিতেন, 'দেশে কোন নৃত্তন ভাব প্রচার হওরার সময়্য তার বিল্লে প্রাচীনপন্থীদের আন্দোলন প্রকৃত্তির নিরম। জগতের ধর্ম-সংস্থাপক্ষাত্রকেই এই পরীক্ষার উত্তীর্ণ হ'তে হরেছে।' আবার কথনও বলিতেন, 'Persecution (অক্তার শুতাবার) না হ'লে অগতের হিত্তুর ভাবগুলি সমাজের অভ্যানে সহজে প্রবেশ করতে পারে না।' স্কুরাং সমাজের তীত্র কটাক্ষ ও সমালোচনাকে

> जूनमोशम

সামীনী জাঁহার নবভাব-প্রচারের সহার বলিরা মনে করিতেন, কখনও উহার বিকরে প্রতিবাদ করিতেন না বা তাঁহার লাল্রিড গৃহী ও নর্মালিগণকে প্রতিবাদ করিতে দিতেন না। সকলকে বলিতেন, 'ফলাভি-সন্ধিহীন হয়ে কাজ ক'রে বা, একদিন ওর ফল নিশ্চরাই ফলবে।' স্বামীজীর শ্রীম্থে এ-কথাও সর্বদা শুনা বাইড, 'ন হি কল্যাণকৃৎ কশ্চিৎ ভূর্গভিং ভাত গচ্ছতি।'

হিন্দ্সমাজের এই তীত্র সমালোচনা স্বামীজীর দীলাবসানের পূর্বে কিরুপে
অস্তর্হিত হয়, আজ সেই বিষয়ে কিছু লিপিবন্ধ হইতেছে। ১৯০১ এটান্বের
মে কি জুন মাসে শিশু একদিন মঠে আসিরাছে। স্বামীজী শিশুকে
দেখিরাই বলিলেন: গুরে, একখানা রঘুনন্দনের 'অষ্টাবিংশতি-ভত্ত' শীগসীর
ভাষার জন্মে নিয়ে আসবি।

শিশু। আচ্ছা মহাশয়। কিন্তু রঘুনন্দনের স্থতি—যাহাকে কুসংস্থারের ঝুড়ি বলিয়া বর্তমান শিক্ষিত সম্প্রদায় নির্দেশ করিয়া থাকে, তাহা লইয়া আপনি কি করিবেন ?

খামীজী। কেন ? রঘুনন্দন তদানীন্তন কালের একজন দিগ্গজ পণ্ডিত ছিলেন; প্রাচীন শ্বভিসকল সংগ্রহ ক'রে হিন্দুর দেশকালোপবাসী নিভানৈমিত্তিক ক্রিরাকলাপ লিপিবদ্ধ ক'রে গেছেন। সমন্ত বাওলা দেশ তো তাঁর অফুশাসনেই আজকাল চলছে। তবে তাঁর তৈরী হিন্দুজীবনের গর্ভাধান থেকে শ্মশানান্ত আচার-প্রণালার কঠোর বদ্ধনে সমান্ত উৎপীড়িত হয়েছিল। শৌচ-প্রপ্রাবে, থেছে-শুতে, অন্ত সকল বিষয়ের তো কথাই নেই, সন্বাইকে তিনি নিয়মে বদ্ধ করতে প্রশাস পেয়েছিলেন। সময়ের পরিবর্তনে সে বদ্ধন বহুকাল খারী হ'তে পারলো না। সর্বদেশে সর্বকালে ক্রিরাকাণ্ড, সমাজের আচার-প্রণালী সর্বদাই পরিবর্তিত হয়ে বায়। একমাত্র জানকাণ্ডই পরিবর্তিত হয়ে না। বৈদিক য়ুগেও দেখতে পাবি ক্রিরাকাণ্ড ক্রমেই পরিবর্তিত হয়ে গেছে। কিছু উপনিবদের জ্ঞানপ্রকরণ আজ পর্বভ একভাবে রয়েছে। তবে তার interpreters (ব্যাখ্যাতা) জনেক হয়েছে—এইমাত্র।

শিশু। আপনি রঘুনন্দনের স্থৃতি লইরা কি করিবেন ?

শামীজী। এবার মঠে তুর্গোৎসৰ করবার ইচ্ছে হচ্ছে। যদি ধরচার সন্থ্যান হয় ভো মহামায়ার পূজো ক'রব। তাই তুর্গোৎসব-বিধি পড়বার ইচ্ছে হয়েছে। তুই জাগামী রবিবারে বথন আসবি, তথন ঐ পূঁথিখানি সংগ্রহ ক'রে নিয়ে আসবি।

শিক্ত। যে আজা।

পরের রবিবারে শিশু রঘ্নন্দনকৃত 'অষ্টাবিংশতি-তত্ব' ক্রয় করিয়া ভাষীজীর জন্ত মঠে লইয়া ভাসিল। গ্রন্থানি ভাজিও মঠের লাইব্রেরিতে রহিয়াছে। ভামীজী প্তক্থানি পাইয়া বড়ই খুনী হইলেন এবং ঐ দিন হইতে উহা পাঠ করিতে ভারজ করিয়া চার পাঁচ দিনেই গ্রন্থানি ভাতোপাত্ত পাঠ করিয়া ফেলিলেন। শিশুর সঙ্গে সপ্তাহাত্তে দেখা হইবার পর বলিলেন: ভোর দেওয়া রঘ্নন্দনের ভৃতিখানি সব পড়ে ফেলেছি। বদি পারি ভো এবার মার প্লো ক'য়ব। রঘ্নন্দন বলেছেন, 'নবয়াং প্রত্রেৎ দেখীং কৃত্যা কধিরকর্দমন্'—মার ইচ্ছা হয় ভো তাও ক'রব।

খামীনী মঠে প্রথম তুর্গাপুজা করিতে ইচ্ছা করিলে প্রীরামক্ষণ্ডজ-জননী শ্রীনাতাঠাকুরানীর অন্তমভিক্রমে দ্বির হইল, তাঁহারই নামে সংকল্প করিরা পূজা হইবে। কলিকাতা কুমারটুলী হইতে প্রতিমা খানা হইল। ব্রহ্মচারী কুফলাল পূজক, খামী রামক্লফানন্দের পিতা সাধক ঈশর ভট্টাচার্ব ভন্তধারক হইলেন। যে বিষর্কমূলে বসিরা খামীলী একদিন গান গাছিরাছিলেন, 'বিষর্ক্মনূলে পাতিয়ে বোধন, গণেশের কল্যাণে গৌরার খাগমন'— সেইখানেই বোধনাধিবাসের সাদ্যাপুজা সম্পন্ন হইল। বথাশাল্প মারের পূজা নির্বাহিত হইল; শ্রীশ্রীমাতাঠাকুরানীর অনভিমত বলিয়া পশুবলিলাম হয় নাই। গরীব-তৃঃখীদিগকে নারায়ণজানে পরিতোষপূর্বক ভোজন করানো তুর্গোৎসবের অন্তত্ম প্রধান অল ছিল। বেলুড় বালি ও উত্তরপাড়ার পরিচিত অপরিচিত খনেক ব্রাহ্মণণিত নিমন্ত্রিভ হইয়াছিলেন; তাঁহারা সানন্দে পূজার বোগদান করেন এবং পূজা দর্শন করিয়া তাঁহাদের ধারণা খন্মে বে মঠের সন্মানীরা বথার্থ হিনুস্র্যাসী।

নহাট্ডনীর পূর্বরাত্তে স্থানীনীর জর হওরার প্রদিন পূজার যোগদান করিতে পারেন নাই; স্ক্রিকণে উঠিয়া মহামায়ার চরণে তিনবার পূজাঞ্জলি প্রদান করেন। নবসীরাত্তে শ্রীরামক্ষের গাওরা ছ-একটি গান গাছিলেন। পূজা-শেবে শ্রীশ্রীমাতাঠাকুরানীর বারা বঞ্চদক্ষিণাস্ত করা হইল। ছুর্গাপ্জার পর মঠে লন্ধী- ও খ্যামাপ্জাও ব্যাশাস্ত্র নির্বাহিত হয়।

অগ্রহারণ মাসের শেষভাগে স্থামীজী তাঁহার গর্ভধারিণীর ইচ্ছার বাল্য-কালের এক 'মানভ' পূজা সম্পন্ন করিতে কালীঘাটে গিরা গঞ্জামানান্তে ভিজাকাণড়ে মারের মন্দিরে প্রবেশ করেন। মারের পাদপদ্মের সম্পুথে তিনবার গড়াগড়ি দেন, সাতবার মন্দির প্রদক্ষিণ করেন এবং নাটমন্দিরের পশ্চিমপার্থে আনার্ভ চন্থরে বসিয়া নিজেই হোম করেন। এই-সকল কথা বলিবার পর স্থামীজী শিক্সকে বলিলেন, কালীঘাটে এখনও কেমন উদার ভাব দেখলুম; আমাকে বিলাভ-প্রত্যাগত বিবেকানন্দ ব'লে জেনেও মন্দিরের অধ্যক্ষণণ মন্দিরে প্রবেশ করতে কোন বাধাই দেননি; বরং পরম সমাদ্রে মন্দিরমধ্যে নিয়ে গিয়ে যথেচ্ছ পূজো করতে সাহায্য করেছিলেন।'

বেদান্তবাদী বা ব্ৰহ্মজানী হইয়াও সামীজী আচাৰ্য শহরের মতো পূজাহুঠানাদির প্রতি শ্রহাবান্ ও অহরাগী ছিলেন।

80

স্থান-বেলুড় মঠ

काम-गार्ठ, ১৯•२

আৰু শ্রীরামক্ষণদেবের মহামহোৎসব—এই উৎসবই সামীজী শেষ দেখিরা গিরাছেন। উৎসবের কিছু পূর্ব হইতে স্বামীজীর শরীর অস্ত্র্য। উপর হইতে নামেন না, চলিতে পারেন না, পা ফুলিয়াছে। ডাস্কারেরা বেশী কথাবার্তা বলিতে নিবেধ করিয়াছেন।

শিশ্ব শ্রীপ্রীঠাকুরের উদ্দেশে সংস্কৃত ভাষার একটি শুব রচনা করিয়া উহা ছাপাইরা শানিরাছে। শাসিরাই শামিপাদপদ্ম দর্শন করিতে উপরে গিরাছে। শামীজী নেজেতে শর্ধ-শারিত শবস্থার বসিরাছিলেন। শিশু শাসিরাই শামীজীর শ্রীপাদপদ্ম হদরে ও মন্তকে ম্পর্শ করিল এবং শান্তে পান্তে পান্তে হাত ব্লাইরা দিতে লাগিল। স্বামীজী শিশু-রচিত গুৰটি পড়িতে আরম্ভ করিবার পূর্বে তাহাকে বলিলেন, 'খ্ব আন্তে আন্তে পায়ে হাত ব্লিরে দে, পা ভারি টাটিয়েছে।' শিশু তদমূরণ করিতে লাগিল।

खन-भाशिष स्थानीकी संहेित्स विश्वतान, 'त्वम हरम्रह ।'

সামীজীর শারীরিক অহস্থতা এতদ্র বাড়িয়াছে বে, তাঁহাকে দেখিয়া শিৱের বুক ফাটিয়া কালা আসিতে লাগিল।

- স্বামীজী। (শিশ্বের মনোভাব বুঝিতে পারিয়া) কি ভাবছিন ? শরীরটা জন্মেছে, আবার মরে বাবে। তোদের ভেতরে আমার ভাবগুলির কিছু-কিছুও যদি ঢুকুতে পেরে থাকি, তা হলেই জানবো দেহটা ধরা সার্থক হয়েছে। শিশ্ব। আমরা কি আপনার দয়ার উপযুক্ত আধার ? নিজগুণে দয়া করিয়া বাহা করিয়া দিয়াছেন, তাহাতেই নিজেকে সৌভাগ্যবানু মনে হয়।
- স্বামীজী। সর্বদা মনে রাখিস, ত্যাগই হচ্ছে মূলমন্ত্র। এ মন্ত্রে দীক্ষিত না হ'লে ব্রহ্মাদিরও মৃক্তির উপায় নেই।
- শিশ্ব। মহাশয়, আপনার শ্রীম্থ হইতে ঐ কথা নিত্য শুনিয়া এত দিনেও উহার ধারণা হইল না, সংসারাসক্তি গেল না—ইহা কি কম পরিতাপের কথা! আশ্রিত দীন সস্তানকে আশীর্বাদ করুন, যাহাতে শীব্র উহা প্রাণে প্রাণে ধারণা হয়।
- স্বামীজী। ত্যাগ নিশ্চয় আগবে, তবে কি জানিস 'কালেনাত্মনি বিন্দতি'— সময়, না এলে হয় না। কতকগুলি প্রাগ্জন্ম-সংস্থার কেটে গেলেই ত্যাগ ফুটে বেরোবে।

কথাগুলি শুনিরা শিশ্ব অতি কাতরভাবে স্বামীজীর পাদপদ্ম ধারণ করিরা বলিতে লাগিল, 'মহাশয়, এ দীন দাসকে জন্মে জন্মে পাদপদ্মে আশ্রয় দিন— ইহাই একান্ত 'প্রার্থনা। আপনার সঙ্গে থাকিলে ব্রন্ধজ্ঞানলাভেও আমার ইচ্ছা হয় না।'

খামীজী উত্তরে কিছুই না বলিয়া অস্তমনত্ত হইয়া কি ভাবিতে লাগিলেন।
শিল্পের মনে হইল, তিনি যেন দ্রদৃষ্টি-চক্রবালে তাঁহার ভাবী জীবনের ছবি দেখিতে লাগিলেন। কিছুক্রণ পরে বলিলেন, 'লোকের ওলভোন দেখে কী আর হবে? আজ আমার কাছে থাক্। আর নিরঞ্জনকে ভেকে দোরে

বসিরে দে, কেউ যেন আমার কাছে এসে বিরক্ত না করে।' শিশ্ব দৌড়িয়া গিয়া আমী নিরঞ্জনানন্দকে আমীজীর আদেশ জানাইল। তিনিও সকল কার্ব উপেকা করিয়া, মাথায় পাগড়ি বাঁধিয়া, হাতে লাঠি লইয়া আমীজীর ব্রের দরজার সমূধে আসিয়া বসিলেন।

শনস্কর ঘরের ধার কর্ম করিয়া শিশু পুনরায় স্থামীজীর কাছে আদিল।
মনের সাথে আজ স্থামীজীর সেবা করিতে পারিবে ভাবিয়া তাহার মন আনন্দে
উৎফুল! স্থামীজীর পদসেবা করিতে করিতে সে বালকের ক্রায় যত মনের
কথা স্থামীজীকে থুলিয়া বলিতে লাগিল, স্থামীজীও হাত্তমুখে তাহার প্রশাদির
উত্তর ধীরে ধীরে দিতে লাগিলেন। এইরূপে সেদিন কাটিতে লাগিল।

- খানীজী। আমার মনে হয়, এভাবে এখন আর ঠাকুরের উৎসব না হয়ে অয়ভাবে হয় ভো বেশ হয়। একদিন নয়, চার-পাঁচ দিন ধরে উৎসব হবে।
 ১ম দিন হয়ভো শাল্লাদি-পাঠ ও ব্যাখ্যা হ'ল। ২য় দিন বেদবেদাভাদির
 বিচার ও মীমাংসা হ'ল। ৩য় দিন Question-Class (প্রশ্নোভর)
 হ'ল। তার পরদিন চাই কি Lecture (বক্তা) হ'ল। শেষ দিনে
 এখন বেমন মহোৎসব হয়, ভেমনি হ'ল। তুর্গাপুজা বেমন চার দিন ধ'য়ে
 হয়, ভেমনি। ঐরপে উৎসব করলে শেষ দিন ছাড়া অপর কয়দিন অবশ্র
 ঠাকুরের ভক্তমগুলী ভিয় আর কেউ বোধ হয় বড় একটা আসভে
 পারবে না। তা নাই বা এল। বছ লোকের গুলভোন হলেই বে
 ঠাকুরের ভাব খ্ব প্রচার হ'ল, তা ভো নয়।
- শিশ্ব। মহাশন্ন, ইহা আপনার হুন্দর করনা; আগামী বারে ভাহাই করা যাইবে। আপনার ইচ্ছা হইলে সব হইবে।
- স্বামীনী। স্থার বাবা, ও-সব করতে মন যায় না। এখন থেকে ভোরা ও-সব করিস।
- শিষ্ত। মহাশয়, এবার কীর্তনের অনেক দল আসিয়াছে।

ঐ কথা শুনিরা খামীজী উহা দেখিবার জন্ম ঘরের দক্ষিণদিকের মধ্যের জানালার রেলিং ধরিয়া উঠিয়া দাঁড়াইলেন এবং সমাগত অগণিত ভক্ত-মণ্ডলীর দিকে চাহিয়া রহিলেন। অরক্ষণ দেখিয়াই আবার বসিলেন। দাঁড়াইয়া কষ্ট হুইয়াছে ব্ঝিয়া শিক্ত ভাঁহার মন্তকে আন্তে আন্তে ব্যক্তন করিছে লাগিল।

- শারীজী। তোরা হচ্ছিদ ঠাকুরের দীলার actors (অভিনেতা)। এর পরে আমাদের কথা তো ছেড়েই দে, লোকে তোদের নাম করবে। এই বে-সব তাব লিখছিদ, এর পর লোকে ভক্তিমৃত্তিলাভের জন্ত এইসব তাব পাঠ করবে। জানবি, আত্মজানলাভই পরম সাধন। অবভার-পুরুষরূপী জগদ্ভকর প্রতি ভক্তি হলেই ঐ জ্ঞান কালে আপনিই ফুটে বেরোবে।
- শিশু। (অবাক হইয়া) মহাশয়, আমার ঐ জ্ঞান লাভ হইবে তো় ? আমীজী। ঠাকুরের আশীর্বাদে তোর জ্ঞান-ভক্তি হবে। কিন্তু সংসারাশ্রমে তোর বিশেষ কোন স্থুপ হবে না।
- শিক্ত। (বিষয় ও চিন্তিত ভাবে) আপনি ষদি দয়া করিয়া মনের বন্ধনগুলি কাটিয়া দেন ভবেই উপায়; নতুবা এ দাসের উপায়ান্তর নাই। আপনি শ্রীমূথের বাণী দিন, যেন এই জন্মেই মুক্ত হয়ে যাই।
- স্বামীজী। তয় কি ? বধন এধানে এসে পড়েছিস, তধন নিশ্চয় হয়ে যাবে।
 শিক্ত। (স্বামীজীর পাদপদা ধরিয়া কাঁদিতে কাঁদিতে) এবার আমায় উদ্ধার
 করিতে হইবেই হইবে।
- খামীজী। কে কার উদ্ধার করতে পারে বল্? গুরু কেবল কতকগুলি আবরণ দ্ব ক'রে দিতে পারে। ঐ আবরণগুলো গোলেই আখা আপনার গৌরবে আপনি জোতিখান্ হয়ে প্রের মতো প্রকাশ পান।
- শিশু। ভবে শাল্পে কুপার কথা শুনভে পাই কেন ?
- শামীজী। কপা মানে কি জানিস? যিনি আত্ম-সাক্ষাৎকার করেছেন, তাঁর ভেতরে একটা মহাশক্তি খেলে। তাঁকে centre (কেন্দ্র) ক'রে কিছুদ্র পর্যন্ত radius (ব্যাসার্ধ) নিয়ে বে একটা circle (র্জ্জ) হয়, সেই circle-এর (র্জ্জের) ভেতর হারা এসে পড়ে, তারা ঐ আত্মবিৎ সাধ্র ভাবে অহ্পপ্রাণিত হয় অর্থাৎ ঐ সাধ্র ভাবে তারা অভিভূত হয়ে পড়ে। স্ক্তরাং সাধন-ভজন না করেও তারা অপূর্ব আধ্যাত্মিক ফলের অধিকারী হয়। একে যদি কুপা বলিস তো বল্।
- শিষ্য। এ ছাড়া আর কোনরপ রুপা নাই কি, মহাশর ?
- স্থামীজী। তাও আছে। যথন অবতার আসেন, তথন তার সঙ্গে দৃক্তদৃমৃকু পুরুষেরা সব তার সীলার সহায়তা করতে শরীর ধারণ ক'রে

- আদেন। কোট জন্মের অন্ধকার কেটে এক জন্মে মৃক্ত ক'রে দেওয়া কেবল মাত্র অবভারেরাই পারেন। এরই মানে রূপা। ব্রালি ?
- শিশ্ব। আতে হাঁ। কিছ বাহারা তাঁহার দর্শন পাইল না, ভাহাদের উপায় কি ?
- ষামীজী। তাদের উপায় হচ্ছে—তাঁকে তাকা। তেকে তেকে অনেকে তাঁর দেখা পায়, ঠিক এমনি আমাদের মতো শরীর দেখতে পার এবং তাঁর রূপা পায়।
- শিশু। মহাশয়, ঠাকুরের শরীর ষাইবার পর আপনি তাঁহার দর্শন পাইরাছেন কি ?
- স্বামীজী। ঠাকুরের শরীর যাবার পর, আমি কিছুদিন গাজীপুরে পওছারী বাবার সদ করি। পওহারী বাবার আশ্রমের অনভিদ্রে একটা বাগানে ঐ সময় আমি থাক তুম। লোকে সেটাকে ভূতের বাগান ব'লভ। কিছ আমার তাতে ভন্ন হ'ত না; জানিদ তো আমি বন্দালৈতা, ভূত-ফুতের ভর বড় রাখিনি। ঐ বাগানে অনেক নেবুগাছ, বিভর ফ'লভ। আমার ভথন অভ্যন্ত পেটের অহুথ, আবার তার ওপর সেধানে রুটি ভিন্ন অন্ত কিছু ভিকা মিলত না। কাজেই হজমের জন্ম পুব নেবু থেতুম। পওহারী বাবার কাছে যাতায়াত ক'রে তাঁকে ধুব ভাল লাগলো। ভিনিও আমার খুব ভালবাসতে লাগলেন। একদিন মনে হ'ল, শ্রীরামক্রফদেবের কাছে এড কাল থেকেও এই ক্লয় শরীরটাকে দুঢ় করবার কোন উপারই ভো পাইনি। পওহারী বাবা ওনেছি, হঠযোগ জানেন। এঁর কাছে হঠযোগের ক্রিয়া জেনে নিয়ে, শরীরটাকে দুঢ় ক'রে নেবার জন্ত এখন কিছুদিন সাধন ক'রব। জানিস ভো আমার ৰাঙালের মডো রোক। বা মনে ক'রব, তা করবই। যে দিন দীকা নেবো মনে করেছি, তার আগের বাত্রে একটা থাটিয়ায় শুয়ে ভাবছি, এমন সময় দেখি—ঠাকুর আমার দক্ষিণ পাশে দীড়িয়ে একদৃষ্টে আমার পানে চেয়ে আছেন, বেন বিশেষ ছঃখিত হয়েছেন। তাঁর কাছে মাথা বিকিয়েছি, আবার অপর একজনকে ওক ক'রব--এই কথা মনে হওয়ায় লক্ষিত হয়ে তাঁর দিকে তাকিয়ে রইনুম। এইরূপে বোধ হয় ২।৩ ঘণ্টা পত হ'ল; তথন কিন্তু আমার মুখ খেকে কোন কথা বেরোল না।

ভারণর হঠাৎ ভিনি অন্তর্হিত হলেন। ঠাকুরকে দেখে মন এক-রকম
হরে গেল, কাজেই সে দিনের মতো দীক্ষা নেবার সহয় ছলিত রাধতে
হ'ল। ত্-এক দিন বাদে আবার পওহারী বাবার নিকট ময় নেবার
সহয় উঠল। সেদিন রাজেও আবার ঠাকুরের আবির্ভাব ইল—ঠিক
আগের দিনের মতো। এইভাবে উপর্পরি একুশ দিন ঠাকুরের দর্শন
পাবার পর, দীক্ষা নেবার সহয় একেবারে ভ্যাগ করলুম। মনে হ'ল,
ব্যনই ময় নেব মনে করছি, ভথনই যখন এইরপ দর্শন হচ্ছে, ভথন ময়
নিলে অনিষ্ট বই ইউ হবে না।

শিশ্ব। মহাশর, ঠাকুরের শরীর-রক্ষার পর কথনও তাঁহার সঙ্গে আপনার কোন কথা হয়েছিল কি ?

খামীলী সে কথার কোন উত্তর না দিয়া নির্বাক হইয়া রহিলেন। খানিক বাদে শিক্তকে বলিলেন: ঠাকুরের যারা দর্শন পেয়েছে, তারা থকা! 'কুলং পবিত্রং জননী রুতার্থা।' তোরাও তাঁর দর্শন পাবি। যথন এখানে এসে পড়েছিস, তথন তোরা এখানকার লোক। 'রামকৃষ্ণ' নাম ধ'রে কে যে এসোছলেন, কেউ চিনলে না। এই যে তাঁর অভ্তরদ, সাকোপাদ—এরাও তাঁর ঠাওর পায়নি। কেউ কেউ কিছু কিছু পেয়েছে মাত্র। পরে সকলে ব্রুবৈ। এই যে রাখাল-টাখাল যারা তাঁর সক্ষে এসেছে—এদেরও ভুল হয়ে যায়। অত্তের কথা আর কি ব'লব।

এইরপ কথা হইতেছে, এমন সময় স্থামী নিরঞ্জনানন্দ বারে আ্থাত করার শিশ্র উঠিয়া তাঁহাকে জিল্লাসা করিল, 'কে এসেছে ?' তিনি বলিলেন, 'ভগিনী নিবেদিতা ও অপর ছ-চার জন ইংরেজ মহিলা।' শিশ্রের মুখে এ কথা শুনিরা স্থামীজী বলিলেন, 'ঐ আ্লাখালাটা দে তো।' শিশ্র উহা আনিরা দিলে তিনি সর্বাদ 'ঢাকিরা সভ্য-ভব্য হইরা বসিলেন এবং শিশ্র বার খুলিরা দিল। ভগিনী নিবেদিতা ও অপর মহিলারা প্রবেশ করিরা মেজেতেই বসিলেন এবং স্থামীজীর শারীরিক কুশলাদি জিল্লাসা করিয়া সামান্ত কথাবার্তার শ্বরে চলিরা গেলেন। স্থামীজী শিশ্রকে বলিলেন, 'দেখছিস্, এরা কেমন সভ্য! বাঙালী হ'লে আ্লার অহ্ব দেখেও অন্তত্তঃ আ্রাথ ঘণ্টা বকাত।' শিশ্র আ্লার দরজা বন্ধ করিরা স্থামীলীকে তারাক সাজিরা দিল।

বেলা প্রায় ২।টা; লোকের থ্ব ভিড় হইয়াছে। মঠের জমিতে ভিলপরিমাণ স্থান নাই। কড কীর্তন, কড প্রশাদ-বিভরণ হইডেছে—ভাহার
লীমা নাই! স্থামীজী শিশুরে মন ব্রিয়া বলিলেন, একবার নয় দেখে আয়,
থ্ব শীগণীর আসবি কিছ।' শিশুও আনন্দে বাহির হইয়া উৎসব দেখিতে
গেল। স্থামী নিরঞ্জনানন্দ বারে পূর্ববৎ বসিয়া রহিলেন।

আন্দান্ত দশ মিনিট বাদে শিশু ফিরিয়া আসিয়া স্বামীজীকে উৎসবের ভিড়ের কথা বলিতে লাগিল। স্বামীজী। কত লোক হবে ? শিশু। পঞ্চাশ হাজার।

শিয়ের কথা শুনিয়া স্বামীন্দী উঠিয়া দাঁড়াইলেন এবং সেই জনসভ্য দেখিয়া বলিলেন, 'বড়জোর তিরিশ হাজার।'

উৎসবের ভিড় ক্রমে কমিয়া আসিল। বেলা ৪।টার সময় স্থামীজীর ঘরের দরজা জানালা সব থুলিয়া দেওয়া হইল। কিন্তু তাঁহার শরীর অস্থ্র থাকায় কাহাকেও তাঁহার নিকটে যাইতে দেওয়া হইল না।

83

স্থান-বেলুড় মঠ

काल--->>०२

পূর্বক হইতে ফিরিবার পর স্বামীজী মঠেই থাকিতেন এবং মঠের কাজের ডত্থাবধান করিতেন; কখন কখন কোন কাজ স্বহন্তে সম্পন্ন করিয়া অনেক সময় অতিবাহিত করিতেন। কখন নিজ হত্তে মঠের জমি কোপাইতেন, কখন গাছপালা ফল-ফুলের বীজ রোপণ করিতেন, আবার কখন বা চাকর-বাকরের ব্যারাম হওয়ার স্বহ্বারে ঝাঁট পড়ে নাই দেখিয়া নিজ হত্তে ঝাঁটা ধরিয়া ঐসকল পরিজার করিতেন। যদি কেহ ভাহা দেখিয়া বলিতেন, 'আপনি কেন!' ভাহা হইলে স্বামীজী বলিতেন, 'ভা হ'লই বা। স্বপরিকার থাকলে মঠের সকলের বে স্ক্র্যুখ করবে!'

ঐ কালে তিনি মঠে কডকগুলি গাভী, হাঁস, কুরুর ও ছাগল প্রিয়া-ছিলেন। বড় একটা ছাগলকে 'হংনী' বলিয়া ডাকিতেন ও ভারই হুধে প্রাতে চা খাইতেন। ছোট একটি ছাগলছানাকে 'মটক' বলিয়া ডাকিতেন ও আদর করিয়া তাছার গলায় ঘুড়ুর পরাইয়া দিয়াছিলেন। ছাগলছানাটা আদর পাইয়া খামীজীর পায়ে পায়ে বেড়াইত এবং খামীজী ভাহার সঙ্গে পাঁচ বছরের বালকের মতো দোড়াদোড়ি করিয়া খেলা করিতেন। মঠদর্শনে নবাগত ব্যক্তিরা তাঁহার পরিচয় পাইয়া এবং তাঁহাকে ঐরূপ চেষ্টায় ব্যাপৃত দেখিয়া অবাক হইয়া বলিত, 'ইনিই বিশ্ববিজয়ী খামী বিবেকানন্দ।' কিছুদিন পরে 'মটক' মরিয়া বাওয়ায় খামীজী বিষয়চিতে শিয়কে বলিয়াছিলেন' 'দেখ, আমি ঘেটাকেই একটু আদর করতে যাই, সেটাই মরে বার।'

মঠের জমির জন্ধল সাফ করিতে এবং মাটি কাটিতে প্রতি বছরেই কতকগুলি ত্বী-পুরুষ সাঁওতাল আসিত। স্বামীজী তাহাদের লইয়া কত রক করিতেন এবং তাহাদের স্থ-তৃঃথের কথা শুনিতে কত ভালবাসিতেন।

সাঁওতালদের মধ্যে একজনের নাম ছিল 'কেটা'। স্বামীজী কেটাকে বড় ভালবাসিতেন। কথা কহিতে আসিলে কেটা কখন কখন স্বামীজীকে বলিত, 'ওরে স্বামী বাপ, তুই আমাদের কাজের বেলা এখানকে আসিদ না, ভোর সঙ্গে কথা বললে আমাদের কাজ বন্ধ হয়ে বায়, পরে ব্ডোবাবা এদে বকে।' কথা শুনিয়া স্বামীজীর চোথ ছলছল করিত এবং বলিতেন, 'না না, ব্ডোবাবা (স্বামী অবৈতানন্দ) বকবে না; তুই ভোদের দেশের হুটো কথা বল্।' ইহা বলিয়া তাহাদের সাংসারিক স্থা-তুংথের কথা পাড়িতেন।

একদিন স্বামীজী কেটাকে বলিলেন, 'গুরে, তোরা স্থামাদের এথানে ধাবি ?' কেটা বলিল, 'স্থামরা যে ভোদের ছোঁয়া এখন স্থাই না; এখন যে বিরে হয়েছে, ভোদের ছোঁয়া হ্বন খেলে জাত ষাবেরে বাপ।' স্থামীজী বলিলেন, 'হ্বন কেন থাবি ?' কেটা ঐ কথায় স্থীকৃত হইল। স্থামজীর স্থাদেশে মঠে ঐ সাঁওতালদের জন্ত লুচি, তরকারি, মেঠাই, মগুা, দ্বি ইত্যাদি যোগাড় করা হইল এবং তিনি তাহাদের বসাইয়া থাওয়াইতে লাগিলেন। খাইতে থাইতে কেটা বলিল, 'হারে স্থামী বাপ, তোরা এমন জিনিদটা কোথা পেলি ?' হামরা এমনটা কখনো থাইনি।' স্থামীজী তাহাদের পরিভোষ করিয়া থাওয়াইয়া

বলিলেন, 'তোরা বে নারায়ণ; আজ আমার নারায়ণের ভোগ দেওরা হ'ল।' স্থামীজী বে দরিত্র-নারায়ণসেবার কথা বলিতেন, তাহা তিনি নিজে এইরূপে অফুঠান করিয়া দেখাইয়া গিয়াছেন।

আহারাত্তে গাঁওতালরা বিপ্রাম করিতে গেলে স্বামীজী শিশুকে বলিলেন, 'এদের দেখলুম বেন সাক্ষাৎ নারায়ণ। এমন সরল চিত্ত, এমন অকপট অকৃত্রিম ভালবাসা আর দেখিনি!' অনস্তর মঠের সন্ন্যাসিবর্গকৈ লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন:

দেখ, এরা কেমন সরল! এদের কিছু ত্থে দ্র করতে পারবি? নতুবা গেরুয়া প'রে আর কি হ'ল? 'পরহিতার' সর্বস্থ-অর্পণ—এরই নাম বথার্থ সন্মাস। এদের ভাল জিনিস কখন কিছু ভোগ হরনি। ইচ্ছা হয়—মঠ-ফঠ সব বিক্রি ক'রে দিই, এইসব গরীবত্থে দিরিন্ত-নারায়ণদের বিলিয়ে দিই, আমরা ভো গাছপালা সার করেইছি। আহা! দেশের লোক খেতে পরডে পাচ্ছে না! আমরা কোন্ প্রাণে মুখে অর তুলছি? ওদেশে বখন গিয়েছিল্ম, মাকে কত বলল্ম, 'মা! এখানে লোক ফুলের বিছানার ওচ্ছে, চর্ব-চ্য়া খাচ্ছে, কী না ভোগ করছে! আর আমাদের দেশের লোকগুলো না খেতে পেরে মরে বাচ্ছে। মা! ভাদের কোন উপায় হবে না?' ওদেশে ধর্ম-প্রচার করতে যাওয়ার আমার এই আর একটা উদ্দেশ্য ছিল যে, এদেশের লোকের জন্ম যদি অরদংস্থান করতে পারি।

দৈশের লোকে ত্বেলা ত্মুঠো থেতে পার না দেখে এক এক সময় মনে হয়—ফেলে দিই ভোর শাঁথবাজানো ঘণ্টানাড়া; ফেলে দিই ভোর লেখাপড়াও নিজে মুক্ত হ্বার চেষ্টা; সকলে মিলে গাঁরে গাঁরে ঘূরে, চরিত্র ও সাধনাবলে বড়লোকদের বুঝিয়ে, কড়িপাভি ৰোগাড় ক'রে নিয়ে আসি এবং দরিত্র-নারায়ণদের সেবা ক'রে জীবনটা কাটিয়ে দিই।

আহা, দেশে গরীব-তৃঃধীর জন্ত কেউ ভাবে না রে! বারা জাতির মেরুদণ্ড, বাদের পরিপ্রমে অর জন্মাচ্ছে, যে মেথর-মৃদ্ধাফরাশ একদিন কাজ বন্ধ করলে শহরে হাহাকার বব ওঠে,—হার! তাদের সহাস্তৃতি করে, তাদের স্থাধ তৃঃখেলা সান্ধনা দের, দেশে এমন কেউ নেই রে! এই দেখ্না—হিদ্দের সহাস্তৃতি না পেরে মাদ্রাজ-অঞ্চলে হাজার হাজার পেরিয়া রুশ্চান হয়ে বাচ্ছে। মনে করিসনি কেবল পেটের দারে রুশ্চান হয়, আমাদের সহাস্তৃতি পার না ব'লে। আমরা দিনরাত কেবল ভাদের বলছি—'ছুঁল্নে ছুঁল্নে'। দেশে কি আর দ্যাধর্ম আছে রে বাণ! কেবল ছুঁৎমার্গীর দল! অমন আচারের মুখে মার ঝাঁটা, মার লাখি! ইচ্ছা হয়, তোর ছুঁৎমার্গীর গণি ভেঙে ফেলে এখনি যাই—'কে কোথায় পভিত-কাঙাল দীন-দরিত্র আছিল' ব'লে ভাদের সকলকে ঠাকুরের নামে ভেকে নিয়ে আলি। এরা না উঠলে মা জাগবেন না। আমরা এদের অয়বত্তের স্থবিধা বদি না করতে পারলুম, তবে আর কি হ'ল? হায়! এরা ছনিয়াদারি কিছু জানে না, ভাই দিনরাত খেটেও অশন-বসনের সংখান করতে পারছে না। দে—সকলে মিলে এদের চোখ খুলে। আমি দিব্য চোখে দেখছি, এদের ও আমার ভেতর একই ব্রহ্ম—একই শক্তি রয়েছেন, কেবল বিকাশের ভারতম্য মাত্র। স্বাকে রক্তস্থার না হ'লে কোন দেশ কোনও কালে কোথায় উঠেছে দেখেছিস ? একটা অল পড়ে গেলে, অন্ত অল সবল থাকলেও ঐ দেহ নিয়ে কোন বড় কাল আর হবে না—এ নিশ্চয় জানবি। শিয়। মহাশয়, এ দেশের লোকের ভিতর এত বিভিন্ন ধর্ম, বিভিন্ন ভাব!

ইহাদের ভিতর সকলের মিল হওয়া যে বড় কঠিন ব্যাপার।
স্বামীজী। (সক্রোথে) কোন কাজ কঠিন ব'লে মনে করলে হেথায় আর
আসিসনি। ঠাকুরের ইচ্ছায় সব দিক সোজা হয়ে যায়। তোর কাজ
হচ্ছে দীনত্ঃখীর সেবা করা জাতিবর্ণনির্বিশেষে। তার ফল কি হবে না
হবে, ভেবে তোর দরকার কি ? তোর কাজ হচ্ছে কাজ ক'রে যাওয়া,
পরে সব আপনা-আপনি হয়ে যাবে। আমার কাজের ধারা হচ্ছে—
গড়ে তোলা, যা আছে সেটাকে ভাঙা নয়! জগতের ইতিহাস পড়ে
দেখ, এক একজন মহাপুরুষ এক-একটা সময়ে এক-একটা দেশে যেন
কেন্দ্রস্করণ হয়ে দাঁড়িয়ে ছিলেন। তাঁদের ভাবে অভিভূত হয়ে শতসহত্র
লোক ক্রগতের হিতসাধন ক'রে গেছে। তোরা সব বৃদ্ধিমান্ ছেলে,
হেথায় এত দিন আসছিস। কি করনি বল্ দিকি ? পরার্বে একটা জয়
দিতে পারনিনি ? আবার জয়ে এসে তথন বেদাস্ত-ফেদান্ত পড়বি।
এবার পরসেবায় দেহটা দিয়ে বা, তবে জানবো—আমার কাছে আসা
সার্থক হয়েছে।

্ৰথাগুলি বলিয়া স্বামীজী এলোথেলোভাবে বদিয়া তামাক থাইতে থাইতে গভীর চিস্তায় মগ্ন থাকিলেন। কিছুক্ষণ বাদে বলিলেন: আমি এত তপতা ক'রে এই সার ব্বেছি বে, জীবে জীবে তিনি অধিষ্ঠান হয়ে আছেন; তা ছাড়া ঈশর-ফিশর কিছুই আর নেই।—'জীবে প্রেম করে ষেই জন, সেই জন সেবিছে ঈশর।'

বেলা প্রায় শেষ হইয়া আদিল। স্বামীলী দোতলায় উঠিলেন এবং বিছানায় শুইয়া শিয়কে বলিনেন, 'পা চুটো একটু টিপে দে।' শিয় অভকার কথাবার্তায় ভীত ও স্বস্থিত হইয়া স্বয়ং অগ্রসর হইতে পারিতেছিল না, এখন সাহস পাইয়া প্রফুলমনে স্বামীজীর পদসেবা করিতে বিদিল। কিছুক্ষণ পরে স্বামীলী তাহাকে সম্বোধন করিয়া বলিলেন, 'আজ যা বলেছি, সে-সব কথা: মনে গেঁথে রাখবি। ভূলিসনি হেন।'

. 8२

স্থান—বেল্ড মঠ কাল—১৯০২

আজ শনিবার। সন্ধার প্রাকালে শিক্ত মঠে আসিয়াছে। মঠে এখন সাধন-ভজন জপ-তপস্থার খুব ঘটা। স্বামীজী আদেশ করিয়াছেন—কি বন্ধচারী, কি সন্মাসী সকলকেই অতি প্রত্যুবে উঠিয়া ঠাকুরঘরে জপ-ধ্যান করিতে হইবে। স্বামীজীর তো নিজ্রা একপ্রকার নাই বলিলেই চলে, রাজি তিনটা হইতে শ্ব্যাত্যাগ করিয়া উঠিয়া বিস্মা থাকেন। একটা ঘণ্টা কেনা হইয়াছে; শেষরাত্রে সকলের ঘূম ভাঙাইতে ঐ ঘণ্টা মঠের প্রতি ঘরের নিকট সজোরে বাজানো হয়।

শিশু মঠে স্নাসিয়া স্বামীজীকে প্রণাম করিবামাত্র তিনি বলিলেন:

ওরে, মঠে এখন কেমন সাধন-ভজন হচ্ছে! সকলেই শেষরাত্রে ও সন্ধার সময় অনেককণ ধরে জপধ্যান করে। ঐ দেখ, ঘণ্টা আনা হয়েছে; ঐ দিয়ে সবার ঘুম ভাঙানো হয়। সকলকেই অরুণোদয়ের পূর্বে ঘুম থেকে উঠতে হয়। ঠাকুর বলতেন, সকাল-সন্ধায় মন খুব সম্বভাবাপর থাকে, ভখনই একমনে ধ্যান করতে হয়। ঠাকুরের দেহ বাবার পর আমরা বরানগরের মঠে কত অপধ্যান করতুম।
তিনটার সময় সব সজাগ হতুম। শৌচান্তে কেউ চান ক'রে, কেউ না ক'রে
ঠাকুরঘরে গিরে ব'লে জপধ্যানে ভূবে বেতুম। তথন আমাদের ভেতর , কি
বৈরাগ্যের ভাব! ছনিরাটা আছে কি নেই, তার হঁশই ছিল না। শশী'
চিকিশ ঘণ্টা ঠাকুরের সেবা নিয়েই থাকত এবং বাড়ির গিয়ীর মতো ছিল।
তিক্ষাশিক্ষা ক'রে ঠাকুরের ভোগরাগের ও আমাদের খাওয়ানো-দাওয়ানোর
বোগাড় ওই সব ক'রত। এমন দিনও গেছে, যখন সকাল থেকে বেলা ৪।৫টা
পর্যন্ত জপধ্যান চলেছে। শশী ধাবার নিয়ে অনেকক্ষণ ব'লে থেকে শেবে
কোনরূপে টেনে-হিঁচড়ে আমাদের জপধ্যান থেকে তুলে দিত। আহা!
শশীর কি নিঠাই দেখেছি!

শিক্স। মহাশন্ন, মঠের খরচ তখন কি করিয়া চলিত ?

শামীনী। কি ক'রে চলবে কিরে? আমরা তো সাধু-সন্থাসী লোক।
ভিক্ষাশিকা ক'রে বা আসত, তাতেই সব চ'লে বেত। আজ স্থরেশবাবু বলরামবাবু নেই; তাঁরা ছ-জনে থাকলে এই মঠ দেখে কড আনন্দ
করতেন! স্থরেশবাবুর নাম শুনেছিদ তো? তিনি এই মঠের একরকম প্রতিষ্ঠাতা। তিনিই বরানগরের মঠের সব ধরচপত্র বহন
করতেন। ঐ স্থরেশ মিত্তিরই আমাদের জন্ত তথন বেশী ভাবত। তার
ভক্তিবিখাসের তুলনা হয় না।

শিশু। মহাশর, শুনিরাছি—মৃত্যুকালে আপনারা তাঁহার সহিত বড় একটা দেখা করিতে যাইতেন না।

শামীনী। যেতে দিলে তো বাব। বাক, সে অনেক কথা। তবে এইটে জেনে রাখনি, সংসারে তুই বাঁচিস কি মরিস, তাতে ভোর আজীয়-পরিজনদের বড় একটা কিছু আসে বার না। তুই বদি কিছু বিবয়-আশর রেখে যেতে পারিস তো ভোর মরবার আগেই দেখতে পানি, তা নিয়ে ঘরে লাঠালাঠি শুক হয়েছে। ভোর মৃত্যুশযার সান্ধনা দেবার কেউ নেই—জ্বী-পুত্র পর্বন্ত নয়। এরই নাম সংসার!
মঠের পূর্বাবহা সহন্তে স্বামীনী আবার বলিতে লাগিলেন:

১ স্বামী রামকুকানন্দ

'ধন্মচপট্ডের অনটনের অস্ত কথন কথন মঠ ভূলে দিতে লাঠালাঠি করভূম। শ্শীকে কিন্তু কিছুভেই ঐ বিষয়ে রাজী করাতে পারতুম না। শশীকে আমাদের মঠে central figure (क्सचन्न १) व'ल जानित। এक এक निन মঠে এমন অভাৰ হয়েছে যে, কিছুই নেই। ভিকা ক'রে চাল আনা হ'ল তো হুন নেই। এক একদিন ভাগু হন-ভাত চলেছে, তবু কারও ভ্রাকেপ নেই; জপ-ধ্যানের প্রবল ভোড়ে আমরা তথন সব ভাসছি। তেলাকুচোপাতা সেদ, স্থ্ৰ-ভাত---এই মাদাবধি চলেছে! আহা, দে-সৰ কি দিনই গেছে! দে কঠোরতা দেখলে ভূত পালিয়ে ষেড—মাছষের কথা কি! এ কথাটা কিছ ঞৰ সভ্য যে, ভোর ভেডর যদি বন্ধ থাকে ভো যত circumstances against (অবহা প্রতিকৃষ) হবে, তত ভেতরের শক্তির উন্মেষ হবে। ভবে এখন যে মঠে খাট-বিছানা, খাওয়া-দাওয়ার সচ্ছল বন্দোবন্ত করেছি তার কারণ—আমরা বডটা সইডে পেরেছি, ডভ কি আর এখন যারা সন্ন্যাসী হ'ডে আসছে তারা পারবে ? আমরা ঠাকুরের জীবন দেখেছি, ভাই তু:খ-কষ্ট বড় একটা প্রাত্মের ভেতর আনতুম না। এখনকার ছেলেরা তত কঠোর করতে পারবে না। তাই একটু থাকবার জায়গা ও একমুঠো অন্নের বন্দোর্বন্ত করা---মোটা ভাত মোটা কাপড় পেলে ছেলেগুলো সাধন-ভজনে মন দেবে এবং ভীৰহিতকল্পে ভীবনপাত করতে শিখবে।'

- শিক্ত। মহাশয়, মঠের এ-সব খাটবিছানা দেখিয়া বাহিরের লোক কত কি বলে।
- খামীজী। বলতে দে না। ঠাটা করেও তো এখানকার কথা একবার মনে আনবে! শক্রভাবে শীগগীর মুক্তি হয়। ঠাকুর বলতেন, 'লোক না পোক'। এ কি বললে, ও কি বললে—তাই শুনে বুঝি চলতে হবে? ছি: ছি:!
- শিশু। মহাশন্ধ, আপনি কথন বলেন, 'পব নারায়ণ, দীন-ছংখী আমার নারায়ণ' আবার কথন বলেন, 'লোক না পোক'—ইহার অর্থ ব্রিডে পারি না।
- খামীজী। সকলেই যে নারারণ, তাতে বিনুমাত সন্দেহ নেই, কিন্তু সকল নারারণে তো criticise (সমালোচনা) করে না ? কই, দীন-দুঃখীরা এসে মঠের খাট-ফাট দেখে তো criticise (সমালোচনা) করে না।

সংকার্য ক'রে যাব, যারা criticise (সমালোচনা) করবে তাদের দিকে দৃকপাতও ক'রব না—এই sense-এ (অর্থে) 'লোক না পোক' কথা বলা হরেছে। যার এরপ রোক আছে, তার সব হরে যার, তবে কারো কারো বা একটু দেরিতে—এই বা তফাত; কিন্তু হবেই হবে। আমাদের এরপ রোক (জিদ) ছিল, তাই একটু-আর্থটু যা হয় হয়েছে। নতুবা কি সব হুংথের দিনই না আমাদের গেছে! এক সময়ে না থেতে পেরে রান্তার থারে একটা বাড়ির দাওয়ায় অজ্ঞান হয়ে পড়েছিল্ম, মাথার ওপর দিয়ে এক পসলা রৃষ্টি হয়ে গেল, তবে হঁশ হয়েছিল! অল্প এক সময়ে সারাদিন না থেয়ে কলকাতায় একাজ সেকাজ ক'রে বেড়িয়ে রাজি ১০।১১টার সময় মঠে গিয়ে তবে থেতে পেয়েছি—এমন এক দিন নয়!

কথাগুলি বলিয়া স্বামীজী অন্তমনা হইয়া কিছুক্ষণ বদিয়া রহিলেন। পরে আবার বলিতে লাগিলেন:

ঠিক ঠিক সন্থাস কি সহজে হয় রে? এমন কঠিন আশ্রম আর নেই। একটু বেচালে পা পড়লে তো একেবারে পাহাড় থেকে খাদে পড়ল--হাভ-পা ভেঙে চুরমার হয়ে গেল। একদিন আমি আগ্রা থেকে বৃন্দাবন হেঁটে[.] যাচ্ছি। একটা কানাকড়িও সমল নেই। বৃন্দাবনের প্রায় ক্রোশাধিক দূরে আছি, রান্তার ধারে একজন লোক বসে ভামাক থাচ্ছে দেখে বড়ই ভামাক খেতে ইচ্ছে হ'ল। লোকটাকে বললুম, 'প্রেছিলিমটে দিবি ?' সে ষেন ব্ৰড়সড় হয়ে বললে, 'মহারাব্ধ, হাম্ ভাব্দি (মেথর) হ্যায়।' সংস্থার কিনা! —ভনেই পেছিয়ে এদে ভাষাক না থেয়ে পুনরায় পথ চলতে লাগলুম। ধানিকটা গিয়েই মনে বিচার এল—ভাইভো, সন্মাস নিয়েছি; জাভ কুল মান —সব ছেড়েছি, ভবুও লোকটা মেথর বলাতে পেছিয়ে এলুম! তার **ছো**য়া ভামাক খেড়ে পারলুম না! এই ভেবে প্রাণ অস্থির হয়ে উঠল। তথন প্রায় এক পো পথ এসেছি, আবার ফিরে গিয়ে সেই মেথরের কাছে এলুম; দেখি তথনও লোকটা দেখানে ব'লে আছে। গিয়ে ভাড়াভাড়ি বললুম, 'ওরে বাপ, এক ছিলিম ভামাক সেঙ্গে নিয়ে আয়।' তার আপত্তি গ্রাহ করপুম না। বলপুম, ছিলিমে ভাষাক দিভেই হবে। লোকটা কি করে ?— অবশেষে ভামাক সেজে দিল। তথন আনন্দে ধৃমণান ক'রে বৃন্দাবনে এল্ম। সর্নাস নিয়ে জাতিবর্ণের পারে চলে গেছি কি-না পরীকা ক'রে আপনাকে

দেশতে হয়। ঠিক ঠিক সন্মাস-ত্ৰত কলা কৰা কত কঠিন! কথায় ও কাজে একচুল এদিক-ওদিক হবার জো নেই।

শিক্ত। সহাশর, আপনি কখন গৃহীর আদর্শ এবং কখন ত্যাসীর আদর্শ আসাদিগের সমূধে ধারণ করেন; উহার কোন্টি আমাদিগের মতো লোকের অবলখনীর?

খামীজী। সৰ খনে ধাৰি; ভারপর ষেটা ভাল লাগে, সেটা ধরে থাকবি bull-dog-এর (ভালকুডার) মডো কামড়ে ধরে পড়ে থাকবি।

বলিভে বলিভে শিশুসহ খামীজী নীচে নামিয়া আসিলেন এবং কথন মধ্যে মধ্যে 'শিব্ শিব' বলিভে বলিভে, আবার কথন বা ওনগুন করিয়া 'কখন কি রছে থাকো মা, ভাষা স্থাভরজিণী' ইত্যাদি গান করিভে করিভে পদচায়ণা করিভে লাগিলেন।

89

স্থান—বেলুড় মঠ কাল—১৯০২

শিক্ত গত রাত্রে স্থামীজীর ঘরেই যুমাইরাছে। রাত্রি ৪টার সময় স্থামীজী শিক্তকে জাগাইয়া বলিলেন, 'বা, ঘণ্টা নিয়ে সব সাধু-ত্রন্ধচারীদের জাগিয়ে তোল্।' আদেশমত শিক্ত প্রথমতঃ উপরকার সাধুদের কাছে ঘণ্টা বাজাইল। পরে তাঁহারা স্কাপ হইরাছেন দেবিয়া নীচে বাইয়া ঘণ্টা বাজাইয়া সব সাধু-ত্রন্ধচারীদের তুলিল। সাধুরা তাড়াতাড়ি শোচাদি সারিয়া, কেহ বা সান করিয়া, কেহ কাপড় ছাড়িয়া ঠাকুয়-ময়ে জপধ্যান করিতে প্রবেশ করিলেন।

ষামীজীর নির্দেশনত খামী বন্ধানন্দের কানের কাছে খুব জোরে জোরে ঘণ্টা-বাজানোর ভিনি বলিয়া উঠিলেন, 'বাঙালের জালায় মঠে থাকা দায় হ'ল।' শিক্তমূপে ঐ কথা শুনিয়া খামীজী খুব হালিতে হালিতে বলিলেন, 'বেশ করেছিল।'

অভংগর খানীজীও হাতমুধ ধুইয়া শিৱসহ ঠাকুর-যরে প্রবেশ করিলেন।

খামী ব্রদানন্দ-প্রমুখ সন্তাসিগণ ঠাকুর-খরে ধ্যানে বসিরাছেন। খামীজীর জন্ত পৃথক আসন রাখা ছিল; তিনি তাহাতে উত্তরাক্তে উপবেশন করিয়া শিশুকে একখানি আসন দেখাইরা বলিলেন, 'বা, ঐ আসনে ব'সে ধ্যান করু।' মঠের বার্মণ্ডল বেন তার হইয়া গেল! এখনও অক্লণোদর হর নাই, আকাশে তারা জলিতেছে।

খামীজী আদনে বিনিবার অল্পকণ পরেই একেবারে স্থির শান্ত নিম্পন্দ হইয়া স্থানকবং অচলভাবে অবস্থান করিতে লাগিলেন এবং তাঁহার খাস অতি ধীরে ধীরে বহিতে লাগিল। শিশ্ব শুন্তিত হইয়া খামীজীর সেই নিবাত-নিক্ষণ দীপশিধার শ্রায় অবস্থান নির্নিমেষে দেখিতে লাগিল।

প্রায় দেড় ঘণ্টা বাদে স্বামীজী 'শিব শিব' বলিয়া ধ্যানোথিত ছইলেন। তাঁহার চক্ তথন অৰুণরাগে রঞ্জিত, মুথ গন্তীর, শান্ত, হির। ঠাকুরকে প্রণাম করিয়া স্বামীজী নীচে নামিলেন এবং মঠপ্রালণে পদচারণা করিয়া বেড়াইতে লাগিলেন। কিছুক্ষণ পরে শিষ্যকে বলিলেন:

দেখলি, সাধুরা আজকাল কেমন জগ-ধ্যান করে! ধ্যান গভীর হ'লে কভ কি দেখতে পাওয়া যায়! বরানগরের মঠে ধ্যান করতে করতে একদিন ঈড়া পিললা নাড়ী দেখতে পেয়েছিল্ম। একটু চেষ্টা করলেই দেখতে পাওয়া যায়। ভারপর স্ব্য়ার দর্শন পেলে যা দেখতে চাইবি, ভাই দেখতে পাওয়া যায়। দৃঢ় শুরুভক্তি থাকলে সাধন-ভজন ধ্যান-জপ সব আপনা-আপনি আদে, চেষ্টার প্রয়োজন হয় না। 'গুরুত্র স্বা শুরুবিফ্ গুরুদেবো মহেশর:।'

অনন্তর শিশু তামাক সাজিয়া খামীজীর কাছে পুনরায় আসিলে ডিনি ধুমপান করিতে করিতে বলিলেন:

'ভেতরে নিত্য-ওজ-বৃদ্ধ-মৃক্ত আত্মারূপ দিলি (সিংছ) ররেছেন, ধ্যান-ধারণা ক'রে তাঁর দর্শন পেলেই মারার হুনিয়া উড়ে বার। সকলের ভেতরেই ডিনি সমভাবে আছেন; বে বত সাধনভক্ষন করে, তার ভেতর কুগুলিনী শক্তি তত নীত্র কেগে ওঠেন। ঐ শক্তি মন্তকে উঠলেই দৃষ্টি খুলে বায়—আত্ম-দর্শনলাভ হয়।'

শিশু। বহাশয়, শাজে ঐ-সব কথা পড়িয়া।ছ মাজ। প্রভাক্ষ কিছুই তো এখনও হইল না। স্বামীলী। 'কালেনাস্থানি বিন্দতি'—সময়ে হতেই হবে। তবে কারও শীগগীর, কারও বা একটু দেরীতে হয়। লেগে থাকতে হয়— নাছোড়বান্দা হয়ে। এর নাম যথার্থ পুরুষকার। তৈলধারার মতো মনটা এক বিষয়ে লাগিয়ে রাখতে হয়। জীবের মন নানা বিষয়ে বিকিপ্ত हरत्र प्लार्फ, शांत्नद नमग्न ध्रथम व्यथम मन विकिश्व हन्। मत्न वा हेर्फ्ट উঠুক না কেন, কি কি ভাব উঠছে—সেগুলি তথন স্থির হয়ে বসে দেখতে হয়। ঐভাবে দেখতে দেখভেই মন স্থির হয়ে যায়, আর মনে নানা চিস্তাতরক থাকে না। ঐ তরকগুলোই হচ্ছে মনের সম্প্রবৃদ্ধি। ইভিপূর্বে **খে-সুকল বিষয় ভীত্রভাবে ভেবেছিন, ভার একটা মানদিক প্রবাহ থাকে,** ধ্যানকালে ঐগুলি তাই মনে ওঠে। সাধকের মন যে ক্রমে স্থির হবার দিকে যাচ্ছে, এগুলি ওঠা বা ধ্যানকালে মনে পড়াই তার প্রমাণ। মন কথন কথন কোন ভাব নিয়ে একবৃত্তিছ হয়—ভারই নাম সৰিকল্প ধ্যান। আর মন যখন সর্বস্তিশ্ব্য হয়ে আসে, তখন নিরাধার এক অথও বোধ-স্বরণ প্রত্যক্চৈতক্তে গলে যায়, তার নামই বৃত্তিশৃষ্ট নির্বিকল্প সমাধি। আমরা ঠাকুরের মধ্যে এ উভয় সমাধি মৃত্মু ছ: প্রত্যক্ষ করেছি। চেষ্টা ক'রে তাঁকে এ-সকল অবহা আনতে হ'ত না। আপনা-আপনি সহসা হয়ে বেত। সে এক আশ্চর ব্যাপার! তাঁকে দেখেই তো এ-সব ঠিক ঠিক বুঝতে পেরেছিলুম। প্রত্যন্থ একাকী ধ্যান করবি। সব আপনা-আপনি পুলে বাবে। বিভারপিণী মহামায়া ভেভরে ঘুনিয়ে রয়েছেন, ভাই সব জানতে পাচ্ছিদ না। ঐ কুসকুওলিনীই হচ্ছেন ভিনি। খ্যান করবার পূর্বে বধন নাড়ী ভদ্ধ করবি, তথন মনে মূলাধারছ কুলকুওলিনীকে জােরে জােরে আঘাত করবি আর বলবি, 'জাগাে মা, ব্দাগোমা।' ধীরে ধীরে এ-সব অভ্যাস করতে হয়। Emotional side-টা (ভাৰ-প্রবণভা) থানের কালে একেবারে দাবিয়ে দিবি। এটেই বড় ভয়। স্বারা বড় emotional (ভাবপ্রবণ), তাদের কুওলিনী ফড়ফড় ক'রে ওপরে ওঠে বটে, কিছু উঠতেও বভক্ষণ নাবভেও ভভক্ষণ। ষধন নাবেন, তখন একেবারে সাধককে অধংপাতে নিয়ে গিয়ে ছাড়েন। এক্স ভাবসাধনার সহায় কীর্তন-ফীর্ডনের একটা ভয়ানক দোষ আছে। নেচেকুঁদে সাময়িক উচ্ছানে ঐ শক্তির উর্ধাগতি হয় বটে, কিছ ছায়ী

হয় না, নিম্নগামিনী হ্বার কালে জীবের জয়ানক কামবৃত্তির আধিক্য হয়। আমার আমেরিকার বক্তা তনে সামরিক উচ্ছালে অনেক্রে তাব হ'ত—কেউ বা জড়বৎ হয়ে বেত। অন্ত্সনানে পরে জানতে পেরেছিলাম, ঐ অবহার পরই অনেকের কাম-প্রবৃত্তির আধিক্য হ'ত। ঠিকঠিক ধ্যানধারণার অনভ্যানেই ওক্নপ হয়।

শিশ্ব। মহাশয়, এ-সকল ওছ সাধন-রহস্ত কোন শাস্ত্রে পড়ি নাই। আজ নৃতন কথা ভনিলাম।

খামীজী। সৰ সাধন-বহন্ত কি আর শান্তে আছে ? এগুলি গুল-লিয়-পরম্পরায় চলে আসছে। থ্ব সাবধানে ধ্যানধারণা করবি। সামনে হুগজি ফুল রাধবি, ধুনা আলবি। বাতে মন পবিত্র হয়, প্রথমতঃ ভাই করবি। গুল-ইটের নাম করতে করতে বলবি: জীব-জগৎ সকলের মলল হোক। উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম অধঃ উর্ধ্ব—সব দিকেই শুভ সহল্লের চিন্তা ছড়িয়ে তবে ধ্যানে বসবি। এইরপ প্রথম প্রথম করতে হয়। তারপর হির হয়ে বসে—বে-কোন মুখে বসলেই হ'ল—মন্ত্র দেবার কালে বেমনটা বলেছি, সেইরপ ধ্যান করবি। একদিনও বাদ দিবিনি। কাজের ঝগাট থাকে ভো আকতঃ পনর মিনিটে সেরে নিবি। একটা নিষ্ঠা না থাকলে কি

এইবার স্বামীনী উপরে বাইডে বাইডে বলিডে লাগিলেন:

তোদের অরেই আত্মদৃষ্টি খুলে যাবে। যখন হেধায় এনে পড়েছিস, তখন মৃক্তি-ফুক্তি তো তোদের করতলে। এখন ধ্যানাদি করা ছাড়া আর্তনাদ-পূর্ণ সংসারের হুঃখও কিছু দূর করতে বছপরিকর হরে লেগে যা দেখি। কঠোর সাধনা ক'রে এ দেহ পাত ক'রে কেলেছি। এই হাড়মানের খাচার আর বেন কিছু নেই। ভোরা এখন কাজে লেগে যা, আমি একটু জিকই। আর কিছু না পারিস, এইসম মত শান্ত-কাল্প পড়লি এর কথা জীবকে শোনাগে। এর চেরে আর দান নেই। জ্ঞান-দানই স্বজ্ঞেষ্ঠ দান।

88

ছান—বেলুড় মঠ কাল—১৯০২

খামীজী মঠেই অবস্থান করিতেছেন। শাগ্রালোচনার জন্ত মঠে প্রতিদিন প্রশোজর-ক্লান হইতেছে। খামী গুলানন্দ, বিরজানন্দ ও অরপানন্দ এই ক্লানে প্রধান জিল্লান্থ। এরপ শান্তালোচনাকে খামীজী 'চর্চা' শন্দে নির্দেশ করিতেন এবং চর্চা করিতে সন্ন্যাদী ও ব্রন্ধচারিগণকে সর্বদা বহুধা উৎসাহিত করিতেন। কোন দিন পীতা, কোন দিন ভাগবত, কোন দিন বা উপনিষৎ ও ব্রন্ধস্ত্ত-ভাল্তের আলোচনা হইতেহে। খামীজীও প্রায় নিত্যই তথার উপস্থিত থাকিয়া প্রশ্নগুলির মীমাংসা করিয়া দিতেছেন। খামীজীর আদেশে একদিকে বেমন কঠোর নির্মপূর্বক ধ্যান-ধারণা চলিয়াছে, অপরদিকে তেমনি শান্তালোচনার জন্ম ঐ ক্লাসের প্রাভাহিক অধিবেশন হইতেছে। তাঁহার শাসন সর্বদা শিরোধার্য করিয়া সকলেই তৎপ্রবর্তিত নির্ম অন্থসরণ করিয়া চলিতেন। মঠবাসিগণের আহার, শন্তন, পাঠ, ধ্যান—সকলই এখন কঠোর-নিয়ববছ।

আৰু শনিবার। স্বামীনীকে প্রণাম করিয়া উপবেশন করিবামাত্র শিশু
জানিতে পারিল, তিনি তথনই বেড়াইতে বাহির হইবেন, স্বামী প্রেমানন্দকে
সন্দে যাইবার জন্ম প্রস্তুত হইতে বলিয়াছেন। শিশ্রের একান্ত বাসনা
স্বামীনীর সন্দে বার, কিন্তু জন্মতি না পাইলে যাওয়া কর্তব্য নহে—
ভাবিরা বলিয়া রহিল। স্বামীনী আলখারা ও গৈরিক বসনের কানঢাকা টুপী পরিয়া একগাছি মোটা লাটি হাতে করিয়া বাহির হইলেন—
পশ্চাতে স্বামী প্রেমানন্দ। যাইবার পূর্বে শিশ্রের দিকে চাহিয়া বলিলেন,
'চল্ যাবি ?' শিশ্র কৃতকৃতার্থ হইয়া স্বামী প্রেমানন্দের পশ্চাৎ পশ্চাৎ
গমন ক্রিতে লাগিল।

কি ভাবিতে ভাবিতে খাষীৰী অন্তমনে পথ চলিতে লাগিলেন। ক্রমে গ্রাও ট্রাফ রোভ ধরিরা অগ্রসর হইতে লাগিলেন। শিত্র খামীজীর ঐরপ ভাব দেখিরা কথা কহিরা ভাহার চিন্তা ভল করিতে লাহলী না হইরা প্রেমানন্দ মহারাজের সহিত নানা গল করিতে করিতে ভাহাকে জিঞালা করিল, 'মহাশয়, স্বামীজীর মহন্দ সহন্দে ঠাকুর আপনাদের কি বলিভেন, ভাহাই বলুন।' স্বামীজী তথন কিঞ্ছিৎ অগ্রবর্তী হইয়াছেন।

স্বামী প্রেমানন্দ। কত কি বলতেন তা ভোকে একদিনে কি ব'লব ? কথনও বলতেন, 'নরেন অথতের হর থেকে এদেছে।' কথনও বলতেন, 'ও আমার শুভরহর।' আবার কথনও বলতেন, 'এমনটি অগতে কথনও আদেনি—আদেবে না।' একদিন বলেছিলেন, 'মহামায়া ওর কাছে বেতে ভয় পায়!' বাস্তবিকই উনি তথন কোন ঠাকুরদেবতার কাছে মাথা নোয়াতেন না। ঠাকুর একদিন সন্দেশের ভেতরে ক'রে ওঁকে অগয়াথদেবের মহাপ্রসাদ খাইয়ে দিয়েছিলেন। পরে ঠাকুরের কুপায় সব দেখে শুনে ক্রমে ক্রমে উনি সব মানলেন।

শিশু। মহাশয়, বান্তবিকই কখন কখন মনে হয়, উনি মাছৰ নহেন। কিন্তু আবার কথাবার্তা বলিবার এবং যুক্তি-বিচার করিবার কালে মাছৰ বলিয়া বোধ হয়। এমনি মনে হয় যেন কোন আবরণ দিয়া সে সময় উনি আপনার ষথার্থ স্কুপ বুঝিতে দেন না!

প্রেমানন্দ। ঠাকুর বলতেন, 'ও ধর্থনি জানতে পারবে—ও কে, তথনি জার
এখানে থাকবে না, চলে ধাবে।' তাই কাজকর্মের ভেতরে নরেনের
মনটা থাকলে জামরা নিশ্চিত্ত থাকি। ওকে বেশী ধ্যানধারণা
করতে দেখলে আমাদের ভর হয়।

এইবার স্থামীলী মঠাভিম্থে প্রত্যাবৃত্ত হইতে লাগিলেন। ঐ সময়ে স্থামী প্রেমানন্দ ও শিক্সকে নিকটে দেখিয়া তিনি বলিলেন, 'কিরে, ভোদের কি কথা হচ্ছিল ?' শিক্স বলিল, 'এই সব ঠাকুরের সম্বন্ধ নানা কথা হইতেছিল।' উত্তর শুনিয়াই স্থামীলী আবার অক্সনে পথ চলিতে চলিতে মঠে ফিরিয়া'আসিলেন এবং মঠের আমগাছের তলায় বে ক্যাম্পথাটথানি তাঁহার বসিবার অক্স পাতা ছিল, তাহাতে উপবেশন করিলেন এবং কিছু-ক্ষণ বিশ্রাম করিবার পরে মুধ ধুইয়া উপরের বারান্দায় বেড়াইতে বেড়াইতে শিক্সকে বলিতে লাগিলেন ঃ

তোদের দেশে বেদান্তবাদ প্রচার করতে লেগে যা না কেন? ওধানে ভন্নানক ভন্নমন্ত্রের প্রান্থভাব। অবৈভবাদের সিংহনাদে বাঙাল-দেশটা ভোলপাড় ক'রে ভোল্ দেখি, ভবে জানব—ডুই বেদান্থবাদী। ওদেশে প্রথম একটা বেদান্তের টোল খুলে দে—ভাতে উপনিষৎ, ব্রহ্মহত্ এইসর
পড়া। ছেলেদের ব্রহ্মচর্য শিক্ষা দে। আর বিচার ক'রে ভাত্রিক পণ্ডিভদের
হারিরে দে। শুনেছি, ভোদের দেশে লোকে কেবল স্থার্নাগ্রের কচকচি
পড়ে। ওতে আছে কি? ব্যাপ্তিজ্ঞান আর অনুমান—এই নিরেই হরতো
নৈরারিক পণ্ডিভদের মানাবিধি বিচার চলেছে! আত্মজানলাভের ভাতে আর
কি বিশেষ সহারতা হর বল্? বেদান্ত-সিদ্ধান্ত ব্রহ্মভন্তের পঠন-পাঠন না
হ'লে কি আর দেশের উপায় আছে রে? ভোদের দেশেই হোক বা নাগমহাশরের বাড়িভেই হোক একটা চতুল্পাঠী খুলে দে। ভাতে এইসর সংশান্ত্রপাঠ হবে, আর ঠাকুরের জীবন আলোচনা হবে। এরপ করলে ভোর
নিজের কল্যাণের সঙ্গে সঙ্গে কভ লোকের কল্যাণ হবে। ভোর কীর্তিও
থাকবে।

শিশু। মহাশয়, আমি নামবশের আকাজ্জা রাখি না। তবে আপনি বেমন বলিতেছেন, সময়ে সময়ে আমারও ঐরপ ইচ্ছা হয় বটে। কিন্তু বিবাহ করিয়া সংসারে এমন জড়াইয়া পড়িয়াছি বে, মনের কথা বোধ হয় মনেই থাকিয়া যাইবে।

শামীনী। বে করেছিস্ ভো কি হয়েছে? মা-বাপ ভাই-বোনকে অরবস্ত দিয়ে যেমন পালন করছিস্, জীকেও তেমনি করবি, বস্। ধর্মোপদেশ দিয়ে তাকেও তোর পথে টেনে নিবি। মহামায়ার বিভৃতি ব'লে সম্মানের চক্ষে দেখবি। ধর্ম-উদ্যাপনে 'সহধর্মিণী' ব'লে মনে করবি। অন্ত সময়ে অপর দশ জনের মতো দেখবি। এইরপ ভাবতে ভাবতে দেখবি মনের চঞ্চলতা একেবারে মরে যাবে। ভয় কি? স্থামীজীর অভয়বাণী শুনিয়া শিশ্ত আখন্ত হইল।

আহারান্তে খামীজী নিজের বিছানায় উপবেশন করিলেন। অপর সকলের প্রসাদ পাইবার তথনও সময় হয় নাই। সেজগু শিক্ত খামীজীর পদসেবা করিবার অবসর পাইল।

বামীজীও তাহাকে মঠের সকলের প্রতি শ্রদ্ধাসম্পন্ন হইবার জন্ত কথাচ্ছলে বলিভে লাগিলেন, 'এইসব টাকুরের সন্ধান দেখছিস, এরা সব অভূত ত্যাসী, এদের সেবা ক'রে লোকের চিত্তগুদ্ধি হবে—মাত্মতত্ব প্রত্যক্ষ হবে। 'পরি- প্রশ্নেদ দেবরা'—দীতার উক্তি শুনেছিল ডো ? এদের সেবা করবি, ডা হলেই লব হরে বাবে। ভোকে এরা কড কেহ করে, জানিস ভো?' শিস্ত। সহাশর, ইহাদের কিন্ত বুঝা বড়ই কঠিন বলিয়া মনে হয়। এক এক জনের এক এক ভাব।

পামীজী। ঠাকুর ওভাদ মালী ছিলেন কিনা! তাই হরেক রকম ফুল দিয়ে এই সংঘরূপ ভোড়াটি বানিরে গেছেন। বেধানকার বেটি ভাল, সব এতে এসে পড়েছে—কালে আরও কত আগবে। ঠাকুর বলভেন, 'বে একদিনের জন্তও অকপট সনে ঈশরকে ডেকেছে, ডাকে এথানে আসতেই হবে।' যারা নব এথানে ররেছে, ভারা এক একজন মহাসিংহ; আয়ার কাছে কুঁচকে থাকে ব'লে এদের সামান্ত মাছৰ ব'লে মনে করিসনি। এরাই আবার যখন বা'র হবে, তথন এদের দেখে লোকের চৈডক্ত হবে। অনম্ভ-ভাবময় ঠাকুরের অংশ ব'লে এদের জানবি। আমি এদের ঐ-ভাবে দেখি। ঐ বে রাখাল রয়েছে. ওর মডো spirituality (ধর্মভাব) আমারও নেই। ঠাকুর ছেলে ব'লে ওকে কোলে করতেন, খাওয়াতেন, একত শর্ম করতেন। ও আমাদের মঠের শোভা, আমাদের রাজা। ঐ বারুরাম, ছবি, সারদা, গলাধর, শরৎ, শশী, স্থবোধ প্রাভৃতির মতো ঈশরবিশাসী ত্বনিয়া ঘুরে দেখতে পাবি কি না সন্দেহ। এরা প্রভ্যেকে ধর্ম-শক্তির এক একটা কেন্দ্রের মডো। কালে ওদেরও সব শক্তির বিকাশ हद्य ।

শিশু অবাক হইরা শুনিতে লাগিল; স্বামীন্দী আবার বলিলেন, 'ডোদের' দেশ থেকে নাগ-মণার ছাড়া কিছু আর কেউ এল না। আর ছ্-একজন যারা, ঠাকুরকে দেখেছিল, ভারা তাঁকে ধরতে পারলে না।' নাগ-মহাশরের কথা শ্বরণ করিরা স্বামীন্দী কিছুক্দণের অন্ত হির হইরা রহিলেন। স্বামীন্দী শুনিরাছিলেন, এক সমরে নাগ-মহাশরের বাড়িতে গলার উৎস উঠিরাছিল। সেই কথাটি শ্বরণ করিরা শিশুকে বলিলেন, 'হ্যারে, ঐ ঘটনাটা কিরুপ বল্ দিকি।'

শিষ্ক । আমিও ঐ ঘটনা শুনিয়াছি মাত্র,—চক্ষে দেখি নাই। শুনিয়াছি, একবার মহাবারুণীবোগে শিতাকে সদে করিয়া নাগ-বহাশর কলিকাভা আর্নিধার অন্ত প্রস্তুত্ব । কিন্তু লোকের ভিড়ে পাড়ি না পাইরা

ডিন-চার দিন নারারণপথে থাকিরা বাড়িতে ফিরিরা আসেন। অগত্যা
নাগ-মহাশর কলিকাতা বাওরার সহর ত্যাগ করেন এবং পিতাকে বলেন,
'মন তব হ'লে মা গলা এথানেই আদবেন।' পরে ঘোগের সময় বাড়ির
উঠানের মাটি ভেদ করিরা এক জলের উৎস উঠিরাছিল—এইরপ
ভনিরাছি। বাহারা হেথিরাছিলেন, তাহাদের জনেকে এখনও জীবিত
আছেন। আমি তাহার সকলাভ করিবার বহু পূর্বে ঐ ঘটনা ঘটিরাছিল।
বামীজী। তার আর আশুর্ব কি ? তিনি সিহ্বসহর মহাপুরুষ; তার জন্ত
এরপ হওরা আমি আশুর্ব মনে করি না।

ৰলিতে বলিতে স্বামীকী পাশ ফিরিয়া শুইয়া একটু তন্ত্রাবিষ্ট হইলেন। শিক্ত প্রসাদ পাইতে উঠিয়া গেল।

8¢

স্থান—কলিকাভা হইতে নৌকাষোগে সঠে কাল—১৯•২

আৰু বিকালে কলিকাভার গলাভীরে বেড়াইতে বেড়াইতে শিল্প দেখিতে পাইল, কিছুদ্রে একজন সন্ধাসী আহিরিটোলার ঘাটের দিকে অগ্রসর হুইভেছেন। তিনি নিকটহ হুইলে শিল্প দেখিল, সাধু আর কেহ নন— ভাহারই গুল, স্বামী বিবেকানন্দ। স্বামীজীর বামহন্তে শালপাভার ঠোঙার চানাচুর ভাজা; বালকের মতো উহা ধাইতে ধাইতে তিনি আনন্দে পথে অগ্রসর হুইভেছেন। শিল্প তাঁহার চরণে প্রণত হুইরা তাঁহার হুঠাৎ কলিকাভা— আগ্রমনের কারণ জিজ্ঞানা করিল।

খামীজী। একটা দরকারে এসেছিল্ম। চল্, তুই মঠে বাবি ? চারটি চানাচুর ভাজা খা না ? বেশ হন-ঝাল আছে।

শিক্ত হানিতে হানিতে প্রসাদ গ্রহণ করিল এবং মঠে যাইতে খীরুত হইল। খানীজী। তবে একখানা নোকো দেখু। শিশু দৌড়িরা নৌকা ভাড়া করিতে গেল। ভাড়া লইরা যাঝিদের
সহিত দরদন্তর চলিতেছে, এমন সময় স্বামীজীও ভথার স্বানিরা পড়িলেন।
যাঝি মঠে পৌছাইরা দিতে আট স্বানা চাহিল। শিশু ছুই স্বানা বলিল।
'ওদের সলে আবার কি দরদন্তর করছিল?' বলিয়া স্বামীজী শিশুকে নিরন্ত
করিলেন এবং যাঝিকে 'বা, আট স্বানাই দেবো' বলিয়া নৌকার উঠিলেন।
ভাটার প্রবল টানে নৌকা স্বভি ধীরে স্বপ্রদর হুইতে লাগিল এবং মঠে
পৌছিতে প্রায় দেড় স্বভা লাগিল। নৌকামধ্যে স্বামীজীকে একা পাইরা
শিশু নিংসঙ্গোচে সকল বিষয় জিজ্ঞাসা করিবার বেশ স্থ্যোগ লাভ করিল।

গত জ্বোৎসবের সময় শ্রীরামক্বফ-ভক্তদিগের মহিমা কীর্তন করিয়া শিষ্য বে তব ছাপাইয়াছিল, তৎসম্বন্ধে প্রসন্ধ উঠাইয়া স্বামীলী তাহাকে জিজ্ঞাসা করিলেন, 'তুই তোর রচিত তবে বাদের বাদের নাম করেছিস, কি ক'রে জানলি—তাঁরা সকলেই ঠাকুরের সাকোপাল ?'

শিশু। মহাশয়, ঠাকুরের সন্ন্যাসী ও গৃহী ভক্তদিগের নিকট এতদিন বাতায়াত করিতেছি, তাহাদেরই মুখে শুনিয়াছি—ইহারা সকলেই ঠাকুরের ভক্ত।

শামীজী। ঠাকুরের ভক্ত হ'তে পারে, কিন্তু সকল ভক্তই তো তাঁর সালোপালের ভেডর নয়? ঠাকুর কাশীপুরের বাগানে আমাদের বলেছিলেন, 'মা দেখিয়ে দিলেন, এরা সকলেই এখানকার (আমার) অন্তর্গ লোক নয়।' স্ত্রী ও পুরুষ উভন্ন প্রকার ভক্তদের সম্বন্ধেই ঠাকুর সেদিন এক্রপ বলেছিলেন।

অনন্তর ঠাকুর নিজ ভক্তদিগের মধ্যে বে ভাবে উচ্চাবচ শ্রেণী নির্দেশ করিভেন, সেই কথা বলিভে বলিভে স্বামীজী ক্রমে গৃহস্থ ও সন্থান-জীবনের মধ্যে বে কভদূর প্রভেদ বর্তমান, ভাছাই শিক্তকে বিশদরূপে ব্ঝাইয়া দিভে লাগিলেন।

খামীজী। কামিনী-কাঞ্চনের সেবাও করবে, আর ঠাকুরকেও ব্রবে—এ কি
কখনও হয়েছে ?—না, হ'তে পারে ? ও-কথা কখনও বিখাস করবিনি।
ঠাকুরের ভক্তদের ভেডর অনেকে এখন 'ঈশ্বরকোটা' 'অন্তর্ন্ত' ইড্যাদি
ব'লে আপনাদের প্রচার করছে। তাঁর ড্যাগ-বৈশাগ্য কিছুই নিজে
পারলে না, অথচ বলে কিনা তারা স্ব ঠাকুরের অন্তর্ন্ত ভক্ত। ও-স্ব

কথা ঝেঁটিয়ে ফেলে দিবি। বিনি ত্যাপীর 'বাদশা', তাঁর কুপা পেয়ে কি কেউ কথন কাম-কাঞ্চনের লেবার জীবনবাপন করতে পারে ?

শিশু। তবে কি মহাশন্ন, বাঁহারা দক্ষিণেখরে ঠাকুরের নিকট উপস্থিত হইয়াছিলেন, তাঁহারা সকলেই ঠাকুরের ভক্ত নন ?

খামীজী। ভা কে বলছে? সকলেই ঠাকুরের কাছে যাভারাভ ক'রে spirituality (ধর্মাছভৃতি)র দিকে অগ্রসর হয়েছে, হচ্ছে ও হবে। ভারা সকলেই ঠাকুরের ভক্ত। তবে কি জানিস, সকলেই কিছু তাঁর অন্তরণ নয়। ঠাকুর বলতেন, 'অবভারের সঙ্গে কল্লান্তরের সিদ্ধ ঋষির। দেহধারণ ক'রে জগতে আগমন করেন। তাঁরাই ভগবানের সাক্ষাৎ পার্ষদ। তাঁদের দারাই ভগবান্ কার্য করেন বা হুগতে ধর্মভাব প্রচার করেন।' এটা জেনে রাখবি--অবভারের সাকোপান একমাত্র তাঁরাই, যারা পরার্থে সর্বভ্যাগী, যারা ভোগহুথ কাকবিষ্ঠার মতো পরিভ্যাগ ক'রে 'জগদ্ধিভায়' 'জীবহিভায়' জীবনপাত করেন। ভগবান্ ঈশার শিয়েরা সকলেই সন্নাসী। শকর, রামাছজ, প্রীচৈতন্ত ও বৃদ্ধদেবের সাক্ষাৎ কৃপাপ্রাপ্ত সন্ধীরা সকলেই সর্বভ্যাগী সন্ধানী। এই সর্বভ্যাগী সন্ধানীরাই ওকপরস্পরাক্রমে জগতে ত্রন্ধবিভা প্রচার ক'রে আদছেন। কোথার কবে ভনেছিল-কামকাঞ্নের দাস হয়ে থেকে মামুষ মামুষকে উদ্ধার করতে বা ঈশরলাভের শথ দেখিয়ে দিতে পেরেছে ? আপনি মৃক্ত ना र'ल ज्ञानक कि क'रत मुक कत्रत ? त्यम-त्यमां इं डिहाम-भूतान नर्वे एक्टि भावि-- मन्नामीदाई नर्वकाल नर्वाम्य लाक अन्तर्भ धर्मद উপদেষ্টা হয়েছেন। History repeats itself—यथा পূर्বः তথা পরম্ —এবারও তাই হবে। মহাসমন্বরাচার্ব ঠাকুরের কৃতী সন্ন্যাসী সন্তানগণই ় লোকগুরুরূপে অগতের সর্বত্ত পুঞ্জিত হচ্ছে ও হবে। ত্যাগী ভিন্ন অন্তের কথা ফাকা আভয়াজের মতো শৃষ্টে লীন হয়ে যাবে। মঠের যথার্থ ত্যাগী সন্ন্যাসিগণই ধর্মভাব-রক্ষা ও প্রচারের মহাকেজ্রস্বরূপ হবে। বুঝলি ? শিশ্ব। তবে ঠাকুরের গৃহত্ব ভজেরা যে তাঁহার কথা নানাভাবে প্রচার করিভেছে, দে-দৰ কি সভ্য নম্ন ?

আমীজী। একেবাৰে সভ্য নয়—বলা বায় না ; ভবে ভারা ঠাকুরের সফদ্ধে বা বলে, ভা সব partial truth (আংশিক সভ্য)। বে বেমন আধার, সে ঠাকুরের ভডটুকু নিরে ভাই আলোচনা করছে। ঐরণ করাটা মদ নয়। ভবে তাঁর ভজের মধ্যে এরপ যদি কেহ বৃষ্ধে থাকেন শে, ডিনি বা বুৰেছেন বা বলছেন, ভাই একমাত্ৰ সভ্য, ভবে ভিনি বয়ায় পাত্ৰ। ঠাকুরকে কেউ বলছেন—ভাত্রিক কৌল, কেউ বলছেন—চৈভক্তদেব 'নাবদীয়া ভক্তি' প্রচার করতে জয়েছিলেন, কেহ বলছেন—সাধনভজন করাটা ঠাকুরের অবভারতে বিখাসের বিরুদ্ধ, কেউ বলছেন—সন্মানী হওয়া ঠাকুরের অভিমত নয়, ইত্যাদি কত কথা গৃহী ভক্তদের মুখে ভনৰি; ও-সৰ কথায় কান দিবিনি। ভিনি ষে কি, কভ কভ পূৰ্বগ-অবতারগণের অমাটবাঁধা ভাবরাজ্যের রাজা, তা জীবনপাতী তপস্তা করেও একচুল বুঝতে পারলুম না! ভাই তাঁর কথা সংষ্ত হয়ে বলভে হয়। বে বেমন আধার, তাঁকে ভিনি তভটুকু দিয়ে ভরপুর ক'রে গেছেন। তাঁর ভাবসমূদ্রের উচ্ছাসের একবিন্দু ধারণা করতে পারনে মাছৰ তথনি দেবতা হয়ে যায়। সৰ্বভাবের এমন সমন্বয় জগভের ইভিহাদে আর কোথাও কি খুঁছে পাওয়া যায় ? এই থেকেই বোঝ—ভিনি কে দেহ ধ'রে এসেছিলেন। অবতার বললে তাঁকে ছোট করা হয়। তিনি বথন তাঁর সন্ন্যাসী ছেলেদের বিশেষভাবে উপদেশ দিতেন, তথন অনেক সময় নিজে উঠে চারিদিক খুঁজে দেখতেন—কোন গেরন্ত দেখানে আছে কি না। যদি দেখভেন—কেউ নেই বা আসছে না, ভবেই জলম্ভ ভাষায় ত্যাগ-্তপস্থার মহিমা বর্ণন করতেন। সেই সংসার-বৈরাগ্যের প্রবল উদ্দীপনাতেই তো আমরা সংসারত্যাগী উদাসীন।

শিশ্ব। গৃহস্থ ও সন্মাসীদের মধ্যে তিনি এত প্রভেদ রাখিতেন ?

স্বামীলী। তা ঠার গৃহী ভক্তদেরই জিল্লাসা ক'রে দেখিদ না। ব্বেই দেখ্
না কেন—তাঁর বে-সব সন্তান ঈশরলাভের জন্ত ঐতিক জীবনের সমত
ভোগ ত্যাগ ক'রে পাহাড়ে-পর্বতে, তীর্থে-আশ্রমে তপভায় দেহপাত
করছে, তারা বড়—না বারা তাঁর সেবা বন্ধনা শর্প বনন করছে
অথচ সংসারের মান্নামোহ কাটিয়ে উঠতে পারছে না, তারা বড় পার্লার
ভাগ্রজানে জীবসেবার জাবনপাত করতে অগ্রসন্ত, বারা আকুলার
ভর্পব্যেতা, বারা ত্যাগ-বৈরাগ্যের মৃত্তিমান চলবিগ্রহ, তারা বড়—না

- वांका बाहित बर्फा अकवांत क्र्रण वरम, भवकरभेटे आवांत विशेष वमरह, कांका वर्ष ? अ-मव निष्कटे वृत्य स्थ्।
- শিশু। কিন্তু মহাশর, বাঁহারা ভাঁহার (ঠাকুরের) কুপা পাইরাছেন, ভাঁহাদের আবার সংসার কি ? ভাঁহারা গৃহে থাকুন বা সন্মাস অবলখন করুন, উভরই সমান—আমার এইরূপ বলিয়া বোধ হয়।
- খামীজী। তাঁব কুপা বারা পেরেছে, তারের মন বৃদ্ধি কিছুতেই আর সংসারে আসক্ত হ'তে পারে না। কুপার test (পরীকা) কিছু হচ্ছে কাম-কাঞ্চনে অনাসক্তি। সেটা যদি কারও না হরে থাকে, তবে সে ঠাকুরের কুপা কখনই ঠিক ঠিক লাভ করেনি।
- পূর্ব প্রসন্ধ এইরূপে শেষ ছইলে শিশু জন্ত কথার অবভারণা করিয়া বামীজীকে জিজ্ঞাসা করিল, 'মহাশন্ত, আপনি বে দেশবিদেশে এভ পরিশ্রম করিয়া গেলেন, ইহার ফল কি হইল ?'
- খামীজী। কি হয়েছে, তার কিছু কিছু মাত্র তোরা দেখতে পাবি। কালে পৃথিবীকে ঠাকুরের উদার ভাব নিভে হবে, তার স্চনা হয়েছে। এই প্রবদ বস্থামূপে সকলকে ভেসে বেতে হবে।
- শিশু। আপনি ঠাকুরের সহজে আরও কিছু বলুন। ঠাকুরের প্রসঙ্গ আপনার মূখে শুনিতে বড় ভাল লাগে।
- খামীনী। এই তো কত কি দিনরাত ভনছিন। তাঁর উপমা ভিনিই। তাঁর কি তুলনা আছে রে ?
- শিক্ত। সহাশন্ত, আমরা তো তাঁহাকে দেখিতে পাই নাই। আমাদের উপার ? আমীজী। তাঁর সাক্ষাৎ কুপাপ্রাপ্ত এইসব সাধুদের সঙ্গাভ তো করেছিস, তবে আর তাঁকে দেখলিনি কি ক'রে বল্?' তিনি তাঁর ত্যাগী সন্তানদের মধ্যে বিরাজ করছেন। তাঁদের সেবাবন্দনা করলে কালে জিনি revealed (প্রকাশিত) হবেন। কালে সব দেখতে পাবি।
- শিশু। আছা বহাশর, আগনি ঠাকুরের কুপাঞাপ্ত অন্ত সকলের কথাই বলেন। আপনার নিজের সহজে ঠাকুর বাহা বলিতেন, সে কথা ভো কোন দিন কিছু বলেন না।

শামীজী। আমায় কথা আর কি ব'লব? দেখছিস তো, আমি তাঁর দৈত্যদানার ভেতরকার একটা কেউ হবো। তাঁর সামনেই কখন কখন তাঁকে গালমন্দ করতুম। ভিনি শুনে হাসভেন।

বলিতে বলিতে স্থামীজীর মুখমগুল হির গন্তীর হইল। গন্ধার দিকে
শ্রুমনে চাহিরা কিছুক্ষণ হিরভাবে বলিরা রহিলেন। দেখিতে দেখিতে সন্ধ্যা
হইল। নৌকাও ক্রমে মঠে পৌছিল। স্থামীজী তথন স্থাপন মনে গান
ধরিরাছেন—

⁴(কেবল) আশার আশা, ভবে আসা, আসামাত্র সার হ'ল। এখন সন্ধ্যাবেলায় ঘরের ছেলে ঘরে নিয়ে চলো।' ইত্যাদি

গান শুনিয়া শিশু শুন্ধিত হইরা স্বামীজীর ম্থপানে তাকাইরা রহিল। গান সমাপ্ত হইলে স্বামীজী বলিলেন, 'তোদের বাঙালদেশে স্থকণ্ঠ গারক জন্মায় না। মা-গদার জল পেটে না গেলে স্থক্ঠ হয় না।'

এইবার ভাড়া চুকাইরা স্বামীজী নৌকা হইতে অবতরণ করিলেন এবং স্থামা খুলিয়া মঠের পশ্চিম বারান্দায় বদিলেন। স্বামীজীর গৌরকান্তি এবং গৈরিকবসন সন্ধ্যার দীপালোকে অপূর্ব শোভা ধারণ করিল।

৪৬

স্থান—বেল্ড় মঠ কাল—জুন (শেষ সপ্তাহ), ১৯০২

আৰু ১৩ই আবাঢ়। শিশ্ব বালি হইতে সন্ধার প্রাক্কালে মঠে আসিয়াছে। বালিতেই তথন তাহার কর্মখান। অন্ধ সে অফিসের পোশাক পরিয়াই আসিয়াছে। উহা পরিবর্তন করিবার সময় পায় নাই। আসিয়াই বামীজীর পাদপদ্মে প্রণত হইয়া সে তাঁহার শারীরিক কুশল জিজাসা করিল। স্বামীজী বলিলেন, 'বেশ আছি। (শিশ্বের পোশাক দেখিয়া) তুই কোটপ্যাণ্ট পরিস্, কলার পরিসনি কেন?' এ কথা বলিয়াই নিকটন্থ বামী সার্থানন্ধকে ভাকিয়া বলিলেন, 'আমার বে-সব কলার আছে, তা

থেকে ছটো কলার একে কাল দিস্ ভো।' সারদানন্দ-স্থামীও স্থামীজীর আদেশ শিরোধার্য করিয়া লইলেন।

অভংগর শিক্ত মঠের অক্ত এক গৃহে উক্ত পোশাক ছাড়িয়া হাতম্থ ধূইরা বামীজীর কাছে আসিল। স্বামীজী তথন তাহাকে লক্ষ্য করিয়া বলিলেন: আহার, পোশাক ও জাতীয় আচার-ব্যবহার পরিত্যাগ করলে ক্রমে জাতীয়ন্ত-লোপ হয়ে যায়। বিভা সকলের কাছেই শিখতে পারা যায়। কিন্ত বে বিভালাভে জাতীয়ন্ত্রে লোপ হয়, তাতে উন্নতি হয় না—অধংপাতের স্চনাই হয়।

- শিশ্ব। মহাশয়, অফিস-অঞ্জে এখন সাহেবদের অহুমোদিত পোশাকাদি না পরিলে চলে না।
- খামীজী। তা কে বারণ করছে? অফিদ-অঞ্চলে কার্বাহের এরপ পোশাক পরবি বইকি। কিন্তু ঘরে গিয়ে ঠিক বাঙালী বাবু ছবি। সেই কোঁচা-ঝুলানো, কামিজ-গায়, চাদর কাঁধে। ব্যালি?

শিক্ত। আন্তেই।।

শামীজী। তোরা কেবল সার্ট (কামিজ) পরেই এ-বাড়ি ও-বাড়ি যাস্— ওদেশে (পাশ্চাত্যে) এরপ পোশাক প'রে লোকের বাড়ি যাওয়া ভারি অভন্রতা—naked (নেংটো) বলে। সার্টের উপর কোট না পরলে, ভন্তলোকের বাড়ি চুকতেই দেবে না। পোশাকের ব্যাপারে ভোরা কি ছাই অনুকরণ করতেই শিথেছিস্! আজকালকার ছেলে-ছোকরারা বেসব পোশাক পরে, তা না এদেশী, না ওদেশী—এক অভুত সংমিশ্রণ।

এইরপ কথাবার্তার পর স্বামীন্ত্রী গলার ধারে একটু পদচারণা করিতে । লাগিলেন। সলে কেবল শিশুই রহিল। শিশু সাধন' সম্বন্ধে একটি কথা এখন স্বামীন্ত্রীকে বলিবে কি না, ভাবিতে লাগিল।

वारीजी। कि छारहिन्? वलहे (कन्ना।

শিশ্ব। (সলজ্জাবে) মহাশন্ন, ভাবিতেছিলাম বে, আপনি ধদি এমন একটা

কোন উপায় শিথাইয়া দিতেন, মাছাতে ধ্ব শীল্ল মন: খির হইয়া যায়,
 যাছাতে থ্ব শীল্ল য়্যানয় হইতে পারি, তবে থ্ব উপকার,হয়। সংসারচকে
 পড়িয়া সাধন-ভলনের সময়ে মন স্থির করিতে পারা ভার-।

শিব্যের ঐশ্বপ দীনভা-দর্শনে সম্ভোষ লাভ করিয়া খানীলী শিশ্বকে সংক্রছে বলিলেন, 'থানিক বাদে আমি উপরে বখন একা থাকব, তখন ভূই খাস্। ঐ বিষয়ে কথাবার্তা হবে এখন।'

শিশু আনক্ষে অধীর হইয়া স্থামীজীকে পুনংপুনং প্রণাম করিতে লাগিল। স্থামীজী 'থাক্ থাক্' বলিতে লাগিলেন।

কিছুক্ৰণ পরে স্বামীজী উপরে চলিয়া গেলেন।

শিশু ইত্যবসরে নীচে একজন সাধুর সঙ্গে বেদান্তের বিচার আরম্ভ করিরা দিল এবং ক্রমে বৈভাবৈতমতের বাগবিতগুরি মঠ কোলাহলমর হইরা উঠিল। গোলবোগ দেখিরা খামী শিবানন্দ মহারাজ ভাহাদের বলিলেন, 'গুরে, আতে আতে বিচার কর; জমন চীৎকার করলে খামীজীর ধ্যানের ব্যাঘাত হবে।' শিশু ঐ কথা শুনিরা হির হইল এবং বিচার সাক্ষ করিরা উপরে খামীজীর কাছে চলিল।

শিশু উপরে উঠিয়াই দেখিল—খামীলী পশ্চিমান্তে মেজেতে বনিয়া ধ্যানছ

হইয়া আছেন। মৃথ অপূর্বভাবে পূর্ণ, বেন চক্রকান্তি ফুটয়া বাহির হইডেছে।

উহার সর্বান্ত একেবারে দ্বির—বেন 'চির্জার্শিভারত্ত ইবাবতত্বে'। স্বামীলীর সেই

ধ্যানত্ব মুর্ভি দেখিয়া সে অবাক হইয়া নিকটেই দাঁড়াইয়া বহিল এবং বহকণ

দাঁড়াইয়া থাকিয়াও স্বামীলীর বাহ্ন হঁশের কোন চিহ্ন মা দেখিয়া নিঃশম্বে ঐ

হানে উপবেশন করিল। আরও অর্ধ ঘন্টা অতীত হইলে স্বামীলীর ব্যাবহারিক

স্বাৎসম্বান্ত আনের বেন একটু আভাস দেখা গেল; তাঁহার বন্ধ পাণিপদ্ম

কম্পিত হইতেছে, শিশু দেখিতে পাইল। উহার পাঁচ-সাত মিনিট বাদেই স্বামীলী

চক্ষ্মীলন করিয়া শিশ্রের প্রতি চাহিয়া বলিলেন, 'কখন এখানে এলি ?'

শিশ্ব। এই কভক্ষণ আসিয়াছি।

খামীজী। তাবেশ। এক গাদ জন নিয়ে আয়।

শিশু তাড়াতাড়ি খামীনীর জন্ত নির্দিষ্ট কুঁলো হইতে জন নইয়া আদিন। খামীনী একটু জন পান করিয়া গাসটি শিশুকে খণাখানে রাধিতে বলিলেন। শিশু এক্নপ করিয়া আদিয়া পুনরায় খামীনীর কাছে বসিল।

খানীজী। আৰু খুব ধ্যান জনেছিল।

শিক্ত। মহাশয়, ধ্যান করিতে বসিলে মন বাহাতে ঐক্তপ ত্ৰিয়া বার, ভাহা আমাকে শিবাইয়া দিন।

- বামীজী। ভোকে সব উপায় ভো পূর্বেই ব'লে দিয়েছি, প্রভাহ সেই প্রকার ধ্যান করবি। কালে টের পাবি। আচ্ছা, বল্ দেখি ভোর কি ভাল লাগে?
- শিশ্ব। মহাশর, আপনি বেরপ বলিয়াছেন সেরপ করিয়া থাকি, তথাপি আমার ধ্যান এখনও ভাল জমে না। কখন কখন আবার মনে হয়— কি হইবে ধ্যান করিয়া? অতএব বোধ হয় আমার ধ্যান হইবে না, এখন আপনার চিরদামীপাই আমার একাস্ত বাহুনীয়।
- খামীজী। ও-সব weakness-এর (তুর্বলভার) চিহ্ন। সর্বদা নিত্যপ্রত্যক্ষ আত্মায় তন্মর হয়ে যাবার চেষ্টা করবি। আত্মদর্শন একবার হ'লে সব হ'ল—জন্ম-মৃত্যুর পাশ কেটে চলে যাবি।
- শিষ্য। আপনি রূপা করিয়া তাহাই করিয়া দিন। আপনি আজ নিরিবিলি আসিতে বলিয়াছিলেন, ডাই আসিয়াছি। আমার বাতে মন হির হয়, তৎসম্বন্ধে কিছু করিয়া দিন।
- স্বামীজী। সময় পেলেই ধ্যান করবি। স্বয়া-পথে মন ষদি একবার চলে যায় তো আপনা-আপনি সব ঠিক হয়ে যাবে—বেশী কিছু আর করতে হবে না।
- শিশু। আপনি তো কত উৎসাহ দেন। কিন্তু আমার সত্য-বন্ত প্রত্যক্ষ হইবে কি ?
- খামীজী। হবে বইকি। আকীট-ত্রন্ধা সব কালে মৃক্ত হয়ে যাবে---আর তুই হবিনি ? ও-সব weakness (হুর্বলতা) মনেও স্থান দিবিনি।
- ় পরে বলিলেন: ধ্রাধান্ হ, বীর্ষান্ হ, আত্মজ্ঞান লাভ কর্, আর 'পরহিভার' জীবনপাত কর্—এই আমার ইচ্ছা ও আলীর্বাদ।

অত:পর প্রসাদের ঘণ্টা পড়ায় বলিলেন, 'যা প্রসাদের ঘটা পড়েছে।'

শিশু স্বামীজীর পদপ্রান্তে প্রণত হইয়া রুপাভিক্ষা করায় স্বামীজী শিশুর মন্তকে হাত দিয়া আশীর্বাদ করিলেন এবং বলিলেন, 'আমার আশীর্বাদ বৃদি ভোর কোন উপকার হয় তো বলছি—ভগবান্ রামরুক্ষ ভোকে রুপা কর্মন। এর চেয়ে বড আশীর্বাদ আমি জানি না।

শিশু এইবার আনন্দিত মনে নীচে নামিয়া আদিয়া শিবানন্দ মহারাজকে খামীজীর আশীর্বাদের কথা বলিল। খামী শিবানন্দ ঐ কথা শুনিয়া বলিলেন, 'বাং বাঙাল, তোর সব হয়ে গেল। এর পর স্বামীজীর আশীর্বাদের ফল জানতে পারবি।'

আহারান্তে শিশু আর সে-রাত্তে উপরে ধার নাই। কারণ স্বামীজী আজ সকাল-সকাল নিজা যাইবার জন্ম শরন করিয়াছিলেন।

পরদিন প্রত্যুষে শিশুকে কার্যাহরোধে কলিকাভার ফিরিরা বাইতেই হইবে। স্থতরাং তাড়াভাড়ি হাতমুখ ধুইরা নে উপরে স্বামীজীর কাছে উপন্থিত হইলে তিনি বলিলেন, 'এখনি যাবি ?'

শিকা। আৰু হা।

খামীজী। ভাগামী রবিবারে ভাসবি তো?

শিকা। নিশ্চর।

স্বামীনী। ভবে আর; ঐ একথানি চলতি নৌকাও আসছে।

শিশু স্বামীজীর পাদপদ্মে এ-জন্মের মতো বিদায় লইয়া চলিল। সে তথনও জানে না বে, তাহার ইষ্টদেবের সঙ্গে সুলশরীরে তাহার এই শেষ দেখা। স্বামীজী তাহাকে প্রসন্নবদনে বিদায় দিয়া পুনরায় বলিলেন, 'রবিবারে স্বাসিদ্।' শিশুও 'আদিব' বলিয়া নীচে নামিয়া গেল।

খামী সারদানন্দ তাহাকে যাইতে উত্তত দেখিয়া বলিলেন, 'এরে, কলার ত্টো নিয়ে যা। নইলে খামীজীর বকুনি খেতে হবে।' শিশু বলিল, 'আজ বড়ই তাড়াভাড়ি, আর একদিন লইয়া যাইব—আপনি খামীজীকে এই কথা বলিবেন।'

চলতি নৌকার মাঝি ডাকাডাকি করিতেছে, স্থতরাং শিশু ঐ কথাগুলি বলিতে বলিতেই নৌকার উঠিবার জন্ম ছুটিল। শিশু নৌকার উঠিয়াই দেখিতে পাইল, স্বামীজী উপরের বারান্দার পারচারি করিতেছেন। সে তাঁহার উদ্দেশে প্রণাম করিয়া নৌকার ভিতরে প্রবেশ করিল। নৌকা ভাটার টানে আধ ফটার মধ্যেই আহিরিটোলার ঘাটে পঁছছিল।

[্] ১ ২০শে আবাঢ়, ৪ঠা জুলাই—পরবর্তী শুক্রবার সন্ধ্যায় স্বামীজী মহাসমাধিতে প্রবেশ করেন।

স্বামীজীর সহিত হিমালয়ে

প্রকাশকের নিবেদন হইতে

'ষামীজীর সহিত হিমালয়ে' ভগিনী নিবেদিতার 'Notes of some Wanderings with the Swami Vivekananda' নামক ইংরেজী গ্রন্থের বলাত্ত্বাদ।…

এই গ্রন্থে গ্রন্থকর্ত্তী তাঁহার গুরুদেবের সহিত আলমোড়া, নৈনীতাল প্রভৃতি ভানে এবং কাশীরের নানাস্থানে ভ্রমণের করেকথানি জীবস্ত চিত্র অভিত করিয়াছেন। তবে ইহা সাধারণ ভ্রমণবৃত্তাস্তের স্থায় নহে। বর্তমান যুগের তৃইজন মহামনীবীর ভাবের সংঘর্ষের চিত্র পুশুক্থানির হত্তে ছত্তে বিভ্রমান।

নিবেদিভার সমৃদয় কথাগুলিই ভাবপূর্ণ, এবং বর্ণনাপেকা ইলিভের ঘারাই পাঠকের হৃদয়ে নৃতন নৃতন ভাব ও চিস্তাভরকের স্কটির চেটা করে। নিবেদিভার নিজের ভাষায় তাঁহার এই গ্রন্থের প্রতিপাদিভ বিষয় সম্বন্ধে আমরা বলি, 'এমন সব সময় আসিয়াছে, যাহা ভূলিবার নয়; এমন সব কথা ভনিয়াছি যাহা আমাদের সারা জীবন ধরিয়া প্রতিধ্বনিত হইতে থাকিবে।'…

কার্তিক, ১৩২৪

বশংবদ

প্ৰকাশক

> বর্তমান সংগ্রহে প্রধানত স্বামীজীর কথাগুলিই চয়ন করা হইয়াছে, তংসহ প্রয়োজনীয় পটভূমিকা সন্নিবেশিত আছে।

পূৰ্বভাষ

বাজিগণ—স্বামী বিবেকানন্দ, তাঁহার গুরুত্রাতৃবৃন্দ ও শিশ্বমওলী। কয়েক জন পাশ্চাত্য অভ্যাগত এবং শিশ্ব—ধীরা মাতা, জয়া নায়ী এক মহিলা ও নিবেদিতা তাঁহাদের অক্সভম।

> স্থান—ভারতের বিভিন্ন অংশ কাল—১৮৯৮ খুষ্টাব্দ

এ বংসর দিনগুলি কি স্করভাবেই না কাটিয়াছে! এই সময়েই যে আদর্শ বাস্তবে পরিণত হইয়াছে! প্রথমে নদীতীরে বেল্ডের স্টারে, ভারপর হিমালয়-বক্ষে নৈনীতাল ও আলমোড়ায়, পরিশেষে কাশ্মীরে নানা স্থানে পরিভ্রমণ-কালে—সর্বত্রই এমন সব সময় আসিয়াছিল, বাহা কখনও ভূলিবার নয়, এমন সব কথা শুনিয়াছি, বাহা আমাদের সারা জীবন ধরিয়া প্রতিধ্বনিত হইতে থাকিবে।

বিরাট প্রতিভার বিশাল খেরালে আমরা কৌতুক করিয়াছি, বীরত্বের উচ্ছালে উত্তেজিত হইয়া উঠিয়াছি,—এ সমস্ত দিব্য লীলায়, মনে হয়, শিশু ভগবান ধেন জাগিয়া উঠিতেছেন, আর আমরা দাঁড়াইয়া সাক্ষিত্বরূপ নিরীক্ষণ করিয়াছি।…

…দেখিতেছি নক্ষতালোকিত হিমাচল-অরণ্যানীর দৃষ্ঠাবলী আর দেখিতেছি দিল্লী এবং তাজের রাজভোগ্য সৌন্দর্বরাশি। স্থৃতির এই সকল নিদর্শন বর্ণনা করিতে কাহার না আগ্রহ হয়! কিছ বর্ণনায় উহা বিবর্ণ হইয়া উঠিবে—কেননা সে বে অসম্ভব! তাই স্থৃতির আলেখ্যে নয়, স্থৃতির আলোকেই তাহাদের অক্ষয় পুণ্যপ্রতিষ্ঠা। আর সেই প্রতিষ্ঠায় চিরসংযুক্ত হইয়া বিভাষান থাকিবে তথাকার কোমলহাদর শাস্তপ্রকৃতি অধিবাসিবৃন্দ।

কিরপ মানসিক অবস্থায় নৃতন নৃতন ধর্ম-বিশাস প্রস্ত হয়, এবং কী ধরনের মহাপুরুষেরা এইরূপ ধর্ম-বিশাস সঞ্চারিত করেন—আমরা ভাহা কতকটা প্রভাক্ষ করিয়াছি। কারণ, আমরা এমন এক মহাপুরুষের সঙ্গলাভ করিয়াছি, যিনি সকল রকম লোককেই নিজের কাছে আকর্ষণ করিতেন, সকলের বক্তব্য শুনিতেন, সকলের প্রতি সহাস্থৃতি দেখাইতেন, কাহাকেও প্রভাগান করেন নাই।

বিদেশীর উপহাসখন, কিন্ত দেশবাসীর পূজাম্পদ ভিক্তকের বেশে তাঁহাকে আমরা দেখিরাছি; তাই মনে হয়—শ্রমলক জীবিকা, সামাক্ত কূটারে বাস, এবং শশুক্তেবাহী সাধারণ পথ—কেবল এই সমন্ত পান্নিপার্শিক দৃশুপটের মধ্যেই এমন জীবনের প্রকৃত শোভা ফুটতে পারে।

তাঁহার খদেশবাসী বিধান্ রাষ্ট্রনীতি-বিশারদ পণ্ডিতমণ্ডলী তাঁহাকে বেমন ভালবাসিতেন, নিরক্ষর অজ্ঞেরাও তাঁহাকে তেমনি ভালবাসিত। তাঁহার নৌকার মাঝি-মালারা পথ চাহিয়া থাকিত, কভক্ষণে তিনি আবার নৌকার ফিরিয়া আসিবেন। বে গৃহে তিনি অতিথি হইতেন, সেই গৃহের পরিচারক ভ্তাদের মধ্যে কাড়াকাড়ি পড়িয়া যাইত, কে আগে তাঁহার সেবা করিবে। আর এই সকল ব্যাপার সর্বদাই যেন একটা খেলার আবরণে অড়িত থাকিত। 'তাহারা বে ভগবানের খেলার সলী'—এই ভাব তাহাদের মনে শ্বতই জাগরুক থাকিত।

বাঁহারা এরপ শুভুমুহুর্তের আসাদ পাইয়াছেন, জীবন তাঁহাদের নিকট অধিকতর মৃল্যবান, অধিকতর মধুময়। দীর্ঘ নিরানন্দ রজনীর তালবন-সঞ্চারী বায়্ও উল্বেগ ও আশহার পরিবর্তে তাঁহাদের কর্ণে শান্তিময় 'শিব! শিব!' বাণী ধ্বনিত ক্রিয়া ভোলে।

স্থান—বেলুড়ে গঙ্গাতীরে একথানি ছোট বাড়ি কাল—মার্চ হইতে ১১ই মে পর্যন্ত

গন্ধতীরস্থ বাড়িখানির সম্বন্ধে স্বামীজী একজনকে বলিয়াছিলেন, 'ধীরা-মাতার কৃত্র বাড়িখানি তোমার স্বর্গ বলিয়া মনে হইবে। কারণ, ইহার আগাগোড়া স্বটাই ভালবাসা-মাখা।'

বাহুবিকই তাই। ভিতরে এক অবিচ্ছিন্ন মেলা-মেশার ভাব, এবং বাহিরে প্রতি জিনিসটি সমান স্থলর; স্থামল বিস্তৃত শম্পরাজি, উন্নত নারিকেল বৃক্ষগুলি, বনমধ্যস্থ ছোট ছোট বাদামী রঙের গ্রামগুলি—সবই স্থলর!

যাঁহাদের মনে অতীতের শ্বৃতি জাগরুক রহিয়াছে, এমন অনেকে মাঝে মাঝে আসিতেন, এবং আমরা স্বামীজীর অষ্টবর্ষব্যাপী ভ্রমণের কিছু কিছু বিবরণ শুনিতে পাইতাম; গ্রাম হইতে গ্রামান্তরে গমন-কালে তাঁহার নাম-পরিবর্তনের কথা, তাঁহার নির্বিকল্প সমাধির কথা, এবং যাহা বাক্যের অতীত ও সাধারণ দৃষ্টির বহিভূতি, যাহা কেবল প্রেমিক হৃদয়েরই অহ্ভবগম্য, পরার্থে স্বামীজীর সেই পবিত্ত মর্মবেদনার কথাও আমরা শ্রবণ করিভাম। আর স্বয়ং স্বামীজী তথার আসিতেন, উমামহেশ্বের ও রাধারুফের গল্প বলিতেন, কত গান ও কবিতার আংশিক আর্ত্তি করিতেন।

বেশীর ভাগ, তিনি আজ একটি, কাল একটি—এইরপ করিয়া ভারতীয় ধর্মগুলিই আমাদের নিকট বর্ণনা করিতেন,—তাঁহার যথন যেমন থেয়াল হইড; যেন তদস্পারেই কোন একটিকে বাছিয়া লইতেন। কিন্তু তিনি কেবল যে ধর্মবিষয়ক উপদেশই আমাদিগকে দিতেন, তাহা নহে। কখনও ইতিহাস, কখনও লৌকিক উপকথা, কখনও বা বিভিন্ন সমাজ, জাতিবিভাগ ও লোকাচারের বহুবিধ উন্তুট পরিণতি ও অসক্তি—এ সকলেরও আলোচনা হইত। বাস্তবিক তাঁহার শ্রোভ্রন্দের মনে হইড, যেন ভারতমাতা শেষ এবং শ্রেষ্ঠ পুরাণ-অরপ হইয়া তাঁহার শ্রীমুধাবলম্বনে স্বয়ং প্রকটিত হইতেছেন।

ভারত-সংক্রান্ত বিষয়ে, যাহা কিছু পাশ্চাত্য মনের পক্ষে আত্মাদ করা অসম্ভব বলিয়া তাঁহার বোধ হইত, সেগুলিকে শিক্ষার প্রারম্ভেই খুব করিয়া বাড়াইয়া আমাদের সমক্ষে উপস্থিত করিতেন। এইরপে, হ্রভো তিনি হরগৌরীমিলনাত্মক একটি কবিতা' আরম্ভি করিতেন:

কত্রিকাচন্দনলেপনারে,
শাণানভন্মাক্বিলেপনার।
সংকৃত্তলারৈ ফণিকৃত্তলার,
নমঃ শিবারৈ চ নমঃ শিবার॥
মন্দারমালাপরিশোভিতারে,
কৃপালমালাপরিশোভিতার।
দিব্যাম্বরারে চ দিগম্বরার,
নমঃ শিবারৈ চ নমঃ শিবার।

চাম্পেরগোরার্ধশরীরকারে,
কর্পুরগোরার্ধশরীরকার।
ধশিল্পবভৈত চ জটাধরার,
নমঃ শিবারৈ চ নমঃ শিবার।
অভোধরভামলকুত্তলারে,
বিভৃতিভূষাক্জটাধরার।
জগজ্জনতা জগদেকপিতে,
নমঃ শিবারৈ চ নমঃ শিবার।

আলোচনার বিষয় বাহাই হউক না কেন, উহা সর্বদাই পরিণামে অবন্ধ
অস্তবের কথায় পর্যবিদিত হইত। সাহিত্য, প্রত্নতত্ত্ব অথবা বিজ্ঞান—বে-কোন
তত্ত্বের বিচারেই তিনি প্রবৃত্ত হউন না কেন, সেটি বে সেই চরম অহন্ত্তিরই
একটি দৃষ্টান্ত মাত্র, তাহা তিনি সদাই আমাদের মনে বন্ধমূল করিয়া দিতেন।
তাঁহার চক্ষে কোন জিনিদই ধর্মের এলাকার বহিভূতি ছিল না। বন্ধনমাত্রকেই
তিনি অত্যন্ত স্থার চক্ষে দেখিতেন, এবং বাহারা 'শৃত্তাককে পুণ্যের আবরণে
ঢাকিতে চাহে' তাহাদিগকে তিনি ভয়ানক লোক বলিয়া গণ্য করিতেন;
কিন্ত তাই বলিয়া উচ্চ ন্তবের রদশিরের এবং এই বিষয়ের মধ্যে প্রহৃত
সমালোচক বে ব্যবধান দেখিতে পান, তাহা কথনও তাঁহার দৃষ্টি এড়াইত না।
একদিন আমরা কয়েক জন ইওরোপীয় ভত্রলোককে নিমন্ত্রণ করিয়াছিলাম।
ভামীজী সেদিন পারসিক কবিতার বিস্তৃতভাবে আলোচনা করিয়াছিলেন:

'প্রিয়তমের মৃথের একটি তিলের বদলে আমি সমরকন্দের সমস্ত ঐশর্য বিলাইয়া দিতে প্রস্তুত !'

—এই পদটি আবৃত্তি করিতে করিতে তিনি সহসা সোৎসাহে বলিয়া উঠিলেন, 'দেখ, যে লোক একটা প্রেমসদীতের মাধুর্য ব্রিতে পারে না, তাহার জক্ত আমি এক কানাকড়িও দিতে রাজী নই।' তাঁহার কথাবার্তা সরস

> অর্ধনারীবরস্তোত্রমৃ—শঙ্করাচার্য

উজিসমূহে পূর্ণ থাকিত। সেই দিনই অপরাত্নে, কোন রাজনৈতিক বিষয়ের বিচার করিতে করিতে তিনি বলিলেন, 'দেখা ঘাইতেছে যে, একটি জাতিগঠনের পক্ষে সাধারণ প্রীতির স্থায় একটা সাধারণ বিরাগেরও আবশ্রকতা আছে !'

করেক মাদ পরে তিনি বলিয়াছিলেন, 'বাহার জগতে কোন বিশেষ কাজ করিবার আছে, তাহার কাছে আমি কখনও উমা এবং মহেশর ভিদ্ধ অক্তলেবদেবীর কথা বলি না। কারণ, মহেশর এবং জগন্মাতা হইতেই কর্মবীরগণের উদ্ভব।' ভগবানের প্রতি উদ্ধাম প্রেমে আত্মহারা হওয়া বে কি জিনিস, তাহার আভাস তিনি না দিয়া থাকিতে পারিতেন না। তাই তিনি আমাদের কাছে এই সব গানও হুর-সংযোগে গাহিতেন:

'প্রেমের রাজা কুঞ্জবনে কিশোরী,

প্রেমের বারে আছে বারী, করে মোহন বাঁশরী,

वानी बनाट दा महाहै, तथा विनाद कबाउक ताहे,

কাক্ল খেতে মানা নাই!

ডাকচে বানী—আয় পিপাসী জয় রাধে নাম গান ক'রে।''

তিনি তাঁছার বন্ধ্-রচিত ব্যাপগোপীগণের উত্তর-প্রত্যুত্তর-স্চক ভাব-গভীর গীভটিও গাহিয়া শুনাইতেন:

'পরমাত্মন পীতবসন নবঘনশ্রামকার।
কালা ব্রফের রাধাল ধরে রাধার পার।
বন্দ প্রাণ নন্দত্লাল নমো নমো পদপক্ষে,
মরি মরি, বাঁকা নরন গোপীর মন মজে।
পাণ্ডবস্থা সার্থি রথে, বাঁশী বাজায় ব্রজের ঘাটে পথে।
যজ্ঞেশর বীতভঙ্ক হর যাদবরার,
প্রেমে রাধা ব'লে নয়ন ভেসে যায়।'

২৫শে মার্চ। প্রাতে কুটারে আদিয়া সকালের দিকে কয়েক ঘণ্টা সেখানে অভিবাহিত করা, আবার বৈকালে পুনরায় আদা—ইহাই স্বামীজীর এই সময়ের নিয়ম ছিল। কিছ এইরূপ সাক্ষাতের দ্বিতীয় দিন সকালে—শুক্রবার

> ৰুবি গিরিশচক্র খোষ প্রণীত 'নিমাই-সন্ন্যাস' নাটক হইতে

২ নাট্যাচার্য গিরিশচক্র খোষ

উশাহিগণের জ্ঞাপনোৎসবের দিন—তিনি ফিরিবার সময় আমাদের তিন জনকে সঙ্গে করিয়া মঠে লইয়া গেলেন, এবং দেখানে ঠাকুর্ঘরে সংক্ষিপ্ত অহুষ্ঠানান্তে একজনকে ব্রন্ধচর্গব্রতে দীক্ষিত করিলেন। সেই প্রভাতটি জীবনে সর্বাপেক্ষা আনন্দময় প্রভাত! পূজাশেষে আমরা উপর তলায় গেলাম। স্থামীজী বোগী শিবের স্থায় জটা, বিভৃতি ও হাড়ের কুণ্ডল পরিধান করিয়া একঘণ্টাকাল ভারতীয় বাত্যযন্ত্র-সংযোগে ভারতীয় গীত গাহিলেন।

তার পর সন্ধ্যার সময় গলাবক্ষে আমাদের নৌকায় বসিয়া তিনি আমাদের নিকট অকপটভাবে তাঁহার গুরুদেবের নিকট হইতে দায়রূপে প্রাপ্ত সেই মহংকার্য সম্বন্ধে নানা প্রশ্ন এবং ভাবনাবিষয়ক অনেক কথা বলিলেন।

আর এক সপ্তাহ পরেই তিনি দার্ভিলিং যাত্রা করিলেন।

তরা মে। তারপর আমাদের মধ্যে ত্ইজন প্রমারাধ্যা প্রীশ্রীমাতাঠাকুরানীর গৃহে তাঁহার সাক্ষাৎ পাইলেন। তথনকার রাজনীতিক গগন
তম্যাচ্ছয়। একটা ঝড়ের স্চনা দেখা ঘাইতেছিল। ইতিপূর্বেই প্রেগ, আতর
এবং দাঙ্গা-হাজামা নিজ নিজ ভীষণ মূর্তি দেখাইতে আরম্ভ করিয়াছিল।
আচার্যদেব আমাদের ত্ইজনকে লক্ষ্য করিয়া বললেন, 'মা কালীর অন্তিত্ব
সম্বন্ধে কতকগুলি লোক ব্যঙ্গ করে। কিন্তু ঐ দেখ, আজ মা প্রজাগণের মধ্যে
আবিভূতা হইয়াছেন। ভয়ে তাহারা কৃলকিনারা দেখিতে পাইতেছে না এবং
মৃত্যুর দণ্ডদাতা সৈনিকর্ন্দের ডাক পড়িয়াছে। কে বলিতে পারে বে, ভগবান্
ভভের ত্যায় অন্তভ রূপেও আ্যুপ্রকাশ করেন না! কিন্তু কেবল হিন্দুই
তাঁহাকে অন্তভ রূপেও পূজা করিতে সাহ্য করে।'

মহামারী দেখা দিয়াছিল এবং জনসাধারণকে সাহস দিবার জন্ত ব্যবস্থাও চলিতেছিল। বতদিন এই আশহা সব দিক আতহিত করিয়া রাধিয়াছিল, ততদিন স্বামীলী কলিকাতা পরিত্যাগ করিতে সমত হইলেন না। এই আশহা কাটিয়া গেল বটে, কিছ সলে সলে সেই স্থাধের দিনগুলিও অন্তর্ভিত হইল। আমাদেরও যাত্রা করিবার সময় আসিল।

^{় &}gt; The Day of Annunciation—বেদিন দেবদূত আসিয়া ঈশা-জননী মেরীকে পুত্রের জ্বাকথা জ্ঞাপন করেন।

স্থান—হিমালয় কাল—১১ই হইতে ২৭শে মে পর্যন্ত

আমরা একটি বড় দল, অথবা প্রকৃতপক্ষে ছুইটি দল, বুধবার সন্ধ্যাকালে হাওড়া স্টেশন হইতে যাত্রা করিয়া শুক্রবার প্রাতে হিমালয়ের সম্মুখে উপস্থিত হইলাম।

তিনটি ঘটনা নৈনীতালকে মধুমর করিয়া তুলিয়াছিল—ধেতড়ির রাজাকে আমাদের নিকট পরিচিত করিয়া দিয়া আচার্যদেবের আহলাদ; তুইজন বাইজীর আমাদিগের নিকট সন্ধান জানিয়া লইয়া স্থামীজীর নিকট সমন এবং অন্তের নিষেধ সত্ত্বেও স্থামীজীর তাঁহাদিগকে সাদর অভ্যর্থনা করা; আর, একজন ম্সলমান ভজলোকের এই উক্তি: 'স্থামীজী, যদি ভবিশ্বতে কেছ আপনাকে অবতার বলিয়া দাবি করেন, অরণ রাখিবেন যে, আমি ম্সলমান হইয়াও তাঁহাদের সকলের অগ্রাণী।'

এই নৈনীতালেই স্বামীজী রাজা রামমোহন রায় সহন্ধে অনেক কথা বলেন, তাহাতে তিনি তিনটি বিষয় এই আচার্বের শিক্ষার মৃলস্ত্র বলিয়া নির্দেশ করেন: তাঁহার বেদান্ত গ্রহণ, স্বদেশপ্রেম প্রচার, এবং হিন্দু-মৃলমানকে সমভাবে ভালবাদা। এইসকল বিষয়ে রাজা রামমোহন রায়ের উদারতা ও ভবিশুদ্শিতা যে কার্যপ্রণালীর স্চনা করিয়াছিল, তিনি নিজে মাত্র তাহাই অবলম্বন করিয়া অগ্রসর হইয়াছেন বলিয়া দাবি করিতেন।

নর্ভকীষর-সংক্রাপ্ত ঘটনাটি আমাদের নৈনী-সরোবরের উপরে অবস্থিত
যন্দিরষর দর্শন উপলক্ষে ঘটরাছিল। এই হানে আমরা তুইজন বাইজীকে
প্জার রত দেখিলাম। প্জান্তে তাহারা আমাদের নিকট আসিল, এবং আমরা
ভাঙা ভাঙা ভাষার তাহাদের সহিত আলাপ করিতে লাগিলাম। স্থামীজী
তাহাদিগকে তাড়াইয়া দিতে অস্বীকার করার উপস্থিত জনমওলীর মনোমধ্যে
একটা আন্দোলন চলিয়াছিল। খেতড়ির বাইজীর বে গল্প তিনি বারংবার
করিতেন, ভাহা প্রথমবার সম্ভবতঃ এই নৈনীভালের বাইজীদের প্রসঙ্গেই
বলিয়াছিলেন। খেতড়ির সেই বাইজীকে দেখিতে ঘাইবার নিমন্ত্রণ পাইয়া

তিনি ক্রুছ হইয়াছিলেন, কিন্তু পরিশেষে অনেক অফ্রোধে তথার গমন করেন এবং তাহার সদীতটি প্রবণ করেন:

প্রভূ মেরা অবশুণ চিত ন ধরো, সমদরশী হৈ নাম তুম্হারো।

এক লোহ পূজামে রহত হৈ, এক রহে ব্যাধ ঘর পরো।

পারশকে মন বিধা নেহী হোয়, হঁছ এক কাঞ্চন করো॥

এক নদী এক নহর বহত মিলি নীর ভয়ো।

জব মিলে তব এক বরণ হোয়, গলানাম পরো॥

এক মায়া, এক ব্রহ্ম, কহত হ্রদাস ঝগরো।

অক্তানসে ভেদ হোয়, জানী কাহে ভেদ করো॥

অতঃপর আচার্যদেব নিজ মুখে বলিয়াছেন, ষেন তাঁহার চক্ষের সমুধ হুইভে একটি পর্দা উঠিয়া গেল এবং সবই যে এক বই ছুই নহে—এই উপলব্ধি করিয়া তিনি তারপর আর কাহাকেও মন্দ বলিয়া দেখিতেন না।

ষথন আমরা নৈনীতাল হইতে আলমোড়া যাত্রা করিলাম তথন বেলা পড়িয়া আদিয়াছে, এবং বনপথ অতিবাহন করিতে করিতেই রাত্রি হইয়া গেল। অবশেষে বৃক্ষরাজির অস্তরালে পর্বতগাত্রে অপরূপভাবে স্থাপিত একটি ডাকবাংলায় পৌছিলাম। স্থামীজী কিয়ৎক্ষণ পরে দলবলসহ তথায় পৌছিলেন। তাঁহার বদন আনন্দোৎফুল্ল, স্বীয় অতিথিগণের স্বাচ্ছন্যবিধায়ক প্রত্যেক খুঁটনাটির দিকে তাঁহার পূর্ণ দৃষ্টি।

প্রাতরাশের সময় আমাদের নিকট আদিয়া কয়েক ঘটা কথাবার্তার কাটাইয়া দেওয়া খামীজীর পুরাতন অভ্যাদ ছিল। আমাদের আলমোড়া পৌছিবার দিন হইতেই খামীজী এই অভ্যাদ পুনরায় শুলু করিলেন। তথন (এবং দকল সময়ই) তিনি অতি অল্প সময় খুমাইতেন এবং মনে হয়, তিনি বে এত প্রাতে আমাদের নিকট আদিতেন, তাহা অনেক সময় আয়ও দকালে সয়্যাদিগণের সহিত তাহার এক প্রস্থ অমণ শেব করিয়া ফিরিবার মূখে। কখনও কখনও, কিছু কালেভন্তে, বৈকালেও আমরা তাহার দেখা পাইভাম, হয় তিনিই বেড়াইতে বাহির হইতেন, নয় তো আমরা নিজেরাই, তিনি বেখানে দলবলসহ অবস্থান করিতেছিলেন, সেই ক্যাপ্টেন সেভিয়ারের গৃহে যাইয়া তাঁহার সহিত দেখা করিতায়।

আনুষ্টার এই প্রাতঃকালীন কথোপকথনগুলিতে একটি নৃতন এবং অনুষ্ট্ভপূর্ব ব্যাপার আদিয়া জুটিয়াছিল। উহার শ্বতি কটকর হইলেও শিক্ষাপ্রদ। স্বামীজী উল্লাসের সহিত তাহার দীক্ষিতা এক ইংরেজ মহিলাকে প্রম করিয়াছিলেন, তুমি এখন কোন্ জাতিভুক্তা? উত্তর শুনিয়া স্বামীজী বিশ্বিত হইলেন, দেখিলেন তিনি ইংরেজের জাতীয় পতাকাকে কি প্রগায় ভক্তি ও পূজার চক্ষে দেখেন; দেখিলেন যে একজন তারতীয় নারীর তাহার ইটদেবতার প্রতি যে ভাব, ইহারও এই পতাকার প্রতি অনেকটা সেই ভাব। স্বামীজী বলিয়া উঠিয়াছিলেন, 'বাত্তবিকই, তোমার বেরুপ শ্বজাতিপ্রেম,' উহা তো পাপ! অধিকাংশ লোকই যে স্বার্থের প্রয়োচনায় কাল্ল করিয়া থাকে, আমি চাই, তুমি এইটুকু বোঝ; কিন্ত তুমি ক্রমাগত ইহাকে উন্টাইয়া দিয়া বলিয়া থাকো। যে, একটি জাতিবিশেষের সকলেই দেবতা। অজ্বতাকে এরূপে আকড়াইয়া ধরিয়া থাকা তো শয়তানি!'

স্তরাং আলমোড়ার এই প্রাতঃকালীন আলোচনাসমূহ আমাদের সামাজিক, সাহিত্যিক ও ললিভকলা-বিষয়ক বন্ধমূল পূর্ব সংস্থারগুলির সহিত সভ্যবের আকার ধারণ করিত, অথবা তাহাতে ভারতীয় এবং ইওরোপীয় ইতিহাল ও উচ্চ উচ্চ ভাবের তুলনা চলিত, এবং অনেক সময় অতি ম্ল্যুবান্ প্রাদদিক মন্তব্যও শুনিতে পাইতাম। স্বামীজীর একটি বিশেষত্ব এই ছিল বে, কোন দেশবিশেষ বা সমাজবিশেষের মধ্যে অবস্থানকালে তিনি উহার দোষগুলিকে প্রকাশ্যে এবং তীব্রভাবে সমালোচনা করিতেন, কিছ তথা হইতে চলিয়া আসিবার পর ষেন সেধানকার গুণ ভিন্ন অন্য কিছুই তাঁহার মনে নাই, এইরপই বোধ হইত।

9

স্থান—আলমোড়া কাল—মে ও জুন

প্রথম দিন সকালের কথোপকথনের বিষয় ছিল—সভ্যতার মূল আদর্শ: প্রতীচ্যে সভ্য, প্রাচ্যে ব্রহ্মচর্য। হিন্দু-বিবাহ-রীভিগুলিকে ভিনি এই বলিয়া সমর্থন করিলেন বে, তাহারা এই আদর্শের অহুসরণে জরিয়াছে এবং সর্ববিধ সংহতিগঠনেই স্বীলোকের রক্ষাবিধানের প্রয়োজন আছে। সমস্ত বিষয়টির অহৈতবাদের সহিত কি সম্বন্ধ, তাহাও ভিনি বিশ্লেষণপূর্বক দেখাইলেন।

আর একদিন সকালে তিনি এই বলিয়া কথা আরম্ভ করিলেন: বেমন জগতে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য ও শ্র—এই চারিটি ম্থ্যজাতি আছে, তেমনি চারিটি ম্থ্যজাতীয় কার্যও আছে—ধর্মসম্বান্তীয় কার্য অর্থাৎ পৌরোহিত্য, বাহা হিন্দুরা নিম্পন্ন করিতেছে; সামরিক কার্য, বাহা রোমক সাম্রাজ্যের হন্তে ছিল; বাণিজ্যবিবয়ক কার্য, বাহা আজকালকার ইংলণ্ড করিতেছে; এবং প্রজাতস্ত্রমূলক কার্য, বাহা আমেরিকা ভবিশ্বতে সম্পন্ন করিবে। এই হলে তিনি, কিরূপে আমেরিকা অতঃপর শ্রজাতির স্বাধীনতা এবং একবোগে কার্যজাবরূপ সমস্রাগুলি পূর্ণ করিবে, সে বিষয়ে কল্পনাসহায়ে ভবিশ্বতের এক উজ্জ্বল চিত্র অন্থনে প্রস্তুত্ত হইলেন, এবং বিনি আমেরিকাবাসী নন, এরপ একজন প্রোতার দিকে ফিরিয়া মার্কিন জাতি কিরূপ বদান্ততার সহিত সেথানকার আদিম অধিবাসিগণের জন্ত বন্দোবন্ত করিতে প্রয়াস পাইয়াছিলেন, সে বিষয়ে বর্ণনা করিলেন।

তিনি উল্লাদপূর্বক ভারতবর্ষের অথবা মোগলবংশের ইতিহাদের সার সকলন করিয়া দিতেন। মোগলগণের গরিমা স্বামীজী শতম্বে বর্ণনা করিতেন। এই সারা গ্রীম-শত্টিতে তিনি প্রায়ই মধ্যে মধ্যে থাকিয়া থাকিয়া দিল্লী ও আগ্রার বর্ণনার প্রবৃত্ত হইতেন। একবার তিনি তাজমহলকে এইরূপ বর্ণনা করেন, 'কীণালোক, তারপর আরও কীণালোক—আর দেখানে একটি সমাধি!'—আর একবার তিনি সাজাহানের কথা বলিতে বলিতে সহসা উৎসাহভরে বলিয়া উঠিলেন, 'আহা, তিনিই মোগলকুলের ভূষণস্করণ ছিলেন!

অমন সৌন্দর্যাগ ও সৌন্দর্যবাধ ইতিহাসে আর দেখা যায় না। আবার নিজেও একজন কলাবিদ্ লোক ছিলেন! আমি তাঁহার স্বহন্তচিত্রিত একখানি পাণ্টলিপি দেখিয়াছি, দেখানি ভারতবর্ষের কলা-সম্পদের অকবিশেষ। কি প্রতিভা! আকবরের প্রসন্ধ তিনি আরও বেশী করিয়া করিতেন। আগ্রার সয়িকটে সেকেজ্রার দেই গম্ভবিহীন অনাচ্ছাদিত সমাধির পাশে বিিয়া আকবরের কথা বলিতে বলিতে স্বামীজীর কণ্ঠ বেন অশ্রুগদগদ হইরা আসিত।

সর্ববিধ বিশ্বজনীন ভাবও আচার্যদেবের হৃদয়ে উদিত হুইত। একদিন তিনি চীনদেশকে জগতের কোষাগার বলিয়া বর্ণনা করিলেন; এবং বলিলেন, তব্রত্য মন্দিরগুলির দারদেশের উপরিভাগে প্রাচীন বাঙলা-নিপি খোদিত দেখিয়া তাঁহার রোমাঞ্চ হুইয়াছিল।

কথাপ্রদক্ষে তিনি স্থান্থ ইটালি পর্যন্ত চলিয়া ষাইতেন। ইটালি তাঁহার নিকট 'ইওরোপের সকল দেশের শীর্ষসানীয়, ধর্ম ও শিল্পের দেশ, একাধারে সাম্রাজ্যসংহতি ও ম্যাটসিনির জন্মভূমি, এবং উচ্চভাব সভ্যতা ও স্বাধীনতার প্রস্তি!'

একদিন শিবাজী ও মহারাষ্ট্র-জাতি সম্বন্ধ এবং কিরূপে শিবাজী সাধুবেশে বর্ষব্যাপী ভ্রমণের ফলে রাম্বগড় প্রত্যাবর্তন করেন, সে বিষয়ে কথা হইল। স্বামীজী বলিলেন, 'আজও পর্যস্ত ভারতের কর্তৃপক্ষ সম্ন্যাসীকে ভন্ন করে, পাছে তাহার গৈরিক বসনের নীচে আর একজন শিবাজী লুকায়িত থাকে।'

অনেক সময়, 'আর্বগণ কাছারা এবং তাঁহাদের লক্ষণ কি ?'—এই প্রশ্ন তাঁহার পূর্ণ মনোষোগ আকর্বণ করিত। তাঁহাদের উৎপত্তি-নির্ণয় এক জটিল সমস্তা—এইরপ মত প্রকাশ করিয়া তিনি কিরপে স্ইজারলণ্ডে থাকিয়াও বোধ করিতেন যেন চীনদেশে রহিয়াছেন—উভয় জাতির আকৃতিগত সাদৃশ্য এত বেশী, সে গল্পও আমাদের নিকট করিতেন। নরওয়ের কতক আংশের সম্বন্ধেও এটি সত্য বলিয়া তাঁহার ধারণা ছিল। তারপর দেশতেদে আকৃতিভেদ সম্বন্ধে কিছু কিছু তথ্য এবং সেই হলারিদেশীয় পণ্ডিতের মর্মস্পর্ণী গল্প (যিনি 'ভিন্দভই হনদিগের আদিহান' এই আবিকার করিয়াছিলেন এবং দার্জিলিং-এ বাঁহার সমাধি আছে)—এইরপ নানা কথা শুনিতে পাইতাম।

ক্ষনও ক্ষনও ব্রাদ্ধণ এবং ক্ষত্তিয়গণের বিরোধের আলোচনা-প্রশব্দে আমীজী ভারতবর্ধের সমগ্র ইভিহাসকে এভত্ভরের সংঘর্ষ মাত্র বলিয়া বর্ণনা করিতেন; এবং জাতির উয়তিশীল, এবং শৃঞ্চল-অপনয়নকারী প্রেরণাসমূহ্ ক্ষত্রিয়গণের মধ্যেই চিরকাল নিহিত ছিল, তাহাও বলিতেন। আধুনিক বাঙলার কায়ম্বরণাই ধে মৌর্যাজ্বের পূর্বতন ক্ষত্রিয়কুল, তাঁহার এই বিখাসের অম্বর্কনে তিনি উৎক্ত মুক্তির অবভারণা করিতে পারিতেন। তিনি এই গৃই পরস্পরবিরোধী সভ্যতাদর্শের এইরূপ চিত্র উপস্থাপিত করিতেন: একটি প্রাচীন, গভীর এবং পরস্পরাগত আচার-ব্যবহারের প্রতি চিরবর্ধমানশ্রজাসম্পর; অপরটি স্পর্ধাশীল, আবেগপ্রবণ এবং উদারদৃষ্টি-সম্পন্ন। রামচন্দ্র, প্রীকৃষ্ণ এবং ভগবান বৃদ্ধ—ইহারা সকলেই ব্রাদ্ধাক্তনে না জয়িয়া বে ক্রিয়কুলে উৎপন্ন হইয়াছিলেন, সেটি ঐতিহাসিক উয়তির এক গভীর নিরমেরই ফলম্বরণ। এই আপাত-বিসংবাদী সিদ্ধান্ত ব্যাখ্যাত হইবামাত্র বৌদ্ধর্ম এক জাতিভেদধ্বংসী স্ত্ররূপে প্রতীয়মান হইত—, ক্রত্রিয়কুল কর্তৃক উদ্ভাবিত ধর্ম বান্ধাধ্যের সাংঘাতিক প্রতিপক্ষরূপ হইয়া দাড়াইত।

বৃদ্ধ সম্বন্ধে স্বামীক্ষী বে সময় কথা কহিতেন, সেটি একটি মাহেন্দ্ৰকণ; কারণ জনৈক শ্রোত্রী স্বামীক্ষীর একটি কথা হইতে বৌদ্ধর্যের ব্রাহ্মণ্য-প্রতিবন্দী ভাবটিই তাঁহার মনোগত ভাব, এই ভ্রমাত্মক সিদ্ধান্ত করিয়া বলিলেন, 'বামীক্ষী! আমি জানিতাম না বে, আপনি বৌদ্ধ!' উক্ত নাম শ্রবণে তাঁহার মৃথমণ্ডল দিবাভাবে উদ্ভানিত হইয়া উঠিল; প্রশ্নকর্ত্রীর দিকে ফিরিয়া বলিলেন, 'আমি বৃদ্ধের দাসাফ্লাসগণের দাস। তাঁহার মতো কেহ কথনও জন্মিরাছেন কি? স্বাম ভগবান হইয়াও তিনি নিজের জন্ত একটি কাকও করেন নাই,—আর কি হৃদ্ধঃ! সমন্ত ভগওটকে তিনি ক্রোড়ে টানিয়া লইয়াছেন। এত দয়া বে, রাজপুত্র এবং সন্মানী হইয়াও একটি ছাগলিন্তকে বাঁচাইবার জন্ম প্রাণ দিতে উন্ধত! এত প্রেম বে, এক ব্যান্ত্রীর ক্র্ণানিবৃত্তির জন্ম স্বান্তর পরিয়া পরির পর্যন্ত দান করিয়াছিলেন, এবং আশ্রন্তান এক চণ্ডালের জন্ম আন্মবলি দিয়া তাহাকে আশ্রিবাদ করিয়াছিলেন! আর আমার বাল্যকালে এক দিন তিনি আমার গৃহে আসিয়াছিলেন, আমি তাঁহার পাদম্লে সাটালে প্রণত হইয়াছিলাম! কারণ, আমি বৃবিয়াছিলাম ভগবান বৃত্তই স্বয়ং আনিয়াছেন!'

অনেক বার—কখনও বেলুড়ে অবস্থানকালে এবং কখনও তাহার পরে, তিনি এই ভাবে বৃদ্ধদেবের কথা বলিয়াছিলেন। একদিন তিনি আমাদিগকে— বিনি ম্থ্যবারাজনা হইয়াও বৃদ্ধকে পরিভোষপূর্বক ভোজন করাইয়াছিলেন, সেই রূপনী অহাপালীর উপাধ্যান প্রাণম্পর্লী ভাষার বর্ণনা করিয়া বলেন।

একদিন প্রাত:কালে এক সর্বাপেকা অধিক নৃতন্তপূর্ণ বিষয়ের অবতারণা হইয়াছিল। সেদিনকার দীর্ঘ আলোচনার বিষয় ছিল 'ভক্তি'—প্রেমাস্পদের সহিত সম্পূর্ণ তাদাত্ম্য, যাহা চৈতক্সদেবের সমসাময়িক ভ্যাধিকারী ভক্তবীর রায় রামানন্দের মূথে এরপ স্থন্দরভাবে প্রকাশ পাইয়াছে:

পাহলহি রাগ নয়নভন্ধ ভেল;
অফ্দিন বাঢ়ল অবধি না গেল।
না সো রমণ, না হাম রমণী
হুঁত্থ মন মনোভব পেশল জানি।

সেই দিন প্রাভঃকালেই তিনি পারস্তের বাব-পদ্বিগণের (Babists) কথা বিলয়ছিলেন—সেই পরার্থে আত্মবলিদানের যুগের কথা, যথন জীজাতিকর্তৃক অন্থপ্রাণিত হইয়া পুরুষগণ কাল করিত এবং তাহাদিগকে ভক্তির চক্ষে দেখিত। এবং নিশ্চিত সেই সময়েই তিনি বলিয়াছিলেন, প্রতিদানের আকাজ্ঞা না রাখিয়া ভালবাসিতে পারে বলিয়াই তক্ষণবয়ন্ধগণের মহত্ব ও প্রেষ্ঠতা, এবং তাহাদের মধ্যে ভাবী মহৎকার্ষের বীজ স্ক্ষ্মভাবে নিহিত থাকে—ইহাই তাঁহার ধারণা।

আর একদিন অকণোদয়কালে উন্থান হইতে যখন উষার আলোকরঞ্জিত
চিরতুষাররাশি দৃষ্টিগোচর হইতেছিল, সেই সময় স্বামীজী আসিয়া শিব ও
উমা সম্বন্ধে দীর্ঘ আলাপ করিতে করিতে অঙ্গুলিনির্দেশ করিয়া বলিলেন,
'ঐ যে উর্ধে শেতকায় তুষারমণ্ডিত শৃলরাজি, উহাই শিব; আর তাহার
উপর যে আলোকসম্পাত হইয়াছে, তাহাই জগজ্জননী!' কারণ, এই
সময়ে এই চিন্ধাই তাঁহার মনকে বিশেষভাবে অধিকার করিয়াছিল বে,
জিবরই জগৎ—তিনি জগতের ভিতরে বা বাহিরে নহেন, আর জগৎও ঈশর বা
ঈশবের প্রতিমা নহে, পরস্ক ঈশরই এই জগৎ এবং বাহা কিছু আছে সব।

১ ঐীচৈতক্সচরিভায়ত, মধালীলা, ৮ম পরিচ্ছেদ।

একদিন সন্ধ্যাকালে পরমহংস ভকের আখ্যানটি আমর। ভনিয়াছিলাম।

বাত্তবিক, শুকই ছিলেন স্থানীজীর মনের মতো ধোগী। তাঁহার নিকট শুক সেই দর্বোচ্চ অপরোক্ষাহুভূতির আদর্শরণ, বাহার ভূলনার জীবজগৎ ছেলেখেলা মাত্র! বছদিন পরে আমরা শুনিলাম বে, শ্রীরামক্তফ কিশোর স্থানীজীকে 'যেন আমার শুকদেব' এই বলিয়া বর্ণনা করিয়াছিলেন। 'অহং বেল্লি শুকো বেন্তি ব্যাদো বেন্তি ন বেন্তি বা'—গীতার প্রকৃত অর্থ আমি জানি এবং শুক জানে, আর ব্যাস জানিলেও জানিতে পারেন। ভগবদ্-গীতার গভীর আধ্যান্থিক অর্থ এবং শুকের মাহাত্ম্য-ছোতক এই শিববাক্য দাড়াইয়া উচ্চারণ করিতে করিতে তাঁহার মুখে যে অপূর্ব ভাবের বিকাশশ হইয়াছিল, তাহা আমি কথনই ভূলিতে পারিব না; তিনি যেন আনন্দ-সমূত্রের গভীর ভলদেশ পর্যন্ত নিরীক্ষণ করিতেছিলেন।

আর একদিন স্বামীজী, হিন্দু-সভ্যতার চিরস্তন উপক্লে—আধুনিক চিন্তাতরকরাজির বহুদ্বব্যাপী প্লাবনের প্রথম ফলস্বরূপ বক্দেশে ষে-সকল উদারস্কদের মহাপুক্ষের আবির্ভাব হইয়াছিল, তাঁহাদিগের কথা বলিয়াছিলেন। রাজা বামমোহন রায়ের কথা আমরা ইতিপূর্বেই নৈনীতালে তাঁহার মুখে ভনিয়াছিলাম। একণে বিভাসাগর মহাশয় সম্বন্ধে তিনি সাগ্রহে বলিলেন, 'উত্তর ভারতে আমার বয়সের এমন একজন লোকও নাই, যাহার উপর তাঁহার প্রভাব না পড়িয়াছে!' এই তৃই ব্যক্তি এবং শ্রীরামক্রম্ভ ষে একই অঞ্চলে মাত্র কয়েক ক্রোশের ব্যবধানে জ্রিয়াছেন, এ কথা মনে হইলে তিনি যারপরনাই আনন্দ অমুভব ক্রিভেন।

স্বামীজী একণে বিভাসাগর মহাশয়কে আমাদের নিকট 'বিধবাবিবাহ-প্রবর্তনকারী এবং বহুবিবাহ-রোধকারী মহাবীর' বলিয়া উল্লেখ করিলেন। কিন্তু সে-সম্বন্ধে তাঁহার একটি প্রিয় গল্প ছিল, সেই দিনকার ঘটনাটি এই:

একদিন তিনি ব্যবহাপক সভা হইতে—এই চিন্তা করিতে করিতে গৃহে ফিরিতেছেন, ঐরপ হানে সাহেবী পরিচ্ছদ পরিধান করা উচিত কি না, এমন সময় তিনি দেখিলেন যে, ধীরে হুস্থে এবং গুলুগুরি চালে গৃহগমনরত এক সুলকার মোগলের নিকট এক ব্যক্তি জ্রুতপদে আসিয়া সংবাদ দিল, 'মহাশয় আপনার বাড়িতে আগুন লাগিয়াছে!' এই সংবাদে মোগলপ্রবরের গতির লেশমাত্রও হ্রাস-বৃদ্ধি ঘটল না; ইহা দেখিয়া সংবাদবাহক ইলিতে ঈবং বিজ্ঞজনোচিত

বিশায় প্রকাশ করিয়াছিল। তৎক্ষণাৎ তাহার প্রভু ক্রোধে তাহার দিকে
কিবিয়া বলিলেন, 'পাজি! খানকয়েক বাখারি পুড়িয়া ঘাইভেছে বলিয়া ভূই
আমায় বাপ-পিতামহের চাল ছাড়িয়া দিতে বলিন!'—এবং বিভাসাগর
মহাশয়ও তাহার পশ্চাতে আসিতে আসিতে দৃঢ় সহল্ল করিলেন যে, ধৃতি
চাদর এবং চটি জুতা কোনজনে ছাড়া হইবে না; ফলে দরবার যাত্রাকালে
একটা জামাও একজোড়া জুতা পর্যস্ত পরিলেন না।

'বালবিধবাগণের বিবাহ চলিতে পারে কি না?'—মাতার এইরপ সাগ্রহ প্রশ্নের শাল্পণাঠার্থ বিভাসাগরের একমাসের জক্স নির্জনগমনের চিত্রটি থ্ব চিত্তাকর্ষক হইরাছিল। নির্জনবাসের পর তিনি 'শাল্প এরপ প্নবিবাহের প্রতিপক্ষ নহেন,' এই মত প্রকাশ করিয়া এ-বিষয়ে পণ্ডিতগণের স্বাক্ষরযুক্ত সম্মতি-পত্র সংগ্রহ করিলেন। পরে কতিপয় দেশীয় রাজা ইহার বিপক্ষে দণ্ডায়মান হওয়ায় পণ্ডিতগণ নিজ নিজ স্বাক্ষর প্রত্যাহার করিলেন; স্ক্তরাং সরকার বাহাত্র এই আন্দোলনের স্বপক্ষে সাহায়্য করিতে রুতসহর না হইলে ইহা কথনই আইনরূপে পরিণত হইত না। স্বামীজী আরও বলিলেন, 'আর আক্ষনাল এই সমস্যা সামাজেক ভিত্তির উপর স্থাপিত না হইয়া বরং একটা অর্থনীতিদংক্রান্ত ব্যাপার হইয়া দাঁড়াইয়াছে।'

বে ব্যক্তি কেবল নৈতিক বলে বছবিবাহকে ছেয় প্রতিপন্ন করিতে সক্ষম হইয়াছিলেন, তিনি বে প্রভৃত আধ্যাত্মিকশক্তিসপ্পন্ন ছিলেন, তাহা আমরা অমধাবন করিতে পারিলাম। যথন শুনিলাম বে, এই মহাপুরুষ ১৮৬৪ খুষ্টান্দের ছর্ভিক্ষে অনাহারে এবং রোগে এক লক্ষ চল্লিশ হাজার লোক কালগ্রাদে পতিত হওয়ায় মর্যাহত হইয়া 'আর ভগবান মানি না' বলিয়া সম্পূর্ণরূপে অজ্ঞেরবাদের চিস্তাম্রোতে গা ঢালিয়া দিয়াছিলেন, তথন 'পোশাকী' মতবাদের উপর ভারতবাদীর কিরূপ অনাহা, তাহা সম্যুক্ উপলব্ধি করিয়া আমরা যারপরনাই বিশ্বরাভিভূত হইয়াছিলাম।

বাঙলার শিক্ষাত্রতীদের মধ্যে একজনের নাম স্বামীজী ইহার নামের সহিত উল্লেখ করিয়াছিলেন, তিনি ডেভিড হেয়ার; সেই বৃদ্ধ স্বটল্যাওবানী নিরীশ্ববাদী—মৃত্যুর পর যাহাকে কলিকাতার যাজকর্ন দশাহিজনোচিড সমাধি-দানে স্বীকার করিয়াছিলেন। তিনি বিস্চিকারোগাক্রান্ত এক প্রাতন ছাত্রের শুশ্রবা করিতে করিতে মৃত্যুমুধে পভিত হন। তাঁহার নিজ ছাত্রগণ তাঁহার মৃতদেহ বহন করিয়া এক সমতল ভূমিথণ্ডে সমাধিত্ব করিল, এবং উক্ত সমাধি তাহাদের নিকট এক তীর্থে পরিণত হইল। সেই খানই আৰু শিক্ষার কেন্দ্রত্বরূপ হইয়া কলেজ দ্বোয়ার নামে অভিহিত হইয়াছে, আর তাঁহার বিভালয়ও আজ বিশ্ববিভালয়ের অসীভৃত, এবং আজিও কলিকাতার ছাত্রবৃন্দ তীর্থের স্থায় তাঁহার সমাধিত্বান দর্শনে গিয়া থাকে।

এইদিন আমরা কথাবার্ডার মধ্যে কোন হুবোগে স্বামীজীকে জেরা করিয়ার বিলাম—ঈশাহিধর্ম তাঁহার উপর প্রভাব বিন্তার করিয়াছে কিনা। এইরপ সমস্তা বে কেহ সাহস করিয়া উত্থাপন করিতে পারিয়াছে, ইহা শুনিয়া তিনি হাস্ত সংবরণ করিতে পারিলেন না; এবং আমাদিগকে খুব গৌরবের সহিভ বলিলেন যে, তাঁহার পুরাতন শিক্ষক স্কটল্যাগুরাসী হেষ্টিসাহেবের সহিভ মেলামেশাতেই ঈশাহি প্রচারকগণের সহিভ তাঁহার একমাত্র সংস্পর্শলাভ ঘটিয়াছিল। এই উক্ষমন্তিক বৃদ্ধ অতি সামান্ত ব্যয়ে জীবন্যাত্রা নির্বাহ করিতেন এবং নিজ গৃহকে তাঁহার ছাত্রগণেরই গৃহ বলিয়া মনে করিতেন চিনিই প্রথমে স্বামীজীকে শ্রীরামক্বফের নিকট বাইতে বলিয়াছিলেন, এবং তাঁহার ভারত-প্রবাসের শেষভাগে বলিতেন, 'হাঁ বাবা, তুমিই ঠিক বলিয়াছিলে। তুমিই ঠিক বলিয়াছিলে। সত্যই সব ঈশর।' স্বামীজী সানন্দে বলিলেন, 'আমি তাঁহার সম্পর্কে গৌরবান্বিত, তিনি যে আমাকে তেমন ঈশাহিভাবাপন্ন করিয়াছিলেন, এ-কথা তোমরা বলিতে পার কি ? আমার তোমনে হয় না।'

লঘ্তর প্রদক্তে আমরা চমৎকার চমৎকার গল্পনিতাম। তাহার একটি:
আমেরিকার এক নগরে স্বামীজী এক ভাড়াটিরা বাড়িতে বাস করিতেন।
সেধানে তাঁহাকে সহস্তে রন্ধন করিতে হইত, এবং রন্ধনকালে এক অভিনেত্রী
এবং এক দম্পতির সহিত তাঁহার প্রায়ই দেখা হইত। অভিনেত্রী প্রত্যহ
একটি করিয়া পেক্ল কাবাব করিয়া খাইত এবং সেই দম্পতি লোকের ভূত
নামাইরা জীবিকা নির্বাহ করিত। স্বামীজী ঐ লোকটিকে তাঁহার লোকঠকানো ব্যবসা হইত নির্ভ করিবার জন্ত ভংগনা-সহকারে বলিতেন,
'তোমার এরপ করা কখনও উচিত নহে।' স্মনি স্বীটি পিছনে স্বাসিরা
দাড়াইয়া সাগ্রহে বলিত, 'হা, মহাশর! স্বামিও তো উহাকে ঠিক ঐ কথাই

বলিয়া থাকি; কারণ উনিই ৰত ভূত দাজিয়া মরেন, আর টাকাকড়ি বা কিছু তা মিনেস উইলিয়াম্স্ই লইয়া বায়।'

এক ইঞ্জিনিয়র যুবকের গ্রপ্ত বলিয়াছিলেন। লোকটি লেখাপড়া বানিত। একদিন ভুতুড়ে কাণ্ডের অভিনয়কালে সুলকায়। মিদেস উইলিয়াম্স্ পদার আড়াল হইতে তাহার কীণকায়া জননীরণে আবিভূতা হইলে সে চীৎকার করিয়া বলিয়া উঠিল, 'মা, মা, তুমি প্রেতরাজ্যে গিয়া কি মোটাই হইয়াছ!' খানীজী বলিলেন, 'এই দুখ দেখিয়া আমি মর্মাহত হইলাম; কারণ আমার মনে হইল যে, লোকটার মাথা একেবারে বিগড়াইয়াছে! কিছ খামীজী হটিবার পাত্র নহেন। ভিনি সেই ইঞ্জিনিয়র যুবককে এক রুশদেশীয় চিত্রকরের গল্প বলিলেন। চিত্রকর এক রুষকের মৃত পিডার আলেখ্য অন্ধিত করিতে আদিষ্ট হইয়াছিলেন, এবং আরুতির পরিচয়ম্বরূপে এইমাত্র শুনিয়াছিলেন, 'তোমায় তো বাপু—কতবার বলিলাম, তাঁর নাকের উপর একটি আঁচিল ছিল।' অবশেষে চিত্রকর এক সাধারণ ক্রমকের চিত্র অঙ্কিত করিয়া, তাহার নাসিকাদেশে এক বৃহৎ আঁচিল বদাইয়া দিয়া সংবাদ দিলেন, 'ছবি প্রস্তুত' এবং কৃষকপুত্রকে উহা দেখিয়া ষাইবার জন্ম অহুরোধ ক্রিলেন। সে আসিয়া কিছুক্ষণ চিত্রের সমূথে দাঁড়াইয়া থাকিবার পর শোকবিহ্বল চিত্তে বলিয়া উঠিল, 'বাবা! বাবা! তোমার সঙ্গে শেষ দেখা হবার পর তুমি কত বদলে গেছ!' এই ঘটনার পরে ইঞ্জিনিয়র যুবক আর স্বামীঞ্চীর সঙ্গে বাক্যালাপ করিত না।

ষাহা হউক, এই প্রকার সাধারণভাবে চিন্তাকর্যক নানা বিষয় থাকা সত্তেও স্বামীজীর মনের ভিতর এই সময় একটা সংগ্রাম প্রবল হইয়া উঠিয়াছিল। জীবনে নির্বাভনের কথা আশ্চর্যভাবে তিনি অনেকবার বলিয়াছিলেন; এবং তাঁহার বিশ্রাম ও শান্তির যে একান্ত প্রয়োজন হইয়াছিল— এ বিবরে তিনি তুই একটি কথা বলিয়াছিলেন বটে, অতি অল্ল হইলেও তাহাই যথেই। তিনি কয়েক ঘণ্টা পরে ফিরিয়া আসিয়া বলিলেন, 'নির্জন-বাসের জন্ত আমার প্রবল আকাজ্ঞা জাগিয়াছে, আমি একাকী বনাঞ্চলে বাইয়া শান্তিলাভ করিব।'

ভারণর উর্ধে দৃষ্টিপাত করিয়া, তিনি মাথার উপর ভরুণচল্লের দীপ্তি দেখিতে পাইয়া বলিলেন, 'মুসলমানগণ শুক্লপন্দীয় শশিকলাকে শ্রহার চক্ষে দেখিয়া থাকেন। আইস, আমরাও নবীন শশিকলার সহিত নবজীবন আর্ছ করি!'—এই বলিয়া তিনি তাঁহার মানস-কন্তাকে প্রাণ খ্লিয়া আশীর্বাদ করিলেন।

২৫শে মে। তিনি বেদিন ষাত্রা করিলেন, সেদিন বুধবার। শনিবারে ফিরিয়া আসিলেন। পূর্বেও তিনি প্রতিদিন দশঘণ্টা করিয়া অরণ্যানীর নির্জনতার মধ্যে বাস করিতেন বটে, কিন্তু রাত্রিকালে নিজ তাঁবুতে ফিরিয়া আসিলে চারিদিক হইতে এত লোক সঙ্গলাভের জন্ত সাগ্রহে তাঁহাকে ঘিরিয়া ধরিত যে, তাঁহার ভাব ভক্ক হইরা যাইত, এবং সেই জন্তই তিনি এইরূপে প্রায়ন করিয়াছিলেন। এখন তাঁহার ম্থমগুলে জ্যোতিঃ ফুটিয়া উঠিয়াছে। তিনি দেখিয়াছেন যে, তিনি এখনও সেই পুরাতন, নগ্রপদে ভ্রমণক্ষম এবং শীতাতপ-ও অল্লাহার-সহিষ্ণু সন্ন্যাসীই আছেন; প্রতীচ্য-বাস তাঁহার ক্ষতি করিতে পারে নাই।

২রা জুন। শুক্রবার প্রাভঃকালে আমরা বসিয়া কাজ কর্ম করিভেছিলাম, এমন সময়ে এক 'ভার' আদিল। তারটি একদিন দেরিভে আসিয়াছিল। ভাহাতে লেখা ছিল—'কল্য রাত্রে উভকামণ্ডে গুডউইনের দেহভ্যাগ হইয়াছে।' শে অঞ্চলে যে (typhoid) মহামারীর স্ব্রপাভ হইতেছিল, আমাদের বন্ধু ভাহারই করালগ্রাদে পভিত হইয়াছেন; ভিনি জীবনের শেষ মৃহুর্ভ পর্যস্ত খামীজীর কথা কহিয়াছিলেন।

৫ই জুন। রবিবার সন্ধার সময় স্বামীজী স্বীয় আবাসে ফিরিয়া আসিলেন।
আমাদের ফটক এবং উঠান হইয়াই তাঁহার রাস্তা। তিনি সেই রাস্তা
ধরিয়া আসিলেন এবং সেই প্রাক্তে আমরা মৃহুর্তেকের জন্ত বসিয়া তাঁহার
সহিত কথা কহিলাম। তিনি হ:সংবাদের বিষয় জানিতেন না, কিন্তু ইতিপূর্বেই
বেন এক গভীর বিবাদজ্যায়া তাঁহাকেও আছ্নয় করিয়াছিল এবং অনতিবিলম্বেই নিজনতা ভদ করিয়া তিনি আমাদিগকে সেই মহাপুরুষের' কথা অরপ
করাইয়া দিলেন, যিনি গোখুরা সর্প কর্তৃক দ্ব হুইয়া এইমাত্র বলিয়াছিলেন,
'প্রেমময়ের নিকট হুইতে দৃত আসিয়াছে,' এবং বাহাকে স্বামীজী শ্রীয়ামক্তেইর
পরেই স্বাপেকা অধিক ভালবাসিতেন। তিনি বলিলেন, এইমাত্র আমি এক

পত্র পাইলাম, ভাহাতে লেখা আছে 'পওহারী বাবা নিজ দেহ বারা তাঁহার বজ্ঞসমূহের পূর্ণাক্তি প্রদান করিয়াছেন। হোমায়িতে তিনি স্বীয় দেহ ভস্মীভূত করিয়াছেন।' তাঁহার শ্রোত্রন্দের মধ্য হইতে একজন বলিয়া উঠিলেন, 'স্বামীজী! এট কি অভ্যন্ত খারাপ কাজ হয় নাই ?'

ষামীঞী গভীর আবেগ-কম্পিতকঠে উত্তর করিলেন, 'তাহা আমি ভানি না। তিনি এত বড় মহাপুরুষ ছিলেন ষে, আমি তাঁহার কার্যকলাপ বিচার করিবার অধিকারী নহি। তিনি কি করিতেছিলেন, তাহা তিনিই ভানিতেন।'

৬ই জুন। পরদিন প্রাতে তিনি থুব সকাল সকাল আসিলেন। দেখিলাম, ভিনি এক গভীরভাবে ভাবিত। পরে বলিলেন যে, তিনি রাজি চারিটা হইতেই জাগরিত এবং একজন তাঁহার সহিত সাক্ষাৎ করিতে গিয়া ওডউইন-পাহেবের মৃত্যুসংবাদ তাঁহাকে দিয়াছে। আঘাতটি তিনি নীরবে সহিয়া লইলেন, কয়েক দিন পরে তিনি যে-স্থানে প্রথম ইহা পাইয়াছিলেন, সে-স্থানেই আর থাকিতে চাহিলেন না; বলিলেন, তাঁহার সর্বাপেক্ষা বিশ্বন্ত শিয়ের আকৃতি রাতদিন তাঁহার মনে পড়িতেছে, এবং ইহা যে তুর্বলতা, এ-কথাও জ্ঞাপন করিলেন। ইহা যে দোষাবহ, ভাহা দেখাইবার জন্ম ভিনি বলিলেন যে, কাহারও শ্বতি দারা এইরূপে পীড়িত হওয়াও যা, আর ক্রমবিকাশের উচ্চতর গোপানে মংস্থা কিংবা কুরুরস্থাভ লক্ষণগুলি অবিকল বজায় রাখাও তাই, ইহাতে মহয়ছের লেশমাত্র নাই। মাহুষকে এই ভ্রম অয় করিতে হইবে এবং জানিতে হইবে ষে, মৃতব্যক্তিগণ ধেমন আগে ছিলেন, এখনও ঠিক তেমনি এইখানে আমাদের সঙ্গে সঙ্গে আছেন। তাঁহাদের অহুপন্থিতি এবং বিচ্ছেদটাই শুধু কাল্পনিক। আবার পরক্ণেই কোন ব্যক্তি-বিশেষের (সপ্তণ ঈশবের) ইচ্ছামুসারে এই জগৎ পরিচালিড হইভেছে, এইরূপ নিৰু জিতামূলক কল্পনাৰ বিৰূদ্ধে তিনি তীব্ৰভাবে প্ৰতিবাদ কবিয়া বলিলেন, 'গুডউইনকে মারিয়া ফেলার জন্ত এরূপ এক ঈশরকে যুদ্ধে নিপাভ করাটা মান্তবের অধিকার এবং কর্ডব্যের মধ্যে নহে কি !—গুডেউইন বাঁচিয়া থাকিলে কত বড় বড় কাল করিতে পারিত !'

খামীজীর এই উক্তিটির সহিত, এক বৎসর পরে যে আর একটি উক্তি শুনিরাছিলাম, তাহার উল্লেখ বোধ হয় অপ্রাসন্ধিক হইবে না। আমরা বে- শকল অলীক কলনা সহায়ে সান্ধনা পাইবার চেষ্টা করি, তাহা দেখিয়া ঠিক এইরূপ তীত্র বিশ্বরের সহিত তিনি বলিয়া উঠিয়াছিলেন, 'দেখ, প্রত্যেক ক্ষ্ম শাসক এবং কর্মচারীর জন্ম অবসর ও বিশ্রামের সময় নির্দিষ্ট আছে। আর চিরস্তন শাসক ঈশরই ব্বি শুধু চিরকাল বিচারাসনে বসিয়া থাকিবেন, তাঁহার আর কথনও ছুটি মিলিবে না!'

কিছ এই প্রথম কয়েক ঘন্টা স্বামীজী তাঁহার বিয়োগত্ঃথে অটল রহিলেন এবং আমাদের সহিত বিদিয়া ধীরভাবে নানা কথা কহিতে লাগিলেন। সেদিন প্রাতঃকালে তিনি ক্রমাগত ভক্তি যে তপজায় পরিণত হয় সেই কথা বলিতে লাগিলেন, কিরূপে প্রগাঢ় ভগবৎ-প্রেমের খরতর প্রবাহ মাম্যকে ব্যক্তিছের সীমা ছাড়াইয়া বহুদ্র ভাগাইয়া লইয়া গেলেও আবার ভাহাকে এমন একস্থানে ছাড়িয়া দিয়া য়ায়, য়েখানে সে ব্যক্তিছের মধ্র বন্ধন হইতে নিজ্তি পাইবার জন্ম ছটফট করে।

সেদিন সকালের ত্যাগসম্বার উপদেশসমূহ শ্রোত্বর্গের মধ্যে একজনের নিকট অতি কঠিন বলিয়া বোধ হইল; পুনরার তিনি আসিলে উক্ত মহিলা তাঁহাকে বলিলেন, 'আমার ধারণা—অনাসক্ত হইয়া ভালবাসায় কোনরূপ তৃঃখোৎপত্তির সম্ভাবনা নাই, এবং ইহা স্বয়ংই সাধ্যস্বরূপ।'

ষ্ঠাৎ গন্তীরভাব ধারণ করিয়া স্বামীন্তী তাঁহার দিকে ফিরিয়া বলিতে লাগিলেন, 'এই বে ত্যাগ-রহিত ভক্তির কথা বলিতেছ, এটা কি ? ইহা অত্যম্ভ হানিকর!' সত্যই যদি অনাসক্ত হইতে হয়, তবে কিরূপ কঠোর আত্মসংযুমের অভ্যাস আবশ্রক, কিরূপে স্বার্থপর উদ্দেশগুলির আবরণ উন্মোচন করা চাই এবং অতি কৃত্ম-কোমল হৃদয়েরও বে, বে-কোন মৃহুর্তে সংসারের পাপ-কালিমায় কল্যিত হইবার আশকা বর্তমান, এই সম্বন্ধে তিনি সেইখানে এক ঘণ্টা বা ততাধিক কাল দাঁড়াইয়া আলোচনা করিতে লাগিলেন। তিনি সেই ভারতবর্ষীয়া সন্মাসিনীর কথা উল্লেখ করিলেন, যিনি মাহ্য কথন ধর্যপথে আপনাকে সম্পূর্ণ নিরাপদ জ্ঞান করিতে পারে, এই প্রশ্ন জিজ্ঞানিত হইয়া উত্তরস্কর্মণ 'এক খ্রি ছাই' প্রেরণ করিয়াছিলেন। রিপ্রণণের বিক্লছে সংগ্রাম স্থদীর্ঘ ও ভয়হর, এবং বে-কোন মৃহুর্তেই বিজ্ঞোর বিজ্ঞিত হওয়ার আশকা রহিয়াছে।

বহু সপ্তাহ পরে কাশ্মীরে যখন তিনি পুনরায় (ত্যাগ সংযম দীনভার)
কথা কহিতেছিলেন, সেই সময় আমাদের মধ্যে একজন সাহস করিয়া তাঁহাকে

জিজাসা করিয়াছিল, তিনি এইরূপে বে-ভাবের উত্তেক করিয়া দিতেছেন, উহা ইওরোপ যে তৃঃখ-উপাদনাকে রোগীর লক্ষণ বলিয়া অত্যম্ভ ঘুণার চক্ষে দেখে, তাহাই কিনা ?

মৃহুর্তমাত্র বিলম্ব না করিয়া স্বামীজী উত্তর করিলেন, 'আর স্থের পূজাটাই বৃঝি ভারি উচুদরের জিনিদ ?' তারপর একটু থামিয়া পুনরার বলিলেন, 'কিছু আদল কথা এই যে, আমরা তঃখেরও পূজা করি না, স্থেরও পূজা করি না। এই উভয়ের মধ্য দিয়া যাহা স্থগতঃখের অতীত, তাহাই লাভ করা আমাদের উদ্বেশ্ন।'

ন্ট জুন। এই বৃহস্পতিবার প্রভাতে প্রীক্তম সম্বন্ধে কথাবার্তা হইল।

জনগত হিন্দৃশিক্ষাদীক্ষার জন্ম স্বামীজীর মনের এক বিশেষত্ব এই ছিল

যে, তিনি হয়তো একদিন কোন একটি ভাবে ভাবিত হইয়া সেই ভাবের

গুণব্যাখ্যা করিলেন, আবার পর দিনই হয়তো উহাকে কঠোরভাবে বিশ্লেষণ

করিয়া একেবারে বিধ্বস্ত করিয়া ছাড়িয়া দিতে পারিভেন। এইরূপ চিস্তাপ্রণালীর প্রথম আভাগ তিনি বাল্যকালে তাঁহার আচার্যদেবের নিকট

পাইয়াছিলেন। কোন এক ধর্মভাবের ঐতিহাসিক প্রামাণিকভা-বিষয়ে

সন্দিহান হওয়ায় প্ররামকৃষ্ণ তাঁহাকে বলিয়াছিলেন, 'কি! ভাহা হইলে তৃমি

কি মনে কর না যে, বাহারা এরূপ সব ভাবের ধারণা করিতে পারিভ,

তাহারাই সেই সব ভাবের মৃতিমান বিগ্রহ ছিল ?'

ষেমন থ্রীষ্টের অন্তিম্ব-বিষয়ে, তেমনই প্রীক্ষণ্ডের অন্তিম্ব-সম্বন্ধেও তিনি কথন কথন তাঁহার স্বভাবস্থলত সাধারণ সন্দেহের ভাবে কথাবার্তা বলিতেন: 'ধর্মাচার্যগণের মধ্যে কেবল বৃদ্ধ ও মহম্মদই সৌভাগ্যক্রমে 'শক্র-মিত্র' ছই-ই পাইয়াছিলেন, স্বতরাং তাঁহাদের জীবনের ঐতিহানিক অংশে সন্দেহের লেশমাত্র নাই। আর প্রীকৃষ্ণ, তিনি তো সকলের চেয়ে বেশী জম্পান্ত। কবি, রাধাল, শক্তিশালী শাসক, যোদ্ধা এবং ঋবি—হয়তো এই সব ভাবগুলি একত্র করিয়া গীতাহন্তে এক স্ক্রম্ভিতে পরিণত করা হইরাছিল।'

আৰু কিন্তু শ্ৰীকৃষ্ণ সকল অবতারের মধ্যে আদর্শস্থানীয় বলিয়া বর্ণিভ হইলেন, পরবর্তী অপূর্ব চিত্রে ভগবান সারথিবেশে অশগুলিকে সংযত করিয়া রণক্ষেত্রের চতুর্দিকে দৃষ্টিনিক্ষেপ করিলেন এবং নিমেষে বৃাহসংস্থান লক্ষ্য করিয়া লইয়া শিশুহানীয় রাজপুত্রকে গীতার গভীর আধ্যাত্মিক সভ্যগুলি ভনাইতে আরম্ভ করিলেন।

স্বামীজী একটা কথা বারংবার বলিতেন যে, ভারতবর্ষীয় বৈক্ষবগণ কল্পনা-মূলক গীতিকাব্যের পরাকাঠা দেখাইয়া গিয়াছেন।

কিন্ত এই কয় দিবস যাবং স্বামীজা কোথাও গিয়া একাকী বাস করিবার জন্ম ছটফট করিতেছিলেন। যে-স্থানে তিনি গুডউইনের মৃত্যুসংবাদ পাইয়াছেন, সেই স্থান তাঁছার নিকট অসহ্য ছইয়া উঠিয়াছিল, এবং পত্র আদান-প্রদানে সেই ক্ষত ক্রমাগত নৃতন ছইয়া উঠিতেছিল। একদিন তিনি বলিয়াছিলেন যে, শ্রীরামকৃষ্ণ বাহির ছইতে কেবল ভক্তিময় বলিয়া মনে ছইলেও প্রকৃতপক্ষে ভিতরে তিনি পূর্ণ জ্ঞানময় ছিলেন; কিন্তু তিনি (স্বামীজী) নিজে বাহতঃ কেবল জ্ঞানময় বলিয়া মনে ছইলেও ভিতরে ভক্তিতে পূর্ণ, এবং দেইজন্ম মাঝে মাঝে তাঁছাতে নারীজনস্থলভ ঘূর্বলতা ও কোমলতার ভাব দেখা যাইত।

একদিন তিনি কোন একজনের লেখার কয়েকটি ক্রটিপূর্ণ পঙ্কি লইয়া গেলেন এবং উহাকে একটি ক্ষুত্র কবিতারপে ফিরাইয়া আনিলেন। সেটি আমিহীনা গুডউইন-জননীকে তাঁহার পুত্রের শ্বরণে সামীজী-প্রদন্ত চিহ্নস্বরূপে প্রেরিভ হইল।

সংশোধনের পর আসল কবিতাটির কিছুই রহিল না বলিয়া এবং যাঁহার লেখা সংশোধিত হইল, তিনি ক্র হইবেন এইরপ আশকা করিয়া, তিনি আগ্রহ-সহকারে অনেকক্ষণ ধরিয়া 'কেবল ছন্দ ও মাত্রা মিলাইয়া কথা গাঁথা অপেকা কবিত্বপূর্ণভাবে অহন্তব করা কত বড় জিনিস'—তাহাই বিভারিত-ভাবে বর্ণনা করিতে লাগিলেন।

১০ই জুন। আলমোড়া-বাসের শেষদিন অপরাত্নে আমরা শ্রীরামক্তফের সেই প্রাণঘাতিনী পীড়ার গল শুনিলাম। ডাব্রুগার মহেন্দ্রলাল সরকার আহুত হইয়াছিলেন। তিনি আসিয়া রোগটিকে রোহিণী নামক ব্যাধি (Cancer) বলিয়া নির্দেশ করেন এবং ফিরিবার পূর্বে শিশ্বগণকে বছবার

> ' अष्टेवा—বীরবাণী বা Complete Works : Requiescat in Pace কবিতা ; এই প্রস্থাবলীর ৭ম থণ্ডে উহার অমুবাদ 'শাস্তিতে সে লভুক বিপ্রাম'।

ব্ৰাইয়া দেন—ইহা সংক্রামক রোগ। অর্থ ঘণ্টা পরে 'নরেন্দ্র' (তথন উাহার ঐ নাম ছিল) আসিয়া দেখিলেন, শিক্সেরা একত্র হইয়া ঐ-বিষয়ে আলোচনা করিতেছেন। ডাক্ডার কি বলিয়া গিয়াছেন নিবিষ্টচিত্তে শুনিয়া ভারপর মেজের দিকে তাকাইয়া তিনি শ্রীরামক্ষকের পায়ের গোড়ায় ভ্রুতাবশিষ্ট পায়দের বাটিটি দেখিতে পাইলেন। গলদেশের খাভবাহী নলীটির সংকোচন বশতঃ শ্রীরামক্ষক উক্ত পায়স গলাধঃকরণ করিবার জন্ম অনেকবার বার্থচেষ্টা করিয়াছিলেন, স্বভরাং উহা তাহার মুখ হইতে বার বার বাহিক্ত হেয়া পড়িয়াছিল, এবং ঐ হঃসাধ্য রোগের বীজাণুপূর্ণ শ্লেমা ও পুঁজ নিশ্রেষ্ট তাহার সহিত ছিল। 'নরেন্দ্র' বাটিটি উঠাইয়া লইয়া সর্বসমক্ষে উহা নিঃশেষেণীন করিয়া ফেলিলেন। ক্যান্সারের সংক্রামকতার কথা আর কথনও শিল্পগণের মধ্যে উথাপিত হয় নাই।

8

কাঠগুদামের পথে

১১ই জুন। শনিবার প্রাতে আমরা আলমোড়া ত্যাগ করিলাম। কাঠগুদাম পৌছিতে আমাদের আড়াই দিন লাগিয়াছিল।

রান্তার এক হানে এক অভুত রকমের পুরানো পানচাকীর এবং শৃশু কামার-শালের কাছে আসিয়া স্বামীজী ধীরামাতাকে বলিলেন, 'লোকে বলে, এই পার্বত্য অঞ্চলে একজাতীয় গন্ধর্বসদৃশ অশরীরী জীবের বাস। আমি একটি সভ্য ঘটনা জানি, তাহাতে এক ব্যক্তি এইখানে প্রথমে ঐ সকল মূর্তির দর্শন পান এবং তাহার বহু পরে এই জনশ্রুতির বিষয় অবগত হন।'

এখন গোলাপের মরস্থ উত্তীর্ণ হইয়া গিয়াছে, কিন্তু অপর এক প্রকার ফুল (কামিনী ফুল) ফুটিয়া রহিয়াছে, স্পর্শমাত্তেই উহা ঝরিয়া পড়ে। ভারতীয় কাব্যজগতের সহিত ইহার স্থৃতি বিশেষভাবে জড়িত বলিয়া স্বামীজী উহা আমাদিগকে দেখাইয়া দিলেন। ১৩ই জুন। রবিবার অপরাত্নে আমরা সমতল ভূমির সরিকটে একটি হ্রদ ও অলপ্রপাতের উপরিভাগে একস্থানে বিশ্রাম করিলাম। সেইখানে স্বামীজী আমাদের জন্ম কর-স্বভিটির অমুবাদ করিলেন:

'অসতো মা সদাময়, তমসো মা জ্যোতির্গময়, মৃত্যোর্মাহমুতং গময়। আবিরাবির্ম এধি, রুত্র যতে দক্ষিণং মূখং তেন মাং পাহি নিত্যম্।

— আমাদিগকে অসত্য হইতে সত্যে লইয়া বাও, আমাদিগকে তম হইতে কোতিতে লইয়া বাও, আমাদিগকে মৃত্যু হইতে অমৃতে লইয়া বাও, আমাদিগের নিকট আবিভূতি হও, আবিভূতি হও, আমাদিগের নিকট আগমন কর। হে ক্স, তোমার যে করুণাপূর্ণ দক্ষিণমুখ, ভদ্বারা আমাদিগকে নিত্য রক্ষা কর।

'আবিরাবির্ম এধি'—এই অংশের অন্থবাদে তিনি অনেকক্ষণ ইতন্ততঃ করিলেন, ভাবিতে লাগিলেন, ইহার অন্থবাদ এইরপ দিবেন কি নাঃ 'আমাদের অন্তন্তলে আসিয়া আমাদের সহিত মিলিত হও।' কিছু অবশেষে তিনি আমাদের নিকট তাঁহার চিস্তার কারণ ব্যক্ত করিয়া সকোচের সহিত বাললেন, 'ইহার আসল মানে এই, আমাদেরই ভিতর দিয়া আমাদের নিকট আইন।' ইহার আরও আক্ষরিক অন্থবাদ এইরপ হইবে, 'হে কল্র, তুমি কেবল ভোমার নিজের নিকটেই প্রকাশিত আছ, তুমি আমাদের নিকটেও আত্মপ্রকাশ কর।' একণে তাঁহার অন্থবাদটিকে সমাধি-কালীন অন্থভ্তিরই এক ক্ষিপ্র ও সাক্ষাৎ প্রতিরপ মাত্র বলিয়া মনে করি। উহা বেন সংস্কৃতের মধ্য হইতে সজীব হাদয়টিকে পৃথক্ করিয়া লইয়া তাহাকেই প্ররায় ইংরেজী ভাষার আবরণে প্রকাশ করিতেছে।

বান্তবিক সে অপরাহুটি যেন অম্বাদের শুভলগ্ন বলিয়া মনে হুইল, এবং তিনি হিন্দুদের প্রাকাম্গ্রানের অদীভূত অতি স্থন্দর মন্ত্রগুলির অক্তম মন্ত্রটির' কিছু কিছু আমাদের নিকটে অম্বাদ করিয়া দিলেন:

মধু বাতা ৰতারতে মধু ক্ষরন্তি সিদ্ধব:। মাধ্বীর্ন: সন্থোবধী:।
 মধু নক্তম্তোবসি মধুমং পার্থিবং রক্ত:। মধ্নোরস্ত ন: পিতা।
 মধুমারো বনস্পতির্ধুমা অল্প স্থ:। মাধ্বীর্গাবো ভবত ন:। ও মধু ও মধু ও মধু।

[[] ইংরাজী অমুবাদের বাঙ্গালা না দিয়া একটা বতম্ব অমুবাদ দেওরা হইল।—অমুবাদক]

আমি পরবন্ধকে লাভ করিতে ইচ্ছা করিতেছি; বার্দকল আমার অন্ত্র হউক, নদীসকল অন্ত্রল হউক, ওবধিদকল অন্ত্রল হউক, রাজি ও উবা আমাদের অন্ত্রল হউক, পৃথিবীর ধূলি আমাদের অন্ত্রল হউক, গৌরপী ণিভা আমাদের অন্ত্রল হউন, বনস্পতিসকল আমাদের অন্ত্রল হউক, ত্র্ব আমাদের অন্ত্রল হউন, গোসকলও আমাদের অন্ত্রল হউক। ওঁ মধু, ওঁ মধু, ওঁ মধু,

পরে স্বামীজী খেডড়ির নর্তকীর নিকট স্থরদাসের যে গানটি শুনিয়াছিলেন, সেটি আমাদের নিকট পুনরায় গাহিলেন:

> প্রভূ মেরা অবগুণ চিত ন ধরো, সমদরশী হৈ নাম তুম্হারো, ইত্যাদি—' i

সেই দিন কি আর এক দিন, তিনি আমাদের নিকট কাশীর সেই বৃদ্ধ সন্মাসীর কথা বলিলেন, বিনি তাঁহাকে একপাল বানর কর্তৃক উত্তাক্ত দেখিয়া, এবং তিনি পশ্চাৎপদ হইয়া ফিরিয়া পলাইতে পারেন, এই আশঙ্কা করিয়া উচ্চৈঃস্বরে বলিয়াছিলেন, 'সর্বদা জানোয়ারগুলার সম্মুখীন হইও।'

বড় আনন্দেই আমরা উক্ত কয়দিন পথ চলিয়াছিলাম। প্রতিদিনই চটিতে পৌছিরা তৃঃখ বোধ হইত। এই সময়ে রেলখোগে 'তরাই' নামক সেই ম্যালেরিয়া-গ্রন্থ ভৃথও অতিক্রম করিতে আমাদের একটি সারা বিকাল লাগিয়া-ছিল, এবং স্বামীজী আমাদের শারণ করাইয়া দিলেন যে, ইহাই বৃদ্ধের জন্মভূমি। æ

স্থান—বেরিলী হইতে বারাম্লা কাল—১৪ই হইতে ২০শে জুন

১৪ই জুন। পরদিন আমরা পঞ্জাব প্রবেশ করিলাম; এই ঘটনার স্বামীজী অতিশয় উল্লসিত হইলেন। এই প্রদেশের প্রতি তাঁহার এত প্রীতি ছিল যে, উহা ঠিক ষেন তাঁহার জন্মভূমি বলিয়া বোধ হইত। স্বামীষ্টী বলিলেন, 'এথানে মেয়েরা চরকা কাটিতে কাটিতে ভাহার 'সোহহং সোহহং' ধ্বনি ভনিয়া থাকে।' বলিতে বলিতে সহসা বিষয়ান্তর আলোচনায় তিনি স্থদুর অতীতে চলিয়া পেলেন এবং আমাদের সমকে যবনগণের সিন্ধুনদ-তীরে অভিযান, চক্রগুপ্তের আবির্ভাব এবং বৌদ্ধসাম্রাজ্যের বিস্তার, এই সকল মহান্ ঐতিহাসিক দৃষ্ঠাবলী একে একে উদ্ঘাটন করিতে লাগিলেন। এই গ্রীমে ভিনি ষেমন করিয়া হউক আটক পৰ্যন্ত গিয়া, বেধানে বিষয়ী সেকেন্দর প্রতিহত হইয়াছিলেন, সেই স্থানটি স্বচক্ষে দর্শন করিতে ক্বতদঙ্কল হইয়াছিলেন। তিনি আমাদের নিকট গান্ধার-ভাস্কর্যের বর্ণনা করিলেন (তিনি নিশ্চয়ই সেগুলিকে পূর্ব বৎসর লাহোরের ষাত্ত্বরে দেখিয়া থাকিবেন) এবং 'কলাবিভা-সম্বন্ধে ভারতবর্ষ চিরকাল ধ্বনগণের শিশ্বত্ব করিয়াছে'—ইওরোপীয়গণের এই অর্থহীন অস্তায় দাবি নিরাকরণ করিতে করিতে তিনি যারপরনাই উত্তেজিত হইয়া উঠিলেন। গোধ্লির আলোকে এই সকল পার্বত্য ভূথণ্ডের কোন একটি অতিক্রমকালে স্বামীদ্রী আমাদিগকে তাঁহার সেই বছদিন পূর্বের অপূর্ব দর্শনের কথা বলিলেন। তিনি তথন সবেমাত্র সন্ন্যাস-জীবনে পদার্পণ করিয়াছেন এবং পরে তাঁছার ৰরাবর এই বিখাস ছিল ধে, সংস্কৃতে মন্ত্র আবৃত্তি করিবার প্রাচীন রীতি তিনি এই ঘটনা হইতেই পুন:প্রাপ্ত হইয়াছিলেন।

তিনি বলিলেন, 'সদ্ধা হইয়াছে; আর্যগণ সবেমাত্র সিদ্ধুনদ-তীরে পদার্পণ করিয়াছেন, ইহা সেই যুগের সন্ধা। দেখিলাম, বিশাল নদের তীরে বসিয়া এক বৃদ্ধ। অন্ধকার-তরদের পর অন্ধকার-তরদ্ধ আসিয়া তাঁহার উপর পড়িতেছে, আর তিনি ধার্যেদ হইতে আর্ত্তি করিতেছেন। তার পর আমি সহজ অবৃদ্ধা প্রাপ্ত হইলাম এবং আর্ত্তি করিয়া যাইতে লাগিলাম। বছ প্রাচীনকালে আমরা যে হুর ব্যবহার করিতাম, ইহা সেই হুর।'

এই আলোচনা-প্রসঙ্গে আর একদিন তিনি বলিতেছিলেন, 'শহরাচার্য বেদের ধ্বনিটিকে ঠিক ধরিতে পারিয়াছিলেন, উহাই আমাদের জাতীর তান। বলিতে কি, আমার চিরন্তন ধারণা—' বলিতে বলিতে হঠাৎ তাঁহার কণ্ঠশর খেন আবেগমর হইয়া আলিল এবং দৃষ্টি বেন স্থদ্বে নিবন্ধ হইল—'আমার চিরন্তন ধারণা এই বে, তাঁহারও শৈশবে আমার মতো কোন এক অলোকিক দর্শনলাভ নিশ্রন্থই ঘটিয়াছিল, এবং তিনি ঐরপে সেই প্রাচীন তানকে উদ্ধার করিয়াছিলেন। ইহা সত্য হউক বা না হউক, বেদ ও উপনিবৎসমৃহের সৌন্দর্যকে স্পন্দিত করাই তাঁহার সমগ্র জীবনের কাজ।'

রাওলপিণ্ডি হইতে মরী পর্যন্ত আমরা টলার গেলাম এবং কাশীর্যাজার পূর্বে তথার করেক দিন অতিবাহিত করিলাম। এইখানে স্থামীজী এই সিন্ধান্তে উপনীত হন যে, যদি তিনি প্রাচীনপদ্বিগণের মধ্যে—কোন ইওরোপীয়কে শিশুরূপে বা স্থীশিক্ষার ক্ষেত্রে গ্রহণ করাইতে কোন চেষ্টা করেন, ভাহা হইলে তাহা বাঙলা দেশে করাই ভাল। পঞ্চাবে বিদেশীয়দিগের প্রতি অবিশাস এত প্রবল যে, সেখানে এর প কোন কার্বের সফলতার সম্ভাবনা নাই। মধ্যে মধ্যে এই সমস্রাটি তাঁহার বিশেষ মনোযোগ আকর্ষণ করিত; এবং তিনি কখন কখন বলিতেন যে, বাঙালীরা রাজনীতি-বিষয়ে ইংরেজের বিরোধী, অথচ উভয়ের মধ্যে পরস্পর ভালবাসা ও বিশাসের একটা প্রবণতা রহিয়াছে; ইহা আপাতবিক্ষক্ক হইলেও সত্য।

অপরাত্নের অনেকটা সময় আমরা ঝড়ের জন্ম ঘরের মধ্যে কাটাইতে বাধ্য হইয়াছিলাম। ডুলাইএ আমাদের হিন্দুধর্ম-বিষয়ক জ্ঞানলাভের এক নৃতন অধ্যায় খুলিয়া গেল। কারণ, খামীজী গভীর ও বিশদভাবে এই ধর্মের আধুনিক অধোগতির কথা আমাদিগকে বলিলেন, এবং উহাতে যে-সকল ক্রীভি বামাচার নামে প্রচলিত রহিয়াছে, সেগুলির প্রভি খীয় আপোষ্ঠীন বিরোধিভার কথাও উল্লেখ করিলেন।

বিনি কাহাকেও নিরাশ করা সহু করিতে পারিতেন না, সেই জীরামকৃষ্ণ এই সব কি দৃষ্টিতে দেখিতেন, এ কথা জিজ্ঞাসা করার তিনি বলিলেন, ঠাকুর বলিতেন—হা, তা বটে, কিছু প্রত্যেক বাড়িরই একটা পার্থানার হ্যারও তো আছে!' এই বলিয়া স্থামীজী দেখাইয়া দিলেন যে, সকল দেশেই যে- সকল সম্প্রদায়ে কদাচারের ভিতর দিয়া ধর্মলাভের চেষ্টা করা হয়, তাহারা এই শ্রেণীভূক্ত।

আমর। স্বামীজীর সহিত পালা করিয়া টলায় ষাইবার ব্যবস্থা করিলাম, এবং এই পরবর্তী দিনটি যেন অতীত স্থতির আলোচনাতেই পূর্ণ ছিল।

ভিনি বন্ধবিদ্যা সম্বন্ধ—'একমেবাদিতীয়ন' সম্ভার সাক্ষাৎকার সম্বন্ধে বলিভে লাগিলেন, এবং প্রেমই বে পাপের একমাত্র ঔষধ, তাহাও বলিলেন। তাঁহার স্থলের একজন সহপাঠী বড় হইয়া ধনশালী হইলেন, কিন্তু তাঁহার স্বাস্থ্য ভাঙিয়া গোল। রোগটির ঠিক পরিচয় পাওয়া বাইভেছিল না; উহার ফলে দিন দিন তাঁহার সামর্থ্য এবং জীবনীশক্তির ক্ষয় হইভেছিল, এবং চিকিৎসকগণের নৈপুণ্য সম্পূর্ণরূপে পরাভৃত হইয়াছিল। অবশেষে 'স্বামীজী চিরকাল ধর্মভাবাপর' ইহা জানা থাকার এবং অস্তু সব উপায় বিফল হইলে মাহুষ ধর্মের আশ্রয় লয় বলিয়া তিনি স্বামীজীকে একবার আগিত্তে অহুরোধ করিয়া লোক পাঠাইলেন। আচার্যদেব ভথায় পোঁছিলে একটি কোতুককর ঘটনা ঘটল।

'বিনি বস্থাকে আপনা হইতে অক্তর জানেন, ব্রন্ধ তাঁহাকে প্রত্যাখ্যান করেন; বিনি ক্ষত্রিয়কে আপনা হইতে অক্তর জানেন, ক্ষত্রিয় তাঁহাকে প্রত্যাখ্যান করেন; এবং বিনি লোকসকলকে আপনা হইতে অক্তর ভাবেন, লোকসকল তাঁহাকে প্রত্যাখ্যান করেন।'—এই শ্রুতিবাক্য' তাঁহার মনে পড়িল এবং রোগীও ইহার অর্থ হৃদয়ক্ষম করিয়া রোগ হইতে মুক্ত হইলেন। পরে স্বামীজী বলিলেন, 'স্কুতরাং যদিও আমি অনেক সময় তোমাদের মনের মতো কথা বলি না, বা রাগিয়া কথা বলি, তথাপি মনে রাখিও যে, প্রেম ভিন্ন অক্ত কিছু প্রচার করা আদে আমার অক্তরের ভাব নহে। আমরা বে পরস্পারকে ভালবালি, এইটুকু হৃদয়ক্ষম হইলেই এই সব গণ্ডগোল মিটিয়া বাইবে।'

সম্ভবত: সেই দিনই (অথবা পূর্বদিনও হইতে পারে) তিনি 'মহাদেব'-প্রদক্ষে আমাদের নিকট বলিলেন ষে, শৈশবে তাঁহার জননী পুত্রের ছুটামি দেখিয়া হতাশ হইয়া বলিতেন, 'এত জ্বপ, এত উপবাদের ফলে শিব কিনা একটি পুণ্যাত্মার পরিবর্তে তোকে—ভূতকে পাঠাইলেন!' অবশেষে তিনি যে সত্য

> 'ব্রুমা তং পরাদাদ্ যোহস্ততান্ধনো ব্রহ্ম বেদ ক্ষত্রং তং পরাদাদ্ যোহস্ততান্ধনঃ ক্ষত্রং বেদ লোকান্তং পরাত্র্যোহস্ততান্ধনো লোকান্ বেদ।'—বৃহদারণ্যক, ৪।৫।৭

সভাই শিবের একটি ভূত, এই ধারণা তাঁহাকে পাইরা বসিল। তাঁহার মনে হইল, বেন কোন দাজার নিমিত্ত তিনি কিছুদিনের জন্ত শিবলোক হইতে নির্বাসিত হইরাছেন, আর তাঁহার জীবনের একমাত্র চেটা হইবে—দেখানে ফিরিয়া যাওয়া।

তিনি একদিন বলিয়াছিলেন যে, তাঁহার প্রথম আচার-মর্বাদালকান পাঁচ বংসর বরুসে হইরাছিল। সেই সমর তিনি খাইতে খাইতে ভান হাত এঁটো-মাথা থাকিলে বাঁ হাতে জলের গেলাস তুলিয়া লওয়া কেন অধিক পরিচ্ছরতার কাজ হইবে না, এই মর্মে তাঁহার মাতার সহিত এক তুম্ল তর্কে প্রবৃত্ত হইরাছিলেন। এই তুটামি অথবা এই জাতীর অভ্য সব তুটামির জন্ত জননীর অমোঘ ঔবধ ছিল—বালককে জলের কলের নীচে বসাইরা দেওয়া, এবং তাঁহার মন্তকে শীতল জলধারা পড়িতে থাকিলে 'শিব! শিব!' উচ্চারণ করা। স্বামীজী বলিলেন বে, এই উপায়টি কথনও বিফল হইত না। মাতার জপ তাঁহাকে তাঁহার নির্বাদনের কথা মনে পড়াইয়া দিত, এবং তিনি মনে মনে 'না, না, এবার আরু নয়!' এই বলিয়া আবার শাস্ত এবং বাধ্য হইতেন।

মহাদেবের প্রতি তাঁহার অপরিসীম ভালবাসা ছিল, এবং একদা তিনি ভারতের ভাবী স্ত্রীন্ধাতি সহছে বলিয়াছিলেন বে, বদি তাহারা তাহাদের নৃতন নৃতন কর্তব্যের মধ্যে মনে করিয়া মধ্যে মধ্যে অধু 'লিব! লিব!' বলে, ভাহা হইলেই তাহাদের পক্ষে বধেষ্ট পূজা করা হইবে। তাঁহার নিকট হিমালয়ের বাতাস পর্যন্ত সেই অনাদি অনম্ভ ধ্যানের বিষয়ীভূত মূর্তি বারা ওতপ্রোত, বে ধ্যান স্থিচিন্তার বারা ভয় হইবার নহে; এবং তিনি বলিলেন বে, এই গ্রীম্ম ঋতুতেই তিনি প্রথম সেই প্রাকৃতিক কাহিনীর অর্থ বৃঝিলেন, বাহাতে মহাদেবের মন্তকে এবং সমতল প্রদেশে অবতরপের পূর্বে, শিবের জটার মধ্যে স্বর্থনীর ইতন্ততঃ সঞ্চরণ কল্লিত হইয়াছে। তিনি বলিলেন বে, তিনি বছদিন ধরিয়া পর্যতমধ্যবাহিনী নদী ও জলপ্রপাতসকল কি কথা বলে, ইহা জানিবার জন্ত অহুসন্ধান করিয়াছিলেন এবং অবশেষে জানিয়াছিলেন বে, ইহা সেই অনাদি অনম্ভ 'হয় হয় বম্ বম্' ধ্বনি! তিনি একদিন লিবের প্রসক্ষে বলিয়াছিলেন, 'ই্যা, তিনিই মহেশ্বর, শান্ত, স্থলর এবং মৌন! আর আমি তাঁহার পরম ভক্ত।'

আর এক সময় তাঁহার বক্তব্য বিষয় ছিল—বিবাহ কিরূপে ঈশরের সহিত্ত জীবাত্মার সহদ্বেরই আদর্শবরূপ। তিনি উৎসাহভরে বলিলেন, 'এই জক্তই, বিদিও মাতার ক্ষেহ কতকাংশে এতদপেকা মহন্তর, তথাপি পৃথিবীক্ষম লোক বামী-স্ত্রীর প্রেমকেই আদর্শ বলিয়া ধরিয়া থাকে। অপর কোন প্রেমেই এরূপ মনের মতন করিয়া গড়িয়া লইবার অপূর্ব শক্তি নাই। প্রেমান্সদকে বেমনটি করনা করা বায়, সত্য সতাই সে ঠিক তেমনটিই হইয়া উঠে, এই প্রেমে প্রেমান্সদকে রূপান্তরিত করিয়া দেয়।'

পরে কথাপ্রসঙ্গে জাতীয় আদর্শের কথা উঠিল, এবং বিদেশপ্রত্যাগড় পাছ কিরূপ আনন্দের সহিত আবার স্বদেশের নরনারীকে স্বাগত জানায়, স্বামীলী তাহার উরেধ করিলেন। সারা জীবন ধরিয়া মান্ত্র অক্লাভসারে এই শিক্ষালাভ করিয়া আসে বে, সে স্বদেশবাসীর মূথে এবং আরুভিতে ভাবের মৃত্তম আলোড়নট পর্যন্ত ব্রিতে পারে।

পথে বাইতে বাইতে আমাদের পুনরায় একদল পাদচারী সন্মানীর সঙ্গে দেখা হইল। তাঁহাদের কুদ্রাহ্রাগ দেখিয়া স্থামীনী কঠোর তপস্থাকে 'বর্বরতা' বলিয়া তীত্র সমালোচনা করিতে লাগিলেন। বাত্রিগণ ভাহাদের আদর্শের নামে ধীরে ধীরে কোশের পর কোশ পথ অতিবাহন করিতেহে, এই দৃশ্যে তাঁহার মনে কট্টকর স্থতি-পরস্পরার উদয় হইল, এবং মানবলাধারণের পক্ষ হইতে তিনি ধর্মের উৎপীড়নে অধীর হইয়া উঠিলেন। পরে আবার ঐ ভাব বেমন হঠাৎ আদিয়াছিল, তেমনই হঠাৎ চলিয়া গেল এবং ভাহার পরিবর্তে এই 'বর্বরতা' না থাকিলে যে বিলাদ আদিয়া মাহ্যবের সম্লক্ষ মহয়ত অপহরণ করিত, এই ধারণা ঠিক তেমনই দৃঢ়তার সহিত উলিখিত হইল।

V

কাশ্মার উপত্যকা

हान—विज्ञा नमी (वादायूदा हरेरा खीनगत) काम—२ • म् इटेरा २२म खून

'ভাগ্যবানের বোঝা ভগবানে বয়' পরম উল্লাসে এই কথা বলিভে
বলিতে স্বামীলী আমাদের ভাকবাংলার কামরায় ফিরিয়া আলিলেন, এবং
ছাতাটি জাত্বরের উপর রাখিয়া উপবেশন করিলেন; কোন সলী না
লইয়া আলায় তাঁহাকেই লাধারণ ছোট-খাট কাজগুলি সম্পাদন করিতে
হইতেছিল, তিনি ভোঙা ভাড়া করা প্রভৃতি প্রয়োজনীর কাজের জয়্ম বাছিয়
হইয়াছিলেন। কিন্তু বাহির হইয়াই হঠাৎ একজন লোকের সহিত তাঁহায়
লাজাৎ হয়, তিনি স্বামীলীর নাম শ্রবণে কাজের সমস্ত ভার নিজের উপর
লইয়া তাঁহাকে নিশ্চিত্ত মনে ফিরিয়া যাইতে বলিয়াছিলেন। স্বতরাং দিনটি
আমাদের আনন্দে কাটিয়াছিল। আমরা সামাভারে তৈরী কাশ্মীরী চা
পান করিলাম, এবং ঐ দেশের মোরকা খাইলাম। পরে প্রায় চারিটার সময়
আমরা তিনভোলা-বিশিষ্ট এক ক্রে নৌ-বহর অধিকার করিলাম এবং আর
বিলম্ব না করিয়া শ্রীনগরাভিম্থে যাতা করিলাম। প্রথম সন্ধ্যাটিতে আমরা
স্বামীজীর জনৈক বয়ুর বাগানের পাশে নল্বর করিয়াছিলাম।

পরদিন আমরা ত্যারমণ্ডিত পর্বভরাজি দারা পরিবেটিত এক মনোর্ম উপত্যকার উপস্থিত হইলাম। ইহাই 'কাশ্মীর উপত্যকা' নামে পরিচিত; কিন্তু হয়তো 'শ্রীনগর উপত্যকা' বলিলে ইহার ঠিক ঠিক পরিচন্ন দেওয়া হয়।

দেই প্রথম প্রভাতে ক্ষেত্রের উপর দিয়া লখা এক চোট ভ্রমণের পর আমরা এক বিস্তৃত গোচারণ-ভূমির মধ্যন্থলে অবস্থিত একটি প্রকাণ্ড চেনার গাছের নিকট উপন্থিত হইলাম। সভ্য সভাই দেখিলাম, যেন এই গাছের কোটরে প্রবাদোক্ত বিশটা গরু স্থান পাইতে পারে! কির্নেণ ইহাকে এক সাধ্-নিবাসের উপধােগী করিয়া লওয়া ষাইতে পারে, স্বামীন্ধী এই স্থাপত্যবিষয়ক আলোচনার ব্যাপৃত হইলেন। বাস্তবিকই এ সন্ধীব বৃক্ষটির কোটরে একটি ক্ষ্ ক্র কৃটির নির্মিত হইতে পারিত; পরে তিনি ধ্যানের কথা বলিতে লাগিলেন;

ফলে দীড়াইল এই যে, ভবিশ্বতে চেনার গাছ দেখিলেই ঐ কথার স্বৃতি উহাকে পবিত্রতায় মণ্ডিত করিয়া দিবে !

তাঁহার সহিত আমরা নিকটন্থ গোলাবাড়িতে প্রবেশ করিলাম। সেধানে দেখিলাম, তকতলে বিদিয়া এক পরমন্ত্রী বর্ষায়নী রমণী। তাঁহার মাধায় কাশ্মীরীনারী-ত্বলত লাল টুপী এবং খেত অবপ্তর্গন। তিনি বিদিয়া পশম হইতে ত্বতা কাটিতেছিলেন এবং তাঁহার চারি পালে তাঁহার ছই প্রেবধ্ এবং তাহাদের ছেলেণিলেরা তাঁহাকে সাহায্য করিতেছে। স্বামীন্ধী পূর্ব শরৎ ঝতুতে আর একবার এই গোলাবাড়িতে আদিয়াছিলেন, এবং সেই অবধি এই র্ম্বটির স্বধর্মে আছা এবং গোরব-বোধের কথা অনেকবার বলিয়াছিলেন। সে-বার তিনি জল ধাইতে চাহিয়াছিলেন, এবং ডিনিও তৎক্ষণাৎ তাঁহাকে জল দিয়াছিলেন। বিদায় লইবার পূর্বে তিনি তাঁহাকে ধীরভাবে জিজালা করিয়াছিলেন, 'মা, আপনি কোন ধর্মাবলম্বিনী ?' সগর্বে জরের উল্লাসে উচ্চকণ্ঠে র্ম্বা উত্তর দিয়াছিলেন, 'ঈশরকে ধল্পবাদ! প্রভ্র কৃপায় আমি ম্সলমানী!' একণে এই ম্সলমান পরিবারের সকলে মিলিয়া স্বামীন্ধীকৈ প্রাতন বন্ধ্রণে অভার্থনা করিলেন এবং তিনি বে বন্ধ্রণেকে সক্ষে আনিয়া-ছিলেন, তাঁহাদের প্রতিও সর্ববিধ সৌজ্ল-প্রকাশে রত হইলেন।

শ্রীনগর পৌছিতে তুই তিন দিন লাগিয়াছিল, এবং একদিন সন্থাকালে আহারের পূর্বে কেতের উপর বেড়াইতে বেড়াইতে আমাদের মধ্যে একজন (বিনি কালীঘাট দেখিয়াছিলেন) আচার্যদেবের নিকট অভিযোগ করিলেন যে, কালীঘাটে ভক্তির অভিরিক্ত উচ্ছাল তাঁহার বিদদৃশ বোধ হইয়াছিল, এবং বলিয়া উঠিলেন, 'প্রতিমার সম্মুখে লোকে ভূমিতে লাষ্টাক হয় কেন ?' যামীজী একটা তিলের কেতের দিকে অঙ্গুলি নির্দেশ করিয়া বলিতেছিলেন, 'তিল আর্যগণের সর্বাপেকা প্রাচীন তৈলবাহী বীজ,' কিছ এই প্রম্নে:ভিনি হন্ডহিত ক্লুল নীল ফুলটি ফেলিয়া দিলেন, পরে হিরভাবে দাড়াইয়া প্রশাস্ত গভীরম্বরে বলিলেন, 'এই পর্বতমালার সম্মুখে লাষ্টাক হওয়া আর সেই প্রতিমার সম্মুখে লাষ্টাক হওয়া কি একই কথা নয় ?'

আচার্বদের আমাদিগের নিকট প্রতিশ্রতি দিয়াছিলেন, গ্রীমাবসানের পূর্বেই তিনি আমাদিগকে কোন শান্তিপূর্ণ স্থানে লইয়া গিয়া ধ্যান শিক্ষা দিবেন। স্থির হইল বে, আমরা প্রথমে দেশটি দেখিব—ভারপর নির্জনবাস করিব।

শ্ৰীনগরে প্রথম রজনীতে আমরা কভিপয় বাঙালী রাজকর্মচারীর গৃহে ভোজন করিয়াছিলাম, এবং নানা কথার প্রসঙ্গে পাশ্চাত্য অভ্যাগভগণের মধ্যে একৰন মত প্ৰকাশ করিলেন, 'প্ৰত্যেক জাতির ইভিহাস কভকগুলি चामर्लित छेमारतन এवः विकागचत्रभः छक्त काजित्र नकन लाकितरे ताहै-গুলিকে দৃঢ়ভাবে ধরিয়া থাকা উচিত।' আমরা দেখিয়া কৌতুক অহভেষ করিলাম ষে, উপস্থিত হিন্দুগণ ইহাতে আপত্তি উত্থাপন করিলেন। তাঁহাদের চক্ষে ইহা তো স্পষ্টই একটি বন্ধন, এবং মানব্যন কথনই চির্কাল ইহার অধীন হইয়া থাকিতে পারে না। উক্ত মতের বন্ধনাত্মক অংশের প্রতি বীতশ্রদ্ধ হইয়া তাঁহারা সমগ্র ভাবটির প্রভিই অবিচার করিলেন বলিয়া মনে হইল। অবশেষে স্বামীজী মধ্যস্থ হইয়া রলিলেন, 'ভোষরা বোধ হয় স্বীকার করিবে বে, মানবপ্রকৃতির ক্ষেত্রে চূড়ান্ত শ্রেণীভাগের একক (unit) মনন্তান্তিক; ভৌগোলিক বিভাগ অপেকা ইহা অধিকতর স্থায়ী। প্রণালী হিসাবে এই ভাৰগত সাদৃত্যগ্ৰহণকে একদেশবভিতামূলক সাদৃত্যগ্ৰহণ অপেকা চিরস্থায়ী করা বার।' তারপর তিনি আমাদের সকলেরই পরিচিত হুই জনের कथा উল্লেখ করিলেন; তন্মধ্যে একজনকে—ভিনি জীবনে বত এটিধর্মাবলমী দেখিয়াছেন, তাঁহাদের মধ্যে আদর্শস্থানীয় বলিয়া বরাবর মনে করিভেন অথচ তিনি একজন বন্ধনারী; এবং আর একজনের জন্মভূমি পাশ্চাভ্যে কিন্ত স্বামীজী বলিতেন যে, ঐ ব্যক্তি তাঁহার অপেকাও ভাল হিন্দু। সব দিক ভাবিয়া দেখিলে এ অবস্থায় ইহাই কি সর্বাপেকা বাহুনীয় ছিল না বে, উহাদের একে অপরের দেশে অন্মগ্রহণ করিয়া নিজ নিজ আদর্শের ষ্ণাসম্ভব প্ৰদাৰ বিধান কৰে ?


9

দ্বান—শ্রীনগর কাল—২২শে জুন হইতে ১৫ই জুলাই

প্রতিদিন প্রাতঃকালে স্বামীজী পূর্বের স্থার আমাদের নিকট আসিরা দীর্ঘকাল কথাবার্তা কহিতেন,—কখনও কাশ্মীর বে-সকল বিভিন্ন ধর্মগ্রের মধ্য দিরা চলিয়া আসিরাছে তাহাদের সম্বন্ধে, কখনও বা বৌদ্ধর্মের নীতি, কখনও বা শিবোপাসনার ইতিহাস, আবার হয়তো বা কণিছের সময়ে শ্রীনগরের অবস্থা—এই সকল বিষ্দ্রের কথোপকখন চলিত।

একদিন তিনি আমাদের মধ্যে একজনের সহিত বৌদ্ধর্ম সহদ্ধে কথা কহিতে কহিতে হঠাৎ বলিলেন, 'আসল কথা এই ষে, বৌদ্ধর্ম আশোকের সমরে এমন একটি মহদুষ্ঠানে উত্যোগী হইয়াছিল, বাহার জন্ম জগৎ এ যুগেই [সবেমাত্র আজকালই] উপযুক্ত হইয়াছে!'—তিনি সর্বধর্ম-সময়রের কথা বলিতেছিলেন। কিরূপে আশোকের ধর্মবিষয়ক একছত্ত্ব বার বার ঈশাহি ও মুসলমান ধর্মের তরঙ্গের পর তরক্ষ ঘারা চূর্ণ হইয়াছিল, কিরূপে আবার এতহ্তরের প্রভ্যেকেই মানবজাতির ধর্মবৃদ্ধির উপর একচেটিয়া অধিকার দাবি করিত, অবশেবে কি উপারে এই মহাসময়র অরকালমধ্যেই সম্ভবপর হাইবে বলিরা অহুমিত হইডেছে—এই সকল বিষয়ের অবভারণা করিয়া তিনি এক অপূর্ব চিত্র আমাদের সমক্ষে উপস্থিত করিলেন।

আর একবার মধ্য-এসিয়ার দিখিজয়ী বীর জেকিজ অথবা চেকিজ থাঁ সম্বন্ধে কথা হইল। তিনি উত্তেজিত হইয়া বলিতে লাগিলেন, 'লোকে তাঁহাকে একজন নীচ পরপীড়ক বলিয়া উল্লেখ করে, তোমরা শুনিয়া থাকো; কিজ তাহা সত্য নহে! এইরপ মহামনা ব্যক্তিগণ কখনও কেবল ধনলোল্প বা নীচ হন না! তিনি এক রকম একদ্বের আদর্শে অন্প্রাণিত হইয়াছিলেন এবং তাঁহার (সময়ের) জগৎকে তিনি এক করিতে চাহিতেছিলেন। নেপোলিয়নও সেই হাঁচে গড়া লোক ছিলেন এবং সেকেল্বন্ত এই শ্রেণীর আর একজন। মাত্র এই তিন জন—অথবা হয়তো একই জীবাত্মা তিনটি পৃথক্ দিখিলয়ে আত্মপ্রকাশ করিয়াছিল।' তারপয় একমাত্র অবভার-আত্মা এশী শক্তি দারা পূর্ণ হইয়া জীবত্রকাক্য-সংস্থাপনের নিমিত্ত বারংবার ধর্মজগতে



कानीरत यागोजी, अन्तर

আবিভূতি ইইয়া আসিতেছেন বলিয়া ডিনি ধে বিশাস করিতেন, তাঁহারই সমক্ষে বর্ণনা করিতে লাগিলেন।

এই সময়ে 'প্রবৃদ-ভারত' মাল্রাক হইতে মায়াবতীতে নৰপ্রতিষ্ঠিত আশ্রমে স্থানাম্ভরিত হওয়ায় আময়া সকলে প্রায়ই ইহার কথা ভাবিতাম।

খানীকী এই পত্রথানিকে বিশেষ ভালবাসিতেন। তৎপ্রদন্ত হৃদ্দর
নামটিই তাহার পরিচয়। তাঁহার নিজের করেকথানি মুখপত্র থাকে, এজন্ত
তিনি সদাই উৎহক ছিলেন। বর্তমান ভারতে শিক্ষাবিস্তারকরে মাসিক
পত্রের কি মূল্য, তাহা তিনি সম্যক্রপে হৃদ্য়ক্ষম করিরাছিলেন, এবং অফ্ডব
করিরাছিলেন যে, বক্তা এবং লোকহিডকর কার্যের ন্তায় এই উপায় বারাও
তাঁহার গুরুদেবের উপদেশাবলী প্রচার করা আবশুক। হৃতরাং দিনের পর দিন
তিনি যেমন বিভিন্ন কেন্দ্রের লোকহিডকর কার্যগুলির ভবিন্তং সহক্ষে করনা
করিতেন, তাঁহার কাগজগুলির ভবিন্তং সম্বন্ধেও ঠিক সেইরূপই করিতেন।
প্রতিদিন তিনি স্বামী স্বরূপানন্দের নব সম্পাদকত্বে আন্ত-প্রকাশোমূধ প্রথম
সংখ্যাথানির বিষয়ে কথা পাড়িতেন। একদিন বৈকালে আমরা সকলে বসিয়া
আছি, এমন সময়ে তিনি একখণ্ড কাগজ আমাদের নিকট আনিয়া বলিলেন,
'একথানি পত্র লিথিবার চেষ্টা করিয়াছিলাম, কিন্তু উহা কবিভাকারে এরূপ
দাড়াইল'—To the Awakened

২৬শে জুন। আচার্বদেব আমাদের সকলকে ছাড়িয়া একাকী কোন শান্তিপূর্ণ স্থানে যাইবার জন্ম উৎস্কে হইয়াছিলেন। কিন্তু আমরা ইহা না জানিয়া তাঁহার সহিত ক্ষীরভবানী নামক শুল প্রশ্রপঞ্জলি দেখিতে ষাইবার জন্ম কেরতে লাগিলাম। শুনিলাম, ইতিপূর্বে ক্থনও কোন ঞ্জীটান বা মুসলমান সেথানে পদার্পণ করে নাই, গরে আমরা ইহার দর্শনলাভে বে কতদ্র কতার্থ হইয়াছি, তাহা বর্ণনাতীত; কারণ ভগবান যেন স্থির করিয়া রাধিয়াছিলেন বে, এই নামটিই আমাদের নিকট সর্বাপেকা পবিত্র হইয়া উঠিবে।

২০শে জুন। আর একদিন আমরা নিজেরাই বিনা আড়মরে ছুই তিন সহস্র মুট উচ্চ একটি কুত্র পর্বতের শিধরদেশে খুব ভারী ভারী উপকরণে

[্] ব্রাষ্টব্য : Complete Works: অনুবাদ 'প্রবৃদ্ধ ভারতের প্রতি', এই প্রস্থাবলীর ৭ম খণ্ডে

গঠিত তথ্ৎ-ই-হ্লেমান নামক একক্ত্র মনির দর্শন করিলাম। সেধানেশান্তি ও সৌন্দর্য বিরাজিত, নিমে বিথাতে ভাসমান উত্থানগুলি চতুশার্ষে বহু ক্রোশ ব্যাপিয়া রহিয়াছে, দেখা গেল। মন্দির ও শ্বতিসোধাদির নির্মাণোপবোগী স্থান-নির্বাচনে হিন্দুগণের প্রাকৃতিক সৌন্দর্বাহ্যাগের পরিচর পাওয়া যায়, এই বিষয়টির অহুক্লে স্থামীলী বে তর্ক করিতেন, তথ্ৎ-ই-হ্লেমান তাহার একটি প্রকৃত্ত উদাহরণস্থল। লগুনে তিনি যেমন একবার বিলয়াছিলেন বে, চারিদিকের দৃশ্য উপভোগ করিবার উদ্দেশ্যেই ঋবিগণ গিরিশীর্ষে বাস করিতেন, তেমনি এখন একটির পর একটি করিয়া ভূরি ভূরি দৃষ্টাস্তদহকারে দেখাইয়া দিলেন যে, ভারতবাসিগণ চিরকাল অতি হ্লের প্রধান প্রধান স্থানগুলি পূজামন্দির নির্মাণপূর্বক পবিত্রতা-মণ্ডিত করিয়া ভূলিতেন।

সেই সময়ের অনেক স্থলর স্থলর স্বৃতি মনে পড়িভেছে, ষ্ণা:

'তুলদী জগমে আইয়ে সঁবদে মিলিয়ে ধায়। ন জানৈ কেহি ভেকমে নারায়ণ মিলি যায়॥'

—তুলদী জগতে আদিয়া দকলের সহিত মিলিয়া মিশিয়া বাদ করে। জানি না কোন রূপে নারায়ণ দেখা দেন !

'একো দেবং সর্বভৃতেষ্ গৃঢ়ং সর্বব্যাপী সর্বভৃতাস্তরাত্মা।
কর্মাধ্যক্ষং সর্বভৃতাধিবাসং সাক্ষী চেতা কেবলো নিশু নিশ্চ ॥"
—একমাত্র দেবতা সর্বভূতে লুকাইয়া আছেন; তিনি সর্বব্যাপী, সর্বভূতের অধার, সাক্ষী, চৈতন্তবিধায়ক, নিঃসক্ষ
এবং গুণরহিত।

'ন ভত্ত স্থাে ভাতি ন চক্রতারকং'—সেধানে স্থ প্রকাশ পান না, চক্র-তারকাও নহেণ

কিরণে একজন রাবণকে রামরণ ধারণ করিয়া সীতাকে প্রতারণা করিবার পরামর্শ দিয়াছিল, আমরা সে গল্প শুনিলাম। রাবণ উত্তর দিয়াছিলেন: আমি কি এ-কথা ভাবি নাই? কিন্ত কোন লোকের রূপ ধারণ করিতে হইলে তাঁহাকে ধ্যান করিতে হইবে; আর রাম স্বরং ভগবান। স্থভরাং ব্যন সামি তাঁহার ধ্যান করি, তখন ব্রহ্মপদ্ও তুচ্ছ হইয়া বার—তখন পর্যনীর কথা কিরণে ভাবিব ?—'তুচ্ছং ব্রহ্মপদং প্রবধ্সক্ষঃ কৃত্ঃ ?' পরে স্বামীন্ত্রী মন্তব্যক্ষণে বলিলেন, 'ক্তরাং দেখ, স্বভান্ত সাধারণ বাঃ স্বাধার জীবনেও এই সব উচ্চ ভাবের স্বাভাস পাওয়া বার।' পরদোষ-স্মালোচন। সম্বন্ধে বরাবর এইরপই হইত। তিনি চিরকাল মানবজীবনকে দ্ববের প্রকাশ বলিয়া ব্যাখ্যা করিছেন, এবং ক্থনও কোন ঘোর ছ্কার্বের বা ছাই লোকের স্বয়ন্ত ও ছার্ভ ভাবটা লইয়া টানাটানি করিছেন না।

'ৰা নিশা সৰ্বভূতানাং জন্তাং জাগতি সংষ্মী। ৰক্তাং জাগ্ৰতি ভূতানি সা নিশা পশ্যতো মুনে: ॥'

—বাহা সর্বলোকের নিকট রাত্রি, সংঘমী ব্যক্তি ভাহাতে জাগরিজ থাকেন; যাহাতে সকল লোক জাগরিজ থাকে, ভাহা ভত্তদর্শী মূনির নিকট রাত্রি (নিজা)-স্বরপ।

একদিন টমাস আ কেম্পিদের কথা এবং কিরূপে তিনি নিজে গীতা ও 'ঈশাসুসরণ' মাত্র সমল করিয়া সন্মাসীর বেশে ভ্রমণ করিতেন—তাহা বলিতে বলিতে বলিলেন বে, এই পাশ্চাত্য সন্মাসি-বরের নামের সহিত অচ্ছেম্বভাবে জড়িত একটি কথা তাঁহার মনে পড়িল:

ওতে লোকশিক্ষকগণ, চুপ কর! হে ভবিয়হকূগণ, ভোমরাও থামো! প্রভো, ভগু তুমিই আমার অন্তরের অন্তরে কথা কও।

আবার আবৃত্তি করিতেন:

তপঃ ক বংদে ক চ ডাৰকং ৰপুঃ। পদং সহেত ভ্ৰমৱস্ত পেলবং শিৱীষপুষ্পং ন পুনঃ পতত্ত্বিণঃ॥

—কঠোর দেহসাধ্য তপজ্ঞাই বা কোথায়, আজ ভোমার এই স্কোমল দেহই বা কোথায় ? স্কুমার শিরীষপুষ্প ভ্রমরেরই চরণপাত সহিতে পারে, কিছ পক্ষীর ভার কদাচ সহু করিতে পারে না। অতএব উমা, মা আমার, তৃষি তপজ্ঞার বাইও না। আবার গাহিতেন:

> এস মা, এস মা, ও হৃদয়রমা পরাণপুতলী গো, হৃদয়-আসনে হও মা আসীন, নির্থি ডোমারে গো।

আছি জ্যাবধি ভোর মূধ চেয়ে জান গো জননী কি যাতনা সয়ে,

একবার হাদয়-কমল বিকাশ করিয়ে প্রকাশো তাতে আনক্ষয়ী।
প্রায়ই মধ্যে মধ্যে গীভা সহছে (সেই বিশ্বয়কর কবিভা, বাহাডে
হুর্বলভা বা কাপুক্ষভ্রের এভটুকু চিহ্ন মাত্র নাই!) দীর্ঘ কথোপকথন হুইভ।
একদিন ভিনি বলিলেন বে, স্তীলোক এবং শৃত্রের জ্ঞানচর্চায় অধিকার নাই—এই অভিযোগ সম্পূর্ণ অবৌক্তিক। কারণ, সকল উপনিষদের সারভাগ গীভায়
নিহিত। বাস্তবিকই গীভা ব্যভীত উপনিষদ বুঝা একপ্রকার অসম্ভব; এবং
স্তীগণ ও সকল ভাতিই মহাভারত-পাঠে অধিকারী ছিল।

৪ঠা জুলাই। অভি উল্লাসের সহিত, গোপনে স্বামীজী এবং ভাঁহার এক শিক্সা (শিক্সাগণের মধ্যে কেবল তিনিই আমেরিকাবাদী নহেন) ৪ঠা জুলাই তারিখে একটি উৎসব করিবার আয়োজন করিলেন। 'আমাদের আমেরিকার জাতীয় পতাকা নাই, এবং থাকিলে উহা দারা আমাদের দলের অপর যাত্রিগণকে তাঁহাদের জাতীয়-উৎসব উপলক্ষে প্রাতরাশকালে অভিনন্দন করা ষাইতে পারিড', এই বলিয়া একজন হঃখ করিতেছেন—ইহা ভিনি শুনিতে পান। ৩রা ভারিথ অপরাহে মহা ব্যস্ততার সহিত তিনি এক কাশীরী পণ্ডিত দরজীকে লইয়া আসিলেন এবং বুঝাইয়া দিলেন যে, যদি এই ব্যক্তিকে পতাকাটি কিরূপ করিতে হইবে বলিয়া দেওয়া হয়, তাহা হইলে সে সানন্দে সেইক্লপ করিয়া দিবে। ফলে তারকা ও ডোরা দাগগুলি (Stars and Stripes) অত্যস্ত আনাড়ীর মতো একখণ্ড বস্তে আরোপিত হইল এবং উহা চিরশ্রামল গাছের (evergreen) করেকটি শাখার সহিত, ভোজনাগাররূপে ব্যবহৃত নৌকাখানির শিরোভাগে পেরেক দিয়া আঁটিয়া দেওয়া হইল। এমন সময়ে আমেরিকাবাসিগণ স্বাধীনতা-লাভের দিবলে (Independence Day) প্রাতঃকালীন চা পান করিবার ব্দপ্ত নৌকাখানিতে পদার্পণ করিলেন। স্বামীদী এই ক্ষুত্র উৎসবটতে উপস্থিত থাকিবার জন্ত আর এক জায়গায় বাওয়া হুগিত করিয়াছিলেন, এবং ডিনি

লক্ষণীয় : গীতা মহাভারতের ভীম্মপর্বের অন্তর্গত।

অক্তান্ত অভিভাবণের সহিত নিজে একটি কবিতা' উপহার দিলেন। সেগুলি একণে স্বাপত-স্ক্রণে সর্বসমক্ষে পঠিত হইল: To the Fourth of July.

ংই জুলাই। সেই দিন সন্ধাকালে একজন, পাশ্চাত্যসমাজে প্রচলিত মেরেলি শাল্প অহবারী পরিহাসছলে কবে তাঁহার বিবাহ হইবে দেখিবার জন্ম নিজ থালার করটি চেরী ফলের বিচি অবশিষ্ট আছে, গণিয়া দেখেন। স্বামীজী ইহাতে তুঃখিত হন। কি জানি কেন, স্বামীজী এই খেলাটিকে সত্য বলিয়া ধরিয়া লন এবং পরদিন প্রাতঃকালে যখন তিনি আসিলেন, তখন দেখিলাম, শ্রেষ্ঠ ত্যাগের প্রতি তাঁহার প্রবল অহ্বাগ উথলিয়া পড়িতেছে।

৬ই জুলাই। অণরাধীর সহিত বেন এক চিন্তা-ক্ষেত্রে দাঁড়াইবার বে সহাদর বাসনা তাঁহাতে প্রারহ পরিলক্ষিত হইড, সেই ইচ্ছা-প্রণোদিত হইয়া তিনি বলিয়া উঠিলেন, 'এই সব গার্হয়া এবং বিবাহিত জীবনের ছায়া আমার মনে পর্যন্ত মাঝে মাঝে দেখা দেয়।' কিন্তু এই প্রসঙ্গে তিনি, বাহারা গার্হয়া জীবনের জয়গান করে, ভাহাদের প্রতি দাঙ্কণ অবজ্ঞাভরে ত্যাগাদর্শের উপর জোর দিবার সময় বেন বহু উচ্চে উঠিয়া গেলেন। বলিয়া উঠিলেন, 'জনক হওয়া কি এত সোজা?—সম্পূর্ণরূপে অনাসক্ত হইয়া রাজ-সিংহাসনে বসা? ধনের বা ষণের অথবা জী-পুত্রের প্রতি কোন খেয়াল না রাখা?— পাশ্চাত্যে আমাকে বহু লোকে বলিয়াছে বে, ভাহারা এই অবছায় উপনীভ হইয়াছে। কিন্তু আমি এইটুকুমাত্র বলিতে পারিয়াছিলাম—এমন সব মহাপুক্ষ তো ভারতবর্ষে জয়ান না।'

এবং তারপরে তিনি অন্ত দিকটির কথা কহিতে লাগিলেন।

শোতাদের মধ্যে একজনকে তিনি বলিলেন: এ-কথা মনে মনে বলিতে, এবং তোমার সন্তানদিগকে শিখাইতে কখনও ভূলিও না যে,

> 'মেক্লসর্বপয়োর্বদ্বৎ স্থ্বজোতয়োরিব। সরিৎসাগরয়োর্যদ্বৎ তথা ভিক্ষুগৃহস্বয়োঃ॥'

—মেক এবং সর্বপে বে প্রভেদ, সূর্য এবং থগোতে যে প্রভেদ, সমূত্র এবং কুত্র জ্বালয়ে যে প্রভেদ, সয়াসী এবং গৃহীভেও সেই প্রভেদ।

১ স্তব্য : Complete works ; অসুবাদ 'মৃক্তি', এই গ্রন্থাবদীর ৭ম খণ্ডে।

'সর্বং বন্ধ ভয়ায়িতং ভূবি নৃণাং বৈরাগ্যমেবাভয়স্।'
—পৃথিবীতে সকল বন্ধই ভয়যুক্ত, মানবের পক্ষে বৈরাগ্যই ভয়ুরহিত।

ভণ্ড সাধ্রাও ধন্ত, এবং বাহারা ব্রভ উদ্যাপন করিতে অক্ষম হইরাছে, তাহারাও ধন্ত; কারণ তাহারাও আদর্শের শ্রেষ্ঠতা বিষয়ে সাক্ষ্য দিয়াছে, এবং এইরূপে কতকাংশে অপরের সফলভার কারণ। আমরা বেন কথনও আমাদের আদর্শ না ভূলি—কোন মতেই না ভূলি।

এই সব মৃহুর্তে তিনি প্রতিপান্ত ভাবটির সহিত সর্বতোভাবে এক হইয়া যাইতেন। এই সব কথাবার্তা যথন হয়, তথন আমরা ভালহদ হইতে শ্রীনগরে ফিরিয়াছি। ভালহদ দর্শনই আমাদের ৪ঠা জুলাই-এর উৎসবের প্রকৃত আনন্দ-অন্থর্চান।

পরবর্তী রবিবার, ১০ই জুলাই রাত্রে বিভিন্ন সত্রে আমরা সংবাদ পাইলাম বে আচার্যদেব লোনমার্গের রাস্তা দিয়া অমরনাথ গিয়াছেন, এবং অপর একটি পথ দিয়া ফিরিবেন। কপর্দকমাত্র না লইয়া তিনি যাত্রা করিয়াছিলেন, কিন্তু হিন্দুশাসিত দেশীয় রাজ্যে এই ব্যাপার তাঁহার বন্ধুবর্গের কোন উদ্বেশের কারণ হয় নাই।

১৫ই জুলাই। শুক্রবার অপরাত্ন পাঁচটার সময় আমরা নদীর অহক্ল ত্যোতে কিয়দ্র বাইবার জন্ত সবেমাত্র নৌকা খুলিয়াছি, এমন সময় ভূত্যগণ দূরে তাহাদের কয়েকজন বন্ধুকে চিনিতে পারিল, এবং আমাদের সংবাদ দিল যে, স্বামীজীর নৌকা আমাদের অভিমূপে আসিভেছে।

এক ঘণ্টা পরেই তিনি আমাদের সহিত মিলিত হইলেন এবং বলিলেন, ফিরিয়া আসিয়া তিনি আনন্দ অহতেব করিলেন। এবারকার গ্রীম ঋতুতে অখাভাবিক পরম পড়িয়াছিল, এবং কয়েকটি তুবারবল্ম (glacier) ধসিয়া বাওয়ায় সোনমার্গ হইয়া অমরনাথ বাইবার রাভাটি হর্গম হইয়া গিয়াছে। এই ঘটনায় তিনি ফিরিয়া আসেন।

কিছ আমাদের কাশ্যারবাসের কয়েক মানে আমরা স্বামীজীর যে তিনটি মহান দর্শন ও ইহার ফলে বিপুল আনন্দোপলন্ধির পরিচয় পাইয়াছিলাম, তাহার প্রথমটির স্ত্রপাত এই সময় হইভেই। যেন আমরা স্বচক্ষে তাঁহার গুরুদেবের সেই উক্তির সভ্যতা অমুভব করিতে পারিতেছিলাম: খানিকটা জ্ঞান রহিয়াছে বটে। সেটুকু জামার ব্রহ্ময়ী মা-ই উহার মধ্যে রাখিয়া দিয়াছেন, তাঁহার কাজ হইবে বলিয়া। কিছ উহা ফিন-ফিনে কাগজের পর্দার মতো, নিমিষের মধ্যেই ছি ড়িয়া ফেলা যায়।

۳

স্থান—কাশ্মীর (পাণ্ড্রেম্থানের মন্দির) কাল—১৬ই হইতে ১৯শে জুলাই

১৬ই জুলাই। পর দিবদ জনৈকা শিশ্বার স্বামীজীর সহিত একখানি ছোট নৌকা করিয়া নদীবক্ষে গমনের স্থযোগ ঘটিয়াছিল। নৌকা স্রোতের অমুকৃলে চলিতেছে, আর তিনিও রামপ্রসাদের পানগুলি একটির পর একটি গাহিয়া চলিয়াছেন, এবং মধ্যে মধ্যে একটু আধটু অমুবাদ করিয়া দিতেছেন:

'ভূতৰে আনিয়ে মাগো করলি আমায় লোহা-পেটা,

(আমি) ভবু কালী ব'লে ভাকি, মা, সাবাস আমার বুকের পাটা।'

অথবা,

'মন কেন রে ভাবিস এড,

ষেন মাতৃহীন বালকের মতো' ইত্যাদি।

ভারপর শিশু কুপিত হইলে যেমন গর্ব ও অভিমানভরে বলিয়া থাকে, সেই ভাবের একটি গান গাহিলেন। ভাহার শেষভাগটি এই—

> 'আমি এমন মায়ের ছেলে নই যে, বিমাতাকে মা বলিব।'

১৭ই জুলাই। খুব সম্ভবতঃ ইহারই পরদিবস তিনি ধীরামাতার নৌকার
আসিয়া ভক্তি-প্রসঙ্গ করিতে থাকেন। প্রথমেই একাধারে হরগোরীমিলনম্বরূপ
সেই অভুত হিন্দুভারটি কথিত হইল। তাহার কথাগুলি এখানে দেওয়া
সহজ, কিছ সেই কণ্ঠম্বরের অভাবে কথাগুলি কিরুপ প্রাণহীন মনে
হইতেছে। তাহা ছাড়া তথনকার চতুস্পার্শের দৃশ্য কি অপরূপ ছিল!—
ছবিধানির মতো শ্রীনগর, লযাডি দেশস্থলভ সমূরতশির প্পলার গাছগুলি,

এবং দ্রে চির-ত্যাররাশি! সেই নদীগর্ভ উপভ্যকার মহান্ পর্বভরাজির পাদমূল হইতে কিঞ্চিৎ দূরে ভিনি আবৃত্তি করিলেন:

কন্ত বিকাচন্দনলেপনারৈ, খাশানভন্মান্দবিলেপনার।
সংকুওলারৈ ফণিকুওলার, নমঃ শিবারৈ চ নমঃ শিবার॥
মন্দারমালাপরিশোভিতারৈ, কপালমালাপরিশোভিতার।
দিব্যাহরারৈ চ দিগহরার, নমঃ শিবারৈ চ নমঃ শিবার॥

সদা শিবানাং পরিভ্বণায়ৈ সদাংশিবানাং পরিভ্বণার।
শিবাধিভাগ্নৈ চ শিবাধিভাগ্ন, নমঃ শিবাগ্নৈ চ নমঃ শিবাগ্ন॥
এবং পরক্ষণেই সেই ভাবেরই আর একরূপ—অপর ভাবে মগ্ন হইয়া তিনি
আর্ভি ক্রিলেন:

কিশোরীর প্রেম নিবি আয়, প্রেমের জোয়ার বয়ে বায়;
বইছে রে প্রেম শতধারে, বে বত চায় তত পায়।
প্রেমের কিশোরী—প্রেম বিলাচ্ছেন সাধ করি,
রাধার প্রেমে বল্ রে হরি।
প্রেমে প্রাণ মন্ত করে, প্রেমতরকে প্রাণ মাতার,
রাধার প্রেমে হরি বলে আয়, আয়, আয়॥

তিনি এত তন্মর হইরা গিয়াছিলেন বে, তাঁহার প্রাতরাশ প্রস্তুত হইরা অনেকক্ষণ পর্যন্ত পড়িয়া রহিল, এবং অবশেষে 'বখন এই সব ভক্তির প্রসক্ষ চলিতেছে, তখন আর খাবারের কি দরকার ?' এই বলিয়া তিনি অনিচ্ছা-পূর্বক উঠিয়া গেলেন এবং অতি সম্বর্গ্থ ফিরিয়া আদিয়া সেই বিষয়ের পুনরালোচনার প্রবৃত্ত হইলেন।

কিন্ত—হয় এই সময়েই, না হয় অপর কোন সময়ে তিনি বলিয়াছিলেন বে, যাহার নিকট হইতে তিনি বড় বড় কার্বের প্রত্যাশা রাখেন, তাহার নিকট তিনি রাধারুক্তের প্রসঙ্গ উত্থাপন করেন না। কঠোর এবং আগ্রহবান্ কর্মীর জনক শিব, এবং কর্মীর পক্ষে তাঁহারই পদে উংস্গীরুত হওয়া উচিত।

প্রদিন তিনি আমাদিগকে শ্রীরামক্তফের একটি চমংকার উপদেশ শুনাইলেন, তাহাতে অপরের সমালোচককে মৌমাছি বা মাছির সহিত তুলনা করা হইরাছে। বাহারা মধু অবেবণ করে, তাহারাই মৌমাছি; আর বাহারা বাহিরা বাহিরা খারে বলে, তাহারাই মাছি।

পরে আমরা ইসলামাবাদ অভিমূখে বাত্রা করিলাম। বটনাচক্রে ইহাই বান্তবিক অমরনাথ-বাত্রা হইয়া দাঁড়াইল।

১>শে জ্লাই। প্রথম জপরাহুটিতে বিভন্তা নদীভীরে এক জন্তবর মধ্যে আমরা চির-জন্তবিত পাণ্ডে, স্থান মন্দির জাবিদার করিলাম। (পাণ্ডে, স্থান কি পাণ্ডে, স্থান—পাণ্ডবগণের স্থান ?)…

সামীজীর চক্ষে স্থানটি ইতিহাসের অতি মধুর স্থতিবিজ্ঞভিত। ইহা বৌদ্ধর্মের প্রত্যক্ষ নিদর্শনস্বরূপ এবং ইতিপূর্বে তিনি কাশ্মীরের ইতিহাসকে বে চারিটি ধর্মযুগে বিভক্ত করিয়াছিলেন, ইহা সেগুলিরই অক্সতম।

(১) বৃক্ষ ও সর্পপ্তার যুগ,—এই সমন্ন হইতেই নাগ-শব্দান্ত কুগুনামগুলির প্রচলন, বথা বেরনাগ ইত্যাদি (২) বৌদ্ধর্মের যুগ (৩) সৌরোপাসনার আকারে প্রচলিত হিন্দ্ধর্মের যুগ এবং (৪) মুসলমান-ধর্মের যুগ। তিনি বলিলেন, ভাস্বইই বৌদ্ধর্মের বিশেষ শিল্প, এবং স্ব্রিচিক্লিত চক্র অথবা পদ্ম ইহার খুব মাম্লি কালকার্যহানীর। সর্প্রস্থলিত মৃত্তিগুলিতে বৌদ্ধর্মের প্র্কোর যুগের আভাস। কিন্তু সৌরোপাসনার কালে ভাত্মর্বের যথেষ্ট অবনতি হইন্নাছিল, এই নিমিত্ত স্ব্র্যুতিটি নৈপুণ্য-বর্জিত।…

ভথন স্থাতের সময়—কি অপরপ স্থাত! পশ্চিম দিকের পর্বতগুলি গাঢ় লাল রঙে বাক্বক্ করিতেছে। আরও উত্তরে বরফ ও মেলে দেওলি নীল দেখাইতেছিল। আকাশ হরিৎ এবং পীত, ভাহার সহিত ঈবৎ লাল—উজ্জল অরিশিখার রঙের এবং ভ্যাফোভিল ফুলের মতো হতিলাবর্ণ; ভাহার পিছনেই নীল এবং ওপলের মতো লাদা পটভূমি। আমরা গাড়াইয়া দেখিতে লাগিলাম; ভারপরেই 'স্লেমানের সিংহাসন' (যাহা ইতিমধ্যেই আমাদের প্রিয় হইয়া উঠিয়াছিল, সেই কৃত্র তথ্ৎ) নজরে পড়িবামাত্র আচার্বদেব বলিয়া উঠিলেন, 'মন্দিরহাপনে হিন্দু কি প্রতিভারই বিকাশ দেখায়! বেখানে চমৎকার দৃশু, হিন্দু সেই খানটিই বাছিয়া লয়! দেখ, এই তথ্ৎ হইতে সমগ্র কামীরটি দেখিতে পাওয়া যায়। নীল জলরাশির মধ্য হইতে লোহিভাভ হরিপর্বত উঠিয়াছে, বেন মৃক্ট পরিয়া একটি সিংহ অর্থশারিভভাবে অবস্থান করিতেছে। আর মার্ততের মন্দিরের পাদমূলে একটি উপত্যকা বহিয়াছে!'

আমাদের নৌকাগুলিকে বনপ্রান্ত হইতে অনতিদ্বে নকর করা হইরাছিল, এবং আমরা দেখিতে পাইলাম বে, আমাদিগের সভ-আবিহৃত নিত্তর
দেবালর এবং বৃদ্ধমৃতিটি আমীলীর মনে গভীর ভাবের উত্তেক করিরাছে।
সেই দিন সন্ধ্যার সময় আমরা ধীরামাভার বজরার একত হইলাম, এবং ভত্তভা
কথোপকথনের কিয়দংশ এখানে লিপিবদ্ধ হইল।

উশাহি ধর্মের ক্রিয়াকাণ্ড বৌদ্ধর্মের ক্রিয়াকাণ্ড হইতেই উড়্ত, আচার্যদেব এই মর্মে বলিতেছিলেন, কিন্তু আমাদের একজন এই মৃতটি আদৌ মানিতে চাহে না।

উক্ত নারী। বৌদ্ধ কর্মকাগুই বা কোথা হইতে আসিল ?

স্বামীশী। বৈদিক কৰ্মকাণ্ড হইতে।

- প্রশ্নকর্মী। অথবা ইহা দক্ষিণ ইওরোপেও প্রচলিত ছিল বলিয়া এইরূপ সিদান্ত করাই ভাল নয় কি যে, বৌদ্ধ ঈশাহি এবং বৈদিক ক্রিয়াকাও সবই এক সাধারণ ভূমি হইতে উদ্ভূত ?
- শামীজী। না, তাহা হইতেই পারে না! তুমি তুলিয়া বাইতেছ বে, বৌদ্ধর্ম সম্পূর্ণভাবে হিন্দ্ধর্মেরই অন্তর্ভুক্ত ছিল! এমন কি, লোভি-বিভাগের বিক্লম্বে পর্যন্ত বৌদ্ধর্ম কিছু বলে নাই! অবশু আতিবিভাগ তথনও কোন নির্দিষ্ট রূপ লাভ করে নাই, এবং বৃদ্ধদেব আদর্শটিকে প্নঃস্থাপন করিতে প্রয়াসী হইয়াছিলেন মাত্র। মহু বলিতেছেন, বিনি এই জীবনেই ভগবৎ-সাক্ষাৎকার করেন, তিনিই ব্রাহ্মণ। বৃদ্ধদেব সাধ্যমত এইটি কার্যে পরিণত করিতে চাহিয়াছিলেন মাত্র।
- প্রশ্ন। কিন্তু ঈশাহি এবং বৈদিক ক্রিয়াকাণ্ডের মধ্যে কি সম্বন্ধ ? তাহারা এক—ইহা কথনও সম্ভব হইতে পারে ? এমন কি, আমাদের প্রাণদ্ধতির বাহা মেরুদ্ওস্কুপ, আপনাদের ধর্মে তাহার নামগদ্ধ নাই !
- খামীজী। নিশ্চয় আছে! বৈদিক ক্রিয়াকাণ্ডেও ম্যাস (Mass) আছে, ভাছাই দেবতার উদ্দেশ্তে ভোগ নিবেদন করা, আর ভোষাদের Blessed Sacrament আমাদের 'প্রসাদ'য়ানীয়। ভগু গ্রীমপ্রধান দেশের প্রথাছ্যায়ী উহা হাটু গাড়িয়া, বসিয়া বসিয়া নিবেদন করা হয়। ভিক্ততের লোক হাটু গাড়িয়া থাকে। এভত্তির বৈদিক ক্রিয়াকাণ্ডেও ধৃপদীপ দান এবং গীডবাভের প্রথা আছে।

প্রশ। কিন্ত দশাহি ধর্মের মতো ইহাতে কোন প্রার্থনা আছে কি ?

কেছ এই ভাবে আপন্তি তুলিলে স্বামীনী বরাবর তত্ত্তরে কোন নির্তীক আপতি-বিক্ল কিন্ত স্থলান্ত মত প্রয়োগ করিতেন, এবং তাহার মধ্যে কোন স্বভিনব এবং স্কচিন্তিতপূর্ব সামান্তীকরণ নিহিত থাকিত।

খামীজী। না; আর ঈশাহি ধর্মেও কোনকালে ছিল না। এ ডো ছাকা প্রটেস্ট্যাণ্ট ধর্ম, এবং প্রটেস্ট্যাণ্ট ধর্ম মুসলমানের নিকট হইডে—সম্ভবত: মুর জাভির প্রভাবের ম্ধ্য দিয়া ইহা গ্রহণ করিয়াছিল।

পৌরোহিত্যের ভাব একেবারে ভূমিলাৎ করিয়া দেওয়া, সেটা একমাত্র মূললমান ধর্মই করিয়াছে। বিনি অগ্রণী হইয়া প্রার্থনা পাঠ করেন, ভিনি প্রোভ্বর্গের দিকে পিছন ফিরিয়া দাঁড়ান এবং শুধু কোরান-পাঠই বেদী হইতে চলিতে পারে। প্রটেস্ট্যান্ট ধর্ম এই ভাবটিই আনিতে চেটা করিয়াছে।

এমন কি, 'tonsure' পর্যন্ত ভারতবর্ষে প্রচলিত ছিল, উহাই আমাদের
ম্থন। আইনিয়ান গুইজন সন্মানীর নিকট হইতে মুসার যুগে প্রচলিত
বিধি-নিষেধ গ্রহণ করিতেছেন, এইরূপ একথানি চিত্র আমি দেখিয়াছি।
তাহাতে সাধ্বরের মন্তক সম্পূর্ণ মৃত্তিত। বৌদ্ধ্রের প্রাক্কালীন
হিন্দ্ধর্মে সন্মানী ও সন্মানিনী গুই-ই বর্তমান ছিল। ইওরোপ নিজ
ধর্মসম্প্রদারগুলি থিবেইড' হইতে পাইয়াছে।

প্রশ্ন। এই হিনাবে ভাহা হইলে আপনি ক্যাথলিক ধর্মের ক্রিয়াকাণ্ডকে আর্ব ক্রিয়াকাণ্ড বলিয়া স্বীকার করেন ?

স্থামীজী। হা। প্রান্ন সমগ্র ঈশাহি-ধর্মই আর্যধর্ম বলিরা আমার বিশাস। আমার মনে হয়, খৃষ্ট বলিয়া কখনও কেহ ছিল না,। জীট ঘীপের অদ্বে সেই স্বপ্নই দেখা অবধি আমার বরাবর এই সন্দেহ! আলেকজান্তিয়ায়

১ স্ট্যাসিউস প্রণীত থীব্দ্-সম্বন্ধীয় ল্যাটিন কাব্য খ্রীষ্টায় প্রথম শতাব্দীতে রচিত। থীব্দ্ প্রাচীন শ্রীসের এক অংশের সমৃদ্ধ রাজধানী ছিল। সিংহাদনপ্রার্থী ভ্রাতৃদ্বয়ের বৃদ্ধই উক্ত গ্রন্থের বিষয়বস্তু।

২ ১৮৯৭ খ্রীষ্টাব্দের জামুআরি মাসে ভারত-প্রত্যাগমনের পথে নেপল্স্ হইতে পোর্ট সৈয়দ আসিবার সময় স্বামীজী স্বপ্ন দেখেন যে, এক শ্বশ্রুধারী বৃদ্ধ তাঁহার সন্মুখে উপস্থিত হইয়া তাঁহাকে বলিল, 'এই ক্রীট দ্বীপ' এবং তিনি যাহাতে পরে উহাকে চিনিতে পারেন, এই জক্ষ উক্ত দ্বীপের একটি স্থান তাঁহাকে দেখাইয়া দিল। উক্ত স্বপ্নের মর্ম এই ছিল যে, ঈশাহি ধর্মের উৎপত্তি ক্রীট দ্বীপে এবং এই সম্বদ্ধে সে তাঁহাকে তুইটি ইওরোপীয় শব্দ শুনাইল—তাহাদের মধ্যে একটি 'পেরাপিউটি'

ভারতীর এবং বিসরীর ভাবের সংমিশ্রণ হর; এবং উহাই রাছনী ও বাবনিক (গ্রীক) ধর্মের বারা অমুরঞ্জিত হইরা অগতে ঈশাহি ধর্ম নামে প্রচারিত হইরাছে।

জানই তো বে, 'কাৰ্যকলাণ' এবং 'গজাবলী' (Acts and Epistles) 'জীবনীচতুষ্টয়' (Four Gospels) হইতে প্ৰাচীনতর, এবং দেণ্ট জন্ একটা কলনা। মাজ একজন লোক সমস্কে আমরা নি:সন্দেহ—ভিনি দেণ্ট পল। ভিনিও আবার স্বচক্ষে ঘটনাগুলি দেখেন নাই…

না! ধর্মাচার্থগণের মধ্যে কেবল মাত্র বৃদ্ধ এবং মহম্মদই স্পষ্ট ঐতিহাসিক সম্ভারণে দণ্ডায়মান; কাবণ সৌভাগ্যক্রমে তাঁহারা জীবদ্দশাতেই শক্র-মিত্র উভয়ই লাভ করিয়াছিলেন। শ্রীকৃষ্ণ সম্বন্ধে আমার সম্পেহ আছে; যোগী, গোপ এবং পরাক্রান্ত নরপতি—এই সব একত্র হইয়া গীতাহন্তে একধানি নয়নাভিরাম মৃতির সৃষ্টি করিয়াছে।

রেনার (Renan) দশাজীবনী তো তথু ফেনা। ইহা স্থাসের (Strauss) কাছে ঘেঁদিতে পারে না, স্থাসই সাঁচ্চা প্রত্নতত্ত্বিং। ঈশার জীবনে তুইটি

(Therapeutae)—এবং বলিল, 'উভয়েই সংস্কৃতশব্দ্ধ'। খেরাপিউটি শব্দের অর্থ—খেরা অর্থাৎ বৌদ্ধ ভিন্দুগণের পুত্র (শিক্ত) গণ (পিউটি, সংস্কৃত পুত্র-শব্দক্ষ)। ইহা হইতে স্বামীজী যেন বুঝিয়া লইলেন যে, ঈশাহি ধর্ম বৌদ্ধধর্মের একদল প্রচারক হইতে উদ্ভূত হইরাছে, ইহাই তাঁহার অভিপ্রেত ছিল। ভূমির দিকে অঙ্গুলি নির্দেশ করিয়া বৃদ্ধ আরপ্ত বলিল, 'প্রমাণ সব এইথানেই আছে, খুঁড়িলেই দেখিতে পাইবে।'

নিজাভঙ্গে ইহা সামান্ত ৰপ্ন নহে অনুভব করিয়া স্বামীঞ্জী শয়া ত্যাগ করিলেন এবং বাহির হইয়া ভেকের উপর আসিলেন। সেধানে তিনি দেখিতে পাইলেন একজন কর্মচারী তাহার পাহারা শেব করিয়া কিরিয়া আসিতেছে। জিজ্ঞাসা করিলেন, 'করটা বাজিয়াছে ?' উত্তর হইল, 'রাজি দিপ্রহা!' পুনরায় জিজ্ঞাসা করিলেন, 'আমরা এখন কোধায় ?' তখন বিশারবিহ্নেল চিত্তে উত্তর শুনিলেন, 'জীটের পঞ্চাশ মাইল দূরে।'

এই ষণ্ণ তাঁহার উপর বেরূপ প্রবল প্রভাব বিস্তার করিয়াছিল, তাহা দেখিরা আচার্যদেব নিজেই নিজেকে হাস্তাম্পদ জ্ঞান করিতেন। কিন্তু তিনি কখনও ইহাকে দূর করিয়া দিতে পারেন নাই। শক্ষরের মধ্যে দিতীরটি যে হারাইরা গিরাছে, ইহা বড়ই পরিতাপের বিষয়। স্বামীজী শীকার করিলেন বে. 'এই ম্বপ্ন দেখিবার পূর্বে, কখনও তাঁহার ঈশা-চরিত্রের সম্পূর্ণ ঐতিহাসিক সত্যতা বিষরে সন্দিহান হইবার খেরালই হর নাই।' কিন্তু আমাদের শ্বরূপ রাখা উচিত বে, হিন্দুদর্শন-মতে ভাববিশেষের সর্বাক্ষসম্পূর্ণভাই আমল জিনিস, ভাহার ঐতিহাসিক প্রামাণিকতা নহে। স্বামীজী বাল্যকালে একদা শ্রীরামকৃষ্ণকে এই বিষরেই প্রশ্ন করিয়াছিলেন। তাঁহার শুরুদেব উত্তর দেন, 'বাঁহাদের মাখা হইতে এমন সব জিনিস বাহির হইয়াছে, তাঁহারা বে তাহাই ছিলেন, এ কথা কি ভোমার মনে হয় না?'—লেখিকা

জিনিস জীবস্ত ব্যক্তিগত লক্ষণে ভূষিত—সাহিত্যের সর্বাণেকা স্থ্যুর উপাধ্যান, ব্যভিচার-অপরাধে গুড়া সেই রমণী এবং কৃপ-পার্যবর্তিনী সেই নারী।

এই শেষোক্ত ঘটনাটির ভারতীয় শীবনের সহিত কি অভ্ত সকতি।
একটি স্ত্রীলোক জল তুলিতে আসিয়া দেখিল, ক্পের ধারে বসিয়া একজন
পীতবাস সাধু ভাহার নিকট জল চাহিলেন। তারপর তিনি ভাহাকে
উপদেশ দিলেন এবং ভাহার মনের গোটাকয়েক কথা বলিয়া দিলেন।
তথু ভারতীয় পরে উপসংহারটা এইরূপ হইবে যে, যথন উক্ত নারী
গ্রামবাসিগণকে সাধু দেখিতে এবং সাধুর কথা শুনিবার জন্ম ভাকিতে গেল,
সেই অবসরে সাধুটি স্থোগ ব্যিয়া পলাইয়া বনমধ্যে আশ্রয় লইলেন।

মোটের উপর আমার মনে হয়, আনর্ক হিলেলই (Rabbi Hillel) দিশার উপদেশাবলীর উত্তবকর্তা, আর ক্যাজারীন নামে এক বছ প্রাচীন, কিছ অখ্যাত য়াহদী সম্প্রদায় ছিল, উহাই সহসা দেও পল (St. Paul) কর্তৃক বেন বৈহ্যতিক শক্তিতে অহ্প্রোণিত হইয়া এক পৌরাণিক ব্যক্তিকে আরাধনার কেন্দ্ররূপে জোগাইয়া দিয়াছে।

পুনকখান (Resurrection) জিনিসটা তো বসস্ত-দাহ (Spring-cremation) প্রথাবই রূপান্তরমাত্র। যাহাই হউক না কেন, দাহপ্রথা শুধু ধনী ববন (গ্রীক) ও রোমকগণের মধ্যেই প্রচলিত ছিল, আর স্থাটিত নব উপাধ্যানটি সেই অল্লসংখ্যক লোকের মধ্যেই উহাকে সীমাবদ্ধ করিয়া থাকিবে।

কিন্ত বৃদ্ধ। পৃথিবীতে যত লোক জনগ্রহণ করিয়াছেন, তন্মধ্যে তিনিই যে স্ব্লোঠ, এ বিষয়ে অণুমাত্র সন্দেহ নাই। তিনি নিজের জন্ত একটিবারও নিংখাস লন নাই! সর্বোপরি, তিনি কখনও পূজা আকাজ্যা করেন নাই। তিনি বলিয়াছিলেন: বৃদ্ধ কোন ব্যক্তি নহেন, উহা একটি অবস্থাবিশেষ। আমি বার খ্রিয়া পাইয়াছি। এস, তোমরা সকলেই প্রবেশ কর!

তিনি 'পতিতা' অহাপালীর নিমন্ত্রণে গিয়াছিলেন। প্রাণনাশ হইবে জানিয়াও তিনি অস্ত্যজের গৃহে ভোজন করিয়াছিলেন এবং মৃত্যুকালে অতিথিসংকারককে এই মহামৃক্তি-দানের জন্ম ধন্তবাদ দিয়া তাঁহার নিকট লোক পাঠান। সভালাভের পূর্বেও একটি কৃত্র ছাগ-লিশুর জন্ত ভালবাদা ও দয়ায় কাভর! ভোমাদের অরণ আছে, কিরূপে রাজপুত্র এবং সয়াদী হইয়াও ভিনি নিজ মন্তক পর্যন্ত দিতে চাহিয়াছিলেন,—
যদি রাজা ভগু যে ছাগশিশুটকে বলি দিতে উল্পত হইয়াছিলেন, সেটিকে মৃক্তি দেন; এবং কিরূপে দেই রাজা তাঁহার অহ্যকশার নিদর্শনে মৃশ্ব হইয়া উক্ত ছাগশিশুটর প্রাণ দান করেন। জ্ঞানবিচার এবং সহদয়ভার এমন অপূর্ব সংমিশ্রণ আর কোথাও দেখা যায় নাই! নিশ্চরই তাঁহার মতো আর কেহ জন্মগ্রহণ করেন নাই, এ বিষয়ে বিক্তি নাই।

৯

স্থান-কাশ্মীর (বিভস্তাতীরে) কাল---২০শে হইতে ২৯শে জ্বলাই

২০শে জুলাই। সে দিন প্রাতঃকালে নদী প্রশন্ত, অগভীর এবং নির্মল ছিল।
আমাদের ত্ইজন স্বামীজীর সহিত নদীর ধারে ধারে ক্ষেত্রে উপর দিরা প্রার্থ
জিন মাইল বেড়াইরাছিলেন। স্বামীজী প্রথমে পাপবাধ সম্বন্ধে কথা আরম্ভ
করিলেন: কিরূপে উহা মিসর, শেম-বংশাধিষ্ঠিত জনপদসমূহ এবং আর্যজ্মি,
এই তিনেরই সহিত সংশ্লিষ্ট। বেদে ইহার নিদর্শন পাওয়া যার, কিন্ত
অতি অরক্ষণের জন্তা। বেদে শন্নতানকে ক্রোধের অধীশ্বর বলিয়া বর্ণনা
করা হইরাছে। পরে বৌদ্দের মধ্যে উহা কামের অধীশ্বর 'মার' নামে
পরিচিত, এবং ভগবান্ বৃদ্ধের একটি সর্বজনপ্রিয় নাম 'মারিজং'।' কিন্ত
শন্নতান বেন বাইবেলের হ্যামলেট, হিন্দুশাল্পে ক্রোধের অধীশ্বর কথনও সেরূপে
স্কৃষ্টিকে তুই ভাগ করিয়া ফেলে না। সে সর্বদাই মলিনতার (defilement)
উদাহরণহল, কথনও বৈতসভার নহে।

ঠ দ্রেষ্টব্য সংস্কৃত অভিধান 'অমরকোব'। স্বামীনী চারি বংসর বয়সে আধ আধ ভাষায় উহা আবৃত্তি করিতে শিখিয়াছিলেন! —লেখিকা

জনপূর্ব কোন প্রাচীনতর ধর্মের সংস্থানক ছিলেন। তাঁহার মতে অর্মান্ধ্র এবং আহ্রিমান্ পর্যন্ত নহে, তাঁহারা সর্বশ্রেষ্ঠ দেবের বিকাশমাত্র। সেই প্রাচীনতন ধর্ম বৈদান্তিক না হইয়া বার না। স্কুতরাং নিসরীরগণ এবং শেম-বংশধরগণ পাণবাদ আকড়াইয়া থাকে, আর আর্বগণ—বথা ভারতবাসী এবং প্রীক ঘ্রনগণ—শীদ্রই উহা পরিভাগে করে। ভারতবর্ষে পূণ্য ও পাপ বিভা ও অবিভার পরিণত হইল, উভর্কেই ছাড়াইয়া বাইতে হইবে। আর্বগণের মধ্যে পার্নিক এবং ইওরোপীরগণ ধর্মচিন্তার শেম-বংশধরগণের লক্ষণাক্রান্ত হইল; এই হেতুই ভাহাদের মধ্যে পাপবোধ।

ভারপরে এ সকল কথা ছাড়িয়া বিষয়ান্তরের—ভারতবর্ষ ও ভাহার ভবিয়তের—প্রসন্দ উঠিল। এরপ প্রায়ই ঘটত। কোন কাভিতে বল সঞ্চার করিতে হইলে উহাকে কিরপ ভাব দেওয়া উচিত ? তাহার নিজের উন্নতির

শ গভি একদিকে চলিতেছে, তাহাকে 'ক' বলা যাউক।

বে নৃতন বল সঞ্চারিত হইবে তাহা কি সঙ্গে স্ট্রের

ক প কিঞিং হ্রাসও করিবে, বেষন 'গ'। ইহার ফলে এভড্ভরের

মধ্যপথবর্তী এক উরতির স্থাই হইবে বেমন 'গ'। ইহা ডো জ্যামিতিক
পরিবর্তনমাত্র। এরপ তো চলিবে না। জাতীয় জীবন জৈবিক শক্তির
ব্যাপার। আমাদিগকে সেই জীবনস্রোভটিতেই বলাধান করিতে হইবে,

অবশিষ্ট কার্ব উহা নিজে নিজেই করিরা লইবে। বৃদ্ধ 'ত্যাগ' প্রচার করিলেন
এবং ভারত উহা তনিল। ভথাপি এক সহল্র বংসর মধ্যে ভারত জাতীয়
সম্পদের উচ্চতম শিধরে আরোহণ করিল। ত্যাগই ভারতের জাতীয় জীবনের
উৎস। সেবা ও মৃক্তি তাহার প্রেষ্ঠ আদর্শ। হিন্দুজননী সকলের শেবে
ভোজন করেন। বিবাহ ব্যক্তিগত স্থ্বের জন্ত নহে, উহা জাতি ও বর্ণের
কল্যাণের নিমিত্ত। নব্য সংস্কারকগণের মধ্যে কভিপয় ব্যক্তি সমস্তা-প্রণের

অহ্পবাদী এক পরীক্ষার হত্তক্ষেপ করিয়া জীবন আহতি দিয়াছেন, আর
সম্ভ জাতি তাহাদিগের উপর দিয়া চলিয়া বাইতেছে।

ভারপরে প্ররায় কথাবার্ভার ভাব বদলাইয়া গেল, এবং কেবল হাসিঠাট্রা, কৌতৃক এবং গরগুল্ব চলিভে লাগিল। আমরা শুনিভে শুনিভে হাসিয়া অধীর হইভেছিলাম। এমন সমর নৌকা আসিয়া পৌছিল এবং সে দিনের মতো কথাবার্ভা শেব হইল। সেদিনকার সমন্ত বৈকাল এবং রাত্রি খামীজী পীড়িত হইয়া নিজ নৌকায়
ভইয়াছিলেন। কিন্তু পরদিন যথন আমরা বিজবহার মন্দিরে অবতরণ
করিলাম—ইতিমধ্যেই সেধানে অমরনাথবাত্রীর ভিড় লাগিয়া গিয়াছে—তথন
তিনি আমাদের সঙ্গে কিছুক্ষণের জন্তু মিলিত হইতে সক্ষম হইয়াছিলেন।
'শীত্র সারিয়া উঠা এবং শীত্র অহ্থে পড়া'—চিরকালই তাঁহার বিশেষত্ব ছিল,
এ-কথা তিনিও নিজের সম্বন্ধে বলিতেন। উহার পর, দিবসের অধিকাংশ
সময়ই তিনি আমাদের সহিত ছিলেন, এবং অপরাত্রে আমরা ইসলামাবাদ
পৌছিলাম।

সেই দিন বৈকালে গোধ্লির সময় আচার্যদেব ধীরামাতা ও জয়াকে নিজের সম্বন্ধে বলিতেছেন। তিনি তৃই টুকরো পাথর হাতে লইয়া বলিতেছিলেন, 'ক্ছ অবস্থায় আমার মন এটা ওটা সেটা লইয়া থাকিতে পারে, অথবা আমার সম্বন্ধের জোর কমিয়া গিয়াছে মনে হইতে পারে, কিছ এতটুকু যন্ত্রণা বা পীড়া আহ্বক দেখি, ক্ষণিকের জন্তও আমি মৃত্যুর সামনা-সামনি হই দেখি, অমনি আমি এই রকম শক্ত হইয়া যাই'—বলিয়া পাথর ত্থানিকে পরম্পর ঠুকিলেন—'কারণ আমি উখরের পাদপদ্ম স্পর্শ করিয়াছি।'

গাছগুলির নীচে ঘাসের উপর বিদয়া আমরা নানা কথা কহিতে লাগিলায়, এবং ত্-একঘটা আধা-হাজা আধা-গন্তীর কথাবার্তা চলিল। বৃন্দাবনে বানরগুলা কিরুপ তৃষ্টামি করিতে পারে, তাহার অনেক বর্ণনা ভনিলাম। এবং আমরা নানা প্রশ্ন করিয়া জানিতে পারিলাম বে, পরিপ্রাক্তক-জীবনে তৃইটি বিভিন্ন ঘটনার বিপদে বে সাহাষ্য আসিতেছে, স্বামীলী ভাহা পূর্ব হইতে জানিতে পারিয়াছিলেন, এবং ভবিয়ৎ দর্শন সত্য হইয়াছিল। একবার তিনি কয়েক দিন ধরিয়া কিছু খাইতে পান নাই, এক রেল স্টেশনে ক্লান্তিতে মুভকর হইয়াঁ পড়িয়াছিলেন; এমন সময়ে সহসা তাহার মনে হইল বে, তাহাকে উঠিয়া কোন একটি রাজা দিয়া ঘাইতে হইবে, আর সেখানে ভিনি একজন লোকের দেখা পাইবেন, বে তাহাকে সাহাষ্য করিবে। ভিনি তদস্পারে কার্ব করিলেন এবং এক থালা থাবার-হাতে একজন লোকের দেখা পাইলেন। এই বাজি তাহার নিকটে আসিয়া তাহাকে ভাল কয়িয়া নিরীক্ষণ করিল এবং জিজাসা করিল, 'বাহার নিকট আমি প্রেরিও হইয়াছি, আপনিই কি ভিনি ?'

তারপরে একটি শিশু আমানিগের নিকট আনীত হইল, তাহার হাত থ্ব কাটিয়া গিয়াছে। স্বামীজীও বৃদ্ধামহলে প্রচলিত একটি ঔষধ প্রয়োগ করিলেন। কৃতস্থানটি ভিনি জল দিয়া ধুইয়া, রক্ত পড়া বন্ধ করিবার জন্ত এক টুকরা কাপড় প্রভাইয়া তাহার ছাই উক্তহানে চাপাইয়া দিলেন। গ্রামবাদিগণ আখন্ত হইয়া শান্ত হইল, এবং সেই রাত্রির মতো আমাদের গল্প গুজ্ব বন্ধ হইল।

২৩শে জুলাই। পরদিন প্রাতঃকালে হরেক রকমের একদল কুলি আমাদিগকে মার্তণ্ডের ধ্বংসাবশেষ দেখাইতে লইয়া বাইবার জন্ম আপেল গাছ-গুলির নীচে একত্র হইয়াছিল। মার্তণ্ডমন্দির এক অভ্ত প্রাচীন সৌধ। উহাতে স্পষ্টই মন্দিরের অপেকা মঠের লক্ষণ অধিক। উহা এক অপূর্ব হানে অবস্থিত এবং বে-সকল বিভিন্ন যুগের মধ্য দিয়া উহা প্রীর্হ্মি লাভ করিয়াছিল, ঐগুলির বিভিন্ন নির্মাণপদ্ধতির স্পষ্ট একত্র সমাবেশ বশভই উহা আকর্ষণীয় হইয়াছিল। স্পর্বান্তের আলোর অশ্বপৃষ্ঠে প্রত্যাবর্তন অভি রমণীয় হয়। পূর্ব এবং পরদিনের এই সমস্ত সময়ের মধ্যে বে-সকল কথোপকথন হইয়াছিল, ভাহাদের কিছু কিছু অংশ এখনও মনে পড়িতেছে:

'কোন জাতিই, তা ববনই (Greek) হউন বা অন্ত কোন জাতিই হউন, কোন কালে জাপানীদের জায় খদেশপ্রেমের পরাকাষ্ঠা দেখাইয়া যান নাই। তাঁহারা কথা লইয়া থাকেন না, তাঁহারা কাজে করেন—দেশের জন্ত সর্বস্থ বিসর্জন দেন। আজকাল জাপানে এমন সব জমিদার আছেন—যাঁহারা সাম্রাজ্যের একত্ব-বিধানকল্পে বিনা বাক্যব্যয়ে তাঁহাদের জমিদারি ছাড়িয়া দিয়া ক্ষিজীবী হইয়াছেন।' আর জাপান্যুদ্ধে একটিও বিশাস্থাতক পাওয়া যায় নাই। একবার সেটা ভাবিয়া দেখ।'

আবার কভকগুলি লোক ভাবপ্রকাশে অক্ষয—এই প্রসক্ষে বলিলেন, 'আমি বরাবর লক্ষ্য করিয়াছি ষে, লাজুক ও চাপা লোকেরা উদ্ভেজিত হইলে সবচেয়ে বেশী আহুরিক-ভাবাপর হইয়া থাকে।'

আর একবার সন্মাসজীবনের ও ব্রহ্মচর্বের বিধিনির্দেশ-প্রসঙ্গে স্পষ্টই বলিয়াছিলেন, 'ধন্মান্তিকৃহিরণাং রসেন গ্রাহ্মং চ স আত্মহা ভবেৎ'—বে সন্মাসী সকামভাবে ক্ষর্ব গ্রহণ করে, সে আত্মঘাতী ইত্যাদি।

अश्वानी সামুরাইগণ উাহাদের জনিদারি ছাড়িয়া দেন নাই। উাহাদের য়াজনীতিক বিশেষ বিশেষ অধিকারগুলি ছাড়িয়া দিয়াছিলেন য়াত্র।—নিবেদিতা

২৪শে জুলাই। অন্ধার রাজি এবং অরণ্যানী, জ্বরাজিভলে পাইন কার্চের এক বৃহৎ অগ্নিকুও, ছই ভিনটি তাঁবু অন্ধলারের মধ্যে দালা হইয়া দুওায়মান, দুরে অগ্নিকুওপার্থে উপবিষ্ট ভূতাগণের আকৃতি ও কণ্ঠবর এবং তিনটি শিক্তদহ আচার্বদেব—পরবর্তী চিত্রটি এইরপই। সহসা আচার্ব-দেব আমাদের মধ্যে একজনের দিকে ফিরিয়া বলিলেন, 'কই, তুমি ভো আজকাল ভোমার ইন্থলের কোন কথা বলো না, তুমি কি মাঝে মাঝে উহার কথা ভূলিয়া বাও?' পরে বলিতে লাগিলেন, 'দেখ, আমার ভাবিবার ঢেক জিনিস রহিয়াছে। একদিন আমি মাজাজের দিকে মন দিই, আর পেখানকার কাজের কথা ভাবি। আর একদিন আমি সব মনটা আমেরিকা বা ইংলও বা সিংহল অথবা কলিকাভায় দিই। এক্ষণে আমি ভোমার ইন্থলের কথা ভাবিতেছি।'

পরীকা করিয়া দেখিবার নিমিত্ত একটি অস্থায়ী কার্ব-প্রণালী বে অনেক চিন্তার পর স্থির হইয়াছে, উহার প্রারম্ভ বে সামাত্ত হইবে, শেষ পর্বস্ত সর্বগ্রাহী প্রসারতার ভাব বাতিল করিবার ঝোঁক এবং সমগ্র শিক্ষাদানচেষ্টাটকে বে ধর্মজীবনের উপর এবং প্রারমক্ত্ব-পূজার উপর প্রতিষ্ঠিত করিবার দৃঢ়সঙ্ক হইয়াছে—এই সমস্ত কথা তিনি মনোধোগের সহিত শুনিয়া বলিলেন:

তৃমি সেই উৎসাহ বজায় রাখিবার জন্মই সাম্প্রদায়িক ভাব আশ্রম করিবে, নয় কি ? সমন্ত সম্প্রদায়ের পারে চলিয়া যাইবার জন্ম তৃমি একটি সম্প্রদায় স্ট করিবে। হাঁ, আমি বুঝিতে পারিয়াছি।

কতকগুলি বাধা স্পষ্টতঃ থাকিবেই থাকিবে। নানা কারণে প্রস্তাবিত আয়তনে হয়তো অমুষ্ঠানটি প্রায় অসম্ভব শুনায়। কিন্তু এই মৃহুর্তে শুধু এই টুকু লক্ষ্য রাখিতে হইবে বেন অমুষ্ঠানটি ঠিক ঠিক ভাবে সকল করা হয়, এবং কার্য-প্রণালী নির্দোষ হইলে উপায় উপকরণাদি জুটিবেই জুটবে।—সব শুনিয়া তিনি একটু চুপ করিয়া রহিলেন, পরে বলিলেন:

তৃমি আমাকে ইহার সমালোচনা করিতে বলিডেছ, কিন্ত তাহা আমি করিতে পারিব না। কারণ, আমি ডোমাকে ঐশী শক্তিতে অহপ্রাণিত—আমি বডটা অহপ্রাণিত ঠিক ডডটা অহপ্রাণিত—বলিয়া মনে করি। অস্তান্ত ধর্মে এবং আমাদের ধর্মে এইটুকুই প্রভেদ। অস্তান্ত ধর্মাবলন্বিগণ বিশান করেন বে, ঐ-সকল ধর্মের সংস্থাপকগণ ঐশী শক্তিতে অহপ্রাণিত, আমরাও ঐশ

বিশাস করিয়া থাকি। কিছু আমিও ভো তাঁহারই মতো অনুপ্রাণিড আর ভূমিও আমারই মতো, আবার ডোমার পরে ডোমার বালিকারা এবং তাহাদের শিদ্যাগণও সেইরূপ হইবে। স্বতরাং ভূমি বাহা স্বাণেক্ষা ভাক বলিয়া বিবেচনা করিতেছ, আমি তাহাই করিতে ডোমাকে সাহাব্য করিব।

তারপর ধীরামাতা এবং জয়ার দিকে ফিরিয়া বলিতে লাগিলেন, যে শিয়াটি নারীদের উমতি-বিধানের প্রতিনিধিরপে দাঁড়াইবেন, তাঁহার উপর তিনি পাশ্চাত্যদেশে গমনকালে যে কি মহান দায়িত অর্পণ করিয়া খাইবেন! উহা যে পুরুষগণের জয় যে-কার্য জয়ার্টিত হইবে তদপেক্ষা গুরুতর দায়িত্বপূর্ণ হইবে তাহাও বলিলেন। আমাদের মধ্যে উক্ত সেবিকাটির (worker) দিকে ফিরিয়া আরও বলিলেন, 'হা, তোমার বিখাস আছে, কিছু যে জলম্ভ উৎসাহ দরকার—তাহা তোমার নাই। তোমাকে 'দথেজনমিবানলম্' হইতে হইবে। শিব! শিব!'—এই বলিয়া মহাদেবের আশীর্বাদ প্রার্থনা করিয়া তিনি আমাদিগের নিকট হইতে রাত্রির মতো বিদায় লইলেন এবং আমরাও অনতিবিলম্বে শয়ন করিলাম।

২৫শে জুলাই। পরদিন প্রাতঃকালে আমরা তাঁবুগুলির মধ্যে একটিতে সকাল সকাল প্রাতরাশ সম্পন্ন করিয়া অচ্ছাবল পর্যন্ত চলিলাম। আমাদের মধ্যে একজন অপ্র দেখিয়াছিলেন বে, কতকগুলি পুরাতন রম্ম হারাইয়া গিয়াছিল, সেগুলি পুনরায় পাওয়া গিয়াছে, তথন তাহাদের সবগুলিই উজ্জ্বল ও নৃতন হইয়া গিয়াছে। কিছ স্বামীজী ঈষৎ হাস্ম করিয়া এই গল্প বলা বন্ধ করিয়া দিলেন এবং বলিলেন, 'অমন ভাল অপ্রের কথা বলিতে নাই!'

অচ্ছাবলে আমরা জাহাদীরের আরও অনেক বাগান দেখিতে পাইলাম।

আমরা বাগানগুলির চারিধারে বেড়াইলাম এবং একটি স্থির জলাশয়ে সান করিলাম। পরে আমরা প্রথম বাগানটিতে মধ্যাহ্নের পূর্বের জলযোগ সম্পক্ষ করিলাম, এবং বৈকালে অখপুঠে ইসলামাবাদে নামিয়া আদিলাম।

উক্ত জনবোগ-কালে বধন সকলে বিদিয়াছিলাম, তথন স্বামীকী তাঁহার কলাকে তাঁহার সলে অমরনাথ-গুহায় যাত্রা করিবার এবং তথায় মহাদেবের চরণে নিবেদিত হওরার জল্প আহ্বান করিলেন। ধীরামাতা সহাত্তে অহমতি দিলেন, এবং পরবর্তী অর্থঘন্টা উল্লাস ও আনন্দ-জ্ঞাপনে অতীত হইল। ইতি-পূর্বেই বন্দোবন্ত হইয়াছিল বে, আমরা সকলেই পহলগাম পর্যন্ত বাইব এবং নেখানে স্বামীজীর তীর্থবাত্তা হইতে প্রত্যাবর্তন পর্যন্ত অপেকা করিছ। স্থতরাং আমরা সেইদিন সন্ধ্যার সময় নৌকাগুলিতে পৌছিয়া জিনিসপত্ত গুছাইয়া লইলাম এবং পত্তাদি লিখিলাম। প্রদিন বৈকালে বঙ্গান যাত্রা করিলাম।

20

স্থান—কাশ্মীর (অমরনাথ) কাল—২৯শে জুলাই হইতে ৮ই অগস্ট

২৯শে জ্লাই। এই সময় হইতে আমরা স্বামীজীকে থ্ব কমই দেখিতে পাই। তিনি তীর্থবাত্রা সম্বন্ধে থ্ব উৎসাহান্তিত ছিলেন, বেশীর ভাগ একাহারী হইরা থাকিতেন, এবং সাধুসদ্ধ ভিন্ন অন্ত সদ্ধ বড় একটা চাহিতেন না। কোথাও তাঁবু থাটানো হইলে কথন কথন তিনি মালা হাতে সেধানে আদিতেন। বওয়ান জারগাটি একটি পল্লীগ্রামের মেলার মতো—সমন্তটির উপর একটি ধর্মভাবের ছাপ রহিয়াছে, আর পুণ্য কুণ্ডলি ঐ ধর্মভাবের কেন্দ্রন্থরণ। ইহার পর আমরা ধীরামাভার সহিত তাঁবুর নারের নিকট গিয়া যে বহুসংখ্যক হিন্দীভাষী সাধু স্বামীজীকে প্রশ্নের পর প্রশ্ন করিতেছিলেন, তাঁহাদের কথাবার্তা শুনিতে সক্ষম হইয়াছিলাম।

বৃহস্পতিবারে আমরা পহলগামে পৌছিলাম; উপত্যকাটির নিমপ্রাম্থে আমাদের ছাউনি পড়িল। দেখিলাম যে, আমাদিগকে আদে চুকিতে দেওয়া হইবে কিনা, সে-বিষয়ে খামীজীকে গুরুতর আপত্তিসমূহ নিরাকরণ করিতে হইতেছে। নাগা সাধুগণ তাঁহাকে সমর্থন করিতেছিলেন। তাঁহাদের মধ্যে একজন বলিলেন, 'বামীজী, ইহা সত্য বে আপনার শক্তি আছে, কিছ তাহা প্রকাশ করা আপনার উচিত নহে!' বলিবামাত্র খামীজী চুপ করিয়া গেলেন! যাহা হউক, সেদিন অপরাত্রে তিনি তাঁহার কল্পাকে আমিবাদলাতে ধল্ল হইবার জন্ত, ছাউনির চারিধারে খ্রাইয়া আনিলেন,—প্রকৃতপক্ষে উহা ভিকাবিতরণ ভিন্ন আর কিছুই ছিল না। আর, লোকে

তাঁহাকে ধনী ঠাওরাইয়াছিল বলিয়াই হউক, অথবা ভাঁহাকে শক্তিমান্ বলিয়া বুবিয়া লইয়াছিল বলিয়াই হউক, প্রদিব্দ আমাদের ভাঁবৃটি ছাউনির পুরোভাগে একটি মনোহর পাহাড়ের উপর তুলিয়া লওয়া হইয়াছিল।

পরবর্তী বিশ্রামন্থান চন্দনবাড়ি বাইবার রাস্তাটি কি স্ক্রনর! চন্দনবাড়ির একটি গভীর গিরিবছোর কিনারায় আমরা ছাউনি ফেলিলাম। সমস্ত বৈকাল ধরিরা বৃষ্টি হইরাছে, এবং স্বামীলী মাত্র পাঁচ মিনিটের কথাবার্তার অক্ত আমার সহিত দেখা করিতে আসিয়াছিলেন।

চন্দনবাজির সন্নিকটে স্বামীজী জেদ করিলেন, ইহাই আমার প্রথম তুষারবদ্ম, অতএব আমাকে উহা খালি পার অতিক্রম করিতে হইবে। জ্ঞাতব্য প্রত্যেকটি পুঁটিনাটির উল্লেখ করিতে ভিনি ভূলিলেন না। ইহার পরেই বহুসহস্রফুট-ব্যাপী এক বিকট চড়াই আমাদের ভাগ্যে পড়িল। ভারপর এক সক পথ, পাহাড়ের পর পাহাড় ঘুরিয়া আঁকিয়া বাঁকিয়া চলিয়াছে; সেই দীর্ঘ পথ ধরিয়া চলিলাম; এবং সর্বশেষে আর একটি খাড়া চড়াই। প্রথম পর্বতটির উপরিভাগের জমিটিকে একজাতীয় কৃত্র কৃত্র বাস (Edelweiss) ঠিক বেন গালিচা দিয়া মুড়িয়া রাখিয়াছে। তারপরে রান্ডাট শেষনাগ হইতে পাঁচশত ফুট উচ্চ দিয়া চলিয়াছে। শেষনাগের অল গতিহীন। অবশেষে আমরা তৃষারমণ্ডিত শিধরগুলির মধ্যে ১৮০০০ ফুট উচ্চে এক ঠাণ্ডা দ্যাভদেঁভে জায়গায় ছাউনি ফেলিলাম। ফার গাছগুলি বহু নিয়ে ছিল, স্বতরাং সারা বৈকাল ও সন্ধাবেলা কুলিরা চারিদিক হইতে জুনিপার গাছ সংগ্রন্থ করিতে বাধ্য হইয়াছিল। স্থানীয় তহসিলদারের, স্বামীজীর এবং আমার তাঁবুগুলি থ্ব কাছাকাছি ছিল; সন্ধাবেলায় সমু্ধভাগে এক বৃহৎ অগ্নি প্রজ্ঞানিত হইল। আমাদের ছাউনি পড়িবার পর আমি আর স্বামীজীকে দেখি নাই।

পাঁচটি তটিনীর সন্মিলনম্বল 'পঞ্চতরণী' বাইবার রাস্তা এতটা দীর্ঘ ছিল না।
অবিকন্ধ ইহা শেবনাগ অপেকা নীচু এবং এখানকার ঠাণাও বেশ শুদ্ধ
ও প্রীতিপদ। ছাউনির সম্থা এক কর্মময় শুদ্ধ নদীগর্জ, উহার মধ্য দিয়া
পাঁচটি তটিনী চলিয়াছে। ইহাদের সক্সপ্তলিতেই—একটির পর অপরটিতে ভিজা
কাপড়ে হাঁটিয়া গিয়া বাত্তিগণের স্থান করার বিধি। সম্পূর্ণরূপে লোকের নজর
এড়াইয়া স্থামীজী কিন্তু এ-বিষয়ক নির্মটি স্ক্রের স্ক্রের পালন করিয়াছিলেন।

এই সকল উচ্চ স্থানে প্রায়ই দেখিতান বে, আমরা তুষার-শৃত্যানির মহান্ পরিধির মধ্যে রহিয়াছি,—এই নির্বাক বিপুলায়তন পর্বভঞ্জিই হিন্দুমনে ভন্মান্থিত ভগবান্ শহরের ভাব উত্তেক করিয়া দিয়াছে।

২রা অগঠ। ২রা অগঠ মললবার, অমরনাথের সেই মহোৎসর দিনে আমরা পূর্ণিমার জ্যোৎসালোকে যাত্রা করিলাম। সঙ্কীর্ণ উপত্যকাটিতে পৌছিলে স্র্যোদয় হইল। রাভার এই অংশটিতে যাতায়াত বে খুব নিরাপদ ছিল, তাহা নয়। কিন্ত যথন আমরা ভাণ্ডি ছাড়িয়া চড়াই করিতে আরম্ভ করিলাম, তথনই প্রকৃত বিপদের স্ত্রপাত হইল। কোনমতে ওপারের উতারটির তলদেশে পৌছিয়া আমাদিগকে অমরনাথের ওহা পর্যন্ত করাশের পর ক্রোশ তুষারবত্মের উপর দিয়া বছকটে যাইতে হইয়াছিল।

ক্লান্ত হইয়া স্বামীনী ইতিমধ্যে পিছনে পড়িয়াছিলেন। অনেক বিলছে তিনি আদিয়া পৌছিলেন, এবং 'সান করিতে বাইতেছি' মাত্র এই কথা বলিয়া আমাকে অগ্রসর হইতে বলিলেন। অর্থ ঘণ্টা পরে তিনি গুহামধ্যে প্রবেশ করিলেন। সন্মিতবদনে তিনি প্রথমে অর্থবৃত্তটির এক প্রান্তে, পরে অপর প্রান্তটিতে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিলেন। স্থানটি বিশাল ছিল, এত বড় বে, সেখানে একটি গির্জা ধরিতে পারে, এবং স্বর্হৎ তুষারময় শিবলিলটি প্রগাঢ়চ্ছায় এক গহরের অবস্থিত থাকায় যেন নিজ সিংহাসনেই অধিরুচ্ বিলাম মনে হইতেছিল। কয়েক মিনিট কাটিয়া বাইবার পর তিনি গুহা ত্যাগ করিবার উত্যোগ করিলেন।

তাঁহার চক্ষে যেন স্বর্গের বারসমূহ উদ্ঘাটিত হইয়াছে। তিনি সদাশিবের শীপাদপদ্ম স্পর্শ করিয়াছেন। পরে বলিয়াছিলেন—পাছে তিনি 'মূর্ছিড হইয়া পড়েন' এইজয় নিজেকে শক্ত করিয়া ধরিয়া রাখিতে হইয়াছিল। কিন্ত তাঁহার দৈহিক ক্লান্তি এত অধিক হইয়াছিল বে, জনৈক ডাজার পরে বলিয়াছিলেন—তাঁহার ক্রংপিণ্ডের গভিরোধ হইবার সম্ভাবনা ছিল, কিন্ত তংপরিবর্তে উহা চিরদিনের মতো বর্ধিভায়তন হইয়া গিয়াছিল। তাঁহার শুফদেবের সেই কথাগুলি কি অভুতভাবে প্রায় সফল হইয়াছিল, 'ও বখন নিজেকে জানতে পারবে, তখন আর এ শরীর রাখবে না!'

আধ্বণ্টা পরে নদীর ধারে একখানি পাথরের উপর বসিয়া সেই সহাদয় নাগা সন্মাসী এবং আমার সহিত জলবোগ করিতে করিতে স্বামীজী বলিলেন, 'আৰি কি আনন্দই উপভোগ করিয়াছি! আমার মনে হইডেছিল বে, ভুবাবলিকটি লাকাং শিব। আর দেখানে কোন বিভাগহারী আন্ধণ ছিল না, কোন ব্যবসা ছিল না, থারাপ কোন কিছু ছিল না। [দেখানে] কেবল নিরবছির পূজার ভাব। আর কোন তীর্থকেতেই আমি এত আনন্দ উপভোগ কমি নাই।'

পরে ভিনি প্রারই আমাদিগকে ভাঁহার সেই চিডবিহনকারী দর্শনের কথা বলিভেন; উহা বেন ভাঁহাকে একেবারে শীর ঘূর্ণাবর্ডের মধ্যে টানিরা লইবে বলিরা বোধ হইরাছিল। ভিনি খেড তুবারলিকটির কবিথের বর্ণনা করিতেন, এবং ভিনিই ইন্সিত করিলেন, একদল মেবপালকই উক্ত ছানটি প্রথম আবিকার করিরাছে। কোন এক নিদাঘ-দিবসে ভাহারা নিজ নিজ মেবযুথের লজানে বহুদ্রে গিরা পড়িরাছিল এবং এই গুহার মধ্যে প্রবেশ করিয়া দেখে বে, ভাহারা অপ্রব-তুবাররপী সাক্ষাৎ প্রীভগবানের সায়িধ্যে আসিরা পড়িরাছে। ভিনি সর্বদা ইহাও বলিভেন, 'সেইখানেই অমরনাথ আমাকে ইচ্ছামৃত্যু বর দিরাছেন।' আর আমাকে ভিনি বলিলেন, 'তুমি এক্ষণে ব্রিভেছ না; কিছ ভোমার ভীর্থবাত্রাটি সম্পন্ন হইয়াছে, এবং ইহার কল কলিভেই হইবে। কারণ থাকিলেই কার্য হইবে নিশ্চিত। তুমি পরে আরও ভাল করিয়া ব্রিভে পারিবে। ফল অবশুভাবী।'

পরদিন প্রাতঃকালে আমরা যে রাতা দিয়া পহলগামে প্রত্যাবর্তন করিলাম, তাহা কি স্থলর রাতা! সেই রজনীতে তাঁবুতে ফিরিয়া আমরা তাঁবু উঠাইলাম এবং অনেক পরে পুরা এক চটিভর রাতা চলিয়া একটি তুষারময় গিরিসকটে রাত্রির জন্ত ছাউনি ফেলিলাম। এইখানে আমরা একজন কুলীকে কয়েক আনা পরসা দিয়া একখানি চিঠি লইয়া আগে পাঠাইয়া দিলাম, কিছ পরদিন মধ্যাহে পৌছিয়া দেখিলাম বে, ইহার কোনই প্রয়োজন ছিল না। কারণ সমস্ত প্রাতঃকাল ধরিয়া যাত্রিগণ দলে দলে আমাদের তাঁবুর নিকট দিয়া বাইবার সময় নিতান্ত বন্ধুভাবে, অপর সকলকে আমাদের সংবাদ দিবার জন্ত, এবং আময়া বে খুব শীঘ্রই আসিতেছি—এই কথা জানাইবার জন্ত, আমাদের ভন্ত লইয়া বাইতেছিল। প্রাতঃকালে প্রেলিয়ের বহু প্রেই আময়া পারোখান করিয়া পথ চলিতে আরম্ভ করিলাম। সম্বর্থে প্র উদিত হইতেছেন এবং পশ্চাতে চক্র অন্ত বাইতেছেন, এমন সময়ে আময়া হতিয়ার তলাও

(Lake of Death) নামক হলের উপরিভাগের রাজা দিরা চলিতে লাগিলার। এই সেই হল—বেধানে এক বংসর প্রায় চরিশ জন বাত্রী তাহাদেরই জোত্র-পাঠের কম্পনে স্থানচ্যত একটি তুবারপ্রবাহ (avalanche) কর্তৃক সবেগে নিক্ষিপ্ত হইরা নিহত হইরাছিল! একটি ক্তুর পগ্ডাত্তী পথ ধাড়া পাহাড়ের গা দিরা নীচে নামিরাছে। অতঃপর আমরা তথার উপস্থিত হইলাম এবং ঐ পথে চলিয়া দ্রম্ব বথেই কমাইতে সমর্থ হইরাছিলার। ঐ পথ সকলকেই পারে হাঁটিয়া তাড়াতাড়ি কর্টেস্টে ঠেলাঠেলি করিয়া অভিক্রম করিতে হইরাছিল। তলদেশে গ্রামবাদিগণ প্রাতঃকালীন জলবোগের মতন একটা কিছু প্রস্তুত রাধিরাছিল। স্থানে স্থানে অয়ি প্রজ্ঞলিত ছিল, চাপাটি সেঁকা হইতেছিল, এবং চা-ও প্রস্তুত ছিল, তথু ঢালিলেই হুইল। এখন হুইতে ধেধানে বেধানে রাজা পৃথক্ হুইয়া গিয়াছে, সেইধানেই বাত্রিগণ দলে দলে মৃথ্য দল হুইতে পৃথক্ হুইয়া বাইতে লাগিল, এবং এই সারা পথ ধরিয়া আমাদের মধ্যে যে একটি একম্বের ভাব জয়িয়াছিল, তাহা ক্রমশঃ হ্রাস পাইতে লাগিল।

সেই দিন সন্ধার সময় পহলগামের উপরিভাগে আমরা এক গোল পাহাড়ের উপর পাইন কাঠের এক বৃহৎ অগ্নি প্রজালিত করিয়া এবং শভরঞ্জি বিছাইয়া গল্প করিতে লাগিলাম; আমাদের বন্ধু সেই নাগা সন্ধানীটি আমাদের সহিত যোগ দিলেন, এবং যথেষ্ট কৌতৃক-পরিহাসাদি চলিতে লাগিল। কিন্তু শীঘ্রই আমাদের ক্ষুত্র দলটি ব্যতীত আর সকলে চলিয়া গেল। আর আমরা বিনিয়া এই সব দৃশ্য উপভোগ করিতে লাগিলাম—উপরে চক্রদেষ হাসিতেছেন, ত্বারশৃক্তলি মাথা তুলিয়া দাঁড়াইয়া, নদী ধরবেগে প্রবাহিতা, এবং চারিদিকে অসংখ্য পার্বত্য পাইন বৃক্ষ।

৮ই অগন্ট। পরদিন আমরা ইসলামাবাদ যাত্রা করিলাম, এবং সোমবার প্রভাতে প্রাভঃকালীন জলযোগে বসিয়াছি, এমন সমরে মাঝিরা ৩৭ টানিয়া নৌকাগুলি নিরাপদে শ্রীনগরে আনিয়া লাগাইরা দিল। 22

ছান—প্রত্যাবর্জনের পথে (শ্রীনগর) কাল—>ই হইতে ১৩ই জাসট

কই অগট। এই সময়ে আচার্যদেব ক্রমাগত আমাদের নিকট বিদায় লইবার কথা বলিতেছিলেন। স্তরাং যথন আমি থাতায় 'রমতা লাধু বহতা পানি, ইস্মে ন কোই মৈল লথানি।'—এই বাক্যটি লিপিবছ দেখিতে পাই, তথন আমি লগাই আনি, ইহার অর্থ কি। 'বধনই আমায় কট সম্ভ করিতে হয় এবং তিক্ষোপজীবী হইতে হয়, তথনই আমি কত বেনী ভাল থাকি।' এই লাগ্রহ কাতরোজি, খাধীনতা এবং লাধারণ লোকের সঙ্গে মেলামেশার জন্ম তীব্র আকাক্রা, পদব্রকে খীয় দীর্ব দেশভ্রমণের চিত্রাছন এবং খরে ফিরিয়া বাইবার জন্ম পুনরায় আমাদিগের সহিত বারামুলায় লাকাৎ, এই লবই উহার অর্থ।

বে নৌকার মাঝিরা খামীজীর আপনার হইয়া গিরাছিল এবং বাহাদিগকে তিনি চুইটি ঋতু ধরিয়া সর্বতোভাবে সাহায্য করিয়া আসিয়াছেন, আজ ভাহারা আমাদিগের নিকট বিদায় সইল। সম্বন্ধতা এবং থৈর্বেরও খে বাড়াবাড়ি হইতে পারে, তাহারই প্রমাণস্ক্রপ পরে তিনি তাহার সহিত মাঝিদের সম্বন্ধণ সমগ্র ব্যাপারটি উল্লেখ করিতেন।

১০ই অগন্ট। সদ্যা হইয়া গিয়াছে। আমরা সকলে একজনের সহিড দেখা করিবার অক্স বাহির হইলাম। ফিরিবার সময় তাঁহার শিয়া নিবেদিভাকে তাঁহার দহিত ক্ষেতগুলির উপর দিয়া বেড়াইয়া আদিবার জ্য ভাকিলেন। তাঁহার কথাবার্তা সমন্তই স্থীশিক্ষা-কার্ব ও সে-বিবরে ভাহার অভিপ্রায় কি, এই-বিবরক ছিল। স্বদেশ এবং উহার ধর্মসমূহ সম্বন্ধে তাঁহার থারণা বে সম্বর্ম্পুক্, তাঁহার নিজের বিশেষত্ব তথু এইটুকু যে, ভিনি চাহেন—হিন্দুধর্ম নিজিয় না থাকিয়া সক্রিয় হউক এবং পরের উপর প্রভাব বিভায় করিয়া ভাহাদিগকে সমস্তে আনয়ন করিবার সামর্থ্য উহার থাকুক; ক্ষেবল অন্পৃত্যাকেই ভিনি অধীকার করিছেন, এই-স্ব সম্বন্ধে ভিনি বলিভে লাগিলেন। তৎপরে ভিনি গভীর ভাবের সহিত বাঁহারা খুব প্রাচীনপন্থী (Orthodox), তাঁহাদের অনেকের অসাধারণ ধর্মভাব সহত্বে বলিলেন। বলিলেন, 'ভারভের অভাব কার্কুশ্লভা (Practicality)। কিন্ধ সেজজ্ব

ভারত যেন কথনও পুরাতন চিস্তাশীল জীবনের উপর ভাহার অধিকার ছাড়িয়া না দেয়।'

'শ্রীরামকৃষ্ণ বলিয়াছেন, সমৃদ্রের স্থায় গভীর এবং আকাশের স্থায় উদার হওয়াই আদর্শ। কিন্তু প্রাচীনপন্থায় নিষ্ঠার আবরণে রক্ষিত হানরে এই যে গভীর অন্তর্জীবনের বিকাশ, ইহা কোন মুখ্য সম্পর্কের ফল নহে, গৌণ সম্পর্কের ফল নাত্র। আর যদি আমরা নিজেরা নিজেদের ঠিক করি, তাহা হইলে জগৎও ঠিক হইয়া যাইবে, কারণ আমরা সকলেই কি এক নহি? শ্রীরামকৃষ্ণ পরমহংস তাঁহার ভিতরের নিগৃঢ় তত্তগুলির পর্যন্ত পুঝাহুপুঝ খবর রাখিতেন; তথাপি বাহ্য দশায় তিনি পুরাদন্তর কর্মতৎপর ও কর্মপটু ছিলেন।'

অতঃপর তিনি গুরুপ্কারণ সেই জটিল প্রশ্নটি সম্বন্ধ বলিলেন, 'সামার নিক্ষের জীবন সেই মহাপ্রুষের চরিত্রের প্রতি প্রগাঢ় অফ্রাগ বারা চালিত কিন্তু এটি অপরের পক্ষে কতদ্র ধাটিবে, তাহা প্রত্যেকে নিজেনিজেই ঠিক করিয়া লইবে। অতীন্ত্রিয় তত্ত্বকল শুধু বে একজন লোকের মধ্য দিয়াই অগতে প্রসারিত হয়, এমন নহে।'

১১ই অগন্ট। এই দিন করকোঠা দেখার জন্ম আমাদের মধ্যে একজনকে স্থামীজীর নিকট ভর্ৎদান সহ্য করিতে হইয়াছিল। তিনি বলিলেন, 'এ জিনিসটাকে সকলেই চায়, তবু সমগ্র ভারত ইহাকে হেয় জ্ঞান করে, দ্বণা করে।' একজনের একটু বিশেষ ওকালতির উত্তরে বলিলেন, 'চেহারা দেখিয়া চরিত্র বলিয়া দেওয়াও আমি সমর্থন করি না। বলিতে কি, ভোমাদের অবভার এবং তাঁহার শিশ্ববর্গ বদি সিদ্ধাইগুলা না দেখাইতেন, তাহা হইলে আমি তাঁহাকে আরপ্ত বেশী সভ্যসদ্ধ বলিয়া মনে করিতাম। এই কার্থের জন্ম বৃদ্ধ এক ভিক্তকে সংঘ্চাত করিয়াছিলেন।'

১২ই ৪১৩ই অগঠ। স্বামীলী আজকাল একজন ব্রাহ্মণ পাচক রাখিয়াছেন।
একজন ম্সলমান পর্বস্থ তাঁহাকে রাঁধিয়া দিতে পারে, তাঁহার এইরূপ অভি-প্রায়ের বিরুদ্ধে অমরনাথবাত্রী সাধুগণের তর্কগুলি বড়ই মর্মন্দর্শী ছিল। তাঁহারা বলিয়াছিলেন, 'অস্কতঃ শিখদের দেশে এটি করিবেন না, স্বামীলী!' এবং তিনিও অবশেষে সম্মতি দিয়াছিলেন। কিন্তু উপস্থিত তিনি তাঁহার ম্সলমান মাঝির শিশু কল্লাটকে উমারূপে পূলা করিতেছিলেন। ভালবাসা বলিতে সে তুর্বেবা করা ব্রিত, এবং স্বামীলীর কান্মীর ত্যাগের দিনে নেই ক্তু শিশু

ভাঁহার জন্ত একথাল আপেল সানন্দে নিজে সমস্ত পথ হাঁটিয়া টলায় তুলিয়া দিয়া গিয়াছিল। স্বামীজীকে তৎকালে সম্পূৰ্ণ উদাসীন বােধ হইলেও ভিনি বালিকাকে কথনও ভূলিয়া বান নাই। কাশ্মীরে থাকিতে থাকিতেই তিনি একদিনকার কথা প্রায়ই সানন্দে শ্বন করিতেন। বালিকা সে দিন নােকার গুণ টানিবার রান্ডায় একটি নীলবর্ণের ফুল দেখিতে পায়, এবং সেখানে বসিয়া উহাকে একবার এধারে, একবার ওধারে আঘাত করিতে করিতে কৃত্তি মিনিট কাল সেই ফুলটির সহিত একাকী কাটায়।

নদীতটে একখণ্ড জমি ছিল, তাহার উপর তিনটি চেনার গাছ জন্মিয়াছিল।
ইহাদের কথা ভাবিলেই আমরা এই সময়ে এক বিশেষ আনন্দ অমুভব
করিতাম। কারণ কাশ্মীরের মহারাজা স্বামীজীকে উহা দিবার জন্ত উৎস্ক
হইয়াছিলেন এবং আমাদের যে ভাবী কার্যে 'দেশের লোকের ঘারা, দেশের
লোকের জন্ত, এবং দেবক ও সেব্য—উভয়েরই প্রীতিকর'—এই মহান্ ভাব
ক্রপায়িত হইবে, উক্ত স্থানটিকে তাহারই এক কর্ম-কেন্দ্র বলিয়া আমরা সকলে
এক মানসচিত্র অহিত করিলাম।

নারীগণই গৃহনির্মাণস্থানের মাকলিক কার্য বিধান করিবেন, ভারতে প্রচলিত এই ধারণা জানা থাকায় একজন বলিয়া উঠিলেন, আমরা উক্ত ছানে গিয়া কিছুক্লণের জন্ত ছাউনি ফেলিয়া উহাকে দখল করিয়া লইলে কিরূপ হয় ? উক্ত স্থান ইওরোপীয়গণ কর্তৃক ব্যবস্থত ছাউনি ফেলিবার ছোটখাট স্থানগুলির মধ্যে অম্প্রতম ছিল বলিয়া ইহা সম্ভব হইয়াছিল।

>2

স্থান—চেনার-তলে ছাউনি, প্রীনপর কাল—১৪ই অগস্ট হইতে ২০শে সেপ্টেম্বর

১৪ই অগন্ট—তরা সেপ্টেম্বর। রবিবার প্রাক্তংকাল; পরবর্তী অপরাঙ্কে আমাদের সনির্বন্ধ অম্বরোধে স্বামীজী আমাদের সহিত চা পান করিতে আসিতে সমত হন। একজন ইওরোপীয়ের সহিত সাক্ষাৎ করাই ছিল উদ্দেশ্য। তিনি বেদান্তের একজন অম্বরাগী বলিয়া বোধ হইয়াছিল। এ-বিষয়ে স্বামীজীর কিন্তু কোন উৎসাহ দেখা গেল না। তিনি ঐ জিজ্ঞাম্বকে ব্রাইবার জন্ম যৎপরোনান্তি কেশ স্থীকার করিয়াছিলেন বটে, কিন্তু তাহার চেটা একেবারেই নিম্ফল হইয়াছিল। অন্যান্ত কথার সঙ্গে তিনি বলিয়াছিলেন, 'আমি তো চাই—নিয়মলজ্মন করা সন্তব হউক, কিন্তু তাহয় কই ? যদি পত্য সত্যই আমরা কোন নিয়মের ব্যতিক্রম করিতে সমর্থ হইতাম, তাহা হইলে তো আমরা মৃক্ত হইয়া বাইতাম। বাহাকে আপনি নিয়ম-ভন্দ বলেন, উহা তো অন্য এক প্রকারে নিয়মপালন মাত্র।' তৎপরে তিনি ত্রীয় অবয়া সম্বন্ধ ক্রুব্রাইতে চেটা করিলেন। কিন্তু বাহাকে তিনি কথাগুলি বলিলেন, তাঁহার শুনিবার কান ছিল না।

১৬ই সেপ্টেম্বর। মঞ্চলবারের দিন তিনি আর একবার মধ্যাহন্তাজনে আমাদের ক্ষুত্র ছাউনিতে আসিলেন। অপরাহ্নে এমন জোরে বৃষ্টি শুক্র হইল বে, তাঁহার ফিরিয়া যাওয়া হইল না। নিকটে একথানি টভের 'রাজস্থান' পড়িয়াছিল, তাহাই উঠাইয়া লইয়া কথায় কথায় মীরাবাঈ-এয় কথা পাড়িলেন। বলিলেন, 'বাঙলার আধ্নিক জাতীয় ভাবসমূহের হুই-ভূতীয়াংশ এই বইখানি হইভে গৃহীত।' বাহার সকল অংশই উভয় এমন 'টভে'র মধ্যে—মিনি রানী হইয়াও রানীম্ব পরিত্যাগ করিয়া কৃষ্ণ-প্রেমিকাগণের সঙ্গে পৃথিবীতে বিচরণ করিতে চাহিয়াছিলেন, সেই মীরাবাঈ-এর গল্লটি তাঁহার সর্বাপেকা প্রিয় ছিল। তিনি বে শরণাগতি, প্রার্থনাপরতা ও সর্বলীবে দেলা প্রচার করিয়াছিলেন, উহা বে প্রীটেডক্তপ্রচারিত 'নামে ক্লচি জীবে দল্লা'র বিরোধী, তাহাও উল্লেখ করিলেন। মীরাবাঈ আমীজীর অক্তমে প্রধান প্রেরণালানী। বিধ্যাত দক্ষ্যব্রের হঠাৎ স্বভাব-

শরিবর্তন, এবং শেষে প্রীকৃষ্ণ আবিভূতি হইয়া তাঁছাকে বিগ্রহে গীন করিয়া কেলিলেন—এইসব গল্পের কথা লোকে অক্তান্ত স্ত্রে অবগত আছে, দেগুলিকে তিনি মীরাবাঈ-এর গল্পের অন্তর্ভুক্ত করিতেন। একবার তিনি মীরাবাঈ-এর একটি গীত আর্ত্তি এবং অহুবাদ করিয়া একজন মহিলাকে শুনাইতেছেন, শুনিয়াছিলাক আহা, বদি স্বটা মনে রাখিতে পারিতাম! তাঁছার অহুবাদের প্রথমে কথাগুলি এই, 'ভাই লাগিয়া থাক, লাগিয়া থাক, লাগিয়া থাক!' এবং তাহার শেষ এই ছিল,—'দেই অহা বহা নামক দম্য আত্বয়, দেই নিষ্ঠ্র স্কুলন কলাই এবং খেলার ছলে টিয়াপাখিকে কৃষ্ণনাম করিতে শেখাইয়াছিল দেই গণিকা, ইছারা বদি উদ্বার পাইয়া থাকে, তবে সকলেরই আশা আছে।''

আবার, আমি তাঁহাকে মীরাবাঈ-এর দেই অভুত গল্লটি বলিতে ভানিয়ছি। মীরাবাঈ বৃন্ধাবনে পৌছিয়া জনৈক বিখ্যাত সাধুকে? নিমন্ত্রণ করেন। বৃন্ধাবনে পুরুষের সহিত নারীগণের সাক্ষাৎ অকর্তব্য, এই বলিয়া সাধু যাইতে অস্বীকার করেন। যখন তিনবার এইরূপ ঘটিল, তখন 'বৃন্ধাবনে আর কেছ যে পুরুষ আছে, তাহা আমি জানিতাম না। আমার ধারণা ছিল যে, প্রীকৃষ্ণই একমাত্র পুরুষরূপে বিরাজিত!' এই বলিয়া মীরাবাঈ স্বয়ং তাঁহার নিকট গমন করিলেন। যখন বিশ্বিত সাধুর সহিত তাঁহার সাক্ষাৎ হইল, তখন 'নির্বোধ, তুমি নাকি নিজেকে পুরুষ বলিয়া অভিহিত কর ?'—এই বলিয়া তিনি স্বীয় অবগুঠন সম্পূর্ণরূপে উন্মোচন করিয়া ফেলিলেন। আর যেমন সাধু সভয়ে চীৎকার করিয়া তাঁহার সম্বুধে সাষ্টান্ধে প্রণিণাত করিলেন, অমনি তিনিও তাঁহাকে মাতা যেরূপে সন্তানকে আশীর্বাদ করেন, সেইরূপে আশীর্বাদ করিলেন।

মূল গীতটি এই: হরিবে লাগি রহোরে ভাই
 ভেরা বনত বনত বনি বাই।
 ভাষা তারে বন্ধা তারে তারে স্থান ক্যাই।
 স্থা। পভারকে গণিকা তারে তারে বীরাবাই।

২ প্রীচৈতত্তের প্রসিদ্ধ শিক্ত সমাতন সোখানী। তিনি বাওলার নবাবের উদ্ধিরি পদ পরিতাপি করিয়া সাধু হইরাছিলেন। অন্ত স্বামীনী আকবরের প্রসন্ধ উত্থাপন করিলেন, এবং উক্ত বাদশাহের সভাকবি তানসেনের রচিত তাঁহার সিংহাসনাধিরোহণ-বিষয়ক একটি গীত আমাদের নিকট গাহিলেন।

ভারপর স্বামীজী নানা কথা কহিতে কহিতে 'আমাদের জাতীয় বীর' প্রভাপদিংহের সম্বন্ধে বলিতে লাগিলেন: কেহ তাঁহাকে মুখনও বস্থতা খীকার করাইতে পারে নাই। হাঁ, একবার মূহুর্তের জন্ম তিনি পরাছব খীকার করিতে প্রলুদ্ধ হইয়াছিলেন বটে। একদিন চিতোর হইতে পলায়নের পর মহারানী স্বয়ং রাত্তের সামান্ত খাবার প্রস্তুত করিয়াছেন, এমন সময়ে এক ক্ষিত মার্জার ছেলেদের জন্ম যে কটিখানি নির্দিষ্ট ছিল, তাহারই উপর ঝাপট মারিয়া দেখানি লইয়া গেল। মেবাররাজ সীয় শিশুসন্তানগুলিকে খাছের জন্ত কাঁদিতে দেখিলেন। তখন বান্তবিকই তাঁহার বীরহাদয় অবসন্ন হইয়া পড়িল। অদূরে স্বাচ্ছন্য এবং শান্তির চিত্র দেখিয়া তিনি প্রালুক্ক হইলেন, এবং মৃহুর্তের জন্ম তিনি এই অসমান যুদ্ধ হইতে বিরত হইয়া আকবরের সহিত মিত্রতা-স্থাপনের সম্বন্ধ করিয়াছিলেন ; কিন্তু তাহা কেবল এক মুহুর্তেরই জন্ম। সনাতন বিশ্বনিয়ন্তা পরসেশর তাঁছার নিজ জনকে রক্ষা করিয়া থাকেন। উক্ত চিক্র প্রতাপের মানসণট হইতে অন্তর্হিত হইতে না হইতেই এক রাজপুত নরপতির নিকট হইতে দূত আসিয়া তাঁহাকে সেই প্রসিদ্ধ কাগন্ধপত্রগুলি দিল। ভাহাতে লেখা ছিল, 'বিধর্মীর সংস্পর্দে বাঁহার শোণিত কলুষিত হয় নাই, এরূপ লোক আমাদের মধ্যে মাত্র একজন আছেন। তাঁহারও মন্তক ভূমিস্পর্শ করিয়াছে, এ কথা ষেন কেহ কথনও বলিতে না পারে।' পাঠ করিবামাত্র প্রতাপের হৃদয় সাহস এবং নৃতন আত্মপ্রভায়ে সঞ্জীবিত হইয়া উঠিল। তিনি বীরগর্বে দেশ হইতে শত্রুকুল নিমূল করিয়া উদয়পুরে নিরাপদে প্রভ্যাবর্তন করিলেন।

ভারপর অন্তা রাজনন্দিনী রুফকুমারীর সেই অভুত গল্প শুনিলাম।
একাধিক নরপতি এক সলে তাঁহার পাণিগ্রহণ করিতে চাহিতেছিলেন।
আর যখন ভিনটি বৃহৎ বাহিনী পুর্বারে উপস্থিত, তাঁহার পিতা কোন
উপয়াশ্বর না দেখিয়া কল্লাকে বিষ দিতে মনস্থ করিলেন। রুফকুমারীর
খুলতাভের উপর এই ভার অপিত হইল। বালিকা যখন নিজিতা—সেই
সমর্য খুলতাত উক্ত কার্য রুপাদনার্থ তাঁহার কক্ষে প্রবেশ করিলেন। কিন্ত
সৌন্ধ ও কোমল বয়স দেখিয়া এবং শিশুকালের মুখও মনে শড়ায়

তাঁহার বোদ্ধহানয় দমিয়া গেল এবং তিনি নির্দিষ্ট কার্ব করিতে অক্ষম
হইলেন। কোন শব্দ শুনিতে পাইয়া কৃষ্ণকুমারী আগিয়া উঠিলেন এবং
নির্দারিত সম্বারে বিষয় অবগত হইয়া হাত বাড়াইয়া বাটিটি লইলেন এবং
হাসিতে হাসিতে সেই বিষ পান করিয়া ফেলিলেন। এরূপ ভূরি ভূরি গল্প
আমরা শুনিতে লাগিলাম। কারণ, রাজপুত-বীরগণের এরপ গল্প অসংখ্য।

২০শে সেপ্টেম্বর। শনিবারে স্বামীজী তুই দিনের জন্ম আমেরিকার রাজদৃত ও তাঁহার পত্নীর আতিথ্য স্বীকার করিতে ভাল হ্রদে গমন করিলেন। সোমবারে ফিরিয়া আসিলেন এবং মঙ্গলবারে স্বামীজী আমাদের নৃতন মঠে' (আমরা ছাউনির ঐ আখ্যাই দিয়াছিলাম) আসিলেন এবং যাহাতে তিনি গাণ্ডেরবল যাত্রা করিবার পূর্বে কয়েক দিন আমাদের সহিত বাস করিতে পারেন—এই উদ্দেশ্যে তাঁহার নৌকাথানিকে আমাদের নৌকার খ্ব নিকটে লাগাইলেন।

সম্পাদক (স্বামী সারদানন্দ)-লিখিত পরিশিষ্ট

গাণ্ডেরবল হইতে স্থানীজী অক্টোবরের প্রথম সপ্তাহের মধ্যেই ফিরিয়া আসিলেন, এবং বিশেষ কোন কারণবশতঃ তিনি যে কয়েক দিনের মধ্যেই বাঙলা দেশে যাইবার সম্বল্প করিয়াছেন, তাহা সকলের নিকট প্রকাশ করিলেন। স্থানীজীর ইওরোপীয় সলিগণ ইতিপূর্বে শীত পড়িতেই লাহোর, দিল্লী, আগ্রা প্রভৃতি উত্তর ভারতের মৃধ্য নগরগুলি দেখিবার সম্বল্প করিয়াছিলেন। অতএব সকলেই একজ লাহোরে প্রভ্যাবর্তন করিলেন। এখানে কয়জনকে উত্তর ভারতের স্থানাদি দর্শন করিবার সম্বল্প কার্থি পরিণত করিতে রাথিয়া স্থানীজী সদলবলে কলিকাতায় ফিরিয়া আসিলেন।

স্বামীজীর কথা

স্বামীজীর অক্ষুট স্মৃতি

্র ১৮৯৭ এটাকের ফেব্রুআরি মাস। স্বামী বিবেকানন্দ পাশ্চাত্য দেশ বিজয় করিয়া সবে ভারতবর্ষে পদার্পণ করিয়াছেন। ষথন হইতে স্বামীজী চিকাগো ধর্মমহাসভায় হিন্দুধর্মের বিজয়কেতন উড়াইয়াছেন, তখন হইতেই ভৎসম্বন্ধীয় ষে-কোন বিষয় সংবাদপত্তে প্রকাশিত হইভেছে, ভাহাই সাগ্রহে পাঠ করিতেছি। তথন ২০ বৎসর মাত্র কলেজ ছাড়িয়াছি, কোনরূপ অর্থোপার্জনাদিও করি না, স্থতরাং কখনও বন্ধুবান্ধবদের বাটী গিয়া, কখনও বা বাটীর নিকটস্থ ধর্মতলায় 'ইণ্ডিয়ান মিরর' অফিসের বহির্দেশে বোর্ডসংলগ্ন 'ইণ্ডিয়ান মিরর' পত্রিকায় স্বামীঞীর সম্বন্ধে যে-কোন সংবাদ বা তাঁহার যে-কোন বক্তৃতা প্রকাশিত হইডেছে, তাহাই সাগ্রহে পাঠ করি। এইরূপে স্বামীজী ভারতে পদার্পণ করা অবধি সিংহলে বা মাদ্রাজে যাহা কিছু বলিয়াছেন, প্রায় সব পাঠ করিয়াছি। এতঘ্যতীত আলমবাজার মঠে গিয়া তাঁহার গুরুভাইদের নিকট এবং মঠে যাতায়াতকারী বন্ধুবান্ধবদের নিকটও তাঁহার অনেক কথা শুনিয়াছি ও শুনিতেছি। আর বিভিন্ন সম্প্রদায়ের মুখপত্রসমূহ যথা—বঙ্গবাসী, অমুভবাজার, হোপ, থিওজফিট প্রভৃতি—হাঁহার যেরপে ভাব তদমুসারে কেহ বিজ্ঞাপচ্ছলে, কেহ উপদেশদানচ্ছলে, কেহ বা মুরুবিয়ানা ধরনে—যিনি তাঁহার সম্বন্ধে যাহা কিছু লিখিতেছেন, তাহারও প্রায় কিছুই জানিতে বাকি নাই।

আদ সেই খামী বিবেকানন শিয়ালনহ দেশনে তাঁহার জনভূমি কলিকাতা
নগরীতে পদার্পণ করিবেন, আজ তাঁহার শ্রীমৃতি-দর্শনে চক্-কর্ণের বিবাদভঞ্জন
হইবে, তাই প্রভূাবে উঠিয়াই শিয়ালনহ ফেলনে উপন্থিত হইলাম। এত
প্রভূাবেই খামীজীর অভ্যর্থনার্থ বহুলোকের সমাগম হইয়াছে। অনেক পরিচিত
ব্যক্তির সহিত সাক্ষাৎ হইল, তাঁহার সম্বন্ধে কথাবার্তা হইতে লাগিল।
দেখিলাম, ইংরেজীতে মৃক্রিত ফুইটি কাগজ বিভরিত হইতেছে। পড়িয়া
দেখিলাম, তাঁহার লগুনবাদী ও আমেরিকাবাদী ছাত্রবৃদ্ধ বিদায়কালে

১ বামী গুৱানন্দ-লিখিত প্রবন্ধ : ১৩২ - সালে আবাঢ় মাসের 'উরোধনে' প্রকাশিত।

তাঁহার গুণগ্রাম বর্ণন করিয়া তাঁহার প্রতি কৃতজ্ঞতাস্চক বে অভিনন্দনপ্রবন্ধ প্রদান করেন, ঐ হুইটি তাহাই। ক্রমে স্বামীজীর দর্শনার্থী লোকসমূহ দলে দলে সমাগত হইতে লাগিল। স্টেশন-প্রাটফর্ম লোকে লোকারণ্য হইয়া গেল। সকলেই পরস্পারকে সাগ্রহে জিজ্ঞাসা করিতেছেন, স্বামীজীর আদিবার আর কত বিলয়। শুনা গেল, তিনি একখানা স্পোল টেনে আসিবেন, আসিবার আর বিলয় নাই। ঐ যে—গাড়ির শল শুনা হাইতেছে, ক্রমে সশস্বে টেন প্রাটফর্মে প্রবেশ করিল।

সামীজী যে গাড়িখানিতে ছিলেন, সেটি ষেখানে আদিয়া থামিল, সোভাগ্যক্ষে আমি ঠিক ভাহার সমুধেই দাঁড়াইয়াছিলাম। যাই গাড়ি খামিল, দেখিলাম স্বামীজী দাড়াইয়া সমবেত সকলকে করজোড়ে প্রণাম করিলেন। এই এক প্রণামেই স্বামীজী আমার হৃদয় আকর্ষণ করিলেন। তথন ট্রেনমধ্যস্থ স্বামীজীর মৃতি মোটাম্টি দেখিয়া লইলাম। তারপরেই অভার্থনা-সমিতির শ্রীযুক্ত নরেন্দ্রনাথ সেন-প্রমুখ ব্যক্তিগণ আদিয়া তাঁহাকে টেন হইতে নামাইয়া কিছু দূরবর্তী একখানি গাড়িতে উঠাইলেন। অনেকে স্বামীজীকে প্রণাম ও তাঁহার পদ্ধৃলি গ্রহণ করিতে অগ্রসর হইলেন। সেখানে খুব ভিড় জমিয়া গেল। এদিকে দর্শকগণের হৃদয় হইতে স্বতই 'জয় সামী विदिकानमधी की क्यं 'क्यं वांमकुक नवमहः मान्य की क्यं'--- এই आनमध्दनि উঝিত হইতে লাগিল। আমিও প্রাণ ভরিয়া সেই আনন্দধ্বনিতে যোগ দিয়া জনতার সহিত অগ্রসর হইতে লাগিলাম। ক্রমে যখন স্টেশনের বাহিরে পঁছছিয়াছি, তথন দেখি অনেকগুলি যুবক স্বামীজীর গাড়ির ঘোড়া খুলিয়া নিজেরাই টানিয়া লইয়া যাইবার জন্ত অগ্রসর হইয়াছে। আমিও ভাহাদের সহিত যোগ দিতে চেষ্টা করিলাম, ভিড়ের জন্ত পারিলাম না। স্থতরাং দে চেষ্টা ত্যাগ করিয়া একটু দ্রে দ্রে স্বামীজীর গাড়ির সহিত অগ্রসর হইতে লাগিলাম। স্টেশনে স্বামীজীকে অভার্থনার্থ একটি হরিনাম-সংকীর্তনদলকে দেখিয়াছিলায়। রান্তার একটি ব্যাও পার্টি বাজনা বাজাইতে বাজাইতে স্বামীজীর দকে চলিল, দেখিলাম। বিপন কলেজ পর্বন্থ রাস্তা নানাবিধ পড়াকা, লড়া, পাড়া ও পুলে সক্ষিত হইয়াছিল। গাড়ি আসিয়া রিপন কলেকের সন্মুধে দাড়াইল। এইবার সামীলীকে বেশ ভাল করিয়া দেখিবার স্থবোগ পাইলাম। দেখিলাম, তিনি মুধ বাড়াইয়া কোন পরিচিত ব্যক্তির সহিত কথা কহিতেছেন। মুধধানি

তপ্তকাক্ষনবর্ণ, বেন জ্যোতিঃ ফুটিয়া বাহির হইতেছে, তবে পথের প্রান্তিতি কিন্ধিৎ ঘর্মাক্ত ও মলিন হইয়াছে মাত্র। ছইথানি গাড়ি—একটিতে স্বামীক্ষী এবং মি: ও মিসেল সেভিয়ার; মাননীয় চাকচন্দ্র মিত্র ঐ গাড়িতে দাঁড়াইয়া হাভ নাড়িয়া ক্ষনতাকে নিয়মিত করিতেছেন। অপরটিতে শুভউইন, হ্যারিসন (সিংহল হইতে স্বামীক্ষীর সন্ধী অনৈক বৌদ্ধর্মাবল্যী সাহেব), জি. জি, কিডি ও আলাসিকা নামক তিনক্ষন মাত্রাক্ষী শিশু এবং ত্রিগুণাতীত স্বামী।

ষাহা হউক, অব্লক্ষণ গাড়ি দাঁড়াইবার পরই অনেকের অন্থরোধে স্থামীজী বিপন কলেজ-বাটাতে প্রবেশ করিয়া সমবেত সকলকে সম্বোধন করিয়া তুই-তিন মিনিট ইংরেজীতে একটু বলিয়া আবার ফিরিয়া গাড়িতে উঠিলেন। এবার আর শোভাষাত্রা করা হইল না। গাড়ি বাগবাজারে পশুপতিবাব্র বাটার দিকে ছুটল। আমিও মনে মনে স্বামীজীকে প্রণাম করিয়া গৃহাভিম্থে ফিরিলাম।

আহারাদির পর মধ্যাকে চাঁপাতলায় থগেনদের (স্বামী বিমলানন্দ)
বাটীতে গেলাম। সেখান হইতে থগেন ও আমি তাহাদের একথানি টমটমে
চড়িরা পশুপতি বহুর বাটা অভিমূথে যাত্রা করিলাম। স্বামীনী উপরের
ঘরে বিশ্রাম করিতেছেন, বেশী লোকজনকে যাইতে দেওয়া হইতেছে না।
সৌভাগ্যক্রমে আমাদের পরিচিত স্বামীনীর করেকজন গুরুভাই-এর সহিত
লাকাৎ হইল। স্বামী শিবানন্দ আমাদিগকে স্বামীনীর নিকট লইয়া গেলেন
এবং পরিচয় করিয়া দিলেন—'এরা আপনার খ্ব admirer (মুগ্ধ ভক্ত)'।

খামীকী ও খোগানন্দ খামী পশুপতিবাব্র বিতলস্থ একটি স্থসজ্জিত বৈঠকধানায় পাশাপালি ছুইখানি চেয়ারে বলিয়াছিলেন। অক্তাশু খামিগণ উজ্জল গৈরিক-বর্ণের বল্প পরিধান করিয়া এছিক ওদিক খ্রিতেছিলেন। মেজে কার্পেট-মোড়া ছিল। আমরা প্রণাম করিয়া সেই কার্পেটের উপর উপবেশন করিলাম। খামীকী খোগানন্দ-খামীর সহিত তথন কথা কহিতেছিলেন। আমেরিকা-ইওরোপে খামীকী কি দেখিলেন, এই প্রস্তু হুইডেছিল। খামীকী বলিতেছিলেন:

দেশ বোগে, দেখলুম কি জানিদ ?—দমন্ত পৃথিবীতে এক মহাশক্তিই থেলা ক্ষতে। আমাদের বাপ-দাদারা সেইটেকে religion-এর দিকে manifest করেছিলেন, আর আধুনিক পাশ্চাত্যদেশীরেরা সেইটেকেই মহারজোগুণের ক্রিয়ারূপে manifest করছে। বাস্তবিক সমগ্র অগতে সেই এক মহাশক্তিরই বিভিন্ন খেলা হচ্ছে মাত্র।

থগেনের দিকে চাহিয়া তাহাকে খুব রোগা দেখিয়া স্বামীজী বলিলেন, 'এ ছেলেটিকে বড় sickly দেখছি যে।'

স্বামী শিবানন্দ উত্তর করিলেন, 'এটি অনেক দিন থেকে chronic dyspepsia-তে (পুরানো অজীর্ণ রোগে) ভূগছে।'

স্বামীজী বলিলেন, 'আমাদের বাঙলা দেশটা বড় sentimental (ভাব-প্রবণ) কি-না, ভাই এখানে এত dyspepsia.'

কিয়ৎক্ষণ পরে আমরা প্রণাম করিয়া উঠিয়া বাটী ফিরিলাম।

ষামীজী এবং তাঁহার শিক্স মি: ও মিসেস সেভিয়ার কাশীপুরে গোপাল-লাল শীলের বাগানবাটীতে অবস্থান করিতেছেন। স্বামীজীর মুখের কথাবার্তা ভাল করিয়া ভানিবার জন্ম ঐ স্থানে বিভিন্ন বন্ধুবান্ধবকে ললে করিয়া কয়েকদিন গিয়াছিলাম। ভাহার যতগুলি শারণ হয়, এইবার ভাহাই বলিবার চেষ্টা করিব।

স্বামীন্ত্রীর সঙ্গে আমার সাক্ষাৎ কথোপকথন হয়—প্রথম এই বাগানবাটীর একটি ঘরে। স্বামীন্ত্রী আসিয়া বসিয়াছেন, আমিও গিয়া প্রণাম করিয়া বসিয়াছি, সেথানে আর কেহ নাই। হঠাৎ কেন জানি না—স্বামীন্ত্রী আমায় জিল্ঞাসা করিলেন, 'তুই কি ভামাক খাস্ ?'

আমি বলিলাম, 'আজে না।'

ভাহাতে স্বামীজী বলিলেন, 'হাঁ, অনেকে বলে—ভামাকটা ধাওয়া ভাল নয়: আমিও ছাড়বার চেষ্টা করছি।'

আর একদিন সামীজীর নিকট একটি বৈহুব আদিরাছেন, তাঁহার সহিত সামীজী কথা কহিতেছেন। আমি একটু দ্রে রহিরাছি, আর কেহ নাই। সামীজী বলিতেছেন, 'বাবাজী, আমেরিকাতে আমি একবার শ্রীকৃষ্ণ সম্বন্ধে বক্তা করি। সেই বক্তা তনে একজন পরমাহন্দরী যুবতী—অগাধ ঐপর্বের অধিকারিণী—সর্বস্থ তাগ ক'রে এক নির্জন দীপে গিয়ে কৃষ্ণধানে উন্মতা হলেন।' তারপর স্বামীজী ত্যাগ সম্বন্ধে বলিতে লাগিলেন, 'বে-সব্ ধর্মস্প্রাহারে

ত্যাগের ভাবের তেমন প্রচার নেই, তাদের ভেতর শীন্তই অবনতি এসে থাকে—বথা বলভাচার সম্প্রদায়।'

আর একদিন গিয়াছি। দেখি, অনেকগুলি লোক বসিয়া আছেন এবং একটি যুবককে লক্ষ্য করিয়া স্বামীজী কথাবার্তা কহিভেছেন। যুবকটি বেছল থিওজ্ঞফিক্যাল লোসাইটির গৃহে থাকে। সে বলিভেছে, 'আমি নানা সম্প্রদায়ের নিকট যাইভেছি, কিছু সভ্য কি, নির্ণয় করিছে পারিভেছি না।'

ষামীলী অতি স্নেহপূর্ণ স্বরে বলিতেছেন, 'দেখ বাবা, আমারও একদিন তোমারই মতো অবস্থা ছিল—তা তোমার ভাবনা কি? আচ্ছা, ভিন্ন ভিন্ন লোকে তোমাকে কি কি বলেছিল এবং তুমি বা কি রকম করেছিলে বলো দেখি ?'

যুবক বলিতে লাগিল, 'মহাশয়, আমাদের সোসাইটিতে ভবানীশন্বর নামক একজন পণ্ডিত প্রচারক আছেন, তিনি আমায় মৃতিপূজার বারা আধ্যাত্মিক উন্নতির যে বিশেষ সহায়তা হয়, তা ক্ষরক্ষণে ব্ঝিয়ে দিলেন, আমিও তদহসারে দিন কতক খুব পূজা-অর্চনা করতে লাগলুম, কিন্তু তাতে শান্তি পেলুম না। সেই সময় একজন আমাকে উপদেশ দিলেন, দেখ, মনটাকে একেবারে শৃক্ত করবার চেষ্টা করো দেখি—তাতে পরম শান্তি পাবে। আমি দিন কতক সেই চেষ্টাই করতে লাগলুম, কিন্তু তাতেও আমার মন শান্ত হ'ল না। আমি, মহাশয়, এখনও একটি যরে দরজা বন্ধ ক'রে যতক্ষণ সন্তব্ বলে থাকি, কিন্তু শান্তিলাভ কিছুতেই হচ্ছে না। বলতে পারেন, কিনে শান্তি হয় ?'

খামীজী দেহপূর্ণ খবে বলিতে লাগিলেন, 'বাপু, আমার কথা যদি শোন, ভবে ভোমাকে আগে ভোমার খবের দরজাটি খুলে রাখতে হবে। ভোমার বাড়ির কাছে, পাড়ার কাছে কত অভাবগ্রস্ত লোক ররেছে, ভোমার ভাদের যথাসাধ্য সেবা করতে হবে। যে পীড়িত, ভাকে ইবধ পথ্য বোগাড় ক'রে দিলে এবং শরীরের হারা সেবাভশ্রবা করলে। বে খেতে পাছে না, ভাকে খাওরালে। যে অজ্ঞান, ভাকে—ভূমি যে এভ লেখাপড়া শিখেছ, মুখে মুখে যভদ্র হর ব্যিয়ে দিলে। আমার পরামর্শ যদি চাও বাপু, ভা হ'লে এইভাবে যথাসাধ্য লোকের সেবা করতে পারলে ভূমি মনের শান্ধি পাবে।'

যুবকটি বলিল, 'আচ্ছা মহাশয়, ধকন আমি একজন রোগীর লেবা করছে গেলাম, কিন্তু তার জন্ম রাভ জেগে, সময়ে না খেরে, অত্যাচার ক'রে আমার নিজেরই যদি রোগ হয়ে পড়ে ?'

ষামীজী এডক্ষণ মুবকটির সহিত স্নেহপূর্ণ খবে সহাত্ত্তির সহিত কথাবার্তা বলিতেছিলেন। এই শেব কথাটিতে একটু বিরক্ত হইলেন, বোধ হইল। তিনি বলিয়া উঠিলেন—'দেব বাপু, রোগীর সেবা করতে গিয়ে তুমি ভোমার নিজের রোগের আশহা ক'রছ, কিন্তু তোমার কথাবার্তা শুনে আর ভারগতিক দেবে আমার বোধ হচ্ছে এবং উপস্থিত যারা রয়েছেন, তারাও সকলে বেশ ব্রতে পারছেন যে, তুমি এমন ক'রে রোগীর সেবা কোন কালে করবে না, যাতে তোমার নিজের রোগ হয়ে বাবে।'

যুৰকটির সঙ্গে আর বিশেষ কথাবার্তা হইল না।

আর একদিন মান্টার' মহাশয়ের নকে কথা হইতেছে। মান্টার মহাশয় বলিতেছেন, 'দেখ, তৃমি বে দয়া, পরোপকার বা জীবসেবার কথা বলো, দে তো মায়ার রাজ্যের কথা। বখন বেদাভ্তমতে মানবের চরম লক্ষ্য মৃজ্জিলাভ, লম্দয় মায়ার বন্ধন কাটানো, তখন ও-লব মায়ার ব্যাপারে লিপ্ত হয়ে লোককে ঐ বিষয়ের উপদেশ দিয়ে ফল কি ?'

খাৰীজী বিন্দুমাত্ৰ চিস্তা না করিয়াই উত্তর দিলেন, 'মৃক্তিটাও কি মায়ার অন্তৰ্গত নয় ? আত্মা তো নিত্যমূক্ত, তার আবার মৃক্তির জন্ত চেটা কি ?

মাস্টার মহাশয় চুপ করিয়া রহিলেন।

টমাদ আ কেন্সিদ-এর 'Imitation of Christ'-এর প্রদল উঠিল।
স্বামীলী সংসারত্যাগ করিবার কিছু পূর্বে এই গ্রন্থানি বিশেষভাবে চর্চা
করিতেন এবং বরাহনগর মঠে অবস্থানকালে তাহার গুরুতাইরাও স্বামীলীর
দৃষ্টান্তে ঐ গ্রন্থটি সাধক-জীবনের বিশেষ গহারক জ্ঞানে দলা সর্বহা উহার
আলোচনা করিতেন। স্বামীলী ঐ গ্রন্থের এরপ অহ্বামী ছিলেন বে,
তদানীভন 'গাহিত্যকল্পজ্ম' নামক মানিকপত্রে উহার একটি স্টনা লিখিরা
'ঈশাহুসরব' নামে থারাবাহিক অহ্বাদ করিতেও আরম্ভ করিয়াছিলেন।
উপন্থিত ব্যক্তিগ্রের মধ্যে একজন বোধ হয় স্বামীলীর উক্ত গ্রন্থের উপন্ধ এবন

কিরণ ভাব আনিবার জন্ত—উহার ভিতরে দীনভার বে উপদেশ আছে, ভাহার প্রসদ পাঞ্চিয়া বলিলেন, 'নিজেকে এইরপ একান্ত হীন ভাবিছে না পারিলে আধ্যাত্মিক উরভি কিরপে সন্তবপর হইবে?' স্বামীলী ভনিয়া বলিতে লাগিলেন, 'আমরা আবার হীন কিসে? আমাদের আবার অন্ধকার কোথায়-? আমরা বে জ্যোতির রাজ্যে বাদ করছি, আমরা বে জ্যোতির ভনর!'

গ্রন্থের কত উচ্চ ভূমিতে উপনীত হইয়াছেন :

আমরা বিশেষভাবে লক্ষ্য করিতাম, সংসারের অতি সামাক্ত ঘটনাও তাঁহার তীক্ষদৃষ্টিকে অতিক্রম করিতে পারিত না, উহার সাহাব্যেও তিনি উচ্চ ধর্মভাব-প্রচারের চেষ্টা করিতেন।

শ্রীবামকৃষ্ণদেবের প্রাতৃপুত্র শ্রীষ্ক্ত রামলাল চটোপাধ্যায়, মঠের প্রাচীন নাধুগণ বাহাকে 'রামলাল-দাদা' বলিয়া নির্দেশ ক্রেন, দক্ষিণেশর হইতে একদিন স্বামীজীর সহিত দেখা করিতে আদিয়াছেন। স্বামীজী একখানি চেয়ার আনাইয়া তাঁহাকে বদিতে অহুরোধ করিলেন এবং স্বয়ং পায়চারি করিতে লাগিলেন। প্রজাবিনম্র দাদা ভাহাতে একটু সম্কৃতিত হইয়া বলিতে লাগিলেন, 'আপনি বস্থন, আপনি বস্থন।' স্বামীজী কিন্তু কোনমতে ছাড়িবার পাত্র নহেন, অনেক বলিয়া কহিয়া দাদাকে চেয়ারে বলাইলেন এবং স্বয়ং বেড়াইতে বেড়াইতে বলিতে লাগিলেন 'গুক্বং গুক্পুত্রেরু।'

অনেকগুলি ছাত্র আসিয়াছে। স্বামীজী একথানি চেয়ারে ফাঁকায় বসিয়া আছেন। সকলেই তাঁহার নিকটে বসিয়া তাঁহার ছটা কথা শুনিবার জন্ম উদ্গ্রীব, অথচ সেথানে আর কোন আসন নাই. যাহাঁতে ছেলেদের বসিতে বলা বায়, কাজেই তাহাদিগকে ভূমিতে বসিতে হইল। আমীজীর মনে হইতেছিল, ইহাদিগকে বসিবার কোন আসন দিতে পারিলে ভাল হইত। কিছ আবার বুঝি তাঁহার মনে অন্ত ভাবের উদয় হইল। তিনি বলিয়া উঠিলেন, 'ভা বেশ, ভোমরা বেশ বসেছ, একটু একটু তপতা করা ভাল।'

আমাদের পাড়ার চণ্ডীচরণ বর্ণনকে একদিন লইয়া গিয়াছি। চণ্ডীবাব্ Hindu Boys' School নামক একটি ছোটখাট বিভালয়ের স্বছাধিকারী, দেখানে ইংরেজী সুলের ভূতীয় শ্রেণী পর্বন্ত অধ্যাপনা করানো হয়। তিনি পূর্ব হুইভেই ঈশবাহবাগী ছিলেন, পরে স্বামীশীর বক্তাদি পাঠ করিয়া তাঁহার উপর খুব প্রদাসশায় হইয়া উঠেন।

চণ্ডীবার আসিয়া স্বামীজীকে ভক্তিভাবে প্রণাম করিয়া জ্জিলা করিলেন, ব্যামীজী, কি রকম ব্যক্তিকে গুরু করা যেতে পারে ?

স্বামীকী বলিলেন, 'বিনি ভোমার ভূত ভবিষ্যৎ ব'লে দিতে পারেন, তিনিই তোমার গুরু। দেখ না, স্থামার গুরু স্থামার ভূত ভবিষ্যৎ সব ব'লে দিয়েছিলেন।'

চণ্ডীবাবু জিজ্ঞাসা করিলেন; 'আচ্ছা স্বামীজী, কৌপীন পরলে কি কাম-জ্মনের বিশেষ সহায়তা হয় ?'

খামীজী বলিলেন, 'এক ট্-আথটু সাহায্য হ'তে পারে। কিছ যখন ঐ
বৃত্তি প্রবল হয়ে উঠে, তখন কি বাপ, কৌপীনে আটকায়? মনটা ভগবানে
একেবারে তয়য় না হয়ে গেলে বাহ্ন কোন উপায়ে কাম একেবারে বায় না।
ভবে কি জানো—বভক্ষণ লোকে দেই অবস্থা সম্পূর্ণ লাভ না করে,
ভভক্ষণ নানা বাহ্ন উপায়-অবলঘনের চেষ্টা স্বভাবতই ক'রে থাকে।
আমার একবার এমন কামের উদয় হয়েছিল বে, আমি নিজের উপর মহা
বিশ্বক্ত হয়ে আগুনের মালসার উপর বসেছিলাম। শেবে ঘা শুকাতে অনেক
দিন লাগে।'

চণ্ডীবাৰ একট ভাৰপ্ৰবৰ প্ৰকৃতিৰ লোক ছিলেন। হঠাৎ উত্তেজিত হইয়া ইংবেজীতে চীৎকাৰ কবিয়া বলিয়া উঠিলেন, 'O Great Teacher, tear up the veil of hypocrisy and teach the world the one thing needful—how to conquer lust.'

🕠 স্বামীন্দী চণ্ডীবাবুকে শাস্ত ও আশন্ত কবিলেন।

পরে Edward Carpenter-এর প্রসম্ব উঠিল। স্থানীকী বলিলেন, 'বাগুনে ইনি অনেক সময় আমার কাছে এসে বসে থাকডেন। আরও অনেক Socialist Democrat প্রভৃতি আসতেন। তারা বেয়াভোক্ত ধর্মে তাঁরের নিম্ব নিজ্ব মতের পোষকতা পেরে বেয়াভের উপর পুর আরুষ্ট হতেন।'

খানীলী উক্ত কার্পেটার সাহেবের 'Adam's Peak to Elephanta' নামক গ্রহণানি পড়িয়াছিলেন। এইবার উক্ত পুতকে মৃত্রিত চতীবাবুর ছবিটির কথা তাঁহার মনে পড়িল, বলিলেন, 'আপনার চেহারা বে বই-এ

আগেই দেখেছি।' আরও কিরংকণ আলাপের পর সদ্যা হইরা বাওয়াতে বামীলী বিপ্রামের জন্ত উঠিলেন। উঠিবার সময় চণ্ডীবার্কে সংঘাধন করিয়া বলিলেন, 'চণ্ডীবার্, আপনারা তো অনেক ছেলের সংপ্রবে আসেন, আমায় গুটিকভক ফুলর ফুলর ছেলে দিভে পারেন ?' চণ্ডীবার্ বোধ হয় একটু অক্তমনম্ব ছিলেন, স্বামীলীর কথার সম্পূর্ণ মর্ম পরিগ্রহ করিভে পারেন নাই; স্বামীলী বধন বিপ্রামগৃহে প্রবেশ করিভেছেন, ভধন অগ্রসর হইয়া বলিলেন, 'ফুলর ছেলের কথা কি বলছিলেন ?'

ষামীজী বলিলেন, 'চেহারা দেখতে ভাল, এমন ছেলে আমি চাছি না— আমি চাই বেশ স্থেশরীর, কর্মঠ সংপ্রকৃতি কডকগুলি ছেলে, তাদের trained করতে চাই, যাতে তারা নিজেদের মৃক্তিসাধনের জন্ত ও জগতের কল্যাণসাধনের জন্ত প্রস্তুত হ'তে পারে।'

আর একদিন গিরা দেখি, খামীজী ইভন্তভঃ বেড়াইতেছেন, শ্রীযুক্ত শরচ্চক্র চক্রবর্তী পামীজীর সহিত খুব পরিচিতভাবে আলাপ করিতেছেন। খামীজীকে একটি প্রশ্ন জিজ্ঞাসা করিবার জন্ত আমাদের অভিশয় কৌতৃহল হইল। প্রশ্নটি এই : অবভার ও মুক্ত বা সিদ্ধ পুরুষে পার্থক্য কি ? আমরা শরংবাবৃকে খামীজীর নিকট ঐ প্রশ্নটি উত্থাপিত করিতে বিশেষ অস্করোধ করাতে তিনি অগ্রসর হইয়া ভাহা জিজ্ঞাসা করিলেন। আমরা শরংবাবৃর পশ্চাং পশ্চাং খামীজীর নিকট বাইয়া তিনি ঐ প্রশ্নের কি উত্তর দেন, তাহা শুনিতে লাগিলাম। খামীজী উক্ত প্রশ্নের সাক্ষাং সম্বন্ধে কোন উত্তর না দিয়া বলিলেন, 'বিদেহম্ভিই যে সর্বোচ্চ অবস্থা—এ আমার সিদ্ধান্ধ, তবে সাধনাবস্থায় যথন ভারতের নানাদিকে ভ্রমণ করতুম, তথন কত শুহার নির্জনে বসে কত কাল কাটিয়েছি, কতবার মৃক্তিলাভ হ'ল না বলে প্রায়োগ-বেশন ক'রে দেহত্যাগ করবার সম্বন্ধ করেছি, কত ধ্যান—কত লাধন-ভল্পন ক'রে দেহত্যাগ করবার সম্বন্ধ করেছি, কত ধ্যান—কত লাধন-ভল্পন করেছি, কিন্ধ এখন আর মৃক্তিলাভের কয়ে সে বিজাতীয় আগ্রহ নাই। এখন কেবল মনে হয়, বত দিন পর্যন্ধ পৃথিবীয় একটা লোকও অমুক্ত থাকছে, ততদিন আযার নিজের মৃক্তির কোন প্রয়োজন নেই।'

আমি সামীজীর উক্ত রূপা গুনিয়া তাঁহার হৃদয়ের অপার করণার কথা ভাবিয়া বিশ্বিত হইতে লাগিলাম; আরও ভাবিতে লাগিলাম, ইনি কি নিজ

> 'বানিশির-সংবাদ'-এপেতা

দৃষ্টাত দিয়া অবতাবপুক্ষের লক্ষণ ব্রাইলেন ? ইনিও কি একজন অবতার ? আরও মনে হইল, স্বামীলী একণে মৃক্ত হইয়াছেন বলিয়াই বোধ হয় তাঁহার মৃক্তির জন্ত আর আগ্রহ নাই।

আর একদিন আমি ও ধণেন (স্বামী বিমলানন্দ) সন্ধ্যার পর গিয়াছি।
ঠাকুরের ভক্ত হরমোহনবার আমাদিগকে স্বামীজীর সঙ্গে বিশেষভাবে
পরিচিত করিয়া দিবার জন্ম বলিলেন, 'স্বামীজী, এঁরা আপনার খুব admirer
এবং খুব বেদান্ত আলোচনা করেন।' স্বামীজী বেদান্তের কথা শুনিয়াই
বিনিয়া উঠিলেন, 'উপনিষদ কিছু পড়েছ ?

আমি। আক্রা হাঁ, একটু-আধটু দেখেছি।

খামীজী। কোন্ উপনিষদ পড়েছ?

আমি। কঠ উপনিষদ পড়েছি।

সামীনী। আছো, কঠ-টাই বলো, কঠ উপনিবদ খুব grand--কবিত্বপূর্ণ। আমি। কঠটা মুধস্থ নেই--গীতা থেকে খানিকটা বলি।

ু স্বামীজী। স্বাচ্ছা, ডাই বলো।

তথন গীতার একাদশ অধ্যায়ের শেষভাগস্থ 'স্থানে দ্ববীকেশ তব প্রকীর্ত্যা' হইতে আরম্ভ করিয়া অর্জুনের সম্দয় শুবটা আওড়াইয়া দিলাম।

শুনিয়া স্বামীন্ত্রী উৎসাহ দিবার জন্ত 'বেশ, বেশ' বলিতে লাগিলেন।
ইহার পরদিন বন্ধুবর রাজেন্দ্রনাথ ঘোষকে সঙ্গে লইয়া স্বামীন্ত্রীর দর্শনার্থ
গিরাছি। রাজেনকে বলিয়াছি, 'ভাই, কাল স্বামীন্ত্রীর কাছে উপনিষদ
নিয়ে বড় অপ্রস্তুত হয়েছি। ভোমার নিকট উপনিষদ কিছু থাকে ভো
পকেটে ক'বে নিয়ে চল। যদি কালকের মতো উপনিষদের কথা পাড়েন ভো
ভাই পড়লেই চলবে।' রাজেনের নিকট একথানি প্রসরকুমার শাস্ত্রীকৃত
ঈশকেনকঠাদি উপনিষদ ও ভাহার বলাহ্যবাদ পকেট এভিশন ছিল, সেটি
পকেটে করিয়া লইয়া যাওয়া হইল। অন্ত অপরাত্রে একঘর লোক বিস্থাছিলেন; যাহা ভাবিরাছিলাম, ভাহাই হইল। আন্ত করিলে ঠিক স্বরণ
নাই—কঠ-উপনিষদের প্রাক্ত উঠিল। আনি অমনি ভাড়াভাড়ি পকেট
হইতে বাহির করিয়া ঐ উপনিষদের গোড়া হইতে পড়িতে আরম্ভ করিলাম।
পাঠেক অন্তর্বানে স্বামীন্ত্রী নচিকেভার আন্তার কথা—বে আন্তার ভিনি নির্ভীকচিত্তে ব্যক্তরনে যাইতেও সাহসী হইয়াছিলেন—বলিতে লাগিলেন। বধন

নচিকেতার বিভীয় বর—সর্গপ্রাপ্তির কথা পড়া হইছে লাগিল, ভধন সেইথানটা বেশী না পড়িয়া কিছু কিছু ছাড়িয়া দিয়া ভূতীয় বরের স্থানটা পড়িতে ব্লিলেন।

নচিকেন্ডা বলিলেন, মৃত্যুর পর লোকের সন্দেহ—দেহ গেলে কিছু থাকে কি-না, তারপর ষমের নচিকেতাকে প্রলোভন-প্রদর্শন ও নচিকেতার দৃঢ়ভাবে তৎসমৃদ্য প্রত্যাখ্যান। এইসব থানিকটা পড়া হইলে স্বামীন্ত্রী তাঁহার স্বভাবস্থাভ ওল্পনী ভাষায় এ সহদ্ধে কত কি বলিলেন।…

কিন্ত এই ত্ই দিনের উপনিষৎপ্রসঙ্গে স্বামীজীর উপনিষদে শ্রাজা ও
অহ্বাগের কিয়দংশ আমার ভিতর সঞ্চারিত হইয়া সিয়াছিল। কারণ, তাহার
পর হইতে যথনই স্থােগ পাইয়াছি, পরম শ্রাজার সহিত উপনিষদ অধ্যয়ন
করিবার চেষ্টা করিয়াছি এবং এখনও করিতেছি। বিভিন্ন সময়ে তাঁহার
মুখে উচ্চারিত অপূর্ব স্থার লয় তাল ও তেজ্বিতার সহিত পঠিত উপনিষদের
এক একটি মন্ত্র দেন এখনও দিব্য কর্ণে শুনিতে পাই। যথন পরচর্চায়
মগ্ন হইয়া আত্মচর্চা ভূলিয়া থাকি, তখন শুনিতে পাই—তাঁহার সেই স্থপরিচিত
কিন্নবক্তােচারিত উপনিষত্ক বাণীর দিব্য গন্ধীর ঘোষণা:

'ভমেবৈকং জানথ আত্মানম্ অন্তা বাচো বিম্ঞথামূভবৈত্তৰ সেতৃ:।''—সেই একমাত্ৰ আত্মাকে জানো, অন্ত বাক্য সব পরিত্যাগ কর, তিনিই অমৃতের সেতৃ।

যথন আকাশ যোরঘটাচ্ছন্ন হইয়া বিছ্যন্নতা চমকিতে থাকে, তথন যেন শুনিতে পাই—যামীশী সেই আকাশহা সৌদামিনীর দিকে অনুলি বাড়াইয়া বলিতেছেন:

> ন তত্ত্ব ক্ৰেণি ভাতি ন চম্ৰতাৱকম্ নেমা বিদ্যুতো ভাত্তি কুতোহয়মগিঃ । তমেব ভাত্তমন্থভাতি দৰ্বং ভক্ত ভাসা সৰ্বমিদং বিভাতি ॥

—সেধানে স্থাও প্রকাশ পায় না, চন্দ্র-ভারাও নছে, এইসৰ বিদ্যাৎও সেধানে প্রকাশ পায় না—এই সামান্ত অগ্নির কথা কি ? তিনি প্রকাশিত থাকাতে তাঁহার পশ্চাৎ সমূদয় প্রকাশিত হইতেছে—তাঁহার প্রকাশে এই সমূদয় প্রকাশিত হইতেছে।

অথবা বধন তত্তজানকে স্প্রপ্রাহত মনে করিয়া হাদর হতাশার আচ্ছর হয়, তধন মেন শুনিতে পাই—কামীকা আনন্দোৎফুলমূপে উপনিবদের এই আশাসবাণী আর্ত্তি করিতেছেন:

শৃথন্ত বিখে অমৃতশ্ৰ পুত্ৰা আ যে ধামানি দিব্যানি ভদুঃ।

বেদাহমেতং পুরুষং মহাস্তম্ আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ। তমেব বিদিম্বাহতিমৃত্যুমেতি নাম্যঃ পদা বিহুতেইয়নায়।

—হে অমৃতের পূত্রগণ, হে দিব্যধামনিবাসিগণ, তোমরা শ্রবণ কর। আমি সেই মহান্ পুরুষকে জানিয়াছি—বিনি আদিত্যের স্থায় জ্যোতির্ময় ও অজ্ঞানান্ধকারের অতীত। তাঁহাকে জানিলেই লোকে মৃত্যুকে অভিক্রম করে—মৃক্তির আর বিতীয় পশা নাই।

১৮৯৭ খ্রীষ্টাব্দের এপ্রিল মাসের শেষ ভাগ। আলমবাজার মঠ। সবে চার-পাঁচ দিন হইল বাড়ি ছাড়িয়া মঠে রহিয়াছি। পুরাতন সন্ন্যাসিবর্গের মধ্যে খামী প্রেমানন্দ, নির্মলানন্দ ও হ্ববোধানন্দ মাত্র আছেন। খামীজী দার্জিলিং হইতে আসিয়া পড়িলেন—সঙ্গে খামী ব্রহ্মানন্দ, বোগানন্দ, খামীজীর মাজাজী শিশু আলাসিলা পেরুমল, কিডি, জি. জি. প্রভৃতি।

বামী নিত্যানর অল্প করেকদিন হইল বামীজীর নিকট সন্তাসরতে
দীক্ষিত হইরাছেন। ইনি বামীজীকে বলিলেন, এখন অনেক নৃতন নৃতন
ছেলে সংসার ত্যাগ ক'রে মঠবাসী হয়েছেন, তাঁদের জন্ত একটা নির্দিষ্ট নির্মে শিক্ষাদানের ব্যবস্থা করলে বড় ভাল হয়।'

খামীজী জাঁহার অভিপ্রায়ের অহুমোদন করিয়া বলিলেন, 'হা, হা— একটা নিয়ম করা ভাল বইকি। ডাক্ সকলকে।' সকলে খাসিয়া বড়

১ বেতাৰতর, ২াৎ; ৩৮.

ঘরটিছে জমা হইলেন। তথন স্বামীজী বলিলেন, 'একজন কেউ লিখতে থাকু, আমি বলি।' তথন এ উহাকে সামনে ঠেলিয়া দিতে লাগিল—কেউ অগ্রসক হয় না, শেষে আমাকে ঠেলিয়া অগ্রসর করিয়া দিল। তখন মঠে লেখাপড়ার উপর সাধারণত: একটা বিভৃষ্ণা ছিল। সাধনভন্সন করিয়া ভগবানের সাক্ষাৎ উপলব্ধি করা—এইটিই সার, আর লেখাপড়াটা—উহাতে মান্যশের हेच्हा चानित्व, बाहाबा छगवात्मव चानिष्ठे हहेशा श्रावकार्वानि कवित्व, ভাহাদের শক্ষে আবশ্রক হলেও সাধকদের পক্ষে উহার প্রয়োজন ভো নাই-ই वतः উहा शनिकत- अहे धात्रभाहे श्रवण हिल। याहा इंडेक, शूर्वहे विनेत्राहि, আমি কভটা forward ও বেপরোয়া—আমি অগ্রসর হইয়া গেলাম। খামীজী একবার শৃত্যের দিকে চাহিয়া জিজাসা করিলেন, 'এ কি থাকবে ?' (অর্থাৎ আমি কি মঠের ব্রহ্মচারিক্সপে তথায় থাকিব অথবা চুই-এক দিনের জ্ঞ্জ মঠে বেড়াইতে আদিয়াছি, আবার চলিয়া বাইব ?) সন্ন্যাসিবর্গের মধ্যে একজন বলিলেন, 'হা।' তথন আমি কাগজ কলম প্রভৃতি ঠিক করিয়া লইয়া গণেশের আসন গ্রহণ করিলাম। নিয়মগুলি বলিবার পূর্বে খামীজী বলিতে লাগিলেন, 'দেখ এইসব নিয়ম করা হচ্ছে বটে, কিন্তু প্রথমে আমাদের বুঝতে হবে, এগুলি করবার মূল লক্ষ্য কি। আমাদের মূল উদ্দেশ্ত হচ্ছে—সৰ নিয়মের বাইরে যাওয়া। তবে নিয়ম করার মানে এই যে আমাদের স্বভাবতই কতকগুলি কু-নিয়ম রয়েছে—জ্ব-নিয়মের ছারঃ **সেই কু-নিয়মগুলিকে দূর ক'রে দিয়ে শেষে শব নিয়মের বাইরে যাবার** চেষ্টা করতে হবে। বেমন কাঁটা দিয়ে কাঁটা ভূলে শেবে হুটো কাঁটাই ফেলে দিতে হয়।'

তাবপর নিয়মগুলি লেখানো হইতে লাগিল। প্রাতে ও সায়াহে অপ ধ্যান, মধ্যাহে বিশ্রামান্তে নিজে নিজে শান্তগ্রহাদি অধ্যয়ন ও অপরাহে সকলে মিলিয়া একজন পাঠকের নিকট কোন নির্দিষ্ট শান্তগ্রহাদি শুনিতে হইবে, এই ব্যবস্থা হইল। প্রভাহ প্রাতে ও অপরাহে একটু একটু করিয়া ডেলসার্ট ব্যায়াম করিতে হইবে, তাহাও নির্দিষ্ট হইল। মাদকজব্যের মধ্যে তামাক ছাড়া আর কিছু চলিবে না—এই ভাবের একটি নিয়ম লেখা হইল। শেবে সম্বর লেখানো শেব করিয়া স্বামীন্ত্রী বলিলেন, 'দেখ, একটু দেখে, গুনে নিয়মগুলি ভাল করে কপি ক'রে রাখ্—দেখিল, বহি কোন নিয়মটা negative (নেতিবাচক) ভাবে লেখা হয়ে থাকে, সেটাকে positive (ইতিবাচক) ক'রে দিবি।

এই শেষোক্ত আদেশ-প্রতিপালনে আমারিগকে একটু বেগ পাইতে হইয়া-ছিল। স্বামীজীর উপদেশ ছিল—লোককে খারাপ বলা বা ভাহার বিক্লছে কু-সমালোচনা করা, ভাহার দোষ দেখানো, ভাহাকে 'ভূমি অমৃক ক'রো না, ভমুক ক'বো না'—এইব্লপ negative উপদেশ দিলে তাহার উন্নতির বিশেষ সাহায্য হয় না: কিন্তু তাহাকে যদি একটা আদর্শ দেখাইয়া দেওয়া ষায়, তাহা হইলেই তাহার সহজে উন্নতি হইতে পারে, তাহার দোষগুলি আপনা-আপনি চলিয়া যায়। ইহাই স্বামীজীর মূল কথা। স্বামীজীর সব নিয়মগুলিকে positive করিয়া লইবার উপদেশে আমাদের মনে বারবার ঐ কথাই উদিত হইতে লাগিল। কিন্তু তাঁহার আদেশমত যথন আমরা সব নিয়মগুলির মধ্য হইতে 'না' কথাটির সম্পর্ক রহিত করিবার চেষ্টা করিতে লাগিলাম, তথন দেখিলাম আর কোন নিয়মে কোন গোল নাই, কিন্ত মাদকত্রব্যাপম্বনীয় নিয়মটাভেই একটু গোল। সেটি প্রথম এইভাবে লেখা হইয়াছিল—'মঠে তামাক ব্যতীত কেহ অন্ত কোন মাদকদ্ৰব্য সেবন করিতে পারিবেন না। বধন আমরা উহার মধ্যগত 'না' টিকে বাদ দিবার চেষ্টা করিলাম, তথন প্রথম দাঁড়াইল—'দকলে তামাক থাইবেন।' কিছু এরপ বাক্যের বারা সকলের উপর (যে না থায়, তাহারও উপর) তামাক থাইবার বিধি আসিয়া পড়িতেছে দেখিয়া, শেষে অনেক মাথা খাটাইয়া নিয়মটি এইক্লপ দীড়াইল--'মঠে কেবলমাত্র ভামাক দেবন করিতে পারিবেন'। বাহা হউক এখন মনে হইতেছে আমরা একটা বিকট আপোষ করিয়াছিলাম। Detail-এর (খুটিনাটির) ভিতর আসিলে বিধিনিষেধের মধ্যে নিষেধটাকে একেবারে উড়াইয়া দেওয়া চলে না; তবে ইহাও সভ্য যে, এই বিধিনিষেশগুলি ষভ মৃলভাবের অন্থগামী হয়, ভতই উহাতে অধিকতর উপযোগিতা দাঁড়ায়। আর স্বামীজীরও ঐক্লপ অভিপ্রায়ই ছিল।

একদিন অপরাহে বড় দরে একদর লোক। দরের মধ্যে স্থামীকী অপূর্ব শোক্তা ধারণ করিয়া বসিয়া আছেন, নানা প্রসন্ধ চলিতেছে। স্থামানের বন্ধু বিজয়ক্তঞ্চ বহু (আলিপুর আলালতের স্থনামধ্যাত উকিল) মহাশয়ও

আছেন। তথন বিষয়বাবু সময়ে সময়ে নানা সভায়-এমন কি, কথন কথন কংগ্রেদে দাঁড়াইয়াও ইংরেজী ভাষায় বক্তৃতা করিতেন। তাঁহার এই বকুতাশক্তির কথা কেহ স্বামীনীর নিকট উল্লেখ করিলে স্বামীনী বলিলেন, 'তা বেশ বেশ। আছা, অনেক লোক এথানে সমবেত আছেন—এখানে দাড়িয়ে একটু বক্তৃতা কর দেখি। আচ্ছা—soul (আত্মা) সম্বন্ধে ভোমার যা idea (ধারণা), তাই খানিকটা বলো।' বিজয়বাবু নানা ওজর করিতে লাগিলেন— স্বামীকী এবং আর আর অনেকেও তাঁহাকে খুব পীড়াপীড়ি করিতে লাগিলেন। অন্ততঃ ১৫ মিনিট অমুবোধ-উপরোধের পরও যথন কেহ তাঁহার সঙ্কোচ ভাঙিতে কৃতকার্য হুইলেন না, তথন অগত্যা হার মানিয়া তাঁহাদের দৃষ্টি বিজয়বাৰু হইতে আমার উপর পড়িল। আমি মঠে যোগ দিবার পূর্বে কখন কখন ধর্মসম্বন্ধে বাঙলাভাষায় বক্তৃতা করিডাম, আর আমাদের এক ডিবেটিং ক্লাব ছিল, ভাহাতে ইংরেজী বলিবার অভ্যাদ করিতাম। আমার সম্বন্ধে এই-সকল বিষয় কেহ উল্লেখ করাতেই এবার **আ**মার উপর চোট পড়িল, আর পূর্বেই বলিয়াছি আমি অনেকটা বেশরোয়া। আমাকে আর বেশী विनिष्ठ इहेन ना। आমি একেবারে দাড়াইয়া পড়িনাম এবং বৃহদারণ্যক উপনিষদের যাজ্ঞবন্ধ্য-মৈত্রেয়ী-সংবাদান্তর্গত আত্মতত্ত্বের বিষয় হইতে আরম্ভ कतिया व्याचा नश्रक लाय व्याध्यको धितया या मूर्य व्यामिन वनिया राजाम । ভাষা বা ব্যাকরণের ভূল হইডেছে বা ভাবের অসামঞ্চ হইডেছে, এ-সকল খেয়ালই কবিলাম না। দয়ার সাগর স্বামীজী আমার এই হঠকারিভায় কিছু-মাত্র বিরক্ত না হইয়া আমায় খুব উৎসাহ দিতে লাগিলেন। আমার পরে সামীজীর নিকট সন্মাসাধ্রমে দীক্ষিত প্রকাশানন্দ স্বামী প্রায় ১০ মিনিটকাল ধরিরা আত্মতত্ত্ব-সম্বন্ধে বলিলেন। তিনি স্বামীজীর বক্তৃতার প্রারম্ভের অহকরণ করিয়া বেশ গন্তীর স্বরে নিজ বক্তব্য বলিতে লাগিলেন। স্বামীজী তাঁহার বকৃতারও খুব প্রশংসা করিলেন।

আহা! খামীজী বাত্তবিকই কাহারও দোষ দেখিতেন না। বাহার বেটুকু শামান্ত গুণ বা শক্তি দেখিতেন, তাহাতেই উৎসাহ দিয়া বাহাতে তাহার ভিতরের অব্যক্ত শক্তিগুলি প্রকাশিত হয়, তাহারই চেষ্টা করিতেন।… কোথার পাইব এমন ব্যক্তি, বিনি শিক্তবর্গকে লিখিতে পারেন, 'I want each one of my children to be a hundred times greater than I could ever be. Everyone of you must be a giant—must, that is my word!'—wiি চাই তোমাদের প্রত্যেক, আমি বাহা হইতে পারিভাম, তদপেকা শতগুণে বড় হও। ভোমাদের প্রত্যেককেই শ্রবীর হইতে হইবে—হইভেই হইবে, নহিলে চলিবে না।

দেই সময়ে স্বামীজীর ইংলতে প্রদত্ত জ্ঞানযোগদম্বীর বক্তাসমূহ লওন হইতে ই. টি. স্টাৰ্ডি সাহেব কৰ্তৃক কৃত্ৰ কৃত্ৰ পুন্তিকাকারে মৃত্রিত হইতেছে-মঠেও উহার ত্-এক কণি প্রেরিত হইতেছে। স্বামীকী দার্কিলিং হইতে তথনও ফেরেন নাই—আমরা পরম আগ্রহসহকারে সেই উদ্দীপনাপূর্ণ অবৈততত্ত্বে অপূর্ব ব্যাখ্যা-স্বরূপ বক্তৃতাগুলি পাঠ করিতেছি। বৃদ্ধ স্বামী অবৈতানন ভাল ইংরেনী জানেন না, কিন্তু তাঁহার বিশেষ আগ্রহ 'নরেন' বেদাস্থ্যমন্ত্র বিলাতে কি বলিয়া লোককে মৃগ্ধ করিয়াছে, তাহা অনেন ৷ তাঁহার অহুবোধে আমরা তাঁহাকে সেই পুত্তিকাগুলি পড়িয়া তাহার অহুবাদ করিয়া শুনাই। একদিন স্বামী প্রেমানন্দ নৃতন সন্ন্যাসি-ব্রহ্মচারিগণকে বলিলেন, 'তোমরা স্বামীজীর এই বক্তভাশুলির বাঙলা অমুবাদ কর না।' তথন আমরা অনেকে নিজ নিজ ইচ্ছামত উক্ত pamphlet-গুলির মধ্যে বাহার বাহা ইচ্ছা দেইখানি পছন্দ করিয়া অমুবাদ আরম্ভ করিলাম। ইভোমধ্যে স্বামীজী আদিয়া পড়িয়াছেন। একদিন স্বামী প্রেমানন্দ স্বামীজীকে বলিলেন, 'এই ছেলেরা ভোমার বক্তাগুলির অমুবাদ আরম্ভ করেছে।' পরে আমাদিগকে লক্য করিয়া বলিলেন, 'ভোমরা কে কি অমুবাদ করেছ, স্বামীজীকে শুনাও मिथा' তथन नकलाई निक निक जारू वान जानिया किছू किছू जामीकीक গুনাইল। স্বামীজীও অমুবাদ সম্বন্ধে ছ-একটি মন্তব্য প্রকাশ করিলেন-এই শব্দের এইরূপ অনুবাদ হইলে ভাল হয়, এইরূপ চুই-একটি কথাও বলিলেন। একদিন স্বামীন্ত্রীর কাছে কেবল আমিই বহিয়াছি, তিনি হঠাৎ আমায় বলিলেন, 'রাজ্যোগটা ভর্জমা করু না।' আমার স্থায় অনুপযুক্ত ব্যক্তিকে এইরূপ चारमं यात्रीकी दक्त कतिरमत ? रहमित भूव हहेरछहे चात्रि वाकर्यारगद অভ্যান করিবার চেষ্টা করিতাম, ঐ বোগের উপর কিছুদিন এভ অহুরাগ হইয়াছিল বে, ভক্তি জান বা কৰ্মধোগকে একরূপ অবজ্ঞার চক্ষেই দেখিতাম ৷ मत्न छानिजान, मर्कत माधुता रवाश-वाश किছू बारनन ना, म्हेकछरे छाराना বোগনাধনে উৎসাহ দেন না। সামীজীর রাজবোগ গ্রন্থ পড়িয়া ধারণা হয় বে, সামীজী শুধু যে রাজবোগে বিশেষ পটু ভাহা নহেন, উক্ত বোগ সহকে আমার বে-সকল ধারণা ছিল, সে-সকল ভো ভিনি উত্তমরূপেই ব্যাইয়াছেন, তঘাতীত ভক্তি জ্ঞান প্রভৃতি অক্যান্ত যোগের সহিত রাজবোগের সম্বত্ত অভি ক্ষান প্রভৃতি অক্যান্ত যোগের সহিত রাজবোগের সম্বত্ত অভি ক্ষান প্রভৃতি বিশ্বাছন। সামীজীর প্রতি আমার বিশেষ প্রজার ইহা অক্ততম কারণ হইয়াছিল। রাজযোগের অহ্বাদ করিলে উক্ত গ্রন্থের উত্তম চর্চা হইবে এবং ভাহাতে আমারই আধ্যাত্মিক উন্নতির সহায়তা হইবে, তদ্দেশ্যে কি ভিনি আমাকে এই কার্যে প্রবৃত্ত করিলেন ? অথবা বন্ধদেশে বথার্থ রাজযোগের চর্চার অভাব দেখিয়া সর্বসাধারণের ভিতর উক্ত যোগের বথার্থ রাজযোগের করিবার জন্মই ভাঁহার বিশেষ আগ্রহ হইয়াছিল ? ভিনি প্রমদাদাস মিত্রকে বিথিত একথানি পত্রে বলিয়াছেন, 'বাঙলা দেশে রাজযোগের চর্চার একান্ত অভাব—যাহা আছে, ভাহা দমটানা ইভ্যাদি বই আর কিছ নয়।'

যাহা হউক, স্বামীজীর আদেশে নিজের অন্পযুক্ততা প্রভৃতির কথা মনে না ভাবিয়া উহার অনুবাদে তথনই প্রবৃত হইয়াছিলাম।

একদিন অপরাত্নে একঘর লোক বসিয়া আছে, স্বামীজীর খেয়াল হইল,
পীতা পাঠ করিতে হইবে। অমনি গীতা আনা হইল। সকলেই উদ্গ্রীব
হইয়া স্বামীজী গীতা সম্বন্ধে কি বলেন, শুনিতে লাগিলেন। গীতা সম্বন্ধে সেদিন
তিনি যাহা বাহা বলিয়াছিলেন, তাহা তুই-চারি দিন পরেই স্বামী প্রেমানন্দের
আদেশে স্মরণ করিয়া বর্থালাধ্য লিপিবদ্ধ করিয়াছিলাম। তাহা 'গীতাতত্ব'
নামে প্রথমে 'উল্লোখনে'র দিতীয় বর্ষে প্রকাশিত হয় এবং পরে 'ভারতে
বিবেকানন্দে'র অদীভূত করা হয়।

বধন স্বামীজী আলোচনা আরম্ভ করিলেন, তথন তিনি একজন কঠোর সমালোচক—কৃষ্ণার্জুন, ব্যাস, কৃষক্ষেত্রযুদ্ধ প্রভৃতির ঐতিহাসিকতা সম্বদ্ধে সন্দেহের কারণ-পরস্পরা যথন ত্রতরক্ষণে বিবৃত করিতে লাগিলেন, তথন সময়ে সময়ে বোধ হইতে লাগিল, এ ব্যক্তির নিকট অতি কঠোর সমালোচকও হার সানিরা যার। ঐতিহাসিক তত্ত্বের এইক্ষণ তীত্র বিশ্লেষণ করিলেন বটে, কিছু ঐ বিষয়ে স্বামীজী নিজ মতামত বিশেষভাবে কিছু প্রকাশ না করিয়াই প্রে

ব্ঝাইলেন, ধর্মের সঙ্গে এই ঐতিহাসিক গবেষণার কোন সম্পর্ক নাই। ঐতিহাসিক গবেষণায় শান্তবিবৃত ব্যক্তিগণ কাল্পনিক প্রতিপন্ন হইলেও সনাতন ধর্মের অব্দে তাহাতে একটা আঁচড়ও লাগে না। আচ্ছা, যদি ধর্মসাধনের সঙ্গে ঐতিহাসিক গবেষণার কোন সম্পর্ক না রহিল, ভবে ঐতিহাসিক গবেষণার কি কোন মূল্য নাই ?---এই প্রশ্নের সমাধানে স্বামীন্দী বুঝাইলেন, নিভীকভাবে এইসকল ঐতিহাসিক সভ্যামুসদ্ধানেরও একটা বিশেষ প্রয়োজনীয়ভা আছে। উদ্দেশ্ত মহান্ হইলেও ভজ্জগু মিখ্যা ইভিহাস রচনা করিবার কিছুমাত্র প্রয়োজন নাই। বরং বদি লোকে সর্ববিষয়ে সভ্যকে সম্পূর্ণক্রণে আশ্রয় করিবার প্রাণপণ চেষ্টা করে, তবে সে একদিন সত্যস্থরূপ ভগবানেরও সাক্ষাৎকার লাভ করিছে পারে। তারপর গীতার মৃশতত্বরূপ সর্বমতসমন্বয় ও নিষাম কর্মের ব্যাখ্যা সংক্ষেপে করিয়া শ্লোক পড়িতে আরম্ভ করিলেন। বিভীয় অধ্যায়ের 'ক্লৈব্যং মান্ম গমঃ পার্থ' ইত্যাদি অর্জুনের প্রতি শ্রীকৃষ্ণের যুদ্ধার্থ উত্তেজনা-বাক্য পড়িয়া তিনি স্বয়ং সর্বসাধারণকৈ যেভাবে উপদেশ দেন, ভাহা তাঁহার মনে পড়িল— 'নৈতত্ত্ব্যুপপভতে', এ তো তোমার সাব্দে না—তুমি সর্বশক্তিমান্, তুমি ব্রহ্ম, ভোমাতে বে নানাক্রপ ভাববিক্বতি দেখিতেছি—ভাহা ভো ভোমার সাবে না। প্রফেটের মতো ওজ্বিনী ভাষায় এই তত্ত্ব বলিতে বলিতে তাঁহার ভিতর ষ্টতে যেন তেজ বাহির হইতে লাগিল। স্বামীকী বলিতে লাগিলেন, 'যথন অপরকে ত্রহ্মদৃষ্টিতে দেখতে হবে—তখন মহাপাপীকেও দ্বণা করলে চলবে না।' 'মহাপাপীকে ম্বণা ক'রো না'—এই কথা বলিতে বলিতে স্বামীজীর মুধের যে ভাবাস্তর হইল, সেই ছবি আমার হাদয়ে এখনও মৃত্রিত হইয়া আছে—যেন তাঁহার মুথ হইতে প্রেম শতধাকে প্রবাহিত হইতে লাগিল। মুখধানা বেন ভালবাদায় ভগমগ করিতেছে—ভাহাতে কঠোরভার লেশমাত্র নাই।

এই একট্রি স্লোকের মধ্যেই স্বামীজী সমগ্র গীতার সার নিহিত দেখাইয়া শেষে এই বলিয়া উপসংহার করিলেন, 'এই একটিমাত্র স্লোক পড়লেই সমগ্র গীতাপাঠের ফল হয়।'

একদিন ব্রহ্মস্ত্র আনিতে বলিলেন। বলিলেন, 'ব্রহ্মস্ত্রের ভাষ্য না পড়ে এখন খাধীনভাবে সকলে স্ত্রগুলির অর্থ ব্যবার চেষ্টা কর্।' প্রথম অধ্যায়ের প্রথম পাদের স্ত্রগুলি পড়া চ্ইতে লাগিল। খামীজী ধ্থাব্যভাবে সংস্কৃত

উচ্চারণ শিকা দিতে লাগিলেন; বলিলেন, 'নংমুত ভাষা আমরা ঠিক ঠিক উচ্চারণ করি না, অথচ এর উচ্চারণ এড সহজ বে, একটু চেটা করলে সকলেই শুদ্ধ সংস্কৃত উচ্চারণ করতে পারে। কেবল আমরা ছেলেবেলা থেকে অক্তরণ উচ্চারণে অভ্যন্ত হয়েছি--তাই ঐ-রকম উচ্চারণ এখন আমাদের এভ বিসদৃশ ও কঠিন বোধ হয়। আমরা 'আজা'-শব্দকে 'আত্মা' এইক্লপ উচ্চারণ না ক'রে 'আন্ত্রা' এইভাবে উচ্চারণ করি কেন ? মহর্ষি পতঞ্জী তাঁহার মহাভায়ে বলেছেন, অপশব-উচ্চারণকারীরা মেচ্ছ। আমরা সকলেই তো পভঞ্জলির মতে ফ্লেচ্ছ হয়েছি। তথন নৃতন ব্রহ্মচারি-সন্ন্যাসিগণ এক এক করিয়া যথাসাধ্য ঠিক ঠিক উচ্চারণ করিয়া ব্রহ্মহত্তের স্ত্তগুলি পড়িতে লাগিলেন। পরে স্বামীন্দী বাহাতে স্ত্রের প্রত্যেক শব্দটিধরিয়া উহার ক্ষরার্থ করিতে পারা যায়, তাহার উপায় দেখাইয়া দিতে লাগিলেন। বলিলেন, 'হত্তগুলি যে কেবল অহৈতমতেরই পোষক, এ-কথা কে বললে? শহর অধৈতবাদী ছিলেন—তিনি স্ত্রগুলিকে কেবল অধৈতমতেই ব্যাখ্যার চেষ্টা করেছেন, কিছ ভোরা স্ত্রের অক্রার্থ করবার চেষ্টা করবি—ব্যাসের ব্ধার্থ অভিপ্রায় কি বোঝবার চেষ্টা করবি—উদাহরণস্বরূপ দেখ্—'অস্মিরস্ত চ তদ্যোগং শান্তি''--এই স্ত্তের ঠিক ঠিক ব্যাখ্যা আমার মনে হয় বে. এতে অবৈভ ও বিশিষ্টাবৈত উভয় বাদই ভগবান্ বেদব্যাস কর্তৃক স্থচিত रस्ट ।'

খামীজী একদিকে বেমন গভীরাত্মা ছিলেন, তেমনি অপরদিকে স্বাসিকও ছিলেন। পড়িতে পড়িতে 'কামাচ্চ নাহমানাপেকা' স্ত্রটি আসিল। খামীজী এই স্ত্রটি পাইরাই খামী প্রেমানন্দের নিকট ইহার বিরুত অর্থ করিয়া হাসিতে লাগিলেন। স্ত্রটির প্রাকৃত অর্থ এই—যখন উপনিষদে জগৎকারণের প্রুমল উঠাইয়া 'সোহকাময়ত'—ভিনি (সেই জগৎকারণ) কামনা করিলেন, এইরূপ কথা আছে, তথন 'অহমানগম্য' (অচেতন) প্রধান বা প্রকৃতিকে জগৎকারণরূপে খীকার করিবার কোন প্রয়োজন নাই। যাহারা শাস্ত্রপ্রের নিজ নিজ অত্ত্র কচি অহ্বায়ী কদর্থ করিয়া এমন পবিত্র সনাতন ধর্মকে খোর বিরুত করিয়া কেলিয়াছে, যাহা কোন কালে গ্রহকারের অভিপ্রেত ছিল না, খামীজী কি ভাহাদিগকে উপহাস করিতেছিলেন?

> একহন্ত, ১/১/১৯

বাহা হউক, পাঠ চলিতে লাগিল। ক্রমে 'শান্তদৃষ্ট্যা তুপদেশো বামদেবৰং² প্রে আলিল। এই প্রের ব্যাখ্যা করিয়া স্বামীজী প্রেমানন্দ স্বামীর দিকে চাহিয়া বলিতে লাগিলেন, 'দেখ্, তোর ঠাকুরও বে নিজেকে ভগবান্ বলতেন, দে ঐ ভাবে বলতেন।' এই কথা বলিয়াই কিছু স্বামীজী জন্ত দিকে মুখ ফিরাইয়া বলিতে লাগিলেন, 'কিছু তিনি আমাকে তাঁর নাভিশানের সময় বলেছিলেন: যে বাম, যে কৃষ্ণ, সে-ই ইদানীং বামকৃষ্ণ, তোর বেদান্তের দিক্ দিয়ে নয়।' এই বলিয়া আবার জন্ত প্র পড়িতে বলিলেন।

খামীজীর অপার দয়া, তিনি আমাদিগকে সন্দেহ ত্যাগ করিতে বলেন নাই, ফস্ করিয়া কাহারও কথা বিখাস করিতে বলেন নাই। তিনি বলিয়াছেন, 'এই অভুত রামকৃষ্ণচরিত্র তোমার কৃত্র বিভাবৃদ্ধি দিয়ে ঘতদ্র সাধ্য আলোচনা কর, অধ্যয়ন কর—আমি তো তাঁহার লক্ষাংশের একাংশও এখনও ব্রতে পারিনি—ও যত ব্রবার চেষ্টা করবে, ততই স্থপ পাবে, ততই মজবে।'

খামীনী একদিন আমাদের সকলকে ঠাকুর্ঘরে লইয়া গিয়া সাধনভন্ধন লিখাইতে লাগিলেন। বলিলেন, 'প্রথম সকলে আসন ক'রে বস্; ভাব্—আমার আসন দৃঢ় হোক, এই আসন অচল অটল হোক, এর সাহায়েই আমি ভবসমূত্র উত্তীর্ণ হবো।' সকলে বসিয়া কয়েক মিনিট এইরূপ চিন্তা করিলে তারপর বলিলেন, 'ভাব্—আমার শরীর নীরোগ ও স্কুম্ব, বজ্রের মডো দৃঢ়—এই দেহ-সহায়ে আমি সংসারের পারে ধাব।' এইরূপ কিয়ৎকণ চিন্তার পর ভাবিতে বলিলেন, 'এইরূপ ভাব্ যে, আমার নিকট হ'তে উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম চতুর্দিকে প্রেমের প্রবাহ মাছে—হদমের ভিতর হ'তে সমগ্র জগতের জন্ত ভঙ্কামনা হছে—সকলের কল্যাণ হোক, সকলে স্কুম্ব ও নীরোগ হোক। এইরূপ ভাবনার পর কিছুক্ষণ প্রাণায়াম করবি; অধিক নয়, ভিনট প্রাণায়াম করলেই হবে। তারপর হলয়ে প্রত্যেকের নিজ নিজ ইইম্ভির চিন্তা ও মন্ত্রজণ—এইটি আধ্যতী আন্দাক করবি।' সকলেই খামীনীর উপদেশ-মত চিন্তাদির চেন্তা করিতে লাগিল।

এইভাবে সমবেত সাধনাত্মভান মঠে দীর্ঘকাল ধরিয়া অত্মন্তিত ত্ইয়াছিল এবং স্বামী ত্রীয়ানন্দ স্বামীনীর আদেশে নৃতন সন্ত্যাসি-ব্লভারিগণকে লইয়া

^{\$ 3, 21210.}

বহুকাল যাবং 'এইবার এইরূপ চিস্তা কর, ভারণর এইরূপ কর' বলিয়া দিয়া এবং স্বয়ং অষ্ট্রান করিয়া স্বামীজীপ্রোক্ত সাধন-প্রণালী অভ্যাদ করাইরাছিলেন।

একদিন সকলবেলা, ১টা-১০টার সময় আমি একটা ঘরে বলিয়া কি করিছেছি—হঠাৎ তুলদী মহারাজ (আমী নির্মলানজ) আদিয়া বলিলেন, 'আমীজীর নিকট দীকা নেবে?' আমিও বলিলাম, 'আজা হাঁ।' ইতঃপূর্বে আমি কুলগুরু বা অপর কাহারও নিকট কোন প্রকার মন্ত্রগ্রহণ করি নাই। একণে নির্মলানজ আমীর এইরপ অবাচিত আহ্বানে প্রাণে আর বিধা বহিল না। 'লইব' বলিয়াই তাহার সঙ্গে ঠাকুরঘরের দিকে অগ্রসর হইলাম। আনিতাম না যে, লেদিন প্রীযুত শরচ্চক্র চক্রবর্তী দীকা লইভেছেন —তথনও দীকালান শেষ হয় নাই বলিয়া, বোধ হয় ঠাকুরঘরের বাহিরে একটু অপেকাও করিতে হইয়াছিল। তারপর শরৎবার্ বাহির হইয়া আদিবামাত্র তুলদী মহারাজ আমাকে লইয়া গিয়া আমীজীকে বলিলেন, 'এ দীকা নেবে।' আমীজী আমাকে বলিতে বলিলেন। প্রথমেই জিজাসা করিলেন, 'তোর সাকার ভাল লাগে, না নিরাকার ভাল লাগে।'

তিনি ইহার উত্তরে বলিলেন, 'তা নয়; গুরু ব্যতে পারেন, কার কি পথ; হাতটা দেখি।' এই বলিয়া আমার দক্ষিণ হস্ত কিয়ৎক্ষণ ধরিয়া অল্লক্ষণ ধেন ধ্যান করিতে লাগিলেন। তারপর হাত ছাড়িয়া দিয়া বলিলেন, 'তুই কখন ঘটস্থাপনা ক'রে প্রো করেছিন্?' আমি বাড়ি ছাড়িবার কিছু পূর্বে ঘটস্থাপনা করিয়া কোন্ পূজা অনেকক্ষণ ধরিয়া, করিয়াছিলাম—ভাহা বলিলাম। তিনি তখন একটি দেবতার মন্ত্র বলিষা দিয়া উহা বেশ করিয়া ব্যাইয়া দিলেন এবং বলিলেন, 'এই মত্ত্রে তোর হ্বিধে হবে। আর ঘটস্থাপনা ক'রে পূজা করলে ভোর হ্বিধে হবে।' ভারপর আমার সম্বন্ধে একটি ভবিত্রঘাণী করিয়া পরে সম্বাধে করেলটি লিচু পড়িয়াছিল—সেইগুলি লইয়া আমার গুরুদ্বিণা-স্ক্রপ দিতে বলিলেন।

আমি দেখিলাম, বদি আমাকে ভগবছজিম্বরূপ কোন দেবতার উপাসনা করিতে হয়, তবে স্বামীজী বে দেবতার কথা আমার উপদেশ দিলেন, ভাহাই আমার সম্পূর্ণ প্রকৃতিসক্ত। শুনিয়াছিলাম, মথার্থ শুরু শিক্তের প্রকৃতি বুঝিয়া মন্ত্র দেন, খামীজীতে আজ তাহার প্রত্যক্ষ প্রমাণ পাইলাম।

দীক্ষাগ্রহণের কিছু পরে স্বামীজীর আহার হইল। স্বামীজীর ভূক্তাবশিষ্ট প্রদাদ আমি ও শরৎবারু উভয়েই ধারণ করিলাম।

মঠে তথন শ্রীযুক্ত নরেজনাধ সেন-সম্পাদিত 'ইপ্রিয়ান মিরর' নামক ইংরেজী দৈনিক সংবাদপত্র বিনামূল্যে প্রদত্ত হইত, কিন্তু মঠের সন্ন্যাসীদের এরণ সংস্থান ছিল না যে, উহার ডাকধরচটা দেন। উক্ত পত্র পিয়ন দারা বরাহনগর পর্যন্ত বিলি হইত। বরাহনগরে 'দেবালয়ের' প্রতিষ্ঠাতা দেবাব্রতী শ্রীশশিপদ বন্দ্যোপাধ্যায়-প্রতিষ্ঠিত একটি বিধবাশ্রম ছিল। তথায় একথানি করিয়া ঐ আশ্রমের জন্ম উক্ত পত্র আসিত। 'ইগুরান মিররে'র পিয়নের ঐ পর্যন্ত 'বিট' বলিয়া মঠের কাগৰখানিও ঐখানে আদিত এবং তথা হইতে উহা প্রত্যহ মঠে লইয়া আসিতে হইত। উক্ত বিধবাশ্রমের উপর স্বামীকীর যথেষ্ট সহামুভূতি ছিল। তাঁহারই ইচ্ছামুসারে তাঁহার আমেরিকায় অবস্থান-কালে এই আশ্রমের সাহায্যের **দত্ত** স্বামীজী একটি benefit বক্তৃতা দেন এবং উক্ত বক্তৃতার টিকিট বেচিয়া যাহা কিছু আয় হয়, তাহা এই আশ্রমেই প্রদন্ত হয়। বাহা হউক, তথন মঠের বাজার করা, ঠাকুর-সেবার আয়োজন প্রভৃতি সমুদয় কার্যই কানাই মহারাজ বা স্বামী নির্ভয়ানন্দকে করিতে হইত। ্বলা বাহুল্য, এই 'ইণ্ডিয়ান মিবর' কাগজ আনার ভারও তাঁহার উপরেই ছিল। ভখন আমরা মঠে অনেকগুলি নবদীক্ষিত সন্নাদী ত্রন্ধচারী জুটিয়াছি, কিছ ভধনও মঠের প্রয়োজনীয় সমৃদয় কর্মের একটা প্রণাদীপূর্বক বিভাগ করিয়া সকলের উপর অক্লাধিক পরিমাণে কাজের ভার দেওয়া হয় নাই। স্থভরাং নির্ভয়ানন্দ স্বামীকে ধথেষ্ট কার্য করিতে হইতেছে। তাঁহারও তাই মনে **इहेग्नाइ (वं, उं) हो द कर्छ वा कार्य शनिद छि**जद किছू किছू विन न्छन नाश्रानद উপর দিতে পারেন, তবে তাঁহার কতকটা অবকাশ হইতে পারে। এই উদ্দেশ্যে তিনি আমাকে বলিলেন, 'ষেখানে ইণ্ডিয়ান মিরর আদে, তোমাকে সেন্থান দেখিয়ে আনবো—তুমি রোজ গিয়ে কাগজ্ঞানি এনো।' আমিও ইহা অতি সহত্ৰ কাত্ৰ জানিয়া এবং উহাতে একত্ৰনের কাৰ্যভার কিঞিৎ नाचर इटेरर ভাবিয়া সহজেই चौकुछ इटेनाम। একদিন विপ্রহ্রের প্রসাদ-ধারণান্তে কিয়ংক্ষণ বিশ্রামের পর নির্ভয়ানন্দ আমাকে বলিলেন, 'চল,

সেই বিধবাঞ্চনটি ভোষায় দেখিয়ে দিই।' আমিও তাঁহার সহিত ঘাইতে উছত হইয়াছি, ইভোমধ্যে স্বামীলী দেখিতে পাইয়া বলিলেন, 'বেদান্তপাঠ করা বাক্—আর।' আমি অমুক কার্যে বাইতেছি—বলায় আর কিছু বলিলেন না। আমি কানাই মহারাজের সহিত বাহির হইয়া সেইস্থান চিনিরা আসিলাম। ফিরিয়া আসিয়া মঠে আমাদের জনৈক ব্রন্ধচারী বন্ধুর নিকট শুনিলাম, আমি চলিয়া বাইবার কিছু পরে স্বামীলী অপরের নিকট বলিতেছিলেন, 'ছোঁড়াটা গেল কোথায়? স্বীলোক দেখতে গেল নাকি?' এই কথা শুনিরাই আমি কানাই মহারাজকে বলিলাম, 'ভাই, চিনে এলুম বটে কিন্তু কাগজ আনতে দেখানে আমার আর যাওয়া হবে না।'

শিশুগণের—বিশেষতঃ নৃতন নৃতন ব্রহ্মচারিগণের বাহাতে চরিত্রবক্ষা হয়, তবিষয়ে স্বামীকী এত সাবধান ছিলেন। কলিকাতায় বিশেষ প্রয়োজন ব্যতীত মঠের কোন সাধু-ব্রহ্মচারী বাস করে বা রাত কাটায়—ইহা তাঁহার আদৌ অভিপ্রেত ছিল না, বিশেষ ষেখানে স্থীলোকদের সংস্পর্শে আসিতে হয়। ইহার শত শত উদাহরণ দেখিয়াছি।

বেদিন মঠ হইতে রওনা হইয়া আলমোড়া বাত্রার জন্ত কলিকাতা বাইবেন, দেদিন সিঁড়ির পাশে বারান্দায় দাঁড়াইয়া অতিশয় আগ্রহের সহিত নৃতন বন্ধচারিগণকে সম্বোধন করিয়া বন্ধচর্ষ সম্বন্ধে যে কথাগুলি বলিয়াছিলেন, তাহা আমার কানে যেন এখনও বাজিতেছে:

দেখ বাবা, ব্রহ্মচর্য ব্যতীত কিছু হবে না। ধর্মজীবন লাভ করতে হ'লে ব্রহ্মচর্বই তার একমাত্র সহায়। তোরা স্ত্রীলোকের সংস্পর্শে একদম আসবি না। আমি তোদের স্ত্রীলোকদের ঘেরা করতে বলছি না, তারা সাক্ষাৎ ভগবতীযক্ষণা, কিছু নিজেদের বাঁচাবার জন্তে তাদের কাছ থেকে তোদের তহাত থাকতে বলছি। তোরা বে আমার লেকচারে পড়েছিস—সংসারে থেকেও ধর্ম হয় অনেক জায়গায় বলেছি, তাতে মনে করিসনি যে, আমার মতে ব্রহ্মচর্ব বা সন্ত্রাস ধর্মজীবনের জন্ত অত্যাবশুক নয়। কি ক'রব, সে সব লেকচারের জ্যোত্মগুলী সব সংসারী, সব গৃহী—তাদের কাছে যদি পূর্ণ ব্রহ্মচর্বের কথা একেবারে বলি, তবে তার পর্দিন থেকে আর কেউ আমার লেকচারে আসত না। তাদের মতে কডকটা সায় দিয়ে বাতে তাদের জনশঃ পূর্ণ ব্রহ্মচর্বের দিকে বোঁক হয়, সেইজন্তই ঐ ভাবে লেকচার দিয়েছি।

কিছ আমার ভেতরের কথা তোদের বলছি—ব্রহ্মচর্ব ছাড়া এডটুকুও ধর্মলাভ হবে না। কায়মনোবাক্যে ভোরা এই ব্রহ্মচর্বব্রত পালন করবি।

একদিন বিলাভ হইতে কি একখানা চিঠি আসিরাছে, সেই চিঠিখানি পড়িয়া সেই প্রসন্ধে ধর্মপ্রচারকের কি কি গুণ থাকিলে সে কুডকার্য হইতে পারে, বলিতে লাগিলেন। নিজের শরীরের ভিন্ন ভিন্ন অংশ উদ্দেশ করিয়া বলিতে লাগিলেন: ধর্মপ্রচারকের এই এই গুলি খোলা থাকা আবশুক, এবং এই এই গুলি বন্ধ থাকা প্রয়োজন। তাহার মাথা, হৃদয় ও মুখ খোলা থাকা আবশুক, তাহার প্রবল মেধারী হৃদয়বান্ ও বাগ্মী হওয়া উচিত, আর তাহার অধোদেশের কার্য যেন বন্ধ থাকে, যেন সে পূর্ণ ব্রন্ধচর্যবান্ হয়। জনৈক প্রচারককে লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন, তাহার অন্থান্ত সমুদ্য গুণ আছে, কেবল একটু হৃদয়ের অভাব—যাহা হউক, ক্রমে হৃদয়ও খুলিয়া যাইবে।

সেই পত্রে মিদ নোবল' বিলাত হইতে শীব্র ভারতে রওনা হইবেন, এই সংবাদ ছিল। মিদ নোবলের প্রশংদায় স্বামীকী শতম্প হইলেন, বলিলেন, বিলেভের ভেতর এমন প্তচরিতা, মহাস্থতা নারী খ্ব কম। স্বামি বদি কাল মরে বাই, এ আমার কাজ বজায় রাখবে।' স্বামীকীর ভবিশ্ববাণী সফল হইয়াছিল।

বেদান্তের প্রভারের ইংরেজী অন্থবাদক, স্বামীজীর পৃষ্ঠপোষকভায় প্রভিষ্ঠিত মাল্রাজ হইতে প্রকাশিত 'ব্রহ্মবাদিন্' পত্রের প্রধান লেখক, মাল্রাজের বিধ্যাত অধ্যাপক প্রীযুত রঙ্গাচার্য তীর্থজ্ঞমণোপদক্ষে শীল্ল কলিকাভায় আসিবেন, স্বামীজীর নিকট পত্র আসিয়াছে। স্বামীজী মধ্যাহে আমাকে বলিলেন, 'চিঠির কাগজ কলম এনে লেখ দিকি; আর একটু থাবার জল নিয়ে আয়।' আমি এক মাস জল স্বামীজীকে দিয়া ভরে ভয়ে আন্তে আন্তে বলিলাম, 'আমার হাভের লেখা ভত ভাল নয়।' আমি মনে করিয়াছিলাম, বিলাত বা আমেরিকায় কোন চিঠি লিখিতে হইবে। স্বামীজী অভয় দিয়া বলিলেন, 'লেখ্, foreign letter (বিলাতী চিঠি) নয়।' তখন আমি কাগজ কলম লইয়া চিঠি লিখিতে বলিলাম। স্বামীজী ইংরেজীতে বলিয়া

১ সিস্টার নিবেদিতা

যাইতে লাগিলেন, আমি লিখিতে লাগিলাম। অধ্যাপক রক্ষাচার্থকে একধানি লেখাইলেন; আর একধানি পত্রও লেখাইয়ছিলেন কাছাকে—ঠিক মনে নাই। মনে আছে রক্ষাচার্থকে অন্ধান্ত কথার ভিতর এই কথা লেখাইয়ছিলেন —বাঙলা দেশে বেদান্তের তেমন চর্চা নাই, অভএব আপনি যথন কলিকাভায় আদিভেছেন, তথন 'give a rub to the people of Calcutta'—কলিকাভারানীকে একটু উসকাইয়া দিয়া যান। কলিকাভায় যাহাডে বেদান্তের চর্চা বাড়ে, কলিকাভারানী যাহাতে একটু সচেতন হয়, ভজ্জ্জ্জ্বামীন্ত্রীর কি দৃষ্টি ছিল! নিজের স্বাস্থান্তক হওয়াতে চিকিৎসকগণের সনির্বদ্ধ অন্থরোধে স্বামীন্ত্রী কলিকাভায় ছইটি মাত্র বক্তৃতা দিয়াই স্বয়ং বক্তৃতাদানে বিরত হইয়াছিলেন, কিন্তু তথাপি বধনই স্থবিধা পাইভেন তথনই কলিকাভারানীর ধর্মভাব জাগরিত কবিবার চেটা করিভেন। স্বামীন্ত্রীর এই পত্রের ফলেই ইহার কিছুকাল পরে কলিকাভাবাদিগণ স্টার-রক্মঞ্চে উক্ত পণ্ডিতবরের 'The Priest and the Prophet' (প্রোহিত ও ঋষি) নামক সারগর্ভ বক্তৃতা শুনিবার লোভাগ্য লাভ কবিয়াছিল।

একটি বয়য় বালালী যুবক এই সময় মঠে আসিয়া তথায় সাধুরূপে বাস
করিবার প্রতাব করিয়াছিল। স্বামীলী ও মঠের অক্সান্ত সাধুবর্গ তাহার
চরিত্র পূর্ব হইতেই বিশেষরূপে অবগত ছিলেন। তাহাকে আশ্রম-জীবনের
অমপযুক্ত জানিয়া কেহই তাহাকে মঠভুক্ত করিতে সমত ছিলেন না। তাহার
পূন: পুন: প্রার্থনায় স্বামীলী তাহাকে বলিলেন, 'মঠে বে-সকল সাধু আছেন,
তাঁহালের সকলের যদি মত হয়, তবে তোমায় রাখতে পারি।' এই কথা
বলিয়া পুরাতন সাধুবর্গকৈ ডাকাইয়া জিজ্ঞাসা করিলেন, 'একে মঠে রাখতে
তোমালের কার কিরূপ মত ?' তাখন সকলেই একবাক্যে ডাহাকে রাখিতে
অমত প্রকাশ করিলে উক্ত যুবককে আর মঠে রাখা হইল না।

একদিন অপরাত্নে স্বামীকী মঠের বারান্দায় আমাদিগের সকলকে লইয়া 'বেদাস্ক পড়াইতে বসিয়াছেন—সন্ধ্যা হয় হয়। স্বামী রামক্ষণানন্দ ইহার কিছুকাল পূর্বে প্রচার-কার্বের জন্ত স্বামীকী কর্তৃক মান্ত্রাক্তে প্রেরিভ হওয়ায় তাঁহার অপর একজন গুরুলাভা তথন মঠে পূজা আরাত্রিকাদি কার্বভার

লইয়াছেন। আরাত্রিকাদি কার্বে বাহারা তাঁহাকে সাহায্য করিত, ভাহাদিগকেও লইয়া স্বামীনী বেদান্ত পড়াইতে বসিয়াছিলেন। হঠাৎ উক্ত গুরুভাতা আসিয়া নৃতন সন্ন্যাসি-ব্রদ্ধচারিগণকে বলিলেন, 'চল হে চল, আরভি করতে হবে, চল। তখন একদিকে স্বামীজীর আদেশে সকলে বেদান্তপাঠে নিযুক্ত, অপর দিকে ইহার আদেশে ঠাকুরের আরাত্রিকে ষোগদান করিতে হইবে—নৃতন সাধুরা একটু গোলে পড়িয়া ইতন্তভঃ করিতে লাগিল। তথন স্বামীদ্ধী তাঁহার ঐ গুরুলাতাকে সম্বোধন করিয়া উত্তেজিত ভাবে বলিতে লাগিলেন, 'এই যে বেদাস্ত পড়া হচ্ছিল, এটা কি ঠাকুরের পূজা নয়? কেবল একখানা ছবির সামনে সলতে-পোড়া নাড়লে আর ঝাঁজ পিটলেই মনে করছিদ বুঝি ভগবানের যথার্থ আরাধনা হয়? তোরা অতি কুত্রবৃদ্ধি-।' এইরূপ বলিতে বলিতে অধিকতর উত্তেজিত হইয়া তাঁহাকে উক্তরূপে বেদান্তপাঠে ব্যাঘাত দেওয়াতে আরও কর্কশ বাক্য প্রয়োগ করিতে লাগিলেন। ফলে বেদাস্তপাঠ বন্ধ হইয়া গেল—কিছুক্ষণ পরে আর্ডিও শেষ হইল। আরভির পরে কিন্তু উক্ত গুরুভাতাকে আর কেহ দেখিতে পাইল না, তথন স্বামীজীও অতিশয় ব্যাকুল হইয়া 'সে কোথায় গেল, সে কি আমার পালাগাল খেয়ে গন্ধায় ঝাঁপ দিতে গেল?'—ইত্যাদি বলিতে বলিতে সকলকেই চতুর্দিকে তাঁহার অহুসন্ধানে পাঠাইলেন। বহুক্ষণ পরে তাঁহাকে মঠের উপরের ছালে চিস্কান্থিত ভাবে বসিয়া থাকিতে দেখিয়া স্বামীন্দীর নিকট লইয়া আদা হইল। তথন স্বামীজীর ভাব সম্পূর্ণ বদলাইয়া গিয়াছে। তিনি তাঁহাকে কড যত্ন করিলেন, তাঁহাকে কত মিষ্ট কথা বলিতে লাগিলেন! গুরুভাই-এর প্রতি স্বামীজীর অপূর্ব ভালবাসা দেখিয়া আমরা মৃগ্ধ হইয়া গেলাম। ব্ঝিলাম, গুরুভাইগণের উপর স্বামীজীর অগাধ বিশাস ও ভালবাসা। কেবল যাঁহাতে তাঁহারা ভাঁহাদের নিষ্ঠা বজায় রাখিয়া উদারতর হইতে পারেন, ইহাই তাঁহার বিশেষ চেষ্টা। পরে স্বামীন্দীর মূথে অনেকবার ভনিয়াছি, বাঁহাকে স্বামীনী বেশী গালাগাল দিতেন, তিনিই তাঁহার বিশেষ প্রিরপাত্ত।

একদিন বারান্দায় বেড়াইতে বেড়াইতে তিনি আমাকে বলিলেন, 'দেখ, সঠের একটা ভায়েরী রাখবি, আর হপ্তায় হপ্তায় মঠের একটা ক'রে রিপোর্ট পাঠাবি।' স্বামীন্দীর এই আদেশ প্রতিপালিত হইয়াছিল।

স্বামীন্দীর কথা

আমি নিজে অবশ্র বেদের ততটুকু মানি, বতটুকু যুক্তির সঙ্গে মেলে। বেদের অনেক অংশ তো স্পষ্টই অবিরোধী। Inspired বা প্রত্যাদিষ্ট বলতে পাশ্চাত্যদেশে যেরপ ব্রায়, বেদকে আমাদের শান্তে সেরপভাবে প্রত্যাদিষ্ট বলে না। তবে উহা কি? না, ভগবানের সমৃদয় জ্ঞানের সমষ্টি। এই জ্ঞানসমষ্টি যুগারন্তে প্রকাশিত বা ব্যক্ত এবং যুগাবসানে ক্ষা বা অব্যক্ত ভাব ধারণ করে। যুগের আরম্ভ হ'লে উহা আবার প্রকাশিত হয়। শাস্ত্রের এই কথাগুলি অবশ্র ঠিক, কিন্তু কেবল 'বেদ' নামধেয় গ্রন্থগুলিই এই জ্ঞানসমষ্টি, এ কথা মনকে আথিঠারা মাত্র। মহু এক স্থলে বলেছেন, বেদের যে অংশ যুক্তির সকে মেলে তাই বেদ, অপরাংশ বেদ নয়। আমাদের অনেক দার্শনিকেরও এই মত।

অবৈতবাদের বিরুদ্ধে যত তর্ক-বিতর্ক হয়ে থাকে, তার মোদ্দাকথা এই বে এতে ইন্দ্রিয়স্থ-ভোগের স্থান নেই। আমরা আনন্দের সঙ্গে এ কথা স্বীকার করতে থ্ব প্রস্তুত আছি।

বেদান্তের প্রথম কথা হচ্ছে—সংসার তৃঃথময়, শোকের আগার, অনিত্য ইত্যাদি। বেদান্ত প্রথম থুললেই 'তৃঃখ তৃঃথ' শুনে লোক অন্থির হয়, কিন্তু তার শেষে পরম কথ—যথার্থ ক্ষথের কথা পাওয়া যায়। বিষয়-জগৎ, ইন্দ্রিয়-জগৎ থেকে যে যথার্থ কথ হ'তে পারে, এ কথা আমরা অন্বীকার করি, আর বিলি ইন্দ্রিয়াতীত বন্ধতেই যথার্থ ক্ষথ। আর এই ক্ষথ, এই আনন্দ সব মাছ্যের ভেতরই আছে। আমরা জগতে যে 'ক্ষথাদ' দেখতে পাই, যে মতে বলে জগৎটা পরম ক্ষথের স্থান, তাতে মান্ত্যকে ইন্দ্রিয়পরায়ণ ক'রে সর্বনাশের দিকে নিয়ে যায়।

আমাদের দর্শনে ত্যাগের বিশেষ মাহাত্ম্য বর্ণিত আছে। বাত্তবিক ত্যাগ ব্যতীত আমাদের কোন দর্শনেরই লক্ষ্য বন্ধ পাওয়া অসম্ভব। কারণ ত্যাগ মানেই হচ্ছে—আসল সত্য বে আত্মা, তার প্রকাশের সাহায্য করা। উহা

> वामी छहानवसीत हत्रन

ইন্দ্রিয়গ্রাহ্ম জগৎকে একেবারে উড়িয়ে দিতে চায়, তার ভাব এই যে, সে সভ্য-জগড়ের জ্ঞান লাভ করে।

অগতে যত শাক্ষ আছে, তার মধ্যে বেদই কেবল বলেন যে, বেদপাঠ—
অপরা বিভা। পরা বিভা হচ্ছে, যার ছারা সেই অক্ষর পুরুষকে জানা যায়।
সে পড়েও হয় না, বিখাস করেও হয় না, ভর্ক করেও হয় না, সমাধি-অবস্থা
লাভ করলে তবে সেই পর্মপুরুষকে জানা যায়।

জ্ঞানলাভ ছ'লে আর সাম্প্রদায়িকতা থাকে না; তা ব'লে জ্ঞানী কোন সম্প্রদায়কে যে ম্বণা করেন, তা নয়। সব নদী যেমন সমুদ্রে গিয়ে পড়ে এবং এক হয়ে যায়, সেইরূপ সব সম্প্রদায়—সব মতেই জ্ঞান লাভ হয়, তথন আর কোন মতভেদ থাকে না।

কানী বলেন, সংসার ত্যাগ করতে হবে। তার মানে এ নয় বে, স্তী-পুত্র-পরিজনকে ভাসিয়ে বনে চলে যেতে হবে। প্রকৃত ত্যাগ হচ্ছে সংসারে অনাসক্ত হয়ে থাকা।

মান্থের পুনঃ পুনঃ জন্ম কেন হয় ? পুনঃ পুনঃ শরীর-ধারণে দেহমনের বিকাশ হবার স্থবিধে হয়, আর ভেডরের ত্রন্ধান্তির প্রকাশ হ'তে থাকে।

বেদান্ত মাহুষের বিচার-শক্তিকে যথেষ্ট আদর ক'রে থাকেন বটে, কিন্ত আবার এও বলেন যে, যুক্তি-বিচারের চেয়েও বড় জিনিস আছে।

ভক্তিলাভ কিরপে হয় ?—ভক্তি তোমার ভেতরেই আছে, কেবল তার ওপর কামকাঞ্চনের একটা আবরণ পড়ে রয়েছে, তা সরিয়ে ফেললেই ভক্তি আপনা-আপনি প্রকাশ হবে।

জিব চললেই অক্সান্ত ইন্দ্রিয় চলবে।

জ্ঞান, ভৃক্তি, যোগ, কর্ম—এই চার রান্তা দিয়েই মৃক্তিলাভ হয়। যে বে-পথের উপযুক্ত, তাকে সেই পথ দিয়েই যেতে হবে, কিন্তু বর্তমান কালে কর্মযোগের ওপর একটু বিশেষ ঝোঁক দিতে হবে।

ধর্ম একটা কল্পনার জিনিস নয়, প্রভাক জিনিস। যে একটা ভূতও দেখেছে, সে অনেক বই-পড়া পণ্ডিভের চেয়ে বড়।

এক সময়ে স্বামীজী কোন লোকের খুব প্রশংসা করেন, তাতে তাঁর নিকট্স জনৈক ব্যক্তি বলেন, 'কিছ সে আপনাকে মানে না।' তাতে ভিনি ব'লে উঠলেন; 'আমাকে মানতে হবে, এমন কিছু লেখাপড়া আছে? সে ভাল কাক্ষ করছে, এই জন্মে সে প্রশংসার পাত্র।'

আলল ধর্মের রাজ্য বেধানে, সেধানে লেধাপড়ার প্রবেশাধিকার নেই।

কেউ কেউ বলেন, আগে সাধন ভজন ক'রে সিদ্ধ হও, তারপর কর্ম করবার অধিকার; কেউ কেউ বা বলেন, গোড়া থেকেই কর্ম করতে হবে। এর সামগ্রস্ত কোথায়?

—তোমরা হুটো জিনিস গোল ক'রে ফেলছ। কর্ম মানে—এক জীব-সেবা, আর এক প্রচার। প্রকৃত প্রচারে অবশ্য সিদ্ধপুরুষ ছাড়া কারও অধিকার নেই। সেবায় কিন্তু সকলের অধিকার; শুধু অধিকার নয়, সেবা করতে সকলে বাধ্য, যতক্ষণ তারা অপরের সেবা নিচ্চে।

ধূর্ম-সম্প্রদায়ের ভেতর বেদিন থেকে বড়লোকের থাতির আরম্ভ হবে, সেই দিন থেকে তার পতন আরম্ভ।

ভগবান ঞ্রিক্টতেন্তে ভাবের (feelings) বেরূপ বিকাশ হয়েছিল, এরূপ আর কোথাও দেখা যায় না।

অসৎ কর্ম করতে ইচ্ছা হয়, গুরুজনের সামনে করবে।

গোঁড়ামি দারা খ্ব শীন্ত ধর্ম-প্রচার হয় বটে, কিন্তু সকলকে মতের স্বাধীনতা দিয়ে একটা উচ্চপথে তুলে দিতে দেরী হলেও পাকা ধর্ম-প্রচার হয়।

সাধনের জক্ত যদি শরীর যায়, গেশই বা।

সাধুসঙ্গে থাকতে থাকতেই (ধর্মলাভ) হয়ে যাবে।

গুরুর আশীর্বাদে শিশু না পড়েও পণ্ডিত হয়ে যায়।

গুৰু কাকে বলা যায় ?— যিনি ভোমার ভূড ভবিশ্বৎ ৰ'লে দিতে পারেন, তিনিই তোমার গুৰু।

আচার্য যে-সে হ'তে পারেন না, কিন্ত মৃক্ত অনেকে হ'তে পারে। মৃক্ত ষে,
তার কাছে সমৃদয় জগৎ স্থাবৎ, কিন্তু আচার্যকে উভয় অবস্থার মাঝখানে
থাকতে হয়। তাঁর জগৎকে সভ্য জান করা চাই, না হ'লে ভিনি কেন
উপদেশ দেবেন ? আর বদি তাঁর স্থাক্তান না হ'ল, ভবে ভিনি ভো সাধারণ
লোকের মতো হয়ে গেলেন, ভিনি কি শিক্ষা দেবেন ? আচার্যকে শিয়ের
পাপের ভার নিতে হয়। তাভেই শক্তিমান্ আচার্যদের শনীরে ব্যাধি-আদি

হয়। কিন্তু কাঁচা হ'লে তাঁর মনকে পর্যন্ত তারা আক্রমণ করে, তিনি পড়ে যান। আচার্য যে-সে হতে পারেন না।

এমন শময় আসবে, বধন এক ছিলিম তামাক সেবে লোককে সেবা করা কোটি কোটি ধ্যানের চেয়ে বড় ব'লে বুঝতে পারবে।

স্বামীজীর সহিত কয়েক দিন'

বেলগাঁ—১৮৯২ খৃঃ ১৮ই অক্টোবর, মদলবার। প্রায় ছই ঘণ্টা হইল সন্ধ্যা ছইয়াছে। এক স্থুলকায় প্রসন্নবদন যুবা সন্ধ্যাসী আমার পরিচিত জনৈক দেশীয় উকিলের সহিত আমার বাসায় আসিয়া উপস্থিত হইলেন। উকিল বন্ধৃটি বলিলেন, 'ইনি একজন বিহান্ বাঙালী সন্মাসী, আপনার সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছেন।' ফিরিয়া দেখিলাম—প্রশাস্তমূর্তি, ছই চক্ষ্ হইতে বেন বিহাতের আলো বাহির হইতেছে, গোঁফদাড়ি কামানো, অলে গেরুয়া আলখালা, পায়ে মহারাষ্ট্রীয় দেশের বাহানা চটিজুতা, মাথায় গেরুয়া কাপড়েরই পাগড়ি। সন্মাসীর সে অপরূপ মূর্তি শ্বরণ হইলে এখনও বেন তাঁহাকে চোখের সামনে দেখি।

কিছুক্রণ পরে নমন্বার করিয়া জিজ্ঞাসা করিলাম, 'মহাশয় কি ভাষাক খান? আমি কায়য়, আমার একটি ভিন্ন আর ছঁকা নাই। আপনার যদি আমার ছঁকায় ভাষাক খাইতে আপত্তি না থাকে, ভাহা হইলে ভাহাতে ভাষাক সাজিয়া দিতে বলি।' ভিনি বলিলেন, 'ভাষাক চুক্রট—যথন যাহা পাই, ভথন ভাহাই খাইয়া থাকি, আর আপনার ছঁকায় খাইতে কিছুই আপত্তি নাই।' ভাষাক সাজাইয়া দিলাম।

তাঁহাকে আমার বাদার থাকিতে বলিলাম ও তাঁহার জিনিসপত্র আমার বাদায় আনাইব কি-না জিজ্ঞাদা করিলাম। তিনি বলিলেন, 'আমি উকিল বাবুর বাড়িতে বেশ আছি। আর বাঙালী দেখিয়াই তাঁহার নিকট হইতে

১ বোখাই প্রদেশে বেলগাঁও এর করেন্ট অফিসার ছরিপদ মিত্র-লিখিত।

চলিয়া আসিলে তাঁহার মনে ছঃখ হইবে; কারণ তাঁহারা সকলেই অত্যন্ত স্নেহ ও ভক্তি করেন—অতএব আসিবার বিষয় পরে বিবেচনা করা যাইবে।'

সে রাত্রে বড় বেশী কথাবার্তা হইল না; কিন্ত চ্ই-চারি কথা যাহা বলিলেন, তাহাতেই বেশ ব্ঝিলাম, তিনি আমা অপেকা হাজারগুণে বিষান্ ও বৃদ্ধিমান্; ইচ্ছা করিলে অনেক টাকা উপার্জন করিতে পারেন, তথাপি টাকাকড়ি টোন না, এবং স্থী হইবার সমস্ত বিষয়ের অভাব সত্তেও আমা অপেকা সহস্রগুণে স্থী।

আমার বাসায় থাকিবেন না জানিয়া পুনরায় বলিলাম, 'ষদি চা থাইবার আপত্তি না থাকে, তাহা হইলে কল্য প্রাতে আমার সহিত চা থাইতে আসিলে স্থাই হইব।' তিনি আসিতে স্থীকার করিলেন এবং উকিলটির সহিত তাঁহার বাড়ি ফিরিয়া গেলেন। রাত্রে তাঁহার বিষয় অনেক ভাবিলাম; মনে হইল—এমন নিস্পৃহ, চিরস্থী, সদা সম্ভাই, প্রফুল্লমূথ পুরুষ তো কথন দেখি নাই।

পরদিন ১৯শে অক্টোবর। প্রাতে ওটার সময় উঠিয়া স্বামীজীর প্রতীক্ষা করিতে লাগিলাম। দেখিতে দেখিতে আটটা বাজিয়া গেল, কিন্তু স্বামীজীর দেখা নাই। আর অপেকা না করিয়া আমি একটি বন্ধুকে লকে লইয়া স্বামীজীর বেখানে ছিলেন লেখানে গেলাম। গিয়া দেখি এক মহাসভা; স্বামীজী বিসারা আছেন এবং নিকটে অনেক সম্রান্ত উকিল ও বিন্ধান্ লোকের সহিত কথাবার্তা চলিতেছে। স্বামীজী কাহারও সহিত ইংরেজীতে, কাহারও সহিত সংস্কৃতে এবং কাহারও সহিত হিলুস্থানীতে তাঁহাদের প্রশ্নের উত্তর একটুমাত্র চিন্তা না করিয়াই একেবারে দিতেছেন। আমার স্রায় কেহ কেহ হক্ষের কিলজফিকে প্রামাণিক মনে করিয়া তদবলমনে স্বামীজীর সহিত তর্ক করিতে উন্থত। তিনি কিন্তু কাহাকেও ঠাট্টাচ্ছলে, 'কাহাকেও গন্তীরভাবে বথাবথ উত্তর দিয়া সকলকেই নিরন্ত করিতেছেন। আমি যাইয়া প্রণাম করিলাম এবং অবাক হইয়া বিসয়া শুনিতে লাগিলাম। ভাবিতে লাগিলাম—ইনি কি মহন্তা, না দেবতা?

কোন গণ্যমান্ত ব্ৰাহ্মণ উকিল প্ৰশ্ন করিলেন, 'খামীন্দী, সন্ধ্যা আহ্নিক প্ৰভৃতিৰ মন্ত্ৰাদি সংস্কৃতভাষায় রচিত; আমরা সেগুলি বৃঝি না। আমাদের ঐ-সকল মন্ত্ৰোচ্চারণে কিছু ফল আছে কি ?' ষামীজী উত্তর করিলেন, 'অবশুই উত্তম ফল আছে; ব্রান্ধণের সন্তান হইয়া।
ঐ কয়টি সংস্কৃত মন্ত্রাদি তো ইচ্ছা করিলে অনায়াদে ব্রিয়া লইতে পারো,
তথাপি লও না। ইহা কাহার দোষ? আর যদি মন্ত্রের অর্থ নাই ব্রিতে
পারো, যখন সন্ধ্যা আহ্নিক করিতে বদো, তখন ধর্ম-কর্ম করিতেছি মনে কর,
না—কিছু পাপ করিতেছ মনে কর? যদি ধর্ম-কর্ম করিতেছি মনে করিয়া
বদো, তাহা হইলে উত্তম ফল লাভ করিতে উহাই যে যথেষ্ট।'

অন্ত একজন এই সময়ে সংস্কৃতে বলিলেন, 'ধর্ম সম্বন্ধে কথোপকথন মেচ্ছভাষায় করা উচিত নহে; অমুক পুরাণে এইরূপ লেখা আছে।'

স্বামীকী উত্তর করিলেন, 'ষে-কোন ভাষাতেই হোক ধর্মচর্চা করা যার' এবং এই বাক্যের সমর্থন শ্রুতি প্রভৃতির বচন প্রমাণস্বরূপ দিয়া বলিলেন, 'হাইকোর্টের নিম্পত্তি নিমু স্থাদালত দ্বারা খণ্ডন হইতে পারে না।'

এইরপে নয়টা বাজিয়া গেল। বাঁহাদের অফিন বা কোর্টে বাইতে হইবে তাঁহারা চলিয়া গেলেন, কেহ বা তথনও বসিয়া বহিলেন। স্থামীজীর দৃষ্টি আমার উপর পড়ায়, প্র্দিনের চা থাইতে বাবার কথা স্মরণ হওয়ায় বলিলেন, 'বাবা. অনেক লোকের মন ক্ল করিয়া বাইতে পারি নাই, মনে কিছু করিও না।' পরে আমি তাঁহাকে আমার বাসায় আসিয়া থাকিবার জন্তা বিশেষ অহরোধ করায় অবশেষে বলিলেন, 'আমি বাঁহার অতিথি, তাঁহার মত করিতে পারিলে আমি তোমারই নিকট থাকিতে প্রস্তে।' উকিলটিকে বিশেষ ব্রাইয়া স্থামীজীকে দলে লইয়া আমার বাসায় আদিলাম। সঙ্গে মাত্র একটি কমগুলুও গেরুয়া কাপড়ে বাঁধা একধানি পুন্তক। স্থামীজী তথন ফাল-দেশের সজীত সম্বন্ধ একথানি পুন্তক অধ্যয়ন করিতেন। পরে বাসায় আসিয়া লশটার সময় চা থাওয়া হইল; তাহার পরেই আবার এক মাস ঠাতা জলও চাহিয়া থাইলেন। আমার নিজের মনে বে-সমস্ত কঠিন সমস্তা ছিল দে-সকল তাহাকে জিজাসা করিতে সহসা ভরসা হইতেছে না ব্বিতে পারিয়া তিনি নিজেই আমার বিভাব্জির পরিচয় তুই কথাতেই ব্রিয়া লইলেন।

ইতঃপূর্বে 'টাইন্ন' সংবাদপত্তে একজন একটি স্থান্দর কবিতায় ঈশার কি, কোন্ ধর্ম সত্য প্রভৃতি তত্ত্ব ব্রিয়া ওঠা অত্যন্ত কঠিন, লিধিয়াছিলেন; সেই কবিতাটি আমার তথনকার ধর্মবিশাসের সহিত ঠিক মিল হওয়ায় আমি উহা ষত্ম করিয়া রাখিয়াছিলাম; ভাহাই ভাঁহাকে পড়িতে দিলাম। পড়িয়া তিনি বলিলেন, 'লোকটা গোলমালে পড়িয়াছে।' আমারও ক্রমে গাহস বাড়িতে লাগিল। 'ঈশর দরাময় ও গ্রায়বান্, এককালে ছই-ই হইতে পারেন না'—এটান মিশনবীদের সহিত এই তর্কের মীমাংলা হয় নাই; মনেকরিলাম, এ সমস্তাপুরণ স্বামীজীও করিতে পারিবেন না।

খামীজাকৈ জিজাদা করায় তিনি বলিলেন, 'তুমি তো Science (বিজ্ঞান) অনেক পড়িরাছ, দেখিতেছি। প্রত্যেক জড়পদার্থে তুইটি opposite forces—centripetal and centrifugal কি act করে না? বদি তুইটি opposite forces (বিপরীত শক্তি) জড়বন্ধতে থাকা সম্ভব হয়, তাহা হইলে দয়া ও গ্রায় opposite (বিপরীত) হইলেও কি ঈশরে থাকা সম্ভব নয়? All I can say is that you have a very poor idea of your God.'

আমি তো নিস্তর। আমার পূর্ণ বিশাস—Truth is absolute (সভ্য নিরপেক্ষ)। সমস্ত ধর্ম কথন এককালে সভ্য হইতে পারে না। ভিনি সে-সবাপ্রশের উত্তরে বললেন:

আমরা যে বিষয়ে যাহা কিছু সত্য বলিয়া জানি বা পরে জানিব, সে-সকলই আপেক্ষিক সত্য (Relative truths). Absolute truth-এর (নিরপেক্ষ সত্যের) ধারণা করা আমাদের সীমাবদ্ধ মন-বৃদ্ধির পক্ষে অসম্ভব। অতএব সত্য Absolute (নিরপেক্ষ) হইলেও বিভিন্ন মন-বৃদ্ধির নিকট বিভিন্ন আকারে প্রকাশিত হয়। সত্যের সেই বিভিন্ন আকার বা ভাবগুলি নিত্য (Absolute) সত্যকে অবলম্বন করিয়াই প্রকাশিত থাকে বলিয়া সেন্দর্কগুলিই এক দরের বা এক শ্রেণীর। বেমন দূর এবং সন্নিকট স্থান হইতে photograph (ফটো) লইলে একই স্বর্ধের ছবি নানারূপ দেখায়, মনে হয় প্রত্যেক ছবিটাই এক একটি ভিন্ন ভিন্ন স্থর্ধের—ভর্মেপ; আপেক্ষিক সত্য (Relative truth)-সকল, নিত্য সত্যের (Absolute truth) সম্পর্কে কি ভাবে অবস্থিত। প্রত্যেক ধর্মই নিত্য সত্যের আভাস বলিয়া সত্য।

বিখাসই ধর্মের মূল বলায় খামীজী ঈষৎ হাস্থ করিয়া বলিলেন, 'রাজা হইলে আর খাওয়া-পরার কট থাকে না, কিন্তু রাজা হওয়া যে কঠিন; বিখাস কি কথন জোর করিয়া হয়? অহতেব না হইলে ঠিক ঠিক বিখাস হওয়া অসম্ভব।' কোন কথাপ্রসংক তাঁহাকে 'সাধু' বলায় তিনি উত্তর করিলেন, 'আমরা কি সাধু ? এমন অনেক সাধু আছেন, যাঁহাদের দর্শন বা স্পর্ণমাত্তেই দিব্যক্ষানের উদয় হয়।'

'সয়াসীয়া এয়প অলস হইয়া কেন কালকেপ করেন? অপরের সাহায়্যের উপর কেন নির্ভর করিয়া থাকেন? সমাজের হিডকর কোন কাজকর্ম কেন করেন না?'—প্রভৃতি জিজ্ঞাসা করায় স্থামীজী বলিলেন, 'আচ্ছা, বলো দেখি—তুমি এত কটে অর্থ উপার্জন করিতেছ, তাহার যৎসামান্ত অংশ কেবল নিজের জন্ত থরচ করিতেছ; বাকি কতক অন্ত কতকগুলি লোককে আপনার মনে ক'রে তাহাদের অন্ত থরচ করিতেছ। তাহায়া সেজন্ত না তোমার রুত উপকার মানে, না যাহা ব্যয় কর তাহাতে সম্ভই! বাকি যকের মতো প্রাণপণে জমাইতেছ; তুমি মরিয়া গেলে অন্ত কেহ তাহা ভোগ করিবে, আর হয়তো আরো টাকা রাখিয়া যাও নাই বলিয়া গালি দিবে। এই ভো গেল তোমার হাল। আর আমি ও-সব কিছু করি না। ক্ষ্মা পাইলে পেট চাপড়াইয়া, হাত মুখে তুলিয়া দেখাই; যাহা পাই, তাহা খাই; কিছুই কট করি না, কিছুই সংগ্রহ করি না। আমাদের ভিতর কে বুজিমান?—তুমি না আমি?' আমি তো শুনিয়া অবাক্, ইহার পূর্বে আমার সম্মুখে এয়প স্পট্ট কথা বলিতে তো কাহারও সাহস দেখি নাই।

আহারাদি করিয়া একটু বিশ্রামের পর পুনরায় সেই বন্ধু উকিলটির বাদায় যাওয়া হইল ও তথায় অনেক বাদাহ্যবাদ ও কথোপকখন চলিল। বাত্রি নয়টার সময় স্থামীজীকে লইয়া পুনরায় আমার বাদায় ফিরিলাম। আসিতে আসিতে বলিলাম, 'স্থামীজী, আপনার আজ তর্কবিতর্কে অনেক কট হইয়াছে।'

তিনি বলিলেন, 'বাবা, তোমরা বেরপ utilitarian (উপযোগবাদী), যদি আমি চুপ করিয়া বসিয়া থাকি, তাহা হইলে তোমরা কি আমাকে এক মুঠা থাইতে দাও? আমি এইরপ গল্ গল্ করিয়া বকি, লোকের শুনিয়া আমোদ হয়, তাই দলে দলে আদে। কিন্তু জেনো, যে-সকল লোক সভায় তর্কবিতর্ক করে, প্রশ্ন জিঞ্জাদা করে, ভাহারা বাস্তবিক সত্য জানিবার ইচ্ছায় ওরূপ করে না। আমিও ব্ঝিতে পারি, কে কি ভাবে কি কথা বলে এবং ভাহাকে সেইরূপ উত্তর দিই।' আমি জিজাসা করিলাম, 'আচ্ছা খামীজী, সকল প্রশ্নের অমন চোধা চোধা উত্তর আপনার তথনি যোগায় কিব্নপে ?'

ভিনি বলিলেন, 'ঐ-সকল প্রশ্ন ভোমাদের পক্ষে নৃতন; কিন্তু আমাকে কভ লোকে কভবার ঐ প্রশ্নসকল জিজাসা করেছে, আর সেগুলির কভবার উত্তর দিয়াছি।'

বাত্তে আহার করিতে বিদিয়া আবার কত কথা কহিলেন। পয়সা না ছুইয়া দেশশ্রমণে কত জারগায় কত কি ঘটনা ঘটিয়াছে, দে-সব বলিতে লাগিলেন। শুনিতে শুনিতে আমার মনে হইল—আহা! ইনি কতই কই, কতই উৎপাত না জানি সহু করিয়াছেন! কিছু তিনি সে-সব যেন কত মজার কথা, এইরপ ভাবে হাসিতে, হাসিতে সমূলর বলিতে লাগিলেন। কোথাও তিন দিন উপবাস, কোন হানে লহা থাইরা এমন পেটজালা যে, এক বাটি ভেঁতুল গোলা থাইরাও থামে না, কোথাও 'এথানে সাধু-সন্ন্যাসী জারগা পার না'—এই বলিয়া অপরের ডাড়না, বা গুপ্ত পুলিসের স্থতীক্ষ দৃষ্টি প্রভৃতি, বাহা শুনিলে আমাদের গায়ের রক্ত জল হইয়া যায়, সেই-সব ঘটনা তাহার পক্ষে যেন তামাসা মাত্র।

রাত্রি অনেক হইয়াছে দেখিয়া তাঁহার বিছানা করিয়া দিয়া আমিও ঘুমাইতে গেলাম, কিন্তু সে বাত্রে আর ঘুম হইল না। ভাবিতে লাগিলাম, এত বংসরের কঠোর সন্দেহ ও অবিশাস স্বামীজীকে দেখিয়া ও তাঁহার ঘুই-চার কথা শুনিয়াই সব দূর হইল! আর জিজ্ঞাসা করিবার কিছুই নাই। ক্রমে যত দিন যাইতে লাগিল, আমাদের কেন—আমাদের চাকর-বাকরেরও তাঁহার প্রতি এত ভক্তি-শ্রদ্ধা হইল বে, তাহাদের সেবায় ও আগ্রহে স্বামীজীকে সময়ে সময়ে বিরক্ত হইতে হইত।

২০শে অক্টোবর। সকালে উঠিয়া স্থানীজীকে নমন্থার করিলান। এখন সাহস বাড়িয়াছে, ভক্তিও হইয়াছে। স্থানীজীও অনেক বন, নদী, অরণ্যের বিবরণ আমার নিকট শুনিয়া সম্ভষ্ট হইয়াছেন; এই শহরে আজ তাঁহার চার দিন বাস হইল। পঞ্চম দিনে তিনি বলিলেন, 'সন্ন্যাসীদের নগরে তিন দিনের বেশী ও গ্রামে এক দিনের বেশী থাকিতে নাই। আমি শীল্ল যাইতে ইছ্যাক্রিতেছি।' কিন্তু আমি ও-কথা কোনমতেই শুনিব না, উহা তর্ক করিয়া ব্যাইয়া দেওয়া চাই। গারে অনেক বাদাহবাদের পর বলিলেন, 'এক স্থানে

অধিক দিন থাকিলে মায়া মমতা বাড়িয়া যায়। আমরা গৃহ ও আত্মীয় বন্ধু ত্যাগ করিয়াছি, সেইরূপ মায়ায় মুখ হইবার বত উপায় আছে, তাহা হইতে দূরে থাকাই আমাদের পক্ষে ভাল।'

আমি বলিলাম, 'আপনি কথনও মুখ হইবার নন।' পরিপেবে আমার অভিশয় আগ্রহ দেখিয়া আরও ত্ই-চার দিন থাকিতে স্বীকার করিলেন। ইতিমধ্যে আমার মনে হইল, স্বামীজী যদি সাধারণের জন্ম বক্তৃতা দেন, তাহা হইলে আমরাও তাঁহার লেকচার শুনি এবং অপর কত লোকেরও কল্যাণ হয়। অনেক অনুরোধ করিলাম, কিছু লেকচার দিলে হয়ভো নাময়শের ইচ্ছা হইবে, এই বলিয়া তিনি কোনমতে উহাতে স্বীকৃত হইলেন না। তবে সভার প্রশ্নের উত্তর দান (conversational meeting) করিতে তাঁহার কোন আপত্তি নাই, এ কথা জানাইলেন।

একদিন কথাপ্রসঙ্গে স্বামীজী Pickwick Papers' হইতে ছুই-ভিন পাভা মৃথস্থ বলিলেন। আমি উহা অনেকবার পড়িয়াছি, বুঝিলাম—পুত্তকের কোন্ স্থান হইতে ভিনি আবৃত্তি করিলেন। শুনিয়া আমার বিশেষ আশ্চর্য বোধ হইল। ভাবিলাম, সয়্যাসী হইয়া সামাজিক গ্রন্থ হইতে কি করিয়া এভটা মৃথস্থ করিলেন? পূর্বে বোধ হয় অনেকবার ঐ পুত্তক পড়িয়াছিলেন। জিঞ্জাসা করায় বলিলেন, 'তুইবার পড়িয়াছি—একবার স্থলে পড়িবার সময় ও আন্ধ পাঁচ-ছয় মাস হইল আর একবার।'

অবাক্ হইয়া জিজ্ঞাসা করিলাম, 'তবে কেমন করিয়া স্মরণ রহিল ? স্মামাদের কেন থাকে না ?'

স্বামীন্দী বলিলেন, 'একান্ত মনে পড়া চাই; আর থাতের সারভাগ হইতে প্রন্তুত রেভের অপচয় না করিয়া পুনরায় উহা assimilate করা চাই।'

আর একদিন স্বামীজী মধ্যাক্তে একাকী বিছানার শুইরা একধানি পুত্তক লইরা পড়িতেছিলেন। আমি অক্ত ঘরে ছিলাম। হঠাৎ এরপ উচ্চৈ:স্বরে হাসিরা উঠিলেন বে, আমি এ হাসির বিশেষ কোন কারণ আছে ভাবিয়া তাঁহার ঘরের দরজার নিকট আসিয়া উপস্থিত হইলাম। দেখিলাম, বিশেষ কিছু হয় নাই। তিনি বেমন বই পড়িতেছিলেন, তেমনি পড়িতেছেন।

> Charles Dickens-লিখিড

প্রায় ১৫ মিনিট দাঁড়াইয়া রহিলাম, তথাপি তিনি আমায় দেখিতে পাইলেন না।
বই ছাড়া অন্ত কোন দিকে তাঁহার মন নাই। পরে আমাকে দেখিয়া ভিতরে
আসিতে বলিলেন এবং আমি কতক্ষণ দাঁড়াইয়া আছি শুনিয়া বলিলেন,
'বখন যে কাজ করিতে হয়, তখন তাহা একমনে, একপ্রাণে—সমস্ত ক্ষমতার
সহিত করিতে হয়। গাজিপুরের পওহারী বাবা ধ্যান-জপ পূজা-পাঠ
যেমন একমনে করিতেন, তাঁহার পিতলের ঘটটি মাজাও ঠিক তেমনি একমনে
করিতেন। এমনি মাজিতেন যে, সোনার মতো দেখাইত।'

এক সময়ে আমি জিজ্ঞাসা করিলাম, 'স্বামীজী, চুরি করা পাপ কেন? সকল ধর্মে চুরি করিতে নিষেধ করে কেন? আমার মনে হয়, ইহা আমাদের, উহা অপরের—ইত্যাদি মনে করা কেবল কল্পনামাত্র। কই আমায় না জানাইয়া আমার আত্মীয় বন্ধু কেহ আমার কোন দ্রব্য ব্যবহার করিলে তোউহা চুরি করা হয় না। তাহার পর পশু-পক্ষী-আদি আমাদের কোন জিনিস নষ্ট করিলে তাহাকেও তো চুরি বলি না।'

খামীজী বলিলেন, 'জবশু সর্বাবহায় সকল সময়ে মন্দ এবং পাপ বলিরা গণ্য হইডে পাবে, এমন কোন জিনিস বা কার্য নাই। আবার অবহাভেদে প্রত্যেক জিনিস মন্দ এবং প্রত্যেক কার্যই পাপ বলিরা গণ্য হইডে পারে। তবে বাহাতে অপর কাহারও কোন প্রকার কট উপস্থিত হয় এবং বাহা করিলে শারীরিক, মানসিক বা আধ্যাত্মিক কোন প্রকার ত্র্বলতা আসে, সে কর্ম করিবে না; উহাই পাপ, আর ভবিপরীত কর্মই পুণ্য। মনে কর, ভোমার কোন জিনিস কেহ চুরি করিলে ভোমার হুংখ হয় কি-না? ভোমার বেমন সমন্ত জগতেরও ভেমনি জানিবে। এই তুই-দিনের জগতে সামান্ত কিছুর জন্ত যদি তুমি এক প্রাণীকে তুংখ দিতে পারো, ভাহা হইলে ক্রমে ক্রমে ভবিন্ততে তুমি কি মন্দ কর্ম না করিতে পারিবে? আবার পাপ-পুণ্য না থাকিলে সমাজ চলে না। সমাজে থাকিতে হইলে ভাহার নিয়মাদি পালন করা চাই। বনে গিয়া উলক হইয়া নাচো ক্ষতি নাই—কেহ ভোমাকে কিছু বলিবে না; কিছু শহরে ঐক্নপ করিলে পুলিসের খারা ধরাইয়া ভোমায় কোন নির্জন হানে বন্ধ করিয়া রাথাই উচিত।'

স্বামীজী অনেক সময় ঠাট্টা-বিজ্ঞপের ভিতর দিয়া বিশেষ শিক্ষা দিতেন। তিনি গুরু হইলেও তাঁহার কাছে বসিয়া থাকা মান্টারের কাছে বসার মতো

ছিল না। খ্ব বন্ধবদ চলিভেছে; বালকের মতো হাসিভে হাসিভে ঠাট্টার ছলে কত কথাই কহিতেছেন, সকলকে হাসাইতেছেন; আবার ভখনই এমনি গম্ভীরভাবে অটিল প্রশ্নসমূহের ব্যাখ্যা করিতে আরম্ভ করিতেন যে, উপস্থিত সকলে অবাক হইয়া ভাবিত,—ইহার ভিতর এত শক্তি! এই তো দেখিতে-ছিলাম, আমাদের মতোই একজন! সকল সময়েই তাঁহার নিকট লোকে শিকা লইতে আদিত। দকল দময়েই তাঁহার দার অবারিত ছিল। নানা লোকে নানা ভাবেও আসিত,—কেহ বা তাঁহাকে পরীক্ষা করিতে, কেহ বা খোশগল্ল শুনিতে, কেহ বা তাঁহার নিকট আসিলে অনেক ধনী বড়-লোকের সহিত আলাপ করিতে পারিবে বলিয়া, আবার কেছ বা সংসার-তাপে অর্জরিত হইয়া তাঁহার নিকট হুই দও জুড়াইবে এবং জ্ঞান ও ধর্ম লাভ করিবে বলিয়া। কিন্তু তাঁহার এমনি আশ্চর্য ক্ষমতা ছিল, যে যে-ভাবেই আফুক না কেন, তিনি তাহা তৎক্ষণাৎ বুঝিতে পারিতেন এবং তাঁহার সহিত সেইরূপ ব্যবহার করিতেন। তাঁহার মর্মভেদী দৃষ্টির হাত হইতে কাহারও এড়াইবার বা কিছু গোপন করিবার সাধ্য ছিল না। এক সময়ে কোন সন্ধান্ত ধনীর একমাত্র সন্তান ইউনিভার্দিটির পরীক্ষা এড়াইবে বলিয়া স্বামীন্দীর নিকট ঘন ঘন আসিতে লাগিল এবং সাধু হইবে, এই ভাব প্রকাশ করিতে লাগিল। সে আবার আমার এক বন্ধুর পুত্র। আমি স্বামীজীকে জিজ্ঞাদা করিলাম, 'ঐ ছেলেটি আপনার কাছে কি মতলবে এত বেশী বেশী আসে? উহাকে কি সন্নাসী হইতে উপদেশ দিবেন ? উহার বাপ আমার একজন বন্ধু।'

স্বামীত্রী বলিলেন, 'উহার পরীক্ষা কাছে, পরীক্ষা দিবার ভয়ে সাধু হইবার ইচ্ছা। আমি উহাকে বলিয়াছি, এম্-এ. পাস করিয়া সাধু হইতে আসিও; বরং এম্-এ. পাস করা সহজ, কিন্তু সাধু হওয়া ভদপেক্ষা কঠিন।'

স্বামীর্কী আমার বাসায় ষতদিন ছিলেন, প্রত্যেক দিন সন্ধ্যার সময় তাঁহার কথোপকথন ওনিতে যেন সভা বসিয়া যাইত, এতই অধিক লোকসমাগম হইত। ঐ সময় এক দিন আমার বাগায় একটি চন্দনগাছের তলায় তাকিয়া ঠেস দিয়া বসিয়া তিনি যে কথাগুলি বলিয়াছিলেন, জন্মেও তাহা ভূলিতে পারিব না। সে প্রসঙ্গের উত্থাপনে অনেক কথা বলিতে হইবে।…

কিছু পূর্ব হইতে আমার জীর ইচ্ছা হয়, গুরুর নিকট মন্ত্র-দীকা গ্রহণ করে। আমার ভাহাতে আপত্তি ছিল না। ভবে আমি ভাহাকে বলিয়া- ছিলাম, 'এমন লোককে শুক্ত করিও, বাহাকে আমিও ভক্তি করিতে পারি। গুক্ত বাড়ি চুকিলেই বদি আমার ভাবান্তর হয়, তাহা হইলে ভোমার কিছুই আনন্দ বা উপকার হইবে না। কোন সংপ্রুবকে বদি গুরুত্বপে পাই, ভাহা হইলে উভরে মন্ত্র লইব, নত্বা নহে।' সেও ভাহা দীকার করে। স্বামীনীর আগমনে ভাহাকে জিজ্ঞাসা করিলাম, 'এই সন্ন্যাসী যদি ভোমার গুরু হন, ভাহা হইলে তুমি শিল্লা হইতে ইচ্ছা কর কি ?' সেও সাগ্রহে বলিল, 'উনি কি গুরু হইবেন ? হইলে ভো আমরা কুডার্থ হই।'

খামীজীকে একদিন ভয়ে ভয়ে জিজাসা করিলাম, 'থামীজী, আমার একটি প্রার্থনা পূর্ণ করিবেন ?' খামীজী প্রার্থনা জানাইবার আদেশ করিলে আমাদের উভয়কে দীক্ষা দিবার জন্ম তাঁহাকে অহুরোধ করিলাম। তিনি বলিলেন, 'গৃহস্থের পক্ষে গৃহস্থ গুরুই ভাল।' গুরু হওয়া বড় কঠিন, শিয়ের সমস্ত ভার গ্রহণ করিছে হয়, দীক্ষার পূর্বে গুরুর দহিত শিয়ের অসত: তিনবার সাক্ষাৎ হওয়া আবশ্রক—প্রভৃতি নানা কথা কহিয়া আমায় নিরগু করিবার চেটা করিলেন। বথন দেখিলেন, আমি কোনপ্রকারে ছাড়িবার নহি, তথন অগত্যা খীকার করিলেন এবং ২০শে অক্টোবর, ১৮৯২ আমাদের দীক্ষাপ্রদান করিলেন। এখন আমার ভারি ইচ্ছা হইল, খামীজীর ফটো তুলিয়া লই। তিনি সহজে খীক্বত হইলেন না। পরে অনেক বাদাহ্যবাদের পর আমার অত্যন্ত আগ্রহ দেখিয়া ২৮শে ভারিথে ফটো ভোলাইতে সম্বত হইলেন এবং ফটো লওয়া হইল। ইতঃপূর্বে তিনি এক ব্যক্তির আগ্রহসন্থেও ফটো তুলিতে দেন নাই বলিয়া তুই কপি ফটো তাহাকে পাঠাইয়া দিবার কথঃ আমাকে বলিলেন। আমিও দে কথা সানন্দে খীকার করিলাম।

একদিন খামীজী বলিলেন, 'ভোমার সহিত অললে তাঁবু থাটাইয়া আমার কিছুদিন থাকিবার ইচ্ছা। কিছ চিকাগোয় ধর্মসভা হইবে, বদি ভাহাতে বাইবার ক্ষবিধা হয় ভো সেধানে বাইব।' আমি চাঁদার লিফ করিয়া টাকা-সংগ্রহের প্রভাব করার ডিনি কি ভাবিয়া খীকার করিলেন না। এই সময় খামীজীর ব্রভই ছিল, টাকাকড়ি স্পর্ণ বা গ্রহণ করিবেন না। আমি অনেক অহুরোধ করিয়া ভাহার মারহাটি কুভার পরিবর্তে এক জোড়া জুতা ও একগাছি বেভের ছড়ি দিয়াছিলাম। ইভঃপূর্বে কোলাপুরের রানী অনেক অহুরোধ করিয়াও খামীজীকে কিছুই গ্রহণ করাইতে না পারিয়া

অবশেষে তৃইবানি গেননা বস্ত্র পাঠাইরা দেন। স্বামীজীও গেল্যা তৃইবানি গ্রহণ করিরা যে বস্তুগুলি পরিধান করিয়াছিলেন, দেগুলি সেইথানেই ভ্যাগ করেন এবং বলেন, সন্ত্যাসীর বোঝা যভ কম হয় ভড়ই ভাল।

ইতঃপূর্বে আমি ভগবদ্গীতা অনেক বার পড়িতে চেটা করিয়াছিলাম, কিছ ব্ঝিতে না পারায় পরিশেষে উহাতে ব্ঝিবার বড় কিছু নাই মনে করিয়া ছাড়িয়া দিয়াছিলাম। স্বামীজী গীতা লইয়া আমাদিগকে এক দিন ব্ঝাইতে লাগিলেন। তখন দেখিলাম, উহা কি অভুত গ্রন্থ! গীতার মর্ম গ্রহণ করিতে তাঁহার নিকটে বেমন শিখিয়াছিলাম, তেমনি আবার অক্তদিকে ভ্ল ভার্ম (Jules Verne)-এর Scientific Novels এবং কার্লাইল (Carlyle)-এর Sartor Resartus তাঁহার নিকটেই পড়িতে শিখি।

তথন স্বাস্থ্যের জন্ধ ঔষধাদি অনেক ব্যবহার করিতাম। সে কথা জানিতে পারিয়া একদিন তিনি বলিলেন, 'বখন দেখিবে কোন রোগ এত প্রবল হইয়াছে বে, শ্ব্যাশায়ী করিয়াছে আর উঠিবার শক্তি নাই, তখনই ঔষধ ধাইবে, নতুবা নহে। Nervous debility (স্নায়বিক তুর্বলতা) প্রভৃতি রোগের শতকরা ৯০টা কার্মনিক। ঐ-সকল রোগের হাত হইতে ভাজারেরা ষত লোককে বাঁচান, তার চাইতে বেশী লোককে মারেন। আর ওরুপ সর্বদা বোগ রোগ করিয়াই বা কি হইবে? যত দিন বাঁচো আনন্দে কাটাও। তবে বে আনন্দে একবার সন্তাপ আসিয়াছে, তাহা আর করিও না। তোমার আমার মতো একটা মরিলে পৃথিবীও আপনার কেন্দ্র হইতে দ্বে বাইবে না, বা জগতের কোন বিবয়ের কিছু ব্যাঘাত হইবে না।'

এই সময়ে আবার অনেক কারণ বশতঃ উপরিস্থ কর্মচারী সাহেবদের সহিত আমার বড় একটা বনিত না। তাঁহারা সামান্ত কিছু বলিলে আমার মাথা গরম হইরা উঠিত এবং এমন ভাল চাকরি পাইরাও একদিনের জন্ত স্থী হই নাই। তাঁহাকে এ-সমন্ত কথা বলায় তিনি বলিলেন, 'কিসের জন্ত চাকরি করিতেছ? বেতনের জন্ত তো? বেতন তো মাসে মাসে ঠিক পাইতেছ, তবে কেন মনে কট পাও? আর ইচ্ছা হইলে বথন চাকরি ছাড়িয়া দিতে পারো, কেহ বাঁথিয়া রাখে নাই, ডখন বিষম বন্ধনে পড়িয়াছি ভাবিয়া ত্থাবের সংসারে আরও ত্থাবাড়াও কেন? আর এক কথা, বলো দেখি যাহার জন্ত বেতন পাইতেছ,

আফিদের সেই কাজগুলি করিয়া দেওয়া ছাড়া ডোমার উপরওয়ালা সাহেবদের সন্তই করিবার জন্ত কথনও কিছু করিয়াছ কি? কথনও সেজন্ত চেটা কর নাই, জ্বচ তাহারা ডোমার প্রতি সন্তই নহে বলিয়া তাহাদের উপর বিরক্ত! ইহা কি বুজিমানের কাজ? জানিও, আমরা অন্তের উপর হালয়ের যে ভাব রাখি, তাহাই কাজে প্রকাশ পায়; জার প্রকাশ না করিলেও তাহাদের ভিতরে আমাদের উপর ঠিক সেই ভাবের উদয় হয়। আমাদের ভিতরকার ছবিই জগতে প্রকাশ রহিয়াছে—আমরা দেখি। আপ্ ভালা তো জগৎ তালা—এ-কথা বে কতদ্র সত্য কেহই জানে না। আজ হইতে মন্দটি দেখা একেবারে ছাড়িয়া দিতে চেটা কর। দেখিবে, যে পরিমাণে ত্মি উহা করিছে পারিবে, সেই পরিমাণে তাহাদের ভিতরের ভাব এবং কার্যন্ত পরিবর্তিত হইয়াছে।' বলা বাছল্য, সেই দিন হইতে আমার ঔষধ খাইবার বাতিক দ্র হইল এবং অপরের উপর দোষদৃষ্টি ত্যাগ করিতে চেটা করায় জমে জীবনের একটা নৃতন পৃষ্ঠা খুলিয়া গেল।

একবার স্বামীজীর নিকট ভালই বা কি এবং মন্দই বা কি—এই বিষয়ে প্রশ্ন উপস্থিত করার তিনি বলিলেন, 'বাহা অভীষ্ট কার্যের সাধনভূত তাহাই ভাল; আর বাহা তাহার প্রতিরোধক তাহাই মন্দ। ভাল-মন্দের বিচার আমরা জারগা উচ্-নিচ্-বিচারের ক্যার করিয়া থাকি। যত উপরে উঠিবে তত ত্ই-ই এক হইয়া বাইবে। চল্লে পাহাড় ও সমতল আছে—বলে, কিছ আমরা সব এক দেখি, সেইরপ।' স্বামীজীর এই এক অসাধারণ শক্তি ছিল—বে বাহা কিছু জিজ্ঞাসা করুক না কেন, তাহার উপযুক্ত উত্তর তৎক্ষণাৎ তাহার ভিতর হইতে এমন বোগাইত বে, মনের সন্দেহ একেবারে দ্র হইয়া বাইত।

আর একদিনের কথা—কলিকাভায় একটি লোক অনাহারে মারা গিয়াছে, খবরের কাগজে এই কথা পড়িয়া ভামীজী এত ছংখিত হইয়াছিলেন খে, তাহা বলিবার নহে। বার বার বলিতে লাগিলেন, এইবার বা দেশটা উৎসর যায়! কেন—জিজ্ঞাসা করায় বলিলেন: দেখিভেছ না, অগ্রাক্ত দেশে কত poot-house, work-house, charity fund প্রভৃতি সত্ত্বেও শত শত লোক প্রতিবৎসর অনাহারে মরে, খবরের কাগজে দেখিতে পাওয়া যায়। আমাদের দেশে কিছ এক মৃষ্টিভিকার প্রতি থাকায় অনাহারে লোক

মরিতে কথন শোনা যায় নাই। আমি এই প্রথম কাগজে এ কথা পঞ্জিলাফ বে, তুর্ভিক্ষ ভিন্ন অস্তু সময়ে কলিকাডার অনাহারে লোক মরে।

ইংবেজী শিক্ষার কুপায় আমি ছুই চারি পয়সা ভিক্ককে দান করাটা ব্দপব্যয় মনে করিতাম। মনে হইছ, ঐক্লপে বৎসামান্ত যাহা কিছু দান করা যায়, তাহাতে ভাহাদের কোন উপকার তো হয়ই না, বরং বিনা পরিশ্রমে পয়সা পাইয়া, তাহা মদ-গাঁজায় ধরচ করিয়া তাহারা আরও অধংপাতে যায়। লাভের মধ্যে লাভার কিছু মিছে খরচ বাড়িয়া যায়। সেক্তম্ত আমার মনে হইত, লোককে কিছু কিছু দেওয়া অপেকা একজনকে বেশী দেওয়া ভাল। পামীজীকে জিজাসা করায় তিনি বলিলেন: ভিথারী আসিলে যদি শক্তি থাকে তো বাহা হয় কিছু দেওয়া ভাল। দেবে তো ছু-একটি পয়সা; সেজ্ঞ নে কিলে খনচ করিবে, সদায় হইবে কি অপব্যয় হইবে, এ-সব লইয়া এড মাধা ঘামাইবার দরকার কি ? আর সত্যই যদি সেই পয়সা গাঁজা ধাইয়া উড়ায়, তাহা হইলেও তাহাকে দেওয়ায় সমাজের লাভ বই লোকসান নাই। কেন না, ভোমার মভো লোকেরা ভাহাকে দরা করিয়া কিছু কিছু না দিলে দে উহা তোমাদের নিকট হইতে চুরি করিয়া লইবে। ভাহা অপেকা ছুই পয়সা ভিকা করিয়া গাঁজা টানিয়া সে চুপ করিয়া বদিয়া থাকে, তাহা কি ভোমাদেরই ভাল নহে? অতএব এ-প্রকার দানেও সমাজের উপকার বই অপকার নাই।

প্রথম হইতেই স্বামীজীকে বাল্যবিবাহের উপর ভারি চটা দেখিয়াছি।
দর্বদাই দকল লোককে বিশেষতঃ বালকদের সাহস বাঁথিয়া সমাজের এই
কলম্বের বিপক্ষে দাঁড়াইতে এবং উত্যোগী হইতে উপদেশ দিতেন। স্বদেশের
প্রতি এরপ অহ্বাগও কোন মাহ্মবের দেখি নাই। পাশ্চাত্য দেশ হইতে
ফিরিবার পর বাঁহারা স্বামীজীর প্রথম দর্শন পাইয়াছেন, তাঁহারা জানেন
না—সেধানে বাইবার পূর্বে তিনি সন্ন্যাস-আশ্রমের কঠোর নিয়মাদি পালন
করিয়া, কাঞ্চনমাত্র স্পর্শ না করিয়া কতকাল ভারতবর্বের সমন্ত প্রদেশে
শ্রমণ করিয়া বেড়াইতেন। তাঁহার মতো শক্তিমান্ প্রক্ষের এত বাঁধাবাঁধি
নিয়মাদির স্বাস্থক নাই—কোন লোক এক বার এই কথা বলায় তিনি
বলেন: দেখ, মন বেটা বড় পাগল—বোর মাতাল, চুপ ক'রে কখনই থাকে
না, একটু সমন্ন পেনেই স্থাপনার পথে টেনে নিয়ে বাবে। সেই জন্ত সকলেরই

বাধাবাধি নিম্নের ভিতরে থাকা আবশুক। সন্নাসীরও সেই মনের উপর হথল বাধিবার জন্ত নিমনে চলিতে হয়। সকলেই মনে করেন, মনের উপর ভাঁহাদের প্র দখল আছে; তবে ইচ্ছা করিয়া কখন একটু আলগা দেন মাত্র। কিন্তু কাহার কর্তা দখল হইয়াছে, ভাহা একবার ধ্যান করিছে বসিলেই টের পাওয়া বায়। এক বিষয়ের উপর চিন্তা করিব মনে করিয়া বসিলে দশ মিনিটও ঐ বিষয়ে একজনে মন হির রাখা বায় না। প্রভ্যেকেই মনে করেন, ভিনি জ্রৈণ নন, ভবে আদর করিয়া জীকে আধিপত্য করিতে দেন মাত্র। মনকে বলে রাখিয়াছি মনে করাটা ঠিক ঐ রক্ষ। মনকে বিশাস করিয়া কখন নিশ্চিত্ত থাকিও না।

একদিন কথাপ্রসঙ্গে বলিলাম—খামীজী, দেখিতেছি ধর্ম ঠিক ঠিক ব্ঝিতে হইলে অনেক লেখাপড়া জানা আবশ্যক।

তিনি বলিলেন: নিজে ধর্ম ব্ঝিবার জন্ম লেখাপড়ার আবশুক নাই। কিছ অন্তকে ব্ঝাইতে হইলে উহার বিশেষ আবশুক। পর্মহংস রামকৃষ্ণদেব 'রামকেট' বলিয়া সহি করিতেন, কিছ ধর্মের সারতত্ত তাঁহা অপেকা কে ব্ঝিয়াছিল?

আমার বিশাস ছিল, সাধ্-সন্ন্যাসীর স্থাকায় ও সদা সম্ভটিত হওয়া অসম্ভব। একদিন হাসিতে হাসিতে তাঁহার দিকে কটাক্ষ করিয়া ঐ কথা বলায় তিনিও বিদ্রোপচ্ছলে উত্তর করিলেন: ইহাই আমার Famine Insurance Fund—যদি পাঁচ-সাত দিন খাইতে না পাই, তব্ আমার চর্বি আমাকে জীবিত রাধিবে। তোমরা একদিন না খাইলেই সব অন্ধকার দেখিবে। আর বে ধর্ম মাহুষকে স্থী করে না, তাহা বাস্তবিক ধর্ম নহে, dyspepsia (অজীর্ণতা)-প্রস্ত রোগবিশেষ বলিয়া জানিও।

স্থামীজী সঙ্গীত-বিভার বিশেষ পারদর্শী ছিলেন। একদিন একটি গান আরম্ভও করিয়াছিলেন, কিছু আমি 'ও রসে বঞ্চিত গোবিন্দদাস'; তারপর শুনিবার আমার অবসরই বা কোধার? তাঁহার কথা ও গরই আমাদিগকে মোহিত করিয়াছিল।

আধুনিক পাশ্চাত্য বিজ্ঞানের সকল বিভাগেই, বধা—Chemistry, Physics, Geology, Astronomy, Mixed Mathematics প্রভৃতিতে তাঁহার বিশেষ দধল ছিল এবং তৎসংক্রাপ্ত সকল প্রশ্নই অতি সরল ভাষায় ঘুই- চারি কথার ব্থাইয়া দিছেন। আবার ধর্যবিষয়ক সীমাংসাও পাশ্চাত্য বিজ্ঞানের সাহাদ্যে ও দৃষ্টান্তে বিশদভাবে ব্থাইতে এবং ধর্ম ও বিজ্ঞানের ফে একই লক্ষ্য—একই দিকে গতি, তাহা দেখাইতে তাঁহার স্থায় ক্ষমতা আরু কাহারও দেখি নাই।

লহা, মরিচ প্রভৃতি ভীক্ষ ক্রব্য তাঁহার বড় প্রিয় ছিল। কারণ জিজাগায় একদিন বলিয়াছিলেন: পর্বটনকালে সন্মানীদের দেশ-বিদেশের নানাপ্রকার দ্বিত জল পান করিতে হয়; তাহাতে শরীর ধারাপ করে। এই দোব-নিবারণের জন্ম তাহাদের মধ্যে অনেকেই গাঁজা, চরদ প্রভৃতি নেশা করিয়া থাকে। আমিও সেইজন্ম এত লহা থাই।

রাজ্যোরার ও থেডড়ির রাজা, কোলাপুরের ছত্ত্বপতি ও দান্দিণাত্যের অনেক রাজা-রাজ্বড়া তাঁহাকে বিশেব ভক্তি করিতেন; তাঁহাদেরও তিনি অত্যন্ত ভালবাদিতেন। অদামান্ত ত্যাগী হইয়া রাজা-রাজ্বড়ার দহিত অত মেশামেশি তিনি কেন করেন, এ-কথা অনেকেরই হাদয়লম হইত না। কোন কোন নির্বোধ লোক এ-জন্ত তাঁহাকে কটাক্ষ করিতেও ছাড়িত না।

কারণ জিজ্ঞাসায় একদিন বলিলেন: ছাজার হাজার দরিদ্র লোককে উপদেশ দিয়া সংকার্য করাইতে পারিলে বে ফল হইবে, একজন শ্রীমান্ রাজাকে সেইদিকে আনিতে পারিলে তদপেকা কত অধিক ফল হইবে। ভাবো দেখি! গরীব প্রজার ইচ্ছা হইলেও সংকার্য করিবার ক্ষমতা কোথায় প্রকিন্ত রাজার হাতে সহস্র সহস্র প্রজার মকলবিধানের ক্ষমতা পূর্ব, হইতেই রহিয়াছে, কেবল উহা করিবার ইচ্ছা নাই। সেই ইচ্ছা যদি কোনরূপে ভাহার ভিতর একবার আগাইরা দিতে পারি, ভাহা হইলে ভাহার সঙ্গে সঙ্গে তাহার অধীন সকল প্রজার অবস্থা ফিরিয়া যাইবে এবং জগতের কত বেশী কল্যাণ হইবে।

বাগ্বিত গ্রায় ধর্ম নাই, ধর্ম অফুভব-প্রত্যক্ষের বিষয়, এই কথাটি বুঝাইবার জন্ম তিনি কথায় কথায় বলিতেন: Test of pudding lies in eating, অফুভব কর; তাহা না হইলে কিছুই বুঝিবে না। তিনি কণট সন্ন্যাসীদের উপর অত্যন্ত বিরক্ত ছিলেন। বলিতেন, ঘরে থাকিয়া মনের উপর অধিকার হাপন করিয়া তবে বাহিরে যাওয়া ভাল; নত্বা নবাছরাগটুকু কমিবার পর প্রায় গাঁজাখোর সন্ন্যাসীদের দলে নিশিয়া পড়িতে হয়।

আমি বলিলাম, কিন্তু ববে থাকিয়া সেটি হওরা যে অভ্যন্ত কঠিন;
সর্বভূতকে লমান চোথে দেখা, বাগ-বেব ভ্যাগ করা প্রভৃতি বে-সকল কাজ
ধর্মলাভের প্রধান সহায়—আপনি বাহা বলেম, ভাহা বলি আমি আজ হইডে
অহুষ্ঠান করিতে থাকি, তবে কাল হইতে আমার চাকর ও অধীন কর্মচারিগণ
এবং দেশের লোকেও আমাকে এক দও শান্তিতে থাকিতে দিবে না।

উত্তরে তিনি পরসহংস শ্রীরামক্ষকেবের সর্প ও স্র্যাসীর গ্রাট বলিয়া বলিলেন: কথন ফোঁস ছেড়োনা, আর কর্তব্য পালন করিছেছ মনে করিয়া সকল কর্ম করিও। কেছ দোব করে, দও দিবে; কিন্তু দও দিতে গিরা কথন রাগ করিও না। পরে পূর্বের প্রসঙ্গ পুমরায় উঠাইরা বলিলেন:

এক সময়ে আমি এক তীর্থস্থানের প্রিস ইন্স্পেক্টরের অতিথি হইরাছিলাম; লোকটির বেশ ধর্মজ্ঞান ও ভক্তি ছিল। তাঁহার বেতন ১২৫ টাকা,
কিন্তু দেখিলাম, তাঁহার বাদার ধরচ মালে তুই-তিন শত টাকা হইবে।
যথন বেশী জানান্তনা হইল, জিজ্ঞালা করিলাম, 'আপনার তো জার জপেকা
ধরচ বেশী দেখিতেছি—চলে কিরপে?' তিনি ঈষৎ হাস্ত করিয়া বলিলেন,
'আপনারাই চালান। এই তীর্থস্থলে বে-সকল লাধ্-সর্যাসী জাসেন, তাঁহাদের
ভিতরে সকলেই কিছু আপনার মতো নন। সন্দেহ হইলে তাঁহাদের নিকট
কি আছে না আছে, তরাস করিয়া থাকি। অনেকের নিকট প্রচুর টাকাকড়ি বাহির হয়। যাহাদিগকে চোর সন্দেহ করি, তাহারা টাকাকড়ি
ফেলিয়া পালায়, আর আমি সেই সমন্ত আত্মনাৎ করি। অপর মুব্ঘাস
কিছু লই না।'

যামীজীর সহিত একদিন 'অনন্ত' (Infinity) সহক্ষে কথাবার্তা হয়।
সেই কথাটি বড়ই হুলর ও সভ্য; তিনি বলিলেন, 'There can be no two infinities.' আমি সময় অনন্ত (time is infinite) ও আকাশ অনন্ত (space is infinite) বলায় তিনি বলেন: আকাশ অনন্তটা বুবিলাম, কিন্তু সময় অনন্তটা বুবিলাম না। বাহা হউক, একটা পদার্থ অনন্ত, একথা বুবি, কিন্ত ছুইটা জিনিস অনন্ত হুইলে কোন্টা কোথায় থাকে? আমু একটু এগোও, দেখিবে—সমন্ত বাহা, আকাশও ভাহাই; আমুও অগ্রসর হুইয়া বুবিবে, সকল পদার্থই অনন্ত, এবং সেইসকল অনন্ত পদার্থ একটা বই ছুইটা দশ্টা নয়।

এইরপে স্বামীজীর পরার্পণে ২৬শে অক্টোবর পর্বন্ত স্থায়ার বাসায় স্থানদের স্থোত বহিয়াছিল। ২৭শে তারিথে বলিলেন, 'স্থার থাকিব না; রামেশর বাইব মনে করিয়া স্থানক দিন হইল এই দিকে চলিভেছি। বদি এই ভাবে স্থাসর হই, ভাহা হইলে এ স্থানম স্থার রামেশর পৌছানো হইবে না।' স্থামি স্থানক স্থাহরোধ করিয়াও স্থার রাখিতে পারিলাম না। ২৭শে স্পষ্টোবর মেল ট্রেনে, ভিনি মর্যাগোয়া যাত্রা করিবেন, হির হইল। এই স্পন্ন সময়ের মধ্যে ভিনি কত লোককে মোহিত করিয়াছিলেন, তাহা বলা যায় না। টিকিট কিনিয়া তাঁহাকে গাড়িতে বসাইয়া স্থামি সাষ্টান্তে প্রণাম করিলাম ও বলিলাম, 'স্থামীজী, জীবনে স্থাল পর্যন্ত করিয়া কুতার্থ হইলাম।'

স্বামীদ্ধীর সহিত আমার তিনবার মাত্র দেখা হয়। প্রথম—আমেরিকা বাইবার পূর্বে; সে-বারকার দেখার কথা অনেকটা বলিলাম। বিতীয়—বখন ডিনি বিতীয়বার বিলাভ এবং আমেরিকা বাত্রা করেন ভাহার কিছু পূর্বে। ভূতীয় এবং শেষবার দেখা হয় ভাঁছার দেহভ্যাগের ছয়-সাভ মাস পূর্বে। এই করবারে ভাঁহার নিকট বাহা কিছু শিক্ষা করিয়াছিলাম, ভাহার আছোপান্ত বিবরণ দেওয়া অসন্তব। বাহা মনে আছে, ভাহার ভিতর সাধারণ-পাঠকের উপযোগী বিষয়গুলি আনাইতে চেষ্টা করিব।

বিলাত হইতে ফিরিয়া আসিয়াই তিনি হিন্দুদিগের জাতি-বিচার সহত্বে ও কোন কোন সম্প্রদায়ের ব্যবহারের উপর তীত্র কটাক্ষ করিয়া বে বক্তৃতাগুলি নাজান্দে দিয়াছিলেন, তাহা পাঠ করিয়া আমি মনে করিয়াছিলাম, স্বামীজীর ভাষাটা একটু বেশী কড়া হইয়াছে। তাঁহার নিকট সে কথা প্রকাশন্ধ করিয়াছিলাম। শুনিয়া তিনি বলিলেন: বাহা কিছু বলিয়াছি, সমন্ত স্ত্যা আর বাহাদের সহত্বে এক্লপ ভাষা ব্যবহার করিয়াছি, তাঁহাদের কার্বের তুলনার উহা বিন্দুমাজও অধিক কড়া নহে। সভ্য কথার সন্দোচ বা গোপন করার তো কোন কারণ দেখি না; তবে এক্লপ কার্বের এক্লপ সমলোচনা করিয়াছি বলিয়া মনে করিও না বে, তাঁহাদের উপর আমার রাগ ছিল বা আছে, অথবা কেছ কেছ বেমন ভাবিয়া থাকেন, কর্তব্যবোধে বাহা করিয়াছি, তাহার জন্ত এখন আমি চ্ংখিত। ও-কথার একটাও সত্য নহে। আমি বাগিয়াও ঐ কাজ করি নাই এবং করিয়াছি বলিয়াও চ্ংখিত নহি। এখনও বদি এরূপ কোন অপ্রির কার্য করা কর্তব্য বলিয়া বোগ হয়, ভাহা হইলে এখনও এরূপ নিঃসহোচে উহা নিশ্চয় করিব।

ভঙ সর্যাদীদের সহছে আর একদিন কথা উঠার বলিলেন: অবশ্য অনেক বদমারেদ লোক ওয়ারেন্টের ভয়ে কিংবা উৎকট হৃদর্ম করিয়া ল্কাইবার জন্ত সন্মাদীর বেশে বেড়ার সভ্য; কিন্তু ভোষাদেরও একটু দোষ আছে। ভোমরা মনে কর, কেহু সন্মাদী হইলেই ভাহার ঈশরের মভো ত্রিগুণাভীত হওয়া চাই। দে পেট ভরিয়া ভাল থাইলে কোব, বিছানায় শুইলে দোব, এমন কি, জুতা বা ছাতি পর্বস্ত ভাহার ব্যবহার করার জো নাই। কেন, ভাহারাও ভো মাছ্ব, ভোমাদের মতে পূর্ণ পরমহংস না হইলে ভাহার আর গেরুয়া বস্ত্র পরিবার অধিকার নাই—ইহা ভূল। এক সময়ে আমার একটি সন্মাদীর সহিত আলাপ হয়। তাঁহার ভাল পোলাকের উপর ভারি ঝোঁক। ভোমবা ভাহাকে দেখিলে নিশ্রয়ই ঘোর বিলাদী মনে করিবে। কিন্তু বান্তবিক ভিনি বথার্থ সন্মাদী।

খামীজী বলিতেন: দেশ-কাল-পাত্ত-ভেদে মানসিক ভাব ও অস্ভবের অনেক তারতম্য হয়। ধর্ম লখদেও দেইরুণ। প্রত্যেক মান্তবেরই আবার একটা-না-একটা বিষয়ে বেলী ঝোঁক দেখিতে পাওয়া যায়। জগতের সকলেই আপনাকে বেলী বৃদ্ধিমান্ মনে করে। তাহাতে ক্ষতি নাই। কিন্তু আমিই কেবল বৃঝি, অজ্ঞে বৃঝে না, ইহাভেই যত গওগোল উপস্থিত হয়। সকলেই চায়, প্রত্যেক বিষয়টা অপর সকলে ভাহারই মতো দেখুক ও বৃঝক। দে বেটা সত্য বৃঝিয়াছে বা যাহা আনিয়াছে, ভাহা ছাড়া আরু কোন সত্য থাকিতে পারে না। সাংসারিক বিষয়েই হউক বা ধর্ময়েশ্বীয় কোন বিষয়েই হউক, ও-রুপ ভাব কোনসতে মনে আসিতে দেওয়া উচিত নয়।

অগতের কোন বিষয়েই সকলের উপর এক আইন থাটে না। দেশ-কাল-পাত্র-ভেদে নীতি, এবং সৌন্দর্গবোধও বিভিন্ন দেখা বায়। তিবত-দেশে এক ত্রীলোকের বহু পতি থাকার প্রথাপ্রচলিত আছে। হিমালয়-ভ্রমণকালে আমার এক্লপ একটি ভিন্নভীয় পরিবারের সহিত সাক্ষাৎ হইয়াছিল। ঐ পরিবারে হয়জন পুরুষ এবং ঐ ছয়জনের একটি স্ত্রী ছিল। ক্রমে পরিচরের পাঢ়তা শক্ষিলে আমি একদিন ভাছাদের ঐ কুপ্রথা সহত্তে বলায় ভাছারা বিবক্ত হইয়া বলিয়াছিল, 'তুমি সাধু সন্ন্যাসী হইয়া লোককে বার্থপরতা শিথাইছে চাহিতেছ? এটি আমারই উপভোগ্য, অঞ্চের নম—এক্রণ ভাষা কি অন্নায় নহে?' আমি ভো শুনিয়া অবাক!

নাসিকা এবং পায়ের থবঁতা লইয়াই চীনের সৌন্দর্ব-বিচার, এ-কথা সকলেরই জানা আছে। আহারাদি সম্বন্ধেও এক্সপ। ইংরেজ আমাদেক মতো হ্বাসিত চাউলের অন্ন ভালবাসে না। এক সময়ে কোন হানের জজ-সাহেবের অল্পত্র বদলি হওয়ায় তথাকার কভকগুলি উকিল যোক্তার তাঁহার সম্মানার্থ উত্তম সিধা পাঠাইয়াছিলেন। ভাহার মধ্যে কয়েক সের হ্বাসিত চাউল ছিল। জজ-সাহেব হ্বাসিত চাউলের ভাত খাইয়া উহা পচাচাউল মনে কয়েন এবং উকিলদের লহিত সাক্ষাৎ হইলে বলেন, 'You ought not to have given me rotten rice.'—তোমাদের পচা চালগুলি আমাকে দেওয়া ভাল হয় নাই।

কোন এক সময়ে দ্বৌনে বাইভেছিলাম, সেই কামরায় চার-পাচটি নাহেব ছিলেন। কথাপ্রসঙ্গে তামাকের বিষয়ে আমি বলিলাম, 'স্বাসিত শুডুক ভামাক জলপূর্ণ হ'কায় ব্যবহার করাই তামাকু-সেবনের শ্রেষ্ঠ উপভোগ।' আমার নিকট খ্ব ভাল তামাক ছিল, তাঁহাদিগকে উহা দেখিতেও দিলাম। তাঁহারা আআপ লইয়াই বলিলেন, 'এ ভো অভি তুর্গন্ধ! ইহাকে তুমি স্থান্দ বলো ?' এইরপে গন্ধ, আখাদ, সৌন্দর্ব প্রভৃতি সকল বিষয়েই সমাজ-দেশ-কালভেদে ভিন্ন ভিন্ন মত।

খামীজীর পূর্বোক্ত কথাগুলি হৃদয়ক্ষম করিতে আমার বিলম্ব হ্র নাই।
আমার মনে হইল, পূর্বে শিকার করা আমার কত প্রিয় ছিল। কোন পশুপক্ষী দেখিলে কতক্ষণে উহাকে মারিব, এই জন্ত প্রাণ ছটফট করিত।
মারিতে না পারিলে জত্যন্ত কট বোধ হইত। এখন গু-রূপ প্রাণিবধ
একেবারেই ভাল লাগে না। স্ক্তরাং কোন জিনিসটা ভাল লাগা বা মন্দ
লাগা কেবল জ্ঞানের কাজ।

আপনার মত বজার রাখিতে প্রত্যেক মাহুষেরই একটা বিশেষ জিল দেখা যায়। ধর্মমত সহজে আবার উহার বিশেষ প্রকাশ। স্বামীজী ঐ সমজে একটি গল্প বলিছেন : এক সময়ে একটি কুল বাজা জন কবিবাব জন্ধ অন্ত এক বাজা সদলবলে উপস্থিত হইলেন। কাজেই শক্ষর হাত হইতে কিরুপে বজাঃ পাওয়া বার স্থিব করিবার জন্ত সেই রাজ্যে এক মহা সভা আহত হইল। সভাষ্ম ইঞ্জিনিয়র, প্রধর, চর্মকার, কর্মকার, উকিল, প্রোহিত প্রভৃতি সভাসদ্গণ উপস্থিত হইলেন। ইঞ্জিমিয়র বলিলের, 'শহরের চারিদিকে বেড় দিয়া এক রহং থাল খনন কর।' প্রধর বলিল, 'কাঠের দেওয়াল দেওয়া বাক।' চামার বলিল, 'চামড়ার মডো মজবুত কিছুই নাই; চামড়ার বেড়া লাও।' কামার বলিল, 'ও-সব কাজের কথা নয়; লোহার দেওয়ালই ভাল, ভেদ করিয়া গুলিগোলা আসিতে পারিবে না।' উকিল বলিলের, 'কিছুই করিবার দরকার নাই; আমাদের রাজ্য লইবার শক্রদের কোন অধিকার নাই—এই কথাটি ভাহাদের তর্কস্থিক হারা ব্রাইয়া দেওয়া বাউক।' পুরোহিত বলিলের, 'ভোমরাং সকলেই বাতুলের মডো প্রলাপ বকিতেছে। হোম যাগ কর, স্বভায়ন কর, তুলসী দাও, শক্ষরা কিছুই করিতে পারিবে না।' এইরপে রাজ্য বাঁচাইবার কোন উপায় হির না করিয়া ভাহারা নিজ নিজ মত লইয়া মহা হলকুল ভর্ক আরম্ভ করিল। এই রক্ষ করাই মাছুবের স্বভাব।

গরটে শুনিয়া আমারও মাহুষের মনের একদেয়ে ঝোঁক সম্বন্ধে একটি কথা মনে পড়িল, আমীজীকে বলিলাম, 'প্রামীজী, <u>আমি ছেলেবেলায়ু</u> পাগলের সহিত আলাপ করিতে বড় ভালবালিতাম। একদিন একটি পাগল দেখিলাম বেশ বৃদ্ধিমান, ইংরেদ্ধীও একটু-আগটু জানে; তার চাই কেবল জল থাওয়া! সলে একটি ভালা ঘট। বেথানে জল পায়, থাল হউক, হোউজ হউক, নৃতন একটা জলের জায়গা দেখিলেই সেথানকার জল পানকরিত। আমি তাহাকে এত জল থাবার কারণ জিলাসায় সে বলিল, 'Nothing like water, sir!'—জলের মতো কোন জিনিসই নেই, মোলাই! তাহাকে জামি একটি ভাল ঘটি দিবার ইচ্ছা প্রকাশ করিলাম, সে উহা কোনমতে লইল না। কারণ জিজাগার বলিল, 'এটি ভালা ঘটি বলিয়াই এতিনামতে লইল না। কারণ জিজাগার বলিল, 'এটি ভালা ঘটি বলিয়াই এতিনামতে ভাল হইলে জন্তে চুরি করিয়া লইত।'

খামীজী গল্প শুনিরা বলিলেন, 'সে ডো বেশ মজার পাগল! ওদের monomaniac বলে। আমাদের সকলেরই ঐ রকম এক-একটা ঝোঁক আছে। আমাদের উহা চাশিরা রাখিবার ক্ষমতা আছে, পাগলের ডাহঃ নাই। পাগলের সহিত আমাদের এইটুকু মাত্র প্রভেদ। রোগ-শোক-অহকারে, কাম-কোধ-হিংসায় বা অক্ত কোন অত্যাচার বা অনাচারে মাহ্নর তুর্বল হইয়া ঐ সংব্যটুকু হারাইলেই মুশকিল! মনের আবেগ আর চাপিতে পারে না। আমরা তথন বলি, ও লোকটা থেপেছে। এই আর কি!

যামীজীর খদেশাহ্রাগ অত্যন্ত প্রবল ছিল; এ কথা পূর্বেই বলিয়াছি।
একদিন ঐ সহদ্ধে কথা উপস্থিত হইলে তাঁহাকে বলা হয় বে, সংসারী লোকের
আপনাপন দেশের প্রতি অহ্রাগ নিত্যকর্তব্য হইলেও সন্ন্যাসীর পক্ষে নিজের
দেশের মায়া ত্যাগ করা এবং সকল দেশের উপর সমদৃষ্টি অবলয়ন করিয়া সকল
দেশের কল্যাণ্টিস্তা হৃদয়ে রাখা ভাল। ঐ কথার উত্তরে খামীজী বে জলস্ত
কথাগুলি বলেন, তাহা কথনও ভ্লিতে পারিব না। তিনি বলিলেন, 'বে
আপনার মাকে ভাত দেয় না, সে অল্ডের মাকে আবার কি পুষ্বে ?'

আমাদের প্রচলিত ধর্মে, আচার-ব্যবহারে, দামাজিক প্রথায় বে অনেক দোষ আছে, স্বামীজী এ কথা স্বীকার করিতেন, বলিতেন, 'দে-সকল দংশোধন করিবার চেটা করা আমাদের দর্বভোভাবে কর্তব্য; কিন্তু তাই বলিয়া সংবাদপত্তে ইংরেজের কাছে সে-সকল ঘোষণা করিবার আবশুক কি? ঘরের গলদ বাহিরে বে দেখায়, তাহার মতো গর্দভ আর কে আছে? Dirty linen must not be exposed in the street.'—মরলা কাপড়-চোপড় রাস্তার ধারে, লোকের চোধের সামনে রাখাটা উচিত নয়।

গ্রীষ্টান মিশনরীগণের সহক্ষে একদিন কথাবার্তা হয়। তাঁছারা আমাদের দেশে কড উপকার করিয়াছেন ও করিতেছেন, প্রসদক্রমে আমি এই কথাবিল। শুনিয়া ডিনি বলিলেন, 'কিন্তু অপকারও বড় কম করেন নাই। দেশের লোকের মনের শ্রুনাটি একেবারে গ্রোলায় দিবার বিলক্ষণযোগাড় করিয়াছেন। শ্রুনাশের স্কুল সক্তে মহন্তবেরও নাশ হয়। এ কথা কেই কি বোঝে? আমাদের দেবদেবীর নিন্দা, আমাদের ধর্মের কুৎসা না করিয়া কি তাঁছাদের নিজেয় ধর্মের শ্রেষ্ঠত দেখানো বায় না? আর এক কথা, বিনি বে ধর্মসভ প্রচার করিতে চান, তাঁহার পূর্ণ বিশাস ও ভদ্মবায়ী কাল করা চাই। অবিকাংশ মিশনরী মূখে এক, কালে আর। আমি কপটতার উপর ভারি চটা।'

ঞ্জনি ধর্ম ও বোগ সম্বন্ধে অনেক কথা অতি স্থল্যভাবে বলিয়াছিলেন। ভাহার মর্ম বতদ্ব মনে আছে, এইখানে লিখিলাম: লকল প্রাণীই সভত স্থা হইবার চেটার বিব্রত; কিছ খ্ব কম লোকই স্থা। কাজকর্মও সকলে অনবরত করিতেছে; কিছ তাহার অভিলবিত ফল পাইতে প্রায় দেখা বায় না। এরপ বিপরীত ফল উপস্থিত হইবার কারণ কি, তাহাও সকলে বুঝিবার চেটা করে না। সেই জল্লই মাছ্য ছংখ পায়। ধর্ম সহছে বেরপ বিশাস হউক না কেন, কেছ যদি ঐ বিশাস-বলে আপনাকে খথার্থ স্থা বলিয়া অহভেব করে, তাহা হইলে তাহার ঐ মত পরিবর্তন করিবার চেটা করা কাহারও উচিত নহে, এবং করিলেও তাহাতে স্থান ফলে না। তবে মুখে যে বাহাই বল্ক না কেন, বখন দেখিবে কাহারও ধর্ম সহছে কথা-বার্তা ওনিবারই কেবলমাত্র আগ্রহ আছে, উহার কোন কিছু অহুষ্ঠানের চেটা নাই, তখনই জানিবে যে তাহার কোন একটা বিষয়ে দৃঢ় বিশাস হয় নাই।

ধর্মের মূল উদ্দেশ্র মাতৃষকে স্থী কর।। কিন্তু পরক্রের স্থী হইক বলিয়া ইহজনে তু:থভোগ করাও বুদ্মিনের কাল নছে। এই জনে, এই মুহুর্ত হইতেই স্থা হইতে হইবে। যে ধর্ম দারা ভাহা সম্পাদিত হইবে, ভাহাই মাহবের পক্ষে উপযুক্ত ধর্ম। ই<u>লিয়ভোগজনিত হথ কণস্থায়ী ও তাহার সহিত</u> অবশুভাবী ভঃগও অনিবার্য। শিশু, জ্ঞান ও প্রপ্রকৃতির লোকেরাই ঐ কণস্থায়ী তঃখমিলিত স্থকে বাহাবিক স্থ মনে কবিয়া থাকে। যদি ঐ হুণ্কেও কেছ জীবনের একমাত উদ্দেশ ক্রিয়া চিরকাল সম্প্রণে নিশ্চিত ও স্থী থাকিতে পারে, তাহাও মন্দ নহে। কিছ আৰু পর্যন্ত এক্স লোক দেখা যায় নাই। সচরাচর ইহাই দেখা যায় যে, যাহারা ইন্সিয়চরিভার্থভাকেই স্থুৰ মনে করে, ভাহারা আপনাদের অপেকা ধনবান বিলাদী লোকদের অধিক স্থী মনে করিয়া বেব করে এবং উচ্চশ্রেণীর বছব্যয়সাধ্য ইব্রিয়ভোগ দেখিয়া উহা পাইবার জন্ম লালায়িত হুইয়া অনুধী হয়। সুমাট আলেক্জেন্দার সমত পুথিবী জয় করিয়া, পৃথিবীতে জার জয় করিকার দেশ নাই ভাবিয়া তৃঃধি<u>ত হইয়াছিলে</u>ন। সেই জন্ত বুদ্দিমান মনীবীরা অনেক দেধিয়া ভনিয়া বিচার করিয়া অবশেষে সিদ্ধান্ত করিয়াছেন যে, কোন একটা ধর্মে যদি পূর্ণ বিশাস হয়, তবেই মাছৰ নিশ্চিম্ভ ও ৰথাৰ্থ স্থণী হইতে পারে।

বিভা বৃদ্ধি প্রভৃতি সকল বিষয়েই প্রত্যেক মাহুবের প্রকৃতি ভিন্ন ভিন্ন দেখা বার। সেই জন্ত ভাহাদের উপবোগী ধর্মও ভিন্ন ভিন্ন হওয়া আবশুক; নতুবা কিছুভেই উহা ভাহাদের সম্ভোবপ্রদ হইবে না, কিছুভেই ভাহারা উহার অষ্ঠান করিয়া বথার্থ হুখী হইতে পারিবে না। নিজ নিজ প্রকৃতির উপবোগী সেই সেই ধর্মত নিজেকেই ভাবিয়া চিন্তিয়া, দেখিয়া ঠেকিয়া বাছিয়া লইডে হইবে। ইহা ভিন্ন অন্ত উপান্ন নাই। ধর্মগ্রহুপাঠ, গুরুপদেশ, সাধুদর্শন, সংপ্রক্রের সন্ধ প্রভৃতি ঐ বিষয়ে সাহাব্য করে মাত্র।

কর্ম সহত্বেও জানা আবশ্রক বে, কোন-না-কোন প্রকার কর্ম না করিয়া কেইই থাকিতে পারে না; কেবল জাল বা কেবল মন্দ্র, জগতে এরপ কোন কর্মই নাই। জালটা করিতে গেলেই সঙ্গে সঙ্গে কিছু না কিছু মন্দ্র করিতেই হইবে। আর সেজক কর্ম বারা যেমন হুখ আদিবে, কিছু-না-কিছু ছুংখ এবং অভাববোধও সেই সঙ্গে আদিবেই আদিবে, উহা অবশ্রভাবী। সে ভুংখটুক বদি না লইতে ইচ্ছা থাকে, তাহা হইলে বিষয়-ভোগ-জনিত আপাত-হুখলাভের আলাটাও ছাড়িতে হইবে। অর্থাৎ হার্থ-হুখ অবেষণ না করিয়া কর্তবার্থিতে সকল কার্য করিয়া বাইতে হইবে। উহার নাম নিকাম কর্ম, গীতাতে ভগবান্ অর্জুনকে তাহারই উপদেশ করিয়া বলিতেছেন, 'কাল করো, কিন্তু ফলটা আমাকে দাও; অর্থাৎ আমার জন্মই কাল করো।'

গীতা, বাইবেল, কোরান, প্রাণ প্রভৃতি অতি প্রাচীন গ্রন্থ-নিবন্ধ ঘটনাবলীর বথাবথ ঐতিহাসিকত সহক্ষে আমার আলে বিশাস হইত না। স্থামীজীকে একদিন জিজ্ঞাসা করি, 'কুলকেজ-মুক্রে অনতিপূর্বে অর্জুনের প্রতিভগবান শ্রীক্রফের ধর্ম-উপদেশ, বাহা ভগবদ্গীতায় লিপিবন্ধ আছে, তাহা বথার্থ ঐতিহাসিক ঘটনা কি-না ?' উত্তরে তিনি যাহা বলিয়াছিলেন, তাহা বড় ফুলর। তিনি বলিলেন: গীতা অতি প্রাচীন গ্রন্থ। প্রাচীন কালে ইতিহাস লেখার বা প্রকাদি ছাপার এখনকার মতো এত ধুমধাম ছিল না; সেজ্জ্ঞ তোমাদের মতো লোকের কাছে ভগবদ্গীতার ঐতিহাসিকত্ব প্রমাণ করা কঠিন। কিন্তু গীতোক্ত ঘটনা বথাবথ ঘটিয়াছিল কি-না, সেজ্জ্ঞ তোমাদের মাথা ঘামাইবার কারণও দেখিতেছি না। কেন না যদি কেছ—শ্রীভগবান্ সার্থি হইয়া অর্জুনকে গীতা বলিয়াছিলেন, ইহা অকাট্য প্রমাণপ্রয়োগে তোমাদের ব্ঝাইয়া দিতে পারে, তাহা হইলেই কি তোমরা গীতাতে বাহা কিছু লেখা আছে, তাহা বিশাস করিবে? সাক্ষাৎ ভগবান্ বখন তোমাদের নিকট মূর্ভিমান্ হইয়া আদিলেও তোমারা উাহাকে গরীকা করিতে

হোটো ও তাঁহার দিববছ প্রমাণ করিছে বলো, তবন গীতা ঐতিহাসিক কিনা, এ বৃধা সমস্যা লইয়া কেন ঘূরিয়া বেড়াও? পারো যদি তো গীতার উপদেশগুলি ঘতটা সভব জীবনে পরিণত করিয়া কুতার্থ হও। পরমহংসদেব বলিতেন, 'আম ধা, গাছের পাতা গুলে কি হবে?' আমার বোধ হয় ধর্মশাল্রে লিপিবক ঘটনার উপর বিবাস-অবিবাস করা is a matter of personal equation (ব্যক্তিগত ব্যাপার)—অর্থাৎ মাহুর কোন এক অবস্থা-বিশেবে পড়িয়া তাহা হইতে উদ্ধার-কামনায় পথ খুঁজিতে থাকে এবং ধর্মশাল্রে লিপিবদ্ধ কোন ঘটনার সহিত তাহার নিজের অবস্থা ঠিক ঠিক মিলিতেছে দেখিতে পাইলে ঐ ঘটনা ঐতিহাসিক বলিয়া নিশ্চয় বিখাস করে। আর ধর্মশাল্রেজ ঐ অবস্থার উপবোগী উপায়ও আগ্রহের সহিত গ্রহণ করে।

যামীলী একদিন শারীরিক এবং মানসিক শক্তি অভীট কার্যের নিমিত্ত সংরক্ষণ করা যে প্রত্যেকের কতদূর কর্তব্য, তাহা অতি সুন্দর ভাবে আমাদের ব্যাইমাছিলেন, 'অনুধিকার চর্চায় বা বুধা কাজে বে শক্তিকার করে, অভীট কর্ষিদ্ধির অন্ত পর্যাপ্ত শক্তি সে আরু কোধায় পাইবে? The sum-total of the energy which can be exhibited by an ego is a constant quantity—অর্থাৎ প্রত্যেক জীবাজার ভিতরে নানাভাবে প্রকাশ করিবার বে শক্তি বর্তমান বহিয়াছে, উহা সীমাবদ্ধ; স্তরাং সেই শক্তির অধিকাংশ একভাবে প্রকাশিত হইলে তত্তী আরু অন্তভাবে প্রকাশিত হইতে পারে না। ধর্মের গভীর সভাসকল জীবনে প্রভাক করিতে হইলে আনেক শক্তির প্রয়োক্তর; সেই অন্তই ধর্মপথের প্রকাশিরে প্রক্রিক বিষয়ভোগ ইত্যাদিতে শক্তিকার না করিয়া বন্ধচর্ষাদির ছারা শক্তিসংরক্ষার উপদেশ সকল জাতির ধর্মগ্রেই দেখিতে প্রথম্য হায় ।'

ষামীশী বাঞ্চাদেশের পদ্ধীগ্রাম ও তথাকার লোকদের কভকগুলি আচরণের উপর বড় একটা সম্ভষ্ট ছিলেন না। পদ্ধীগ্রামের একই পুন্ধরিণীতে স্নান, জলশোচ প্রভৃতি এবং সেই পুক্রের জলই পান করার প্রথার উপর ডিনি ভারি বিরক্ত ছিলেন।

সামীদ্দীর এক এক দিনের এইরপ কথাবার্তা ধরিয়া রাখিতে পারিলে এক একখানি পুত্তক হইত। একই প্রশ্নের বারবার একই ভাবে উত্তর দেওয়া এবং একই দুটান্তের সাহাব্যে বোঝানো তাঁহার বীতি ছিল না। যতবারই সেই প্রধার উত্তর দিতেন, ভতবারই উহা নৃতন ভাবে নৃতন দৃষ্টাছ-সহারে এম্নি বলিবার ক্ষমতা ছিল বে, উহা সম্পূর্ণ নৃতন বলিয়া লোকের বোধ হইত এবং তাঁহার কথা শুনিতে ক্লান্থিবোধ দ্রে থাকুক, আগ্রহ ও ক্ষম্বাগ উত্তরোজন বৃদ্ধি পাইত। বক্তৃতা সবদ্ধেও তাঁহার ঐ প্রথা ছিল। ভাবিয়া চিন্ধিয়া বলিবার বিষয়গুলি (points) লিখিয়া তিনি কোনকালে বক্তৃতা করিতে পারিতেন না। বক্তৃতার অব্যবহিত পূর্ব পর্যন্ত হাসি-তামাসা, সাধারণভাবে কথাবার্তা এবং বক্তৃতার সঙ্গে সম্পূর্ণ সম্বন্ধহীন বিষয়সকল লইয়াও চর্চা করিতেন।

পূর্বেই বলিয়াছি, পাশ্চাত্য বিজ্ঞানের সহায়ে হিন্দুধর্ম বুঝাইতে এবং বিজ্ঞান ও ধর্মের সামঞ্জ্ঞ দেখাইতে স্বামীদীর মতো আর কাহাকেও দেখা বার নাই। সে-বিষয়ে ত্-চারটি কথা আৰু উপহার দিবার ইচ্ছা।

স্থানী বলিতেন: চেতন অচেতন, সুল স্ক্ষ—সবই একত্বের দিকে উর্ধবাদে ধাবমান। প্রথমে মাহ্ব যত রকম জিনিস দেখিতে লাগিল, তাহাদের প্রত্যেকটিকে বিভিন্ন জিনিস মনে করিয়া ভিন্ন ভিন্ন নাম দিল। পরে বিচার করিয়া ঐ সমৃত্ব জিনিসগুলি ১৬টা মূলক্রব্য (elements) হইতে উৎপন্ন হইয়াছে, স্থির করিল।

ঐ মৃশন্তব্যগুলির মধ্যে আবার অনেকগুলি মিশ্রন্তব্য (compound)
বলিয়া এখন অনেকের সন্দেহ হুইতেছে। আর যখন রসায়ন-শান্ত
(Chemistry) শেব মীমাংসায় পৌছিবে, তখন সকল জিনিসই এক
জিনিসেরই অবস্থাভেদমাত—বোঝা বাইবে। প্রথমে তাপ, আলো ও তড়িৎ
(heat, light and electricity) বিভিন্ন জিনিস বলিয়া সকলে জানিত।
এখন প্রমাণ হুইয়াছে, ঐগুলি সব এক, এক শক্তিরই অবস্থান্তর মাত্র। লোকে
প্রথমে সমন্ত পদার্থগুলি চেতন, অচেতন ও উদ্ভিদ—এই তিন শ্রেণীতে বিভক্ত
করিল। তারপর দেখিল বে, উদ্ভিদের প্রাণ আছে, অন্ত সকল চেতন
প্রাণীর স্তায় গ্রমণাক্তি নাই মাত্র। তখন থালি হুইটি শ্রেণী বহিল—চেতন
ও অচেতন। আবার কিছুদিন পরে দেখা বাইবে, আমরা বাহাকে অচেতন
বলি, তাহাদেরও অল্পবিশ্বর চৈতক্ত আছে।

> স্বামীন্ত্ৰী বধন পূৰ্বোক্ত কথাগুলি বলেন, তথন অধ্যাপক জগদীশচন্ত্ৰ বস্ত্-প্ৰচারিত তাড়িত-প্ৰবাহবোগে জড়বন্তুর চেতনবং আচরণ (Response of Inorganic Matter to Electric Currents) এই অপূৰ্ব তন্ত্ৰ প্ৰকাশিত হয় নাই।

পৃথিবীতে যে উচ্চ-নিম অনি দেখা বাম, ভাছাও সভত সমতল চ্ইয়া একভাবে পরিণত হইবার চেটা করিতেছে। বর্ষার অলে পর্বভালি উচ্চ অমি ধূইয়া গিয়া গহরবসকল পলিতে পূর্ণ হইতেছে। একটা উচ্চ জিনিস কোন আরগায় রাখিলে উহা ক্রমে চতুপার্শন্ত ক্রেরে ক্রায় সমান উচ্চভাব ধারণ করিতে চেটা করে। উচ্চভালক্তি এইরূপে সঞ্চালন, সংবাহন, বিকিরণাদি (conduction, convection and radiation) উপায়-অবলহনে সর্বলা সমভাব বা একছের দিকেই অগ্রসর হইতেছে।

গাছের ফল ফুল পাভা শিক্ত আমরা ভিন্ন ভিন্ন দেখিলেও বাত্তবিক উহারা যে এক, বিজ্ঞান ইহা প্রমাণ করিয়াছে। ত্রিকোণ কাঁচের মধ্য দিয়া দেখিলে এক সাদা বং, রামধন্তর সাভটা রঙের মভো পৃথক্ পৃথক্ বিভক্ত দেখায়। সাদা চক্ষে দেখিলে একই বং, আবার লাল বা নীল চশমার ভিতর দিয়া দেখিলে সমন্তই লাল বা নীল দেখার।

এইরপ বাহা সভ্য, ভাহা এক। মারা বারা আমরা পৃথক্ পৃথক্ দেখি মাত্র। অভএব দেশকালাভীত অবিভক্ত অবৈত সভ্যাবলম্বনে মাছবের বৃত কিছু ভিন্ন ভিন্ন পদার্থকান উপস্থিত হইলেও মাছব সেই সভ্যকে ধরিতে পারে না, দেখিতে পার না।

এইসব কথা শুনিয়া বলিলাম, 'স্বামীন্তী, আমাদের চোথের দেখাটাই কি সব সময় ঠিক সভ্য ? ছ্থানা বেল লাইন সমান্তমালে, দেখার বেন উহারা ক্রমে এক আরপার মিলিয়া গিয়াছে। মরীচিকা, রক্ত্তে সর্পত্রম প্রভৃতি optical illusion (দৃষ্টিবিভ্রম) সর্বদাই ছইতেছে। Fluorspar নামক শাখরের নীচে একটা রেখাকে double refraction-এ ছটো দেখার। একটা উভগেলিল আধ-মান জলে ভ্বাইয়া রাখিলে পেলিলের জ্বময় ভাগটা উপরের ভাগ অপেকা বোটা দেখার। আবার সকল প্রাণীর চোখগুলি ভিন্ন ভিন্ন ক্রভাবিশিষ্ট এক একটা লেল (lens) মাত্র। আমরা কোন জিনিন বভ বড় দেখি, ঘোড়া প্রভৃতি অনেক প্রাণী ভাছাই ভদপেকা বড় দেখিয়া থাকে, কেন না ভাছাদের চোথের লেল বিভিন্নপঞ্জিবিশিষ্ট। অভএব আমরা বাহা ঘচকে দেখি, ভাহাই বে সভ্য, ভাহারপ্ত ভো প্রমাণ নাই। জুন ন্ট মান্ত বিল্রাছের, মান্তর 'সভা সভা' করিয়া পাগুল, কিন্ত প্রকৃত সভ্য (Absolute Truth) ব্রিবার ক্রমভা মান্তবের নাই, কারণ ঘটনাক্রমে প্রকৃত সভ্য রাছ্যেক

হত্তগত হইলে ভাহাই যে বাত্তবিক সভা, ইহা সে ব্ঝিবে কি করিয়া ? আমাদের সমস্ত আন relative (আপেক্ষিক), Absolute ব্ঝিবার ক্ষমভা নাই। অতএব Absolute ভগবান বা অগৎকারণকে মাছ্য কখনই ব্ঝিডে পারিবে না।'

খামীজী। ভোমার বা সচরাচর লোকের Absolute জ্ঞান না থাকিতে পারে, তাই বলিয়া কাহারও নাই, এমন কথা কি করিয়া বলো? জ্ঞান বা মিথ্যাজ্ঞান বলিয়া হুইরকম ভাব বা অবস্থা আছে। এখন ভোমরা মাহাকে জ্ঞান বলো, বান্তবিক উহা মিথ্যাজ্ঞান। স্ত্যজ্ঞানের উচ্য হুইলে উহা অন্তহিত হুর, তথন সৰ এক দেখায়। বৈত্তান স্ক্রানপ্রস্ত।

আমি। সামীজী, এ তো বড় ভয়ানক কথা! ষদি জ্ঞান ও মিখ্যাজ্ঞান চ্ইটি জ্ঞিনিল থাকে, তাহা হইলে আপনি ষাহাকে সভ্যজ্ঞান ভাবিতেছেন, তাহাও তো মিখ্যাজ্ঞান হইতে পারে, আর আমাদের বে বৈভজ্ঞানকে আপনি মিধ্যাজ্ঞান বলিতেছেন, তাহাও তো সভ্য হইতে পারে ?

चामीकी। ठिक वरनह, म्हब्ब हे त्वस विधान कदा हाई। भूर्वकारन আমাদের ম্নিঝ্যিপণ সমস্ত বৈভজ্ঞানের পারে গিয়া ঐ অবৈভ সভ্য অভ্তুত্ত করিয়া যাহা বলিয়া গিয়াছেন, ভাহাকেই বেদ বলে। স্থপ্ন জাগ্রৎ অবস্থার মধ্যে কোন্টা সভ্য কোন্টা অসভ্য, আমাদের বিচার করিয়া বলিবার ক্ষমভা নাই। যভক্ষণ না ঐত্ই অবস্থার পাবে গিয়া দাঁড়াইয়া—ঐত্ই অবস্থাকে পরীকা ক্রিয়া দেখিতে পারিব, তভক্ষণ কেমন ক্রিয়া বলিব—কোন্টা সভ্য, কোন্টা অসভ্য ? শুধু ছুইটি বিভিন্ন অবস্থার অহুভব হুইতেছে, এরূপ বলা যাইতে পারে। এক অবহার বধন থাকো, তথন অক্টাকে ভূল বলিয়া মনে হয়। স্বপ্নে হয়তো কলকাভার কেনাবেচা করিলে, উঠিয়া দেখ-বিছানার ওইয়া আছ। বখন সভ্যজ্ঞানের উদম হইবে, ভখন এক ভিন্ন ছই দেখিবে না এবং পূর্বের ছৈতজ্ঞান মিথা। বলিয়া ব্ৰিতে পারিবে। কিন্তু এ-সব অনেক দূরের কথা, হাভেখড়ি হইতে না হইতেই বামায়ণ মহাভারত পঞ্জিবার ইচ্ছা করিলে চলিবে কেন? ধুর্ম অভ্জবের জিনিদ, বৃদ্ধি দিয়া বুঝিবার নছে। হাজেনাতে করিতে ছইবে, <u>ভবে ইতাৰ সভাাসভা বুঝিতে পাবিবে। এ-কথা ভোমাদের পাশ্চাভা</u> Chemistry (ৰুগায়ন), Physics (পদাৰ্থবিছা), Geology (ভূডছবিছা) প্ৰভৃতিৰ অহুমোদিত। ছ-বোডল hydrogen (উদ্ধান) আন এক বোডল

oxygen (অন্নত্নান) লইয়া 'অল কই ?' বলিলে কি জল হইবে না, ভাহাদের একটা শক্ত আয়গায় রাধিয়া electric current (ভাজিত-প্রবাহ) ভাহায় ভেতর চালাইয়া ভাহাদের combination (সংবোগ, মিশ্রণ নহে) করিলে ভবে জল দেখিতে পাইবে এবং ব্রিবে বে, জল hydrogen ও oxygen নামক গ্যাস হইতে উৎপন্ন। আত্রত আন উপলব্ধি করিতে গেলেও সেইরপ ধর্মে বিশাস চাই, আগ্রহ চাই, অগ্রবসায় চাই, প্রাণপণ বত্ব চাই, ভবে বলি হয়। এক মাসের অভ্যাস ভাগে করাই কত কঠিন, দশ বৎসরের অভ্যাসের তো কথাই নাই। প্রভাকে বাজির শত শত জন্মের কর্মকল পিঠে বাঁধা বহিরাছে। একম্বর্জে শুণান্তবিরাগা হইল, আর বলিলে কি-না, 'কই, আমি তো সব এক দেখিতেছি না!'

আমি। সামীলী, আপনার ঐ কথা সভ্য হইলে বে Fatalism (অদৃষ্টবাদ)
আসিয়া পড়ে। <u>যুদি বহু জন্মের কর্মফল একজন্মে ঘাইবার নয়, ভবে</u>
আর চেষ্টা <u>আগ্রহ কেন ?</u> যুখন সকলের মুক্তি হইবে, তুখন আমারও
হইবে।

খামীজী। তাহা নহে। ক্র্ফল তো অবশ্রই ভোগ করিতে হইবে,
কিন্তু অনেক কারণে এ-সকল কর্মকল খব অন্ত সময়ের মধ্যেই নিঃশেষ হইতে
পারে। ম্যান্তিক-লগুনের পঞ্চাশখানা ছবি দশ মিনিটেও দেখানো যায়,
আবার দেখাইতে দেখাইতে সমন্ত রাতও কাটানো বার। উহা নিজের
আগ্রহের উপর নির্ভর করে।

স্টেরহল সহত্বেও শামীজীর ব্যাখ্যা অতি ফুলর: স্ট বন্ধমাত্রেই চেতন ও অচেজন (স্থাবিধার অন্ত) তুইভাগে বিভক্ত। মাহার স্ট বন্ধর চেতনভাঞার শ্রেষ্ঠ প্রাণিবিশেষ। কোন কোন ধর্মের মতে ঈশর আপনার মতো রূপবিশিষ্ট সর্বপ্রেষ্ঠ মানবলাতি নির্মাণ করিয়াছেন; কেহ বলেন, মাহার লেজবিহীন বানরবিশেষ; কেহ বলেন, মাহারেরই কেবল বিবেচনাশক্তি আছে, তাহার কারণ মাহাবের সন্তিকে জলের ভাগ বেশী। যাহাই হউক, মাহার প্রাণিবিশেষ ও প্রাণিক্ষ্ স্ট প্রার্থের অংশমাত্র, এ বিষয়ে মতভেদ নাই। এখন স্ট পদার্থ কি, বুঝিবার জন্ত একদিকে পাশ্চান্তা পণ্ডিতগণ সংশ্লেষণ-বিশ্লেষণত্বপ উপার অবলয়ন করিয়া এটা কি, ওটা কি অহুসন্ধান করিতে লাগিলেন; আর অন্তদিকে আমানের পূর্বপূক্ষণণ ভারতবর্ষের উক্ত আবহাওয়ার ও উর্বর

ভূমিতে শরীর-রকার জন্ত যৎসামান্ত সমন্ত্রমাত্র ব্যয় করিয়া কৌপীন প্রিয়া প্রদীপের মিটমিটে আলোতে ৰসিয়া আদা-জল থাইয়া বিচার করিতে লাগিলেন, —এমন জিনিদ কি আছে, বাহা জানিলে সৰ জানা যায়? তাঁহাছের মধ্যে অনেক রকমের লোক ছিলেন। কাব্দেই চার্বাকের দুখ্রসভ্য মত ছইতে শহরাচার্যের অবৈত মত পর্যন্ত সমন্তই আমাদের ধর্মে পাওয়া যায়। ঘুই দলই ক্ৰমে এক জায়গায় উপনীত হইভেছেন এবং এখন এক কথাই ৰলিভে আরম্ভ করিয়াছেন। তুই দলই বলিভেছেন, এই ব্রহ্মাণ্ডের সমস্ত পদার্থই এক অনিৰ্বচনীয় অনাদি অনম্ভ বন্ধর প্রকাশমাত্র। কাল এবং আকাশভ (time and space) তাই। কাল অর্থাৎ যুগ, কর, বংসর, মাস, দিন ও মুহুর্ত প্রভৃতি সময়জাপক পদার্থ, বাহার অহভবে স্থের গতিই আমাদের প্রধান महात्र, ভাবিরা দেখিলে সেই কালটাকে কি মনে হর ? সূর্য জনাদি নছে: এখন সময় অবশ্য ছিল, বখন স্থের স্পষ্ট হয় নাই। আবার এমন সময় আসিবে, যথন আযার সূর্য থাকিবে না, ইহা নিশ্চিত। তাহা হইলে অথও সময় একটি অনিৰ্বচনীয় ভাব বা বস্তবিশেষ ভিন্ন আৰু কি ? আকাশ বা অবকাশ বলিলে আমরা পৃথিবী বা সৌরজগৎ-সম্বন্ধীয় সীমাবদ্ধ জান্নগাবিশেষ বুঝি। কিন্তু উহা সমগ্র স্কটির অংশমাত্র বই আর কিছুই নয়। এমন অবকাশও থাকা সম্ভব, যেথানে কোন স্বষ্ট বস্তুই নাই। অভএব অনস্ত আকাশও সময়ের মতো অনিব্চনীয় একটি ভাব বা বস্তবিশেষ। এখন সৌরজগং ও স্ট বস্ত কোথা হইতে কিরুপে আসিল ? সাধারণত: আমরা কর্তা ভিন্ন ক্রিয়া দেখিতে পাই না। অতএৰ মনে করি, এই স্পষ্টর অবশ্র কোন কর্তা আছেন, কিন্তু তাহা হইলে স্বষ্টকর্তারও তো স্বষ্টকর্তা আবস্তক; ভাহা থাকিতে পারে না। অতএব আদিকারণ, স্টেকর্ড। বা ঈশরও অনাদি অনির্বচনীর অনভ ভাব বা বভবিশেষ। অনভের ভো বছম সভবে না, ভাই ঐ-সকল অনম্ভ পদাৰ্থই এক, এবং একই ঐ-সকলব্ধণ প্ৰকাশিত।

এক সময়ে আমি জিল্লাসা করিয়াছিলাম, 'ঘামীজী, মন্ত্রাদিডে বিশাস— বাহা সাধারণে প্রচলিত আছে, ভাহা কি সভ্য ?'

ভিনি উত্তর করিলেন, 'সভ্য না হইবার ভো কোন কাষণ দেখি না। ভোষাকে কেহ ক্ষণবরে ষিষ্টভাষার কোন কথা বিজ্ঞাসা করিলে ভূমি সভঃ হও, আর কঠোর তীব্রভাষার কোন কথা বলিলে ভোষার রাগ হয়। তথন প্রভ্যেক ভূতের অধিঠাত্রী দেবতাও বে স্থললিত উত্তম স্লোক (বাকে মন্ত্র বলে) বারা সম্ভষ্ট হইবেন না, ভাহার মানে কি ?'

এই-সকল কথা শুনিয়া আমি বলিলাম, 'খামীজী, আমার বিছা-বৃদ্ধির দৌড় তো আপনি সবই বৃঝিতে পারিতেছেন, এখন আমার কি করা কর্তব্য, আপনি বলিয়া দিন।'

খানীজী বলিলেন, 'প্রথমে মনটাকে বশে আনিতে চেটা কর, তা বে উপারেই হোক্, পরে সব আপনিই হইবে। আর জ্ঞান—অবৈত জ্ঞান ভারি কঠিন; আনিয়া রাখো বে, উহা মহয়জীবনের প্রধান উদ্দেশ্য বা লক্ষ্য (highest ideal), কিন্তু লক্ষ্যে পৌছিবার পূর্বে অনেক চেটা ও আয়োজনের আবশ্রক। সাধুদদ ও ষথার্থ বৈরাগ্য ভিন্ন উহা অহভব করিবার অন্ত উপান্ন নাই।'

স্বামীজীর স্মৃতি

[প্রিয়নাথ সিংহ স্থামীজীর বাল্যবন্ধু ও পাড়ার ছেলে; নরেক্সনাথকে ভালবাসিতেন, শ্রদ্ধাও করিতেন। তিনি কোথায় আছেন, কি করিতেছেন—সব সংবাদ রাখিতেন। আমেরিকায় তাঁহার প্রচার-সাফল্যে আনন্দিত হইরাছেন, মাদ্রান্তে তাঁহার সংবর্ধনার উৎসাহিত হইরাছেন, কলিকাতার নিজেরাই তাঁহাকে অভিনন্দিত করিয়াছেন। এখন নির্দ্ধনে বাল্যবন্ধুকে কাছে পাইবার আশায় কাশীপুরে গোপাল লাল শীলের বাগানে আসিয়াছেন—]

অবসর পেয়েই তাঁকে ধ'রে নিয়ে বাগানে গলার ধারে বেড়াতে এলুম।
তিনিও শৈশবের ধেলুড়েকে পেয়ে আগেকার মতোই কথাবার্তা আরম্ভ
করলেন। ত্-চারটা কথা বলতে না বলতেই ডাকের উপর ডাক এল য়ে,
আনেক নৃতন লোক তাঁর সলে দেখা করতে এসেছেন। এবার একটু বিরক্ত
হয়ে বললেন, 'বাবা, একটু রেহাই দাও; এই ছেলেবেলাকার খেলুড়ের সলে
ত্টো কথা কই, একটু ফাঁকা হাওয়ায় থাকি। যারা এসেছেন, তাঁদের ষদ্ধ
ক'রে বলাওগে, তামাক-টামাক খাওয়াওগে।'

ষে তাকতে এদেছিল, সে চলে গেলে জিজ্ঞাসা করল্ম, 'স্বামীজী, তৃমি সাধু। তোমার অভ্যর্থনার জয়ে যে টাকা আমরা টাদা ক'রে তৃলল্ম, আমি ভেবেছিল্ম, তৃমি দেশের তৃভিক্ষের কথা শুনে কলকাতার পৌছবার আগেই আমাদের 'তার' করবে—আমার অভ্যর্থনায় এক পয়সা খরচ না ক'রে তৃভিক্ষনিবারণী ফণ্ডে ঐ সমস্ত টাকা টাদা দাও; কিন্তু দেখল্ম, তৃমি তা করলে না; এর কারণ কি ?'

খামীজী বললেন, 'হাঁ, আমি ইচ্ছেই করেছিল্ম বে, আমায় নিয়ে একটা খ্ব হইচই' হয়। কি জানিস ? একটা হইচই না হ'লে তাঁর (ভগবান্ শ্রীরামক্ষের) নামে লোক চেতবে কি ক'রে ? এত ovation (সংবর্ধনা) কি আমার জন্তে করা হ'ল, না তাঁর নামেরই জয়জয়কার হ'ল ? তাঁর বিষয় জানবার জন্তে লোকের মনে কতটা ইচ্ছে হ'ল। এইবার ক্রমে তাঁকে জানবে, তবে না দেশের মঙ্গল হবে। যিনি দেশের মঙ্গলের জন্তে এদেছেন, তাঁকে না জানলে লোকের মঙ্গল কি ক'রে হবে ? তাঁকে ঠিক ঠিক জানলে ভবে মান্ত্র্য হৈরী হবে, আর মান্ত্র্য তৈরী হ'লে তুভিক্ষ প্রভৃতি ভাড়ানো কভক্ষণের কথা !

আমাকে দিয়ে এই রকম বিরাট গভা ক'রে হইচই ক'রে তাঁকে প্রথমে মাত্বক—আমার এই ইচ্ছেই হয়েছিল; নতুবা আমার নিজের জয়ে এত হালামের কি দরকার ছিল? তোদের বাড়ি গিয়ে যে একসলে খেলতুম, তার চেয়ে আর আমি কি বড়লোক হয়েছি? আমি তখনও বা ছিল্ম, এবনও তাই আছি। তুই-ই বল্না, আমার কোন পরিবর্তন দেখছিল?'

আমি মৃথে বলল্ম, 'না, সে রকম তো কিছুই দেখছিনি।' ভবে মনে হ'ল—সাক্ষাৎ দেবতা হয়েছ।

খানীজী বলতে লাগলেন, 'ত্ভিক্ষ তো আছেই, এখন বেন এটা দেশের ভূবণ হয়ে পড়েছে। অন্ত কোন দেশে ত্ভিক্ষের এত উৎপাত আছে কি ? নেই; কারণ সে-সব দেশে মাছ্য আছে। আমাদের দেশের মাহ্যগুলো একেবারে অড় হয়ে গেছে। তাঁকে দেখে, তাঁকে জেনে লোকে খার্থভাগ করতে শিথুক, তখন ত্ভিক্ষ-নিবারণের ঠিক ঠিক চেটা আসবে। ক্রমে সে চেটাও ক'রব, দেখু না।'

আমি। আচ্ছা, তুমি এথানে খুব লেকচার-টেকচার দেবে ভো? তা নাহ'লে তাঁর নাম কেমন ক'রে প্রচার হবে?

স্বামীজী। তৃই খেপেছিস, তাঁর নাম-প্রচারের কি কিছু বাকি আছে? লেকচার ক'রে এদেশে কিছু হবে না। বাব্ভায়ারা শুনরে, 'বেশ বেশ' কয়বে, হাতভালি দেবে; তারপর বাড়ি গিয়ে ভাত্তের সঙ্গে সব হজম ক'রে ফেলবে। পচা প্রানো লোহার উপর হাতৃড়ির ঘা মারলে কি হবে? ভেঙে ওঁড়ো হয়ে যাবে; তাকে প্ড়িয়ে লাল কয়তে হবে; তবে হাতৃড়ির ঘা মেরে একটা গড়ন কয়তে পারা যাবে। এদেশে জলম্ভ জীবম্ভ উদাহরণ না দেখালে কিছুই হবে না। কতকশুলো ছেলে চাই, যারা সব ছেড়েছুড়ে দেশের জয়্প জীবন উৎসর্গ কয়বে। তাদের life আগে ভয়ের ক'রে দিতে হবে, ভবে কাজ হবে।

আমি। আচ্ছা, সামীনী, তোমার নিজের দেশের লোক নিজেদের ধর্ম ব্রতে না পেরে কেউ রুশ্চান, কেউ মুসলমান, কেউ বা অক্ত কিছু হচ্ছে। ভাদের জন্তে তুমি কিছু না ক'রে, গেলে কি-না আমেরিকা ইংলতে ধর্ম বিলুতে?

খামীজী। কি খানিস, ভোদের দেশের লোকের বথার্থ ধর্ম গ্রহণ করবার

শক্তি কি আছে ? আছে কেবল একটা অহমার যে, আমরা ভারি সম্বপ্তণী। তোরা এককালে সাবিক ছিলি বটে, কিন্তু এখন ভোলের ভারি পভন হয়েছে। সন্ত থেকে পতন হ'লে একেবাবে তময় আসে। তোরা তাই এসেছিস। মনে করেছিদ বুঝি, যে নড়ে না চড়ে না, ঘরের ভেতর বদে ছরিনাম করে, সামনে অপবের উপর হাজার অভ্যাচার দেখেও চুপ ক'রে থাকে, সেই-ই সম্বর্থণী—তা নর, তাকে মহা তমর ঘিরেছে। বে-দেশের লোক পেটটা ভরে থেতে পায় না, তার ধর্ম হবে কি ক'রে ? যে-দেশের লোকের মনে ভোগের কোন আশাই মেটেনি, ভাদের নিবৃত্তি কেমন ক'রে হবে ? ভাই আগে যাতে মাহ্য পেটটা ভরে খেতে পায় এবং কিছু ভোগবিলাস করতে পারে, ভারই উপায় কর্, ভবে ক্রমে ঠিক ঠিক বৈরাগ্য এলে ধর্মলাভ হ'তে পারে। বিলেত-আমেরিকার লোকেরা কেমন আনিস ? পূর্ণ রজোওনী, বিশবকাতের সকল রকম ভোগ ক'রে এলে গেছে। তাতে আবার রুশানী ধর্শ—মেরেলি ভক্তির ধর্ম, পুরাণের ধর্ম! শিক্ষার বিস্তার হওয়াতে তাতে আর তাদের শাস্তি হচ্ছে না। তারা বে অবস্থার আছে, তাতে তাদের একটা ধাকা দিরে দিলেই সম্বশুণে পৌছয়। ভারপর আৰু একটা লালমূখ এলে যে কথা বলবে, ভা তোরা যত মানবি, একটা ছেড়াক্সাকড়া-পরা সন্মাসীর কথা তত মানবি কি ?

আমি। এন ছোবও ঠিক ঐ ভাবের কথা বলেছিলেন।

খামীজী। হাঁ, আমার সেধানকার চেলারা সব বধন তৈরী হরে এধানে এসে ভোদের বলবে, 'ভোমরা কি ক'রছ, ভোমাদের ধর্ম-কর্ম রীভি-নীভি কিলে ছোট? দেখ, ভোমাদের ধর্মটাই আমরা বড় মনে করি'—ভধন দেখিস হলো হলো লোক সে কথা ভনবে। ভাদের বারা এদেশের বিশেষ উপকার হবে। মনে করিসনি, ভারা ধর্মের শুক্লগিরি করতে এদেশে আসবে। বিজ্ঞান প্রভৃতি ব্যাবৃহারিক শাল্পে ভারা ভোদের গুক্ল হবে, আর ধর্মবিষয়ে এদেশের লোক ভাদের গুক্ল হবে। ভারভের সঙ্গে সমস্ত জগভের ধর্মবিষয়ে এই সক্ষ চিরকাল থাকবে।

আমি। তা কেমন ক'রে হবে ? ওরা আমাদের বে-রকম রুণা করে, তাতে ওরা বে কথন নিঃখার্থভাবে আমাদের উপকার করবে, তা বোধ হর না।

খামীজী। ওরা ভোদের মুণা করবার অনেকওলি কারণ পার, ভাই মুণা করে। একে ভো ভোরা বিজিত, ভার ওপর ভোদের মতো 'হামরের দল'



ভগতে আর কোষাও নেই। নীচ ভাতগুলো ভোদের চিরকালের অভ্যাচারে উঠতে-বদতে জ্তো-লাখি থেরে, একেবারে মহয়ত্ব হারিয়ে এখন professional (পেশালার) ভিথিরি হয়েছে; ভাদের উপরশ্রেণীর লোকেরা ছ-এক পাডাইংরেজী পড়ে আর্লি হাতে ক'রে সকল আফিসের আনাচে কানাচে ভ্রে বেড়াছে। একটা বিশ টাকার চাকরি থালি হ'লে পাঁচ-শ বি. এ., এম. এ. দরখাত্ত করে। পোড়া দরখাত্তও বা কেমন!—'ঘরে ভাভ নেই, মাগ-ছেলে থেতে পাছে না; লাহেব, ছটি থেতে দাও, নইলে গেল্ম!' চাকরিতে চুকেও দাসত্বের চূড়ান্ত করতে হয়। ভোদের উচ্চশিক্ষিত বড় বড় (?) লোকেয়া দল বেঁধে 'হায় ভায়ত গেল! হে ইংরেজ, ভোমরা আমাদের লোকদের চাকরি দাও, ছভিক্ষ মোচন করো' ইত্যাদি দিনরাত কেবল 'দাও দাও' ক'রে মহা হলা করছে। সকল কথার ধ্রো হছে—'ইংরেজ, আমাদের দাও!' বাপ্, আর কত দেবে? বেল দিয়েছে, ভারের থবর দিয়েছে, রাজ্যে শৃত্যাল দিয়েছে, ডাকাতের দল প্রার ভাড়িয়েছে, বিজ্ঞানশিক্ষা দিয়েছে। আবার কি দেবে? নিঃমার্থ ভাবে কে কি দেয়? বিল বাপু, ওরা ভো এত দিয়েছে, ভোরা কি দিয়েছিল?

व्यामि। व्यामालय लिवाय कि व्याष्ट्र वृत्र व्याप्त कर विहे।

ষামীলী। আ মরি! সে কি তোরা দিস, ভূতো মেরে আদায় করে—
রাজ্যরকা করে ব'লে। ভোদের যে এড দিয়েছে, ভার জন্তে কি দিস—ভাই বল্।
ভোদের দেবার এমন জিনিস আছে, যা ওদেরও নেই। ভোরা বিলেড বাবি,
ভাও ভিথিরি হয়ে, কি-না বিছে দাও। কেউ গিয়ে বড়জাের ভাদের ধর্মের
ছটো ভারিক ক'রে এলি, বড় বাছাত্রি হ'ল। কেন, ভোদের দেবার কি কিছু
নেই? অম্ল্য রম্ব রয়েছে, দিতে পারিস—ধর্ম দে, মনােবিজ্ঞান দে। সমস্ত
কগতের ইভিছাস পড়ে দেখ, ষভ উচ্চ ভাব পূর্বে ভারতেই উঠেছে। চিরকাল
ভারত জনসমাকে ভাবের খনি হয়ে এসেছে; ভাব প্রস্ব ক'রে সমস্ত জগৎকে
ভাব বিভরণ করেছে। আজ ইংরেজ ভারতে এসেছে সেই উচ্চ উচ্চ ভাব,
সেই বেদাস্কান, সেই সনাভন ধর্মের গভীর রছক্ত নিতে। ভোরা ওদের
নিকট বা পাস, ভার বিনিময়ে ভোদের ঐ-সব অম্ল্য রম্ব দান কর্। ভোদের
এই ভিবিরি-নাম ঘ্চাবার জন্তে ঠাকুর আমাকে ওদের দেশে নিয়ে গিয়েছিলেন।
কেবল ভিক্কে করবার জন্তে বিলেড বাওয়া ঠিক নর। কেন ভোদের চিরকাল

ভিক্ষে দেবে ? কেউ কখন দিয়ে থাকে ? কেবল কাঙালের মতো হাভ পেতে নেওয়া জগতের নিরম নর। জগতের নিরমই হচ্ছে আদান-প্রদান । এই নিরম বে-লোক বা বে-জাত বা বে-দেশ না রাখবে, তার কল্যাণ হবে না। সেই নিরম আমাদেরও প্রতিপালন করা চাই। তাই আমেরিকায় গিয়েছিলুম। তাদের ভেতর এখন এতদ্র ধর্মপিপাসা বে, আমার মতো হাজার হাজার লোক গেলেও তাদের হান হয়। তারা অনেকদিন থেকে তাদের ধন-রত্ম দিয়েছে, তোরা এখন অম্ল্য রত্ম দে। দেখবি, স্থাহলে শ্রমাভক্তি পাবি, আর তোদের দেশের জল্পে তারা অ্যাচিত উপকার করবে। তারা বীরের জাত, উপকার ভোলে না।

আমি। ওদেশে লেকচারে আমাদের কত গুণপনা ব্যাখ্যা ক'রে এনেছ, আমাদের ধর্মপ্রাণভার কত উদাহরণ দিয়েছ! আবার এখন ব'লছ, আমরা মহা তমোগুণী হয়ে গেছি। অথচ ঋষিদের সনাতন ধর্ম বিলোবার অধিকারী আমাদেরই ক'রছ—এ কেমন কথা?

ু স্বামীনী। তুই কি রলিন, ভোদের দোষগুলো দেশে দেশে গাৰিয়ে বেড়াবো, না তোদের যা গুণ আছে, সেই গুণগুলোর কথাই ব'লে বেড়াবো চু ষার দোষ তাকেই বুঝিয়ে বলা ভাল, আর তার গুণ দিয়ে ঢাক বাজানোই উচিত। ঠাকুর বলভেন যে, মন্দ[্]লোককে 'ভাল ভাল' বললে সে ভাল হয়ে বার; আর ভাল লোককে 'মন্দ মন্দ' বললে সে মন্দ হয়ে বায়। ভাদের দোষের কথা তাদের কাছে খুব ব'লে এসেছি। এদেশ থেকে যত লোক এ পর্যস্ত ওদেশে গেছে, সকলে তাদের গুণের কথাই গেয়ে এসেছে; আর আমাদের দোষের কথাই গাবিয়ে বেড়িয়েছে। কাজেই তারা আমাদের খুণা করতে শিখেছে। তাই আমি তোদের গুণ ও তাদের দোষ তাদের দেখিয়েছি। তোরা ষভ ভমোগুণী হোদ না কেন, পুরাতন ঋষিদের ভাব তোদের ভেতক একটু-না-একটু আছে—অস্ততঃ ভার কাঠামোটা আছে। ভবে হট ক'রে বিলেত গিয়েই যে ধর্ম-উপদেষ্টা হ'তে পারা যায়, তা নয়। আগে নিরালায় বদে ধর্ম-জীবনটা বেশ ক'রে গড়ে নিতে হবে; পূর্ণভাবে ত্যাগী হ'তে হবে; আর অথও ব্রন্ধচর্য করতে হবে; ভোদের ভেতর তমোগুণ এসেছে—তা কি হরেছে ? ভযোনাশ কি হ'তে পারে না ? এক কথায় হ'তে পারে। ঐ তমোনাশ করবার অন্তেই তো ভগবান্ শ্রীরামক্তফদেব এসেছেন।

আমি। কিছ খানীজী, ভোমার মভো কে হবে ?

খামীজী। তোরা ভাবিদ, আমি ম'লে ব্যি আর 'বিবেকানন্দ' হবে না। এ বে নেশাথোর গুলো এদে কনসার্ট বাজিরে গেল, বাদের ভোরা এড ঘুণা করিদ, মহা অপদার্থ মনে করিদ, ঠাকুরের ইচ্ছে হ'লে ওরা প্রভাবে এক এক 'বিবেকানন্দ' হ'তে পারে, দরকার হ'লে 'বিবেকানন্দে'র অভাব হবে না। কোথা থেকে কত কোটি কোটি এদে হাজির হবে ভা কে জানে ? এ বিবেকানন্দের কাল নর রে; ভার কাল—থোদ রাজার কাল। একটা গভর্নর জেনারেল গেলে ভার জায়গায় আর একটা আসবেই। ভোরা যভই ভমোগুণী হোস না কেন, মন মৃথ এক ক'রে ভার শরণ নিলে সব ভমঃ কেটে যাবে। এখন যে ও-রোগের রোজা এসেছে। ভার নাম ক'রে কাজে লেগে গেলে ভিনি আপনিই সব ক'রে নেবেন। এ ভমোগুণটাই সত্ত্বেণ হয়ে দাঁড়াবে।

আমি। যাই বলো ও-কথা বিখাস হয় না। ভোমার মডো Philosophyভে oratory (দর্শনে বক্তা) করবার ক্ষমতা কার হবে ?

স্বামীনী। তৃই জানিসনি। ও-ক্ষমন্তা সকলের হ'তে পারে। কে ভগবানের জন্ম বারো বছর পর্যন্ত ব্রহ্মচর্য করবে, তারই ও-ক্ষমতা হবে। আমি করপ করেছি, তাই আমার মাধার ভেতর একটা পর্দা খুলে গিরেছে। তাই আর আমাকে দর্শনের মতো জটিল বিষয়ের বক্তৃতা ভেবে বার করতে হয় না। মনে কর্ কাল বক্তৃতা দিতে হবে, যা বক্তৃতা দেবো তার সমস্ত ছবি আরু রাত্রে, পর পর চোধের সামনে দিয়ে যেতে থাকে। পরদিন বক্তৃতার সময় সেই-সব বলি। অভএব ব্র্যালি তো, এটা আমার নিজ্ম শক্তি নয়। ফে অভ্যাস করবে, তারই হবে। তৃই কর্, তোরও হবে। অমুকের হবে, আর অমুকের হবে না—আমাদের শাস্ত্রে এ-কথা বলে না।

আমি। তোমার মনে আছে, তথন তুমি সন্নাস লও নাই, একদিন আমরা একদনের বাড়িতে বসেছিল্ম; তুমি সমাধি ব্যাপারটা আমাদের বোঝাবার চেটা করছিলে। কলিকালে ও-সব হয় না ব'লে আমি ভোমার কথা উড়িরে দেবার চেটা করায় তুমি জোর ক'রে বলেছিলে, 'তুই সমাধি দেখতে চাস্, না সমাধিস্থ হ'তে চাস ? আমার সমাধি হয়। আহি তোর সমাধি ক'রে দিতে পারি।' তোমার এই কথা বলবার পরেই

একজন নৃতন লোক এদে প'ড়ল আৰু আমাদের ঐ-বিষয়ের কোন কথাই চ'লল না।

चारीकी। हैं।, यस १एए।

আমার সমাধিত্ব ক'বে দেবার জন্তে তাঁকে বিশেষরূপে ধরার স্বামীজী বললেন, 'দেখ, গত করেক বংসর ক্রমাগত বক্তৃতা দিরে আর কাজ ক'রে আমার ভেতর রজোগুণ বড় বেড়ে উঠেছে; তাই সে শক্তি এখন চাপা পড়েছে। কিছুদিন সব কাজ ছেড়ে ছিমালয়ে গিয়ে বসলে তবে আবার সে শক্তির উদর হবে।'

এর ছ-এক দিন পরে স্বামীজীর সঙ্গে দেখা ক'রব ব'লে আমি বাড়ি থেকে বেরুচ্ছি, এমন সময় হুটি বন্ধু এসে জানালেন যে, তাঁরাও খামীজীর সঙ্গে দেখা ক'বে প্রাণায়ামের বিষয় কিছু ভিজ্ঞাসা করতে চান। তাঁদের সঙ্গে নিয়ে কাশীপুরের বাগানে এসে উপস্থিত হয়ে দেখলুম, স্বামীজী হাত মুধ ধুরে ৰাইরে আদছেন। ওধু হাতে দেবতা বা দাধু দর্শন করতে বেতে নেই খনেছিলুম, তাই আমরা কিছু ফল ও মিষ্টার সঙ্গে এনেছিলুম। তিনি স্বাসবামাত্র তাঁকে সেইগুলি দিলুম; স্বামীনী সেগুলি নিয়ে নিজের মাধার ঠেকালেন এবং আমরা প্রণাম করবার আগেই আমাদের প্রণাম করলেন। আমার সঙ্গের হুটি বন্ধুর মধ্যে একটি তাঁর সহপাঠী ছিলেন। তাঁকে চিনতে পেরে বিশেষ আনন্দের সহিত তার সমস্ত কুশল জিজ্ঞাসা করলেন, পরে তার নিকটে আমাদের বদালেন। আমরা বেখানে বদলুম, সেখানে আরও অনেকে উপহিত ছিলেন। সকলেই স্বামীনীর মধুর কথা শুনতে এসেছেন। অক্তান্ত লোকের ছ-একটি প্রশ্নের উত্তর দিয়ে কথাপ্রসঙ্গে খামীজী নিজেই প্রাণায়ামের কথা কইতে লাগলেন। মনোবিজ্ঞান হতেই জড়বিজ্ঞানের উৎপত্তি, বিজ্ঞান-সহায়ে প্রথমে তা বুঝিয়ে পরে প্রাণায়াম বস্তুটা কি, বোঝাডে লাগলেন। এর আগে আমরা কয়জনেই তাঁর 'রাজযোগ' পুস্তকখানি ভালো ক'রে পড়েছিলুম। কিন্তু আৰু তাঁর কাছে প্রাণারাম সহত্তে যে-সকল কথা খনলুম, ভাতে মনে হ'ল বে তাঁর ভেতরে যা আছে, ভার অভি অরমাঞ্চ त्महे भूखत्क निर्मितक राह्य ।

দেদিন আমরা খামীজীর কাছে সাড়ে তিনটার সময় উপস্থিত হই। তাঁর

প্রাণায়াম-বিষয়ক কথা সাড়ে সাড়টা পর্যন্ত চলেছিল। বাইরে এসে সন্ধিয় আমার জিজাসা করলেন, তাঁদের প্রাণের ভেডরের প্রশ্ন খামীজী কৈমন ক'রে ভানতে পারলেন? আমি কি প্রেই তাঁকে এ প্রশ্নগুলি ভানিয়েছিল্ম ?

ঐ ঘটনার কিছুদিন পরে একদিন বাগবাজারে প্রিরনাথ মুখোপাধ্যারের বাটাতে গিরিশবাব, অভুলবাব, খানী ব্রন্ধানন্দ, খানী বোগানন্দ এবং আরও ছ্-একটি বন্ধুর সমুখে খানীজীকে কিজাসা করলুন, 'খানীজী, সেদিন আমার সঙ্গে যে ছ্-জন লোক ভোমার দেখতে গিয়েছিল, ভূমি এ-দেশে আসবার আগেই ভারা ভোমার 'রাজবোগ' পড়েছিল আর ব'লে রেখেছিল যে, বদি ভোমার সঙ্গে কথন দেখা হয় ভো ভোমাকে প্রাণায়াম-বিবয়ে কভকগুলি প্রশ্ন কিজাসা করবে। কিছু সেদিন ভারা কোন কথা কিজাসা করতে না করতেই ভূমি ভাদের ভেভরের সন্দেহগুলি আপনি ভূলে ঐরপে নীমাংসা করার ভারা আমার কিজাসা করছিল, আমি ভোমাকে ভাদের প্রশ্নগুলি আগে জানিয়েছিলুম কি-না।'

খামীজী বললেন: ওদেশেও অনেক সময়ে এরপ ঘটনা ঘটার অনেকে আমার জিজ্ঞানা ক'রড, 'আপনি আমার অন্তরের প্রশ্ন কেমন ক'রে জানভে পারলেন?' ওটা আমার ডত হয় না। ঠাকুরের অহরহ হ'ড।

এই প্রসঙ্গে অতুদ্বার জিজাসা করলেন, 'তুমি রাজ্যোগে বলেছ বে, পূর্বজন্মের কথা সমস্ত জানতে পারা বায়। তুমি নিজে জানতে পারো ?'

चामीखी। हैं। शादि।

অভুলবাবু। কি জানতে পারো, বলবার বাধা আছে ?

খামীৰী। জানতে পারি-জানি-ও, কিন্ত details (পুঁটনাটি) ব'লব না।

আবাঢ় মাস, সন্ধার কিছু আগে চতুর্দিক অনকার ও ভয়ানক তর্জনপর্জন ক'রে ম্বলগারে বৃষ্টি আরম্ভ হ'ল। আমরা সেদিন মঠে। প্রীবৃক্ত ধর্মপাল
এসেছেন, নৃতন মঠ হচ্ছে দেধবেন এবং সেখানে মিসেদ বৃদ্ আছেন, তার সক্ষে
সাক্ষাং করবেন। মঠের বাড়িটি সবেয়াত্র আরম্ভ হয়েছে। প্রানো বে
ছ-ডিনটি কৃটার আছে, ভাহাতে বিদেদ বৃদ্ আছেন। সাধুরা ঠাকুর নিয়ে
শ্রীবৃক্ত নীলায়র ম্যোপাধ্যায় মহাশয়ের বাড়িতে ভাড়া দিরে বাস করছেন।
ধর্মপাল বৃষ্টির আগেই দেইখানে স্থানীজীর কাছে এসে উঠেছেন। প্রায় এক

ঘণ্টা অভীত হ'ল, বৃষ্টি আর থামে না। কাজেই ভিজে ভিজে নৃতন মঠে খেতে হবে। স্বামীলী সকলকে জ্তো খুলে ছাতা নিয়ে খেতে বললেন; সকলে জ্তো খুললেন। ছেলেবেলার মতো শুধ্ পার ভিজে ভিজে কালার খেতে হবে, স্বামীলীর কতই আনন্দ! একটা খুব হাসি পড়ে গেল। ধর্মপাল কিছ জ্তো খুললেন না দেখে স্বামীলী তাঁহাকে ব্রিয়ে বললেন, 'বড় কালা, জ্ভোর ক্যা রফা হবে।' ধর্মপাল বললেন,' Never mind, I will wade with my shoes on,' এক এক ছাতা নিয়ে সকলের যাত্রা করা হ'ল। মধ্যে মধ্যে কাহারও পা পিছলর, তার উপর খুব জোর ঝাপটার সমন্ত ভিজে যার, ভার মধ্যে স্বামীলীর হাসির রোল; মনে হ'ল বেন আবার সেই ছেলেবেলার খেলাই ব্রি করছি। যা হোক অনেক খানা-থনল পার হয়ে নৃতন মঠের সীমানার আসা গেল।

সকলের পা হাত ধোরা হলে মিসের ব্লের কাছে সকলে গিয়ে বসলেন এবং অনেককণ অনেক বিষয়ে কথাবার্তার পর ধর্মপালের নৌকা এলে সকলে উঠে পড়লাম। নৌকা আমাদের মঠে নামিয়ে দিয়ে ধর্মপালকে নিয়ে কলকাতা গেল, ভখনও বেশ টিপির টিপির বৃষ্টি পড়ছে।

মঠে এবে স্বামীকী তাঁর সন্নাসী শিশ্বদের সঙ্গে ঠাকুর্ঘরে ধ্যান করতে গেলেন এবং ঠাকুর্ঘরে ও তার প্র্দিকের দালানে বসে সকলে ধ্যানে মগ্ন হলেন। আমার আর সেদিন ধ্যান হ'ল না। পূর্বের কথাগুলিই কেবল মনে পড়তে লাগল। ছেলেবেলায় মৃশ্ব হয়ে দেখতাম, এই অভ্নুত বালক নরেন আমাদের সঙ্গে কথন হাসছে, খেলছে, গল্প করছে, আবার কথন বা লকলের মনোম্থকর কিন্তর্ঘরে গান করছে। ক্লাসে ভো বরাবর first (প্রথম) হ'ত। খেলাভেও তাই, ব্যায়ামেও তাই, বালকগণের নেতৃত্বেও তাই, গানেতে তো কথাই নাই—গন্ধবরাক।

খামীজীয়া ধ্যান থেকে উঠলেন। বড় ঠাঙা, একটা ঘরে দরজা বন্ধ ক'রে বসে খামীজী তানপুরা ছেড়ে গান ধরলেন। তারপর সজীতের উপর অনেক কথা চ'লল। খামী শিবানন জিঞ্জাসা করলেন, 'বিলাডী সজীত কেমন ?'

খানীজী। খুক ভাল, harmony-র চূড়ান্ত, যা আমাদের মোটেই নেই। ভবে আমাদের অনভ্যন্ত কানে বড় ভাল লাগে না। আমারও ধারণা ছিল বে, ওয়া কেবল শেয়ালের ভাক ভাকে। বধন বেশ মন দিয়ে ভনতে আর ব্ৰতে লাগল্য, তথন অবাক হল্য। তনতে তনতে মোহিত হয়ে বেতাষ।
সকল art-এরই তাই। একবার চোধ বৃলিয়ে গেলে একটা প্র উৎকৃত্ত ছবির
কিছু ব্রতে পারা বায় না। তার উপর একটু শিক্ষিত চোধ নইলে তো তার
অভি-সন্ধি কিছুই ব্রবে না। আমাদের দেশের বথার্থ সলীত কেবল কীর্তনে
আর এপদে আছে। আর সব ইসলামী ছাঁচে ঢালা হয়ে বিগতে গেছে।
তোমরা ভাবো, ঐ যে বিহ্যতের মতো গিটকিরি দিয়ে নাকী হ্মেরে ট্রগা গায়,
তাই ব্ঝি হ্নিয়ার সেরা জিনিস। তা নয়। প্রত্যেক পর্দার হ্মেরের পূর্ণবিকাশ
না করলে music-এ (গানে) science (বিজ্ঞান) থাকে না। Painting-এ
(চিত্রশিয়ে) nature (প্রকৃতিকে) বজায় রেখে বত artistic (হ্ম্মর)
করো না কেন ভালই হবে, দোষ হবে না। তেমনি music-এর science
বজায় রেখে বত কারদানি করো, ভাল লাগবে। মুসলমানেরা রাগরাগিণীতলোকে নিলে এদেশে এসে। কিছু ট্রগাবাজিতে ভাদের এমন একটা
নিজেদের ছাপ ফেললে বে, ভাতে science আর রইল না।

প্রামানী। বিনি পোকার রবও খুব ভাল লাগে। গাঁওভালরাও তাদের
music ভাইংকট ব'লে জানে। তোরা এটা বুবতে পারিস না বে, একটা
স্বের ওপর জার একটা স্থর এত শীন্ত এলে পড়ে বে, ভাতে জার
সন্ধীতমাধুর্য (music) কিছুই থাকে না, উলটে discordance (বে-স্থর)
জন্মার। সাভটা পর্দার permutation, combination (পরিবর্তন ও
সংযোগ) নিয়ে এক-একটা রাগরাগিণী হয় ভো? এখন টয়ার এক
ভূড়িতে সমন্ত রাগটার আভাস দিয়ে একটা তান স্পষ্ট করলে জাবার তার
ওপর গলার জোরারী বলালে কি ক'রে জার তার রাগত্ব থাকবে? জার
টোকরা ভানের এত ভূড়াভ্ডি করলে সন্ধীতের কবিত্ব-ভাবটা ভো একেবারে
যার। টয়ার বধন স্পষ্ট হয়, তথন গানের ভাব বজার রেথে গান গাওরাটা
দেশ থেকে একেবারে উঠে গিয়েছিল! আজ্বাল থিয়েটারের উন্নতির সলে
সেটা বেমন একট্ ফিরে আসছে, তেমনি কিছ রাগরাগিণীর আছটা আরও
বিশেষ ক'রে হচ্ছে।

এই জন্ত বে গ্রুপদী, সে টপ্পা শুনভে গেলে তার কট হয়। তবে আমাদের সন্ধীতে cadence (মিড় মুর্ছনা) বড় উৎক্ট জিনিদ। ফ্রাদীরা প্রথমে ওটা ধরে, আর নিজেদের music-এ চুকিয়ে নেবার চেষ্টা করে। ভারপর এইজ ওটা ইওরোপে সকলেই খুব আয়ন্ত ক'রে নিয়েছে।

প্রশ্ন। ওদের musicটা কেবল martial (রপবান্ত) ব'লে বোধ হয়, আর আমাদের সঙ্গীতের ভিতর ঐ ভাবটা আদতেই নেই বেন।

খামীজী। আছে, আছে। তাতে harmonyর (ঐকভানের) বড় দরকার। আমাদের harmonyর বড় অভাব, এই জন্তই ওটা অত দেখা বার না, আমাদের music-এর খ্বই উন্নতি হচ্ছিল, এমন সময়ে মুসলমানেরা এনে সেটাকে এমন ক'রে হাতালে বে, সলীতের গাছটি আর বাড়তে পেলেনা। ওদের (পাশ্চাভ্যের) music খ্ব উন্নত, করুণরস বীররস তুই আছে, বেমন থাকা দরকার। আমাদের সেই কত্কলের আর উন্নতি হ'ল না।

श्रम। दकान् वागवां गिनी श्रम martial ?

খামীজী। সকল বাগই martial হয়, বদি harmony-তে বনিয়ে নিয়ে যৱে বাজানো বায়। বাগিণীর মধ্যেও কডকগুলি হয়।

ইতোমধ্যে ঠাকুরের ভোগ হ'লে পর সকলে ভোজন করতে গেলেন।
আহারের পর কলকাভার বে-সকল লোক সেই রাত্রে মঠে উপন্থিত ছিলেন,
তাঁদের শয়নের বন্দোবন্ত ক'রে দিরে ভারপর স্বামীজী নিজে শ্রীন করতে
গেলেন।

প্রায় ছই বংসর নৃতন মঠ হয়েছে, সাধুরা সেইখানেই আছেন। একদিন প্রাতে আমি গুরুদর্শনে গেছি। স্বামীনী স্বামায় দেখে ছাসতে ছাসতে ছক্ষ ডর ক'রে সমস্ত কুশল এবং কলকাভার সমস্ত খবর বিজ্ঞাসা ক'রে বললেন, 'আজ থাকবি ভো গ'

আমি 'নিশ্চয়' ব'লে অস্তান্ত অনেক কথার পর স্বামীনীকে জিল্লাদা করলাম, 'ছোটছেলেদের শিক্ষা দেবার বিষয়ে তোমার মত কি গু'

चाबीकी। अक्रश्रद नाम।

श्रेष्ठ । कि वक्ष ?

খানীজা। সেই পুরাকালের বন্দোবন্ত। তবে তার সঙ্গে আজকালের পাশ্চাত্য বেশের জড়বিজ্ঞানও চাই। ছুটোই চাই।

প্রথ। কেন, আক্ষালের বিশ্ববিভালরের শিক্ষাপ্রণালীতে কি হোব ?

ষানীজী। প্রায় সবই দোব, কেবল চূড়ান্ত কেরানি-গড়া কল বই তো নয়। কেবল ভাই হলেও বাঁচভূম। মাহ্যগুলো একেবারে প্রদানিবাগ-বর্জিত হচ্ছে। গীভাকে প্রক্রিপ্ত বলবে; বেদকে চাবার গান বলবে। ভারতের বাইরে বা কিছু আছে, ভার নাড়ী-নক্ষত্তের ধবর রাথে, নিজের কিছু সাত পুরুষ চূলোর বাক—ভিন পুরুষের নামও জানে না।

প্রশ্ন। ভাতে কি এসে গেল ? নাই বা বাণ-দাদার নাম জানলে ?

স্বামীনী। নারে; বাদের দেশের ইভিহাস নেই, তাদের কিছুই নেই। তুই মনে কর্ না, যার 'আমি এত বজু বংশের ছেলে' ব'লে একটা বিখাস ও গৰ্ব থাকে, দে কি কখন মন্দ হ'তে পাৱে ? কেমন ক'ৱে হবে বলু না ? ভার সেই বিশাসটা ভাকে এমন রাশ টেনে রাখবে যে, সে মরে গেলেও একটা মন্দ কান্ধ করতে পারবে না। তেমনি একটা জাতির ইতিহাস সেই জাভটাকে টেনে রাখে, নীচু হ'তে দেয় না। আমি ৰুঝেছি, ভুই বলবি আমাদের history (ইভিহাদ) ভো নেই। ভোদের মতে নেই। ভোদের University-র (বিশ্ববিভালয়ের) পতিভদের মতে নেই, আর এক দৌড়ে বিলেতে বেড়িয়ে এদে সাহেব সেজে যারা ব'লে, 'আমাদের কিছুই নেই, আমরা বর্বর', তাদের মতে নেই। আমি বলি, অক্তান্ত দেশের মতো নেই। আমরা ভাত থাই, বিলেতের লোকে ভাত খার না; তাই ব'লে কি ভারা উপোদ ক'বে মবে ড়ত হয়ে আছে? তাদেব দেশে বা আছে, তারা তাই ধায়। তেমনি ভোদের দেশের ইভিহাস বেমন থাকা দরকার হয়েছিল, তেমনি আছে। তোরা চোথ বুবে 'নেই নেই' ব'লে চেঁচালে কি ইভিহাস লুপ্ত হয়ে যাবে? যাদের চোধ আছে, ভারা সেই জলম্ভ ইভিহাসের বলে এখনও সঞ্জীব আছে। ভবে সেই ইভিহাসকে নৃতন ছাচে ঢালাই ক'রে নিভে হবে। এখনও পাশ্চাভ্য শিক্ষার চোটে লোকের বে বুদ্ধিটি শাড়িয়েছে, ঠিক সেই বৃদ্ধির মডো উপযুক্ত ক'রে ইভিহাসটাকে নিতে হবে।

প্রশ্ন। দে কেমন ক'রে হবে ?

খানীজী। সে অনেক কথা। আর সেই জন্মই 'গুরুগৃহবাস' ইত্যাদি চাই। চাই Western Science-এর (পাশ্চাত্য বিজ্ঞানের) সঙ্গে বেদান্ত, আর মূলমন্ত বন্ধচর্ব, শ্রদ্ধা আর আন্তর্গুত্তর। আর কি জানিস, ছোটছেলেদের গাধা পিটে বোড়া করা গোছ শিক্ষা দেওয়াটা তুলে দিতে হবে একেবারে। প্রশ্ন। তার মানে ?

স্বামীজী। ওরে, কেউ কাকেও শেখাতে পারে না। শেখাচ্ছি মনে করেই শিক্ষক সৰ মাটি করে। কি জানিস, বেদান্ত বলে—এই মান্থবের ভেডরেই সব আছে। একটা ছেলের ভেডরেও সব আছে। কেবল সেইগুলি জাগিয়ে দিতে হবে, এইমাত্র শিক্ষকের কাব। ছেলেগুলো যাতে নিব্দ নিব্দ হাত-পা নাক-কান মুধ-চোধ ব্যবহার ক'রে নিজের বুদ্ধি খাটিয়ে নিজে শেধে, এইটুকু ক'রে দিতে হবে। তা হলেই আখেরে সবই সহজ হয়ে পড়বে। কিছ গোড়ার কথা ধর্ম। ধর্মটা বেন ভাত, আর সবগুলো তরকারি। কেবল ঋর্ তরকারি থেয়ে হয় বদহক্ষম, শুধু ভাতেও তাই। মেলা কতকগুলো কেডাব-পতা মুখস্থ করিয়ে মনিশ্রিগুলোর মৃত্ বিগড়ে দিচ্ছিল। এক দিক দিয়ে দেখলে ভোদের বড়লাটের উপর কৃতজ্ঞ হওয়া উচিত। High education (উচ্চ-শिका) जूल निष्क व'ल (मणें। दें। १ (६ए वें। विश् वि शास्त्र थुम, आंत्र छ्रिन शर्ताहे नव ठी छा ! निश्रालन कि ? —ना, निष्कारत नव मन्त, সাহেবদের সব ভাল। শেষে আর জোটে না। এমন high education (উচ্চশিকা) থাকলেই াক, আর গেলেই বা কি ? তার চেয়ে একটু technical education (কারিগরি শিকা) পেলে লোকগুলো কিছু ক'রে খেতে পারবে: চাকরি চাকরি ক'রে আর চেঁচাবে না।

প্রান্থ। মারোয়াড়ীরা বেশ,—চাকরি করে না, প্রায় সকলেই ব্যবদা করে।
স্বামীজী। দ্র, ওরা দেশটা উচ্ছয় দিতে বদেছে। ওদের বড় হীন বৃদ্ধি।
'তোরা ওদের চেয়ে অনেক ভালো—manufacture-এর (শিরজাত দ্রব্যানির্মাণের) দিকে নজর বেশী। ওরা যে টাকাটা খাটিয়ে সামান্ত লাভ করে
আর গৌরাঙ্গের পেট ভরায়, সেই টাকায় যদি গোটাকতক factory (শির্মালা), workshop (কারখানা) করে, তা হ'লে দেশেরও কল্যাণ হয় আর ওদের এর চেয়ে অনেক বেশী লাভ হয়। চাকরি বোঝে না কাবলীয়া—
স্বাধীনভার ভাব হাড়ে হাড়ে। ওদের একজনকে চাকরির কথা ব'লে দেখিস না!

প্রশ্ন। High education (উচ্চশিক্ষা) তুলে দিলে সব মাহ্যবস্তলো বেমন গরু ছিল, ভেমনি আবার গরু হয়ে দাঁড়াবে বে!

খাৰীজী। রাম কহ! তাও কি হয় রে? সিদি কি কখনো শেয়াল হয়? তুই বলিগ কি? যে-দেশ চিরকাল জগৎকে বিভা দিয়ে এগেছে, লর্ড কার্জন high education (উচ্চশিকা) তুলে দিলে ব'লে কি দেশস্থ্য লোক গরু হয়ে দীড়াবে!

প্রর। বধন ইংরেজ এদেশে আসেনি, তখন দেশের লোক কি ছিল। আজও কি আছে।

খামীজী। কলকবজা ভয়ের করতে শিখলেই high education হ'ল না।
Life-এর problem solve (জীবনের সমস্তার সমাধান) করা চাই—
যে-কথা নিয়ে আজকাল সভ্য জগৎ গভীর গবেষণায় মগ্ন, আর ষেটার
দিদ্ধান্ত আমাদের দেশে হাজার বৎসর আগে হয়ে গেছে।

প্রশ্ন। তবে ভোমার সেই বেদান্তও তো বেতে বমেছিল?

খামীজী। হাঁ। সমরে সমরে সেই বেদান্তের আলো একটু নেবো নেবো হয়, আর সেইজগুই ভগবানের আদবার দরকার হয়। আর তিনি এসে সেটাতে এমন একটা শক্তি সঞ্চার ক'রে দিয়ে যান যে, আবার কিছুকালের জন্ত তার আর মার থাকে না। এখন সেই শক্তি এসে গেছে। তোদের বড়লাট high education (উচ্চশিক্ষা) তুলে দিলে ভালই হবে।

প্রশ্ন। ভারত যে সমগ্র জগৎকে বিছা দিয়ে এসেছে, ভার প্রমাণ কি ?

খামীজী। ইতিহাসই তার প্রমাণ। এই ব্রহ্মাণ্ডে ষত soul-elevating ideas (মানব্যনের উন্নয়নকারী ভাবসমূহ) বেরিয়েছে আর ষত কিছু
বিভা আছে, অহুসন্ধান করলে দেখতে পাওয়া যায়, তার মূল সব ভারতে
রয়েছে।

এই কথা বলতে বলতে তিনি বেন মেতে উঠলেন। একে তো শরীর অত্যন্ত অস্থ্য, তার ওপর দারণ গ্রীম, মূহর্ম্ছা পিপাসা পেতে লাগলো। অনেকবার জল পান করলেন। এবার বললেন, 'নিংহ, একটু বরফজল খাওয়া। তোকে সব ব্যিয়ে বলছি।'

জন পান ক'রে আবার বলনে—'আমাদের চাই কি জানিস ;— ভাধীনভাবে সদেশী বিভার দলে ইংরেজী আর science (বিজ্ঞান) পড়ানো; চাই technical education (কারিগরি শিক্ষা), চাই বাডে industry (শিল্প) বাড়ে; লোকে চাকরি না ক'রে ত্-পর্যা ক'রে থেডে পারে।'

श्रम। मिश्न টোলের কথা कि বলছিলে?

খামীজী। উপনিষদের গলটল পড়েছিল? সভ্যকাম গুরুগৃহে বন্ধচর্ম

করতে গেলেন। শুকু তাঁকে কতকগুলি গরু দিয়ে বনে চরাতে পাঠানেন।
অনেকদিন পরে বখন গরুর সংখ্যা বিশুণ হ'ল, তখন তিনি শুকুগৃহে কেরবার
উপক্রম করলেন। এই সময় একটি গরু, অগ্নি এবং অক্সান্ত কতকশুলি জড়
তাঁকে বন্ধজ্ঞান সহদ্ধে অনেক উপদেশ দিলেন। বখন শিল্প শুকুর বাড়ি
ফিরে এলেন, তখন শুকু তাঁর মুখ দেখেই বুঝতে পারলেন, শিল্পের ব্রন্ধজ্ঞান
লাভ হয়েছে। এই গল্পের মানে এই—প্রকৃতির সঙ্গে প্রতিনিয়ত বাস করলে
তা থেকেই বথার্থ শিক্ষা পাওরা যায়।

সেই-রকম ক'রে বিছা উপার্জন করতে হবে; শিরোমণি মহাশয়ের টোলে পড়লে রূপী বাঁদরটি থাকবে। একটা জলস্ক character—এর (চরিত্রের) কাছে ছেলেবেলা থেকেই থাকা চাই, জলস্ক দৃষ্টাস্ক দেখা চাই। কেবল 'মিথ্যা কথা কহা বড় পাপ' পড়লে কচুও হবে না। Absolute (অথও) ব্রশ্বচর্ষ করাতে হবে প্রত্যেক ছেলেটাকে, ভবে না শ্রন্ধা বিশ্বাস আসবে। নইলে যার শ্রন্ধা বিশ্বাস নেই, সে মিছে কথা কেন কইবে না? আমাদের দেশে চিরকাল ভ্যাগী লোকের ঘারাই বিছার প্রচার হয়েছে। পণ্ডিত মপাইরা হাত বাড়িয়ে বিছাটা টেনে নিয়ে টোল খুলেই দেশের সর্বনাশটা ক'রে বসেছেন। বতদিন ভারিয়ে বিছাদান করেছেন, ততদিন ভারতের কল্যাণ ছিল।

প্রস্ন। এর মানে কি ? আর সব দেশে তো ত্যাগী সন্মাসী নেই, তাদের বিভার বলে যে ভারত জুডোর তলে রয়েছেন।

খামীজী। ওরে বাণ চেলাসনি, বা বলি শোন্। ভারত চিরকাল মাথার জুতো বইবে, বলি ত্যাপী সন্ন্যাসীদের হাতে আবার ভারতকে বিভালেখার ভার না পড়ে। জানিস, একটা নিরক্ষর ত্যাপী ছেলে তেরকেলে বুড়ো পণ্ডিতদের মুণ্ডু ঘুরিরে দিরেছিল। দক্ষিণেখরে ঠাকুরের পা প্র্যারী ভেঙে ফেলে। পণ্ডিতরা এসে সভা ক'রে পাঁজিপুঁথি খুলে বললে, 'এ ঠাকুরের সেবা চলবে না, নৃতন ঠাকুর প্রতিষ্ঠা করতে হবে।' মহা হলস্থল ব্যাপার। শেষে পর্মহংস মশাইকে ভাকা হ'ল। তিনি বললেন, 'খামীর বদি পা খোঁড়া হয়ে বার, তা হ'লে কি স্ত্রী ভামীকে ত্যাগ করে হ' পণ্ডিত বাবাজীদের আর টাকে-টিপপুনি চললো না। ওরে আহম্মক, তা বদি হবে ভো পর্মহংস মহাশর আসবেন কেন ? আর বিভাটাকে এত উপেকা করবেন কেন ? বিভালিকার তাঁর সেই নৃতন শক্তিসঞ্চার চাই; তবে ঠিক ঠিক কাল হবে।

প্রশ্ন। সে ভো সহজ কথা নয়। কেমন ক'রে হবে ু

খামীজী। সহজ হ'লে তাঁর আসবার দরকার হ'ত না। এখন তোলের করতে হবে কি আনিস? প্রতি প্রামে প্রতি শহরে মঠ খুলতে হবে। পারিস কিছু করতে? কিছু কর্। কলকাতার একটা বড় ক'রে মঠ কর্। একটা ক'রে স্থানিত সাধু থাকবে সেখানে, তার তাঁবে practical science (ব্যাবহারিক বিজ্ঞান) ও সব রকম art (কলাকোলল) শেখাবার জন্ম প্রত্যেক branch-এ (বিভাগে) specialist (বিশেষক্ষ) সন্ন্যাসী থাকবে।

প্রশ। দে-রকম সাধু কোথার পাবে ?

স্বামীন্দী। তয়ের ক'রে নিতে হবে। তাই তো বলি কতকগুলি স্বদেশাস্থ্যাগী ত্যাগী ছেলে চাই। ত্যাগীরা বত শীঘ্র এক-একটা বিষয় চূড়াস্ত রকমে শিখে নিতে পারবে, তেমন তো আর কেউ পারবে না।

তারপর স্বামীনী কিছুক্ষণ চুপ ক'রে বসে তামাক থেতে লাগলেন। পরে
ব'লে উঠলেন, 'দেখ দিলি, একটা কিছু কর্। দেশের জন্ত করবার এত
কাজ আছে বে, তোর আমার মতো হাজার হাজার লাকের দরকার। শুর্
গল্পিতে কি হবে ? দেশের মহা হুর্গতি হয়েছে, কিছু কর্রে। ছোটছেলেদের পড়বার উপযুক্ত একখানাও কেতাব নেই।'

প্রশ্ন। বিভাগাগর মহাশয়ের তো অনেকগুলি বই আছে।

এই কথা বলবামাত্র স্থামীজী উচ্চৈ:শ্বরে হেনে উঠে বললেন: 'দিশর নিরাকার চৈতন্ত্রস্বরূপ', 'গোপাল অতি স্থবোধ বালক'—ওতে কোন কাজ হবে না। ওতে মন্দ বই ভাল হবে না। রামায়ণ, মহাভারত, উপনিষদ থেকে ছোট ছোট গল্প নিম্নে অতি গোলা ভাষার কত্তকগুলি বাঙলাতে আর কতকগুলি ইংরেজীতে কেতাব করা চাই। লেইগুলি ছোটছেলেদের পড়াতে হবে।

বেলা প্রায় ১১টা; ইতিপূর্বে পশ্চিমদিকে একখানা মেদ দেখা দিয়াছিল। এখন সেই মেদ খন্ খন্ শব্দে চলে আসছে। সঙ্গে সঙ্গে বেশ শীতল বাতাস উঠল। খামীজীর আর আনন্দের শেষ নাই; বৃষ্টি হবে। তিনি উঠে 'নিজি, আর গন্ধার ধারে যাই' ব'লে আমাকে নিয়ে ভারীরথীতীরে বেড়াতে লাগলেন। কালিদাসের মেঘদ্ত থেকে কভ শ্লোক আওড়ালেন, কিন্তু মনে মনে সেই একই চিন্তা করছিলেন—ভারতের মঙ্গল। বললেন, 'সিদি, একটা কাল করতে পারিদ ? ছেলেগুলোর অলু বয়সে বে বন্ধ করতে পারিস ?'

আমি উত্তর করলাম, 'বে বন্ধ করা চুলোয় যাক, বাবুরা যাতে বে সন্তা হয় তার ফিকির করছেন।'

সামীলী। থেপেছিন, কার সাধ্যি সময়ের তেউ ফেরায়! ঐ হইচই-ই সার। বে যত মাগগি হয় ততই মঙ্গল। বেমন পাদের ধুম, তেমনি কি বিয়ের ধুম! মনে হয় বৃঝি আইবুড়ো আর রইল না! পরের বছর আবার তেমনি।

খামীজী আবার ধানিক চুঁপ ক'রে থেকে পুনরায় বললেন, 'কভকগুলি অবিবাহিত graduate (গ্রাজুয়েট) পাই তো জাপানে পাঠাই, যাতে তারা লেখানে কারিগরি শিক্ষা (technical education) পেয়ে জাসে। যদি এরপ চেষ্টা করা যায়, তা হ'লে বেশ হয়!'

প্রশ্ন। কেন? বিলেভ ষাওয়ার চেয়ে কি কাপান যাওয়া ভাল?

স্বামীজী। সহস্রগুণে! স্বামি বলি এদেশের সমন্ত বড় লোক আর শিক্ষিত লোকে যদি একবার ক'রে জাপান বেড়িয়ে স্থাসে তো লোকগুলোর চোধ ফোটে।

প্রখ। কেন ?

স্বামীজী। সেধানে এধানকার মতো বিজার বদহজ্ঞম নেই। তারা সাহেবদের সব নিয়েছে, কিন্তু তারা জাপানীই আছে, সাহেব হয়নি। তোদের দেশে সাহেব হর্তরা বে একটা বিষম রোগ হয়ে দাঁড়িয়েছে।

আমি। আমি কতকগুলি জাপানী ছবি দেখেছি। তাদের শিল্প দেখে অবাক হ'তে হয়। আর তার ভাবটি যেন তাজের নিজস্ব বন্ধ, কারও নকল করবার জো নেই।

খামীজী। ঠিক। ঐ আর্টের জন্মই ওরা এত বড়। তারা বে Asiatic (এশিরাবাসী)। আমাদের দেখছিদ না সব গেছে, তবু বা আছে তা অস্তুত। এশিরাটিকের জীবন আর্টে মাধা। প্রত্যেক বস্তুতে আর্ট না থাকলে এশিরাটিক তা ব্যবহার করে না। ওরে আমাদের আর্টিও বে ধর্মের একটা অক। বে-মেরে ভাল আলপনা দিতে পারে, তার কত আদর! ঠাকুর নিজে একজন কত বড় artist (শিয়া) ছিলেন।

প্রশ্ন। সাহেবদেরও তো art (শিল্প) বেশ।

শামীলী। দ্র মূর্থ। আর তোরেই বা গাল দিই কেন ? দেশের দশাই এমনি ছরেছে। দেশস্কুলোক নিজের সোনা রাঙ, আর পরের রাঙটা সোনা দেশছে। এটা ছচ্ছে আজকালকার শিক্ষার ভেলকি। ওরে, ওরা বভদিন এশিরার এনেছে, তভদিন ওরা চেটা করছে জীবনে art (শিল্প) ঢোকাভে।

শামি। এ-রকম কথা শুনলে লোকে বলবে, ভোমার সব pessimistic view (নৈরাশ্রবাদী মত)।

খামীজী। কাজেই তাই বই-কি! আমার ইচ্ছে করে, আমার চোধ দিয়ে তোদের সব দেখাই। ওদের বাড়িগুলো দেখ্ সব সাদামাটা। তার কোন মানে পাস্? দেখ্ না এই বে এত বড় বড় সব বাড়ি government-এর (সরকারের) রয়েছে, বাইরে থেকে দেখলে তার কোন মানে ব্ঝিস, বলতে পারিস? তারপর তোদের খাড়া প্যাণ্ট, চোন্ত কোট, আমাদের হিসেবে এক প্রকার ফ্রাংটো। না? আর তার কি বে বাহার! আমাদের অরভ্মিটা ঘুরে দেখ। কোন্ buildingটার (অট্টালিকার) মানে না ব্ঝতে পারিস, আর তাতে কিবা শিল্প! ওদের জলখাবার গেলাস, আমাদের ঘটি—কোন্টায় আর্টি আছে? ওরে, একটুকরা Indian silk (ভারতীয় রেশম) চায়না (China)-য় নকল করতে হার মেনে গেল। এখন সেটা Japan (জাপান) কিনে নিলে ২০,০০০, টাকায়, ষদি ভারা পারে চেটা ক'রে। পাড়াগাঁরে চাষাদের বাড়ি দেখেছিস?

উত্তর। ই।।

খামীজী। কি দেখেছিন?

আমি। বেশ নিকন চিকন পরিষ্ঠার।

খানীলী। তাদের থানের মরাই দেখেছিন ? তাতে কত আর্ট। মেটে ঘরগুলোয় কত চিত্তির-বিচিত্তির। আর সাহেবদের দেশে ছোটলোকেরা কেমন থাকে তাও দেখে আর। কি জানিস, সাহেবদের utility (কার্য-কারিতা) আর আমাদের art (শিল্প)—ওদের সমন্ত প্রবাই utility, আমাদের সর্বত্ত আট। ঐ সাহেবী শিক্ষার আমাদের অমন ক্ষর চুমকি ঘট ফেলে এনামেলের গেলাস এসেছেন ঘরে। ওই রক্ষে utility এমনভাবে আমাদের ভেতর চুক্তেছে বে, লে বদহক্ষম হয়ে দাঁড়িয়েছে। এখন চাই art এবং

utility-র combination (সংযোগ)। জাপান সেটা বড় চট ক'রে নিরে কেলেছে, তাই এত শীঘ্র বড় হরে পড়েছে। এখন আবার ওরা ডোমার সাহেবদের শেখাবে।

প্রশ্ন। কোন্দেশের কাপড় পরা ভাল ?

খামীনী। আর্যদের ভাল। সাহেবরাও এ-কথা খীকার করে। কেমন পাটে পাটে সাজানো পোশাক। বত দেশের রাজ-পরিচ্ছদ এক রকম আর্থ-জাতিদের নকল, পাটে-পাটে রাথবার চেষ্টা, আর তা জাতীর পোশাকের ধারেও বার না। দেথ্ সিদি, ঐ হতভাগা শার্টগুলো পরা ছাড়।

প্রশ্ন। কেন?

স্বামীলী। আরে ওগুলো সাহেবদের underwear (অধোবাস)। সাহেবরা ঐগুলো পরা বড় দ্বপা করে। কি হতভাগা দশা বাঙালীর! বা হোক একটা পরলেই হ'ল? কাপড় পরার বেন মা-বাপ নেই। কারুর ছোঁরা খেলে জাত যায়, বেচালের কাপড়চোপড় পরলেও যদি জাত যেত ভো বেশ হ'ত। কেন, আমাদের নিজের মতো কিছু ক'রে নিতে পারিস না? কোট, শার্ট গার দিতেই হবে, এর মানে কি?

বৃষ্টি এল; আমাদেরও প্রদাদ পাবার ঘন্টা প'ড়ল। 'চল্, ঘন্টা দিয়েছে' ব'লে স্বামীজী আমার সঙ্গে নিয়ে প্রসাদ পেতে গেলেন। আহার করতে করতে স্বামীজী বললেন, 'দেখ্ দিদি, concentrated food (সারভূত খাত) খাওয়া চাই। কভকগুলো ভাত ঠেদে খাওয়া কেবল কুড়েমির গোড়া।' আবার কিছু পরেই বললেন, 'দেখ্, জাপানীরা দিনে ছ-বার ভিনবার ভাত আর দালের ঝোল খার। খ্ব জোয়ান লোকেরাও অতি অল্ল খার, বারে বেশী। আর বারা সন্বভিপন্ন, তারা মাংস প্রভাহই খায়। আমাদের যে ছ্-বার আহার কুঁচকি-কণ্ঠা ঠেদে। একগাদা ভাত হল্পম করতে স্ব energy (শক্তি) চলে বার।'

প্রশ্ন। আমাদের মাংস খাওরাটা সকলের পক্ষে স্থবিধা কি ?

খানীজী। কেন, কম ক'রে থাবে। প্রভাহ এক পোয়া থেলেই খ্ব হয়। ব্যাপারটা কি জানিস ? দরিত্রভার প্রধান কারণ আলভা। একজনের সাহেব বাগ ক'রে বাইনে কমিরে দিলে; ভা সে ছেলেদের ত্থ কমিয়ে দিলে, একবেলা হয়ভো মৃঞ্জি থেরে কাটালে। প্রশ্ন। ভানয়ভোকি করবে?

বামীনী। কেন, সারও স্ববিক পরিশ্রম ক'রে বাতে বাওয়া-দাওয়াটা বলায় থাকে, এটুকু করতে পারে না? পাড়ায় বে ছ-ঘণ্টা আড্ডা দেওয়া চাই-ই চাই। সময়ের কত স্পব্যয় করে লোকে, ডা স্থার কি ব'লব!

আহারান্তে খামীঞী একটু বিপ্রাম করতে গেলেন।

একদিন স্বামীজী বাগবাজারে বলরাম বস্তুর বাটাতে আছেন, আমি তাঁকে দর্শন করতে গেছি। তাঁর সলে আমেরিকার ও জাপানের অনেক কথা হ্বার পর আমি জিঞাসা করলাম—

প্রশ্ন। স্বামীজী, আমেরিকায় কতগুলি শিশু করেছ ?

স্বামীজী। অনেক।

व्यव। २।३ हाकांत?

স্বামীজী। ঢের বেশী।

প্রশ্ন। কি, সব মন্ত্রশিয় ?

यात्रीकी। दै।

প্রশ্ন। কি মন্ত্র দিলে, স্বামীজী ? সব প্রণবযুক্ত মন্ত্র দিয়েছ ?

খামীনী। সকলকে প্ৰণবযুক্ত দিয়েছি।

প্রশ্ন। লোকে বলে শৃত্তের প্রণবে অধিকার নেই, তার তাথা মেচছ; তাদের প্রণব কেমন ক'রে দিলে? প্রণব তো ব্রাহ্মণ ব্যতীত আর কারও উচ্চারণে অধিকার নেই?

সামীজী। যাদের মত্র দিয়েছি তারা যে ব্রাহ্মণ নর, তা তুই কেমন ক'রে জানলি ?

প্রসা। ভারত ছাড়া সব ভো ধবন ও সেচ্ছের দেশ; তাদের মধ্যে ভাবার বাক্ষণ কোথার ?

খানীলী। আমি বাকে বাকে মন্ত্র দিয়েছি, ভারা সকলেই ত্রাহ্মণ। ও-কথা ঠিক, ত্রাহ্মণ নইলে প্রণবের অধিকারী হয় না। ত্রাহ্মণের ছেলেই বে ত্রাহ্মণ হয় ভার মানে নেই, হ্বার খ্ব সভাবনা, কিন্তু না হতেও পারে। বাগবাজারে—চক্রবর্তীর ভাইপো বে মেণর হয়েছে, মাণায় ক'রে ওরের ইাড়িনে বায়! সেও ভো বামুনের ছেলে।

প্রশ্ন। ভাই, ভূমি আমেরিকা-ইংলওে ত্রান্মণ কোণার পেলে ?

খানীজী। বান্ধণজাতি আর বান্ধণের গুণ—ছুটো আলাদা জিনিদ। এখানে দব—জাতিতে বান্ধণ, দেখানে গুণে। বেমন সন্ধ রক্ষঃ তমঃ—তিনটে গুণ আছে জানিদ, তেমনি বান্ধণ ক্ষত্রির বৈশ্র শৃত্র ব'লে গণ্য হবার গুণণ্ড আছে। এই তোদের দেশে ক্ষত্রির-গুণটা বেমন প্রান্ন লোপ পেরে গেছে, তেমনি বান্ধণত্ব-গুণটাও প্রায় লোপ পেরে গেছে। ওদেশে এখন সব ক্ষত্রিরত্ব থেকে বান্ধণত্ব পাছে।

· প্রশ্ন। তার মানে দেখানকার সান্তিকভাবের লোকদের তুমি ব্রাহ্মণ ব'লছ ?

ষামীন্দী। তাই বটে; সন্ধ রক্ষা তমা ষেমন সকলের মধ্যেই আছে—কোনটা কাছার মধ্যে কম, কোনটা কাছারও মধ্যে বেশী; তেমনি রান্ধণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শ্রু হবার কয়টা গুণও সকলের মধ্যে আছে। তবে এই কয়টা গুণ সময়ে সময়ে এক একটা প্রকাশ হয়। একটা লোক যখন চাকরি করে, তখন সে শ্রুত্ম পায়। যখন ত্-পরসা রোজগারের ফিকিরে থাকে, তখন বৈশ্য; আর যখন মারামারি ইত্যাদি করে, তখন তার ভিতর ক্ষত্রিয়ত প্রকাশ পায়। আর যখন সে ভগবানের চিন্তার বা ভগবং-প্রসন্দে থাকে, তখন সে রান্ধণ। এক জাতি থেকে আর এক জাতি হয়ে যাওয়াও স্বাভাবিক। বিশামিত্র আর পরশুরাম—একজন রান্ধণ ও অপর ক্ষত্রিয় কেমন ক'রে হ'ল গ

প্রশ্ন। এ কথা তো খুব ঠিক ব'লে মনে হচ্ছে, কিন্তু আমাদের দেশে অধ্যাপক আর কুলগুরু মহাশয়েরা সে-রকম ভাবে দীক্ষাশিকা কেন দেন না ?

স্বামীজী। ঐটি তোদের দেশের একটি বিষম রোগ। বাক্। সে-দেশে বারা ধর্ম করতে শুকু করে, তারা কেমন নিষ্ঠা ক'রে জ্বপ-ত্রপ, সাধন-ভ্রম করে।

প্রশ্ন। তাদের আধ্যাত্মিক শক্তিও অতি শীন্ত প্রকাশ পায় শুনতে পাই।
শরং মহারাজের একজন (পাশ্চান্ত্য) শিশ্য মোট চার মাস সাধন ভজন
ক'রে তার বে-সকল ক্ষমতা হয়েছে, তা লিখে পাঠিয়েছে, সেদিন শরং
মহারাজ দেখালেন।

খামীজী। হাঁ, ভবে বোঝ্ ভারা ত্রান্ধণ কিনা--ভোদের দেশে বে মহা

অভ্যাচারে সমন্ত যাবার উপক্রম হয়েছে। শুক্রঠাকুর মন্ত্র দেন, সেটা ভার একটা ব্যবসা। আর শুক্র-শিশ্রের সমন্ধটাও কেমন! ঠাকুর-মহাশরের ঘরে চাল নেই। গিন্নী বললেন, 'ওগো, একবার শিশ্রবাড়ি-টাড়ি যাও; পাশা থেললে কি আর পেট চলে?' রাহ্মণ বললেন, 'ইাগো, কাল মনে ক'রে দিও, অমুকের বেশ সমর হয়েছে শুনহি, আর ভার কাছে অনেক দিন যাওয়াও হয়নি।' এই ভো ভোদের বাঙলার শুক্র! পাশ্চাভ্যে আঞ্বও এ-রক্মটা হয়নি। সেখানে অনেকটা ভাল আছে।

প্রতি বংসর শ্রীরামক্বফ-উৎসবের দিন এক অপরপ দৃশ্য দৃষ্ট হয়। বন্ধদেশে এটি বে একটি স্থ্রহৎ মেলা, ভার আর সন্দেহ নাই। এখানে দশ-বিশ হাজার লোক একত্র হইলেও সে-প্রকার ঠেলাঠেলি হয় না, কারণ অধিকাংশই শিক্ষিত ভয়সস্থান। কিন্তু এখানেও এক সময়ে এই ভাবের সম্পূর্ণ বিপরীত ভাব পরিলক্ষিত হয়। স্তীমার আদিয়া মঠের কিনারায় লাগিল, আর রক্ষা নাই—সকলকেই আগে নামিতে হইবে। মঠ হইতে প্রত্যাবর্তনকালে স্থীমারে উঠিবার সময়ও ঠিক তত্ত্বপ—কে কার ঘাড়ে পড়ে ভার ঠিক নাই।

খামীজীর সলে একদিন মঠে তাঁহার এক বন্ধুর আমাদের জাতির এই অসংখত ভাবের বিষয়ে কথাবার্তা হর। তিনি তৃ:খ প্রকাশপূর্বক বাঁলয়াছিলেন, 'দেখ, আমাদের একটা সেকেলে কথা আছে—যদি না পড়ে পো, সভায় নিয়ে থো। কথাটি খুব পুরাতন। আর সভা মানে সামাজিক এক-আখটা সভা—যা কালেভত্তে কারও বাড়িতে হয়, তা নয়; সভা হচ্ছে রাজদরবার। আগে আমাদের বে-সকল খাখীন বাঙালী রাজা ছিল, তাদের প্রভাহই সকালে বৈকালে সভা ব'সত। সকালে সমস্ত রাজকার্য। আর থবরের কাগজ ভো ছিল না, সমস্ত মাতকরে ভত্রলোকের কাছে রাজ্যের প্রায় সব থবর লওয়া হ'ত, আর তাতে সেই রাজধানীর সব ভত্রলোক আসত। যদি কেউ না আসত তার থবর হ'ত। এইসকল দরবার-সভাই আমাদের দেশের, কি সব সভ্য দেশের সভ্যতার centre (কেন্দ্র) ছিল। পশ্চিমে রাজপুতানায় আমাদের এখানকার চেয়ে চেয় ভাল। সেখানে আজও সেই রকমটা কতক হয়।'

প্রন্ন। এখন দেশী রাজা আমাদের দেশে নেই ব'লে কি দেশের লোকগুলো) এডই অসভ্য হরে দাঁড়িয়েছে ? শামীজী। এগুলো একটা অবনতি—বার মূলে স্বার্থপরতা, এ তারই লকণ। জাহাজে ওঠবার সময় 'চাচা আপন বাঁচা,' আর গানের সময় 'হামবড়া'—এই হচ্ছে সব ভিতরের ভাব, একটু self-sacrifice (আত্মত্যাগ) শিক্ষা করলেই এটুকু বায়। এটা বাগ-মার লোষ—ঠিক ঠিক সৌজ্যও শেধায় না। সভ্যতা self-sacrifice-এর গোড়া।

খামীজী বলিতে লাগিলেন: বাপ-মার অন্তার লাবের অন্ত ছেলেগুলো বে একটা ফুর্ভি পার না। গান গাওরাটা বড় দোষ—ছেলের কিন্তু একটা ভাল গান ভনলে প্রাণ ছটফট করে, সে নিজের গলায় কেমন ক'রে সৈটি বার করবে। কাজেই সে একটা আডো থোঁজে। তামাক খাওরাটা মহাপাণ—এখন কাজেই সে একটা আডো থোঁজে। তামাক খাওরাটা মহাপাণ—এখন কাজেই সে চাকর-বাকরের সঙ্গে আডো দেবে না তো কি করবে? সকলেরই ভেতর সেই infinite (অনস্ত) ভাব আছে—সে-সব ভাবের কোন-রকম ফুর্তি চাই। তোদের দেশে তা হবার জো নাই। তা হ'তে গেলে বাপ-মাদেরও নৃতন ক'রে শিক্ষা দিতে হবে। এই তো অবস্থা! স্থমত্য নর, তার ওপর আবার তোদের শিক্ষিত বড় বড় বার্রা চান কি না—এখনি রাজ্যিটা ইংরেজ তাঁদের হাতে ফেলে দের, আর তাঁরা রাজ্যিটা চালান। ত্থেও হর, হাসিও পার। আরে সে martial (সামরিক) ভাব কই? তার গোড়ার বে দাসভাব সাধন করা চাই, নির্ভর চাই—হামবড়াটা martial ভাব নয়। হকুমে এগিয়ে মাথা দিতে হবে—তবে না মাথা নিতে পারবে। সে বে আপনাকে আগে বলি দিতে হবে।

শ্রীরামক্রফদেবের কোন ভক্ত-লেথক—তাঁহার কোন পুশুকে বাঁহারা শ্রীরামকৃষ্ণকে ঈথরাবভার বলিয়া বিখাস করেন না, তাঁহাদিগের প্রতি কটাক্ষ করিয়াছিলেন, খামীশী তাঁহাকে ডাকাইয়া উত্তেজিত হইয়া বলিতে লাগিলেন:

তোর এমন ক'রে সকলকে গাল দিয়ে লেখবার কি দরকার ছিল? তোর ঠাকুরকে তারা বিশাস করে না, তা কি হয়েছে? আমরা কি একটা দল করেছি না কি? আমরা কি রামকৃষ্ণ-ভজা যে, তাঁকে যে না ভজবে সে আমাদের শত্রু? তুই তো তাঁকে নীচু ক'রে ফেললি, তাঁকে ছোট ক'রে ফেললি। তোর ঠাকুর যদি ভগবান হন তো যে যেমন ক'রে ভাকুক, তাঁকেই ভো ভাকছে। তবে স্বাইকে গাল দেবার তুই কে? না, গাল দিলেই ভোর কথা ভারা ভনবে ? আহামক ! মাধা দিভে পারিস তবে মাধা নিভে পারবি ; নইলে ভোর কথা লোকে নেবে কেন ?

একটু হির হইয়া পুনরায় বলিতে লাগিলেন:

ৰীয় না হ'লে কি কেউ বিখাস করতে পারে, না নির্ভন্ন করতে পারে ? বীয় না হ'লে হিংসা বেষ যায় না; তা সভ্য হবে কি ? সেই manly (পুক্ষোচিত) শক্তি, সেই বীরভাব ডোলের দেশে কই ? নেই নেই। সে-ভাব ঢের খুঁজে দেখছি, একটা বই ছটো দেখতে পাই নি।

প্রশ্ন। কার দেখেছ, খামীজী ?

স্বামীজী। এক G. C.-র (গিরিশচন্দ্রের) দেখেছি বথার্থ নির্ভর, ঠিক দাসভাব; মাথা দিতে প্রস্তুত, ভাই না ঠাকুর ভার আমমোজ্ঞারনামা নিয়ে-ছিলেন। কি নির্ভর! এমন আর দেখলুম না; নির্ভর ভার কাছে শিখেছি। এই বলিয়া স্বামীজী হাত তুলিয়া গিরিশবাব্র উদ্দেশে নমস্কার করিলেন।

বিতীয়বার মার্কিনে বাইবার সমস্ত উত্যোগ হইতেছে, স্বামীক্ষী অনেকটা ভাল আছেন। একদিন প্রাতে তিনি কলিকাভায় কোন বন্ধুর সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলেন। দেখান হইতে ফিরিয়া বাগবাক্ষারে বলরামবাব্র বাটতে আগিয়া উপস্থিত হইলেন। একজন নৌকা ভাকিতে গিয়াছে— স্বামীক্ষী এখনি মঠে বাইবেন। ইভোমধ্যে তাঁহার বন্ধুকে ভাকাইয়া বলিলেন: চল্, মঠে বাবি আমার সঙ্গে—অনেক কথা আছে।

বন্ধটি উপবেশন করিলে পর আবার বলিলেন, 'আজ বড় মজা হয়েছে।
একজনের বাঁড়ি পেছল্ম—সে একটা ছবি আঁকিয়েছে—কৃষ্ণার্জ্ন-সংবাদ।
কৃষ্ণ দাঁড়িয়ে রথের উপর, ঘোড়ার লাগাম হাতে আর অর্জুনকে গীতা বলছেন।
ছবিটা দেখিয়ে আমার জিজেল করলে কেমন হয়েছে। আমি বলল্ম, মল
কি! সে জিদ ক'রে বললে, লব দোষগুণ বিচার ক'রে বলো—কেমন হয়েছে।
কাজেই বলভে হ'ল—কিছুই হয়নি। প্রথমতঃ 'রথটা' আজকালের প্যাগোড়ারথ নয়, ভারপর কৃষ্ণের ভাব কিছুই হয়নি।

প্রশ্ন। কেন প্যাপোডা রথ নয়?

সামীজী। ওবে দেশে যে বৃদ্ধদেবের পর থেকে সব থিচুড়ি হয়ে গেছে। প্যাগোড়া রথে চড়ে রাজারা যুদ্ধ ক'রত না! রাজপুতানার আজও রথ আছে, অনেকটা সেই সেকেলে রথের মতো। Grecian mythology (গ্রীক পোরাণিক কাছিনী)র ছবিতে বে-সব রথ আঁকা আছে, লেখেছিল। ত্ব-চাকার, পিছন দিরে ওঠা-নাবা বার—সেই রথ আমাদের ছিল। একটা ছবি আঁকলেই কি হ'ল। সেই সময়ের সমস্ত বেমন ছিল, তার অহুসন্ধানটা নিয়ে সেই সময়ের জিনিসপ্তলো দিলে তবে ছবি গাড়ায় Truth represent (প্রতীকে সত্যকে প্রকাশ) করা চাই, নইলে কিছুই হয় না, বত মায়ে-খেদানো বাপে-তাড়ানো ছেলে—বাদের স্থলে লেখাপড়া হ'ল না, আমাদের দেশে তারাই বায় painting (চিত্রবিছা) শিখতে। তাদের বারা কি আর কোন ছবি হয় । একখানা ছবি এঁকে গাড় করানো আর একখানা perfect drama (স্বাক্ত্রণর নাটক) লেখা, একই কথা।

প্রশ্ন। কৃষ্ণকে কি ভাবে আঁকা উচিত ওথানে ?

খামীজী। শ্রীকৃষ্ণ কেমন জানিস ?—সমন্ত গীতাটা personified (মৃতিমান্)! যখন অর্জুনের মোহ আর কাপুকৃষতা এসেছে, তিনি তাকে গীতা বলছেন, তখন তাঁর central idea (মৃখ্যভাব)টি তার শরীর থেকে ফুটে বেকছে।

এই বলিয়া স্বামীদ্ধী প্রীকৃষ্ণকে যেন্তাবে আঁকা কর্তব্য, সেইমত নিজে অবস্থিত হইয়া দেখাইলেন আর বলিলেন:

এমনি ক'রে সজোরে ঘোড়া ছটোর রাশ টেনে ফেলেছেন যে, ঘোড়ার পিছনের পা-ছটো প্রায় ইট্গাড়া গোছ আর সামনের পাগুলো শৃত্তে উঠে পড়েছে—ঘোড়াগুলো হাঁ ক'রে ফেলেছে। এতে শ্রীকৃষ্ণের শরীরে একটা বেজার action (কিরা) খেলছে। তাঁর সথা জিভ্বনবিখ্যাত বীর; তৃ-পক্ষ সেনাদলের মাঝখানে ধক্ষক-বাণ ফেলে দিয়ে কাপুক্ষবের মতো রথের ওপর বসে পড়েছেন। আর শ্রীকৃষ্ণ সেই-রকম ঘোড়ার রাশ টেনে চাবুক হাতে সমন্ত শরীরটিকে বেঁকিয়ে তাঁর সেই আমাম্যী প্রেমকক্ষণামাখা বালকের মতো ম্থখানি অর্জুনের দিকে ফিরিয়ে হির গন্তীর দৃষ্টিতে চেয়ে তাঁর প্রাণের স্থাকে গীতা বলছেন। এখন গীতার preacher (প্রচারক)-এর এ ছবি দেখে কি বুঝালি?

উত্তর। ক্রিয়াও চাই আর গান্তীর্থ-হৈর্য়ও চাই।

यात्रीको । ज्यारे !-- नगरु भनीत्व intense action (डीज किन्नामेगडा)

আর মুখ বেন নীল আকাশের মতো ধীর গভীর প্রশান্ত! এই হ'ল সীতার central idea (মুখ্যভাব), দেহ জীবন আর প্রাণ মন তাঁর শ্রীপদে রেখে সকল অবহাতেই হির গভীর।

কর্মণ্যকর্ম বং পশ্রেদকর্মণি চ কর্ম বং। স বৃদ্ধিমান্ সহয়ের স যুক্তঃ কংসকর্মকং॥

—বিনি কর্ম করেও তার মধ্যে চিত্তকে প্রশাস্ত রাখতে পারেন, আর বাহ্ কোন কর্ম না করলেও অন্তরে বার আত্মচিন্তারূপ কর্মের প্রবাহ চলতে থাকে, তিনিই মাসুবের মধ্যে বৃদ্ধিমান, তিনিই বোগী, তাঁরই সব কর্ম করা হয়েছে।

ইভোমধ্যে যিনি নৌকা ডাকিতে গিন্নাছিলেন, তিনি আগিয়া সংবাদ দিলেন যে নৌকা আসিয়াছে। স্বামীসী যে বন্ধুর সঙ্গে কথা কহিতেছিলেন, ভাঁহাকে বলিলেন, 'চল্, মঠে যাই। বাড়িতে ব'লে এসেছিল তো ?'

বন্ধ। আজাই।।

সকলে কথা কহিতে কহিতে মঠে বাইবার জন্ত নৌকার উঠিলেন।

স্বামীনী। এই ভাব সমন্ত লোকের ভেতর ছড়ানো চাই—কর্ম কর্ম অনস্ত কর্ম—ভার ফলের দিকে দৃষ্টি না রেখে আর প্রাণ-মন সেই রাঙা পায়।

বন্ধু। ' এ তো কৰ্মযোগ!

সামীজী। হাঁা, এই কর্মবোগ। কিন্তু সাধনভদ্দন না করলে কর্মবোগও হবে না। চতুর্বিধ যোগের সামঞ্জু চাই। নইলে প্রাণ-মন কেমন ক'রে তাঁতে দিয়ে রাধবি ?

বনু। গীতার কর্ম মানে তো লোকে বলে—বৈদিক বজাহচান, সাধন-ভজন; আর তা ছাড়া সব কর্ম অকর্ম।

খামীনী। খুব ভাল কথা, ঠিক কথা; কিন্তু সেটাকে আরও বাড়িয়ে নে না। তোর প্রতি নি:খাস-প্রখাস, প্রতি চিন্তার অন্ত, ভোর প্রতি কাজের অন্ত দায়ী কে? তুই ভো?

ৰন্ধ। তা বটে, নাও বটে। ঠিক ব্ৰতে পানছিনি। আসল কথা তোদেখছি গীতান ভাব—'ৰন্না হ্ৰবীকেশ হদিহিতেন' ইত্যাদি। তা আমি

১ গীতা, ৪।১৮

তাঁর শক্তিতে চালিত, তবে আর আমার কাজের অন্ত আমি তো একেবায়েই দায়ী নই।

শামীশী। ওটা বড় উচ্চ অবস্থার কথা। কর্ম ক'রে চিড ভব হ'লে পর যথন দেখতে পাবি ডিনিই সৰ করাচ্ছেন, তথন ওটা বলা ঠিক; নইলে সব মুখসু, মিছে।

বন্ধু। মিছে কেন, যদি একজন ঠিক বিচার ক'রে বোঝে বে, ডিনিই সব করাচ্ছেন।

খামীলী। বিচার ক'রে দেখলে পরে তথন। তা সে যখনকার তথনি। তারপর তো নয়। কি জানিস, বেশ বুঝে দেখ — অহরহ: তুই যা-ই করিস, তুই করাছিস মনে ক'রে করিস কিনা? তিনিই করাছেন, কডক্ষণ মনে থাকে? তবে ঐ-রকম বিচার করতে করতে এমন একটা অবহা আসবে যে, 'আমি'টা চলে যাবে আর তার জায়গায় 'হ্যবীকেশ' এসে বসবেন। তখন 'অয়া হ্যবীকেশ হাদিছিতেন' বলা ঠিক হবে। আর বাবা, 'আমি'টা বুক জুড়ে বসে থাকলে তার আসবার জায়গা কোথায় যে তিনি আসবেন? তখন হ্যবীকেশের অন্তিওই নেই!

বন্ধু। কুকর্মের প্রবৃদ্ধিটা ডিনিই দিচ্ছেন ভো?

খানীজী। নারে না; ও-রকম ভাবলে ভগবানকে অপরাধী করা হয়।
ভিনি কুকর্মের প্রবৃত্তি দিচ্ছেন না। ওটা ভোর আত্মনৃত্তির বাসনা থেকেই
ওঠে। জোর ক'রে ভিনি সব করাছেন ব'লে অসৎ কাজ করলে সর্বনাশ হয়।
ঐ থেকেই ভাবের ঘরে চুরি আরম্ভ হয়। ভাল কাজ করলে কেমন একটা
elation (উলাস) হয়। বুক ফুলে ওঠে। বেশ করেছি ব'লে আপনাকে
বাহবা দিবি। এটা ভো আর এড়াবার জো নেই, দিভেই হবে। ভাল
কাজটার বেলা আমি, আর মন্দ কাজটার সময় ভিনি—ওটা গীতা-বেদান্তের
বদহত্তম, বড় সর্বনেশে কথা, অমন কথা বলিসনি। বরং ভিনি ভালটা করাছেন
ভার রুপা হাতে হাতে দেখতে পাবি। আসল কথা, কেউ ভোকে স্কৃষ্ট করেনি,
তুই আপনাকে আপনি সৃষ্টি করেছিল কিনা। বিচার এই, বেদান্ত এই।
ভবে দেটা উপলব্ধি নইলে বোঝা বার না। সেইজন্ত প্রথমটা সাধককে
বৈভভাবটা ধরে নিয়ে চলতে হয়; ভিনি ভালটা করান, আমি বন্দটা করি—

এটিই হ'ল চিত্তভাৰ সহজ্ঞ উপায়। ভাই বৈক্ষবদের ভেডয় হৈতভাৰ এভ প্রবল। অহৈতভাৰ গোড়ায় আনা বড় শক্ত। কিন্তু ঐ বৈতভাব থেকে পরে অহৈতভাবের উপলব্ধি হয়।

খামীজী আবার বলিতে লাগিলেন:

দেশ, বিটলেমোটা বড় খারাপ। ভাবের ঘরে চুরি বলি না থাকে, আর্থাৎ বলি প্রার্তিটা বড়ই নীচ হয় আপচ বলি সতাই ভার মনে বিখাস হয় যে এও ভগবান করাজেন, তা হ'লে কি আর বেশীলিন ভাকে সেই নীচ কাল করতে হয় ? সব ময়লা চট্ ক'রে সাফ হয়ে বায়। আমাদের দেশের শাস্ত্রকারেরা খুর ব্রুজ ; আর আমার মনে হয় বৌদ্ধর্মের বখন পতন আরম্ভ হ'ল, আর বৌদ্ধদের পীড়নে লোকেরা পুকিয়ে পুকিয়ে বৈদিক বজের অয়্ঠান ক'য়ড—বাবা, ছ-মাস ধরে আর বাগ করবার জো-টি নেই, একরাজেই কাঁচা মাটির মুর্ডি গড়ে পুজা শেষ ক'রে ভাকে বিসর্জন দিতে হবে, বেন এভটুকু চিহ্ন না থাকে—সেই সময়টা থেকে ভয়ের উৎপত্তি হ'ল। মাছ্রব একটা concrete (মুল) চায়, নইলে প্রাণটা ব্রুবে কেন ? ঘরে ঘরে এ এক রাজে বজ্ঞ হ'তে আরম্ভ হ'ল। কিন্তু প্রের্থিত সব sensual (ইজ্রিরগড) হয়ে পড়েছে। ঠাকুয় বেমন বলেছিলেন, 'কেউ কেউ নর্দমা দিয়ে পথ করে'; ভেমনি সন্ত্রক্রমা দেখলেন বে, বাদের প্রবৃত্তি নীচ ব'লে কোন সৎ কাজের অয়্ঠান করতে পারছে না, ভাদেরও ধর্মপথে জমশঃ নিয়ে বাওয়া দরকার। ভাদের জ্যুই এ-সব বিটকেল ভাত্রিক সাধনার স্তেই হয়ে প'ড়ল।

প্রশ্ন। মন্দ কাজের অষ্ঠান তো সে ভাল ব'লে করতে লাগলো, এডে ভার প্রবৃত্তির নীচডা কেমন ক'রে যাবে ?

খানীজী। ঐ বে প্রবৃত্তির মোড় ফিরিয়ে দিলে—ভগৰান পাবে ব'লে কাজ করছে।

প্রশ্ন। সভাসভাই কি ভা হয় ?

খানীনী। সেই একই কথা; উদ্দেশ্য ঠিক থাকলেই হবে, না ইবি কেন ? প্রাথা। পঞ্চ 'মকার'-সাধনে কিন্তু অনেকের মন বে মদমাংসে পড়ে যার ? খামীলী। তাই পরমহংস-মশাই এসেছিলেন। ও-ভাবে ভূত্রসাধনার দিন পেছে। তিনিও ভ্রমাধন করেছিলেন, কিন্তু ও-রক্ষ ভাবে শ্লুর। মদ খাবার বিধি বেখানে, সেখানে ভিনি একটা কারণের ফোটা কাটভেন। ভ্রটা বড় slippery ground (পিছল পথ)। এই জন্ত বলি, এগেশে ডয়ের চর্চা চূড়ান্ত হয়েছে। এখন আয়ন্ত উপরে যাওয়া চাই। বেগের [বেগান্ডের] চর্চা চাই। চতুর্বিধ বোগের সামঞ্জ ক'রে সাধন করা চাই, অথও ব্রহ্মচর্ব চাই।

প্রশ্ন। চতুর্বিধ বোগের সামঞ্জ্য কি রক্ষ ?

খামীজী। জ্ঞান—বিচার বৈরাগ্য, ভক্তি, কর্ম খার সঙ্গে সঙ্গে সাধনা, এবং খ্রীলোকের প্রতি পূরাভাব চাই।

প্রশ্ন। জ্রীলোকের প্রতি এই ভাব কি ক'রে আদে ?

খামীজী। ওরাই হ'ল আভাশক্তি। বেদিন আভাশক্তির পুজো আরম্ভ হবে, বেদিন মারের কাছে প্রভাকে লোক আপনাকে আপনি 'নরবদি' দেবে, সেই দিনই ভারতের বথার্থ মদল শুরু হবে।

এই कथा विद्या यात्रीकी हीर्चितःयात्र हाफ़्रिन्त ।

একদিন তাঁহার কডকগুলি বাল্যবন্ধু তাঁহার সহিত সাক্ষাৎ করিছে আসিয়া বলিলেন: খামীজী, তুমি যে ছেলেবেলায় বে করতে বললে বলভে, 'বে ক'রব না, আমি কি হবো দেখবি'; তা যা বলেছিলে, তাই করলে।

শামীনী। হাঁ ভাই, করেছি বটে। ভোরা ভো দেখেছিস—থেতে পাইনি, ভার উপর পাটুনি। বাপু, কভই না থেটেছি। আৰু আমেরিকানরা ভালবেদে এই দেখ কেমন খাট বিছানা গদি দিয়েছে। ছটো থেতেও পাছি। কিছ ভাই, ভোগ আমার অদৃষ্টে নেই। গদিতে গুলেই রোগ বাড়ে, হাঁপিয়ে মরি। আবার মেন্ডের এদে পড়ি, ভবে বাঁচি।

রক্ত-মাংসের শরীর, কডই বা সহ্ছবে ? এই দারুণ পরিপ্রথের ফলে…
খামীজীর অকালে দেহত্যাপ হয়।

তিনদিনের স্মৃতিলিপিঃ

২২শে আছ্আরি, ১৮৯৮ খৃ:। ১০ই মাঘ শনিবার। সকালে উঠিরাই হাজম্থ বৃইরা বাগবাজার ৫৭নং রামকান্ত বহুর খ্লীটার বলরাম বাবুর বাটাতে আমীজীর কাছে উপন্থিত হইরাছি। একঘর লোক। আমীজী বলিভেছেন: চাই শ্রদা, নিজেদের ওপর বিখাস চাই। Strength is life, weakness is death (সবলতাই জীবন, তুর্বলতাই মৃত্যু)। আমরা আত্মা, অমর, মৃক্ত—pure, pure by nature (পবিত্র, স্বভাবতঃ পবিত্র)। আমরা কি কথমও পাপ করতে পারি? অসম্ভব। এই রকম বিখাস চাই। এই বিখাসই আমাদের মাহ্য করে, দেবতা ক'রে তোলে। এই শ্রদার ভাবটা হারিয়েই তো দেশটা উৎসর গিয়েছে।

প্রার। এই ধ্রমটা আমাদের কেমন ক'রে নষ্ট হ'ল ?

খানীজী। ছেলেবেলা থেকে আমরা negative education (নেতিমূলক শিক্ষা) পেরে আসছি। আমরা কিছু নই—এ শিক্ষাই পেরে এসেছি।
আমাদের দেশে যে বড়লোক কখন জরেছে, তা আমরা আনতেই পাই না।
Positive (ইতিমূলক) কিছু শেখানো হয়নি। হাত-পারের ব্যবহার তো
আনিইনি। ইংরেজদের সাতগুটির থবর আনি, নিজের বাপ-দাদার থবর
রাখি না। শিখেছি কেবল ছুর্বলভা। জেনেছি যে আমরা বিজিত ছুর্বল,
আমাদের কোন বিষয়ে খাধীনভা নেই। এতে আর শ্রুৱা নই হবে না কেন ?
দেশে এই শ্রুৱার ভাবটা আবার আনতে হবে। নিজেদের উপর বিখাসটা
আবার আসিরে ভুলতে হবে। তা হলেই দেশের মুক্ত কিছু problems
(সমন্তাগুলি) ক্রমশঃ আপনা-আপনিই solved (মীমাংনিত) হরে বাবে।

প্রশ্ন। বৰ লোব ওধরে বাবে, তাও কি কথন হয় ? সমাজে কত অসংখ্য লোব রয়েছে! দেশে কড অভাব রয়েছে, বা পূরণ করবার অভ কংগ্রেস প্রভৃতি অভান্ত দেশুহিতিবী দল কড আন্দোলন করছে, ইংরেজ বাহাছরের কাছে কভ প্রার্থনা করছে! এ-সব অভাব কিলে পূরণ হবে ?

> খুরেজনাধ সেল লিখিত।

বাষীজী। অভাবটা কার ? রাজা পূরণ করবে, না ভোষরা পূরণ করবে ? প্রায়া রাজাই অভাব পূরণ করবেন। রাজা না দিলে আমরা কোথা থেকে কি পাব, কেমন ক'রে পাব ?

খামীজী। ভিধিরির অভাব কথনও পূর্ণ হয় না। রাজা অভাব পূর্ণ করলে সব রাখতে পারবে, সে লোক কই ? আগে মাছ্য ভৈরি কর। মাছ্য চাই। আর প্রধানা আগলে মাছ্য কি ক'রে হবে ?

প্রান্ন। মহাশন্ন, majority-র (অধিকাংশের) কিছু এ মত নর।

বামীলী। Majority (অধিকাংশ) তো fools (নির্বোধ), men of common intellect (সাধারণবৃদ্ধিসম্পন্ন); মাথাওরালা লোক আর। এই মাথাওরালা লোকেরাই সব কাজের সব department-এরই (বিভাগেরই) নেভা। এদেরই ইলিভে majority (অধিকাংশ) চলে। এদেরই আদর্শ ক'রে চললে কাজও সব ঠিক হয়। আহাম্মকেরাই শুর্ হামবড়া হয়ে চলে, আর মরে। সমাজ-সংস্থার আর কি করবে? তোমাদের সমাজ-সংস্থার মানে ভো বিধবার বিয়ে আর স্ত্রী-আধীনভা বা ঐ রক্ষম আর কিছু। ভোমাদের ঘূই-এক বর্ণের সংস্থারের কথা ব'লছ ভো? ঘূই-চার জনের সংস্থার হ'ল, ভাতে সমন্ত জাতটার কি এদে বার ? এটা সংস্থার না আর্থপরভা ? নিজেদের ঘরটা পরিকার হ'ল, আর বারা মরে মক্ষক।

প্রশ্ন। তা হ'লে কি কোন সমাজ-সংস্থারের দরকার নেই বলেন ?

খামীজী। দরকার আছে বইকি। আমি তা বলছি না। তোমাদের
মৃথে বা সংস্থারের কথা ওনতে পাই, তার মধ্যে অনেকগুলোই অধিকাংশ গরীব
লাধারণদের অপর্ন-ই করবে না। তোমরা যা চাও, তা তাদের আছে। এফ্য
তারা ওগুলোকে সংস্থার বলেই মনে করবে না। আমার কথা এই বে, প্রভার
অভাবই আমাদের মধ্যে সমন্ত evils (অনর্থ) এনেছে ও আরও আনছে।
আমার চিকিৎসা হচ্ছে রোগের কারণকে নির্মৃত্য করা—রোগ চাপা দিরে রাধা
নর। লংকার আর দরকার নেই ? বেমন ভারতবর্ষে inter-marriage (অভবিবাহ)-টা হওরা দরকার, তা না হওয়ার আডটার শারীরিক ত্র্বভা এসেছে।

২৩শে আছুআরি, ১৮৯৮। ১১ই মাঘ, রবিবার। বাগবাজারে বলরাম বাবুর বাটীতে সন্ধার পর আজ সভা হইরাছে। আমীজী উপস্থিত আহেন। খানী ত্রীয়ানন্দ, যোগানন্দ, প্রেমানন্দ প্রভৃতি অনেকেই আসিয়াছেন। খানীজী পূর্বদিকের বারান্দায় বসিয়া আছেন। বারান্দাটি লোকে পরিপূর্ব। হার্মাছে। হন্দিও ও উত্তর দিকের বারান্দাও সেইরূপ লোকে পরিপূর্ব। খানীজী কলিকাভার থাকিলে নিভাই এইরূপ হুইড। খানীজী অন্দর গান গাহিছে পারেন, অনেকে শুনিয়াছেন। অধিকাংশ লোকের গান শুনিবার ইচ্ছা দেখিরা মাষ্টার মহাশর ফিস্ ফিস্ করিয়া হুই-এক জনকে খানীজীর গান শুনিবার অন্ত উত্তেজিত করিভেছেন। খানীজী নিকটেই ছিলেন, মাষ্টার মহাশয়ের কাণ্ড দেখিতে পাইলেন।

খামীজী। কি ৰ'লছ মাটার, বলো না ? ফিস্ফিস্ক'রছ কেন ?

মান্তার মহাশরের অন্ধরোধক্রমে অতঃপর স্বামীজী 'বতনে হানরে রেখো আদরিণী স্থামা মাকে' গানটি ধরিলেন। বেন বীণার ঝহার উঠিতে লাগিল। বাহারা তথনও আদিতেছিলেন, তাঁহারা সিঁ জি হইতে মনে করিলেন—বেন গানটি বেহালার অ্রের সঙ্গে অর মিলাইয়া গীভ হইতেছে। গান শেষ হইলে স্বামীজী মান্তার মহাশরকে লক্ষ্য করিয়া বলিলেন, 'হরেছে তো? আর গায় না। নেশা ধরে বাবে। আর গলাটা লেকচার দিয়ে দিয়ে মোটা হয়ে গেছে। Voice (গলার স্বর)-টা roll করে (কাঁপে)।' * *

অতঃপর খামীজী এক ব্রহ্মচারী শিশ্বকে 'ম্কির বরূপ' সহদ্ধে কিছু বলিতে বলিলেন। ব্রহ্মচারীটি সভাহলে দাঁড়াইয়া খানিকলপ ধরিয়া বক্তৃতা দিলেন। বক্তৃতান্তে শচীনবার ও আর ত্-এক জন বক্তৃতার সহদ্ধে ত্-একটি কথা বলিলেন। খামীজী তাঁহার একজন গৃহীভক্তকে বলিলেন, 'এর পক্ষে বা বিপক্ষে বদি কিছু বলবার থাকে ভো বল্।' খামীজী উপস্থিত ভক্তদের মধ্যে ত্ই-এক জনকে ম্কির বরূপ সহদ্ধে কিছু বলিতে বলিলেন। বৈত ও অবৈতের পক্ষে ও বিপক্ষে অনেক তর্ক হইল। তর্ক ক্রমাগত বাড়িরা চলিরাহে দেখিয়া খামীজী ও ত্রীয়ানন্দ খামী উভরে তর্ক-বিতর্ক থামাইরা দিলেন।

খামীজী। বেগে উঠনি কেন? ভোরা বড় গোল করিস। তিনি (পরস্থান্তের) বলতেন, 'ওছ জান ও ওছা ভক্তি এক।' ভক্তিমতে ভগ্নান্তে প্রেম্মর বলা হয়। তাঁকে ভালবানি—এ কথাও বলা বার না, ভিনি বে ভালবানামর। বে ভালবানাটা ক্যরে আছে, ভাই বে ভিনি।

এইরুণ বার বে-টান, লে-সমন্তই ডিনি। চোর চুরি করে, বেভা বেভার্দিরি করে, মা ছেলেকে ভালবালে—লব ভারগাতেই ভিনি। একটা ভাগৎ ভার একটাকে টানছে, দেখানেও ভিনি। সর্বত্তই ভিনি। আনশক্ষেও সর্বস্থানে তাঁকে অহনত হয়। এইথানেই জান ও ভক্তির সামঞ্জ। বখন ভাবে ভূবে বায়, অথবা সমাধি হয়, তথনই বিভাব থাকতে পারে না, ভজের সহিত ভগৰানের পৃথকৃত্ব থাকে না। ভক্তিশাল্পে ভগৰানলাভের অঞ্চ পাঁচ ভাবে সাধনের কথা আছে, আর এক ভাবের সাধন তাতে বোগ করা বেতে পারে---ভগবানকে অভেদভাবে সাধন করা। ভক্তেরা অহৈতবাদীদের 'অভেদ্বাদী ভক্ত' বলতে পারেন। মারার ভেতর যতক্ষণ, তভক্ষণ হৈত থাকবেই। দেশ-কাল-নিমিত্ত বা নাম-রূপই মায়া। বধন এই মায়ার পারে যাওয়া বায়, তথনই একত্ববোধ হয়; তথন সাহয় হৈতবাদী বা অহৈতবাদী থাকে না, ভার কাছে ভখন সৰ এক, এই বোধ হয়। জানী ও ভজের ভফাভ কোধায় জানিস ? একজন ভগবানকে বাইরে দেখে, আর একজন ভগবানকে ভেডরে দেখে। ভবে ঠাকুর বদভেন, ভক্তির আর এক অবস্থাভেদ আছে, বাকে পরাভক্তি বলা যায়; মুক্তিলাভ ক'রে অবৈতজ্ঞানে অবহিত হয়ে তাঁকে ভক্তি করা। यদি বলা যার—মুক্তিই यদি হয়ে পেল, তবে আবার ভক্তি করবে কেন ? এর উত্তর এই---মৃক্ত বে, তার পক্ষে কোন নিয়ম বা প্রশ্ন হ'তে পারে না। মৃক্ত হয়েও কেউ কেউ ইচ্ছে ক'রে ভক্তি রেখে দেয়।

প্রশ্ন। মশার, এ তোবড় মৃশকিলের কথা। চোরে চুরি করবে, বেশ্রা বেশ্রাগিরি করবে, দেখানেও ভগবান; তা হ'লে ভগবানই তো সব পাপের জক্ত দারী হলেন।

খামীখী। ঐ-রকম জান একটা অবহার কথা। ভালবাদা-মাত্রকেই বখন ভগবান ব'লে বোধ হবে, ভখনই কেবল ঐ রকম মনে হ'তে পায়ে। সেই রকম হওরা চাই। ভাবটার realisation (উপলব্ধি) হওরা ধরকার।

প্রশ্ন। তা হ'লে তো বলতে হবে, পাপেতেও তিনি।

খানীৰী। পাণ আৰ পূণ্য ব'লে আলাদা খিনিব ডো কিছু নেই। ওপ্তলো ব্যাবহারিক কথামাত্ত। আমরা কোন জিনিদের এক-রক্ষ ব্যবহারের নাম পাণ ও আর এক-রক্ষ ব্যবহারের নাম পূণ্য দিয়ে থাকি। বেষন এই আলোটা জলাহ বৃদ্ধন আমরা বেখতে পাছি ও কত কাম কর্মছি, আলোম এই এক-রক্ষ ব্যবহার। আবার এই আলোতে হাত লাও, হাত পুড়ে বাবে। এটা ঐ আলোর আর এক-রক্ষ ব্যবহার। অভএব ব্যবহারেই জিনিদটা ভাল সক্ষ হয়ে থাকে। পাপ-পুণাটাও ঐ-রক্ষ। আমাজের শরীর ও মনের কোন শক্তিটার স্ব্যবহারের নামই পুণ্য এবং ক্র্যবহার বা অপচয়ের নাম পাপ।

প্রায়ের উপর প্রায় হইতে লাগিল। একজন বলিলেন, 'একটা জগৎ আয় একটাকে টানে, সেধানেও ভগবান্—এ-কথা সভ্য হোক আর না হোক, এর মধ্যে বেশ poetry (কবিছ) আছে।'

খামীজী। না হে বাপু, ওটা poetry (কবিছ) নয়। ওটা জ্ঞান হ'লে দেখতে পাওয়া বায়।

আবার Mill (शिन्), Hamilton (ह्यांत्रिन), Herbert Spencer (স্পেনসার) প্রভৃতির দর্শন লইয়া প্রশ্ন ছইডে লাগিল। স্বামীলী সকলেরই বথাবথ উত্তর দিতে লাগিলেন। উত্তরে সকলেই মহা সম্ভই হইডে লাগিলেন। আনেকে তাঁহার উত্তরদানে তৎপরতা ও পাগুডো দেখিয়া ম্থা হইয়া গেলেন। শেবে আবার প্রশ্ন হইল।

প্রশ্ন। ব্যাবহারিক প্রভেদই বা হয় কেন? কোন শক্তি মন্দরূপে ব্যবহার করতে লোকের প্রবৃত্তিই বা হয় কেন?

খামীজী। নিজের নিজের কর্ম অসুসারে প্রবৃত্তি হয়, সৰই নিজের কর্মকৃত; সেইজন্তই প্রবৃত্তি দমন বা তাকে স্থচাক্তরণে চালনা করাও সম্পূর্ণ নিজের
হাতে।

প্রশ্ন। সৰই কর্মের ফল হলেও গোড়া তো একটা আছে! সেই গোড়াডেই বা আমাদের প্রবৃত্তির ভালমন্দ হয় কেন ? °

খানীজী। কে বললে গোড়া আছে ? স্টি যে জনাদি। বেদের এই মন্ত ৷ ভগবান বডদিন আছেন, তাঁর স্টিও ডডদিন আছে।

क्षत्र। चांक्का मात्रांका क्ष्म अन ? चांत्र कांचा ब्लक्क अन ?

বারীলী। গুগবার সহতে 'কেন' বলাটা তুল। 'কেন' বলা বার কার সহতে !—বার অভাব আছে, ভারই সহতে। বার কোন অভাব নেই, বে পূর্ব, ভার পক্ষে আবার 'কেন' কি ! 'বারা কোথা থেকে এল !'—এরপ প্রশ্নও হ'তে পারে লা। দেশ-কাল-নিবিভের নাবই বারা। ভূবি আমি সকলেই এই মারার ভেতর। তৃষি প্রশ্ন ক'রছ ঐ মারার পারের জিনিস সম্বন্ধ। মারার ভেতর থেকে মারার পারের জিনিসের কি কোন প্রশ্ন হ'তে পারে ?

অতঃপর অক্ত ত্ই-চারিটা কথার পর সভা ভদ হইল। আমরাও সকলে আপন আপন বাসার ফিরিলাম।

ত্বান-কলিকাতা, বাগবাজার, বলরাম বহুর বাটা

২৪শে জাত্মবারি, ১৮৯৮। ১২ই মাঘ, সোমবার। গত শনিবার বে-লোকটি প্রশ্ন করিয়াছিলেন তিনি আবার আসিয়াছেন। তিনি intermarriage (জন্তবিবাহ) সম্বন্ধে আবার কথা পাড়িলেন। বলিলেন, 'ভিন্ন জাতির সহিত আমাদের কিরণে আদান-প্রদান হ'তে পারে ?'

খামীনী। বিধর্মী জাতিদের ভেতর আদান-প্রদান হবার কথা আমি বলি
না। অস্ততঃ আপাততঃ তা সমাজ-বন্ধনকে শিথিল ক'রে নানা উপদ্রবের
কারণ হবে, এ কথা নিশ্চিত। জানো তো ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন—'ধর্মে
নটে কুলং কৃৎস্থং' ইত্যাদি'; সমধর্মীদের মধ্যেই বিবাহ-প্রচলনের কথা আমি
ব'লে থাকি।

প্রশ্ন। তা হলেও তো অনেক গোল। মনে করুন আমার এক মেয়ে আছে, সে এদেশে অয়েছে ও পালিত হয়েছে। তার বিরে দিলুম এক পশ্চিমে লোকের সলে বা মান্তাজীর সলে। বিরের পর মেয়ে আমাইয়ের কথা বোঝে না, আমাইও মেরের কথা বোঝে না। আবার পরস্পরের দৈনিক ব্যবহারাদিরও, অনেক তফাত। বর-কনে সহছে তো এই গওগোল; আবার সমাজেও মহা বিশৃথলা এলে পড়বে।

খামীজী। ও-রকম বিরে হ'তে আমাদের দেশে এখনও ঢের দেরী। একেবারে ও-রকম করাও ঠিক নর। কাজের একটা secret (রহস্ত) হচ্ছে to go by the way of least possible resistance (বভদুর সম্ভব কম বাধার পথে চলা)। সেইজন্ত প্রথমে এক বর্ণের মধ্যে বিয়ে চলুক। এই

३ नेखा ३१००

বাঙলা দেশের কারছদের কথা ধর। এখানে কারছদের মধ্যে অনেক শ্রেণী আছে—উত্তরবাঢ়ী, দক্ষিণরাঢ়ী, বছজ ইত্যাদি। এদের পরস্পরের মধ্যে বিবাহ প্রচলিত নেই। প্রথমে উত্তরবাঢ়ী ও দক্ষিণরাঢ়ীতে বিবাহ হোক। যদি তা সত্তব না হর, বজজ ও দক্ষিণরাঢ়ীতে বিবাহ হোক। এইরপে—বেটা আছে, সেটাকেই গড়তে হবে, ভাঙার নাম সংস্কার নর।

প্রশ্ন। আচ্ছা না হয় বিয়েই হ'ল, ভাতে ফল কি ? উপকার কি ?

বামীলী। দেখতে পাচ্ছ না, আমাদের সমাজে এক এক শ্রেণীর মধ্যে একশ' বছর ধরে বিয়ে হয়ে হয়ে এখন ধরতে গেলে সব ভাই-বোনের মধ্যে বিয়ে হ'তে আরম্ভ হয়েছে। ভাতেই শরীর তুর্বল হয়ে বাচ্ছে, সেই সজে বড় রোগও এসে ভূটছে। অভি অল্পসংখ্যক লোকের ভেতরে চলাফেরা করেই রস্কটা দ্বিত হয়ে পড়েছে। ভালের শরীরগত রোগাদি নবজাত সকল শিত্তই নিয়ে অয়াছে। সেইজন্ত ভাদের শরীরের য়ক্ত অয়াবিধি ধারাপ। কাজেই কোন রোগের বীজকে resist করবার (বাধা দেবার) ক্ষমতা ও-সব শরীরে বড় কম হয়ে পড়েছে। শরীরের মধ্যে একবার নৃতন অন্তর্গকম রক্ত বিবাহের বারা এসে পড়লে এখনকার রোগাদির হাত থেকে ছেলেওলো পরিত্রাণ পাবে এবং এখনকার চাইতে চের active (কর্মঠ) হবে।

প্ৰশ্ন। আছো মণায়, early marriage (বাল্যবিবাহ) সম্বন্ধ আপনার
মত কি ?

শামীজী। বাঙলাদেশে শিক্ষিতদের মধ্যে ছেলেদের তাড়াভাড়ি বিরে দেওয়ার নিয়মটা উঠে গিরেছে। মেয়েদের মধ্যেও পূর্বের চেয়ে ছ্-এক বছর বড় ক'রে বিরে দেওয়া আরম্ভ হয়েছে। কিন্তু সেটা হয়েছে টাকার দারে। তা বেজ্বন্ট হোক, মেয়েওলোর আরও বড় ক'রে বিয়ে দেওয়া উচিত। কিন্তু বাপ-বেচারীরা কি করবে? মেয়ে বড় হলেই বাড়ির গিরি থেকে আরম্ভ ক'রে বড় আজীয়ারা ও পাড়ার মেয়েরা বে দেবার জন্তু নাকে কারা ধরবে। আর ভোমাদের ধর্মধ্যজীদের কথা ব'লে আর কি হবে! ভাদের কথা তো আর কেউ মানে না, তব্ও ভারা নিজেরাই মোড়ল সাজে। রাজা বললে বে, বার বছরের মেয়েয় সহবাস কয়তে পারবে না, অসনি দেশের সব ধর্মধ্যজীয়া 'ধর্ম গেল, ধর্ম গেল' ব'লে চীৎকার আরম্ভ ক'রল। বার-ভের বছরের বালিকার গর্ভ না হ'লে ভাদের ধর্ম হবে না! রাজাও মনে করেন.

বা বে একের ধর্ম! এরাই আবার political agitation (সাক্ষেত্রিক আন্দোলন) করে, political right (বারীর অধিকার) চার।

প্রশ্ন। তা হ'লে আপনার মত—মেরে-পুরুষ সকলেরই বেশী বরুসে বিবাহ হওয়া উচিত।

খানীজী। কিন্তু সঙ্গে দিক্ষা চাই। তা না হ'লে অনাচার ব্যক্তিচার আরম্ভ হবে। তবে বে-রকম শিক্ষা চলেছে, সে-রকম নর। Positive (ইতিমূলক) কিছু শেখা চাই। থালি বইপড়া শিক্ষা হ'লে হবে না। মাতে character form (চরিত্র তৈরী) হর, মনের শক্তি বাড়ে, বৃদ্ধির বিকাশ হয়, নিজের পারে নিজে দাঁড়াতে পারে, এই-রকম শিক্ষা চাই।

क्षत्र । (यदास्य यथा चानक मःकांत्र मत्रकांत्र ।

খানীজী। ঐ-রকম শিক্ষা পেলে মেরেদের problems (সমস্তাপ্তলো)
মেরেরা নিক্ষোই solve (মীমাংসা) করবে। আমাদের মেরেরা বরাবরই
শ্যানপেনে ভাবই শিক্ষা ক'রে আসছে। একটা কিছু হ'লেই কেবল কাঁদভেই
মন্ত্র্ব্ । বীরন্থের ভাবটাও শেখা দরকার। এ সমরে ভাদের মধ্যে
self-defence (আত্মরকা) শেখা দরকার হরে পড়েছে। দেখ দেখি,
ঝাঁসির রানী কেমন ছিল!

প্রশ্ন। আপনি বা বলছেন, তা বড়ই নৃতন ধরনের; আমাদের মেয়েদের মধ্যে দে-শিকা দিতে এখনও সময় লাগবে।

শামীনী। চেটা করতে হবে। তাদের শেখাতে হবে। নিজেদেরও
শিখতে হবে। থালি বাপ হলেই তো হর না, অনেক দারিছ ঘাড়ে করতে
হয়। আমাদের মেরেদের একটা শিক্ষা তো সহজেই দেওরা বেতে পারে।
হিন্দুর মেরেল—সভীছ কি জিনিস, তা সহজেই বৃরতে পারবে; এটা
তাদের heritage (উত্তরাধিকারস্ত্ত্রে প্রাপ্ত জিনিস) কিনা। প্রথমে সেই
ভাবটাই বেশ ক'রে ভাদের মধ্যে উত্তে দিরে ভাদের character form
(চরিত্র তৈরি) করতে হবে—বাতে ভাদের বিবাহ হোক বা ভারা ক্রারী
থাকুক, সকল অবহাতেই সভীছের জন্ত প্রাথ দিতে কাভর না হয়। কোনএকটা ভাবের জন্ত প্রাণ হিতে পারাটা কি কম বীমছ । প্রথম কেনকম সময়
শড়েছে, ভাতে ভাদের থাবে ভাবটা বহুকাল থেকে আছে, ভার বলেই ভাদের
মধ্যে কডকওলিকে চিরতুসারী ক'রে রেখে ভ্যাপ্থর্ম শিক্ষা বিতে হতে। সদে

সাদে বিজ্ঞানাদি অন্ত সৰ শিক্ষা, বাতে ভাষের নিজের ও অপরের কল্যাণ হ'তে পারে, ভাও শেষাতে হবে; ভা হ'লে ভারা অভি সহজেই ঐ-সব শিষতে পারবে এবং এরূপ শিষতে আনন্দও পাবে। আমাদের মেশে বথার্থ কল্যাণের অন্ত এই-রক্স কভকগুলি পবিজ্ঞীবন ব্রন্ধচারী ও ব্রন্ধচারিণী দর্শবার হয়ে পড়েছে।

প্রথা। এরণ ব্রহ্মচারী ও ব্রহ্মচারিণী হলেও দেশের কল্যাণ কেমন ক'রে হবে p

বানীজী। তাদের দেখে ও তাদের চেষ্টার দেশটার আদর্শ উদটে বাবে।
এখন ধরে বিরে দিতে পার্নেই হ'ল।—তা ন-বছরেই হোক, দশ-বছরেই
হোক! এখন এ-রকম হরে পড়েছে বে, তের বছরের মেরের সন্তান হ'লে
ভটিন্ডর আহলাদ কত, ভার ধুমধামই বা হেখে কে! এ ভাবটা উলটে গেলে
ক্রমশঃ দেশে প্রভাও আসতে পারবে। যারা এ-রকম রন্দর্য করবে, তাদের
তো কথাই নেই—কভটা প্রদা, নিজেদের উপর কভটা বিশাস তাদের হবে,
ভা বলা বার না!

শ্রোভা মহাশয় এভকণ পরে খামীনীকে প্রণাম করিয়া উঠিতে উভত
হইলেন। খামীনী বলিলেন, 'মাঝে মাঝে এস।' তিনি বলিলেন, 'ঢের
উপকার পেল্ম; অনেক নৃতন কথা ভনল্ম, এমন আর কথনও কোথাও
ভনিনি।' সকাল হইতে কথাবার্তা চলিতেছিল, এখন বেলা হইয়াছে
দেখিয়া আমিও খামীনীকে প্রণাম করিয়া বাসার ফিরিলাম।

শান আছার ও একটু বিশ্রাম করিয়া আবার বাগবাজারে চলিলাম।
আনিয়া দেখি, খামীজীর কাছে অনেক লোক। শ্রীচৈতক্তদেবের কথা
ছইভেছে। ছালি-ভাষাসাও চলিভেছে। একজন বলিয়া উঠিলেন, 'মহাপ্রভূব
কথা বিরে এও রম্বরের কারণ কি ? আপনারা কি বনে করেন, ভিনি
মহাপুস্ব ছিলেন বা, ভিনি জীরের মন্তবের জন্ত কোন কাল করেন নাই ?'

খানীখী। কে বাবা ছুবি? কাকে নিমে কটিনাট করতে হবে? ভোষাকে নিমে নাকি? মহাপ্রান্তকে নিমে বল-ভাষাসা করাটাই দেশছ বুবি। ভার কাম-কাঞ্চন-ভ্যানের জলভ আদর্শ নিমে এভদিন বে জীবনটা গড়বার ও কোকেয় ভেতম সেই ভাবটা ঢোকাবার চেটা করা হচ্ছে, সেটা দেশতে পাছ না ? প্রিচৈডগুদের মহা ত্যাগী পুরুষ ছিলেন। স্ত্রীলোকের সংস্পর্টেও থাকতেন না। কিছ পরে চেলারা তাঁর নাম ক'রে নেড়া-নেড়ীর হল করলে। আর তিনি বে-প্রেমের তাব নিজের জীবনে দেখালেন, তা ভার্থনৃত্র কামগছহীন প্রেম। তা কথন সাধারণের সম্পত্তি হ'তে পারে না। অথচ তাঁর পরবর্তী বৈক্ষর গুরুরা আগে তাঁর ত্যাগটা শেখানোর দিকে ঝোঁক না দিরে তাঁর প্রেমটাকে সাধারণের ভেতর ঢোকাবার চেটা করলেন। কাজেই সাধারণ লোকে সে উচ্চ প্রেম চাবটা নিতে পারলে না এবং সেটাকে নারক-নারিকার দ্বিত প্রেম ক'রে তুললে।

প্রশ্ন। মশায়, ভিনি ভো আচণ্ডালে ছরিনাম প্রচার করলেন, ভা সেটা শাধারণের সম্পত্তি হবে না কেন ?

খানীজী। প্রচারের কথা হচ্ছে না গো, তাঁর ভাবের কথা হচ্ছে—প্রেম, প্রেম—রাধাপ্রেম। যা নিয়ে তিনি দিন রাত মেতে থাকতেন, তার কথা হচ্ছে। প্রশ্ন। সেটা সাধারণের সম্পত্তি হবে না কেন?

শামীজী। সাধারণের সম্পত্তি কি ক'রে হয়, তা এই জাতটা দেখে বোঝ না ? ওই প্রেম প্রচার করেই তো সমস্ত জাতটা 'মেয়ে' হয়ে গিয়েছে। সমস্ত উজিয়াটা কাপুরুষ ও ভীরুর জাবাস হয়ে গিয়েছে। জার এই বাঙলা দেশটায় চারশ' বছর ধরে রাধাপ্রেম ক'রে কি গাঁজিয়েছে দেখ! এখানেও পুরুষত্বের ভাব প্রায় লোপ পেয়েছে। লোকগুলো কেবল কাঁলতেই মলবৃত হয়েছে। ভাষাতেই ভাবের পরিচর পাওয়া বার—তা চারশ' বছর ধরে বাঙলা ভাষার যা কিছু লেখা হয়েছে, সে-সব এক কারার হয়ে। প্যানশ্যানানি ছাজা জার কিছুই নেই। একটা বীরস্বস্টক কবিতারও জয় দিতে পারেনি!

প্রখ। ,,ওই প্রেমের অধিকারী তবে কারা হ'তে পারে ?

খামীজী। কাম থাকতে প্রেম হয় না—এক বিন্দু থাকতেও হয় না।
মহাত্যাগী, মহাবীর পুরুষ ভিন্ন ও-প্রেমের অধিকারী কেউ নয়। ওই প্রেম
নাধারণের সম্পত্তি করতে গেলে নিজেদের এখনকার ভেতরকার ভার্কাই ঠেলে
উঠবে। ভগরানের উপর প্রেমের কথা মনে না পড়ে ঘরের সিন্নিদের সদে
বে প্রেম, ভার কথাই মনে উঠবে। আর প্রেমের বে অবস্থা হবে, ভা ভো
দেখতেই পাক্ষ!

প্রখ। তবে কি ঐ প্রেমের পর দিয়ে ভবন ক'বে—ভগবানকে স্বামী

ও নিজেকে ত্রী ভেবে ভজন ক'রে—তাঁকে (ভগবানকে) লাভ করা গৃহছেঃ পক্ষে অসম্ভব ?

যাবীজী। ত্-এক জনের পক্ষে সম্ভব হলেও লাধারণ গৃহত্বের পক্ষে হে জনমন্তব, এ-কথা নিশ্চিত। আর এ-কথা জিল্লানারই বা এত আবশুক কি ? মধুরভাব ছাড়া ভগবানকে ভজন করবার আর কি কোন পথ নেই ? আরও চারটে ভাব আছে ভো, সেগুলো ধরে ভজন কর না ? প্রাণ্ডৱে তাঁর নাম কর না ? হলর প্লে বাবে। তারপর বা হবার আপনি হবে। তবে এ-কথা নিশ্চিত জেনো বে, কাম থাকতে প্রেম হয় না। কামপ্র হবার চেটাটাই আগে কর না। বলবে, তা কি ক'রে হবে ?—আমি গৃহত্ব। গৃহত্ব হলেই কি কামের একটা জালা হ'তে হবে ? জীর সকে কামজ সমন্ত রাখতেই হবে ? আর মধুরভাবের ওপরই বা এত বোঁক কেন ? পুরুষ হয়ে মেরের ভাব নেবার দরকার কি ?

প্রশ্ন। হাঁ, নামকীর্তনটাও বেশ। সেটা লাগেও বেশ, শান্তেও কীর্তনের কথা আছে। চৈতক্তদেবও তাই প্রচার করলেন। যথন খোলটা বেন্দে ওঠে, তথন প্রাণটা যেন মেতে ওঠে আর নাচতে ইচ্ছে করে।

ষামীজী। বেশ কথা, কিছ কীর্তন মানে কেবল নাচাই মনে ক'রো না। কীর্তন মানে জগবানের গুণগান, তা বেমন ক'রেই হোক্। বৈফবদের মাতামাতি ও নাচ ভাল বটে, কিছ ডাতে একটা দোষও আছে। সেটা থেকে নিজেকে বাঁচিয়ে বেও। কি দোষ জানো ? প্রথমে একেবারে ভাবটা খ্ব জমে, চোখ দিরে জল বেরোয়, মাথাটাও রি-রি করে, তারপর বেই সংকীর্তন থামে তখন সে ভাবটা হ হ ক'রে নাবতে থাকে। টেউ যত উচু উঠে, নাববার সময় সেটা তত নীচুতে নাবে। বিচারবৃদ্ধি দলে না থাকলেই সর্বনাশ, সে-সময়ে রক্ষা পাওরা ভার। কাঁমাদি নীচ ভাবের অধীন হয়ে পড়তে হয়। আমেরিকাডেও ওইরপ দেখেছি কডকজলো লোক গির্জায় গিয়ে বেশ প্রার্থনা করলে, ভাবের সঙ্গে গাইলে, সেকচার গুনে কেঁদে ফেললে—ভারপর গির্জা থেকে বেরিয়েই বেখালয়ে চুকল।

প্রশ্ন। ভা হ'লে মহাশন্ন, চৈডভাদেবের হারা প্রবর্ডিভ ভাবগুলির ভেডর কোন্গুলি নিলে আমাদের কোনরণ শ্রমে পড়ভে হবে না এবং মদলও হবে ?

বারীনী। জানবিশ্রা ভক্তির দকে ভগবানকে ডাকবে। ভক্তির দকে বিচারবৃদ্ধি রাখবে। এ ছাড়া চৈতভাদেরের কাছ থেকে খারও নেবে তাঁর heart (হার্যতা), সর্বনীবে ভালবাসা, ভগবানের অন্ত টান, আর তার ত্যাগটা জীবনের আদর্শ করবে।

প্রাকর্তা। ঠিক বলেছেন, মহাশর। আমি আপনার ভাব প্রথমে ব্রতে পারিনি। (করজোড়ে) মাপ করবেন। ভাই আপনাকে বৈক্ষবদের মধ্রভাব নিয়ে ঠাট্টা ভাষাসা করতে দেখে কেমন বোধ হয়েছিল।

খামীজী। (হাসিতে হাসিতে) দেখ, গালাগাল বদি দিতেই হয় তো ভগবানকে দেওয়াই ভাল। তুমি বদি আমাকে গাল দাও, আমি ভেড়ে বাব। আমি ভোমাকে গাল দিলে তুমিও তার শোধ ভোলবার চেটা করবে। ভগবান ভো দে-সব পারবেন না।

এইবার প্রশ্নকর্তা তাঁহার পদ্ধৃলি লইয়া চলিয়া গেলেন। স্থানীজী দর্শনার্থীদের ফিরাইয়া দিভে চাহিছেন না। তাঁহার শরীর অহুত্ব থাকা সম্ভেও এ-বিবরে কাহারও কথা তিনি রাথিতেন না। বলিতেন, 'ভারা এড কট ক'রে দ্র থেকে হেঁটে আগতে পারে, আর আমি এখানে বলে বলে একটু নিজের শরীর থারাপ হবে ব'লে তাদের সম্ভে ছটো কথা কইতে পারি না ?'

ঐদিন বেলা তিন-চারিটা হইবে। স্বামীনীর সহিত উপস্থিত করেকঅনের অন্ত কথাবার্তা হইতে লাগিল। ইংলগু ও আরেরিকার কথাও
হইতে লাগিল। প্রসক্তমে স্বামীনী বলিলেন: ইংলগু থেকে আসবার সমর
পথে বড় এক মন্তার স্বপ্ন দেখেছিল্ম। ভ্রথ্যসাগরে আসতে আলতে আলাকে
ঘ্রিরে পড়েছি। স্বপ্নে দেখি—বুড়ো প্ড়থ্ডো অবিভাবাপর একজন লোক
আমাকে বলছে, 'তোরারা এম, আমাদের পুনক্ষার কর, আমরা হছি
সেই পুরাতন থেরাপুত্ত সম্প্রায়—ভারতের অবিদের ভাব নিরেই বা গঠিত
হরেছে। ঐটানেরা আমাদের প্রচারিত ভাব ও সভ্যসমূহই বীজর ঘারা প্রচারিত
ব'লে প্রকাশ করেছে। নতুবা বীজ নামে বাত্তবিক কোন ব্যক্তি ছিল না।
ঐ-বিবরক নানা প্রমাণাদি এই স্থান খনন করলে পাওরা বাবে।' আমি
বললার, 'কোথার খনন করলে ঐ-সকল প্রমাণ-চিফাদি পাওরা বেতে পারে।'
বৃদ্ধ বলিল, 'এই দেখ না এখানে।' একথা ব'লে টার্কির নিক্টবর্তী একটি স্থান
কেথিরে দিল। ভারপর ঘূম ভেঙে পেল। যুর ভাত্তবাহাত ভাড়াভাড়ি উপরে
গিরে ক্যাপ্টেনকে বিজ্ঞেদ করলার, 'এখন জাহাজ কোন্ জারগার উপস্থিত
হরেছে।' ক্যাপ্টেন ব'লল, 'ওই লামনে টার্কি এবং ক্রীট্রীণ দেখা হাছে।'

কথোপকথন

লগুনে ভারতীয় যোগী

[ওয়েস্টমিনস্টার গেজেট—২৩শে অক্টোবর, ১৮৯৫]

জনৈক সংবাদদাতা আমাদিগকে লিখিতেছেন: পাশ্চাত্য জাতির নিকটে একপ্রকার সম্পূর্ণ নৃতন বলিয়া প্রতীত বেদান্তধর্মের প্রচারক আমী বিবেকানন্দের সহিত দাক্ষাৎ করিতে গিয়াছিলাম। ইনি সত্যসত্যই একজন তারতীয় বোগী—বৃগ-বৃগান্তর ধরিয়া সন্মাসী ও বোগিগণ শিশ্বপরস্পরাক্রমে বে-শিক্ষা দিয়া আসিতেছেন, তাহাই ব্যাখ্যা করিবার জন্ত তিনি অকুতোভরে পাশ্চাত্য দেশে আসিয়াছেন, এবং সেই উদ্দেশ্যে গত সন্ধ্যায় 'প্রিক্ষেদ হলে' এক বক্তৃতা দিয়াছিলেন। আমী বিবেকানন্দের মাথায় কালো কাপড়ের পাগড়ি, মুখের ভাব শান্ত ও প্রসর—তাঁহাকে দেখিলেই বোধ হয় তাঁহার মধ্যে কিছু বিশেষত্ব আছে।

আমি জিজাসা করিলাম: খামীজী, আপনার নামের কোন অর্থ আছে
কি ?—যদি থাকে, তাহা কি আমি আনিতে পারি ?

খামীজী: আমি এখন বে (খামী বিবেকানন্দ) নামে পরিচিত, তাহার প্রথম শক্টির অর্থ সন্থাসী অর্থাৎ বিনি বিধিপূর্বক সংসারাশ্রম ত্যাগ করিয়া সন্থাসাশ্রম গ্রহণ করিয়াছেন, আর বিতীয়টি একটি উপাধি—সংসারত্যাগের পর ইহা আমি গ্রহণ করিয়াছি। সকল সন্থাসীই এইরূপ করিয়া থাকেন। ইহার অর্থ—বিবেক অর্থাৎ সদস্বিচারের আনন্দ।

আমি জিজাসা করিলাম: আচ্ছা খামীজী, সংসারের সকল লোকে খে-পথে চলিয়া থাকে, আপনি তাহা ত্যাগ করিলেন কেন?

তিনি উত্তর দিলেন: বাল্যকাল হইতেই ধর্ম ও দর্শন-চর্চার আমার বিশেষ আগ্রহ ছিল। আমাদের শাল্পের উপদেশ—মানবের পক্ষে ত্যাপ শ্রেষ্ঠ আদর্শ। পরে রামকৃষ্ণ পরমহংল নামক একজন উন্নত ধর্মাচার্বের সংহত মিলন হইলে দেখিলাম, আমার যাহা শ্রেষ্ঠ আদর্শ, তাহা তিনি জীবনে পরিণত করিয়াছেন। স্বত্যাং তাঁহার সহিত লাক্ষাৎ হইবার পর, তিনি বে-পথের পথিক, আমারও সেই পথ অবলয়ন করিবার প্রবল আকাজ্যা আগ্রিত হইল, সন্মান গ্রহণ করিবার লক্ষ্ম শ্বির করিলাম।

'ভবে কি ভিনি একটি সম্প্রদায় স্থাপন করিয়া গিয়াছেন—আপনি এখন ভাহারই প্রভিনিধিশরণ ?'

খামীনী অমনি উত্তর দিলেন: না, না, সাম্প্রদারিকতা ও গোঁড়ামি বারা আধ্যাত্মিক অগতে সর্বন্ধ বে এক গভীর ব্যবধানের স্থাই হইশ্বাছে, তাহা দূর করিবার অন্তই তাঁহার সমগ্র জীবন ব্যরিত হইরাছিল। তিনি কোন সম্প্রদার হাপন করেন নাই, বরং উহার সম্পূর্ণ বিপরীতই করিয়া গিরাছেন। সাধারণে বাহাতে সম্পূর্ণরূপে খাধীনচিন্তাপরায়ণ হয়, এই মতই তিনি পোবণ করিতেন এবং উহার জন্তই তিনি প্রাণপণ চেষ্টা করিয়া গিরাছেন। তিনি একজন খ্ব বড় বোগী ছিলেন।

'ভাহা হইলে এই দেশের কোন সমাজ বা সম্প্রদারের সহিভই আপনার কোন সম্বন্ধ নাই, যথা—থিওজফিক্যাল সোসাইটি, ক্রিশ্চান সারেন্টিস্ট বা অপর কোন সম্প্রদারের সহিত ?'

খামীজী স্পষ্ট হৃদয়স্পর্শী খরে বলিলেন: না, কিছুমাত্র না। (খামীজী বধন কথা কহেন, তধন তাঁহার মুখ বালকের মুখের মতো উজ্জল হইয়া উঠে—মুখধানি এতই সরল, অকপট ও সদ্ভাবপূর্ণ!) আমি যাহা শিক্ষা দিই, তাহা আমার গুলর শিক্ষাহ্যায়ী, তাঁহার উপদেশের অহুগামী হইয়া আমাদের প্রাচীন শাল্তসমূহ আমি নিজে ধেরপ ব্রিয়াছি, তাহাই ব্যাখ্যা করিয়া থাকি। অলৌকিক উপায়ে লব্ধ কোন প্রকার বিষয় শিক্ষা দিবার দাবি আমি করি না। আমার উপদেশের মধ্যে বত্তুকু তৌক্রবিচার-বৃদ্ধিসম্বত এবং চিস্তাশীল ব্যক্তিগণের গ্রাহ্য, তত্তুকু লোকে গ্রহণ করিলেই আমি ষ্থেই পুরৃত্বত হইব।

তিনি বলিতে লাগিলেন: সকল ধর্মেই লক্ষ্য—কোন বিশেষ মানবজীবনকে আদর্শবরূপ ধরিয়া সূলতাবে ভক্তি, জ্ঞান বা বোগ শিক্ষা দেওয়া।
উক্ত আদর্শগুলিকে অবলয়ন করিয়া ভক্তি, জ্ঞান ও বোগ-বিষয়ক বে সাধারণ
তাব ও সাধনপ্রণালী রহিয়াছে, বেদান্ত তাহারই বিজ্ঞানন্তরূপ। আমি ঐ
বিজ্ঞানই প্রচার করিয়া থাকি, এবং ঐ বিজ্ঞানসহায়ে নিজ্ঞানিক সাধনার উপায়রূপে অবলয়িত বিশেষ বিশেষ সূল আদর্শগুলি প্রভ্যেকে নিজেই বৃঝিয়া লউক
—এই কথাই বলি। আমি প্রভ্যেক ব্যক্তিকে তাহার নিজ্ঞ নিজ্ঞভাকেই

> Christian Scientists—मॉर्किन(क्नीय এक्टि धर्ममध्यक्रांस्य नाम ।

প্রমাণস্করণে গ্রহণ করিতে বলিয়া থাকি, স্থার বেখানে কোন গ্রাহের কথা প্রমাণস্করণে উপহিত করি, দেখানে ব্রিতে হইবে, চেটা করিলে দেগুলি লংগ্রহ করা বাইতে পারে, স্থার সকলেই ইচ্ছা করিলে নিজে নিজে উহা পড়িয়া লইতে পারে। সর্বোপরি প্রত্যক্ষ প্রতিনিধি বারা আদেশ প্রচার্থকারী— সাধারণ চক্র অভ্যালে স্থাহিত মহাপুরুষদের উপদেশ বলিয়া কোন কিছু প্রমাণস্করণে উপহাপিত করি না, স্থাবা গোপনীয় গ্রহ বা হত্তলিশি হইতে কিছু শিধিয়াছি বলিয়া দাবি করি না। স্থামি কোন গুপুরমিভিয় ম্থপাত্র নই, স্থাবা ঐক্বপ সমিতিসমূহের বারা কোনক্রপ কল্যাণ হইতে পারে বলিয়াও আমায় বিশাস নাই। সভ্য আপনিই আপনার প্রমাণ, উহার স্থকারে লুকাইয়া থাকিবার কোন প্রয়োজন নাই, সভ্য স্থনায়াদে দিবালোক সহ্য করিতে পারে।

'ভবে স্বামীজী, স্বাপনার কোন সমাজ বা সমিতি প্রতিষ্ঠা করিবার সহর নাই ?'

খামীজী: না, আমার কোন প্রকার সমিতি বা সমাজ প্রতিষ্ঠা করিবার ইচ্ছা নাই। আমি প্রত্যেক ব্যক্তির হাদরে গৃঢ়ভাবে অবস্থিত ও সর্বসাধারণের সম্পত্তিবরূপ আত্মার তত্ত্ব উপদেশ দিয়া থাকি। জনকয়েক দৃচ্চিত্ত ব্যক্তি আত্মানলাভ করিলে ও ঐ জ্ঞান-অবলম্বনে দৈনন্দিন জীবনের কাজ করিয়া গোলে পূর্ব পূর্ব মূগের স্থায় এ মূপেও জগৎটাকে সম্পূর্ণ ওলটপালট করিয়া দিতে পারেন। পূর্বকালেও এক এক জন দৃঢ়চিত্ত মহাপুরুষ এভাবে ভাঁহাদের নিছ নিজ সময়ে মুগান্তর আনরন করিয়াছিলেন।

'খামীন্ত্রী, আপনি এই সবে ভারত হইতে আসিতেছেন ?'

খামীলী: না। ১৮৯৩ এটাকে চিকাগোর বে ধর্ম-মহাসভা হইরাছিল, আমি তাহাতে হিন্দুধর্মের প্রতিনিধি ছিলাম। সেই অরধি আমি আমেরিকার যুক্তরাষ্ট্রে ভ্রমণ করিয়া বক্তা দিতেছি। মার্কিন জাতি পরম আগ্রহ সহকারে আমার বক্তা শুনিতেছে এবং আমার সহিত পরমবন্ধবং আচরণ করিতেছে। সেদেশে আমার কাজ এমন স্থাতিটিত হইরাছে যে, আমাকে শীদ্র সেধানে ফিরিয়া যাইতে হইবে।

'খামীজী, পাশ্চাত্য ধর্মসমূহের প্রতি আপনার কিরপ ভাব গু

'আমি এমন একটি দর্শন প্রচার করিয়া থাকি, যাহা জগতে যত প্রকার ধর্ম থাকা সম্ভব, সে-সমূদয়েরই ভিতিম্বরূপ হইতে পারে, আর আমার স্ব ধর্মের উপরই সম্পূর্ণ সহাত্তভূতি আছে, আষার উপদেশ কোন ধর্মেরই বিরোধী নর। আমি ব্যক্তিগত জীবনের উর্নতিসাধনেই বিশেষভাবে সক্ষ্য রাখি, ব্যক্তিকেই তেজনী করিবার চেষ্টা করি। প্রত্যেক ব্যক্তিই ঈশরাংশ বা ব্রহ্ম
—এ কথাই শিকা দিই, আর সর্বসাধারণকে তাহাদের জন্তনিহিত এই ব্রহ্মভাব সহদ্ধে সচেতন হইতেই আহ্বান করিয়া থাকি। আত্সারে বা জ্ঞাতসারে ইহাই প্রকৃতপক্ষে সকল ধর্মের আদর্শ।

'এদেশে আপনার কাজ কি ধরনের হইবে ?'

'আমার আশা এই বে, আমি কয়েকজনকে পূর্বোক্ত ভাবে শিক্ষা দিব, আর তাহাদের নিজ নিজ ভাবে অপরের নিকট উহা ব্যক্ত করিতে উৎসাহিত করিব। আমার উপদেশ তাহারা যত ইচ্ছা রূপান্তরিত করুক, ক্ষতি নাই। আমি অবশ্য-বিখাস্থ মতবাদরূপে কিছু শিক্ষা দিব না, কারণ পরিণামে সত্যের জয় নিশ্চরই হইয়া থাকে।

'আমি প্রকাশ্রে বে-সব কাজ করি, তাহার ভার আমার ত্-একটি বন্ধুর হাতে আছে। তাঁহারা ২২শে অক্টোবর সন্ধ্যা সাড়ে আটটার সময় পিকাভেলি প্রিলেস হলে ইংরেজ প্রোত্রন্দের সম্মুখে আমার এক বক্তৃতার বন্দোবন্ত করিয়াছেন। চারিদিকে বক্তৃতার বিজ্ঞাপন দেওয়া হইতেছে। বিষয় আমার প্রচারিত দর্শনের মূলতত্ব—'আত্মজ্ঞান'। তাহার পর আমার উদ্দেশ্য সফল করিবার বে-পথ দেখিতে পাইব, সেই পথ অহুসরণ করিতে আমি প্রস্তুত লোকের বৈঠকখানায় বা অন্ত হলে সভায় বোগ দেওয়া, পত্রের উত্তর দেওয়া বা সাক্ষাৎভাবে বিচার করা—সব কিছুই করিতে আমি প্রস্তুত। এই অর্থ-লালসা-প্রধান যুগে আমি এই কথাটি কিছু সকলকে বলিতে চাই, আমার কোন কার্যই অর্থলাভের জন্য অহুটিত হয় না।'

আমি এইবার তাঁহার নিকট হইতে বিদায় লইলাম---আমার সহিত যত ব্যক্তির সাক্ষাৎ হইয়াছে, তাহাদের মধ্যে ইনি স্বাণেক্ষা অধিক মৌলিক-ভাবপূর্ণ, দে-বিষয়ে আমার কিছুমাত্র সন্দেহ নাই।

ভারতের জীবনত্রত

[সান্ডে টাইম্স---লওন, ১৮৯৬]

ইংলগুবাদীরা যে ভারতের 'প্রবাল উপকৃলে' ধর্ম-প্রচারক প্রেরণ করিয়া থাকেন, ভাহা ইংলপ্রের জনসাধারণ বিলক্ষণ অবগত আছেন। ভবে ভারতও বে ইংলগু ধর্মপ্রচারক পাঠাইরা থাকেন, ভাহা ইংলগুর জনসাধারণ বড় একটা জানেন না।

দেও অর্জেস রোড, সাউথ ওয়েন্ট, ৬৩নং জবনে স্বামী বিবেকানন্দ অল্লকালের জন্ম বাস করিডেছেন। দৈববোগে (বিদ 'দৈব' এই শক্টি প্রয়োগ করিতে কেছ আপত্তি না করেন) সেধানে তাঁহার সহিত আমার সাক্ষাং হয়। তিনি কি করেন, এবং তাঁহার ইংলণ্ডে আসিবার উদ্দেশ্যই বা কি, এই-সকল বিষয়ে আলোচনা করিতে তাঁহার কোন আপত্তি না থাকার ঐ স্থানে আসিয়া আমি তাঁহার সহিত কথাবার্তা আরম্ভ করিলাম। তিনি বে আমার অন্থ্রোধ রক্ষা করিয়া আমার সহিত ঐ ভাবে কথোপকথনে সম্যত হইয়াছেন, তাহাতে আমি প্রথমেই বিশ্বর প্রকাশ করিলাম।

তিনি বলিলেন: আমেরিকার বাদ করিবার কাল হইতেই এইরূপে দংবাদপত্রের প্রতিনিধিদের সহিত সাক্ষাৎ করা আমার সম্পূর্ণ জভ্যাদ হইরা গিয়াছে।
আমার দেশে ঐরূপ প্রথা নাই বলিয়াই বে আমি সর্বসাধারণকৈ বাহা জানাইতে
ইচ্ছা করি, তাহা জানাইবার জন্ম বিদেশে গিয়া দেখানকার প্রচারের প্রচলিত
প্রথাগুলি অবলম্বন করিব না, ইহা কবনও যুক্তিসঙ্গত হইতে পারে না। ১৮৯৩
প্রীষ্টাব্দে আমেরিকার চিকাপো শহরে বে বিশ্বধর্মহাসভা বদিয়াছিল, তাহাতে
আমি হিন্দ্ধর্মের প্রতিনিধি ছিলাম। মহীশ্রের রাজা এবং অপর কয়েকটি
বন্ধু আমাকে দেখানে পাঠাইরাছিলেন। আমার বোধ হয়, আমি আমেরিকার
কিছুটা কৃতকার্ব হইরাছি বলিয়া দাবি করিতে পারি। চিকাগো ছাড়াও
আমেরিকার অক্যান্ত বড় বড় শহরে আমি বছবার নিমন্ত্রিত হইরাছি। আমি
দীর্ঘকাল ধরিয়া আমেরিকার বাদ করিতেছি। গত বৎসর গ্রীমকালে একবার

> Coral-strands—ভারতের সমুস্ততীরে বধেষ্ট প্রবাল পাওয়া যায়, প্রাচীনকালে পালাভারে লোকেয়া ভারতের এই পরিচরই জানিত।

ইংলওে আদিয়াছিলাম, এ বংসরও আদিয়াছি দেখিতেছেন; প্রায় তিন ধংসর আমেরিকার বহিরাছি। আমার বিবেচনার আমেরিকার সভ্যতা খুব উচ্চ তরের। দেখিলাম, মার্কিনজাভির চিত্ত সহজেই নৃতন নৃতন ভাব ধারণা করিতে পারে। কোন জিনিস নৃতন বলিয়াই ভাহারা পরিভ্যাগ করে না, উহার বাত্তবিক কোন গুণাঞ্চণ আছে কি না, ভাহা পরীক্ষা করিয়া দেখে— ভারপর উহা গ্রাহ্থ কি ভ্যাজ্য, বিচার করে।

'ইংলণ্ডের লোকেরা অক্সপ্রকার—ইহাই বুঝি আপনার বলিবার উদ্দেশ্য ?'

'হা, ইংলণ্ডের সভ্যতা আমেরিকা হইতে পুরাতন। শতাবীর পর শতাবী বেমন চলিয়াছে, ভেমনই উহাতে নানা নৃতন বিষয় সংবোজিত হইয়া উহার বিকাশ হইরাছে। এরপে অনেকগুলি কুসংস্কারও আসিয়া জ্টিয়াছে। সেগুলিকে ভাঙিতে হইবে। এখন বে-কোন ব্যক্তি আপনাদের ভিতর কোন নৃতন ভাব প্রচার করিতে চেটা করিবে, ভাহাকেই ঐগুলির দিকে বিশেষরূপে দৃষ্টি রাখিয়া চলিতে হইবে।'

'লোকে এইরপ বলে বটে। আমি বতদ্র জানি, তাহাতে আপনি আমেরিকায় কোন নৃতন সম্প্রদায় বা ধর্মমত প্রতিষ্ঠা করিয়া আসেন নাই।'

'এ কথা সত্য। সম্প্রদায়ের সংখ্যা বৃদ্ধি করা আমার ভাবের বিরোধী; কারণ সম্প্রদায় তো যথেইই রহিয়াছে। আর সম্প্রদায় করিতে গেলে উহার তত্বাবধানের জন্ম লোক প্রয়োজন। এখন ভাবিয়া দেখুন, বাহারা সন্মান অবলহন করিয়াছে, অর্থাৎ সাংসারিক পদমর্বাদা, বিষয়সম্পত্তি, নাম প্রভৃতি সব ছাড়িয়াছে এবং আধ্যাত্মিক জ্ঞানায়েবণই বাহাদের জীবনের উদ্দেশ্য, ভাহারা এরূপ কাজের ভার লইতে পারে না। বিশেষতঃ এরূপ কাজ বখন অপরে চালাইতেছে, তথন আবার ঐ ভাবে কাজে অগ্রসর হওয়া নিপ্রয়োজন।'

'আপনার শিক্ষা কি ধর্মসমূছের তুলনামূলক আলোচনা ?'

'সকল প্রকার ধর্মের সারভাগ শিক্ষা দেওরা বলিলে ররং আমার প্রদন্ত শিক্ষাপ্রণালী সম্বন্ধে একটা স্পষ্টতর ধারণা হইতে পারে। ধর্মসমূহের গোণ অলগুলি বাদ দিরা উহাদের মধ্যে বেটি মৃখ্য, ষেটি উহাদের মূলভিন্তি, সেইটির দিকে বিশেবভাবে দৃষ্টি আকর্ষণ করাই আমার কাল। আমি রামকৃষ্ণ পর্মহংসের একজন শিক্ত, ভিনি একজন সিদ্ধ সন্থানী ছিলেন। ভাঁহার জীবন ও উপদেশ আমার উপর বিশেষ প্রভাব বিশ্বার করিরাছে। এই সন্থানিজ্ঞেষ্ঠ

কোন ধর্মকে কথনও সমালোচনার দৃষ্টিতে দেখিতেম না; কোন ধর্মের এই এই ভাব ঠিক নয়-এ-কথা ভিনি বলিভেন না। ভিনি সকল ধর্মের ভাল দিকটাই দেখাইয়া দিভেন। দেখাইভেন, কিন্ধণে এ**ঙ**লি অহঠান করিয়া উপদিষ্ট ভাবওলিকে আমরা আমাদের জীবনে পরিণড করিতে পারি। কোন ধর্মের বিরোধিতা করা বা ভাহার বিপরীত শব্দ আশ্রয় করা—ভাঁহার শিক্ষার সম্পূর্ণ বিক্ষ; কারণ তাঁহার উপদেশের মূল সতাই এই বে, সমগ্র জগৎ প্রেমবলে পরিচালিত। আপনারা আনেন, হিন্দুধর্ম কথনও অপর ধর্মাবলঘীদের উপর অত্যাচার করে নাই। আমাদের দেশে সকল সম্প্রদায়ই প্রেম ও শাস্তিতে বাস করিতে পারে। মুসলমানদের সঙ্গে-সঙ্গেই ভারতে ধর্মসন্ধীয় মভামত লইরা হত্যা অত্যাচার প্রভৃতি প্রবেশ করিয়াছে, ভাছারা আদিবার পূর্ব পর্বস্ত ভারতে আধ্যাত্মিক রাজ্যে শাস্তি বিরাজিত ছিল। দৃষ্টান্তবন্ধণ দেখুন— জৈনগণ, যাহারা ঈশরের অন্তিত্বে অবিখাসী এবং বিখাসকে ভ্রান্ত বলিয়া প্রচার করে, তাহাদেরও ইচ্ছামত ধর্মাম্ম্রানে কেহ কোন দিন ৰাধা দেয় নাই; আৰু পৰ্যন্ত তাহারা ভারতে রহিয়াছে। ভারতই ঐ বিষয়ে শান্তি ও মৃত্তারণ ষণার্থ বীর্ণের দৃষ্টান্ত দেখাইয়াছে। যুদ্ধ, অসমসাহসিকভা, প্রচণ্ড আঘাতের শক্তি—এগুলি ধর্মজগতে তুর্বলভার চিহ্ন।'

'আপনার কথাগুলি টলস্টরের' মতের মতো লাগিতেছে। ব্যক্তিবিশেষের পক্ষে এই মত অহসরণীর হইতে পারে; সে সম্বন্ধেও আমার নিজের সন্দেহ আছে, কিন্তু সমগ্র জাতির ঐ নিয়মে বা আদর্শে কিভাবে চলা সম্ভব ?'

'লাভির পক্ষেও ঐ মত অভি উত্তমরূপে কার্যকর হইবে দেখা যায়, ভারতের কর্মফল—ভারতের অনৃষ্ট অপরজাভিগুলি কর্তৃক বিজিত হওয়া, কিছু আবার সময়ে ঐ-সকল বিজেতাকে ধর্মবলে জন্ন করা। ভারত ভাহার ম্ললমান বিজেতাগণকে ইভিমধ্যেই জন্ন করিয়াছে। শিক্ষিত ম্ললমানগণ লকলেই স্থাকি?—ভাহাদিগকে হিন্দু হইতে পৃথক করিবার উপান্ন নাই। হিন্দু ভাব ভাহাদের সভ্যভার মর্মে প্রবেশ করিয়াছে—ভাহারা ভারতের নিকট শিক্ষার্থীর ভাব ধারণ করিয়াছেন। মোগল সম্রাট মহাত্মা আকবর কার্যতঃ

> Count Leo Tolstoi—ফশিরার অসিদ্ধ পরহিতত্তত চিন্তাশীল লেখক ও সংস্কারক।

২ আৰু সৈয়দ আৰুলচের প্রতিষ্ঠিত মুসলমান সম্প্রদায়বিশেব। এই সম্প্রদায়ের মতের সহিত বেদান্তের অক্তেবাদের অনেক মিল আছে।

একজন ছিল্ম ছিলেন। আবার ইংলওের পালা আসিলে ভারত তাহাকেও জর করিবে। আল ইংলওের হতে তরবারি রহিরাছে, কিন্ত ভাব-জগতে উহার উপবাসিতা তো নাই-ই, বরং উহাতে অপকারই হইরা থাকে। আপনি আনেন, পোপেনহাওয়ার ভারতীয় ভাব ও চিন্তা সম্বন্ধ কি বলিয়াছিলেন। তিনি ভবিয়্রঘাণী করিয়াছিলেন বে, 'অন্ধকার যুগের' পর গ্রীক ও ল্যাটিন বিভার অভ্যুদয়ে বেমন ইওরোপে গুরুতর পরিবর্তন হইয়াছিল, ভারতীয় ভাব ইওরোপে স্থপরিচিত হইলে সেইরূপ গুরুতর পরিবর্তন সাধিত হইবে।'

'আমায় ক্ষমা করিবেন—কিন্তু সম্প্রতি তো ইহার বিশেষ কিছু চিহ্ন দেখা যাইতেছে না।'

যামীলী গন্তীরভাবে বলিলেন: না দেখা যাইতে পারে, কিছ এ-কথাও বেশ বলা বার বে, ইওরোপের সেই 'লাগরণের'' সময়ও অনেকে কোন চিহ্ন পূর্বে দেখে নাই, এবং উহা আদিবার পরও উহা যে আদিয়াছে, তাহা ব্ঝিতে পারে নাই। বাঁহারা সময়ের লক্ষণ বিশেষভাবে অবগত, তাঁহারা কিছু বেশ ব্ঝিতে পারিতেছেন যে, একটি মহান্ আন্দোলন আজকাল ভিতরে ভিতরে চলিয়াছে। সম্প্রতি কয়েক বর্ষ ধরিয়া প্রাচ্যতত্ত্বাহুসন্ধান অনেক দ্র অগ্রসর হইয়াছে। বর্তমানে ইহা পণ্ডিতদের হন্ডেই রহিয়াছে এবং তাঁহারা যতদ্র কার্য করিয়াছেন, তাহা লোকের নিকট শুল্ক নীরস বলিয়া বোধ হইতেছে। কিছু ক্রমে লোকে উহা ব্ঝিবে, ক্রমে জ্ঞানালোকের প্রকাশ হইবে।

'আপনার মতে তবে ভারতই ভবিশ্বতে শ্রেষ্ঠ বিজেতার আসন পাইবে! তথাপি ভারত তাহার ভাবরাজি প্রচারের জন্ত অক্তান্ত দেশে অধিক ধর্মপ্রচারক প্রেরণ করে, না কেন ? বোধ করি, ষর্ড দিন না সমগ্র জগং আসিয়া ভাহার পদতলে পড়িতেছে, ততদিন সে অণুক্ষা করিবে!'

> Schopenhaur—বিখ্যাত জার্মান দার্শনিক। ইংগার দর্শনে বেদাস্তের প্রভাব বিশেষরূপে প্রবেশ করিয়াছে।

२ Dark Ages--- १४-> १ में जानी, त्व ममन हे अताश खळाना करात चारू न हिन ।

ত Renaissance—পঞ্চল শতাব্দীর পর হইতে যখন ইওরোপে সাহিত্য-লিক্সাদি-চর্চার পুনরভাূদর হর, তৎকালই ইভিহাসে এই নামে প্রসিদ্ধ।

ভারত প্রাচীন যুগে ধর্মপ্রচারকার্বে একটি প্রবল শক্তি হইরা উঠিয়াছিল।
ইংলগু প্রীইধর্ম গ্রহণ করিবার শত শত বংসর পূর্বে বৃদ্ধ সমগ্র এশিয়াকে তাঁহার
মতাবলধী করিবার জন্ত ধর্মপ্রচারক পাঠাইয়াছিলেন। বর্তমানকালে চিস্তাজ্ঞগৎ
ধীরে ধীরে ভারতের ভাব গ্রহণ করিতেছে। এখন ইহার আরম্ভ হইয়াছে
মাত্র। বিশেষ কোনপ্রকার ধর্ম-অবলঘনে অনিচ্ছুক ব্যক্তিগণের সংখ্যা খুব
বাড়িতেছে, আর শিক্তিত ব্যক্তিগণের ভিতরেই এই ভাব বাড়িয়া চলিয়াছে।
সম্প্রতি আমেরিকাতে যে লোক-গণনা হইয়াছিল, ভাহাতে অনেক লোক
আপনাদিগছক কোনরূপ বিশেষ ধর্মাবলধী বলিয়া শ্রেণীবদ্ধ করিতে অধীকৃত
হইয়াছিল। আমি বলি, সকল ধর্মসম্প্রদারই এক মূল সভাের বিভিন্ন
বিকাশুমাত্র। হয় সবগুলিরই উরতি হইবে, নয় সবগুলিই বিনাই, হইবে।
উহারা ঐ এক সভারূপ কেন্দ্র হইতে বহু ব্যাসার্থের মতাে বাহির হইয়াছে,
এবং বিভিন্নপ্রকৃতিবিশিষ্ট-মানব-মনের উপযােগী সভাের প্রকাশস্কেশ হইয়া
বহিয়াছে।

'এখন আমরা অনেকটা মূলপ্রসঙ্গের কাছে আসিডেছি—সেই কেন্দ্রীভূত শত্যটি কি ?'

'মাহবের অন্তর্নিহিত ব্রহ্মণক্তি। প্রত্যেক ব্যক্তিই—দে বতই মন্পপ্রকৃতি হউক না কেন, ভগবানের প্রকাশস্করণ। এই ব্রহ্মণক্তি আর্ত থাকে, মাহুবের দৃষ্টি হইতে ল্কায়িত থাকে। ঐ কথায় আমার ভারতীয় নিপাহীবিলোহের একটি ঘটনা মনে পড়িতেছে। ঐ সময়ে বহুবর্ব-মৌনব্রতধায়ী এক সয়্নাসীকে জনৈক মুসলমান দাকণ আঘাত করে। মৃত্যুর অব্যবহিত পূর্বে লোকে ঐ আঘাতকায়ীকে ধরিয়া তাঁহার কাছে সইয়া গিয়া বলিল, 'বামিন্, আপনি একবার বলুন, ভাহা হইলে এ ব্যক্তি নিহত হইবে।' সয়াসী অনেক দিনের মৌনব্রত ভক্ষ করিয়া তাঁহার শেব নিংখাসের সহিত বলিলেন, 'বৎসগণ, ভোমরা বড়ই ভূল করিতেছ—ঐ ব্যক্তি বে সাক্ষাৎ ভগবান্!' সকলের পশ্চাতে ঐ একম্ব রহিয়াছে—উহাই আমাদের জীবনের শিক্ষা করিবার প্রধান বিষয়। তাঁহাকে গড়, আলা, জিহোবা, প্রেম বা আত্মা বাহাই বলুন না কেন, সেই এক বছই অভি ক্ষেত্রম প্রাণী হইতে মহত্তম মানব পর্বন্ত সমূদ্য প্রাণীতেই প্রাণম্বরূব মধ্যে অনেকগুলি বিভিন্ন আকারের গর্ত করা বহিয়াছে—বর্মকে ঢাকা সমুদ্রের মধ্যে আনেকগুলি বিভিন্ন আকারের গর্ত করা বহিয়াছে—

ঐ প্রত্যেকটি গর্ডই এক একটি আত্মা—এক একটি মাহ্যবসদৃশ, নিজ নিজ বৃদ্ধিশক্তির ভারতম্য অন্থসারে বন্ধন কাটাইয়া—ঐ বর্ষ ভাঙিয়া বাহির হুইবার চেটা করিতেছে !'

'আমার বোধ হয়, প্রাচ্য ও পাশ্চাত্য উভয় জাতির আদর্শের মধ্যে একটি বিশেব প্রভেদ আছে। আপনারা সয়্যাস, একাগ্রতা প্রভৃতি উপায়ে খুব উয়ভ ব্যক্তি গঠনের চেষ্টা করিতেছেন, আর পাশ্চাত্য জাতির আদর্শ—সামাজিক অবস্থার সম্পূর্ণতা সাধন করা। সেইজস্ত আমরা সামাজিক ও রাজনীতিক সমস্তাসমূহের মীমাংসাতেই বিশেষ ভাবে নিযুক্ত; কারণ সর্বসাধারণের কল্যাণের উপর আমাদের সভ্যতার স্থায়িত্ব নির্ভর করিতেছে—আমরা এইরপ বিবেচনা করি।'

শামীকী থ্ব দৃঢ়তা ও আগ্রহের সহিত বলিলেন, 'কিন্তু সামাজিক বা রাজনীতিক সর্ববিধ বিষয়ের সফলতার মূলভিন্তি—মাহুবের সাধুতা। পার্লামেণ্ট কর্ত্ক বিধিবদ্ধ কোন আইন দারা কখন কোন জাতি উন্নত বা ভাল হয় না, কিন্তু সেই জাতির অন্তর্গত লোকগুলি উন্নত ও ভাল হইলেই জাতিও ভাল হইয়া থাকে। আমি চীনদেশে গিয়াছিলাম—এক সময়ে ঐ জাতিই সর্বাপেক্ষা চমৎকার শৃত্থলাবদ্ধ ছিল, কিন্তু আজু সেই চীন ছত্রভঙ্গ কতকগুলা সামাল্ল লোকের সমন্তি হইরা দাঁড়াইয়াছে। ইহার কারণ—প্রাচীনকালে উন্তাবিত ঐ-সকল শাসনপ্রণালী পরিচালনা করিবার উপযুক্ত লোক বর্তমানে ঐ জাতিতে আর জ্লাইতেছে না। ধর্ম সকল-বিষয়ের মূল পর্যন্ত গিয়া থাকে। মূলটি যদি ঠিক থাকে, ভবে অল-প্রত্যেল স্বই ঠিক থাকে।'

'ভগবান্ সকলেরই ভিতর রহিয়াছেন, কিন্তু তিনি আর্ড রহিয়াছেন— এ কথাটা যেন কি রকম অপ্পষ্ট ও ব্যাবহারিক জগং হইতে অনেক দ্রে বলিয়া বোধ হয়। লোকে তো আর সদা সর্বদা ঐ ব্রন্ধের সন্ধান করিতে পারে না ?'

'লোকে অনেক সময় পরস্পর একই উদ্দেশ্যে কার্য করিয়া থাকে, কিন্ত ভাহা ব্ঝিতে পারে না। এটি দীকার করিতেই হইবে যে, আইন গভর্নেন্ট রাজনীতি—এগুলি মানব-জীবনের চরম উদ্দেশ্য নহে। এ-সকল ছাড়াইয়া উহাদের চরম লক্ষ্যহল এমন একটি আছে— যেথানে আইন আর প্রয়োজন হয় না। এথানে বলিয়া রাখি, সম্মানী শক্টির অর্থ—বিধিনিয়মত্যাগী ব্রশ্বত্যা- বেবী—কিংবা সন্ত্যাসী বলিতে নেভিবাদী অক্ষানীও বলিতে পারা বার।
ভবে এইরপ শব্দ ব্যবহার করিলে দকে দকে একটা ভূল ধারণা আসিয়া
থাকে। শ্রেষ্ঠ আচার্যগণ একই শিক্ষা দিয়া থাকেন। বীশুনীই বৃত্তিয়াছিলেন,
নিয়ম-প্রতিপালনই উন্নতির মূল নহে, বথার্থ পবিত্রভা ও চরিত্রই শক্তি।
আপনি বে বলিভেছিলেন, প্রাচ্যদেশে আত্মার উচ্চভর বিকাশের দিকে লক্ষ্য—
অবশ্ব আপনি এ-কথা বিশ্বত হন নাই বোধ হয় বে, আত্মা ছই প্রকার:
কৃটত্ব চৈভক্ত, বিনি আত্মার বথার্থ বরুপ; আর আভাস চৈভক্ত, আপাভতঃ
বাহাকে আমাদের আত্মা বলিয়া বোধ হইতেছে।

'বোধ হয়, আপনার ভাব এই যে, আমরা আভাসের উদেশ্রে কার্ব করিতেছি, আর আপনারা প্রকৃত চৈতক্তের উদেশ্রে কার্ব করিতেছেন ?'

'মন নিজ পূর্ণতর বিকাশের জন্ত নানা সোপানের মধ্য দিয়া অগ্রসর হয়। প্রথমে উহা সুলকে অবলঘন করিয়া ক্রমশঃ স্ক্রের দিকে বাইতে থাকে। আরও দেখুন, সর্বজনীন ভাত্ভাবের ধারণা মাছবে কিরপে লাভ করিয়া থাকে। প্রথমতঃ উহা সাম্প্রদায়িক ভাত্ভাবের আকারে আবিভূতি হয়—তথন উহাতে সহীর্ণ সীমাবদ্ধ—'অপরকে বাদ দেওয়া' ভাব থাকে। পরে ক্রমে জ্বমে আমরা উদারভার ভাবে—স্ক্রভর ভাবে পৌছিয়া থাকি।'

'ভাহা হইলে আপনি কি মনে করেন, এই সব সম্প্রদার, খাহা আমরা— ইংরেজরা—এড ভালবাসি, সব লোপ পাইবে ? আপনি জানেন বোধ হয়, জনৈক ফরাসী বলিয়াছিলেন, ইংলণ্ডে সম্প্রদার সহস্র সহস্র, কিন্তু সার জিনিস-থ্ব অর।'

'ঐ-সব সম্প্রদায় বে লোপ পাইবে, সে-সহদ্ধে আমার কোন সংশয় নাই। উহাদের অভিদ্ব অসার বা গৌণ কতকগুলি বিষয়ের উপরে প্রতিষ্ঠিত। অবস্থ উহাদের মৃথ্য বা সার ভাবটি থাকিয়া যাইবে এবং উহার সাহায্যে অপর নৃতন গৃহ নির্মিত হইবে। অবস্থ সেই প্রাচীন উক্তি আপনার জানা আছে বে, একটা চার্চ বা সম্প্রদারবিশেবের মধ্যে জয়ানো ভাল, কিন্তু আমরণ উহার গণ্ডির ভিতরে বদ্ধ থাকা ভাল নয়।'

'ইংলওে আগনার কার্বের কিরুণ বিতার হইতেছে, অমুগ্রহপূর্বক বলিবেন কি গু' 'থীরে ধীরে হইডেছে, ইহার কারণ আমি পূর্বেই বলিরাছি। বেশানে মূল ধরিয়া কার্ব, লেথানে প্রকৃত উন্নতি বা বিভার অবশুই ধীরে ধীরে হইনা থাকে। অবশু বলা বাহল্য যে, ষে-কোন উপায়েই হউক, এই-সব ভাব বিভাত হইবেই হইবে, এবং আমাদের অনেকের বোধ হইডেছে, এ-সকল ভাব-প্রচারের বথার্থ সময় উপস্থিত হইন্নাছে।'

ভারত ও ইংলগু

['रेखिया', मखन, ১৮৯७]

লওনের ইহা মরস্থমের সময়। স্বামী বিবেকানল তাঁহার মত ও দর্শনে আরুষ্ট অনেক ব্যক্তির সমক্ষে বক্তৃতা করিতেছেন ও তাহাদিগকে শিক্ষা দিতেছেন। স্বামীজীর সহিত সাক্ষাৎ করিতে তাঁহার সামরিক বাসস্থান দক্ষিণ বেলগ্রেভিয়াতে গেলাম। ভারতের আবার ইংলওকে বলিবার আর কি আছে, জানিবার জন্ত আমার আগ্রহ হইল।

স্বামীজী শাস্তভাবে বলিলেন: ভারতের পক্ষে এখানে ধর্মপ্রচারক প্রেরণ কিছু নৃতন ব্যাপার নহে। যখন বৌদ্ধর্ম নবীন ভেল্পে উঠিতেছিল—যখন ভারতের চতৃপার্যন্থ জাতিগুলিকে ভাহার কিছু শিখাইবার ছিল, ভখন সম্রাট জ্পোক চারিদিকে ধর্মপ্রচারক পাঠাইলেন।

'আচ্ছা, এ কথা কি কিজাসা করিতে পারি, কেন ভারত এরপে ধর্মপ্রচারক-প্রেরণ বন্ধ করিয়াছিল, আবার কেনই বা এখন আরম্ভ করিল ?'

'বন্ধ করিবার কারণ—ক্রমণ: স্বার্থপর হইরা ভারত এই তব্ ভূলিরা গিয়াছিল যে, আদানপ্রদান-প্রণালীক্রমেই ব্যক্তি এবং জাতি উভরেই জীবিত থাকে ও উন্নতি লাভ করে। ভারত চিরদিন ক্লগতে একই বার্তা বহন করিয়াছে; ভারতের বার্তা আধ্যাত্মিক। অনম্ভ যুগ ধরিয়া অভরের ভাব-রাজ্যেই ভাহার একচেটিরা অধিকার—স্ক্র বিজ্ঞান, দর্শন, গ্রায়ণাত্ম—ইহাতেই ভারতের বিশেষ অধিকার। প্রকৃত্পকে আমার ইংলওে প্রচারকার্যে আগমন —ইংলণ্ডের ভারত-গ্রনেরই ফলখরণ। ইংলণ্ড ভারতকে জার করিয়া শাসন করিভেছে, তাহার পদার্থবিতা নিজের এবং আয়াদের কাজে লাগাইভেছে। ভারত জগৎকে কি দিয়াছে ও দিতে পারে, মোটাষ্ট বলিতে গিয়া আয়ার একটি সংস্কৃত ও একটি ইংরেজী বাক্য মনে পড়িভেছে।

কোন যাহ্ব মরিয়া গেলে আপনারা বলেন, সে আত্মা পরিত্যাগ করিল।
(He gave up the ghost), আর আমরা বলি, সে দেহত্যাগ করিল।
আপনারা বলিয়া থাকেন, মাহুবের আত্মা আছে, তাহাতে আপনারা বেন
আনেকটা ইহাই লক্ষ্য করিয়া থাকেন যে, শরীরটাই মাহুবের প্রধান
জিনিল। কিছু আমরা বলি, মাহুব আত্মাবর্ত্তপালর একটা দেহ আছে।
এগুলি অবশ্য জাতীয় চিম্ভাতরকের উপরিভাগের ক্লু ব্রুদ্মাত্র, কিছু ইহাই
আপনাদের জাতীয় চিম্ভাতরকের গতি প্রকাশ করিয়া দিতেছে।

'আমার ইচ্ছা হইতেছে, আপনাকে শোপেনহাওয়ারের ভবিয়ঘাণীট শারণ করাইয়া দিই বে, অন্ধকার যুগের (Dark Ages) অবসানে গ্রীক ও ল্যাটিন বিছার অভ্যুদয়ে ইওরোপে বেরূপ গুরুতর পরিবর্তন উপস্থিত হইয়াছিল, ভারতীয় দর্শন ইওরোপে স্থারিচিত হইলে সেইরূপ গুরুতর পরিবর্তন আদিবে। প্রাচ্যতন্ত্ব-গবেষণা খুব প্রবল বেগে অগ্রসর হইতেছে। সভ্যায়েষিগণের সমক্ষেন্তন ভাবস্রোতের ঘার উন্মৃক্ত হইতেছে।

'তবে কি আপনি বলিতে চান, ভারতই অবশেষে তাহার বিজেতাকে জয় করিবে ?'

'হা, ভাবরাজ্যে। এখন ইংলণ্ডের হাতে তরবারি—নে এখন জড়জগতের প্রভু, বেমন ইংরেজের আগে আমাদের মুসলমান বিজেতারা ছিলেন। সম্রাট আকবর কিছ প্রকৃতপক্ষে একজন হিন্দুই হইয়া গিয়াছিলেন। শিক্ষিত মুসলমানদের সলে—স্থানিদের সলে—হিন্দুদের সহজে প্রভেদ করা যায় না। তাহারা গোমাংস ভক্ষণ করে না এবং অস্তান্ত নানা বিষয়ে আমাদের আচার-ব্যবহারের অন্থ্যরণ করিয়া থাকে। তাহাদের চিন্তাপ্রণালী আমাদের বারা বিশেষভাবে অন্থ্রঞ্জি হইয়াছে।'

'তাহা হইলে আপনার মডে—দোর্দগুপ্রভাপ ইংরেজের অদৃষ্টেও ঐরপ হইবে ? বর্তমান মুহুর্তে ঐ ভবিয়ৎ কিন্তু অনেক দূরে বলিয়াই বোধ হয়।'

'না, আপনি বভদ্র ভাবিভেছেন, ভভদ্র নয়। ধর্মবিষয়ে হিন্দু ও ইংবেজের ভাব অনেক বিষয়ে সদৃশ। আর অক্তান্ত ধর্ম-সম্প্রদায়ের সঙ্গে যে হিন্দুর ঐক্য আছে, তাহার যথেষ্ট প্রমাণ রহিয়াছে। যদি কোন ইংরেজ শাসনকর্তার (Civil Servant) ভারতীয় সাহিত্য, বিশেষতঃ ভারতীয় দর্শন সমঙ্কে বিন্দুমাত্রও জ্ঞান থাকে, তবে দেখা যায়, উহাই তাঁহার হিন্দুর প্রতি সহায়জ্জির কারণ। ঐ সহায়জ্জির ভাব দিন দিন বাড়িতেছে। কতকগুলি লোক যে এখনও ভারতীয় ভাবকে অতি সমীর্ণ—এমন কি, কখন কখন অবজ্ঞাপূর্ণ দৃষ্টিতে দেখিয়া থাকে, কেবল অজ্ঞানই যে তাহার কারণ, ইহা বলিলে কিছুমাত্র অতায় বলা হইবে না।

'হাঁ, ইহা অজ্ঞতার পরিচারক বটে। আপনি ইংলণ্ডে না আদিয়া যে আমেরিকার ধর্মপ্রচারকার্যে গেলেন, ইহার কারণ কি বলিবেন ?'

'সেটি কেবল দৈবঘটনা মাত্র—বিশ্বধর্মহাসভা লগুনে না বিদিয়া চিকাগোয় বিসিন্নাছিল বলিয়াই আমাকে সেধানে বাইতে হইয়াছিল। কিন্তু বাত্তবিক লগুনেই উহার অধিবেশন হওয়া উচিত ছিল। মহীশ্রের রাজা এবং আর করেকজন বন্ধু আমাকে সেধানে হিন্দুধর্মের প্রতিনিধিরণে পাঠাইয়াছিলেন। আমি সেধানে তিন বংসর ছিলাম—কেবল গতবংসর গ্রীমকালে আমি লগুনে বক্তৃতা দিবার জন্তু আদিয়াছিলাম এবং এই গ্রীমেও আসিরাছি। মার্কিনেরা খ্ব বড় জাত—উহাদের ভবিন্তুৎ উজ্জল। আমি তাহাদের প্রতি বিশেষ শ্রেরাস্পন্ধ—ভাহাদের মধ্যে আমি অনেক সহাদর বন্ধু পাইয়াছি। ইংরেজদের অপেকা তাহাদের কুসংস্কার অল্প—তাহারা সকল নৃত্ন ভাবকেই ওজন করিয়া দেখিতে বা পরীক্ষা করিতে প্রস্তুত—নৃত্তবত্ব সত্বেও উহার আদর করিতে প্রস্তুত। তাহারা খ্ব অতিথিপরারণ। লোকের বিখাসপাত্র হইতে সেধানে অপেকাক্তত অল্প সমন্থ লাগে। আমার মতো আপনিও আমেরিকার শহরে শহরে ঘূরিয়া বক্তৃতা করিতে পারেন—সর্বত্রই বন্ধু জুটিবে। আমি বস্টন, নিউইর্ক, ফিলাডেলফিয়া, বাণ্টিমোর, ওয়াণিংটন, ডেসমোনিস, মেমফিস এবং অন্তান্ত অনেক স্থানে গিলাছিলাম।'

'আর প্রত্যেক জারগার শিশু করিয়া আগিয়াছেন ?'

'হাঁ, শিশু করিরা আসিরাছি—কিন্ত কোন সমান্ত গঠন করি নাই। উহা আমার কাজের অন্তর্গত নহে। সমান্ত বা সমিতি তো ষথেইই আছে। তা ছাড়া সম্প্রদার করিলে উহা পরিচালনার জন্ত আবার লোক দরকার— সম্প্রদার গঠিত হইলেই টাকার প্রয়োজন, ক্ষতার প্রয়োজন, মুক্রকির প্রয়োজন। জনেক সময় সম্প্রদায়সমূহ প্রভূষের জন্ত চেষ্টা করিয়া থাকে, কথন কথন অপরের সহিত লড়াই পর্যন্ত করিয়া থাকে।'

'ভবে কি আপনার ধর্মপ্রচারকার্বের ভাব সংক্ষেপে এইরূপ বলা বাইতে পারে বে, আপনি বিভিন্ন ধর্মের তুলনামূলক আলোচনা করিয়া ভাহারই প্রচার করিতে চাহেন ?'

'আমি প্রচার করিতে চাই—ধর্মের দার্শনিক তত্ত্ব, ধর্মের বাহু অন্নষ্ঠানপ্রধির বাহা সার তাহাই আমি প্রচার করিতে চাই। সকল ধর্মেরই একটা মুখ্য ও একটা গৌণ ভাগ আছে। ঐ গৌণভাগগুলি ছাড়িয়া দিলে যাহা থাকে, তাহাই সকল ধর্মের প্রকৃত ভিত্তিত্বরূপ, উহাই সকল ধর্মের সাধারণ সম্পত্তি। সকল ধর্মের অন্তর্বালে ঐ একত্ব রহিরাছে—আমরা উহাকে গড়, আরা, জিহোভা, আত্মা, প্রেম—বে-কোন নাম দিতে পারি। সেই এক গড়াই সকল প্রাণীর প্রাণরূপে বিরাজিত—প্রাণিজগতের অতি নিক্রই বিকাশ হইতে সর্বোচ্চ বিকাশ মানব পর্যন্ত সর্বত্র। আমরা ঐ একত্বের দিকেই সকলের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করিতে চাই, কিছু পাশ্চাত্যে—তথু পাশ্চাত্যে কেন, সর্বত্রই লোকে গৌণবিষয়গুলির দিকেই বিশেষভাবে দৃষ্টিপাত করিয়া থাকে। লোকে ধর্মের বাহু অনুষ্ঠানগুলি লইয়া অপরকে ঠিক নিজের মতো কাল করাইবার জন্মই পরস্পরের সহিত বিবাদ এবং পরস্পরকে হত্যা পর্যন্ত করে। ভগবস্থন্তি ও মানব-প্রীতিই যথন জীবনের যার বন্ধ, তথন এইসকল বাদ-বিসংবাদকে কঠিনতর ভাষায় নির্দেশ না করিলেও আশ্চর্ষ ব্যাপার বলিতে হয়।'

'আমার বোধ হয়, হিন্দু কথনও অন্ত ধর্মাবলমীর উপর উৎপীড়ন করিতে পারে না।'

'এ পর্যন্ত করেন বাই। জগতে যত জাতি আছে তাহার মধ্যে হিন্দুই স্বাপেকা পরধর্মদহিষ্ণু। হিন্দু গভীর ধর্মভাবাপর বলিয়া লোকে মনে করিতে পারে যে, ঈশরে অবিশাসী ব্যক্তির উপর সে অত্যাচার করিবে। কিছু দেখুন, জৈনেরা ঈশর-বিশাস সম্পূর্ণ অমাত্মক বলিয়া মনে করে, কিছু এ পর্যন্ত কোন হিন্দুই জৈনদের উপর অত্যাচার করে নাই। ভারতে ম্সলমানেরাই প্রথমে পরধর্মাবলমীর বিক্লছে ভরবারি গ্রহণ করিয়াছিল।'

'ইংলতে এই অবৈড মতবাদ কিরুপ প্রসার লাভ করিতেছে।' এধানে তো সহম্র সহ্যে সম্প্রদার।' 'ষাধীন চিন্তা ও জ্ঞানের বৃদ্ধির সঙ্গে ধীরে ধীরে এগুলি লোপ পাইবে।
উহারা গোণবিষয় অবলঘনে প্রতিষ্ঠিত—সেজস্ত অভাবতই চিন্নকাল থাকিতে
পারে না। ঐ সম্প্রদায়গুলি তাহাদের উদ্দেশ্য লাধন করিরাছে। ঐ উদ্দেশ্য
—সম্প্রদায়গুলু ব্যক্তিবর্গের ধারণাহ্যায়ী সন্ধীর্ণ প্রাতৃভাবের প্রতিষ্ঠা।
এখন ঐ-সকল বিভিন্ন ব্যক্তির সমষ্টির মধ্যে যে ভেদরূপ প্রাচীর—ব্যবধান
আছে, দেগুলি ভাঙিয়া দিয়া ক্রমে আমরা সর্বজনীন প্রাতৃভাবে পৌছিতে
পারি। ইংলণ্ডে এই কাজ খ্ব ধীরে ধীরে চলিতেছে—ভাহার কারণ সম্ভবতঃ
এখনও উপযুক্ত সময় উপস্থিত হয় নাই। কিন্তু তাহা হইলেও ধীরে ধীরে এই
ভাব প্রসায়িত হইতেছে। ইংলগুও ভারতে ঐ কাজে নিযুক্ত রহিয়াছে, আমি
আপনার দৃষ্টি সেইদিকে আকর্ষণ করিতে ইচ্ছা করি। আধুনিক জাতিভেদ
ভারতের উন্নতির একটি বিশেষ প্রতিবন্ধক। উহা সন্ধীর্ণতা ও ভেদ আনয়ন
করে, বিভিন্ন সম্প্রদায়ের ভিতর একটা গণ্ডি কাটিয়া দেয়। চিন্তার উন্নতির
সঙ্গে সঙ্গে উহা চূর্ণ বিচূর্ণ হইয়া যাইবে।'

'কিন্তু কতক ইংরেজ—আর তাঁহারা ভারতের প্রতি কম সহামুভূতি-সম্পন্ন নন, কিংবা উহার ইতিহাস সহদ্ধে খুব অজ্ঞ নন—জাভিভেদকে মুখ্যতঃ কল্যাণকর বলিয়াই মনে করেন। লোকে সহজেই বেশী রকম ইওরোপীয়-ভাবাপন্ন হইয়া বাইতে পারে। আপনিই আমাদের অনেকগুলি আদর্শকে জড়বাদাত্মক বলিয়া নিন্দা করেন।'

'শত্য। কোন বৃদ্ধিমান্ ব্যক্তিই ভারতকে ইংলণ্ডে পরিণ্ড করিতে ইচ্ছা করেন না। দেহের অন্তরালে বে চিন্তা রহিয়াছে, তাহা দারাই এই শরীর গঠিত হইয়াছে। স্থতরাং সমগ্র জাতিটি জাতীয় চিন্তার বিকাশমার, আর ভারতে উহা সহস্র সহস্র বৎসরের চিন্তার বিকাশ-স্করণ। স্থতরাং ভারতকে ইওরোপীয়-ভারাপয় করা এক অসম্ভব ব্যাপার এবং উহার জন্ত চেষ্টা করাও নির্বোধের কাজ। ভারতে চিরদিনই সামাজিক উন্নতির উপাদান বিভ্যমান ছিল; যথনই শান্তিপূর্ণ শাসনপ্রণালী স্থাপিত হইয়াছে, তখনই উহার অন্তিন্দের পরিচয় পাওয়া গিয়াছে। উপনিষদের যুগ হইতে বর্তমান কাল পর্যন্ত আমাদের সকল বড় বড় আচার্যই জাতিভেদের বেড়া ভাতিবার চেষ্টা করিয়াছেন। অবশ্র মূল জাতিবিভাগকে নহে, উহার বিকৃত ও অবনত ভারটাকেই ভাঁহারা ভাতিবার চেষ্টা করিয়াছিলেন। প্রাচীন জাতিবিভাগে অভি স্কলম সামাজিক ব্যবহা ছিল—বর্তমান কাভিভেদের মধ্যে বেটুকু ভাল বেখিতে পাইডেছেন, ভাহা সেই প্রাচীন কাভিবিভাগ হইডেই আদিরাছে। বৃদ্ধ আভিবিভাগকে উহার প্রাচীন মৌলিক আকারে পুনঃপ্রতিষ্ঠিত করিবার চেটা করিরাছিলেন। ভারত বধনই আগিরাছে, তথনই আভিডেদ ভাতিবার প্রবল চেটা হইরাছে। কিছ আমাদিগকেই চিরকাল এ কাজ করিতে হইবে—আমাদিগকেই প্রাচীন ভারতের পরিণতি ও ক্রমবিকাশ-করে নৃতন ভারত গঠন করিতে হইবে; বেকান বৈদেশিক ভাব ঐ কাজে সাহায্য করে, ভাহা বেধানেই পাওয়া যাক না কেন, ভাহা নিজের করিয়া লইতে হইবে। অপরে কথন আমাদের হইয়া ঐ কাজ করিতে পারিবে না। সকল উর্লিউ ব্যক্তিন বা আভি-বিশেবের ভিতর হইতে হওয়া প্রয়োজন। ইংলও কেবল ভারতকে ভাহার নিজ উদ্বার-সাধনে সাহায্য করিতে পারে—এই পর্যন্ত! আমার মতে বে-জাতি ভারতের গলা টিপিরা রহিয়াছে, ভাহার নির্দেশে বে-উর্লি হইবে, ভাহার কোন মূল্য নাই। ক্রীতন্দানের ভাবে কার্য করিলে অভি উচ্চতম কার্বেরও ফলে অবন্তিই ঘটিয়া থাকে।

'আপনি কি ভারতের জাতীয় মহাদমিতি আন্দোলনের (Indian National Congress Movement) দিকে কথনও মনোবোগ দিয়াছেন ?'

'আমি বে ও-বিষয়ে বিশেষ মন দিয়াছি, বলিতে পারি না। আমার কার্য-ক্ষেত্র অন্ত বিভাগে। কিন্তু আমি ঐ আন্দোলন ঘারা ভবিন্ততে বিশেষ শুভফল লাভের সন্তাবনা আছে মনে করি এবং অন্তরের সহিত উহার সিদ্ধি কামনা করি। ভারতের বিভিন্ন জাতি লইয়া এক বৃহৎ জাতি বা নেশন গঠিত ইইতেছে। আমার কখনও কখনও মনে হয়, ভারতের বিভিন্ন জাতি ইওরোপের বিভিন্ন জাতি অপেকা কম বিচিত্র নয়। অতীতে ইওরোপের বিভিন্ন জাতি অপেকা কম বিচিত্র নয়। অতীতে ইওরোপের বিভিন্ন জাতি ভারতীর বাণিজ্য-বিভারের জক্ত বিশেষ প্রয়াস পাইয়াছে, আর এই ভারতীর বাণিজ্য জগতের সভ্যতা-বিভারে একটি প্রবল শক্তিরূপে কাজ করিয়াছে। এই ভারতীয় বাণিজ্য লগতের সভ্যতা-বিভারে একটি প্রবল শক্তিরূপে কর্মা করিয়াছে। এই ভারতীয় বাণিজ্যাধিকারলান্ত মহয়্মজাতির ইভিহাসে একরূপ ভাগ্যচক্র-পরিবর্তনকারী ঘটনা বলিয়া নির্দেশ করা ঘাইতে পারে। আমরা দেখিতে পাই, ওললাক, পোর্জুরীল, করাসী ও ইংরেজ ক্রমান্তরে উহার জন্ত চেটা করিয়াছে। ভিনিস্বাসীয়া প্রাচ্যক্রেশ বাণিজ্য-বিভারে ক্তিরান্ত হইয়া অনুর পাশ্চাত্যে ঐ ক্ষতিপূরণের চেটা করাতেই বে আমেরিকার আবিছার হইল, ইহাও বলা ঘাইতে পারে।

'ইহার পরিণতি কোণায় ?'

'অবশ্য ইহার পরিণতি হইবে ভারতের মধ্যে সাম্যভাব-হাপনে, সক্ষণ ভারতবানীর ব্যক্তিগত সমান অধিকারলাতে। জ্ঞান করেকজন শিক্ষিত ব্যক্তির একচেটিরা সম্পত্তি থাকিবে না—উহা উচ্চ শ্রেণী হইতে ক্রমে নির শ্রেণীতে বিস্তৃত হইবে। সর্বনাধারণের মধ্যে শিক্ষা-বিস্তারের চেটা চলিতেছে, পরে বাধ্য করিরা সকলকে শিক্ষিত করিবার বন্দোবত্ত হইবে। ভারতীয় সর্বনাধারণের মধ্যে নিহিত জ্ঞাধ কার্বকরী শক্তিকে ব্যবহারে আনিতে হইবে। ভারতের জ্ঞান্তরে মহতী শক্তি নিহিত জ্বাছে—উহাকে জাগাইতে হইবে।

'প্ৰবল যুদ্ধকুণল জাভি না হট্য়া কি কেছ কথনও বড় ছট্য়াছে ?'

বামীনী মূহ্র্তমাত্ত ইতন্ততঃ না করিয়া বলিলেন 'হাঁ, চীন হইয়াছে।
অক্টান্ত দেশের মধ্যে আমি চীন ও জাপানে ভ্রমণ করিয়াছি। আজ চীন
একটা ছত্তভল দলের মতো হইয়া দাঁড়াইয়াছে; কিছ উন্নতির দিনে উহার
বেমন স্থান্থল সমাজব্যবহা ছিল, আর কোন জাতির এ পর্যন্ত সেরপ হয়
নাই। অনেক বিষয়—বেগুলিকে আমরা আজকাল 'আধুনিক' ব'লে থাকি,
চীনে শত শত, এমন কি সহস্র সহস্র বংশর ধরিয়া সেগুলি প্রচলিত ছিল।
দৃষ্টান্তবর্রণ প্রতিবোগিতা-পরীকার কথা ধরুন।'

'চীন এমন ছত্তভৰ হইয়া গেল কেন ?'

'কারণ, চীন ভাহার সামাজিক প্রথা অহবায়ী মাহ্ব ভৈয়ার করিতে পারিল না। আপনাদের একটা চলিত কথা আছে বে, পার্লামেন্টের আইনবলে মাহ্বকে ধার্মিক করিতে পারা বার না। চীনারা আপনাদের প্রেই ঐ কথা ঠেকিয়া শিধিয়াছিল। ঐ কারণেই রাজনীতি অপেকা ধর্মের আবশ্রকভা গভীরভর। কারণ ধর্ম ব্যাবহারিক জীবনের মূলতত্ব লইয়া আলোচনা করে।'

'আপনি বে ভারতের আগরণের কথা বলিতেছেন, ভারত কি লে-বিবরে সচেতন ?'

'সম্পূর্ণ সচেতন। সকলে সম্ভবতঃ কংগ্রেস আন্দোপনে এবং সমাজসংখ্যার-ক্ষেত্রে এই জাগরণ বেশীর ভাগ দেখিয়া থাকে, কিন্তু অপেকার্ক্ত ধীরভাবে কাল চলিলেও ধর্মবিবরে ঐ জাগরণ বাত্তবিকই হইরাছে।'

'পাশ্চাত্য ও প্রাচ্য দেশের আদর্শ এতদ্র বিভিন্ন। আমাদের আদর্শ সামাজিক অবহার পূর্ণতা-সাধন বলিয়াই বোধ হয়। আমরা এখন এই-সকল বিষয়ের আলোচনাডেই ব্যন্তিবাত রহিয়াছি, আর প্রাচ্যবাসিগণ দেই সময়ে হল তথ্যসূত্রে থানে নির্ভা। হলানবৃদ্ধে ভারতীয় সৈন্তের ব্যরভার কোথা হইতে নির্বাহ হইবে, এই বিষয়ের বিচারেই এখানে পার্গামেন্ট ব্যন্ত। বক্ষণশীল সম্প্রদারের মধ্যে ভক্ত সংবাহপত্র মাত্রেই সরকারের অক্সায় মীমাংসার বিক্ষে খ্ব চীৎকার করিভেছে, কিন্তু আপনি হয়তো ভাবিভেছেন, ও-বিষয়টা একেবারে মনোধাপেরই বোগ্য নয়।'

বামীনী সন্থার সংবাদপত্রটি লইয়া এবং রক্ষণশীল সম্প্রদারের কাগজ হইতে উদ্ধৃতাংশসমূহে একবার চোধ বুলাইয়া বলিলেন, 'কিন্তু আপনি সম্পূর্ণ ভূল ব্রিয়াছেন। এ বিষয়ে আমার সহাত্ত্তি অভাবতই আমার দেশের সহিত হইবে। তথাপি ইহাতে আমার একটি সংস্কৃত প্রবাদ মনে পড়িতেছে—হাতী বেচিয়া এখন আর অভূপের অভ বিবাদ কেন? ভারতই চিরকাল দিয়া আসিতেছে। রাজনীতিকদের বিবাদ বড় অভূত। রাজনীতির ভিতর ধর্ম চুকাইতে এখনও অনেক যুগ লাগিবে।'

'ভাছা হইলেও উহার বস্ত অভি শীত্র চেটা করা ডো আবশুক ?'

'হাঁ, জগতের মধ্যে বৃহত্তম শাসন্যন্ত হুমহান্ লগুনের হাদরে কোন ভাব-বীজ রোপণ করা বিশেষ প্ররোজন বটে। আমি অনেক সময় ইহার কার্যপ্রধানী পর্যবেক্ষণ করিয়া থাকি—কিরপ তেকের সহিত ও কেমন সম্পূর্ণভাবে অভি স্ম্মুজম শিরার পর্যন্ত উহার ভাবপ্রথাহ ছুটিরাছে! উহার ভাববিস্তার—চারিদিকে শক্তিসঞ্চালনপ্রধানী কি অভ্ত! ইহা দেখিলে সমগ্র সাম্রাজ্যটি কভ বৃহৎ ও উহার কার্য কভ গুরুত্তর, তাহা ব্রিবার পক্ষে সাহায্য হয়। অভাক্ত বিষয়-বিশ্বারের সহিত উহা ভাবও ছড়াইয়া থাকে। এই মহান্ ব্রের কেক্সে কভকগুলি ভাব প্রবেশ করাইয়া দেওয়া বিশেষ প্রয়োজন, যাহাছে অভি দূরবর্তী দেশে পর্যন্ত ক্রিকা সঞ্চারিত হইতে পারে।'

रेश्नर७ ভারতীয় ধর্মপ্রচারক

[লওন হইতে প্রকাশিত 'একো' নামক সংবাদপত্র, ১৮৯৬]

স্বামি প্রথমেই ঐ ভারতীয় যোগীকে তাঁহার নাম খ্ব ধীরে ধীরে বানান করিতে বলিগাম।

'আপনি কি মনে করেন, আজকাল লোকের অদার ও গৌণ বিষয়েই দৃষ্টি বেশী ?'

'আমার তো তাই মনে হয়—অহাত জাতিদের মধ্যে এবং পাশ্চাত্য দেশের সভ্য জাতিদের মধ্যে খারা অপেকান্তত কম শিক্ষিত, তাদের মধ্যেও এই ভাব। আপনার প্রশ্নের ভাবে বোধ হয়, ধনী ও শিক্ষিত ব্যক্তিগণের মধ্যে অক্ত ভাব। বান্তবিক তাই বটে। ধনী লোকেরা হয় ঐশর্বভোগে মগ্ন অথবা আরও অধিক ধন-সঞ্চয়ের চেট্টায় ব্যন্ত। তারা এবং সংসারকর্মে ব্যন্ত অনেক লোকে ধর্মটাকে একটা অনর্থক বাজে জিনিস মনে করে, আর সরল ভাবেই এ-কথা মনে ক'রে থাকে। প্রচলিত ধর্ম হজ্জে—দেশহিতৈবিতা আর লোকাচাম্ব। লোকে বিবাহের সময় বা কাকেও কবর দেবার সময়েই কেবল চার্চে খার।'

'আপনি যা প্রচার করছেন, তার ফলে কি লোকের চার্চে গভিবিধি বাড়বে p'

'আমার তো তা বোধ হয় না। কারণ বাহ্য অন্তর্গান বা মতবাদের সংক আমার কোন সম্পর্ক নেই। ধর্মই বে মানবজীবনের সর্বস্থ এবং সব কিছুর ভেতরেই বে ধর্ম আছে, তাই কেধানো আমার জীবনত্রত। আধানে ইংলওে কি ভাব চলছে ? ভাবগতিক দেখে বোধ হয় বে, লোভালিজম্ বা অন্ত কোনরপ গণছত্র, ভার নাম বাই দিন মা কেন, শীল্ল প্রচলিত হবে। লোকে অবশ্র ভাদের সাংগারিক প্রয়োজনীয় বিষয়গুলির আকাজ্রা মেটাডে চাইবে। ভারা চাইবে—বাভে ভাদের কাজ পূর্বাপেক্ষা কমে বায়, বাভে ভারা ভাল খেতে পার এবং অভ্যাচার ও যুদ্ধবিগ্রহ একেবারে বন্ধ হয়। কিন্ত বদি এদেশের সভ্যভা বা অন্ত কোন সভ্যভা ধর্মের উপর, মানবের সাধুভার উপর প্রতিষ্ঠিত না হয়, ভবে ভা বে টিকবে ভার নিশ্চরভা কি ? এটি নিশ্চর জানবেন বে, ধর্ম সকল-বিষয়ের মূলদেশ পর্যন্ত গিয়ে থাকে। বদি ঐটি টিক থাকে, ভবে সব ঠিক।

'কিন্ত ধর্মের সার দার্শনিক ভাব লোকের মনে প্রবেশ করিরে দেওয়া ভো বড় সহজ ব্যাপার নয়। লোকে সচরাচর বে-সকল চিন্তা করে এবং বেভাবে জীবনবাত্রা নির্বাহ করে, ভার সঙ্গে ভো এর অনেক ব্যবধান।'

'সকল ধর্ম বিশ্লেষণ করনেই দেখা বার, প্রথমাবস্থার লোকে ক্ষেডর সত্যকে আশ্রয় ক'রে থাকে, পরে তা থেকেই বৃহত্তর সভ্যে উপনীত হর; ক্তরাং অসত্য ছেড়ে সত্যলাত হ'ল, এটি বলা ঠিক নর। স্টের অভ্যালে এক বছ বিরাজমান, কিছ লোকের মন নিতান্ত ভিন্ন ভিন্ন প্রকারের। 'একং সহিপ্রা বছরা বদন্তি'—সত্য বন্ধ একটিই, জ্ঞানিগণ তাকে নানারূপে বর্ণনা ক'রে থাকেন। আমার বলবার উদ্বেশ্র এই বে, লোকে সহীর্ণতর সভ্য থেকে ব্যাপকতর সভ্যে অপ্রসর হরে থাকে; ক্ষত্রাং অপরিণত বা নিয়তর ধর্মসমূহও মিথ্যা নর, সত্য; তবে তাদের মধ্যে সভ্যের ধারণা বা অক্ষ্ ভিত্ত অপেকারত অক্ষাই বা অপক্ষই—এই মান্ত। লোকের জ্ঞানবিকাশ ধীরে ধীরে হয়ে থাকে। এমন কি, ভ্রোপাসনা পর্যন্ত নেই নিত্য সত্য সনাতন ব্রহ্মেরই বিকৃত্ত উপাসনা মাত্র। ধর্মের অক্ষান্ত বে-সব রূপ আছে, তাহাদের মধ্যেও অরবিত্তর সভ্য বর্তমান; সত্য কোন ধর্মেই পূর্ণব্রপে নেই।'

'আপনি ইংলতে এই বে ধর্মপ্রচার করতে এলেছেন, তা আপনারই উদ্বাবিত কি না, এ কথা জিল্লাসা করতে পারি কি ?'

'এ ধর্ম আহার উত্তাবিত কথনই নয়। আমি রামকৃষ্ণ পর্মহংগ নামক অনৈক ভারতীয় মহাপুক্ষবের শিক্ত। আহাদের দেশের অনেক মহাত্মার মতো ভিনি বিশেষ পণ্ডিত ছিলেন না বটে, কিন্তু অভিশয় পবিদ্যাত্মা ছিলেন এবং তাঁহার জীবন ও উপদেশ বেদান্তদর্শনের ভাবে বিশেষরূপে জন্মরবিত হিল। বেদান্ত দর্শন বলনাম—কিন্ত এটিকে ধর্মও বলতে পারা যার, কারণ প্রকৃতপক্ষেত্র। ধর্ম ও 'দর্শন' উভরই। সম্প্রতি 'নাইনটিছ সেঞ্জি' পত্রের একটি সংখ্যার অধ্যাপক ম্যাক্সমূলার আমার আচার্যদেবের বে বিবরণ লিখেছেন, ভা জন্মগ্রহপ্রক পড়ে দেখবেন। ১৮৩৬ গ্রীষ্টাব্দে হগলি জেলার শ্রীয়ামরকের জন্ম হয়, আর ১৮৮৬ গ্রীষ্টাব্দে তাঁর দেহত্যাগ হয়। কেশবচন্দ্র সেন এবং জন্মান্ত জীবনের উপর তিনি প্রবল প্রভাব বিন্তার করেছিলেন। শরীর ও মনের সংব্ম জন্মান ক'রে তিনি আধ্যান্থিক জগতে গভীর জন্মদৃষ্টি লাভ করেছিলেন। তাঁর মুখভাব সাধারণ মান্ত্রের মতো ছিল না—তাঁর মুখে বালকের মতো কমনীয়তা, গভীর নত্রভা এবং জন্তুত প্রশান্ত ও মধুর ভাক দেখা বেত। তাঁর মুখ দেখে বিচলিত না হয়ে কেউ থাকতে পারত না।'

'তবে আপনার উপদেশ বেদ হইতে গৃহীত।'

'হাঁ, বেদান্তের অর্থ বেদের শেষভাগ, উহা বেদের তৃতীর অংশ। উহার নাম উপনিষদ্। প্রাচীনভাগে বে-সকল ভাব বীজাকারে অবহিত দেখতে শাওরা যার, সেই বীজগুলিই এখানে স্থারিণত হয়েছে। বেদের অতি প্রাচীন ভাগের নাম সংহিতা। এগুলি অতি প্রাচীন ধরনের সংস্কৃতে রচিত। বান্ধর 'নিকক্ত' নামক অতি প্রাচীন অভিধানের সাহাব্যেই কেবল এগুলি বোঝা বেতে পারে।'

'আমাদের—ইংরেজদের—বরং ধারণা, ভারতকে আমাদের কাছ থেকে আনেক শিক্ষা করতে হবে। ভারত থেকে ইংরেজরা বে কিছু শিখতে পারে, এ-সম্বন্ধে শাধারণ লোক একরণ অঞ্জ বনলেও হয়।'

'ভা সভা বটে। কিন্তু পণ্ডিভেরা ভাসভাবেই জানেন, ভারভ বেকে কভদ্ব শিক্ষা পাওয়া বেভে পারে, আর ঐ শিকা কভদ্রই বা প্রয়োজনীর। আপনি দেখবেন—মাজম্লার, মোনিরার, উইলিরাম্স, ভার উইলিরম হাণ্টার বা ভার্মান প্রাচ্যভত্তবিং পণ্ডিভেরা ভারতীর স্থাবিজ্ঞান (abstract science)-কে অবজ্ঞা করেন লা।'

স্বামীজীর সহিত মাগ্ররায় একঘণ্টা

('হিন্দু', মাস্তাজ; কেব্ৰুবারি, ১৮৯৭)

প্রশ্ন। আসার বতদ্র জানা আছে, 'লগং নিখ্যা'—এই মতবাদ এই করেক প্রকারে ব্যাখ্যাত হটয়া থাকে:

(১) অনভের তুলনার নখর নামরপের ছারিছ এত অর বে, তাহা বলিবার নর। (২) ছুইটি প্রলমের অন্তর্গত কাল অনভের তুলনার এরূপ। (৩) বেমন শুক্তিতে রম্বতজ্ঞান বা রক্ত্তে লর্পজ্ঞান অমাবহার সত্য, আর ঐ জ্ঞান মনের অবস্থাবিশেষের উপর নির্ভর করে, সেইরূপ বর্তমানে এই জগতেরও একটা আপাতপ্রতীয়মান সত্যতা আছে, উহারও সত্যতা-জ্ঞান মনের অবস্থাবিশেষের উপর নির্ভর করে, কিছু পরমার্থতঃ (চরমে বা পরিণামে) বিধ্যা। (৪) বন্ধ্যাপুত্র বা শশশৃক বেমন মিধ্যা, জগৎও তেমনি একটা মিধ্যা ছারামাত্র।

এই করেকটি ভাবের মধ্যে অবৈত বেদাস্কদর্শনে 'জগৎ মিখ্যা' এই মতটি কোন ভাবে গুড়ীত হইয়াছে ?

উত্তর। অবৈতবাদীদের ভিতর অনেক শ্রেণী আছে—প্রত্যেকটিই কিন্ত ঐপুলির মধ্যে কোন-না-কোন একটি ভাবে অবৈতবাদ ব্রিয়াছেন। শহর তৃতীর ভাবাহ্যায়ী শিক্ষা দিয়াছেন। তাঁহার উপদেশ—এই জগৎ আমাদের নিকট বেভাবে প্রতিভাত হইভেছে, ভাহা দবই বর্তমান আনের পকে ব্যাবহারিক ভাবে সত্য; কিন্ত বংনই মানবের আন উচ্চ আকার ধারণ করে, তথনই উহা একেবারে অভুহিত হর; সমূপে একটা হাণু দেখিয়া আপনার ভূত বলিয়া শ্রম হইছেছে। সেই সমরের জন্ত সেই ভূতের আনটি সভ্য; কারণ, বথার্ব ভূত হইলে উহা আপনার মনে বেরপ কাল করিত, বে-কল উৎপর করিত, ইহাভেও ঠিক সেই কল হইছেছে। বথনই আপনি ব্রিবেন উহা ছাণুমাত্র, ভখনই আপনার ভূতজান চলিয়া যাইবে। ছাণু ও ভূত—উভন্ন জান একত্র থাকিতে পারে না। একটি বথন বর্তমান, অপরটি ভখন থাকে না।

প্র। শহরের কডকগুলি গ্রহে চতুর্ব ভাবটিও কি গৃহীত হয় নাই ?

- উ। না। কোন কোন ব্যক্তি শহরের 'লগং বিধ্যা' এই উপদেশটির মর্ম ঠিক ঠিক ধরিতে না পারিয়া উহাকে লইয়া বাড়াবাড়ি করিয়াছেন, তাঁহারাই তাঁহাদের গ্রন্থে চতুর্থ ভাবটিকে গ্রহণ করিয়াছেন। প্রথম ও বিতীয় ভাব তৃটি করেক শ্রেণীয় অবৈতবাদী গ্রন্থের বিশেষত্ব বটে, কিন্তু শহর প্রথলি কথনও অহুমোদন করেন নাই।
 - প্র। এই আপাতপ্রতীয়মান সত্যভার কারণ কি ?
- উ। স্থাণুতে ভূত-প্রান্তির কারণ কি ? জগৎ প্রকৃতপক্ষে সর্বদাই একরূপ রহিয়াছে, আপনার মনই ইহাতে নানা অবস্থা-বৈচিত্তা স্থাষ্ট করিভেছে।
- প্র। 'বেদ অনাদি অনম্ব'—এ-কথার ৰাত্তবিক তাৎপর্য কি ? উহা কি বৈদিক মন্তরাজির সম্বন্ধে বৃথিতে হইবে ? যদি বেদমন্ত্রে নিহিত সত্যকে লক্ষ্য করিয়াই বেদ অনাদি অনম্ভ বলা হইয়া থাকে, তবে ক্সায় জ্যামিতি রসায়ন প্রভৃতি শান্তও অনাদি অনম্ভ; কারণ তাহাদের মধ্যেও তো সনাতন সভ্য বহিরাছে ?
- উ। এমন এক সময় ছিল, যখন বেদের অন্তর্গত আধ্যাত্মিক সভ্যসমূহ অপরিণামী ও সনাতন, মানবের নিকট কেবল অভিব্যক্ত হইয়াছে মাত্র— এইভাবে বেদসমূহ অনাদি অনম্ভ বিবেচিত হইত। পরবর্তী কালে বোধ হয় বেন অর্থকানের সহিত বৈদিক মন্ত্রগুলিই প্রাধান্ত লাভ করিল এবং ঐ মন্ত্রগুলিকেই ঈশরপ্রস্থাত বলিয়া লোকে বিশাস করিতে লাগিল। আরও পরবর্তী কালে মন্ত্রভলির অর্থেই প্রকাশ পাইল যে, তাহাদের মধ্যে অনেকগুলি কথনও ঈশ্বরপ্রস্থত হইতে পারে না; কারণ এগুলি মানবজাতিকে— প্রাণিগণকে—বন্ত্রণাদান প্রভৃতি নানাবিধ পাপজনক কার্বের বিধান দিয়াছে, উহাদের মধ্যে অনেক 'আবাঢ়ে গর'ও দেখিতে পাওয়া যায়। বেদ 'অনাদি অনন্ত'---এ-কথার বথার্থ ভাৎপর্য এই বে, উহা দারা মানবজাভির নিকট বে বিধি বা সভ্য প্রকাশিত হইয়াছে, ভাছা নিভ্য ও অপরিণামী। স্থায় জ্যামিতি রদায়ন প্রভৃতি শাল্পও মানবজাভির নিকট নিভ্য অপরিশামী নিরম বা সভ্য প্রকাশ করিয়া থাকে, আর সেই অর্থে উহারাও অনাদি অনস্ত। কিছ এমন সভ্য বা বিধিই নাই, বাহা বেলে নাই; আর আমি আপনাদের সকলকেই আহ্বান করিডেছি—উহাতে ব্যাখ্যাত হয় নাই, এমন কি সভ্য चाट्ट, दिशाहेश हिन।

প্র। অবৈতবাদীদের মৃক্তির ধারণা কিরপ । আমার জিজাসার উদ্দেশ্ত এই—তাঁহাদের মতে কি ঐ অবস্থার জ্ঞান থাকে । অবৈতবাদীদের মৃক্তি ও বৌশ্বনির্বাণে কোন প্রভেদ আছে কি ।

উ। মৃক্তিতে একপ্রকার জ্ঞান থাকে, উহাকে জ্ঞামরা 'তুরীর জ্ঞান' বা
অতিচেত্তন অবহা বলিয়া থাকি। উহার সহিত জ্ঞাপনাদের বর্তমান জ্ঞানের
প্রভেদ আছে। মৃক্তি-অবহার কোনরূপ জ্ঞান থাকে না, বলা যুক্তিবিক্ষ।
আলোকের মতো জ্ঞানেরও তিন অবহা—মৃত্ত জ্ঞান, মধ্যবিধ জ্ঞান ও চরম
জ্ঞান। বধন আলোকের স্পন্দন অতি প্রবল হয়, তথন উহার উজ্ঞ্জ্য এড
অধিক হয় বে, উহা চক্ষ্কে ধারিয়া দেয়, তার অতি ক্ষীণতম আলোকে বেমন
কিছু দেখিতে পাওয়া বায় না, উহাতেও সেইয়প কিছুই দেখা বায় না।
জ্ঞান সহক্ষেও তাহাই। বৌজেয়া বাহাই বল্ন না কেন, নির্বাণেও ঐ-প্রকার
জ্ঞান বিভ্যান। আমাদের মৃক্তির সংজ্ঞা অন্তিভাবাস্থক, বৌদ্ধ নির্বাণের
সংজ্ঞা নান্তিভাবত্যোতক।

প্র। তুরীয় এক অগৎস্টির জন্ত অবস্থাবিশেব আশ্রয় করেন কেন ?

উ। এই প্রশাটিই অবৌজিক, সম্পূর্ণ স্থারশান্তবিক্ষ। এক 'অবাঙ্-মনসোগোচরম্,' অর্থাৎ বাক্যের বারা বা মনের বারা তাঁহাকে ধরিতে পারা বার না। বাহা দেশ-কাল-নিমিত্তের অতীত প্রদেশে অবস্থিত, তাহাকে মানব-মনের বারা ধারণা করিতে পারা বার না; আর দেশ-কাল-নিমিত্তের অন্তর্গত রাজ্যেই যুক্তি ও অন্থলমানের অধিকার। তাই বদি হয়, তবে বে-বিষয় মানব-বৃদ্ধি বারা ধারণা করিবার কোন সন্থাবনা নাই, সে-সম্বন্ধে জানিবার ইচ্ছা বুধা চেষ্টা মাত্র।

প্র। দেখা বার—অনেকে বলেন, প্রাণগ্রন্থলির আপাত-প্রতীর্মান অর্বের পশ্চাতে গুল্ব অর্থ আছে। তাঁহারা বলেন, ঐ গুল্ব ভাবগুলি প্রাণে রূপকছলে উপদিই হইরাছে। কেহু কেহু আবার বলেন বে, প্রাণের মধ্যে ঐতিহানিক সত্য কিছুমাত্র নাই—উল্লভ্য আন্রূপন্যহ ব্যাইবার জন্ত প্রাণকার কডকগুলি কাল্লনিক চরিত্রের স্টে করিরাছেন মাত্র। দৃষ্টাভ্যরূপ বিষ্ণুপ্রাণ, রামারণ বা মহাভারতের কথা ধলন। এখন বিজ্ঞান্ত এই, বাত্তবিক কি ঐগুলির ঐতিহানিক সভ্যতা কিছু আছে, অথবা উহারা কেবল দার্শনিক সভ্যসমৃহের রূপকভাবে বর্ণনা, অথবা মান্বজাতির চরিত্র নিয়মিত করিবার

অত উচ্চত্য আদর্শনমূহেরই দৃষ্টাত, কিংবা উহায়া মিণ্টন হোরর প্রভৃতির কাব্যের ভার উচ্চতাবাত্মক কাব্যমাত্র ?

উ। কিছু-না-কিছু ঐতিহাসিক সভ্য সকল পুরাণেরই মূল ভিডি। পুরাণের উদ্দেশ্ত-নানাভাবে পরম সত্য সমমে শিক্ষা দেওরা। আর বহিও **নেঙলিতে কিছু**যাত্র ঐতিহাসিক সত্য না থাকে, তথাপি উহারা বে উচ্চতম সভ্যের উপদেশ দিয়া থাকে, সেই হিসাবে আমাদের নিকট থুব উচ্চ প্রামাণ্য গ্রহ। দৃষ্টাভত্তরণ রামায়ণের কথা ধকন-অলভ্যনীয় প্রামাণ্য গ্রহরণে উহাকে মানিডে হইলেই যে রামের ভার কেহ কথন যথার্থ ছিলেন, খীকার করিতে হইবে, ভাহা নহে। রামায়ণ বা মহাভারতের মধ্যে বে ধর্মের মাহাত্ম্য ঘোষিত হইয়াছে, তাহা বাম বা কৃষ্ণের অভিত্ব-নাভিত্ত্বর উপর নির্ভর করে না; স্থভবাং ইহাদের অভিত্যে অবিধাদী হইয়াও রামায়ণ-মহাভারতকে মানবজাতির নিকট উপদিষ্ট মহান্ ভাষদমূহ সহজে উচ্চ প্রামাণ্য গ্রন্থ বলিয়া খীকার করিতে পারা যায়। আমাদের দর্শন উহার সভ্যভার জন্ত কোন ব্যক্তিবিশেষের উপর নির্ভর করে না। দেখুন, ক্বফ জগতের সমকে নৃতন বা মৌলিক কিছুই শিকা দেন নাই, আর রামায়ণকারও এমন কথা বলেন ना त्य, त्यमानि भारत यादा चारते छेनिहे द्य नारे, ध्यन किंद्र छर्क তিনি শিখাইতে চান। এইটি বিশেষভাবে লক্ষ্য করিবেন, এটিধর্ম এটি ব্যভীত, মুসলমানধৰ্ম মহমদ এবং বৌদ্ধধৰ্ম বৃদ্ধ ব্যভীত টিকিতে পাৱে না, কিন্ত হিন্দুধর্ম কোন ব্যক্তিবিশেষের উপর একেবারে নির্ভর করে না। কোন পুরাণে বর্ণিত দার্শনিক সভ্য কভদ্র প্রামাণ্য, ভাহার বিচার করিভে হইলে ঐ পুরাণে বর্ণিত ব্যক্তিগণ বাত্তবিক্ট ছিলেন, অথবা তাঁচারা কান্ননিক চরিত্রমাত্র,এ বিচারের কিছুমাত্র আবশ্রকতা নাই। পুরাণের উচ্চেত্র ছিল মানবলাভির শিক্ষা—আর যে-সকল ঋষি ঐ পুরাণসমূহ রচনা করিয়াছিলেন, তাঁহারা বভকওলি ঐতিহাসিক চরিত্র লইয়া ইচ্ছামত ৰত কিছু ভাল বা ৰন্দ গুণ উহাদের উপত্র আবোপ করিডেন—এইরূপে তাঁহায়া বানবজাভির পরিচালনার জন্ত ধর্মের বিধান দিয়াছেন। বামায়ণে ববিত দশমুধ বাবণের অভিত্য-একটা দশনাধানুক্ত রাজন অবশুই ছিল--সানিভেই হইবে, এমন কি কথা আছে? দুশানন নামে কোন ব্যক্তি বাস্তবিক্ট থাকুন यां छेश कविकश्रनाहे रूछक, जे চतिलगश्रात जमन किছू निका एर अश হইরাছে, বাহা আমাদের বিশেষ প্রণিধানের বোদ্য। আপনি এখন কৃষ্ণকে আমাত মনোহরভাবে বর্ণনা করিছে পারেন, আপনার বর্ণনা আহর্নের উচ্চতার উপর নির্ভয় করিবে, কিন্তু পুরাণে নিবন্ধ মহোচ্চ দার্শনিক সভ্যসমূহ চিরকালই একরপ।

প্ৰ। বদি কোন ব্যক্তি শিছ (adept) হন, তবে কি তাঁহার পক্ষে তাঁহার পূর্ব পূর্ব জন্মের ঘটনাসমূহ স্মরণ করা সম্ভব । পূর্বজন্মের স্থুল মণ্ডিছ—বাহার মধ্যে তাঁহার পূর্বাহুভূতির সংস্থারসমূহ সঞ্চিত ছিল—এখন তাহা জ্বার নাই, এ-জন্মে তিনি একটি নৃতন মন্তিছ পাইয়াছেন। তাহাই বদি হইল, তবে বর্তমান মন্তিছের পক্ষে অধুনা অবর্তমান অপর ষম্মের বারা গৃহীত সংস্থারসমূহকে গ্রহণ করা কিভাবে সম্ভব হইতে পারে ?

খামীজী। শাপনি সিদ্ধ (adept) বলিতে কি লক্ষ্য করিতেছেন ? সংবাদদাতা। বিনি নিজের 'গুহু' শক্তিসমূহের 'বিকাশ' করিয়াছেন।

বামীনী। 'গুড়' শক্তি কিভাবে 'বিকাশ'প্রাপ্ত হইবে, তাছা আমি বৃথিতে পারিতেছি না। আপনার ভাব আমি বৃথিতেছি, কিন্তু আমার বিশেষ ইচ্ছাবে, বে-সকল শব্দ ব্যবহার করিতে হইবে, দেগুলির অর্থে বেন কোনরূপ অনিটিট বা অস্পট ভাবের ছারামাত্র না থাকে। বেখানে বে-শব্দটি বথার্থ উপবোগী, সেথানে বেন ঠিক সেই শব্দটি ব্যবহৃত হয়। আপনি বলিতে পারেন, 'গুড়' বা 'অব্যক্ত' শক্তি 'ব্যক্ত' বা 'নিরাবরণ' হয়। বাঁহাদের অব্যক্ত শক্তি ব্যক্ত হইরাহে, তাঁহারা তাঁহাদের পূর্বজন্মের ঘটনাসমূহ স্মরণ করিতে পারেন। কারণ মৃত্যুর পর বে স্ক্র শরীর থাকে, তাহাই তাঁহাদের বর্তমান মন্তিকের বীক্ষরূপ।

थ। षहिन्द्क हिन्द्र्यांननशे कता कि हिन्द्र्यंत म्नलादत पिताशे, पात छ्लान यहि हर्नन्याद्वत गाथा करत, बाचन कि लाहा छनिएल भारतन ?

উ। অহিনুকে হিনু করা হিনুধর্ম আগতিকর জান করেন না। বে-কোন ব্যক্তি—ভিনি শৃত্রই হউন জার চণ্ডালই হউন—রামণের নিকট পর্বস্ত দর্শনশান্তের ব্যাখ্যা করিছে পারেন। জড়ি নীচ ব্যক্তির নিকট হইভেও— ভিনি বে-কোন জাড়ি হউন বা বে-কোন ধর্মাবলমী হউন—গড়া শিকা করাঃ মাইছে গারে। খানীজী তাঁহার এই মতের খপকে খ্ব প্রামাণ্য সংস্কৃত প্লোকসমূহ উদ্বৃত্ত করিলেন। এই খানেই কথাবার্তা বন্ধ হইল, কারণ তাঁহার মন্দিরদর্শনে বাইবার সমস্ব হইরাছিল। স্বভরাং ভিনি উপস্থিত ভন্তলোকগণের নিকট বিদার গ্রহণ করিয়া মন্দিরদর্শনে যাত্রা করিলেন।

ভারত ও অস্থান্য দেশের নানা সমস্থা আলোচনা

['হিন্দু', মাক্রাজ ; কেব্রুআরি, ১৮৯৭]

আমাদের অনৈক প্রতিনিধি চিঙলপুট স্টেশনে স্বামীজীর সহিত টেনে সাক্ষাৎ করেন এবং তাঁহার সহিত মান্ত্রাজ পর্যন্ত আদেন। গাড়িতে উভরের নিয়লিখিত কথোপকথন হইয়াছিল:

'বামীজী, আপনি আমেরিকায় কেন গেছলেন ?'

'বড় শক্ত কথা। সংক্ষেপে এর উত্তর দেওয়া কঠিন। এখন আমি এর আংশিক উত্তর মাত্র দিতে পারি। ভারতের সব ভারগায় আমি ঘ্রছিল্ম— দেখল্ম, ভারতে ষথেষ্ট খোরা হয়েছে; তথন অন্ত অন্ত দেশে যাবার ইচ্ছা হ'ল। আমি ভাপানের দিক দিয়ে আমেরিকায় গেছল্ম।'

'আপনি আপানে কি দেখনেন? আপান উন্নতির যে পথে চলেছে, ভারতের কি তা অভুসরণ করবার কোন সম্ভাবনা আছে—মনে করেন ?'

'কোন সন্তাবনা নেই, বতদিন না ভারতের ত্রিশ কোটি লোক মিলে একটা লাভি হয়ে দাঁড়ায়। আপানীর মতো এমন মদেশহিতৈবী ও শিল্পট্র লাভ আর দেখা বার না; আর তাদের একটা বিশেষত্ব এই বে, ইওরোপ ও অন্ত হানে একদিকে বেমন শিল্পের বাহার, অপরদিকে আবার তেমনি অপরিকার, কিন্ত আপানীদের বেমন শিল্পের সৌন্দর্য, তেমনি আবার ভারা ধূব পরিকার পরিছেল। আমার ইছ্ছে—আমাদের যুবকেরা জীবনে অন্তঃ একবার আপানে বেড়িয়ে আদে। বাঙরাও কিছু শক্ত নয়। আপানীরা হিন্দুদের সবই ধ্ব ভাল ব'লে মনে করে, আর ভারতকে তীর্থস্বরূপ ব'লে বিশাস করে। সিংহলের বৌরধর্য আর আপানের বৌরধর্য তের ভফাত।

আপানের বৌষধর্ম বেয়াত হাড়া আর কিছুই নয়। সিংহলের বৌষধর্ম নাজিক্যবাদে দূবিত, জাপানের বৌষধর্ম আতিক।'

'ৰাপান হঠাৎ এ-বকম ৰভ হ'ল কি ক'ৱে ? এর রহস্তা কি ?'

'আপানীদের আত্মপ্রত্যর আর তাদের তদেশের উপর তাশবাসা। বধন তারতে এমন লোক জন্মাবে, বারা দেশের জন্ত সব ছাড়তে প্রস্তুত, আর বাদের মন মুধ এক, তথন তারতও সব বিষয়ে বড় হবে। মাহ্য নিয়েই তো দেশের গৌরব। তথু দেশে আছে কি ? তাপানীরা সামাজিক ও রাজনীতিক বিষয়ে বেমন সাঁচ্চা, তোমাদেরও বধন তাই হবে, তোমরাও তথন আপানীদের মতো বড় হবে। আপানীরা তাদের দেশের জন্তে সব ত্যাগ করতে প্রস্তুত। তাইতেই তারা বড় হয়েছে। তোমরা বে কাম-কাঞ্চনের জন্ত সব ত্যাগ করতে প্রস্তুত।'

'আপনার কি ইচ্ছে বে ভারত ভাপানের মতো হোক ?'

'তা কখনই নর। ভারত ভারতই থাকৰে। ভারত কেমন ক'রে জাগান বা অন্ত জাতের মতো হবে? বেমন সদীতে একটা ক'রে প্রধান হ্লর থাকে, সেইরূপ প্রত্যেক জাতেরই এক একটা মুখ্য ভাব থাকে, জন্ত জন্ত ভাবগুলি ভার অহুগত। ভারতের মুখ্য ভাব হচ্ছে ধর্ম। সমাজ-সংস্থার এবং জন্ত সবই গৌণ। লোকে বলে হালর উন্মুক্ত হ'লে চিন্তার প্রবাহ আলে। ভারতের হালরও এক সময়ে উন্মুক্ত হবে, তথন ধর্মতরক্ত থেলতে থাকবে! ভারত ভারতই। আমরা জাগানীদের মতো নই, আমরা হিন্দু। ভারতের হাওরাতেই কেমন শান্তি এনে দের! আমি এখানে সর্বদা কাজ করহি, কিন্তু এরই মধ্যে আমি বিশ্রার লাভ করহি। ভারতে ধর্মকার্ম করলে শান্তিঃ পাওয়া যার, এখানে সাংসারিক কার্ম করতে গোলে শেবে মৃত্যু হয়—বহুমূত্র হরে।'

'বাক জাপানের কথা। আছো, খামীজী, আপনি আমেরিকার গিছে প্রথমে কি দেখলেন ?'

'পোড়া থেকে শেষ পর্যন্ত আমি ভাগই দেখেছিসুম। কেষণ মিশনরী আর 'চার্চের মেরেরা' (church-women) ছাড়া আমেরিকানরা সকলেই বড় অতির্থিবংসল সংযভাব ও সম্ভবন্ধ ব্যক্তি।'

'চার্চের বেছের। कि, খামীজী ?'

'সার্কিন মেরে বথন বে করবার জন্ন উঠে পড়ে লাগে, তথম দব বন্ধম সমূজতীরবর্তী সানের জারগার ভ্রতে থাকে, আর একটা পূক্ষ পাকড়া-বার জন্ত বভ রক্ষ কৌশল করবার চেটা করে। সব চেটা ক'রে বথম বিফল হয়, তথন সে চার্চে বোগ দের, তথন তাকে ওথানে 'ওল্ড মেড' বলে। ভালের মধ্যে জনেকে চার্চের বেজার গোঁড়া হরে দাঁড়ায়।…একের বাদ দিলে, আমেরিকানরা বড় ভাল লোক। তারা আমার ভালবাসভ, আমিও ভালের খ্ব ভালবানি। আমি বেন ভালেরই একজন, এই-রক্ষ বোধ করভাম।'

'िकांशी धर्मशामङा हत्त्र कि कन माँडाता, जाननात्र धातना ?'

আষার ধারণা, চিকাগো ধর্মহাসভার উদ্দেশ্ত ছিল—জগতের সামনে অ-প্রীটান ধর্মগুলিকে হীন প্রতিপন্ন করা। কিছু দাঁড়ালো অ-প্রীটান ধর্মের প্রাধায়। স্কুরাং প্রীটানদের দৃষ্টিতে ঐ মহাসভার উদ্দেশ্ত দিছ হয়নি। দেখ না কেন, এখন প্যারিসে আর একটা মহাসভা হবার কথা হছে, কিছু রোমান ক্যাথলিকরা, যারা চিকাগো মহাসভার উভোক্তা ছিলেন, তাঁরাই এখন বাতে প্যারিসে ধর্মহাসভা না হর, ভার জন্ত বিশেষ চেটা করছেন। কিছু চিকাগো সভা বারা ভারতীর চিন্তার বিশেষত্রপ বিভারের স্থবিধা হয়েছে। ওতে বেদান্তের চিন্তাধারা বিভার হবার স্থবিধে হয়েছে—এখন সমগ্র জগৎ বেদান্তের বন্ধার ভেনে বাছে। অবশ্র আনেরিকানরা চিকাগো সভার এই পরিণামে বিশেষ স্থবী—কেবল গোঁড়া পুরোহিত আর 'চার্চের মেরের' ছাড়া।'

'देश्मर्ट जाननात्र क्षात्रकार्यत्र किन्नन जाना स्वरहन, चात्रीकी ।'

পৃব আশা আছে। দশ বংগরও বেতে হবে না—অবিকাংশ ইংরেজই বেদাভী হবে। আমেরিকার চেরে ইংলওে বেশী আশা। আমেরিকানরা তো দেখছ—লব বিবরেই একটা হজুক ক'বে তোলে। ইংরেজরা হজুগে লর। বেদাভ না ব্যালে এটানেরা ভালের নিউটেস্টামেন্টও ব্যাতে পারে না। বেদাভ লব ধর্মেই যুক্তিসকত ব্যাখ্যাত্তরপ। বেদাভকে ছাভলে লহ ধর্মই কুসংভার। বেদাভকে ধরলে লহট ধর্ম হরে দাভার।

'আপনি ইংরেজ-চরিত্রে বিশেষ কি গুণ কেখলেন ?'

হিংরেজরা কোন বিষয় বিখাস করনেই তৎক্ষণাৎ কাজে লেগে বায়। ওলের কাজের শক্তি অসাধারণ। ইংরেজ পুরুষ ও মহিলার ভেরে উন্নতত্তর नवनांवी नांचा पृथिवीएक द्रवर्षक पांच्या यात्र ना। अहे करकहे कारवद केनव আমাৰ বেশী বিখাস। অবভ প্ৰথম ভাষের মাধার কিছু ঢোকানো বড় কঠিন; অনেক চেষ্টাচরিত্র ক'রে উঠে গড়ে লেগে থাকলে তবে ভাবের মাথার একটা ভাব ঢোকে, কিছ একবার দিতে পারনে আর নহলে দেটি বেরোর না। ইংলতে কোন মিশনহী বা অন্ত কোন লোক আমার বিরুদ্ধে কিছু বলেনি—একজনও আমার কোন রকম নিন্দে করবার চেষ্টা করেনি। আমি বেখে আশ্চৰ্ হৰুম, অধিকাংশ বন্ধুই 'চাৰ্চ অব্ ইংলঙে'র অভভুক্ত। আমি জেনেছি বে-সব মিশনরী এ দেশে আদে, ভারা ইংলভের পুর নির্ভোণীভূক্ত। কোন ভদ্র ইংরেজ তাদের দক্ষে মেশে না। এখানকার মতো ইংলপ্তেও ভাতের থ্ব কড়াকড়ি। আর চার্চের সদক্ষ ইংরেবরা ভত্তশ্রেণীভূক্ত। আপনার সবে তাঁদের মতভেদ থাকতে পারে, কিছ তাতে আপনার সবে তাঁদের বন্ধুৰ হৰার কিছু ব্যাঘাত হবে না। এই জন্তে আমি আমার খদেশবাসীকে এই একটি পরামর্শ দিতে চাই বে, মিশনরীরা কি, তা ভো এখন জেনেছি; এখন এই কর্ডব্য যে, এই গালাগালবাজ মিশনরীদের মোটেই আমল না দেওয়া। আমবাই তো ওদের আকারা দিয়েছি। এখন ওদের মোটে গ্রাহের মধ্যে না আনাই কর্ডব্য।'

'স্বামীনী, আমেরিকা ও ইংলওের সমাজসংস্থার আন্দোলন কি রক্ম, অমুগ্রহ ক'রে এ সম্বন্ধে কিছু বলবেন কি ?'

'গৰ সমাজ-সংখ্যারকরা, অন্ততঃ তাঁদের নেতারা, এখন তাঁদের সাম্যবাদ প্রভৃতির একটা ধর্মীয় বা আধ্যান্মিক ভিত্তি বার করবার চেষ্টা করছে—আর গেই ভিত্তি কেবল বেদান্তেই পাওয়া যায়। অনেক নেতা, যারা আমার বক্তা শুনতে আসতেন, আমার বলেছেন, নৃতন ভাবে সমাজ গঠন করতে হ'লে বেদান্তকে ভিত্তিবরূপ নেওয়া দ্যকার।'

'ভারতের অনসাধারণ সহত্তে আণনার কি ধারণা ?'

'আমরা ভরানক গরীব। আমাদের জনসাধারণ গৌকিক বিভার বড়ই অজ, কিছ ভারা বড় ভাল। কারণ এথানে দারিত্র্য একটা দওনীর অপরাধ ব'লে বিবেচিত হয় না। এরা ফুর্গান্তও নয়। আমেরিকা ও ইংলওে অনেক সময় আমার গোশাকের দক্ষন জনসাধারণ খেপে অনেকবার আমাকে মারবার বোগাড়ই করেছিল। কিছ ভারতে কারও অসাধারণ পোশাকের দক্ষন জনসাধাৰণ থেপে গিয়ে সাৱতে উঠেছে, এ-রক্ষ কথা ডো কখন ওনিনি। জ্ঞান্ত সৰ বিষয়েও জামাদের জনসাধারণ, ইওরোপের জনসাধারণের চেক্ষে ঢের সভ্য।

'ভারতীয় জনসাধারণের উন্নতির জন্ত কি করা ভাল বলেন ?'

'তাঁদের লৌকিক বিভা শেখাতে হবে। আমাদের পূর্বপুরুষেরা বে-প্রণালী দেখিরে গেছেন, তারই অন্নরণ করতে হবে অর্থাৎ বড় বড় আদর্শগুলি ধীরে ধীরে সাধারণের ভেতর সঞ্চারিত করতে হবে। ধীরে ধীরে তাদের তুলে নাও, ধীরে ধীরে তাদের সমান ক'রে নাও। লৌকিক বিভাও ধর্মের ভিতর দিয়ে শেখাতে হবে।'

'কিন্তু স্বামীন্দী, স্বাপনি কি মনে করেন, এ কান্তু সহন্তে হু'তে পারে হু'

'অবশ্য এটা ধীরে ধীরে কাজে পরিণত করতে হবে। কিছু যদি আমি অনেকগুলি মার্থত্যাগী যুবক পাই, যারা আমার সঙ্গে কাজ করতে প্রস্তুত, তা হ'লে কালই এটা হ'তে পারে। কেবল এই কাজে যে পরিমাণে উৎসাহ ও মার্থত্যাগ করা হবে, তারই উপর নির্ভর করছে এ কাজ তাড়াতাড়ি হবে বা দেরীতে হবে।'

'কিন্তু যদি বর্তমান ছীনাবস্থা তাদের অতীত কর্মের ফল হইয়া থাকে, তবে আপনার বিবেচনায় কিভাবে সহজে এটি ঘূচবে আর আপনি কেমন করেই বা তাদের সাহায্য করবার ইচ্ছা করেন ?'

খামীলী মূহুর্তমাত্র চিস্তার অবসর না লইরাই উত্তর দিলেন, 'কর্মবাদই অনস্করাল মানবের খাধীনতা ঘোষণা করছে। কর্মের ঘারা নিজেদের হীন অবস্থায় এনেছি—এ কথা যদি সভ্য হর, তবে কর্মের ঘারা আমাদের অবস্থার উন্থতিসাধনও নিশ্চরই করতে পারি। আরও কথা এই, জনসাধারণ কেবল যে নিজেদের কর্মের ঘারাই এই হীনাবস্থা এনেছে, তা নয়। স্থতরাং তাদের উন্থতি করবার আরও স্থবিধা দিতে হবে। আমি সব আতকে একাকার করতে বলি না। আভিবিভাগ খুব ভাল। এই আভিবিভাগ-প্রণালীই আমলা অস্পরণ করতে চাই। আভিবিভাগ বর্ধার্থ কি, তা লাখে একজন বোঝে কিনা সন্দেহ। পৃথিবীতে এমন কোন দেশ নেই, বেখানে আছু নেই। ভারতে আমরা আভিবিভাগের মধ্য দিরে আভির অভীত অবস্থায় গিরে থাকি। ভারতে আমরা আভিবিভাগের মধ্য দিরে আভির অভীত অবস্থায় গিরে থাকি। ভারতে আমরা আভিবিভাগের মধ্য দিরে আভির অভীত অবস্থায় গিরে থাকি। ভারতে এই আভিবিভাগ

প্রণালীর উদ্দেশ্য হচ্ছে সকলকে ব্রাহ্মণ করা—ব্রাহ্মণই আদর্শ মাহুয় ৷ ২দি ভারতের ইভিহাস পড়ো, ভবে দেখবে—এখানে বরাবরই নিয়ন্তাতিকে উন্নত করবার চেটা হয়েছে। অনেক জাতিকে উন্নত করা হয়েছেও। আরও च्यानक रूरत । त्यार नकत्वरे बांचन रूरत । এই चामारतत कार्य-व्यानी । কাকেও নামাতে হবে না-সকলকে ওঠাতে হবে। আর এইটি প্রধানত: বান্ধণদের করতে হবে, কারণ প্রত্যেক অভিজাত সম্প্রদায়েরই কর্তব্য নিজেদের মূলোচ্ছেদ করা। আর যত শীগগির তাঁরা এটি করেন, ততই সকলের পক্ষে মদল। এ বিষয়ে দেরী করা উচিত নয়, বিদ্যাত্র কালকেণ করা উচিত নয়। ইওরোপ-আমেরিকার জাতিবিভাগের চেয়ে ভারতের জাতিবিভাগ অনেক ভাল। অবশ্ৰ আমি এ-কথা বলি না বে, এর স্বটাই ভাল। যদি ছাভিবিভাগ না থাকত, তবে ভোষরা থাকতে কোথায়? জাতিবিভাগ না থাকলে ভোমাদের বিভা ও আর আর জিনিস কোথার থাকত ? জাভিবিভাগ না থাকলে ইওরোপীয়দের পড়বার জন্তে এ-দর শাস্ত্রাদি কোথার থাকত ? মুদলমানরা তো সবই নষ্ট ক'রে ফেলত। ভারতীয় সমান্দ হিভিশাল কৰে দেখেছ ? এ সমাজ সর্বদাই গতিশীল। কখন কখন, বেমন বিজাতীয় আক্রমণের সময়, এই গতি থুৰ মৃত্ হয়েছিল, অন্ত সময়ে আবার ক্রত। আমি আমার স্বদেশীদের এই কথা বলি। আমি ভাদের গাল দিই না। আমি অভীতের मिटक मिर्च। जात्र विश्व शाहे, दम्य-कान-जवशा विविद्या कत्रान कान ভাতই এর চেয়ে মহৎ কর্ম করতে পারত না। আমি বলি, ডোমরা বেশ করেছ, এখন আরও ভাল করবার চেষ্টা কর।'

'আতিবিভাগের সলে কর্মকাণ্ডের সমন্ধ বিষয়ে আপনার কি মড, খামীত্রী ?'
'আতিবিভাগ-প্রণালীও ক্রমাগত বদলাচ্ছে, ক্রিরাকাণ্ডও ক্রমাগত
বদলাচ্ছে! কেবল মূল তত্ত্ব বদলাচ্ছে না। আমাদের ধর্ম কি, জানতে গেলে
বেল পড়তে হবে। বেল ছাড়া আর লব শাস্ত্রই বৃগতেলে বদলে বাবে।
বেলের শাসন নিভা। অক্সান্ত শাসের শাসন নির্দিষ্ট সমরের জন্ত শীমাবদ।
বেমন কোন শ্বতি এক মুগের জন্ত, আর একটি শ্বতি আর এক বুগের জন্ত।
বড় বড় মহাপুক্রর অবভারেরা সর্বদাই আসছেন, আর কিভাবে কাল করভে
হবে, দেবিরে বাজ্বেন। করেকজন মহাপুক্রর নিয়ন্নাভির উন্নতিব চেটা ক'রে
গেছেন। কেউ কেউ, বেমন স্থলাচার্য, নারীদের বেল পড়বার অধিকার

দিয়েছেন। আভিবিভাগ কখনও বেতে পারে না, ভবে মাবে মাঝে একে
নৃতন হাঁচে চালতে হবে। প্রাচীন সমাজ-ব্যবস্থার ভেডর এমন প্রাণশক্তি
আছে, যাতে ছ্-লক নৃতন সমাল-ব্যবস্থা পঠিত হ'তে পারে। জাডিবিভাগ উঠিয়ে দেবার ইচ্ছা করাও পাগলামি মাত্র। প্রাতনেরই নব
বিবর্তন বা বিকাশ—এই হ'ল নৃতন কার্যপ্রণালী।'

'হিন্দুদের কি সমাজসংখারের দরকার নেই ?'

'বুব আছে। প্রাচীনকালে মহাপুক্ষেরা উন্নতির নৃতন নৃতন ব্যবহা উদ্ভাবন করতেন, আর রাজারা আইন ক'রে দেগুলি চালিয়ে দিছেন। প্রাচীনকালে ভারতে এই-রকম করেই সমাজের উন্নতি হ'ত। বর্তমান কালে এইভাবে সামাজিক উন্নতি করতে গেলে এমন একটি শক্তি চাই, বার কথা লোকে নেবে। এখন হিন্দু রাজা নেই, এখন লোকদের নিজেদেরই সমাজের শংস্বার, উন্নতি প্রভৃতির চেষ্টা করতে হবে। স্থুতরাং যডদিন না লোকে শিক্ষিত হয়ে নিষেদের অভাব বোঝে, আর নিষেদের সমসা নিষেবাই সমাধান করতে প্রস্তুত ও সমর্থ হয়, ভতদিন আমাদের অপেকা করতে হবে। কোন সংস্থারের সময় সংস্কারের পক্ষে লোক খুব অৱই পাওয়া যায়, এর চেয়ে আর ছ:খের বিষয় কিছু হ'তে পারে না। এই জন্ত কেবল কডকগুলি কান্ননিক সংস্থারে — ৰা কথন কাৰ্বে পরিণত হবে না, ভাতে বুখা শক্তিকয় না ক'রে আমাদের উচিত একেবারে মূল থেকে প্রতিকারের চেষ্টা করা—এমন একদল লোক ভৈরি कत्रा, यात्रा नित्करमत्र चाहेन नित्कत्राष्टे कत्रत्य। चर्चार अत्र कत्म लाकरमत्र শিকা দিতে হবে—ভাতে ভারা নিজেদের সমস্তা নিজেরাই সমাধান ক'রে নেবে। তা না হ'লে এ-সৰ সংস্কার আকাশকুস্থই থেকে বায়। নৃতন প্রণালী হ'ল নিজেদের বারা নিজেদের উন্নতি সাধন। এটি কাজে পরিণত করতে সময় লাগৰে, বিশেষভঃ ভারভবর্ষে; কারণ, প্রাচীনকালে এথানে বরাবরই ৱাজার অব্যাহত শাসন ছিল।'

'আপনি কি মনে করেন, হিন্দুসমাজ ইওরোপীয় সমাজের রীতিনীতি গ্রহণ ক'রে রুডকার্য হ'তে পারে ?'

'না, সম্পূৰ্ণরূপে নয়। আমি বলি বে, এীক মন—বা ইওরোপীয় জাতির বহির্থ শক্তিতে প্রকাশ পাছে—ভার সঙ্গে হিন্দু মন মিলিভ হ'লে ভারতের পক্ষে আদর্শ সমাজ হবে। উদাহরণমূল দেখুন, মিছামিছি শক্তিক্ষয়, আর দিনরাও কডকওলো বাজে কাছনিক বিষয়ে বাক্যব্যর না ক'বে ইংবেজদের কাছ থেকে আঞামাত্র নেভার আবেশ-পালন, ইবাহীনভা, অল্য্য অধ্যবসায় ও নিজেতে অনস্ক বিশাস স্থাপন করতে শেখা আমাদের পক্ষে বিশেষ দরকার। একজন ইংরেজ কাকেও নেতা বলে খীকার করলে ভাকে সৰ অৰহায় মেনে চলবে, সৰ অৰহায় তাৰ আঞাধীন হবে। ভারতে স্বাই নেতা ছ'তে চার, হকুর তালির করবার কেউ নেই। সকলেরই উচিড, হকুর করবার আগে ছকুম ভাষিল করতে শেখা। আমাদের ঈর্বার অভ নেই; হিন্দুর পদমর্বাদা বত বাড়ে ঈর্বাও ডভ বাড়ে। বডদিন না এই ঈর্বা বেব দূর হয় এবং নেভার আঞাবহতা হিন্দুরা শেখে তভদিন একটা সমাজ-সংহতি হতেই পারে না, ততদিন আমরা এই-রকম ছত্তভ হয়ে থাকব, কিছুই করতে পারৰ না। ইওরোপের কাছ থেকে ভারতকে শিখতে হবে---বহি:প্রকৃতি জয়, আর ভারতের কাছ থেকে ইওরোপকে শিণতে হবে--- অভ:-প্রকৃতি জয়। ভা হ'লে আর হিন্দু, ইওরোপীয় ব'লে কিছু থাকবে না; উভয়-প্রকৃতিক্রী এক আদর্শ মহয়সমাজ গঠিত হবে। আমরা মহরুদের একদিক, ওরা আর একদিক বিকাশ করেছে। এই ছুইটির মিলনই দরকার। মৃক্তি, যা আমাদের ধর্মের মৃত্যমন্ত্র, ভার প্রক্কান্ত অর্থ দৈহিক, মানসিক, আধ্যাত্মিক সব ব্ৰুম স্বাধীনতা।

'বাৰীজী, জিয়াকাণ্ডের সঙ্গে ধর্মের কি সময় ৷'

'ক্রিয়াকাণ্ড হচ্ছে ধর্মের 'কিপারগার্টেন' বিভালয়। জগতের এখন বে অবস্থা, তাতে ওটি এখনও প্রোপ্রি আবশুক। তবে লোককে নৃতন নৃতন অস্ঠান দিতে হবে। কতকগুলি চিস্তানীল ব্যক্তির উচিত, এই কাজের ভার লওয়া। প্রাতন ক্রিয়াকাণ্ডগুলি উঠিয়ে দিতে হবে, নৃতন নৃতন আচার অস্ঠান প্রবর্তন করতে হবে।'

'তবে আপনি ক্রিয়াকাও একেবারে উঠিয়ে দিতে বনেন না, দেখছি।'

'না, আমার মূলমন্ত গঠন, বিনাশ নর। বর্তমান ক্রিয়াকাও থেকে ন্তন ন্তন ক্রিয়াকাও করতে হবে। সব বিষয়েরই অনভ উন্নতির সভাবনা রয়েছে— এই আমার বিখাদ। একটা প্রমাণ্র পেছনে সমগ্র কগতের শক্তি রয়েছে। হিন্দুজাভির ইভিহাসে বরাবর—কথনই বিনাশের চেটা হয়নি, গঠনেরই চেটা হয়েছে। এক সম্প্রদার বিনাশের চেটা করেন, তার ফলে ভারত থেকে বছিড়তি ছলেন—তাঁদের নাম বৌদ্ধ। আমাদের শহর, রামান্তল, চৈডক্ত প্রভৃতি অনেক সংখারক হরেছেন। তাঁরা সকলেই খ্ব বড় দরের সংখারক ছিলেন—তাঁরা সর্বদা গঠনই করেছিলেন, তাঁরা বে বেশ-কাল অন্থসারে সমাজ গঠন করেছিলেন, সে হ'ল আমাদের কার্বপ্রণালীর বিশেষত্ব। আমাদের আধুনিক সংখারকেরা ইওরোপীর ধ্বংসমূলক সংখার চালাতে চেটা করেন—এতে কারও কোন উপকার হরনি, হবেও না। কেবল একজন মাত্র আধুনিক সংখারক গঠনকারী ছিলেন—রাজা রামমোহন রায়। হিন্দু আভি বরাবরই বেদান্তের আদর্শ কার্বে পরিণত করার চেটা ক'রে চলেছে। সোভাগ্যই হউক, আর তুর্ভাগ্যই হউক, সব অবহার বেদান্তের এই আদর্শকে কার্বে পরিণত করবার প্রাণশন চেটাই—ভারতীয়দের জীবনের সমগ্র ইতিহাস। ব্যবহা এমন কোন সংখারক সম্প্রদার বা ধর্ম উঠেছে, বারা বেদান্তের আদর্শ ছেড়ে দিয়েছে, ভারা তৎক্ষণাৎ একেবারে মৃছে গেছে।'

'আপনার এখানকার কার্যপ্রণালী কিরুপ ?'

'আমি আমার সহর কার্যে পরিণত করবার জন্ত ছটি প্রতিষ্ঠান হাপন করতে চাই—একটি মাজাজে, আর একটি কলকাতার। আর আমার সহর সংক্ষেপে বলতে গেলে এই বলতে হয় যে, বেদাজের আদর্শ প্রত্যেকের জীবনে পরিণত করবার চেটা—তা ভিনি নাধুই হোন, অসাধুই হোন, জানীই হোন, অজানই হোন, আমণই হোন, আর চঙালই হোন।'

এইবার আমাদের প্রতিনিধি ভারতের রাজনীতিক সমস্তা সম্বন্ধ কতকগুলি প্রশ্ন করলেন, কিন্তু তার কোন উত্তর পাবার আগেই টেন মাদ্রান্তের এগমোর স্টেশনের প্রাটফর্মে লাগলো। এইটুকু মাত্র স্থামীজীর মৃধ থেকে শোনা গেল, ভারত ও ইংলণ্ডের সমস্তাগুলিকে রাজনীতির সঙ্গে জন্মানোর তিমি ঘোর বিরোধী।

পাশ্চাত্যে প্রথম হিন্দু সন্ম্যাসীর প্রচার

['নাজাল টাইন্স্', কেব্ৰুআরি, ১৮৯৭]

গত শনিবার আমাদের পত্তের জনৈক ভারতীয় প্রতিনিধি পাশ্চাত্য দেশে তাঁহার ধর্মপ্রচারের সফলতার বিবরণ জানিবার জন্ত আমীজীর সহিত সাক্ষাৎ করিরাছিলেন। তাঁহার শিশু সাঙ্কেতিক লেখনবিং মিঃ গুডউইন মহাপুরুবের সহিত জামাদের প্রতিনিধির পরিচয় করাইরা দিলেন। তিনি তখন একথানি সোফার বসিয়া সাধারণ লোকের মতো জলবোগ করিতেছিলেন। আমীজী আমাদের প্রতিনিধিকে অতি ভত্রভাবে অভ্যর্থনা করিয়া পার্থবর্তী একথানি চেরারে বসিতে বলিলেন। আমীজী গৈরিক-বসন-পরিহিত, তাঁহার আহতি ধীর হির শাস্ত মহিমাব্যঞ্জক। তাঁহাকে দেখিরা বোধ হইল, তিনি বেন বে-কোন প্রশ্নেরই উত্তর দিতে প্রস্তৃত। আমাদের প্রতিনিধি সাঙ্কেতিক-লিপি বারা আমীজীর কথাগুলি লিখিয়া লইরাছিলেন, আমরা এছলে তাহাই প্রকাশ করিতেছি।

আমাদের প্রতিনিধি জিঞাদা করিলেন, 'স্বামীজী, আপনার বাল্যজীবন সম্বন্ধ কিছু জানিতে পারি কি ?'

খানীজী বলিলেন (তাঁহার উচ্চারণে একটু বাঙালী ধাঁজ পাওয়া যার):
কলিকাভার বিভালয়ে অধ্যয়নকাল হইডেই আমার প্রকৃতি ধর্মপ্রবণ ছিল।
তথনই সকল জিনিস পরীক্ষা করিয়া লওয়া আমার খভাব ছিল—ভঙ্ কথার
আমার তৃপ্তি হইড না। কিছুকাল পরেই রামক্রফ পরমহংদের সহিও আমার
সাক্ষাং হয়। তাঁহার সহিত দীর্ঘকাল বাস করিয়া তাঁহার নিকটেই আমি
ধর্ম শিক্ষা করি। তাঁহার দেহত্যাগের পর আমি ভারতে ভ্রমণ করিছে
আরম্ভ করিলাম এবং কলিকাভার একটি ক্রুল মঠ ছাপন করিলাম। ভ্রমণ
করিতে করিতে আমি মান্তাজে আসি, এবং মহীশ্রের খর্মীর রাজা এবং
রামনাদের রাজার নিকট সাহাব্য লাভ করি।

'আপনি পাশ্চান্ড্য দেশে ছিন্দুধর্ম প্রচার করিতে গেলেন কেন ?'

'আমার অভিনতা সঞ্জের ইচ্ছা হইরাছিল। আমার মতে আমাদের আতীয় অবনতির মূল কারণ—অপরাপর আতির সহিত না মেশা। উহাই অবনতির একষাত্র কারণ। পাশ্চাত্যের বহিত আমরা কথনও প্রশক্ষের ভাবের তুলনামূলক আলোচনা করিবার স্ববোগ পাই নাই। আমরা কৃপরভূক হইরা গিরাছিলাম।

'আপনি পাশ্চাত্য দেশে বোধ হয় অনেক খানে ভ্রমণ করিয়াছেন ?'

'আমি ইওরোপের অনেক খানে ভ্রমণ করিয়াছি—ভার্যানি এবং ক্রান্সেও গিয়াছি, তবে ইংলও ও আমেরিকাতেই ছিল আমার প্রধান কার্যক্ষেত্র। প্রথমটা আমি একটু মুশকিলে পঞ্চিয়াছিলাম। ভাছার কারণ, ভারতবর্ব হইতে যাহার৷ সে-সব দেশে গিয়াছেন, তাঁহারা প্রান্ন সকলেই ভারতের বিক্লমে বলিয়াছেন। আমার কিন্তু চিরকাল ধারণা, ভারতবাসীই সমগ্র পৃথিবীর মধ্যে সর্বাপেকা নীডিপরায়ণ ও ধার্মিক জাভি। সেজন্ত হিন্দুর সহিত অন্ত কোন জাভিরই ঐ বিষয়ে তুলনা করাটা সম্পূর্ণ ভুল। সাধারণের নিকট হিন্দুজাভির শ্রেষ্ঠত প্রচারের জন্ত প্রথম প্রথম অনেকে আমার ভয়ানক নিস্পাবাদ আরম্ভ করিয়াছিল এবং আমার বিরুদ্ধে নানা যিখ্যাকথারও স্পষ্ট করিয়াছিল। তাহারা বলিত, আমি জুয়াচোর, আমার এক-আধটি নয়---অনেকগুলি স্ত্রী ও একপাল ছেলে আছে। কিছু ঐ-সকল ধর্মপ্রচারক সম্বন্ধে ৰতই আমি অভিক্লতা লাভ করিলাম, ততই ভাহারা ধর্মের নামে বে কভদূর অধর্ম করিভে পারে, সে-বিষয়ে আমার চোথ খুলিয়া গেল। ইংলভে ঐরণ মিশনরীর উৎপাত কিছুমাত্র ছিল না। উহাদের কেহই সেধানে আমার সংক লড়াই করিতে আদে নাই। আমেরিকার কেহ কেহ আমার নামে গোপনে নিন্দা করিছে গিয়াছিল, কিন্তু লোকে ভাহাদের কথা গুনিভে চাহে নাই; কারণ আমি তথন লোকের বড়ই প্রিয় হইরা উঠিয়াছি। বখন পুনরার ইংলতে আসিলাম, তথন ভাবিয়াছিলাম, জনৈক মিশনরী দেখানেও আমার বিরুদ্ধে লাগিবে, কিঙ্ক 'টুণ' পত্রিকা ভারাকে চুপ করাইয়া দিল। ইংলণ্ডের সমাজবদ্ধন ভারতের জাভিবিভাগ অপেকাও কঠোরভর। ইংলিশ চার্চের সদক্ষেরা সকলেই ভদ্রবংশ জাভ-মিশনরীদের অধিকাংশই কিছ ভাহা নহে। চার্চের সদক্ষেরা আমার প্রতি বধেষ্ট সহাত্ত্তি প্রকাশ ক্রিয়াছিলেন। আমার বোধ হয়, প্রায় জিশ জন ইংলিশ চার্চের প্রভারক ধর্মবিষয়ক নানা বিষয়ে আমার সহিত সম্পূর্ণ একমত। কিন্তু দেখিয়াছি, ইংলভের প্রচারক বা পুরোহিডেরা ঐ-সকল বিষয়ে আমার সহিত সভভেদ থাকা শক্তেও কথন গোপনে আমার নিকাবার করেন নাই। ইহাতে আমার আনন্দ ও বিশ্বর উভরই হইরাছিল। ইহাই জাতিবিভাগ ও বংশপরপার্যাগত নিকার ধান।

'আপনি পাশ্চাভ্য দেশে ধর্মপ্রচাবে কভদ্র রভকার্ব হইয়াছিলেন ?'

'আমেরিকার অনেক লোকে—ইংলও অপেকা অনেক বেশী লোকে— আমার প্রতি সহামুভূতি প্রকাশ করিয়াছে। নিয়ন্তীয় মিশনরীগণের নিদা নেখানে আমার কাব্দের সহায়ভাই করিয়াছিল। আমেরিকা পৌছিবার কালে আমার কাছে টাকাকড়ি বিশেব ছিল না। ভারতের লোকে আমার কেবল বাইবার ভাড়াট। মাত্র দিয়াছিল। অভি অর দিনে ভাছা ধরচ চ্ট্রা বার, সেজ্জ এখানে বেষন সেখানেও তেমনি সাধারণের উপর নির্ভর कविशारे जामारक वाम कविरा रहेशाहिल। 'मार्किरनवा वर्ड जानिवरमा । আমেরিকার এক-ভৃতীয়াংশ লোক গ্রীষ্টান। অবশিষ্টের কোন ধর্ম নাই, অর্থাৎ তাহারা কোন বিশেষ সম্প্রদায়ভুক্ত নম্ন; কিন্তু তাহাদের মধ্যেই বিশিষ্ট ধার্মিক লোক দেখিতে পাওয়া যায়। ভবে বোধ হয়, ইংলঙে আমার ৰেটুকু কাজ হইয়াছে, ভাহা পাকা হইয়াছে। আমি ৰদি কাল মরিয়া বাই এবং কাল চালাইবার জন্ত দেখানে কোন সন্থানী পাঠাইডে না পারি, ভাহা हहेरन हरना खन काव किनार । हरदाव प्र कान लोक। योगाकान হইতেই ভাহাকে সমৃদর ভাব চাপিয়া রাবিতে শিক্ষা দেওয়া হয় ৷ ইংরেজের মন্তিক একটু মোটা, ফরাসী বা মার্কিনের মতো চট করিয়া সে কোন জিনিস ধরিতে পারে না, কিছ ভারী দৃঢ়কর্মী। মার্কিন জাতির বয়স এখনও এমন হয় নাই ৰে, ভাহাৰা ভ্যাগের মাহাত্ম্য বুঝিৰে। ইংলও শভ শভ যুগ ধরিয়া বিলাগিতা ও ঐশর্ব ভোগ করিয়াছে—সেক্তম্ত সেখানে অনেকেই এখন ভ্যাগের জন্ত প্রস্তুত। প্রথমবার ইংলতে গিরা বধন আমি বফুডা দিভে আরম্ভ করি, তথন আমার ক্লাসে বিশ-ত্রিশ জন মাত্র ছাত্র আসিত। সেধান হইতে আমার আমেরিকা চলিয়া যাওয়ার পরেও ক্লাল চলিতে থাকে। পরে পুনরার বধন আমেরিকা হইডে ইংলওে ফিরিয়া গেলাম, তথন আমি ইচ্ছা করিলেই এক সহত্র শ্রোভা পাইডার। আমেরিকায় উহা অপেকাও অনেক অবিক লোডা পাইডাৰ, কাৰণ আদি আমেরিকার ডিন বংগর ও ইংলওে ৰাজ এক ৰৎসর কাটাইরাছিলাব। ইংলতে একজন ও আবেরিকার একজন সন্মাদী দাবিরা আসিরাছি। অভাভ দেশেও প্রচারকার্বের জভ আমার সন্মাদী পাঠাইবার ইচ্ছা আছে।'

'ইংবেল জাতি বড় কঠোর কর্মী। তাহাদিগকে বদি একটা ভাব দিতে পারা যার, অর্থাং ঐ ভাবটি যদি ভাহারা যথার্থ ই ধরিয়া থাকে, ভবে নিশ্চিত জানিবেন, উহা বুখা যাইবে না। এদেশের লোকে এখন বেদে জলাঞ্জলি দিয়াছে; সমূদর ধর্ম ও দর্শন এখন এদেশে রারাখরে ঢুকিয়াছে। 'ছুঁৎমার্গ'ই ভারতের বর্তমান ধর্ম—এ ধর্ম ইংরেজ কোন কালেই লইবে না। কিন্তু আমাদের পূর্বপুরুষদের চিন্তাসমূহ এবং তাঁহারা দার্শনিক ও আধ্যাত্মিক জগতে বে অপূর্ব ভব্সমূহের আবিষার করিয়াছিলেন, তাহা প্রত্যেক জাতিই গ্রহণ করিবে। ইংলিশ চার্চের বড় বড় মাভব্বররা বলিভেন, আমার চেটার বাইবেলের ভিতর বেদান্তের ভাব প্রবিষ্ট হুইয়া গিয়াছে। আধুনিক হিন্দুধর্ম আমাদের প্রাচীন ধর্মের অবনত ভাবমাত্র। পাশ্চাত্য দেশে আঞ্চকাল বে-সকল দার্শনিক গ্রন্থ প্রণীত হইতেছে, তাহাদের মধ্যে এমন একখানিও নাই, যাহাতে আমাদের বৈদান্তিক ধর্মের কিছু-না-কিছু প্রাস্থ নাই। হার্বার্ট স্পেন্সারের গ্রন্থে পর্যন্ত ঐক্নপ আছে। এখন দর্শনরাজ্যে অবৈভবাদেরই সময় আদিয়াছে। সকলেই এখন উহার কথা বলে। তবে ইওরোপের কোকেরা নিজেদের মৌলিকত্ব দেধাইতে চায়। এদিকে হিন্দুদের প্রতি ভাহারা অতিশয় দ্বণা প্রকাশ করে, কিন্তু আবার হিন্দুদের প্রচারিত সত্যগুলি লইতেও ছাড়ে না। অধ্যাপক ম্যাক্স্মূলার একজন পুরা বৈদান্তিক। তিনি বেদান্তের জন্ত যথেষ্ট করিয়াছেন। তিনি পুর্ক্মবাদ বিখাদ করেন।'

'আপনি ভারতের পুনরুদ্ধারের জন্ত কি করিতে ইচ্ছা করেন ?'

'আমার মনে হয়, দেশের জনসাধারণকে অবহেলা করাই আমাদের প্রবল জাতীয় পাপ এবং তাহাই আমাদের অবনতির অক্তম কারণ। বতদিন না ভারতের সর্বসাধারণ উদ্ভমরূপে শিক্ষিত হইতেছে, উদ্ভমরূপে খাইতে পাইতেছে, অভিলাত ব্যক্তিরা বতদিন না তাহাদের উদ্ভমরূপে বত্ব লইতেছে, ততদিন বঙ্কই রাজনীতিক আন্দোলন করা হউক না কেন, কিছুতেই কিছু হইবে না। ঐ-সকল জাতি আমাদের শিক্ষার অক্ত—রাজকররূপে—পর্না দিয়াছে। আমাদের ধর্মলাজ্যে অক্ত—শারীরিক পরিশ্রমে বড় বড় মন্দির নির্মাণ করিরা দিয়াছে। কিছু এই-সকলের বিনিম্বের তাহার। চিরকাল লাথিই খাইরা আনিয়াছে। ভাষারা প্রকৃতগকে আহাদের জীভদান হইয়া আছে। ভারতের প্রকৃতারের জন্ত আমাদিগকে অবএই কাজ করিছে হইবে। আমি যুবকগণকে ধর্মপ্রচারকল্পে শিক্ষিত করিবার জন্ত প্রথমে ছইটি কেন্দ্রীর শিক্ষালয় বা মঠ খাপন করিছে চাই—একটি মান্রাঙ্গে ও অপরটি কলিকাভার। কলিকাভারটি খাপন করিবার মতো টাকার জোগাড় আমার আছে। আমার উদ্বেভনিত্রির জন্ত ইংরেজরাই—বিদেশীরাই টাকা দিবে।

'উদীরমান যুবকসম্প্রদায়ের উপরেই আমার বিশাস। ভাছাদের ভিতর হইভেই আমি কৰ্মী পাইব। ভাহারাই শিংহবিক্রমে দেশের ষ্থার্থ উন্নতিকল্পে সমৃদন্ন সমস্তা পূবণ করিবে। বর্তমানে অন্তঠের আদর্শটিকে আমি একটি স্নিৰ্দিষ্ট আকাবে ব্যক্ত কৰিয়াছি এবং উহা কাৰ্যতঃ সফল করিবার জন্ত আমার জীবন সমর্পণ করিয়াছি। যদি জামি ঐ বিষয়ে সিদ্ধিলাভ না করি, তাহা হইলে আমার পরে আমা অপেকা কোন মহতব ব্যক্তি জয়-গ্রহণ করিয়া উহা কার্যে পরিণত করিবেন। আমি উহার জন্ত প্রাণপণ চেষ্টা করিয়াই সম্ভষ্ট থাকিব। আমার মতে দেশের সর্বসাধারণকে ভাছাদের অধিকার প্রদান করিলেই বর্তমান ভারতের সমস্তাগুলির সমাধান হইবে। পৃথিবীর মধ্যে ভারতের ধর্মই শ্রেষ্ঠ, অথচ দেশের সর্বদাধারণকে কেবল কভকগুলা ভুয়া জিনিস দিয়াই আমরা চিরকাল ভুলাইয়া বাবিয়াছি। সমুখে অফুরস্ত প্রস্রুগ প্রবাহিত থাকিতেও আমরা ভাহাদিগকে নালার জনমাত্র পান করিতে দিয়াছি। দেখুন না, মাজাজের গ্রাজুয়েটগণ একজন নিমুজাতীয় त्नांकरक न्भर्न भर्दछ कविरवन ना, किन्छ निरम्राव निकाय महायूखांकरम ভাহাদের নিকট হইভে রাজকর বা অক্ত কোন উপায়ে টাকা লইভে প্রস্তত। আমি প্রথমেই ধর্মপ্রচারকগণের শিক্ষার জন্ত পূর্বোক্ত তুইটি শিক্ষালয় স্থাপন कतिए हेच्हा कति, अवाद्य मर्वमाशांत्रगरक व्यशांचा कृ लोकिक विष्ठा-- इहे-हे শেখানো হইবে। শিক্ষাপ্রাপ্ত প্রচারকরণ এক কেন্দ্র হইতে ব্যস্ত কেন্দ্রে ছড়াইয়া পড়িবে—এইরূপে ক্রমে আমরা সারা ভারতে ছড়াইয়া পড়িব। আমাদের বর্গাপেকা গুরুতর প্রয়োজন—নিজের উপর বিখাসী হওয়া; এমন কি, ভগবানে বিখাস করিবারও পূর্বে সকলকে আত্মবিখাস-সম্পন্ন ছইতে ছইবে। ছুংখের বিষয়, ভারতবাসী আমরা দিন দিন এই আঅবিখাদ হারাইডেছি। সংস্থারকগণের বিক্লকে আমার ঐ জন্মই এত আপত্তি। গোড়াদের ভাব

ষ্পরিণত হইলেও ভাহাদের নিষেদের প্রতি বিধান মনেক বেশী। সেজভ ভাহাদের যনে ভেলও বেশী। কিন্ত এখানকার সংকারকেরা ইওরোপীর-ণিগের হাতের পুতুল-যাত্র হইয়া ভাহাদের অহমিকার পোবকভাই করিয়া থাকে। অক্তান্ত দেশের সহিত তুলনায় আমাদের দেশের জনসাধারণ দেবতাৰরপ। ভারতই একমাত্র দেশ বেধানে দারিন্ত্র পাপ বলিয়া গণ্য নহে । নিয়বর্ণের ভারতবাদীদেরও শরীর দেখিতে স্থার—ভাহাদের মনেরও কমনীয়ড) যথেষ্ট। কিন্তু অভিজাত আম্বা তাহাদিগকে ক্রমাগত ঘূণা করিয়া আসার দকনই ভাহারা আত্মবিশাস হারাইয়াছে। ভাহারা মনে করে, ভাহারা দাস হইয়াই অন্মিয়াছে। তাব্য অধিকার পাইলেই তাহারা নিজেদের উপর নির্ভর করিবে এবং উঠিয়া দাড়াইবে। অনসাধারণকে ঐরূপে অধিকার প্রদান করাই মার্কিন সভ্যভার মহন্ত। ইটুভানা, অর্ধাশনক্লিষ্ট, হাতে একটা ছোট ছড়ি ও এক পুঁটলি কাপড়-চোপড় লইরা সবে মাত্র জাহার হইতে আমেরিকায় নামিতেছে, এমন একজন আইরিশম্যানের আকৃতির সহিত কয়েক মাস আমেরিকায় বাদের পর ভাহার আঞ্জুডির তুলনা কলন। দেখিবেন, ভাহায় সেই সভয় ভাব গিয়াছে—দে সদর্পে ঘুরিয়া বেড়াইতেছে। কারণ, সে এমন দেশ হইতে আসিয়াছিল, বেধানে নিজেকে দাস বলিয়া জানিত; এখন এমন স্থানে আদিয়াছে, বেধানে সকলেই পরম্পর ভাই ভাই ও সমানাধিকারপ্রাপ্ত।

'বিধাস করিতে হইবে বে আহ্বা অবিনাশী, অনম্ভ ও সর্বশক্তমান্। আমার বিধাস, গুরুর সাক্ষাং সংস্পর্শে গুরুগৃহ্বাসেই প্রকৃত শিক্ষা হইয়া থাকে। গুরুর সাক্ষাং সংস্পর্শে না আসিলে কোনরূপ শিক্ষাই হইতে পারে না। আমাদের বর্তমান বিশ্ববিদ্যালয়গুলির কথা ধরুন। পঞ্চাশ বংসর হইল ঐগুলি প্রতিষ্ঠিত হইয়াছে, কিছু ফল কি দাঁড়াইয়াছে । ঐগুলি একজনও মৌলিকভাবসম্পন্ন মান্ত্র ভৈরি করিতে পারে নাই। এগুলি শুধু পরীক্ষাকেন্দ্ররূপে দুখায়মান। সাধারণের কল্যাণের জন্ত আত্মত্যাপের ভাব আমাদের ভিতর এখনও কিছুমাত্র বিক্লিভ হয় নাই।'

'নিলেন বেদ্যাণ্ট ও ধিওলফি সংজে আপনার কি মত ?'

'থিসেন বেন্যাণ্ট খুব ভাল লোক। আমি তাঁহার লওনের লজে' বকুডা দিডে আহুত হইরাছিলাম। নাক্ষাৎভাবে তাঁহার বছরে বিশেষ কিছু জানি

১ Lodge—বঞ্চাগৃহ

না। তবে আমাদের ধর্ম সকলে উচ্চার জ্ঞান বড় জন্ন। তিনি একিক ওবিক হুইতে একটু আবটু ভাব সংগ্রহ করিয়াছেন মান্ত। সম্পূর্ণভাবে হিন্দুধর্ম আলোচনা করিবার অবদর উচ্চার হর নাই। তবে তিনি বে একজন অকপট মহিলা, এ-কথা উচ্চার পরম শত্রুও স্বীকার করিবে। ইংলঙে তিনি একজন শ্রেষ্ঠ বজা বলিয়া পরিগণিত। তিনি একজন 'সন্ত্যাসিনী'। কিছ 'বহাজা' 'বুপ্নি' প্রভৃতিতে আনি বিশ্বাসী নহি। তিনি থিওজফিক্যাল সোমাইটির সংশ্রব ছাড়িয়া দিন এবং নিজের পায়ে দাড়াইয়া বাহা সভ্য মনে করেন, তাহা প্রচার কর্মন-।'

সমাজ-সংস্থার সহকে কথা পাড়িলে স্বামীজী বিধবা-বিবাহ সহকে নিজের মন্ত এইভাবে প্রকাশ করিলেন, 'আমি এখনও এমন কোন জাতি দেখি নাই, বাহার উন্নতি বা শুভাণ্ডভ তাহার বিধবাগণের পতিসংখ্যার উপর নির্ভর করে।'

আমাদের প্রতিনিধি জানিতেন, কয়েক ব্যক্তি স্বামীজীর সহিত সাক্ষাৎ করিবার জন্ত নীচের তলায় অপেকা করিতেছিলেন। স্থতরাং তিনি ধে সংবাদপত্তের তরফ হইতে এইরূপ উৎপীড়ান সন্থ করিতে অন্থ্রাহপূর্বক সম্মত হইয়াছিলেন, সেজন্ত তাঁহাকে ধন্তবাদ দিয়া আমাদের প্রতিনিধি এইবার বিদায় গ্রহণ করিলেন।

জাতীয় ভিত্তিতে হিন্দুধর্মের পুনর্বোধন

['প্রবৃদ্ধ ভারত', সেপ্টেম্বর, ১৮৯৮]

সম্রতি 'প্রবৃদ্ধ ভারতে'র জনৈক প্রতিনিধি কত্কগুলি বিবরে স্বামী বিবেকানন্দের মতামত জানিবার জন্ত তাঁহার সহিত সাক্ষাৎ করিয়াছিলেন তিনি সেই জাচার্যপ্রেষ্ঠকে জিঞানা করেন—

'বারীজী, আণনার মতে আণনার ধর্মপ্রচারের বিশেষত্ব কি ?'

খানীকী প্ৰশ্ন শুনিবামাত্ৰ উত্তৰ কৰিলেন, 'পৰবৃহত্তে (aggression);

অবশ্ৰ এই শব্দ কেবল আধ্যাত্মিক অৰ্থেই ব্যবহাৰ কৰিডেছি। অন্তান্ত সমাভ ও সম্প্ৰদায় ভায়তের সৰ্কত্ৰ প্ৰচাৰ কৰিয়াছেন, কিছ বৃদ্ধের পর আনবাই প্রথম ভারতের দীমা লঙ্গন করিয়া সমগ্র পৃথিবীতে ধর্মপ্রচারের ভরত্ব প্রবাহিত করিতে চেষ্টা করিতেছি।'

'ভারভের পক্ষে আপনার ধর্মান্দোলন কোন্ উদ্দেশ্ত সাধন করিবে বলিয়া আপনি মনে করেন ?'

'হিন্দুধর্মের সাধারণ ভিত্তি আবিভার করা এবং জাতীয় চেতনা জাগ্রত করিয়া দেওয়া। বর্তমানকালে 'হিন্দু' বলিতে ভারতের তিনটি সম্প্রদায় ব্যায়—প্রথম গোঁড়া বা গভাহগতিক সম্প্রদায়; বিভীয় মুসলমান আমলের সংভারক-সম্প্রদায়সমূহ এবং তৃতীয় আধুনিক সংস্থারক-সম্প্রদায়সমূহ। আককাল দেখি, উত্তর হইতে দক্ষিণ পর্যন্ত সকল হিন্দু কেবল একটি বিষয়ে একমত—গোমাংস-ভোজনে সকল হিন্দুরই আপত্তি।'

'বেদবিখাসে কি সকলে'ই একমত নছে ?

'নোটেই না। ঠিক এইটিই আমরা পুনরায় জাগাইতে চাই। ভারত এখনও বৃদ্ধের ভাব আত্মগাৎ করিতে পারে নাই। বৃদ্ধের বাণী ওনিয়া প্রাচীন ভারত মুগ্ধই হইয়াছিল, নব বলে সঞ্চীবিত হয় নাই।'

'বর্তমানকালে ভারতে বৌদ্ধর্মের প্রভাব আপনি কি কি বিষয়ে প্রতিভাত দেখিতেছেন ?'

'বৌদ্ধর্মের প্রভাব তো সর্বয়ই জাজন্যমান। আপনি দেখিবেন ভারত কথন কোন কিছু পাইয়া হারায় না, কেবল উহা আয়ত্ত করিতে—নিজের অকীভূত করিয়া লইতে সময়ের প্রশ্নোজন হয়। বৃদ্ধ বজ্ঞে প্রাণিবধের মূলে কুঠারাঘাত করিলেন, ভারত সেই ভাব আর ফেলিয়া দিতে পারে নাই। বৃদ্ধ বলিলেন, 'গো-বধ করিও না'; এখন দেখুন আমাদের পক্ষে গো-বধ অসম্ভব ব্যাপার হইয়া দাঁড়াইয়াছে।'

'স্বামীনী, আপনি পূর্বে বে তিনসম্প্রদায়ের নাম করিলেন, তন্মধ্যে আপনি নিবেকে কোন্ সম্প্রদায়ভূক মনে করেন ?'

यांगीकी वनित्नन, 'वांगि नकन मध्यनाद्वत ! वांगताहै मनावन हिन्तू।'

এই কথা বলিয়াই তিনি সহসা প্রবল আবেগভরে ও গভীরভাবে বলিলেন, 'কিছ ছুঁংমার্গের সহিত আমাদের কিছুমাত্র সংস্রহ নাই। উহা হিন্দুধর্ম নহে, উহা আমাদের কোন শান্তে নাই। উহা প্রাচীন আচারের অমহমোদিত একটি কুসংস্থান—আর চিরদিনই উহা আতীয় অভাদরে বাধা স্থাই করিয়াছে।'

'ভাহা হইলে আগনি আসলে চান ৰাডীয় অভ্যুদ্ধ ?'

'নিশ্চর। ভারত কেন সমগ্র আবঁছাতির পশ্চাতে পড়িরা থাকিবে, ভাহার কি কোন যুক্তি আপনি নির্দেশ করিতে পারেন? ভারত কি বৃত্তির্ভিহীন?—কলাকৌশলে হীন? উহার শিল্প, উহার গণিত, উহার দর্শনের দিকে দেখিলে আপনি কি উহাকে কোন বিষয়ে হীন বলিতে পারেন? কেবল প্রয়োজন এইটুকু বে, ভাহাকে মোহনিত্রা হইতে—শভ শভ শভানী-ব্যাপী দীর্ঘ নিত্রা হইতে—জাগিতে হইবে এবং পৃথিবীর সমগ্র জাতির মধ্যে ভাহাকে ভাহার প্রকৃত ছান গ্রহণ করিতে হইবে।'

'কিন্তু ভারত চির্দিনই গভীর অন্তদৃষ্টিসম্পন্ন। উহাকে কার্য-কুশল করিবার চেটা করিতে গেলে উহা নিজের একমাত্র সম্বল—ধর্মরূপ পরম ধন হারাইতে পারে, আপনার এরপ আশহা হয় না কি ।'

'কিছুমাত্র না। অতীতের ইতিহাসে দেখা বার যে, এতদিন ধরিয়া ভারতে আধ্যাত্মিক বা অন্ধর্জীবন এবং পাশ্চাত্যদেশে বাহ্ম জীবন বা কর্মকুশলতা বিকাশ পাইয়া আদিয়াছে। এ পর্যন্ত উভয়ে বিপরীত পথে উয়ভির দিকে অগ্রদর হইতেছিল; এখন উভয়ের সন্মিশন-কাল উপস্থিত হইয়াছে। রামকৃষ্ণ পরমহংস গভীর-অন্তদ্ ষ্টিপয়ায়ণ ছিলেন, কিন্তু বহির্জগতেও তাঁহার মতো কর্মতংপরতা আর কাহার আছে ? ইহাই রহস্ত। জীবন—সম্জের মতো গভীর হইবে বটে, আবার আকাশের মতো বিশাল হওয়াও চাই।'

যামীজী বলিতে লাগিলেন, 'আশ্চর্যের বিষয়, অনেক সময় দেখা বার, বাহিরের পারিপার্থিক অবস্থান্তলি সন্ধার্ণতার পরিপোষক ও উরতির প্রতিক্র হইলেও আধ্যান্ত্রিক জীবন খুব পভীরভাবে বিকশিত হইয়াছে। কিন্তু এই তুই বিপরীত ভাবের পরশার একত্র অবস্থান আকম্মিকু মাত্র, অপরিহার্থ নহে। আর যদি আমরা ভারতে ইহার সমাধান করিতে পারি, তবে সমগ্র জগংক ঠিক পথে চলিবে। কারণ, মূলে আমহা সকলেই কি এক নহি?'

'বামীজী, আপনার শেষ সম্ভব্যগুলি তুনিয়া আর একটি প্রশ্ন মনে উদিত হইতেছে। এই প্রবৃদ্ধ হিন্দুধর্মে শ্রীরাসকক্ষের স্থান কোথায় ?'

স্থানীজী বলিলেন, 'এ বিষয়ের সীমাংলার ভার স্থামার নহে। স্থামি কথন কোন ব্যক্তিবিশেষকে প্রচার করি নাই। স্থামার নিষ্কের সীয়ন এই মহাত্মার প্রতি অগাধ শ্রহাভক্তিবশে পরিচালিত, কিছ অগরে আহারই এই ভাব কতদ্র প্রহণ করিবে, ভাহা ভাহারা নিজেরাই দ্বির করিবে। বতই বড় হউক, কেবল একটি নির্দিষ্ট জীবনধাত দিয়াই চিরকাল পৃথিবীতে ঐশীশক্তিপ্রোত প্রবাহিত হয় না। প্রত্যেক ব্যকে ন্তন করিয়া আবার ঐ শক্তি লাভ করিতে হইবে। আমরা কি সকলেই একত্বরূপ নহি?'

'ধন্তবাদ। আপনাকে আর একটিমাত্র প্রশ্ন জিজাসা করিবার আছে। আপনি স্বজাতির জন্ত আপনার প্রচারকার্যের উদ্দেশ্য ও সার্থকডা বিশ্লেষণ করিয়াছেন। এইভাবে আপনার কর্মপন্ধতি এখন বর্ণনা করিবেন.কি ?'

খামীজী বলিলেন, 'আমাদের কার্যপ্রণালী অভি লহজেই বর্ণিভ হইতে পারে। ঐ প্রণালী আর কিছুই নহে,—কেবল জাতীয় জীবনাদর্শকে প্ন:প্রতিষ্টিত করা। বৃদ্ধ ত্যাগ প্রচার করিলেন, ভারত গুনিল, হর শতালী বাইতে না বাইতে দে তাহার সর্বোচ্চ গৌরবণিখরে আরোহণ করিল। ইহাই রহন্ত। 'ত্যাগ ও সেবাই' ভারতের জাতীয় আদর্শ—ঐ ত্ইটি বিষয়ে উহাকে উন্নত কলন, তাহা হইলে অবণিষ্ট বাহা কিছু আপনা হইডেই উন্নত হইবে। এদেশে ধর্মের পতাকা বতই উচ্চে তৃলিয়া ধরা হউক, কিছুতেই পর্যাপ্ত হয় না। কেবল ইহার উপরেই ভারতের উদ্ধার নির্ভর করিভেছে।'

ভারতীয় নারী—তাহাদের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ

['প্ৰবৃদ্ধ ভারত', ডিসেম্বর, ১৮৯৮]

ভারতের নারীগণের অবহা ও অধিকার এবং ভাহাদের ভবিত্রৎ স্বদ্ধে আমী বিবেকনিক্ষের মতামত জানিবার জন্ত হিমালরের একটি স্থলন উপভ্যকার তাঁহার সহিত সাক্ষাৎ করিলাম। আমীজীর নিকট বধন আমার আগমনের উজ্জে বিবৃত করিলাম, তখন ভিনি বলিলেন, 'চলুন, একটু বেড়াইয়া আসা যাক।' তথনই আমনা বেড়াইতে বাহির হইলাম।

কিছুক্ত পরে তিনি মৌনভদ করিয়া ব্লিতে লাগিলেন, 'নারীর লখড়ে আর্ব ও নেমেটিক আর্দর্শ চির্দিনই স্পূর্ণ বিপরীত! দেমাইট্রের মধ্যে ত্বীলোকের উপস্থিতি উপাসনার ঘোর বিস্থরণ বনিয়া বিবেচিত। তাহারের সতে ত্বীলোকের কোনরণ ধর্মকর্মে অধিকার নাই, এখন কি, আহারের জন্ত পক্ষী বলি বেওরাও তাহারের পক্ষে নিবিদ্ধ। আর্থনের মতে সহধর্মিণী ব্যতীত পুরুষ কোন ধর্মকার্য করিতে পারে না।'

আমি এইরপ অপ্রত্যানিত ও স্পষ্ট কথার আশুর্বাহিত হইরা বলিলাম, 'কিন্তু খামীজী, হিন্দুধর্ম কি আর্থর্মেরই অগবিশেষ মহে গু'

ষামীজী ধীরে ধীরে বলিলেন, 'আধুনিক হিন্দুধর্ম পোরাণিক-ভাৰবহন, অর্থাং উহার উৎপত্তিকাল বৌদ্ধর্মের পরবর্তী। দরানন্দ সরস্বতী দেখাইয়া দিয়াছেন: গার্হপত্য অগ্নিডে আছ্ডিদানরূপ বৈদিক ক্রিয়ার অষ্ঠান বে সহধর্মিণী ব্যতীত হুইডে পারে না, ভাহারই আবার শালগ্রামনিলা অথবা গৃহদেবতাকে স্পর্শ করিবার অধিকার নাই; ইহার কারণ এই বে, এই-সকল পূজা পরবর্তী পৌরাণিক যুগ হুইডে প্রচলিত হুইয়াছে।'

'ভাহা হইলে আখাদের মধ্যে নরনারীর যে অধিকারবৈষমা দেখা যায়, ভাহা আপনি সম্পূর্ণরূপে বৌদ্ধর্মের প্রভাবসম্ভূত বলিয়া মনে করেন ?'

খানীজী বলিলেন, 'বলি কোথাও বাত্তবিকই অধিকারবৈর্ম্য থাকে, সে-কেত্রে আমি ঐরপই মনে করি। পাশ্চান্ত্য সমালোচনার আকমিক প্রোতে এবং তুলনার পাশ্চান্ত্য নারীদের অবস্থাবৈষ্ম্য দেখিয়াই বেন আমরা আমাদের দেশে নারীদের হীন দশা অভি সহজেই মানিয়া না লই। বহু শতানীর বহু ঘটনা-বিপর্বরের বারা নারীদিগকে একটু আড়ালে রাখিতে আমরা বাধ্য হইয়াছি। এই সন্ত্যের প্রতি লক্ষ্য রাখিয়াই আমাদের সামাজিক রী্তিনীতি পরীক্ষা করিতে হইবে, জীজাভির হীন অবস্থা বিচার করিয়া নহে!'

'ভাহা ছইলে খামীজী, আমাদের সমাজে নারীগণের বর্তমান অবস্থায় কি আপনি সম্ভট ?'

খানীজী বলিলেন, 'না, কথনই নহে! কিন্তু নারীদিগের সহতে আমাদের হত্তকেপ করিবার অধিকার শুধু ভাহাদিগকে শিক্ষা দেওরা পর্যন্ত; নারীগণকে এমন বোগ্যভা অর্জন করাইতে হইবে, বাহাতে ভাহারা নিজেদের সমস্তা নিজেদের ভাবে নীমাংসা করিয়া লইভে পারে। ভাহাদের হইয়া অপর কেহ এ কার্য করিতে পারে না, করিবার ভেটা ক্যাও উচিত নহে! আর অগভের অন্তান্ত কেশের রেন্ডেদের সভো আমাদের নেরেবাও এ বোগ্যভা-ভাতে সমর্থ।' 'আপনি নারীজাতির অধিকারবৈষমোর কারণ বলিয়া বৌদ্ধর্মের উপরে দোবারোপ করিতেছেন। বিজ্ঞানা করি, বৌদ্ধর্ম কিরূপে নারীজাতির অবনতির কারণ হইল ১'

ষামীলী বলিলেন, 'সেই কারণের উৎপত্তি বৌদ্ধর্মের অবনতির সময় বটিয়াছিল। প্রভ্যেক আন্দোলনেই কোন অসাধারণ বিশেবত থাকে বলিয়াই তাহার জয় ও অভ্যাদর হর, কিন্তু আবার উহার অবনতির সমর, যাহা লইরা তাহার গৌরব, তাহাই তাহার গুর্বলভার প্রধান উপাদান হর। নরশ্রেষ্ঠ ভগবান বৃদ্ধের সম্প্রদারগঠন ও পরিচালন-শক্তি অভ্ত ছিল, আর ঐ শক্তিতে তিনি লগৎ জয় করিয়াছিলেন কিন্তু তাঁহার ধর্ম কেবল সম্যাদি-সম্প্রদারের উপযোগী ধর্ম। তাহা হইতে এই অভত ফল হইল বে, সম্যাসীর ভেক্ পর্বস্ত ক্যানিত হইতে লাগিল। আবার তিনিই সর্বপ্রথম মঠপ্রথা অর্থাৎ এক ধর্মসভ্তের বাস করিবার প্রথা প্রবৃত্তিত করিলেন। ইহার জয় তাঁহাকে বাধ্য হইরা নারীজাতিকে পুরুষ অপেক্ষা নিমাধিকার দিতে হইল, বেহেতু বড় বড় মঠাধ্যকাও নির্দিষ্ট মঠাধ্যক্ষের অন্থমতি ব্যতীত কোন গুরুতর বিষরে হন্তক্ষেপ করিতে পারিতেন না। ইহাতে উদ্দিষ্ট আন্ত ফললাভ, অর্থাৎ তাঁহার ধর্মসভ্যের মধ্যে অপ্রথমনা ছাপিত হইরাছিল, ইহা আপনি বৃত্তিতে পারিতেছেন। কেবল স্বৃত্ত্ব ভবিত্তে ইহার যে ফল হইরাছিল, তাহারই জয় অন্থণোচনা করিতে হয়।'

'কিন্তু বেদে ভো সন্মানের বিধি আছে ?'

'অবশ্রই আছে, কিন্তু সে-সময় ঐ বিষয়ে নরনারীর কোন প্রভেদ করা হর নাই। যাজবন্ধকে জনক-রাজার সভার কিরপ প্রশ্ন করা হইরাছিল, ভাহা আপনার স্মরণ আছে ভো?' তাঁহার প্রধান প্রশ্নকর্মী ছিলেন বাক্পটু কুমারী বাচক্রবী। সেকালে এইরূপ মহিলাকে 'ব্রহ্মবাদিনী' বলা হইত। তিনি বলিয়াছিলেন, আমার এই প্রশ্নহয় দক্ষ ধাছতের হত্তহিত ছুইটি শাণিত তীরের ফায়; এই হলে তাঁহার নারীত্ব সহত্বে কোনরূপ প্রশ্ন ভোলা হয় নাই। আমাদের প্রাচীন আরণ্য শিকাকেন্দ্রে বালকবালিকার যে সমানাধিকার ছিল, ভরণেক্ষা অধিকতর সাম্য আর কি হইতে পারে? আমাদের সংস্কৃত্ব নাটকগুলি পড়্ন—শকুত্বলার উপাধ্যান পড়ুন, ভারণর বেশ্ন—টেনিসনেক্স 'প্রিজেন্' হইতে আমাদের নৃত্তন কিছু শিখিবার আছে কি না।'

३ वृह्लानगर डेल,---७१४ ं

'আপনি বড় অভূভদ্ধণে আমাদের অভীতের মহিনা-গৌরব সকলের সমক্ষে প্রকাশ করিজে পারেন।'

খানীলী শাভভাবে বলিলেন—'হা, ভাছার কারণ সভবতঃ আরি লগতের তুইটি দিকই দেখিরাছি। আর আমি জানি, বে-জাভি লীভা-চরিত্র স্টিকরিরাছে—'ঐ চরিত্র বদি কার্রনিকও হয়, ভথাপি খীকার করিতে হইবে, নারীজাভির উপর দেই জাভির বেরপ শ্রুভা, জগতে ভাহার তুলনা নাই। পাশ্চাভ্য মহিলাদের জন্ত আইনের বে-সব বক্সবাধন আছে, আমাদের দেশের লোক দে-সব জানেও না। আমাদের নিশ্রুই অনেক ছোব আছে, আমাদের সরাজে অনেক অক্সারও আছে, কিন্তু এই-সকল উহাদেরও আছে। আমাদের এটি কবন বিশ্বত হওয়া উচিত নয় বে, সমগ্র জগতে প্রেম কোমলতা ও সাধুতা বাহিরের কার্বে ব্যক্ত করিবার একটা সাধারণ চেটা চলিয়াছে, আর বিভিন্ন জাতীর প্রথাগুলির ঘারা যতটা সভব ঐ-ভাব প্রকাশ করা হইয়া থাকে। গার্হয়্য ধর্ম সহজে আমি এ-কথা অসকোচে বলিতে পারি বে, অক্সান্ত দেশের প্রথাসমূহ অপেকা ভারতীর প্রথাসমূহের নানাভাবে অধিকতর উপ্রোগিতা রহিয়াছে।'

'ভবে স্বামীন্ধী, স্বামাদের মেরেদের কোনরূপ সমস্যা স্বাদী স্বাছে কি— বাহার মীমাংশা প্রয়োজন ?'

'অবশ্বই আছে—অনেক সমস্তা আছে—সমস্তাগুলিও বড় গুরুতর। কিন্তু এমন একটিও সমস্তা নাই, 'শিক্ষা' এই মন্ত্রবলে বাহার সমাধান না হইতে পারে। প্রকৃত শিক্ষার ধারণা কিন্তু এখনও আমাদের মধ্যে উদিত হর নাই।'

'ভাছা হইলে আপনি প্রকৃত শিক্ষার কি সংজ্ঞা দিবের ?'

খামীলী দ্বাইং হাসিয়া বলিলেন—'আমি কথন কোন-কিছুর সংজ্ঞা নির্দেশ করি না। তথাপি এইভাবে বর্ণনা করা যাইতে পারে বে, শিক্ষা বলিতে কতকগুলি শব্দ শেখা নহে; আমাদের বৃদ্ধিগুলির—শক্তিসমূহের বিকাশকেই শিক্ষা বলা যাইতে পারে; অথবা বলা যাইতে পারে—শিক্ষা বলিতে ব্যক্তিকে এমন ভাবে গঠিত করা, যাহাতে ভাহার ইচ্ছা সন্বিয়ে থাবিত হয় এবং সফল হয়। এই ভাবে শিক্ষিতা হইলে ভারতের কল্যাণ্যাথনে সমর্থ নির্ভাক মহীরগী নারীর অভ্যাগর হইবে। তাঁহারা সভ্যমিন্তা, দীলা, অহল্যাবাদ ও মীরাবাদি-এর পদার-অক্সরণে লম্ব্ হইবেন, তাঁহারা পবিত্র খার্থপুত্র বীর হইবেন।

ভগবানের পাদপদ্মস্পর্ণে যে বীর্ষ লাভ হয়, উাহারা সেই বীর্ষ লাভ করিবেন, হুডরাং তাঁহারা বীরপ্রস্বিনী হুইবার বোগ্যা ছুইবেন।'

'ভাহা হইলে স্বামীনী, শিক্ষার ভিতর ধর্মশিক্ষাও কিছু থাকা উচিড, স্থাপনি মনে করেন।'

খানীজী গন্তীরভাবে বলিলেন, 'আমি ধর্মকে শিক্ষার ভিতরকার সার জিনিস বলিয়া মনে করি। এটি কিছ মনে রাখিবেন খে, আমি আমার নিজের বা অপর কাহারও ধর্মসহছে মতামতকে 'ধর্ম' বলিতেছি না। আমার বিবেচনার অক্যান্ত বিষয়ে বেমন, এ বিষয়েও তেমনি শিক্ষািত্রী ছাত্রীর ভাব ও ধারণাহ্যায়ী শিক্ষা দিতে আরম্ভ করিবেন এবং তাহাকে উন্নত করিবার এমন সহজ পথ দেখাইরা দিবেন, যাহাতে তাহাকে খুব কম বাধা পাইতে হয়।'

'কিন্ত ধর্মের দৃষ্টিতে যাঁহার। ত্রন্ধচর্যকে বাড়াইয়া জননী ও সহধর্মিণীর সম্বদ্ধ ভাগে করেন, এবং ত্রন্ধচারিণীদিগকে উচ্চাসন দেন, তাঁহারা নারীর উন্নতিতে নিশ্চয় স্পষ্ট আঘাত করিয়াছেন।'

ষামীজী বলিলেন—'আপনার শ্ববণ রাখা কর্তব্য যে, ধর্ম বদি নারীর পক্ষে ব্রদ্ধান্ত উচ্চাসন দিয়া থাকে, পুরুষজাতির পক্ষেও ঠিক তাহাই করিয়াছে। আরও আপনার প্রশ্ন শুনিয়া বোধ হইতেছে, এ বিষয়ে আপনার নিজের মনেও বেন একটু কি গোলমাল আছে। হিন্দুধর্ম মানবাত্মার পক্ষে একটি—কেবল একটি কর্তব্য নির্দেশ করিয়া থাকেন,—অনিত্যের মধ্যে নিত্যবন্ধ সাক্ষাৎ করিবার চেটা। কিন্ত ইহা কিরপে সাধিত হইতে পারে, ভাহার একমাত্র পয়া নির্দেশ করিতে কেহই সাহসী হন না। বিবাহ বা ব্রহ্মচর্ব, ভাল বা মন্দ্র, বিভা বা মুর্যতা—বে-কোন বিষয় ঐ চরম লক্ষ্যে লইয়া ঘাইবার সহায়ভা করে, ভাহারই সার্থকতা আছে। এই বিষয়ে হিন্দুধর্মের সহিত্ত বৌদ্ধর্মের বিশেষ প্রভেদ বর্তমান। কারণ বৌদ্ধর্মের প্রধান উপদেশ—বহির্জপতের অনিত্যভা উপলব্ধি, আর মোটামুটি বলিতে গেলে ঐ উপলব্ধি একটিমাত্র উপারেই সাধিত হইতে পারে। মহাভারতের সেই অরবয়ন্ধ বোসীর কথা আপনার কি মনে পড়ে? ইনি ক্রোধজাত ভীত্র ইচ্ছালজিবলে এক কাক ও বকের দেহ ভঙ্ম করিয়া নিজ যোগবিভৃতিতে স্পর্ধান্তিত হইয়াছিলেন, ভারণর নগরে পিয়া প্রথমে করা পতির শুঞ্জাকারিদী এক নারীর সহিত, পরে ধর্মব্যাধের সহিত্ত

তাঁহার সাক্ষাৎ হইল—বাঁহারা উভয়েই কর্ডব্যনিষ্ঠাত্তপ সাধারণ মার্গে থাকিয়া তথ্ঞান সাত করিয়াছিলেন ?''

'ভাহা হইলে আপনি এদেশের নারীগণকে কি বলিতে চান ?'

'কেন, আমি পুক্ষগণকে বাহা বলিয়া থাকি, নারীগণকে ঠিক তাহাই বলিব। ভারত এবং ভারতীয় ধর্মে বিশাস কর, তেজখিনী হও, আশায় বুক বাঁধাে, ভারতে জন্ম বলিয়া লজ্জিত না হইয়া উহাতে গৌরব অহতেব কর, আর শ্বরণ রাখিও, আমাদের অপরাপর জাতির নিকট হইতে কিছু লইতে হইবে বটে, কিছু জগতের অক্তান্ত জাতি অপেকা আমাদের অপরকে দিবার জিনিস সহস্ত্রপ বেশী আছে।'

हिन्दूधर्यत्र मौमाना

['প্ৰবুদ্ধ ভারত', এপ্ৰিল, ১৮৯৯]

আমাদের প্রতিনিধি লিখিতেছেন, অন্তথ্যবিলয়ীকে হিন্দুধর্মে আনা সম্বন্ধে আমা বিবেকানন্দের মতামত জানিবার জন্ত সম্পাদকের আদেশে স্বামীজীর সহিত সাক্ষাৎ করিতে ষাই। তখন সন্ধ্যা উত্তীর্ণ হইরাছে। আমরা বেল্ড্র রামকৃষ্ণ মঠের পোন্তার নিকট নৌকা লাগাইয়াছি। স্বামীজী মঠ হইতে নৌকার আসিয়া আমার সহিত কথাবার্তা কহিতে আসিলেন। প্রসাবক্ষে নৌকার ছাদে বসিয়া তাঁহার সহিত কথোপকথনের স্থবোগ মিলিল।

আমিই প্রথমে কথা বলিলাম, 'ৰামীজী, যাহারা হিন্দুধর্ম ছাড়িয়া অন্ত ধর্ম গ্রহণ করিয়াছে, তাহাদিগকে হিন্দুধর্মে পুনগ্রহণ-বিষয়ে আপনার মতামত কি জানিবার জন্ম আপনার সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছি। আপনার কি মত, তাহাদিগকে আবার গ্রহণ করা বাইতে পারে গু'

সামীজী বলিলেন, 'নিশ্চয়। ভাহাদের স্নায়ানে গ্রহণ করা যাইতে পারে, করা উচিতও।'

১ মহাভারত, বনপর্ব, ধর্মবাধ উপাখান ; এই গ্রন্থাবলীর ১ম খণ্ডে 'কর্মবোগে' গলটি বিবৃত।

তিনি মূহুর্তকাল গভীরভাবে চিন্তা কবিয়া বলিতে আগত করিলেন—
'আর এক কথা তাহাদিগকে পুনপ্রহিণ না করিলে আরাদের সংখ্যা
করণ: প্রাস্থ পাইবে। বখন মূললমানেরা প্রথমে এদেশে আসিরাছিলেন,
তথন প্রাচীনত্ম মূললমান ঐতিহালিক ফেরিন্তার মতে ভারতে ৬০ কোটি
হিন্দু ছিল, এখন আমরা বিশ কোটিতে পরিণত হইরাছি। আর, কোন
লোক হিন্দুসমাজ ত্যাগ করিলে সমাজে ওধু বে একটি লোক কম পড়ে তাহা
নর, একটি করিয়া শত্রু বৃদ্ধি হয়!

ভারপর আবার হিন্দুধর্মত্যাগী মৃগলমান বা প্রীষ্টানের মধ্যে অধিকাংশই তরবারিবলে ঐ সব ধর্ম গ্রহণ করিতে বাধ্য হইয়াছে, অথবা যাহারা ইতিপূর্বে ঐরপ করিয়াছে, ভাহাদেরই বংশধর। ইহাদিগের হিন্দুধর্মে ফিরিয়া আসিবার পক্ষে নানারপ আপত্তি উত্থাপন করা বা প্রতিবন্ধকতা করা স্পষ্টতই অস্তায়। আর যাহারা কোনকালে হিন্দুসমাজভুক্ত ছিল না, ভাহাদের সম্বন্ধেও কি আপনি জিঞ্জাসা করিয়াছিলেন? দেখুন না, অতীতকালে এইরপ লক্ষ লক্ষ বিধর্মীকে হিন্দুধর্মে আনা হইয়াছে আর এখনও সেরপ চলিতেছে।

'আমার নিজের মত এই বে, ভারতের আদিবাসিগণ, বহিরাগত জাতিসমূহ এবং মুদলমানাধিকারের পূর্ববর্তী আমাদের প্রায় সকল বিজেত্বর্গের পকেই ঐ কথা প্রযুক্ত হইতে পারে। তথু তাহাই নহে, পুরাণসমূহে যে-সকল জাতির বিশেষ উৎপত্তির বিষয় কথিত হইরাছে, ভাহাদের সম্বন্ধেও ঐ কথা থাটে। আমার মতে ভাহারা অগ্রধর্মী ছিল, ভাহাদিগকে হিন্দু করিয়া লওয়া হইয়াছে।

'বাহারা ইচ্ছাপূর্বক ধর্মান্তর গ্রহণ করিয়াছিল, কিন্তু এখন হিন্দুসমান্তে ফিরিয়া আসিতে চায়, ভাহাদের পক্ষে প্রায়শ্চিত-ক্রিয়া আৰহ্যক, ভাহাতে কোন সন্দেহ নাই। কিন্তু বাহাদিগকে বলপূর্বক ধর্মান্তরিত করা হইয়াছিল—বেমন কাশ্মীর ও নেপালে অনেককে দেখা বার, অথবা বাহারা কখন হিন্দু ছিল না, এখন হিন্দুসমান্তে প্রবেশ করিতে চার, ভাহাদের পক্ষে কোনরূপ প্রায়শ্চিত-ব্যবস্থা করা উচিত নহে।'

শাহসপূর্বক জিজাসা করিলাম, 'খামীজী, কিন্ত ইহারা কোন্ জাডি হইবে ? তাহারের কোন-না-কোনরূপ জাডি থাকা আবশুক, মতুবা তাহারা কণন বিশাল হিন্দুসমাজের অধীভূত চ্ইজে পারিবে না। হিন্দুসমাজে তাহাদের বধার্থ হান কোধার ?'

বানীণী থীবভাবে ৰলিলেন, 'বাহারা পূর্বে হিন্দু ছিল, ভাহারা অবস্ত ভাহাদের জাভি ক্লিরিয়া পাইবে। আর যাহারা নৃতন, ভাহারা নিজের জাভি নিজেরাই করিয়া লইবে।'

ভিনি আরও বলিতে লাগিলেন, 'শারণ রাখিবেন, বৈফ্বলমাজে ইতিপূর্বেই এই ব্যাপার ঘটিয়াছে এবং অহিন্দু ও হিন্দুধর্মের বিভিন্ন জাতি হইতে যাহারা ধর্মান্তর গ্রহণ করিয়াহিল, সকলেই বৈক্ষব সমাজের আপ্রয় লাভ করিয়া নিজেদেরই একটা জাতি গঠন করিয়া লইয়াহিল, আর সে জাতি বড় হীন জাতি নহে, বেশ ভত্ত জাতি। রাষাহ্যক হইতে আরম্ভ করিয়া বাঙলাদেশে প্রীচৈতন্ত পর্যন্ত সকল বড় বড় বৈক্ষব আচার্যই ইহা করিয়াছেন।'

আমি কিজাসা করিলাম, 'এই নৃতন বাহারা আসিবে, ভাহাদের বিবাহ কোখার হইবে ?'

यांगीको दिवलार विनित्न, 'এখন व्ययम চলিতেছে, निर्द्धान मधाई।'

আমি বলিলাম, 'ভারপর নামের কথা। আমার বোধ হয়, অহিন্দু এবং বে-সব স্থর্মত্যাপী অহিন্দু নাম লইয়াছিল, ভাহাদের নৃতন নামকরণ করা উচিত। ভাহাদিগকে কি আভিস্চক নাম বা আর কোনপ্রকার নাম দেওয়া বাইবে ?'

খামীজী চিন্তা করিতে করিতে বলিলেন, 'লবখা নামের অনেকটা শক্তি আছে বটে।'

কিন্ত তিনি এই বিষয়ে আর অধিক কিছু বলিলেন না। কিন্ত তারপর আমি বাহা জিল্লাসা করিলাস, ভাহাতে তাঁহার আগ্রহ বেন উদীপ্ত হইল। প্রশ্ন করিলায—'ঘামীজী, এই নবাগন্তকগণ কি হিন্দুধর্মের বিভিন্নপ্রকার শাখা হইতে নিজেদের ধর্মপ্রণালী নিজেরাই নির্বাচন করিয়া লইবে অথবা আপনি তাহাদের জন্ত একটা নির্দিষ্ট ধর্মপ্রশালী নির্বাচন করিয়া দিবেন ?'

্ খানীজী বলিলেন, 'এ-কথা কি খানার জিজ্ঞানা করিতে হয় ? তাহারা 'খাপনাপন পথ নিজেরা বাছিরা লইবে। কারণ নিজে নির্বাচন করিয়া না লইলে হিন্দুধর্মের মূলভাবটিই নট করা হয়। খামালের ধর্মের সার এইটুকু বে, প্রভাকের নিজ নিজ ইউ-নির্বাচনের অধিকার খাছে।' আমি এই কথাট বিশেষ মৃল্যবান্ বলিয়া মনে করিলাম। কারণ আমার বোধ হর, আমার সম্পন্থ এই ব্যক্তি সর্বাপেকা বৈজ্ঞানিকভাবে ও সহাত্ত্তির দৃষ্টিতে হিন্দুধর্মের সাধারণ ভিদ্তিসমূহের আলোচনার অনেকদিন কাটাইরাছেন আর ইট্ট-নির্বাচনের খাধীনভারণ ভড়টি এভ উদার যে, সমগ্র জগৎকে ইহার অভত্ কি করা বাইতে পারে।

প্রশোত্তর

>

[মঠের দৈনন্দিন লিপি হইতে সংগৃহীত]

- প্র। গুরু কাকে বলতে পারা বায়?
- উ। বিনি ভোমার ভূত ভবিশ্বং ব'লে দিতে পারেন, তিনিই ভোমার শুক্ল। দেখ না, আমার শুক্ত আমার ভূত-ভবিশ্বং ব'লে দিয়েছিলেন।
 - প্র। ভক্তিলাভ কিরূপে হবে ?
- উ। ভক্তি তোমার ভিতরেই রয়েছে, কেবঁগ তার উপর কাম-কাঞ্নের একটা আবরণ পড়ে আছে। ঐ আবরণটা সরিয়ে দিলে সেই ভিতরকার ভক্তি আপনিই প্রকাশিত হয়ে পড়বে।
- প্র। আপনি ব'লে থাকেন, নিজের পারের উপর দাঁড়াও; এখানে নিজের বলতে কি বুঝব ?
- উ। অবশ্র পরমাত্মার উপরই নির্ভর করতে বলা আমার উদ্দেশ্য। তবে এই 'কাঁচা আমি'র উপর নির্ভর করবার অভ্যাস করলেও ক্রমে তা আমাদের ঠিক আয়গার নিয়ে যার, কারণ জীবাত্মা সেই পরমাত্মারই মারিক প্রকাশ বই আর কিছুই নর।
- প্র। বদি এক বছাই যথার্থ সভ্য হয়, ভবে এই বৈভবোধ—যা সদাসর্বদা সকলের হচ্ছে, ভা কোথা থেকে এল ?
- উ। বিষয় যথন প্রথম অহুভূত হয়, ঠিক সে-সময় কখন বৈতবোধ হয় না। ইন্তিয়ের সংগ বিষয়-সংযোগ হবার পর যথন আমরা সেই জানকে

বৃদ্ধিতে আর্চ করাই, ভধনই বৈভবোধ এগে থাকে। বিবয়াহভৃতির সময় বদি বৈভবোধ থাকভ, ভবে জ্বের জাতা থেকে সম্পূর্ণ সভন্তরপে এবং জ্বাডাও জ্বের থেকে সভন্তরপ্রদেশ অবস্থান করতে পারত।

- वा। नामध्यभूर्व চत्रिव्यम्प्रेत्नत क्षकृष्टे छेभात्र कि ?
- উ। থাদের চরিত্র সেইভাবে গঠিত হয়েছে, তাঁদের সঙ্গ করাই এর সর্বোৎক্রট উপায়।
 - প্র। বেদ সহছে আমাদের কিরূপ ধারণা রাখা কর্তব্য ?
- উ। বেদই একমাত্র প্রমাণ—ক্ষরতা বেদের যে অংশগুলি বৃদ্ধিবিরোধী সেগুলি বেদ-শব্দবাচ্য নহে। অক্সান্ত শাল্প মথা পুরাণাদি—ডভটুকু প্রাঞ্চ, যভটুকু বেদের অবিরোধী। বেদের পরে জগতের যে-কোন হানে যে-কোন ধর্মভাবের আবির্ভাব হয়েছে, তা বেদ থেকে নেওরা বুঝতে হবে।
- প্র। এই যে সভ্য ত্রেভা দাপর কলি—চারিযুগের বিষয় শাস্ত্রে পড়া যায়, ইহা কি কোনরূপ জ্যোভিষশাস্ত্রের গণনাসম্মত অথবা কাল্লনিক মাত্র ?
- উ। বেদে তো এইরপ চতুর্গের কোন উল্লেখ নেই, এটা পৌরাণিক যুগের ইচ্ছামত কল্লনামাত্র।
- প্র। শব্দ ও ভাবের মধ্যে বাস্তবিক কি কোন নিত্য সমন্ধ আছে, না বে-কোন শব্দের দারা বে-কোন ভাব বোঝাতে পারা দার ? মাহ্ন্য কি ইচ্ছানত বে-কোন শব্দে যে-কোন ভাব জুড়ে দিয়েছে ?
- উ। বিষয়টিতে অনেক তর্ক উঠতে পারে, দির সিদ্ধান্ত করা বড় কঠিন।
 বোধ হয় বেন, শব্দ ও ভাবের মধ্যে কোনরূপ সম্বদ্ধ আছে, কিছু সেই সম্বদ্ধ
 বে নিত্য, তাই বা কেমন ক'রে বলা যায়? দেখ না, একটা ভাব বোঝাডে
 বিভিন্ন ভাবার কত রক্ষ বিভিন্ন শব্দ রয়েছে। কোনরূপ স্থান সম্বদ্ধ থাকতে
 পারে, যা আমরা এখনও ধরতে পার্ছি না।
 - প্র। ভারতের কার্যপ্রণালী কি ধরনের হওয়া উচিত ?
- উ। প্রথমত: সকলে বাতে কাজের লোক হর এবং ভালের শরীরটা বাতে সবল হর, ভেমন শিক্ষা দিছে হবে। এই রক্ষ বারো জন প্রদর্শনংহ জগৎ জর করবে, কিন্তু লক্ষ লক্ষ ভেড়ার পালের বারা ভা হবে না। বিভীয়ত: বত বড়ই হোক না কেন, কোন ব্যক্তির আদর্শ অন্তকরণ করতে শিক্ষা দেওরা উচিত নয়।

প্র। রামরুক্ষ মিশন ভারভের পুনরুখানকার্বে কোন্ অংশ গ্রহণ করবে ?

উ। এই মঠ থেকে সব চরিত্রবান্ লোক বেরিরে সমগ্র জগথকে আব্যাত্মিকভার বজার প্লাবিভ করবে। সঙ্গে সঙ্গে অঞ্জান্ত বিষয়েও উরভি হ'তে থাকবে। এইরূপে ব্রাহ্মণ ক্ষত্রির ও বৈশুজাভির অভ্যুদ্য হবে, শূমজাভি আর থাকবে না। ভারা বে-সব কাল এখন করছে, সে-সব ব্যাহ্র বারা হবে। ভারতের বর্তমান অভাব—ক্ষত্রিয়শক্তি।

প্র। মাছবের জয়াভবে কি প্রাদি নীচবোনি হওয়া সভব ?

উ। খুব সম্ভব। পুনর্জন্ম কর্মের উপর নির্ভব করে। বদি লোকে পশুর মতো কান্ধ করে, তবে সে পশুযোনিতে আকৃষ্ট ছবে।

প্র। মাছৰ আবার পশুযোনি প্রাপ্ত হবে কিরুপে, তা ব্রুতে পারছি না। ক্রমবিকাশের নিয়মে সে বধন একবার মানবদেহ পেরেছে, তখন সে আবার কিরুপে পশুযোনিতে জ্যাবে ?

উ। কেন, পশু থেকে বদি মান্থৰ হ'তে পারে, মান্থৰ থেকে পশু হবে না কেন? একটা সম্ভাই তো বাস্থবিক আছে—মূলে তো সবই এক।

প্র। কুওলিনী বলিয়া বাস্তবিক কোন পদার্থ আমাদের স্থলদেহের মধ্যে আছে কি ?

উ। শ্রীরামক্লফদের বলতেন, যোগীরা বাকে পদ্ম বলেন, বান্তবিক তা মানবের দেহে নেই। যোগাভ্যাদের ছারা ঐগুলির উৎপত্তি হয়ে থাকে।

প্র। মৃতিপ্রার বারা কি মৃক্তি লাভ হ'তে পারে ?

উ। মৃতিপ্জার বারা সাক্ষাৎভাবে মৃক্তি হ'তে পারে না—তবে মৃতি
মৃক্তিলাভের গৌণ কারণস্বরূপ, ঐ পথের সহায়ক। মৃতিপ্জার নিন্দা করা
উচিত নয়, কারণ অনেকের পক্ষে মৃতি অবৈভজ্ঞান উপলব্ধির জন্ত মনকে
প্রেম্ভ ক'রে দেয়—ঐ অবৈভজ্ঞান-লাভেই যানব মৃক্ত হ'তে পারে।

প্র। আমাদের চরিত্রের সর্বোচ্চ আদর্শ কি হওরা উচিত ?

উ। ভাগ।

প্র গ্রাপনি বলেন, বৌদ্ধর্য তার হারত্ত্ত্বপ তারতে থোর অবনতি আনরন করেছিল—এটি কি ক'লে হ'ল ?

উ। বৌৰেরা প্রভাক ভারতবাদীকে দলাদী বা সন্থাদিনী করবার চেষ্টা করেছিল। সকলে ভো আর ভা হ'ভে শারে না। এইভাবে বে-দে ভিন্ হওয়াতে তাদের তেতরে ক্রমণ: ত্যাগের ভাব কমে আসতে লাগলো।
আর এক কারণ—ধর্মের নামে তিবতত ও অভান্ত দেশের বর্ম আচার-ব্যবহারের
অন্তকরণ। ঐ-লব আরগায় ধর্মপ্রচার করতে গিয়ে তাদের তেতর ওদের বৃষিত
লব আচারগুলি চুকল। তারা শেষে ভারতে দেগুলি চালিরে দিলে।

- প্র। মায়া কি অনাদি অনত १
- উ। সমষ্টিভাবে ধরলে অনাদি অনম্ভ বটে, ব্যক্টিভাবে কিছ সাভ।
- প্র। মারা কি?
- উ। বন্ধ প্রকৃতপক্ষে একটি মাত্র আছে—তাকে জড় বা চৈতক্ত বে নামেই অভিহিত কর না কেন। কিছ ওলের মধ্যে একটি ছেড়ে আর একটিকে ভাষা শুধু কঠিন নয়, অসম্ভব। এটাই মায়া বা জ্ঞান।
 - প্র। মৃক্তি কি?
- উ। মৃক্তি অর্থে পূর্ব স্থাধীনতা—ভালমন্দ উভরের বন্ধন থেকেই মৃক্ত হওয়া। লোহার শিকলও শিকল, সোনার শিকলও শিকল। শ্রীয়ামকফদেব বলতেন—পায়ে একটা বাঁটা ফুটলে সেই কাঁটা ভুলতে আর একটা কাঁটার প্রাক্তন হয়। কাঁটা উঠে গেলে ত্টো কাঁটাই কেলে দেওমা হয়। এইরূপ সংপ্রবৃত্তির ঘারা অসৎপ্রবৃত্তিগুলিকে দমন করতে হবে, ভারপর কিছ সংপ্রবৃত্তিগুলিকে পর্যন্ত জার করতে হবে।
 - প্র। ভগবৎরূপা ছাড়া কি মৃক্তিলাভ হ'তে পারে ?
- উ। মৃক্তির সংখ ঈখরের কোন সমন্ধ নেই। মৃক্তি আয়াদের ভেতর আগে থেকেই রয়েছে।
- প্র। আমাদের মধ্যে বাকে 'আমি' বলা যায়, তা যে দেহাদি থেকে উৎপন্ন নয়, তার প্রমাণ কি ?
- উ। অনাত্মার মতো 'আমি'ও দেহমনাদি থেকেই উৎপন্ন। প্রকৃত 'আমি'র অভিত্যের একমাত্র প্রমাণ প্রভাক্ষ উপলব্ধি।
 - প্র। প্রকৃত আনী এবং প্রকৃত ভক্তই বা কাকে বলা বায় ?
- উ। প্রকৃত জানী তিনিই, বাঁর ক্রম্যে অগাধ প্রেম বিজ্ঞান আর বিনি
 সর্বাবছাতে অবৈতত্ত্ব সাক্ষাৎ করেন। আর তিনিই প্রকৃত ভক্ত, বিনি
 জীবাজাকে পরসাজার সঙ্গে অভেন তাবে উপলব্ধি ক'রে অভরে প্রকৃত জানসম্পন্ন হরেছেন এবং সক্ষাকেই ভালবাদেন, সক্লের জন্ত বাঁর প্রাণ

- কাঁদে। জান ও ভক্তির মধ্যে বে একটির পক্ষপাতী এবং ক্ষপরটিম বিরোধী, সে জানীও নয়, ভক্তও নয়—চোর, ঠক।
 - প্র। ঈখরের সেবা করবার কি দরকার ?
- উ। যদি ঈশবের অন্তিম একবার স্বীকার ক্র, তবে তাঁকে সেবা করবার যথেষ্ট কারণ পাবে। সকল শাল্পের মতে ভগবৎসেবা অর্থে স্থরণ। যদি ঈশবের অন্তিমে বিখাসী হও, তবে তোমার জীবনের প্রতি পদক্ষেপে তাঁকে স্মরণ করবার হেতু উপস্থিত হবে।
 - थ। मात्रावान कि व्यविज्वान (शत्क किছू व्यानाना ?
- উ। না—একই। মান্নাবাদ ব্যতীত অবৈতবাদের কোন ব্যাখ্যাই সম্ভব নয়।
 - প্র। ঈশর অনম্ভ; তিনি মাম্বরূপ ধরে এতটুরু হন কি ক'রে ?
- উ। সত্য বটে ঈশর অনন্ত, কিন্তু তোমরা বেভাবে অনন্ত মনে ক'রছ অনন্ত মানে তা নর। তোমরা অনন্ত বলতে একটা খুব প্রকাণ্ড জড়সন্তা মনে ক'রে ভালিরে ফেলছ। ভগবান্ মান্ত্যরূপ ধরতে পারেন না বলতে তোমরা ব্রছ—একটা খুব প্রকাণ্ড জড়ধর্মী পদার্থকে এডটুকু করতে পারা যার না। কিন্তু ঈশর ও-হিসাবে অনন্ত নন—তাঁর অনন্তম্ব চৈডন্ডের অনন্তম্ব। স্তরাং ভিনি মানবাকারে আপনাকে অভিব্যক্ত করলেও তাঁর স্বরূপের কোন হানি হয় না।
- প্র। কেহ কেছ বলেন, আগে সিদ্ধ হও, ভারপর ভোমার কার্যে অধিকার ছবে; আবার কেহ কেহ বলেন, গোড়া থেকেই কর্ম করা উচিত। এই ছটি বিভিন্ন মতের সামঞ্জ কিরুপে হ'তে পারে ?
- উ। ভোষরা ছটি বিভিন্ন জিনিসে গোল ক'বে ফেলছ। কর্ম মানে মানবজাভির,সেবা বা ধর্মপ্রচারকার্য। প্রকৃত প্রচারে অবশু সিদ্ধ পুরুষ ছাড়া আর কারও অধিকার নেই। কিন্তু দেবাতে সকলেরই অধিকার আছে; ভুধু ভা নয়, বভক্ষণ পর্যন্ত আমরা অপরের সেবা নিচ্ছি, ভভক্ষণ আমরা অপরকে সেবা করতে বাধ্য।

[ব্রুকলিন নৈতিক সন্তা, ব্রুকলিন, আমেরিকা]

প্র। আপনি বলেন, সবই ম্ললের জন্ত; কিন্ত দেখিতে পাই, লগতে অমলল ছংখ কট চতুর্দিকে পরিব্যাপ্ত রহিয়াছে। আপনার ঐ মতের সকে এই প্রতাকদৃষ্ট ব্যাপারের আপনি কিভাবে সামঞ্জ করিবেন ?

উ। যদি প্রথমে আপনি অমলদের অন্তিম্ব প্রমাণ করিতে পারেন, তবেই
আমি ঐ প্রশ্নের উত্তর দিতে পারি। কিন্ত বৈদান্তিক ধর্ম অমলদের অন্তিম্বই
বীকার করে না। অথের সহিত অসংযুক্ত অনন্ত হংশ থাকিলে তাহাকে অবশ্য
প্রকৃত অমলল বলিতে পারা খার। কিন্ত যদি সাময়িক হংশক্ত হৃদরের
কোমলতা ও মহত্ব বিধান করিয়া মাহ্ম্যকে অনন্ত অথের দিকে অগ্রসর করিয়া
দেয়, তবে তাহাকে আর অমলল বলা চলে না—বরং উহাকেই পরম মলল
বলিতে পারা খায়। আমরা কোন জিনিদকে মল্ম বলিতে পারি না, বতক্ষণ
না আমরা অনন্তের রাজ্যে উহার পরিণাম কি দাঁড়ার, তাহার অমুসন্থান করি।

ভূত বা পিশাচোপাসনা হিন্দুধর্মের অন্ধ নহে। মানবন্ধাতি ক্রমোরতির পথে চলিরাছে, কিন্তু সকলেই একরপ অবস্থার উপস্থিত হুইতে পারে নাই। সেইজ্য দেখা যার, পার্থিব জীবনে কেহু কেহু জ্যাস্ত ব্যক্তি অপেকা মহত্তর ও পবিত্রতর। প্রত্যেক ব্যক্তিরই তাহার বর্তমান উর্বতক্ষেত্রের সীমার মধ্যে নিজেকে উরত করিবার ক্রযোগ বিভ্যমান। আমরা নিজেদের নাই করিতে পারি না, আমরা আমাদের আভ্যন্তরীণ জীবনীশক্তিকে নাই বা হুর্বল করিতে পারি না, কিন্তু উহাকে বিভিন্ন দিকে পরিচালিত করিবার খাধীনতা আমাদের আছে।

- প্র। জাগতিক জড় পদার্থের সভ্যতা কি কেবল আমাদের নিজ মনেরই করনা নহে ?
- উ। আমার মতে বাহ্ জগতের অবশ্রই একটা সতা আছে—আমানের মনের চিন্তার বাহিরেও উহার একটা অতিত্ব আছে। সমগ্র প্রশক্ষ হৈতন্তের ক্রমবিকাশরূপ মহান্ বিধানের বণবর্তী হইরা উয়তির পথে অগ্রগর হইতেছে। এই হৈতন্তের ক্রমবিকাশ অড়ের ক্রমবিকাশ হইতে পৃথক্, অড়ের ক্রমবিকাশ হৈতন্তের বিকাশপ্রণালীর প্রতীক্ষরূপ, কিন্তু ঐ প্রণালীর ব্যাখ্যা করিছে পারে না। আমরা বর্তমান পার্থিব পারিপার্থিক অবহার বন্ধ থাকার এখনও

অধণ্ড ব্যক্তিত্ব-পদবী লাভ করিতে পারি নাই। বে-অবহার আমাদের অভরাত্মার পরমলক্ষণসমূহ প্রকাশার্থে আমরা উপযুক্ত বন্ধ্রণে পরিণত হই, যভদিন না আমরাসেই উচ্চতর অবস্থা লাভ করি, ততদিন প্রকৃত ব্যক্তিত্ব-লাভ করিতে পারিব না।

প্র। যীওনীটের নিকট একটি জয়াদ্ধ শিশুকে আনিয়া তাঁহাকে জিলানা করা হইরাছিল: শিশুটি নিজের কোন পাপবশত: অথবা তাহার পিতামাতার পাপের জয় জয় হইরাজয়িয়াছে?—আপনি এই সমস্যারকিরপ মীমাংসা করেন? ৬। এ সমস্যার ভিতর পাপের কথা আনিবার কোন প্রয়োজন তো দেখা বাইতেছে না; তবে আমার দৃঢ় বিশাস—শিশুটির এই জয়তা তাহার পূর্বজয়ন রুত কোন কার্বের ফলম্বরণ। আমার মতে এইরপ সমস্যাগুলি কেবল পূর্বজয় স্বীকার করিলেই ব্যাখ্যা করা বাইতে পারে।

প্র। আমাদের আত্মা কি মৃত্যুর পর আনন্দের অবহা প্রাপ্ত হয় ?

উ। মৃত্যু কেবল অবস্থার পরিবর্তন মাত্র। দেশ-কাল আপনার মধ্যেই বর্তমান, আপনি দেশকালের অন্তর্গত নহেন। এইটুকু জানিলেই বথেষ্ট ষে, আমরা ইহলোকে বা পরলোকে বতই আমাদের জীবনকে পবিত্রতর ও মহন্তর করিব, ততই আমরা সেই ভগবানের সমীপবর্তী হইব, বিনি সম্দর আধ্যাত্তিক সৌন্দর্গ ও অনুস্থ আন্তর্গত ক্ষেত্রকা।

9

[টোরেন্টিরেখ্ দেকুরি ক্লাব, বস্টন, আমেরিকা]

প্র। বেদাভ কি মুসলমান ধর্মের উপর কোনরূপ প্রভাব বিভার করিয়াছিল।

উ। বেদান্তের আধ্যাত্তিক উদারতা মৃসলমান ধর্মের উপর বিশেষ প্রভাব বিস্তার করিয়াছিল। ভারতের মৃসলমান ধর্ম অক্তান্ত দেশের মৃসলমান ধর্ম হইতে সম্পূর্ণ ভির জিনিস। কেবল যথন মৃসলমানেরা অপর দেশ হইতে আসিয়া ভাহাদের ভারতীর স্থামীদের নিক্ট বলিতে খাকে বে, ভাহারা ক্ষেমন করিয়া বিধর্মীদের সহিত মিলিয়া মিশিয়া রহিয়াছে, তথনই অশিক্ষিত গোঁড়া মুসলমানের দল উত্তেজিত হইয়া দাখাহাখামা করিয়া থাকে।

- थ। दिशास कि माजिएक मौकांत्र करतन ?
- উ। তাতিতেদ বৈদান্তিক ধর্মের বিরোধী। তাতিতেদ একটি সামাজিক প্রথা, আর আমাদের বড় বড় আচার্ধেরা উহা তাতিবার চেটা করিরাছেন। বৌদ্ধর্ম হইতে আরম্ভ করিয়া লকল সম্প্রদারই তাতিতেদের বিহুদ্ধে প্রচার করিয়াছেন, কিন্তু বড়ই ঐরপ প্রচার হইরাছে, তড়ই আডিভেদের নিগড় দৃঢ়তর হইরাছে। আতিতেদ রাজনীতিক ব্যবস্থাসমূহ হইতে উৎপর হইরাছে মাত্র। উহা বংশপরস্পরাগত ব্যবসায়ী সম্প্রদায়গুলির সমবায় (Trade Guild)। কোনরূপ উপদেশ অপেক্ষা ইওরোপের সহিত বাণিজ্যের প্রতিযোগিতায় আতিতেদ বেশী ভাঙিয়াছে।
 - প্র। বেদের বিশেষত্ব কি ?
- উ। বেদের একটি বিশেষত্ব এই যে, যত শাস্ত্রগ্রহ আছে, তর্মধ্যে একমাত্র বেদই বার বার বলিয়াছেন—বেদকেও অভিক্রম করিতে হইবে। বেদ বলেন, উহা কেবল অজ্ঞা শিশু-মনের জন্ম লিখিত। পরিণত অবস্থায় বেদের গতি ছাড়াইয়া যাইতে হইবে।
 - প্র। আপনার মতে—প্রত্যেক জীবাত্মা কি নিত্য সত্য ?
- উ। জীবসন্তা কতকগুলি সংস্কার বা বৃদ্ধির সমষ্টিশ্বরূপ, আর এই বৃদ্ধিসমূহের প্রতি মূহুর্তেই পরিবর্তন হইতেছে। হৃতরাং উহা কখন অনস্ত-কালের জন্ম সভ্য হইতে পারে না। এই মারিক জগৎপ্রপঞ্চের মধ্যেই উহার সভ্যতা। জীবাত্মা চিস্তা ও স্থতির সমষ্টি—উহা কির্পে নিভ্য সভ্য হইতে পারে ?
 - প্র। বৌদ্ধর্ম ভারতে লোপ পাইল কেন?
- উ। বৌদধর্ম ভারতে প্রকৃতপক্ষে লোপ পার নাই। উহা কেবল একটি বিপুল লামাজিক আন্দোলন মাত্র ছিল। বুদ্ধের পূর্বে যজ্ঞার্থে এবং অক্সান্ত কারণেও অনেক জীবহত্যা হইত, আর লোকে প্রচুর মন্তপান ও মাংস ভোজন করিত। বুদ্ধের উপদেশের ফলে মন্তপান ও জীবহত্যা ভারত হইতে প্রায় লোপ পাইরাছে।

[আমেরিকার হার্ডকোর্ডে 'আয়া ঈবর ও ধর্ম' সম্বন্ধে একটি বক্তৃতার শেষে গ্রোভৃবৃন্দ কয়েকটি প্রশ্ন করেন, সেই প্রশ্নগুলি ও তাহাদের উত্তর নিম্নে প্রদন্ত হইল।]

শ্রোত্রন্দের মধ্যে জনৈক ব্যক্তি বলিলেন—যদি এইীয় ধর্মোপদেষ্টাগণ লোককে নরকারির ভয় না দেখান, তবে লোকে ভার তাঁহাদের কথা যানিবে না।

- উ। তাই বদি হয় তো না মানাই ভাল। ষাহাকে ভয় দেখাইয়া ধর্মকর্ম করাইতে হয়, বান্তবিক তাহার কোন ধর্মই হয় না। লোককে তাহার আহ্বী প্রকৃতির কথা কিছু না বলিয়া তাহার ভিতরে যে দেবভাব অন্তর্নিহিত বহিয়াছে, তাহার বিষয় উপদেশ দেওয়াই ভাল।
- প্র। প্রভূ (ষীভ্ঞীষ্ট) 'বর্গরাজ্য এ জগতের নহে'—এ কথা কি অর্থে বলিয়াছিলেন ?
- উ। তাঁহার বলিবার উদেশু ছিল যে, স্বর্গরাজ্য স্থামাদের ভিতরেই রহিয়াছে। য়াছদীদের ধারণা ছিল যে, এই পৃথিবীতেই স্বর্গরাজ্য বলিয়া একটি রাজ্য প্রতিষ্ঠিত হইবে। যীশুর সে ভাব ছিল না।
- প্র। আপনি কি বিখাস করেন, আমরা পূর্বে পশু ছিলাম, এখন মানব হইয়াছি ?
- উ। আমার বিখাদ, ক্রমবিকাশের নিয়মাছদারে উচ্চতর প্রাণিদম্ছ নিয়তর জীবসমূহ হইতে আসিয়াছে।
- প্র। আপনি কি এমন কাহাকেও জানেন, বাঁহার পূর্বজন্মের কথা মনে আছে ?
- উ। আমার এমন করেক ব্যক্তির সহিত সাক্ষাৎ হইয়াছে, বাঁহারা আমাকে বলিয়াছেন, তাঁহাদের পূর্বজন্মের কথা শ্বরণ আছে। তাঁহারা এমন এক অবহা লাভ করিয়াছেন, বাহাতে তাঁহাদের পূর্বজন্মের শ্বতি উদিত হইয়াছে।
 - প্র। আপনি এটের কুশে বিশ্ব হওয়া ব্যাপার কি বিশাস করেন?
- উ। এই ঈশবাৰতার ছিলেন—লোকে তাঁহাকে হত্যা করিতে পারে নাই। যাহা তাহারা কুশে বিদ্ধ করিয়াছিল, তাহা একটা ছারামাত্র, মরীচিকাশ্বরণ একটা ভ্রাম্ভিমাত্র।

প্র। যদি ভিনি এরণ একটা ছায়াশরীর নির্মাণ করিতে পারিভেন্, ভাহা হইলে ভাহাই কি সর্বাণেকা শ্রেষ্ঠ অলৌকিক ব্যাপার নহে ?

উ। আমি আলোকিক ঘটনাসমূহকে সভ্যলাভের পথে সর্বাপেক্ষা অধিক বিন্ন বলিয়া মনে করি। বুজের শিশ্বপথ একবার তাঁহাকে তথাকথিত আলোকিক ক্রিয়াকারী এক ব্যক্তির কথা বলিয়াছিল। ঐ ব্যক্তি স্পর্ণ না করিয়া খ্ব উচ্চছান হইতে একটি পাত্র লইয়া আসিয়াছিল। কিন্ত বুজদেবকে সেই পাত্রটি দেখাইবামাত্র তিনি তাহা লইয়া পা দিয়া চুর্ণ করিয়া ফেলিলেন, আর তাহাদিগকে আলোকিক ক্রিয়ার উপর ধর্মের ভিত্তি নির্মাণ করিছে নির্মেণ করিয়া বলিলেন, সনাতন তত্বসমূহের মধ্যে সভ্যের আরেষণ করিছে হইবে। তিনি তাহাদিগকে যথার্থ আভ্যন্তরীণ জ্ঞানালোকের বিষয়, আত্মতত্ব, আত্মত্বোতির বিষয় শিক্ষা দিয়াছিলেন—আর ঐ আত্মত্বোতির আলোকে অগ্রসর হওয়াই একমাত্র নিরাপদ পয়া। অলোকিক ব্যাপারগুলি ধর্মপথের প্রতিবন্ধক মাত্র। সেগুলিকে সমুখ হইতে দুর করিয়া দিতে হইবে।

প্র। আপনি কি বিশাস করেন, যীও শৈলোপদেশ (Sermon on the Mount) দিয়াছিলেন ?

উ। যীও শৈলোপদেশ দিয়াছিলেন, ইহা আমি বিশাস করি। কিছ

এ বিষয়ে অপরাপর লোকে বেমন গ্রন্থের উপর নির্ভর করেন, আমাকেও
ভাহাই করিতে হয়; আর আমি ইহা জানি যে, কেবল গ্রন্থের প্রমাণের
উপর সম্পূর্ণ আছা করা ষাইতে পারে না। তবে ঐ শৈলোপদেশকে
আমাদের জীবনের পথপ্রদর্শকরূপে গ্রহণ করিলে আমাদের কোন বিপদের
সম্ভাবনা নাই। আধ্যাত্মিক কল্যাণপ্রদ বলিয়া আমাদের প্রাণে বাহা
লাগিবে, ভাহাই আমাদিগকে গ্রহণ করিতে হইবে। বৃদ্ধ প্রীষ্টের পাঁচ শত
বংসর পূর্বে উপদেশ দিয়া পিয়াছেন। তাঁহার বাক্যাবলী প্রেম ও আশীর্বাদে
পূর্ণ। কখনও তাঁহার মৃথ হইতে কাহারও প্রতি একটি অভিশাপ-বাণী উচ্চারিত
হয় নাই। তাঁহার জীবনে কাহারও অভত-অম্ধ্যানের কথা ওনা বায় না।
জরপুষ্ট বা কংফুছের মৃথ হইতেও কখন অভিশাপ-বাণী নির্গত হয় নাই।

[ব্রুক্লিন সভার পরিশিষ্ট হইতে সংগৃহীত]

- প্র। আত্মার পুনর্দেহধারণ-সম্বীর হিন্দু মতবাদটি কিরূপ ?
- উ। বৈজ্ঞানিকদের শক্তি বা জড়-সাভত্য (Conservation of Energy or Matter) মত বে ভিত্তির উপর প্রতিষ্ঠিত, ইহাও সেই ভিত্তির উপর স্থাপিত। এই মতবাদ আমাদের দেশের জনৈক দার্শনিকই প্রথম প্রকাশ করেন। এই মতবাদের দার্শনিকেরা স্কৃষ্টি বিশাস করিতেন না। 'স্কৃষ্টি' বলিলে ব্যার—'কিছু না' হইতে 'কিছু' হওরা। ইহা অসম্ভব। বেমন কালের আদি নাই, তেমনি স্কৃষ্টিরও আদি নাই। ঈশর ও স্কৃষ্টি বেন ক্টিটে রেখার মতো—উহাদের আদি নাই, অন্ত নাই—উহারা নিত্য পৃথক্। স্কৃষ্টি রেখার মতো—উহাদের আদি নাই, অন্ত নাই—উহারা নিত্য পৃথক্। স্কৃষ্টি সম্বন্ধ আমাদের মত এই: উহা ছিল, আছে ও থাকিবে। পাশ্চাত্য-দেশীরগণকে ভারত হইতে একটি বিষয় শিখিতে হইবে—পরধর্ম-সহিষ্ণুতা। কোন ধর্মই মন্দ নহে, কারণ সকল ধর্মেরই সারভাগ একই প্রকার।
 - প্র। ভারতের মেয়েরা তত উন্নত নহেন কেন ?
- উ। বিভিন্ন যুগে ধে সব অসভ্য জাতি ভারত আক্রমণ করিয়াছিল, প্রধানতঃ ভাহার জন্মই ভারতমহিলা অহুরত। কভকটা ভারতবাসীর নিজেরও দোব।
- এক সময় আমেরিকায় স্বামীজীকে বলা হইয়াছিল, ছিন্দ্ধর্ম কথনও স্বল্পধর্মাবলধীকে নিজ্পর্মে আনয়ন করে না, তাহাতে তিনি বলিয়াছিলেন: বেমন প্রাচ্যভূতাগে ঘোষণা করিবার জন্ম বৃদ্ধের বিশেষ এক বাণী ছিল, স্বামারও ভেমনি পাশ্চাত্যদেশে ঘোষণা করিবার একটি বাণী স্বাছে।
- প্র। আগনি কি এদেশে (আমেরিকায়) হিন্দ্ধর্মের ক্রিয়াকলাপ অমুষ্ঠানাদির প্রবর্তন করিতে ইচ্ছা করেন ?
 - উ। আমি কেবল দার্শনিক তত্ব প্রচার করিতেছি।
- প্র। আপনার কি মনে হয় না, বদি নরকের ভয় লোকের মন হইছে অপসারিত করা হয়, তবে তাহাদিগকে কোনরূপে শাদন করা বাইবে না ?
- উ। না; বরং আমার মনে হয়, ভয় অপেকা হৃদরে প্রেম ও আশার সঞ্চার হুইলে সে তের ভাল হুইবে।

তথ্যপঞ্জী

তথ্যপঞ্জী

স্বামি-শিশ্ত-সংবাদ

গ্রন্থ-পরিচয়: ভূমিকা ভাইবা।

বাজি-পরিচয়: ৭ম খণ্ডে ডাইবা।

পৃষ্ঠা পঙ্ক্তি

- প্রথমবার বিলাত হইতে'—খামীজী বিলাত হইতে ফিরিয়া ১৮৯৭ খৃঃ
 ১৫ই জাত্ত্থারি কলখোর, ২৬শে জাত্ত্থারি ভারতের মাটিতে
 (রামনাদে)প্রথম পদার্পণ করেন এবং মাত্রাজে কিছুদিন অবস্থানের
 পর ১৬ই ফেব্রুআরি কলিকাতা পৌছান।
- ৫ ১০ শ্রীরামকৃষ্ণ-স্টোত্ত: শিশ্ব-রচিত 'শ্রীশ্রীরামকৃষ্ণাতত্তবমালা' পুত্তিকার ১৮৯৫ থ্য: কেব্রুআরি মাসে রচিত প্রথম স্টোত্ত।
- % মিরর: 'Indian Mirror' ইংরেজী দৈনিক, ১৮৬১ খৃঃ কেশব সেন
 কর্তৃক প্রথম প্রকাশিত। মনোমোহন ঘোষ ইহার প্রথম সম্পাদক।
 পরে নরেজ্রনাথ সেন ইহার সম্পাদক হন। 'মিরর' প্রথমে পাক্ষিক
 পত্র ছিল, পরে উহা সাপ্তাহিকে পরিণত হয় এবং ১৮৭১ খৃঃ হইতে
 উহা দৈনিকে রূপান্তরিত হয়। স্বামীজী বিদেশে থাকাকালে তাঁহার
 সম্বন্ধে সংবাদ ঐ পত্রিকায় প্রান্ধ প্রকাশিত হইত।
- ১০ ১০ কর্মবাদ: হিন্দুশাস্ত্রমতে পূর্বজন্মের কর্মফল ইহজীবনের এবং এই জীবনের কর্মফল ভবিশ্বৎ জীবনের স্থবহংধ নিয়গ্রিত করে।
- ১০ ২৭ চতু: পাধন: ১। নিত্যানিত্যবন্ধবিবেক (কোন্টি সত্য, কোন্টি অসত্য--এই বিচার); ২। ইহামূত্রফলভোগবিরাগ (ইহলৌকিক ও অর্গাদির ফলভোগে অনাসক্তি); ৩। শমদমাদি ষট্ সম্পত্তি (বহিরম্বর ইন্দ্রিয়-সংযম প্রভৃতি); ৪। মুমূক্ত (মৃক্তি পাইবার ইচ্ছা)।
- ১১ ১৬ হাইড়লিক ব্রিজ—হুগলি নদী ও বাগবাজার থালের সংযোগস্থলে বেলওয়ে ব্রিজ। সেই সময়ে ঐ সেতৃটি সম্ভবত অল-শক্তিতে চালিত হুইত, এখন উহা মোটয়-চালিত।
- ১৫ ১৪ 'করতলামলকবং'—হন্তব্হিত আমলকীর মতো ম্পাষ্ট, সম্পূর্ণ আরন্তে।
- ১৫ ২২ গীতগোবিন্দ-জন্মদেব: প্ৰান্ন শাতশত বংগর পূর্বে বর্তমান বীরভূষ

জেলার অন্তর্গত অন্তর নদের তীংবর্তী কেন্দ্রিব বা কেন্দ্রি-নিবাদী সংস্কৃত কবি অয়দেব। তিনি গৌড়াধিণতি লক্ষণদেনের সমসাময়িক। তাঁহার কৃষ্ণলীলাবিষয়ক কাব্য 'গীতগোবিন্দম্' পরবর্তী কালের রাধাকৃষ্ণলীলাবিষয়ক বৈষ্ণবপদাবলীর প্রেংশা বোগাইয়াছে।

- ১৭ ৬ 'এই তে। ইতিহাদ বদছে'—বদ্ধ, ইন্দো-চীন, ইন্দোনেশিরা প্রভৃতি দেশে হিন্দুগণ উপনিবেশ ও দাম্রাজ্য দাপন করিরাছিলেন। স্বর্ণনীপে শৈলেজ্ররাজ্যণ গুটান্দের অট্রম শতকে বিহাট দাম্রাজ্য দাপন করেন। মালর উপন্ধীপ এবং দমগ্র ইন্দোনেশিরা (যব, বলী, স্থাত্রা, বর্নিও প্রভৃতি) দ্বীপে ইহা বিভৃত ছিল। খুটান্দের দিতীর বা তৃতীয় শতকে আনাম (Annam) দেশে একটি হিন্দুরাজ্য দাণিত হয়। তাহার রাজ্যানী ছিল চম্পা। খেমর দেশে (কাম্বোডিয়ার) কৌণ্ডিয়্ম নামে এক ব্রাহ্মণ রাজ্য দাপন কংনে, উহা উত্তর কালে কম্বুজ নামে বিখ্যাত। এই-দকল দেশে দভ্যতার আলোক ভারতীয় ঔপনিবেশিক ও রাজ্যণই আনিয়াছিলেন। যবনীপে বরবৃত্র (Barabudur), কাম্বোডিয়ার আংকোর ভাট (Angkar Vat), ব্রহ্মদেশে পাগান (Pagan) নামক স্থানে 'আনন্দ' মন্দির প্রভৃতি এখনও তাঁহাদের সভ্যতা ও শিল্পকাল্র উৎকর্বের সাক্ষারণে বর্তমান।
- ২১ ১৭ 'ভদাকারকারিড'—ইটের স্বরূপতা-প্রাপ্তি, যাহার বিষয় চিস্তা করা যায়—তাহারই মতো হইয়া যাওয়া।
- ২৩ ২ 'কাল ১৮৯৭ (१)'—পুরাতন শঞ্জিকা হইতে জানা যায় যে, ইহা ১৮৯৭ না হইয়া ১৮৯৮ হইবে। এই পরিচ্ছেদে বণিত পূর্ণগ্রাদ সুর্যগ্রহণ ১৮৯৮ খু: ২২ জান্তু মারি মধ্যাক্ষের পর হইরাছিল।
- ২৫ ১১ 'পরাঞ্চি থানি ব্যত্থ স্বয়স্ক্:'—কঠোপনিষদ্ ২।১।১; ইন্দ্রিয়গুলিকে বৃহির্থী করিয়া শুরী বেন আমাদিগকে হিংদা করিয়াহেন; ইন্দ্রিয়-শুনিক অন্তর্থী করিলে তবে মন্তরাত্মার দর্শন হয়।
- २७ २० 'वः यः (नाकः मनना मःविडाडि'--मृक्क উপनिवन्, २।১०
- ২৮ ° জুইটি ইংরেজ মহিলা-মিদেস সেভিয়ার ও মিস মূলার।

- ৩০ ৮ 'লোকসংগ্রছের জন্ত'—লোকসকলকে ভাছাদের নিজ নিজ ধর্মে প্রবৃত্তিত করা এবং ভাছাদিগকে অধর্ম হইতে রক্ষা করার নাম 'লোকসংগ্রহ'।—দ্রষ্টব্য গীতা, ৩।২০, শাংকর ভাতা।
- ৩০ ২৮ 'শিয়া-হ্রিতে লাঠালাটি'—শিয়াগণ আলি ও আলির সন্থানগণকৈ হজরত মহম্মদের উত্তরাধিকারী এবং থলিকা বলিয়া মানেন। স্থারীরা মনে করেন, বিনি নির্বাচিত হইবেন তিনিই থলিকা হইবেন; ওাঁহারা আলি ও তাঁহার সন্তানদের থলিকা বলিয়া স্বীকার করেন না। এই লইয়াই বিরোধ এবং কারবালার হত্যাকাণ্ডে ইহার মর্মান্তিক পরিণতি। মহরম পর্ব ভাহারই বার্ষিক অনুষ্ঠান।
- ৩২ > জেন্দাবেন্ডা: (Zend-Avesta) জ্বর্ণ্ট্র-প্রবর্তিত পারসীকদের
 প্রাচীন ধর্মগ্রন্থ। ইহার প্রথম জংশ প্রাচীন আবেন্ডান ভাষায় ও
 শেষ জংশ জেন্দ বা পহলবী ভাষায় লিখিত। শুভ ও জন্তভ—এই
 দুই শক্তির নিয়ত সংগ্রামই এই ধর্মমতের প্রধান তত্ত্ব।
- ৩৪ ২২ 'কর্ন এয়ালিশ খ্রীটের ব্রাহ্ম সমাজ'—উত্তর কলিকাভার 'সাধারণ ব্রাহ্ম সমাজ'। ছাত্রাবস্থায় 'নরেজ্রনাথ' এখানকার সদস্য ছিলেন।
- ৩৪ ২৫ 'মহাকালী পাঠশালার ছাপরিত্রী তপদ্বিনী মাতা'—গদাবাল, মহারাষ্ট্রদেশীরা বিত্রী মহিলা, রাজবংশীরা কলা—বাঁসীরানীর পার্ষে
 থাকিয়া যুদ্ধ করেন, পরে নেপালে কিছুকাল তপশ্রা করিয়া
 কলিকাতার আসেন। দেশে ধর্মভাবহীন ও হিন্দুধর্মবিরোধী
 শিক্ষা দেখিরা ১৮৯৩ খঃ বালিকাদের জন্ম বিভালর প্রতিষ্ঠা করেন।
 বিভালরটি এখন কৈলাদ বস্থু পুরাতন স্থ্যিরা) খ্লীটে অবস্থিত।
- ত ৪ গার্গী: বৃহদারণ্যক উপনিষদে উক্ত এক্ষবাদিনী, বচকু ঋষির কন্তা; ধনা—ক্যোভিবিং নারী, বিক্রমাদিত্য সভার ক্যোভিষশাস্ত-বেতা মিহিরের পত্নী বলিয়া প্রাসিদ্ধ; লীলাবভী—গণিতশাস্তে অশেষ পারদর্শিনী, ভাষরাচার্বের কন্তা বলিয়া কথিত।
- ত সায়ন বা সায়নাচার্ব: বেদের ভাশ্যকার, দাকিণাভ্যের চোলবংশীয়
 বুক্তা স্বান্ধার মন্ত্রী বা সেনাপতি বলিয়া খ্যাত—ইহার অপর নাম
 বিভারণ্য মুনি।

পূঠা পঙ্জি

- ৩০ ৩ 'ম্যাক্সমূলর-এর মৃত্রিত বছদংখ্যার সম্পূর্ণ ঝথেদ'—প্রাচ্যতন্তবিদ ও ভারতীয় ধর্মের অহুরাগী এই জার্মান পণ্ডিতের সম্পাদিত 'ঝথেদ'
 (Sacred Books of the East Series) আজ পর্যন্ত নির্ভরযোগ্য সংস্করণ।
- ৪০ ৭ 'East India Company…নগদ দিয়েছিল'—বহুল্পমসাধ্য প্রাচীন বৈদিক প্র্থির পাঠোজার এবং তাহার প্রকাশনার জন্ত ভারতের তৎকালীন শাসন-কর্তৃপক্ষ ইষ্ট ইন্ডিয়া কোম্পানি এশিয়াটিক দোসাইটির মাধ্যমে যথেষ্ট অর্থব্যর করেন।
- ৪৫ ২৬ 'মৃকাশাদনবং'—নারদভক্তিস্ত ৭।৫২। বোবা ব্যক্তি যেরপ কোন রসযুক্ত বস্তু আবাদ করিয়া অত্যন্ত আনন্দ পাইলেও মৃথে কিছু ব্যক্ত করিতে পারে না, সেইরপ ব্রন্ধতত্ত্বে স্থাদ—অনির্বচনীয় আনন্দ লাভ করিলেও সিদ্ধ সাধক মৃথে কিছু বলিতে পারেন না।
- ৪৬ ১৬ 'মৃক্তি: করফলায়তে'—বিবেকচ্ড়ামণি, ১৮৫। মোক্ষ করতলস্থ ফলবৎ স্পষ্ট হয়, অর্থাৎ সিদ্ধ সাধক সর্বদা অন্থভব করেন, তিনি সর্বপ্রকার বন্ধনবিহীন, নিত্য মৃক্ত।
- ৫২ ৯ পরমপুরুষার্থ: পুরুষের প্রয়োজনীয় চতুর্বর্গ—ধর্ম অর্থ কাম ও মোক্ষকে 'পুরুষার্থ' বলে। বিভিন্ন ভারতীয় দর্শনে পুরুষের (মাহ্র্ষ বা সাধকের) চূড়ান্ত আধ্যাত্মিক লক্ষ্য মোক্ষকে 'পরম পুরুষার্থ' বলা হইয়াছে।
- ৫৬ ১২ গোভিল গৃহ্বত্ত : গোভিল-কৃত স্বৃতিগ্রন্থ—গৃহস্থের ধর্মকর্ম-বিবাহাদি-বিষয়ক।
- ৬২ ১৪ 'শ্লামীজী ৰতদিন না পুনরায় বিলাত গমন করিয়াছিলেন'—১৮৯৯ খৃ: ২০ জুন স্বামীজী বিভীয়বার পাশ্চাত্য অভিম্থে যাতা করেন, স্বামী তুরীয়ানন্দ ও ভগিনী নিবেদিতা সঙ্গে যান।
- ৬৪ ৮ 'নর ও নারায়ণ নামে'—শ্রীমন্তাগবতে উক্ত শ্রীভগবানের অবতার হুই শ্বি, ইহারা জগৎকল্যাণে বদরিকাশ্রমে তপস্থা করেন।
- ৬৫ ২৭ 'ত্ৰোধনও বিশক্ষণ দেখেছিলেন, অৰ্জ্নও'—কুকক্তের বৃদ্ধের প্রাকালে শ্রীকৃষ্ণ সন্ধির প্রতাব লইয়া গেলে ত্রোধন তাঁহাকে

বন্দী করিতে উম্ভন্ত হন। ভগবান তথন ভাঁহাকে বিশরণ দর্শন করান। তুর্বোধন মনে করেন, উহা ভেলকি। কিন্তু যুদ্ধের পূর্বে শ্রীরুষ্ণ শরীরে বিশর্জণ দর্শন করিয়া অর্জুন তদাভচিত্তে তব করিয়াছিলেন।—(গীতা, ১১শ অধ্যায়)।

- ৬৯ ১৭ 'হ্থেনী ব্রাহ্মণী-কোলে'— গিরিশচন্দ্র খোৰ রচিড শ্রীরামরুক্ষের ক্সতিথি-সম্বন্ধীয় সঙ্গীত।
- ৭১ ৫ 'নীলাম্ববাব্ব বাগানে'—বেলুড়ে বর্তমান মঠবাড়ি প্রতিষ্ঠিত হইবার
 পূর্বে (১৮৯৮ খৃ: ১৩ ফেব্রুআরি হইতে) বেলুড়ে নীলাম্বরমুখোপাধ্যায়ের গলাতীরম্ব বাগানবাড়ি ভাড়া লওয়া হয়। নীলাম্বর
 বাব্ কাশ্মীরের দেওয়ান (?) ছিলেন। বাড়িটি বেলুড় মঠের
 দক্ষিণে অবস্থিত।
- ৭৬ ৭ কত মণি পড়ে আছে চিস্তামণির নাছ ছ্রারে'—কমলাকাস্ত-বিরচিত মাতৃসঙ্গীত 'আপনাতে আপনি থেকো মন'—এই গানের শেষ চরণ। নাছ বা নাচ্ছ্যার—সদর দরজা।
- ৭৫ ২২ 'পঞ্চম পুরুষার্থ' : ধর্ম, অর্থ, কাম, মোক্ষ-এই চারিটি পুরুষার্থ ; ভক্তিশাস্ত্র-মতে পঞ্চম পুরুষার্থ প্রেম বা পূর্ণ নির্ভরতা।
- ৭৫ ২৫ 'ঠাকুরের সেই গোহত্যা পাপের গর'—বাগানের ফুলগাছ নই করার জনৈক আদাণ একটি গরু হত্যা করে। গোহত্যার পাপ তাহাকে স্পর্ণ করিতে আসিলে আদাণ বলে, 'হত্তের অধিপতি দেবতা ইক্রকে গিলা ধর।' সব কথা শুনিয়া ইক্র আদাণকে পরীক্ষা করিতে আসিলেন, বাগানটির খ্ব স্থাতি করিয়া জিজ্ঞাসা করিলেন, 'বাগান কে করিয়াছে?' আদাণ জানাইল, 'আমি করিয়াছি।' 'গরু কে মারিয়াছে?'—জিজ্ঞাসা করার আদাণ ইক্রের ঘাড়ে দোব চাপাইবার চেষ্টা করে। ইক্র বলেন, বে বাগান করিয়াছে, সেই গরু মারিয়াছে। অর্থাৎ কর্তৃত্ববোধ থাকা পর্যন্ত ও অশুভ তুই কাজেরই দারিজ গ্রহণ করিতে হইবে।
- ৮২ ২৩ জীবমূক্ত অবস্থা: শরীর থাকাকালেই মৃক্ত অবস্থা-লাভের নাম 'জীবমুক্তি'। শরীর ত্যাগের পর যে মৃক্তি, তাহা 'বিদেহ মৃক্তি'।

পুঠা পঙ্জি

- ৬৩ ২৩ 'মজলো আমার মন্ত্রমরা কালীপদ-নীলকমলে'—রচরিতা সাধক কমলাকার।
- ৮৪ > গুরুগোবিন্দ: গুরুগোবিন্দ শিধদিগের দশম গুরু। তাঁহার সময়ে
 শিধপণ মহাপরাক্রাম্ভ জাতিরূপে গঠিত হইরাছিল। ত্রটব্য এই
 গ্রেছাবলীর ৫ম খণ্ডে—পু: ২৬৭
- ৮৭ ১৫ 'মাজাজে বখন মন্নথবাৰ্ব বাড়ীতে ছিলাম'—পরিপ্রাক্ত অবস্থার
 ১৮১২ খৃঃ ভিদেশর মাদে মাজাজের ডেপুটি একাউণ্টেণ্ট জেনাবেল
 মন্নথনাথ ভট্টাচার্য স্থামীজীকে পণ্ডিচেরি হইতে মাজাজে লইয়া
 আদেন। ১৮১০ খৃঃ ১০ই ফেব্রুমারি পর্যন্ত স্থামীজী মাজাজে
 অবস্থান করেন।
- ৮৮ ১৭ 'কাকভালীয়ের স্থায়'—স্থায়শান্তের প্রানিষ্ক দৃষ্টান্ত। গাছে কাকটি বসিবার সঙ্গে তালটি পড়িল, লোকের ধারণা ছইল, গাছে কাকটি ৰদাই বুঝি ভাল পড়িবার কারণ; বান্তবিক ভাহা নহে।
- ৯০ ১৬ 'হিন্দুধর্ম কি ? ব'লে একটা বাঙলার লিথতুম'—'হিন্দুধর্ম ও শীরামকৃষ্ণ' প্রবন্ধ 'ভাববার কথা' পুস্তকে সন্নি:বশিত। ত্রঃ এই গ্রহাবলীর ষষ্ঠ খণ্ডে পুঃ ৩
- ৯৭ > অধাধ্যাদ্বী পাণিনি: ব্যাকরণের পাণিনিস্ত্র আট অধ্যায়ে বিভক্ত।
 মহর্বি পতঞ্চল-কৃত ইংগর ভার 'মহাভার' নামে পরিচিত।
- ১০০ ৪ 'অনাবৃত্তি: শকাৎ': বেদাস্তস্ত্র, ৪।৪।২২; মৃক্তপুরুষের পুনরাবৃত্তি (সংসারে পুনর্জন্ম) হয় না।
- ১০১ ১৪ পঞ্চৰীকার: 'পঞ্চনী' ঐমদ্ ভারতীতীর্থ মুনীশব বিরচিত। 'ভন্ধবিবেক', 'ভূতবিবেক', 'পঞ্চকাষবিবেক', 'বৈত বিবেক', 'মহাকাষ্যবিবেক' প্রভৃতি 'পঞ্চন" প্রিচ্ছেদে বর্ণিত বেদান্তের বিশিষ্ট
 প্রকরণ গ্রন্থ। সামীদীর উদ্ধৃতিটি পঞ্চকাষবিবেক-এর ৪০-সংখ্যক
 স্পোক।
- ১১৯ ২৬ 'গল্ডাতের হাতে পড়ে'—রোমক সাম্রাজ্যের ধ্বংদের অক্তর কারণ গল্-প্রস্থৃতি বর্বর জাতিদের পুনঃ পুনঃ আক্রমণ। গলেরা কেন্টজাতির সমগোত্রীয়; কালক্রমে ভাহারা ফ্রান্সে বদবাস করিতে থাকে।

পৃষ্ঠা শঙ্ক্তি

জুনিয়দ দীজার তাহাদিগকে পরাজিত করেন; কিন্ত তাঁহার মৃত্যুর পর তাহানা আবার মাধা তুলিতে দমর্থ হয়।

- ১১৯ ১৩ ডাক্সইনের ক্রমবিকাশবাদ: চার্লস্ রবাট ডাক্সইনের 'Origin of Species' গ্রন্থে বনিত ক্রমবিকাশবাদে (Theory of Evolution) নিয়ত্বের প্রাণী হইতে উচ্চত্তরের প্রাণীতে ক্রম-পরিণতির ক্থা আলোচিত হইয়াছে।
- ১৩০ ২৭ 'সল্লাপ্যসল্পান্তলাব্যিকা নো'— বিবেকচ্ডামণি, ১১৩। মালা সৎ অসৎ বা উভন্ন ভাব-মিলিড অন্ত কোন পদাৰ্থও নহে। ইংাকে 'অনিৰ্বচনীয়বাদ' বলে।
- ১৩১ ৮ 'ঠাকুরের সেই মৃতি-মৃটের গল্প'—গল্লটি 'কথামৃতে' আছে। এক ব্যাহ্মণ তাঁহার মোট বহিবার জন্ত একজনকে সঙ্গে লন। তিনি জানিতেন না, ঐ ব্যক্তি মৃতি। কিছুদ্র গিলা ভাহার কোন জনাচার লক্ষ্য করিয়া ব্যহ্মণ বলিলেন 'তুই মৃতি নাকি রে!' তখন সেই মৃটে বলিল, 'ঠাকুর মশাই, ভবে আমি চললাম।' বান্ধণ বলিলেন, 'কি হ'ল রে?' সেই মৃটে-ক্লী মৃতি বলিল, 'আমার বে চিনে ফেলেছেন!'
- ১৬৯ ১৪ 'ৰু প্তং কেন বা নীডং'—বিবেকচ্ডামণি, ৪৯১
- ১৪১ ১ 'ন (মৃক্তি:) দিধ্যতি ব্ৰহ্মশতান্তরেহণি'—বিবেকচ্ডামণি, ৬
 - ४ 'न थरनन न ८०कामा छा। ११रने देव थरना ११रने ११र
- ১৫২ ২৩ 'আহারশু'র সম্বশুদ্ধিঃ সম্বশুদ্ধী প্রবা স্বৃতি, স্বৃতিলভে সর্বগ্রহীনাং বিপ্রমোক্ষঃ।—হান্দোগ্য উপ., ৭।২৬:২; নারদ-সন্ধ্রুমার-সংবাদ।
- ১৫৬ ১৪ 'বৈদিক কল্প, গৃহ্ন ও শ্রেভিস্ত্র'—কল্পত্র: (১) গৃহ্নস্থ শ্বি-অবশ্যনে গৃহত্দের অন্তর্ভন্ন ধর্ম; (২) শ্রেভিস্ত্র—বেদের কর্ম-কাওবিষয়ে নির্ধারণ।
- ১৫৬ ১৫ রখুনন্দনের শাসন—শাধূনিক বন্ধদেশে প্রচলিত যুক্তিবারা প্রতিষ্ঠিত
 বিধিব্যবহা। মিতাক্ষরার শাসন—বাঙ্গা ব্যতীত ভারতের অপর
 প্রদেশে প্রচলিত হৃতির শাসন।
 মন্তব্যতির শাসন—'মন্ত্যংহিভা'ই আর্থসংস্কারের বিধিব্যবহার মূল গ্রহ।

- ১৬০ ১৩ 'গিরি গণেশ আমার শুভকারী'—দাশর্থি রায়-রচিত আগমনী পান।
- ১৬৬ .৬ নড়ালের রায় বাবু—বশোহর জেলার নড়াইলের জমিদার। এখন কানীপুরে ইহাদের বসবাস।
- ১৭৩ ৫ 'পান্দিক পত্ৰ বাহির করিবার প্রস্তাব'—'উঘোধন' পত্রিকা বাঙলা ১৩০৫, ১লা মাঘ প্রথমে পান্দিক পত্রিকা হিসাবে প্রকাশিত হয়। ১০ম বর্ষ ১৩১৪, মাঘ হইতে ইহা মাদিক পত্রিকারণে প্রকাশিত হইতেছে।
- ১৭০ ১০ 'পত্তের প্রস্তাবনা'—স্বামীজী লিখিত 'উদ্বোধন' পত্তিকার প্রস্তাবনা
 'বর্তমান সমস্তা'; দ্রঃ—এই গ্রন্থাবলীর ৬৯ খণ্ডে পৃঃ ২০।
- ১৭৯ ১৩ শুদ্ধাবৈতবাদ : এখানে আচার্যশংকরের অবৈতবাদই বুঝিতে হইবে। ১৮০ ৬ 'আব্রহ্মশুদ্ধ পর্যস্ত'—ব্রহ্মা হইতে তৃণ পর্যস্ত, অর্থাৎ বিশ্বস্তাতের
- চরাচর সব কিছু।
- ১৮০ ২৬ 'এথনি থাল কেটে জল আনতে'—অনাবৃষ্টিকালে দৃঢ়প্রতিজ্ঞ চাষীর থাল কাটিয়া জমিতে জল আনার গল্লটি শ্রীরামকৃফদেব বলিতেন।
- ১৮১ ২১ 'মনটাকে মারতে হবে'—মনের বহিম্থী বৃদ্ধিকে প্রশমিত করিতে হইবে। উত্তরাখণ্ডের সাধুদের মধ্যে প্রচলিত স্থক্তি: মনকো মারো, তনকো জারো।
- ১৮৩ ৫ 'ন্তিমিত সলিলরাশি প্রধ্যমাধ্যাবিহীনম্'—নির্বিকল্প সমাধির অবস্থা, হির সাগরের তরজ-বহিত অবস্থার সহিত তুলনা করা হইয়াছে। বিবেকচুড়ামণি, ৪১৭
- ১৮৫ ২১ 'বিনিহস্তাসদ্গ্রহাৎ'—আআজানহীন ব্যক্তি অসত্যবস্ত গ্রহণ করিয়া বিনষ্ট হয় ৷—বিবেকচ্ডামণি, ৪
- ১৮৭ ৮ 'প্যারিস প্রদর্শনী'--- জ: এই গ্রন্থাবলীর ৬ঠ খণ্ডে পু: ৪৭।
- ১৯২ ৯ 'পরমধন দে পরশমণি'—কমলাকান্তের গান 'আপনাতে আপনি থেকো মন'-এর ৩য় পঙক্তি।
- ১৯৪ ৭ ঢাকার মোহিনীবাব্র বাড়িতে—ঢাকার অনিদার মোহিনীমোহন দানের বাড়িতে খানীজীর থাকিবার ব্যবহা হয়।

- ১৯৪ ২৪ 'হ-র জী'—ঢাকার হরপ্রসন্ন মজুমদার মহাশরের জী।
- ১৯৫ ১৩ কটন সাছেব: ভারতহিতিবী শুর হেনরী কটন ভৎকালে আসামের চীফ কমিশনার ছিলেন।
- ১৯৫ ২১ 'শহরদেবের নাম'—আসামে ভক্তি-আন্দোলনের পুরোধা ঐশহর-দেব বা 'হছরদেব', ঐচিচতক্তদেবের সমসাময়িক।
- ১৯৯ ২৩ 'বৌদ্বযুগেই স্ত্রীমঠ'—বৌদ্ধযুগেই প্রথম স্ত্রীমঠ স্থাণিত হয়; শিশু
 আনন্দের অহুরোধে তগবান বুদ্ধ অহুমতি দেন। তাঁহার পালনক্রী মাতৃ-ধনা মহাপ্রজাপতি গৌত্মী স্ত্রীমঠের প্রথম অধ্যক্ষা হন।
- ২০২ ১২ 'বে বিদেশী মেয়েরা আমার চেলা হয়েছে'—মিদেস সেভিয়ার, মিসেস ওলি বুল, মিস নোবল প্রভৃতি স্বামীজীর কাজে সহায়তা করিবার জন্ম ভারতবর্বে আনিয়াছিলেন।
- ২১১ ২৬ 'बि. সি. কেমন নৃতন ছন্দে'— শ্রীরামকক্ষের পরম ভক্ত ও নাট্যকার
 গিরিশচন্দ্র ঘোষ (স্বামীজী তাঁহাকে তাঁহার ইংরেজী নামের
 আতক্ষর অহযায়ী G. C. বলিয়া ডাকিডেন) অমিত্রাক্ষর ছন্দ নৃতন রূপে তাঁহার নাটকে ব্যবহার করেন। এই নৃতন ছন্দ 'গৈরিশ ছন্দ' নামে পরিচিড।
- ২১৫ ১৮ শ্রীরাসকৃষ্ণন্তবমালা: স্বামীজী-রচিত শ্রীরাসকৃষ্ণের আরাত্রিক ন্তোত্র— "ওঁং ব্রীং ঋতং স্বসচলো" ইত্যাদি। দ্রঃ—৬র্চ খণ্ডে পৃ: ২৫৩
- ২১৬ ১১ 'ঠাকুরের কথা সাপচলা, আর সাপের ছিরভাব'—একই সাপ, ধেমন কথন চলে, আবার কথনও নিজিন্ন হইরা কুওলী পাকাইরা পড়িয়া থাকে, দেইরূপ একই ব্রহ্ম সগুণ ও নিগুণিরূপে প্রতিভাত হন। যথন ভিনি স্ঠি ছিভি প্রলম্ন করেন, তথন তাঁহাকে দিবর বা সগুণ ব্রহ্ম বলা হয়। যথন ভিনি এ-সবের উর্থেব শুদ্ধস্বরূপে অবস্থিত, তথন তাঁহাকে নিগুণি ব্রহ্ম বলা হয়।
- ২২৩ ১ 'এক শ্রেণীর বেদান্তবাদীদের ঐক্লপ মত আছে'—ব্যষ্টিগত মৃক্তি যথার্থ মৃক্তি নয়, সমষ্টিগত মৃক্তিই মুক্তি—বৈদান্তিক অপ্লয়দীক্ষিতের মত।
- ২২৫ ১০ 'রঘুনন্দনের অটাবিংশভিতত্ব'—প্রচলিত শ্বতিগ্রন্থ; তিথিতত্ব প্রায়শ্চিত প্রভৃতি ক্রিয়াকাও আলোচিত।

- ২২৭ ১৮ 'সংস্কৃত ভাষার একটি স্তব্'—শরৎচক্র চক্রবর্তী-রচিত শ্রীগ্রীরামক্রকান্ত-স্তবমালা (১ম সংস্করণ) প্রিকার স্বাইম স্তব— শ্রীরামক্রকলয়লীলা-স্থোত্তম্'।
- ২৩১ ১০ 'আমি কিছুদিন গানীপুরে পাওহারী বাবার সন্ধ করি'—দ্র: পত্রাবদীতে ঐ প্রসন্ধ, এবং ১ম থণ্ডে 'পঙছারী বাবা' প্রবন্ধ।

স্বামীজীর সহিত হিমালয়ে

- ২৬৩ ৬ 'নদীতীরে বেল্ডের কুটী:র'—মঠের জমিতে পূর্ব হইতেই কয়েকটি বাড়ি হিল, ভাহার একটিতে মিদেদ বুল বাদ করিতেন। স্বামীজী ও জ্ঞান্ত সন্মাদীরা তথন জ্বন্ত্র দক্ষিণে গলাতীরে নীলাম্বর মুখোপাধ্যায়ের বাগানে থাকিতেন।
- ২৬৫ ১০ 'স্বামীজীর অষ্টবর্ষব্যাপী ভ্রমণের'— শ্রীরামক্তফের ডিরোভাবের পর
 ১৮৮৬ খৃঃ অগস্ট হইতে ১৮৯৩ খৃঃ ৩১ মে আমেরিকা যাত্রা পর্যস্ত ক্ষেক বংসর স্বামীজী সমগ্র ভারতবর্ষ ভ্রমণ করেন।
- ২৬৮ ১ 'আমাদের তিনজন'—মিদ ম্যাকলাউড (জয়া), মিদেস বুল (ধীগামাতা) ও মার্গারেট (নিধেদিতা)।
- ২৬৮ ৩ 'একজনকে ব্রহ্মচর্ষরতে দীক্ষিত করেন'—মিদ্ মার্গারেট নোবল;
 ১৮৯৮ খৃ: ২ণশে মার্চ তারিখে দীক্ষাগ্রহণের পর তার নাম হয়
 'ভগিনী নিবেদিতা'।
- ২৬৮ ১০ 'দায়রপে প্রাপ্ত দেই মহৎকার্য'—'বিজ্ঞানে জীবদেবা' এবং জগতের হিত হইবে এইরপ কার্য; শ্রীবামরুক্ষ মঠ ও মিশন প্রতিষ্ঠার ঘারা স্বামীক্ষী এই মহৎকার্যের স্কচনা করিয়া গিয়াছেন।
- ২৬৮ ১০ 'তথনকার রাজনীতিক গগন···একটা ঝড়ের স্চনা'—প্রেপ প্রতিরোধের জন্ত ব্রিটিশ দৈনিক নিয়োগ এবং ভাহাদের কার্যকলাপের ফলে দেশে আত্ত্বের স্টি হয়। পুনার প্রেগ কমিশনার মিঃ রাজি (Rand) ও অপর একজন মিঃ আয়ার্স্ট (Lt. Ayerst) দামোদর চাপেকর নামক এক দেশপ্রেমিক ভঙ্গণের হত্তে নিহত হয়। ২৬৮ ২২ 'মহামারী দেখা দিয়েছিল এবং জনসাধারণকে সাহদ দিবার জন্ত

- ব্যবহাও চলি:एছিল'—১৮৯৮ খঃ কলিকাতার প্রেণ মহামারী দ্র করিবার জন্ত স্বামীজী ও ভগিনী নিবেদিভার জনদেবামূলক প্রচেষ্টা জনদাধারণের মন হইতে আতক দূব করিয়াছিল।
- ২৬৯ ৩ 'একটি বড় দল'—দাজিলিং হইতে ফি রিয়া ১১ই মে ১৮৯৮ স্বামীদ্রী
 কয়েকজন গুরুলাতা এবং মিদেস গুলি বুল, মিদ্ ম্যাকলাউড ও
 নিবেদিতাসহ আলমোড়া যাত্রা করেন। সঙ্গেকলিকাতা হ আমেরিকান
 ক্রমাল জেনারেলের পত্নী মিদেস প্যাটারসনও ছিলেন। জ্ঞার্য
 স্থামী শ্রানন্দ প্রণীত 'অতীতের স্থতি'—পৃ: ১০৫।
- ২৭০ ২৭ ক্যাপ্টেন দেভিয়ারের গৃহে'— দেভিয়ার দম্পতি সেই সময়
 আলমে।ড়ায় লালা বদ্রীশার বাগান-বাড়িতে কিছুদিন অবস্থান করেন।
 স্বামীজীও স্বাহ্যলাভের জন্ম উস্থানে কিছুদিন ছিলেন।
- ২৭১ ৩ 'দীকিতা এক ইংরেজ মহিল।'—ভগিনী নিবেদিতাই একমাত্র দীকিতা ইংরেজ মহিলা। অপর গুইজন মিদেস বুল ও মিস্ম্যাকলাউড ছিলেন আমেরিকান।
- ২৭০ ১০ মাটসিনি (১৮০৫-৭২): উনবিংশ শতানীর গোড়াতেই ইতানীর চিন্থাবীর জোনেফ মাটসিনির আবির্ভাব হয়। ফগানী লেধকগণের রচনাবলী ও বোমের অতীত ইতিহাস তাহার মনে খাধীনতাম্পৃহা উদ্দীপ্ত করে। ছাত্রাবছাতেই তিনি একটি গুপ্ত সম্প্রদায়ে যোগ দেন এবং অগ্লীয় সাম্রাজ্যের অধীনতা হইতে ইতালিকে উদ্ধার করিবার জন্ম আজীবন সংগ্রাম করেন।
- ২৭৩ ১৬ 'সাধ্বেশে বর্ষ্যাপী ভ্রমণ'— শিষাদ্ধী ও তংপুত্র শাহদী কৌশলে ফলের ঝুড়িতে আত্মগোপন করিয়। আগ্রা হইতে পলায়ন করেন, সাধুনেশে বহুতীর্থ ভ্রমণ করিয়া ১৬৬৬ খৃঃ শেষভাগে গৃ:হু পৌছান।
- ২৭৪ ২২ 'ছাগৰিশুর জন্ত প্রাণ দিতে উত্তত'—বৃদ্ধদেবের জীবনের একটি বিশেষ ঘটনা, অতঃপর বিখিদার তাঁব রাজ্যে পশুবলি বন্ধ করিয়া দেন। গিরিশচন্দ্র তাঁহার 'বৃদ্ধচুরিত' নাটকে এট ফুটাইয়া তুলিয়াছেন।
- ২৭৫ ৩ 'ক্লপদী অন্বপালী'—বৈশালীর বারবনিতা। ভগবান বৃহদের বৈশালীতে আদিলে ওাঁহার অক্সান্ত ভক্তদের সহিত অন্বপালী ওঁহোকে দুর্শন

করিতে আদে এবং তাহার পতিতা-জীবনের ইতিহাস ব্যক্ত করিয়া তাঁহার শরণাপর হয়। ভগৰান বৃদ্ধ তাহাকে অভয় দিয়া নব জীবনের পথ প্রদর্শন করেন।

- ২৭৫ ১৩ পারজ্যের বাব-পদ্বিগণ (Babists): ১৮৪৪-৪৫ খৃ: মির্জা আলি
 মূহমদ নামক এক পঞ্চবিংশভিবর্বীর যুবক এক নৃতন ধর্মের প্রতিষ্ঠা
 করেন। তাঁহার মতাবলম্বিগণ বাবপন্থী (Babist) নামে পরিচিত।
 তাহারা হজরত মহম্মদকে ভগবানের আদিষ্ট ব্যক্তি ও কোরানকে
 ভগবানের বাণী বলিয়া স্বীকার করিলেও কোরান বে ভগবানের
 শেষ বাণী, তাহা মানে না। ১৮৫০ খৃ: পারসীক সরকার তাঁহাকে
 সর্বসমক্ষে গুলি করিয়া নিহত করে। তাঁহার মৃত্যুর পর তাঁহার
 মতাবলম্বিগণ 'আজালি' (Azali) এবং বহাই (Bahai) এই তুই দলে
 বিভক্ত হয়। বহাইগণ পাশ্চাত্যদেশে এবং ভারতবর্ষে ধর্মপ্রচার
 করে। এখনও এ-সব স্থানে বহু বাবপন্থী আছে।
- ২৭৬ ১৮ 'এই তুই ব্যক্তি এবং শ্রীরামক্বফ কর্মিয়াছেন'— রাজা রামমোছন রায় হুগলি জেলার রাধানগর গ্রামে, ঈশ্বচন্দ্র বিভাগাগর মেদিনীপুর জেলার বীরসিংছ গ্রামে এবং শ্রীরামক্বফ হুগলি জেলার কামারপুকুর গ্রামে জন্মগ্রহণ করেন। এই ভিনটি গ্রাম আরামবাগ অঞ্চলে কয়েক মাইলের মধ্যে অবস্থিত।
- ২৭৭ ২৬ ডেভিড হেম্বার: ১৭৭৫ খৃঃ স্কটল্যাণ্ডে হেম্বারের জন্ম হয়। ১৮০০ খৃঃ ঘড়ির ব্যবসা করিতে কলিকাভায় আসেন। ১৮২০ খৃঃ ঘড়ির ব্যবসা বিক্রম করিয়া দিয়া সম্পূর্ণরূপে লোকহিতত্রতে আত্মোৎসর্গ করেন। তিনি এদেশে ইংরেজী শিক্ষার অগ্রতম প্রবর্তক ও অদ্বিতীয় ছাত্রদরদী।
- ২৭৮ ১১ 'পুলাতন শিক্ষক স্বটন্যাগুৰাসী হেটিদাহেব'—জেনারেল এদেমব্লিজ কলেজে অধ্যয়নকালে অধ্যক্ষ Rev. W. Hastie দাহেবের নিকট নবেজনাথ দর্শনশান্ত্র অধ্যয়ন করেন। তাঁহার নিকট তিনি শোনেন সমাধি অবস্থা প্রত্যক্ষ করিতে হইলে দক্ষিণেশরে শ্রীরামকৃষ্ণদেবের নিকটে ষাইতে হইবে।
- ২৮৪ ৩ 'বৈঞ্বগৰ কল্পনামূলক গীতিকাব্যের পরাকাঠা'—ছিন্দীতে স্থরদাস,

মীরাবাদ প্রভৃতির ভজন, দাকিণাতো আলোয়ারদের ভক্তিমূলক গান, এবং বাঙলায় বৈষ্ণব কবিদের পদাবলী একযোগে দ্বারপ্রীতি এবং সাহিত্যিক উৎকর্ষের পরিচয় দিয়াছে।

- ১৮৭ ১০ 'কাশীর সেই বৃদ্ধ সন্ন্যাসীর কথা'—১৮৮৮ খৃঃ ভীর্থপর্যটনকালে কাশীর
 ত্র্গাবাড়ির নিকট একদল বানর স্বামীজীকে তাড়া করে। এক বৃদ্ধ
 সন্ন্যাসীর নির্দেশে স্বামীজী ত্রিয়া দাঁড়াইলে বানরগুলি পলায়ন
 করে। এইথানেই স্বামীজী শিক্ষালাভ করেন: 'Face the brute'
 —পশুশক্তির সন্মুখীন হও, পিছন ফিরিওনা।
- ২৮৭ ১৭ 'ইহাই বুদ্ধের জন্মভূমি'—হিমালয়ের পাদদেশ তরাই অঞ্ল, যথার্থ জন্মভূমি কপিলাবান্ত এখান হইতে বহুদুরে।
- ২৮৮ ৮ চন্দ্রগুপ্তর আবির্ভাব: আন্থমানিক খুইপূর্ব ৩২২ নন্দবংশের ধ্বংস সাধন করিয়া মৌর্য চন্দ্রগুপ্ত মগধের সিংহাসন লাভ করেন। পঞ্জাব ও সিন্ধু হইতে গ্রীক বিতাড়ন, সেকেন্দার সাহের (Alexander the Great) অক্ততম শ্রেষ্ঠ সেনাপতি সেলিউকাসের ভারতাক্রমণ প্রতিরোধ করিয়া সীমান্তের গ্রীক-বিজিত প্রদেশগুলির পুনরধিকার এবং ভারতবর্ষে এক স্থদ্র-প্রসারী সাম্রাজ্য স্থাপন প্রভৃতির জন্ম চন্দ্রগুপ্ত ইতিহাসে প্রসিদ্ধি লাভ করিয়াছেন।
- ২৮৮ ১১ 'বেথানে বিজয়ী সেকেন্দর প্রতিহত হইয়াছিলেন'—গ্রীকবীর সেকেন্দর সাহের ভারত-অভিযান বে একেবারেই সহজ্ঞসাধ্য হয় নাই, পরস্ক পদে পদে প্রতিক্ষম হইয়াছিল, ঐতিহাসিকগণ ভাহা প্রমাণ করিয়াছেন। গ্রীক ঐতিহাসিক-বর্ণিত 'পোরাস' (Porus) অর্থাৎ পুরু ঝিলাম ও চিনাব নদীন্বয়ের মধ্যবর্তী এক ক্ষুত্র রাজ্যের অধিপতি ছিলেন। সেকেন্দর সাহের বিরুদ্ধে তাঁহার যুদ্ধ ও শৌর্থবীর্ষের পরিচয় স্থবিদিত।
- ২৮৮ ১৩ গান্ধার ভাষর্ব: তক্ষণিলার ধ্বংসাবশেষ ও আফগানিছানের প্রাচীন ছানগুলিতে এই ভাষ্কবের নিদর্শন পাওয়া যায়। ব্রুম্ভি ও বৌরষ্পের ছাপত্যসমূহ ইহার অন্তর্গত। গান্ধার ভাস্কর্পের কলাকৌশল গ্রীক-শিল্প হইতে গৃহীত বলিয়া ইহাকে ইন্দোগ্রীক

ভারণ বলা হয়। কুশানযুগে চীন, তুকী হান ও দ্ব প্রাচ্যের দেশগুলিতে এই শিল্প ছড়াইরা পড়ে।

- ২৯৬ ১৮ বীর চেৰিজ থাঁঃ মোকল সদার চেজিজ থাঁ (১:৬২-১২২৭) নিজের

 আর্থিখাস, কট্রুনিংফুতা ও সাহদের বলে পূর্ব প্রশান্ত মহাসাগর
 হইতে পশ্চিমে রুক্ষসাগর পর্যন্ত বিশাল সাম্রাক্ত্য গঠন করেন। মধ্য
 ও পশ্চিম এশিয়ার দেশগুলি আক্রমণ করেন এবং দিলীতে
 ইলত্তমিদের রাজ্তকালে পঞ্জাব পর্যন্ত আসিয়াছিলেন। চীনা
 ভাষার cheng-sze শব্দের অর্থ 'শ্রেষ্ঠ বোদা'। বাল্যকালে
 তাঁহার নাম ছিল তেম্চিন।
- ২৯৭ ৩ 'প্রবৃদ্ধ ভারত' মায়াবতীতে নবপ্রিষ্টিত আশ্রমে স্থানান্তরিজ—
 মান্তাজ হইতে প্রকাশিত ইংরেজী 'প্রবৃদ্ধ ভারত' পত্রিকার সম্পাদক
 রাজম্ আয়ারের মৃত্যু হয় ১৮৯৮ খৃঃ জুন মাসে। ক্যাপ্টেন সেভিয়ারের
 সাহায্যে আলমোড়া জেলায় মায়াবতী অঞ্চলে এক সাহেবের
 চা-বাগানের জমি ও গৃহ ক্রীত হইলে ১৮৯৯ খৃঃ মার্চ মাসে অবৈত
 আশ্রম স্থাপিত হয়। তথন স্বামীজীর নির্দেশে মান্তাজ হইতে প্রবৃদ্ধ
 ভারতের কার্বালয় অবৈত আশ্রমে স্থানান্তরিত হয়। স্বামীজী তাহার
 শিক্ত স্থামী স্থরপানন্দকে অবৈত আশ্রমের প্রথম অধ্যক্ষ ও 'প্রবৃদ্ধ
 ভারত' পত্রিকার সম্পাদক করিয়া পাঠান।
- ২৯৮ ২৪ 'রামরূপ ধারণ করিয়া সীতাকে প্রতারণা করিবার পরামর্শ'—
 তুলনীয়: 'তুচ্ছং ব্রহ্মপদং পরবর্ষদঃ কুডঃ'।
- ৩০০ ১০ 'তাঁহার এক শিক্যা'—এই শিক্ষা নিঃদলেহে নিবেদিভা স্বয়ং, কারণ তিনিই একমাত্র আমেরিকাবাদিনী নহেন।
- ৩০৫ ২৩ 'হ্রেমানের দিংহাদন'—তথ্ত-ই হ্রেমন পর্বত।
- ৩০৭ ১৪ জান্টনিয়ান (৪৮৩-৫৬৫): জান্টিনিয়ান স্থানিক প্রাচা বোষক সমাট (Eastern Roman Emperor); তাঁহার রাজকাল ৫২৮ হইতে ৫৬৫ খৃ:। আইন সংস্থারকরণে তিনি বিশেষ প্রানিক করিয়াছিলেন।
- ৩০৮ ৪ কাৰ্বকলাপ ও পত্ৰাবলী: Acts of Apostles এবং Epistles of

- নামাত্র্যায়ী রাষ্ট্রগুক হুরেজনাথ বন্দ্যোপাধ্যায় কর্তৃক প্রভিষ্ঠিত, অধুনা 'হুরেজনাথ কলেজ' নামে পরিচিত।
- ৩৩৫ २ वज्ञां निकासि : ७६ दिख्यां है। यो माना चीकान करनन ना।
- ৩৩৬ ২০ 'টমাস আ কেম্পিসের Imitation of Christ'—ত্তঃ এই গ্রন্থাবলীর বর্চ ধণ্ডে স্বামীন্দীর অহবাদ 'ঈশাহসরণ'।
- ৩৪৩ ১৪ 'গণেশের আদন'—মহাভারতের লিপিকার গণেশের ভূমিকা লেথক গ্রহণ করিলেন, অর্থাৎ লিপিকারের আসন গ্রহণ করিলেন।
- ০৪৬ ২৬ 'ডেলদার্ট ব্যায়াম'—কোন যন্ত্রপাতির দাহাষ্য ব্যতিরেকে হাত-পা চালনা করিয়া ভারদাম্য (balance) বজার রাখিয়া শারীরিক ব্যায়াম, ঐ সময় কিছুদিন আলমবাজার মঠে খ্ব চলিয়াছিল। ত্রঃ 'স্থতিকথা' (স্বামী অথণ্ডানন্দ) প্র: ২০২।
- ৩৪৭ ১২ 'দমটানা ইত্যাদি বই স্বার কিছু নয়'—পূরক-কুন্তক-রেচক ইত্যাদি প্রাণায়ামের প্রাথমিক স্বভ্যাসকেই এথানে লক্ষ্য করা হইয়াছে।
- ৩৪৮ ২৬ ব্রহ্মস্ত্রের ভাষা: শহর, রামাস্কুল, মধ্ব, বলভ, নিম্বার্ক, ভাষ্কর, শ্রীকণ্ঠ প্রভৃতি নিষ্ক্ষত প্রতিষ্ঠার জন্ম ব্রহ্মস্ত্রের ভাষ্য লিখিয়াছেন।
- ৩৫২ ৯ শশিপদ বন্দ্যোপাধ্যায় : বরানগরে একটি বিধ্বাশ্রমের প্রতিষ্ঠাতা।
 ১৮৯৫ খৃঃ প্রথমদিকে ভারতীয় বিধ্বাদের অবস্থা সম্বন্ধে ক্রকলিন
 রমাবাদ সার্কেলের সহিত স্বামীজীর মতভেদ হইলে স্বামীজী
 ক্রকলিনে ভারতীয় নারীদের বিষয়ে একটি বক্তৃতা দেন এবং সংগৃহীত
 অর্থ শশিপদবাব্র বিধ্বাশ্রমে দান করেন। ত্রঃ স্বৃতিক্থা (স্বামী
 অধ্বর্থানন্দ) পুঃ ১৮৮।
- ৩৫৫ ৯ 'কলিকাভায় দ্**ইটি মাত্র বক্তৃতা'—প্রথম অক্ত**া রাজা রাধাকা**ত** দেবের প্রাক্তি অভিনন্দন-সভায়, বিতীয়টি স্টার বিয়েটারে প্রদন্ত।
- ৩৬৪ ২৩ Utilitarian (উপৰোগিভাবাদী): বেছাম, মিল, হাৰ্বাট স্পেলার
 প্রভৃতি পাশ্চাভ্য দার্শনিকগণ কর্তৃক ব্যাখ্যাভ ও প্রচারিভ 'Utilitarianism'-এর সমর্থক। 'Greatest good for the greatest
 number' অর্থাৎ স্বাধিক লোকের স্বাধিক পরিমাণ স্থাব
 ব্যবস্থাই এই মভের লক্ষ্য।

- ৩৭৩ ২৪ 'ও রদে বঞ্চিত গোবিন্দদান'—গোবিন্দদান ঐচৈতন্ত-পরবর্তী যুগের বৈষ্ণৰভক্ত ও পদাবলীকার। তিনি ঐচিতন্তের মহিমা ও রূপ কর্মনার আখাদ করিয়া কবিতার বর্ণনা করিতেন। ঐচিতন্যের সাক্ষাৎ দর্শন পান নাই বলিয়া অনেক পদের শেবে গোবিন্দদান এই ধরনের আক্ষেপ করিয়াছেন।
- ৩৮৪ ১৪ '৯৩টা মূল দ্রব্য (93 elements)'—স্বামীজীর এই আলোচনার পর
 অর্ধ শতালী কালের মধ্যে বৈজ্ঞানিকগণ আরও কয়েকটি মূল দ্রব্য
 আবিষ্কার করিয়াছেন। অবশ্য ইলেক্ট ন-তত্ত্ব পরমাণু-তত্ত্বের ধারণা
 আমূল পরিবর্তিত করিয়া দিয়াছে।
- ৬৭০ ৮ 'জুল ভার্নের Scientific novels'—Jules Verne, (১৮২৮-১৯০৫)। 'Five weeks in a Balloon', 'Journey to the Centre of the Earth', 'Round the World in Eighty Days', 'Three Thousand Leagues under the Sea', প্রভৃতি বিজ্ঞানমূলক করনাশ্রমী উপস্থাসের বিখ্যাত ফরাসী রচমিতা।
- ৩৭০ > কার্লাইন (১৭৯৫-১৮৮১): স্কটন্যাণ্ডের প্রতিভাশানী নেথক। Sartor Resartus: ১৮৩৩ খৃ: বৈজ্ঞানিক যুক্তিবাদের উপর তীব্র কটাক্ষপূর্ণ এবং দার্শনিক ও নৈতিক আদর্শবাদের পক্ষে নিখিত গ্রন্থ।
- তি ২৭ জন স্মার্ট মিল (১৮০৬-৭৩): অর্থনীতি, ধর্ম, স্তায়দর্শন, রাজনীতি ও সমাজতত্ব-বিষয়ক বিভিন্ন গ্রন্থ-প্রণেতা। ১৮৬৫ খঃ হইতে তিনি বুটিশ পার্লামেন্টের সদস্য হন।
- ৬৮৮ ৪ 'চার্বাকের দৃশ্রসভ্য মত'—চার্বাক সম্প্রদায় প্রভ্যক্ষকেই সভ্য বলিয়া মনে করেন। তাঁহাদের মতে 'ভস্মীভূতক্ত দেহক্ত পুনরাগমনং কুতঃ ?'
- ৪০২ ২২ 'গৌরাজের পেট ভরায়'—এখানে গৌরাজ-শব্দের অর্থ শেভকায় ইংরেজ।
- ৪০৫ ২০ 'ঈশর নিরাকার চৈতক্তম্বরণ, গোপাল অতি হংবাধ বালক'—
 ঈশরচন্দ্র বিভাসাগর বালক-বালিকাদের শিক্ষার জক্ত 'বোধোদর',
 'বর্ণপরিচর' প্রভৃতি পুত্তক রচনা করেন। এ-স্কল পুত্তকে তিনি
 ঈশর সম্বন্ধে ধারণা দেওয়ার জক্ত লিখিয়াছেন, 'ঈশর নিরাকার

পৃষ্ঠা পড়্কি

চৈতন্ত্ৰস্থা সংবাধ বালকের আদর্শ ধারাও বালকেরা নিরীছ গোবেচারী হয়। এই ধরনের শিক্ষা ধারা বালকবালিকাদের প্রকৃত চরিত্র গঠিত হয় না—ইহাই খামীজীর অভিনত।

- ৪১৩ ১৪ 'বিতীয়বার মার্কিনে বাইবার উত্যোগ'—৬২ পু: তথ্যপঞ্জী দ্র:
- ৪২২ ৬ 'পাঁচভাবে সাধনের কথা'—শান্ত, দান্ত, সথ্য, বাৎসন্য ও মধুর—এই পঞ্চাবের সাধন।
- ৪৩০ ২১ 'থেরাপুত্ত: বৌদ্ধদের এক সম্প্রদায়, 'ছবিরপুত্তের' অপশ্রংশ।

কথোপকথন

- ৪৩৭ ১৯ মহীশ্রের রাজা: ১৮৯২ খৃ: শেষভাগে পরিব্রাজক অবস্থায় স্বামীজী মহীশুরের রাজপ্রাসাদে কিছুকাল অবস্থান করেন।
- ৪৪০ ১২ প্রাচ্যভন্ধান নাম প্রতিষ্ঠান বিষয়ে আলোচনা 'Oriental research' নামে পরিচিত।
- ৪৫১ ২ 'ফ্রণন যুদ্ধে ভারতীয় সৈন্ত'—১৮৮২ থৃঃ 'আরবিপাশার' বিজ্ঞান্ত দমন করিয়া ইংরেজগণ মিশরের প্রকৃত প্রভূ হন। কিছু স্থলন প্রদেশে মাহদি আখ্যাধারী এক মুসলমান নেতা ভাহার শাসন প্রতিষ্ঠা করে। ভাহাকে দমন করিতে বাইয়া ব্রিটিশ সেনাপতি গর্ডন নিহত হন। অবশেষে ১৮৯৮ থৃঃ কর্নেল কিচেনার ওম্বারমানের যুদ্ধে মাহদির সেনাদ্দকে পরাভূত করিয়া স্থলানকে ইংরেজ শাসনাধীন করে। এই যুদ্ধে ভারতীয়দের সম্বৃতির অপেক্ষা না রাখিয়া ভারতীয় সৈতা ব্যবহৃত হয়।
- ৪৫৮ ১ মিণ্টন ও হোমর: 'Paradise Lost', 'Paradise Regained' প্রভৃতি কাব্য প্রশেতা ইংবেজ কবি মিণ্টন । 'ইলিয়াড' ও 'ওডিসি' এই তুই প্রাচীন গ্রীক মহাকাব্য হোমর-রচিত।
- ৪৬২ ২৪ নিউ টেস্টামেণ্ট: বাইবেলের ষে অংশ গ্রীষ্টশিক্স বা প্রেরিভ পুরুষদের বারা রচিভ, ভাহাই 'নিউ টেস্টামেণ্ট' নামে পরিচিভ। বাইবেলের প্রথমাংশ হিক্রভাষায়; শেষের কিছু অংশ গ্রীকভাষায় রচিভ।
- ৪৫৪ ১৬ বাবের 'নিকড': বাস্ক বৈদিক শবার্থবোধক শাল্পকার, নিকন্ত নামে বেদাক গ্রন্থের প্রণেতা। নিকন্ত সর্বপ্রাচীন প্রামাণ্য বৈদিক অভিধান।

- ৪৬৫ ২৯ মধ্বাচার্য: বৈতবাদের শ্রেষ্ঠ আচার্য।
- '৪৬৭ ১৯ কিন্তারগার্টেন বিভালয়: জার্মান ভাষায় 'কিন্ডারগার্টেন' শব্দের জীর্থ
 'শিশুদের উন্তান' (Garden of children)। Fredrich
 Froebel (ক্রেড্রিক ফ্রবেল) নামক জনৈক শিক্ষাবিদ্ ১৯শ শতাব্দীর
 মধ্যভাগে শিশুশিক্ষার এক নৃতন পদ্ধতি আবিষ্কার করেন।
 চিত্তবিনোদনকারী ধেলনা, থেলা ও গান-বাজনার মধ্য দিয়া
 শিশুশিক্ষার এই পদ্ধতি 'কিন্ডারগার্টেন' নামে পরিচিত।
- ৪৭১ ২৯ 'ইংলণ্ডে একজন ও আমেরিকায় একজন'— ১৮৯৭ খৃঃ পাশ্চাভ্য হুইতে ভারতে ফিরিবার সময় স্বামীজী আমেরিকায় স্বামী সারদানন্দকে ও ইংলণ্ডে স্বামী অভেদানন্দকে রাধিয়া আসেন।
- ৪৭৪ ১৫ 'সে এমন দেশ হইতে আসিয়াছিল'—তৎকালীন পরাধীন দেশ আয়র্লতের কথা উল্লেখ করা হইয়াছে।
- ৪৭৫ ৫ 'মহাত্মা', 'কুথুমি' প্রভৃতিতে আমি বিখাসী নহি'—থিওস্ফিস্টগণ 'মহাত্মা' প্রভৃতিতে বিখাসী।
- ৪৭৮ ১৮ 'হিমালয়ের একটি স্থলর উপত্যকা'—স্বামীজী সেই সময় স্বাস্থ্যলাভের জন্ম স্থালমোড়ায় লালা বদ্রীশার 'টমসন হাউদে' ছিলেন।
- ৪৭৯ ৮ দয়ানন্দ সরস্বতী: আর্বসমান্তের প্রতিষ্ঠাতা।
- ৪৮০ ২১ প্রধান প্রশ্নকর্তী—জনকের সভায় এই গার্গী বাজ্ঞবন্ধ্যের সহিত ব্রন্ধতত্ত্ব আলোচনা করেন। বচফু ঋষির কক্সা বলিয়া তাঁহাকে বলা হইত বাচফ্রবী।
- ৪৮০ 'ফেরিন্ডার মতে'—পারসীক ঐতিহাসিক ফেরিন্ডা কাম্পিরান সাগরের উপক্লস্থ আজাবাদ শহরে আফুমানিক ১৫৭০ খৃঃ জন্মগ্রহণ করেন। ইনি ১৫৮৯ খৃঃ বিজাপুরে যান এবং বিতীর আদিল শাহ কর্তৃক ভারতের ইতিহাস-প্রণয়নে নিযুক্ত হন। তাঁহার প্রণীত ভারত-ইতিহাস জেনাবেল ত্রিগ্স্ কর্তৃক 'History of the Rise of Mohometan Power in India' নামে ইংরেজীতে অন্দিড হইরাছে। ১৬১১ খৃঃ বিজাপুরে ফেরিন্ডার মৃত্যু হয়।

নিৰ্দেশিকা

অথতানন, খামী--৮০ অচ্চাবল--৩১৫ **অতুলবা**ব্—৩**৯**৭ व्यमृहेर्वाम---८৮२ ष्यदेषज्यान----२४७, २१२, ७६१, ४८४, 866, 892, 820 অধৈতবাদী---১৭৯ व्यदेखानम, श्रामी--२७४, ७४७ অধিকারিভেদ--৩০ **শন্তর্বিবাহ—৪২**০, ৪২৪ অন্বারযুগ—৪৪০, ৪৪৫ অরসত্র — ১২৬ অপরোক্ষাহ্মভৃতি—৫৯, ১০১, ১৩৯ 'অবাঙ্মনসোগোচরম্'—১১ 'অভিজানশকুত্বলম্'---৫ ব্দমরকোষ, (পাঃ টীঃ)— ৩১০ অমরনাথ – ৮৯, ৩০২, ৩১৫-১৬, ৩১৮ 'অর্ধনারীশরন্তোত্রম্'—২৬৬, অর্মাজ্দ্—৩১১ অশেক—২৯৬ **ইওরোপ**—৪৭০, ৪৭২ 'ইতিয়া'—৪৪৪ षष्ट्रोधाषी-गानिन खः षहना।वान-8৮১ **षहर-छार-**१৮ অহিংসা---১৫০ আইরিশস্যান—৪৭৪

আকবর—২৭৩, ৩২৬, ৪৩৯, ৪৪৫ **অাগ্রা**—২৪০, ২৭২-৭৩ অণচার্ব--৩৫১ আত্মান--৮৮, ১৯৭, ৪৫৬ ৰাম্বতন্ত্ৰ—৫০, ৫৬

জাত্মা—৫৯, ৪৪১, ৪৪৭ আপ্তপুরুষ—১০১ আপ্তবাক্য--- ১৩৯ चार्टमग्रम, चार्नठ--- ४७२ 'আমি', আমিষ—৫৯ আমেরিকা---৪৭০-৭১ আর্ট--৪০৬ আর্বগণ--- ২৮৮ षान्यवाषाद--- ५०, २१, २৯, ७०, ४१, ¢¢, 93, 605, 682 षांगत्राष्ट्रां---२७३, २७७, २१० २१२, २४४, ८४७ আলাসিকা পেরুমল—৮৭, ৮৮, ৩৩৩, 985 আলেকজান্তিয়া—৩০ ৭ আলেকজেনার--৩৮১ আভাম-চতুষ্টয়—৫১ আহ্রিমান—১১১

'ইগ্রিয়ান মিরর'—৬৩১ ৩৫২ हेक्क-विरवाहन-मरवाह—(भाः ।। १ हे**ननावांनान--**७०৫, ७১२, **93** • ইস্ট ইণ্ডিয়া কোম্পানি---৪০

केणा--->४७, २৫১, ७०२ 'ঈশাসুসরণ'—৩৬৬ ঈশাহিধর্ম-৩০৬-০৮ ঈশর—কোটী ২৫**০ ; -লাভ** ১৫ উইলিয়াম্স, মোনিয়ার—৪৫৪
উত্তকামও—২৮০
উত্তর (য়াম) চরিত—১৬২
'উলোধন'—৯৪, ১৭৩-৭৫, ৩৩১, ৩৪৭
উপন্যন—৫৬
উপনিবদ—২৫, ৩২, ৪৮, ৫১, ২৪৫,
২৪৭, ৩০০, ৪৫৪; জিল ৫৮,
৩৪০; কঠ ১৪, ৫৬, ৯৬, ১১৬,
১৩২, ৩৪০-৪১; কেন ৩৪০;
বৃহদারণ্যক ৫৯, ১১০, ২৯০, ৩৪৫,
৪৮০; মৃত্তক ১৫, ১৩০, ১৮০,
১৮২, শেতাশতর ৩৪২
উপযোগবাদী—৩৬৪
উপায়, উদ্দেশ্য—২৬
উমা—২৬৭, ২৯৯; –মহেশ্বর ২৬৫

ঋথেদ—৪০, ২৮৮ ; -সায়নভাষ্য ৩৯ 'ঋষি' শব্দের অর্থ—৪০

'একমেবাহিতীয়ম্.'—১৩৮ 'একো'—৪৫২ এন্সাইক্লোপেডিয়া বিটানিকা—১৯২, ২•৯

'ওঁ'কার—৪১, ৪২ ওন্নাশিংটন—৪৪৬ 'ওন্নেন্টমিনন্টার গেকেট'—৪৩৩

কংফুছে — ৪৯৫
কটন—চীফ কমিশনার ১৯৫
কর্ম—১৬, ১৮৩, ২০৭, ৩৫৮-৫৯,
৩৮২; -বাদ ৪৬৪
কর্মবোগ—৮২, ১৬১-৬২, ৩৪৬, ৪১৫
কাম-কাঞ্চন—৬৭, ১৪১, ১৪৮, ৩৫৮
কামাধ্যা—১৯৫

কার্পেন্টার, এডওয়ার্ড—৩৬৮ কাৰ্লাইল--৩৭• कोनिकांग---१, ३७, ४०७ कानीषां -- २२१, २२६ 'কালী দি মাদার' (কবিডা)—১৮১ কালীপূজা—২১৫-১৬ কাশীপুর বাগান-->৽, ১১, ১৮, ৬৫, ۵۵, ۵۷, ۵۷8, ۵۵۰ , ده काशीब-- ৮৯, २७১, २७७, २৮२, २৮৯, २३७, ७०७, ७১०, ७১७ ; -ইভিহাসের চারিটি ধর্মযুগ ৩০৫; উপত্যকা ২৯৩-৯৫; -এর মহা-রান্ধা ৩২৩ কিডি—৩৩৩, ৩৪২ কীর্তন—৩৯৯, ৪২৯ 'কুমারসম্ভবম্'—২৯৯ কুলকুগুলিনী---২৪২-৪৩

কৃপা—৬৬, ৬৭, ১৪৮, ২৩০, ৪৮৯ (🖻)কৃষ্ণ—১৫, ১৬, ১৪৫-৪৬, ১৮৫, ২৭৪, ২৮৩, ৩০৮, ৩২৫, ৩৩৪, ৩৪৭-৪৮, ৪১৩-১৪, ৪২৪,

কৃষ্ণকুষারী--তহড-২৭

(ঐ)কৃষ্ণচৈতন্ত —৩৫৯ কৃষ্ণশাল বন্ধচারী—২২৬ কেশবচন্দ্র সেন—৪৫৪

কোরান—৬৮২ ; -পাঠ, ৩০৭ কোলাপুরের ছত্রপতি—৩৭৪ ; রানী,

てもう

ক্যাথলিক ধর্ম—৩০৭ ক্রমবিকাশবাদ—১১০, ৪৮৮, ৪৯৪ ক্রিন্টান সারেন্টিস্ট—৪৩৪

ক্রিয়াকাও—ঈশাহি ও বৌদ্ধর্মের

कीं वीभ—७०१, ६७०

ক্ষত্রিয়—২৭২ ক্ষীরভবানী—৯০, ২৯৭

খনা—৩৬, ৩৮ খান্ত—ত্তিবিধ দোষ ১৫৩ থেতড়ির রাজা—২৬**>**, ৩৭৪ ঞ্রীষ্ট—২৮৩, ৩০৭, ৪৫৮; -ধর্ম ৪৫৮

기주!---95. গৰাধন—অথতানন স্বামী ত্ৰঃ গণতন্ত্ৰ----৪৫৩ গাৰীপুর—২৩১ গান্ধার-ভান্ধর্য--২৮৮ গাৰ্গী—৩৬, ২০০, ২০৩ গিরিশচন্দ্র ঘোষ—১১, ২৮, ৪৩-৪৬, 43, 49, 4b, 90, b0, b0, 160, २७१, ७२१, ४১७ গীতগোবিন্দ—'১৫, ১৬, গীতা—শ্রীমদ্ভগবদ্, ১৬, ৪৯, ৬৭, ১২৭, 50¢, 562, 36¢, 206, 28¢, २8b, २96, २b8, २२२, ७००, 080, 089-8b, 090, 0b2-b0 838-১৫, ৪২৪ ; -ডব্ড ৩৪৭ গুডউইন—১৪, ২৮০, ২৮৪, ৩৩৩, ৪৬৯ প্রক্**—৫৬, ৩৫**৯, ৪৮৬ ;-ছক্তি ২৫, **৪**৫ গুরুগোবিদ্দ-৮৪, ৮৫ গৃহুস্ত্ৰ (গোভিল)---৫৬ গোরকিণী সভা—৮

চণ্ডী—২০১ চতুৰ্গ—৪৮৭ চত্ৰগুপ্ত—২৮৮ চাতুৰ্ণ্য-বিভাগ—১৫৪ চাক্চজ্ৰ মিত্ত—৩৩৬ চার্চ অব্ ইংলও—৪৬৩
চার্বাক—৩৮৮
চিকাপো—৬৩; ধর্মহাগভা ৩৩১,
৩৬৯, ৪৩৫, ৪৩৭, ৪৪৬, ৪৬২
চীন (দেশ)—৪৫০
চেকিজ ঝা—২৯৬
(এন) চৈতক্তরিভাম্ভ—৬৭, ২৭৫
(নি) চৈতক্তরিভাম্ভ—৬৭, ২৭৫
২৭৫, ৩২৪, ৩২৫, ৪২৭-৪৮৫

'ছুঁচোৰধকাৰ্য'—২১১ 'ছুঁৎমাৰ্গ'—৪৭২, ৪৭৬

षगमीनहस वञ्-७৮८ 'লগরাথকেত্র'—১১৫; क्रमाथरमय জন—সেণ্ট, ৩০৮ बनक--द्रांखा, ১৯৮, ७०১, ৪৮० **च**त्रश्**ट्वे**---७১১, ८२৫ **जरा**त्व-->e ব্যাডি—৪৪৯, -বিচার ৩৭৬; -বিভাগ 868-66 ব্বাত্যস্তর্পরিণাম—২১ জার্মানি-89• ব্যক্তিনিয়ান---৩৽ ৭ জাপান—৪০৬ ; ইহার বৌদ্ধর্ম ৪৬০ আহাদীর---৩১৫ জি. নি.—গিরিশচন্দ্র ঘোষ জঃ বিহোবা---৪৪১, ৪৪৭ 'জীৰনীচত্ইয়'—৩০৮ জীবন্মুক্তি—৮২ बोवत्मव|---8७

জুল ভার—৩৭০

(जमार्वड!--७३

বৈনগ্ৰ—৪৩**৯**, ৪৪৭

জ্ঞান—মুখ্য ও গৌণ ১৪২ জ্ঞানকর্মসমূচ্যয়—১৮৪, ২০৬ জ্ঞানযোগ—৩৪৬

টডের 'রাজস্থান'—৩২৪
টমাস আ কেম্পিস—২৯৯, ৩৩৬ টলটম্ব—৪৩৯
'টাইমস্'—৩৬২
টোল—৪০৩
টেনিসন 'প্রিকোস্'—৪৮০
'টুণ্ড' (পত্রিকা)—৪৭০

ভালহদ,—৩০২, ৩২৭
ভাকইন—১১৮
ভিকেন্স চার্স—৩৬৬
ভেলসার্ট ব্যায়াম—৩৪৩
ভেলমার্মিন—৪৪৬

ভথ্ৎ-ই-ন্থলেমান—২৯৮
তন্ত্ৰ—২০১, ৪১৮; লাধনা, ৪১৭
তপৰিনী মাডা—:৪-৬৬
তনোগুণ—১৪৯; ইহার লক্ষণ ১৫২
তালমহল—২৭২
তানসেন—৩২৬
ত্রীয় জ্বান'—৪৫৭
ত্রীয় জ্বান'—৪৫৭
ত্রীয়ানন্দ, স্বামী—৫, ১৯, ৪২১
ত্লসীদাস—৯৫, ২২৪
ত্বারলিক—৩১৯
ত্যাগ—২৫, ৪৭, ৪৯, ১৩৫, ২২৮,
২৮২, ৩৫৮, ৪৮৮; -বৈরাগ্য
৫১
তর্ক—৪৫

बिखनांजीज, यांगी—১१०—१८, ७७७

ত্ৰি**পুটিভেদ**—১৮২

খিওজফিক্যাল সোনাইটি—৪৬৪ থীব্স্, খিবেইড—৩০৭ থেৱা, থেৱাপিউটি—৩০৭-০৮ থেরাপুত্ত সম্প্রদায়—৪৩০

দক্ষিণেশর (কালীবাড়ি), ২৭, ১৬৮,
১৬৮, ২৫১, ৩৩৭
দন্ত, মাইকেল মধুস্দন—২১১-১২
দথীচি—৫৬
দরিদ্রনারায়ণ সেবা—২৩৫
দার্জিলিং—৫৫, ২৬৮, ২৭৩
দার্জভাব—২১৯
হুর্গাচরণ নাগ (মহাশয়)—৫, ৩১, ৫০,
৫৫, ৬৪, ৬৭, ১৪১-১৪২, ১৬৯,
১৯৪, ১৯৬, ২৪৭, ২৪৯
হুর্জিক—১৮৬৪ খুট্টাব্দের ২৭৭
দেওভোগ—১৪১
'দেবতার ভর'—৮৫, ৮৬
'দেবদেবীমূর্জির' পূজা—২৬

দেশ—৪২৩, ৪৫৭ ;-কাল ১৩১ ;
-কাল-নিমিত্ত ৬৬ ;-কাল-পাত্ত-ভেদ ৩৭৭-৭৮ দেশাচার—১৪৪, ১৫৬

বিজাতি—৮০ বৈতঞ্জান—৬৮৬

ধর্ম—৩৫৮-৫৯, ৩৬২, ৩৭৩, ৩৭৭, ৪৬৭ ধর্মঘট—১০৮ ধর্মপাল—৩৯৭-৯৮ ধর্মব্যাধ—৪৮২ ধ্যান—২৫, ১৮২ ;-ধারণা ৬২, ৬৬ ধ্রুপদ—৩৯৯

নচিকেডা---৫৬, ১৪৪, ২১৭, ৩৪০-৪১ নৰগোপাল ঘোষ—৬৯, ৭০

नव्यक्तान-२१७ ন্বক---৪৯৬ नदबन, नदबक--वात्रीको छः নরেন্ত্রনাথ মিত্র—৬২ नरबक्तांथ रमन--७७२, ७৫२ 'নাইনটিছ সেঞ্রি' (পত্রিকা)—৪৫৪ নামকীর্তন-৪২৯ नामक्री-->७०-७>, ১१२, ४৫৫ 'নারদীয়া ভজি'—২৫২ নিউ ইয়র্ক—৪৪৬ নিউ টেস্টামেণ্ট—৪৬২ निजानन, चामी—89, ১৬१, ७**8**२ নিবেদিতা, ভগিনী—১১৮, ১৩৬, ২৩২, २५५, २७७, ७५७, ७२५ 'নিমাই-সন্ন্যাদ' নাটক—২৬৭ নিমিত্ত--- ৪২৩, ৪৫৭ निवक्षन, निवक्षनानम सामी---२ २-७১, ২৩২-৩৩ 'নিক্জ,'—৪৫৪ নিৰ্বাণ—বৌদ্ধ, ৪৫৭ নির্ভয়ানন্দ, স্বামী—৪৭, ১৬৭, ২১৩, 530 নীলাম্ব বাৰ্ব বাগান—৭১, ৭৭,৩৯৭ 'নেভি নেভি'—২১ নেপল্স্—৩০৭ নেপোলিয়ন—২৯৬ নৈনীতাল—২৬১, ২৬৩, ২৬৯, ২৭৬ নোবল, মিদ—নিবেদিতা ত্রঃ স্থাব্দারীন-৩০১ ন্তায়শান্ত—২৪৭

পওছারী বাবা—২৩১-৩২, ২৮০-৮১ পঞ্চরণী—৩১৭ পঞ্চনী—১০১ পঞ্চনী—২৮

পতঞ্জলি—১২০, ৩৪৯ পরমপুরুষার্থ—৬৭ পরভরাম--- ৪১০ পরাভজি—৪৯ পল, সেণ্ট— ৩০৮-০৯ পশুপতি বহুর বাটী—৩৩৩ পাণিনি-১৭ পাণ্ডে,ছান মন্দির—৩০৩ ; ৩০৫ পাতঞ্জল দর্শন--১২০ পাপ---৫৮, ৩৬৭, ৪২২ 'গিক্**উই**ক্ পেণার্গ'—৩৬৬ **পूनर्जन--- १৮৮ ;-वार ४१**२ পুনরুখান---৩০৯ পুরাণ---৫১, ৩৮২, ৪৫৭-৫৮ পুরুষকার—৬৭, ১৪৮ পূर्वजन--- १९२, १३२ পূর্ববন্ধ---৬৪, ১৯৩ পোর্ট সৈয়দ—৩০৭ পৌরোহিস্ত্য---৩৽ ৭ প্রকাশানন্দ, স্বামী—২৫, ৪৭, ৭০, ৩৪৫ প্রটেস্টান্ট ধর্ম—৩০৭ **প্রতাপনিংহ**—৩২৬ 'প্রবৃদ্ধ-ভারত' (পত্তিকা)—২৯৭, 894, 896, 860 'প্রবৃদ্ধ ভারতের প্রতি' (কবিতা)— २३१ প্রমদাদাস মিত্র—৩৪৭ প্রাণারাম--- ৩৫০, ৬৯৬-৯৭ প্রিয়নাথ মুখোপাধ্যায়—৫, ৯৬, ৯৭

কোম—১৪৩, ৪২৮, ৪৪১, ৪৪৭ প্রেমানন্দ, আমী—২৪, ১০২, ১১১, ১৬৯, ১৭১, ২০৭-০৯, ২২১, ২৪৫-৪৬, ৬৪২, ৩৪৬-৪৭, ৩৪৯-৫০, ৪২১ প্যারিস প্রদর্শনী—১৮৭, ৪৬২

-এর বাটী--৩৯৭

করাসী—৪৪৯ ফিসাডেলফিয়া—৪৪৬ ফেরিডা—৪৮৪ ফ্রাড—৪१৩

'বন্ধবাদী' (পত্ৰিকা)—৩৩১ বরানগর মঠ---২৬৮, ২৪২, ৩৩৬; वर्गाञ्चम-- ४० ; 'श्य ১১৫ বলরাম বহু—১১, ২৩, ৩৬, ৩৮, ৬৽, २**५**৮, ৪•৯, ৪১৯, ৪২**৽**, ৪**২**৪; -বাটী ৬২ ব্ৰভাচাৰ্য সম্প্ৰদায়—৩৩৫ ব**শিষ্ঠ-অঙ্গৰ**ভী---৩৯ বাইবেল—৩২, ৩৮২, ৪৭২ বাব-পশ্বিগণ---২৭৫ বামাচার—১১৫, ১৫৬, ২০১, ২৮৯ বিজ্ঞানানন্দ, স্বামী---১৬৬ 'বিভামন্দির'—১২৫ বিছাসাগর—২৭৬ ; ঈশরচন্দ্র ৪০৫ 'বিবেকচ্ডামণি'—৫, ৬, ১১ विश्रमानम, चाशी--७००, ७८० বিরজানন্দ, স্বামী—(পাদটীকা) ৪৭ ; विवाह--वाना-७१, ७१२, 8**2¢** ; विश्वा-२११, 8१৫ বিশিষ্টাবৈতবাদী—১৭৯ বিষ্ণুবাণ-৪৫৭ 'বীরবাণী'—পা: টা:—৯৩, ১৮৯, ২৮৪; ब्बटमव-२२, ৫०, ৫১, ১১৪, ১১৫, >86, 2¢>, 298, 266, 406, 405, 882, 844, 894,894, 640, 824 वृन्गांवन---२४०, ७२२, ७२৫; -नीना 36, 386 **€49**—७२, 83, 88, €3, ७€9, ७€৮,

> ৩৮৬, ৪৫৪, ৪৫৬, ৪৬৫, ६৮৭ ; ইহার অর্থ ৪৬ ; বিশেষৰ ৪৯৩

(4718--6), 868, 862, 860, 86b; **অবৈত ৩১, ৪৫৫; অধিকারীর** नक्ष २०-२२ ; -धर्म १ ; -ख्ब ১৮**७ ; -७ यूननमान** ४२२ (वन्ष्--৮३, ३७, ३৮, ३०६, ३५०, ১२৪, ১৭০; -मर्ठ ১७७, ১৩৭, seo, see, soo, soo, sob, ১৮৬, ১৯২, ১৯**৯**, २०१, २১७, 239, 228, 200, 209, 285, 28¢, 2¢8, 260, 29¢, 860, তুর্গোৎসব ২২৬; রামকৃষ্ণদেবের मत्हारमव २२१, २२৮, २०७ বেষ্ঠাণ্ট, মিদেস--৪৭৪-৭৫ বৈরাগ্য —১৪০, ১৪১, ১৮২, ৩০২, ৬৮৯; -উপনিষদের প্রাণ ৫০ বৈষ্ণব ধর্ম-১৫১ (वोक्षयं—२२, ৫०, ৫১, ১৫১, २०७, ৩০৬, ৩০৭, ৩০৮, ৪৪৪, ৪৬৮, ৪৭৬, ৪৮০, ৪৮৮, ৪৯৩ বন্ধ---৪১, ৪৩, ৪৫, ৬৪, ১৪৩, ৪৩৬ ; -জ্ঞান ৪৯, ৪০৪; তুরীর ৪৫৭; প্রত্যক্ ৪২ ; -বিছা ২৮৩, ২৯• ; -বিবিদিষা ১৮০, ১৮১; -শক্তি · ব্ৰহ্মচৰ্য—৪৭, ২৭২, ৩৫৩, ৩৫৪, ৩৯৫, ৪০৪, ৪২৭, ৪৮২ ; -পালন ২১০; -আভাম ১২৫ 'ব্ৰহ্মৰাদিন্' (পত্ৰিকা)—৩৫৪ ব্ৰহ্মসূত্ৰ—২৪৭, ৩৪৮, ৩৪৯, ৩৫• (পা: টী:) ; -ভাস্ত ২৪৫ बन्नानम, चार्यी-७२, ৮३, ১१৫, २১०, 285, 282, 539 ব্রাত্য- ৭৭, ৭৮

ভক্তি—১৬, ৪৯, ১৮৩, ২৮২, ৩০৩,

oer, 822, 808, 800; **Gua**i ৬৭'; জানমিলা ৪২৯; পরা ১৪**৪ ; म्या ७ (शी**व ১৪২ ভাগবত---২৪৫ **ভাব---8১ ; मधूब-मश्रां**षि ১৪৫ ভারতচন্দ্র—২১১ ভারত, ভারতবর্ধ—৩১১, ৪•১ ; অধ:-পতনের কারণ ২০০-০১; জ্বন-সাধারণের উন্নতি 866-68 নারীর অবহা ৪৭৮-৮৩; নৃতন কাৰ্যপ্ৰণাণী ১৩৪; তাহার পুনরভ্যুত্থান পরিকল্পনা ৪৭২-৭৩; বর্তমান শক্তিহীনতা ১২ ; প্ৰদা ও আত্ম-প্রত্যয়ের অভাব ১০৬

মধ্বাচার্য-- ৪৬৫ मञ्-- ३९५, ১९८, ১৫৭, २००, ७०७; -সংহিতা ২০০ (পা: টী);-শ্বতি ১৫৬ महत्रम-७०, २৮७, ७०৮, ८८৮ 'মহাত্মা'—৪৭৫ মহাপ্রভূ—৪২৭ মহাবাক্য---২১৪ মহাভারত—৫১, ৩০০, ৪৫৭, ৪৫৮, ৪৮৩-৮৪ (পা: টী:) মহাভাষ্য – ৩৪৯ (এএ) মাভাঠাকুরানী—২২৬, ২২৭, २७৮ 'মান্তাস টাইম্স্'—৪৬৯ 'মার'—২৬ ; 'মারব্বিৎ'—৩১• মান্টার মহাশর—মহেজনাথ 45 ৩৩৬, ৪২১ . মান্না—১•২, ৪২২, ৪২৩, ৪৮৯ यात्रावाल-- 8३०

মারাবতী—২৯৭
বিতাকরা—১৫৬
'মিরর'—'ইণিয়ান মিরর' জঃ
মিল, জন স্টু রাট—৬৮৫; ৪২৩
মিণ্টন—৪৫৮
মীরা, মীরাবাঈ—৩৮, ৩২৪-৫, ৪৮১
মৃক্তি—১৫, ৪৯, ১৯৭, ৪৬৭, ৪৮৯;
অবৈতবাদীর—৪৫৭, ব্যক্তিগত ও
সকলের ২২২
মুসলমান ধর্ম—৪৫৮
'মেঘদুড'—১৬, ৪০৬
মেঘনাদবধকাব্য—২১১, ২১২
মৈত্রেয়ী—২০০
ম্যাক্স্লার—৩৯, ৪৫৪, ৪৭২
ম্যাট্সিনি—২৭৩

বাজাবজ্য— ১৫৪, ১৫৭, ৪৮০ ;- হৈজেরী-সংবাদ ৩৪৫ বাস্ক—৪৫৪ বীশু, বীশুগ্রীষ্ট— ১১২, ৪৩০, ৪৪৩, ৪৯২, ৪৯৪ বোগানন্দ, স্বামী— ১৯, ২৪, ৩৮, ৬০, ৬২, ৬৩, ৬৭, ৮৭, ৮৮, ৩৩৩, ৩৪২, ৩৯৭, ৪২১ বোগীন-মা—২৩

রঘুনন্দন— ৫৬, ১৫৬, ২১৬, ২২৫, ২২৬ রঘুবংশ—৩৫. রশদাপ্রসাদ দাশগুপ্ত—১৮৬ রাধাক্তৃষ্ণ—২৬৫, ৩০৪ রাধাপ্রেম—৪২৮ (শ্রী)রামকৃষ্ণ—অনস্কভাব্যর ৬২, ৬৩, ২৪৮; অবভারত্ব ৬৫, ১৪৬, ৩৫০;

উৎসবের পকরিয়না ২২> ; ওস্তাদ

यांनी २८৮ ; बदगारमव २१, २৮,

৭৭, ৭৮, ৪১১; ড্যাগীর বাদশা २৫১; পূর্ণ আনময় ২৮৪; ভাব-वाष्ण्यव वाष्ण २५ ; यहानमवशाहार्व २२, २৫১ ; मञ्जूषांत्र मरायां भगाधक २०; छव २১৫; खांब ६ (এ)রামকৃষ্ণ মিশন—৩৮, ১৭৩ ; ইহার উদ্দেশ্য ৬১, ৬২ সীলমোহর ১৯০ त्रांभक्ष्णानम चामी---৫>, २२७, ७८८ রামাত্রজ---২৫১, ৪৬৮, ৪৮৫, ও 'আহার' ১৫২ রামপ্রসাদ---২২০ तांगरमार्च नांत्र (तांका)—२१७, ४७৮ রামলাল-দাদা---৬৩৭ वायानम वाय---२१६ त्राचात्र9-809, 80৮ রামেশ্বর---৩৭৬ त्राममणि, त्रामी--२१ রেনার জশকাবনী--৫০৮ শকুত্তল|---৪৮০

শররাচার্য—৬, ৫৯, ১০১, ১১৪, ১৩৯, ১৮০, ১৯৭, ২০৬, ২২৭, ২৫১, ৩৪৯, ৩৮৮, ৪৫৫, ৪৫৬, ৪৬৮; ও জাহার' ১৫২; ও বেদের ধ্বনি ২৮৯
শরচন্দ্র চক্রবর্তী—৩৩৯, ৩৫৯
শশিপদ বন্দ্যো—৩৫২
শিবাজী—২৭৫
শিবাজী—২৭৫
শিবাজী—২৭৬
শিবাজন, স্বামী—১৯, ২৫৬, ২৫৭, ৩৩৩, ৩৩৪, ৩৯৮
শিক্রকলা—১৮৬-৯২
শিরাভ্রী—৩০

ভক, ভকদেব—৬৪, ২৭৬
ভবানন্দ, বাষী—২৫, ৫৭, ৫৮, ৩৫৭
শেবনাগ—৩১৭
শোপেনহাওয়ার—৪৪০, ৪৪৫
শীনগর—৯০, ২৯৩, ২৯৪, ২৯৫, ২৯৬,
৩০২, ৩০৩, ৩২০, ৩২১, ৩২৪
শ্রীভান্ধ—৩৫৪
শ্রীম—'মান্টার মহাশর'-দ্রঃ

সঙ্ঘমিত্তা---৪৮১ সত্যকাম--৪০৩ मनानम, चारी--8७ সনাতন গোস্বামী—৩২৫ (পা: টী:) সন্মাস—৪৭, ৩৫৩, ৪৩৮; পরমপুরুষার্থ---৫২ প্রকারভেদ—৪৯, ৫০ मर्भाध-- ১৫, ৮२, ১৮৩, ७३৫; निर्त्राथ ১०० ; निर्विकद्म ४२, २२, ٥٠٥, ٥٠٥ माकार्यान-२१२ 'দান্ডে টাইম্স্' (পত্তিকা)—৪৩৭ শাবিত্রী—৩৬, ৩৮, ২০৩ সাম্যবাদ—৪৬৩ गांत्रगांनन, चांत्री--१२, २৫৪, २৫৫, २৫৮, ७२१ 'দাহিত্যকল্পজ্ম'—৩৩৬ সায়ন ৩৯, ৪০ नार्था प्रर्मन-- ১১৯ সিন্ধাই--৮৫, ৮৭, ৮৮, ৩২২ সীতা---০৬, ৩৮, ২০৩ হুধীর ব্রহ্মচারী—'গুদ্ধানন্দ স্বামী' তঃ হ্ৰি—৪৩৯, ৪৪৫ মুৰোধ---২৪৮ क्राधानम, चात्री--७४२

স্থাদাস---২৮৭

St. Paul & others. এটের জীবন ও বাণীর পর এই ওলির মাধ্যমেই এটিধর্ম প্রচারিত হয়।

- ৩০৮ ৫ সেণ্ট জন: জন গালিল প্রদেশের এক ধীবরের পুত্র। মাতা সালোমা ঈশাজননী মরিরমের ভগ্নী ছিলেন। ঈশার মহিমা উপলব্ধি করিয়া ২৫ বৎসর বয়সে জন তাঁহার শিক্ত হন। বীশুর মৃত্যুর পর জন জেকজালেম ও পরে মধ্য এশিরায় ধর্মপ্রচার করেন। তাঁহার লিখিত জীবনী ও ব্যাখ্যা 'Gospel according to St. John' নামে বিখ্যাত।
- ৩০৮ ৭ সেন্ট পল (৩-৬৭ ?): খুটের মৃত্যুর তিন বংসর পরে সাইলেলিরা প্রেন্দেশ সলের জন্ম হয়। তিনি এক মধ্যবিত্ত কার্চ-ব্যবসায়ীর পূব্র। প্রথম জীবনে তিনি প্রাইবিবেষী ছিলেন এবং প্রাষ্টের শিক্ত ও ভক্তদের উপর নির্বাতন করিতে তিনি জেলসালেম জাসিতেছিলেন। পথে জলৌকিকভাবে প্রীটের জাদেশ পাইরা তিনি পূর্ব সংকর পরিত্যাগ করেন এবং প্রীটে বিখাসী হইরা 'পল' নামে পরিচিত হন। বছ নির্বাতন সহু করিরা তিনি প্রীইধর্ম প্রচার করেন। প্রীই-বিবেষী রোমান সম্রাট নীরো তাঁছাকে ঘাতকের বারা নিহত করেন। পলের এক একটি পত্র পাশ্চাত্যে প্রচারিত প্রীইধর্মের শুভ্রম্বরূপ।
- ৩০০ ১১ 'কানবৃদ্ধ হিলেল…'—ইছদী ধর্মোপদেষ্টা; তাঁহার জয় আহ্মানিক
 খৃ: পৃ: ০০ অব্দে, মৃত্যু আহ্মানিক ১০ খৃ:। তিনি ডেভিডের
 বংশজাত ছিলেন। তাঁহার উপদেশসমূহের সলে বীশুপ্তীষ্টের উপদেশাবলীর অনেক সাদৃশ্য দেখা যার। যথা তিনি বলিতেন: My
 abasement is my exaltation. What is unpleasant to
 thyself, that do not do to thy neighbours. Judge not
 thy neighbour until thou art in his place. ইত্যাদি।

পৃষ্ঠা পড্জি

- ৩২৪ ২৫ ঐতিতন্ত-প্রচারিত 'নামে ক্ষৃতি জীবে দরা'— ঐতিতজ্ঞাদেব 'নামে ক্ষৃতি' (ভগবানের নাম ও কীর্তনে আগ্রহ), 'জীবে দরা' (মাছ্য ও জন্তান্ত জীবের প্রতি দরা প্রকাশ করা) এবং বৈষ্ণব-লেবা (বিষ্ণু-ভক্ত অর্থাৎ ভগবদহ্যাগী ব্যক্তিকে প্রজাপূর্বক পরিচর্বা)—এই আদর্শ প্রচার করিয়াছিলেন।
- ৩২৫ ১৫ 'শ্রীকৃষ্ণই একমাত্র পুরুষরূপে বিরাজিত'—গোড়ীর বৈশ্ববর্ধে মধ্রভাবের সাধক নিজেকে প্রকৃতি বা জীরূপে করনা করিয়া শ্রীকৃষ্ণকৈ
 পতিরূপে পাইবার জন্ত চেষ্টা করেন। বৈশ্ববৃদের মতে একমাত্র
 শ্রীকৃষ্ণই পুরুষ, আর সব প্রকৃতি।
- ৩২৩ ৮ 'নদীতটে একখণ্ড জমি ছিল'—বিলাম নদীর তীরে একখণ্ড জমি
 কাশ্মীরের তদানীস্কন রাজা স্বামীজীকে দিতে চাহিয়াছিলেন। উক্ত জমিতে সংস্কৃত-চর্চার জন্ম একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করিবার ইচ্ছা স্বামীজীর ছিল।
- ৩২৪ ১৮ টডের রাজস্থান: টড সাহেবের লেখা 'Annals of Rajasthan'
 গ্রন্থ ১২৮০ সালে বাংলা ভাষার অন্দিত হয়। তারাবাঈ, মীরাবাঈ,
 কৃষ্ণকুমারী, চণ্ড প্রভৃতি বাংলা সাহিত্যের বহু প্রন্থের কাহিনী টডের
 রাজস্থান হইতে গৃহীত। উনবিংশ শতান্দীর নৃতন শিক্ষার শিক্ষিত
 বাঙালীরা তাহাদের জাতীর ভাবের প্রেরণা হিসাবে রাজপুতানার
 কাহিনী গ্রহণ করিরাছিল, তাহা অনেকাংশেই এই পুস্তকের
 সাহায়ে।
- ৩২৭ ৬ 'আমেরিকার রাজ্যত ও তাঁহার পত্নীর আভিথ্য'—কলিকাভাস্থ আমেরিকার কন্যাল জেনারেল মিঃ প্যাটার্যন ও তদীয় পত্নী।

স্বামীজীর কথা

- ৩৩২ ১৩ শ্রীৰ্ক্ত নরেজনাথ সেন: Indian Mirror নামক ইংরেজী দৈনিক পত্রিকার সম্পাদক; কলিকাভায় স্বামীলীর অভিনন্দনের অগ্রভম প্রধান উত্যোক্তা ছিলেন।
- ৩৩২ ২৬ বিপন কলেজ: ভারতের বড়লাট উদার-প্রকৃতি লর্ড রিপনের

ক্রেজনাথ দেন—৪১৯
ক্রেশ মিজ—২৬৮
সেকেন্দর—২৮৮, ২৯৬
সেতিয়ার, ক্যাপ্টেন—২৭০
সেতিয়ার দপাতি—৩৩৩, ৩৩৪
সোনমার্গ—৩০২
সোন্সালিজম্—৪৫৩
পোনার, হার্বার্ট—৪২৩, ৪৭২
স্ক্রপানন্দ, স্বামী—২৯৭
বামীজী (বিবেকানন্দ)—'অথণ্ডের

भाषा (निरंकानम)—'क्थरेखन थाक' ७८ ; क्यमण ७ त्मराध्य १ तम्मराध्य १ तम्य १ तम्मराध्य १ तम्मराध्य १ तम्मराध्य १ तम्मरा

নিরমাবলী ৩৪২-৪৪; মঠের
নৃতন অমিতে পূজা ১১০; জীরামক্রম-মন্সিরের পরিকরনা ১৯০;
ক্রম্ভতির অমুবাদ ২৮৬; সদীত
সম্বদ্ধে ১৬০, ৩৯৮; সন্মাস-প্রসঙ্গে
৪৮-৫৪; স্তীমঠ ১৯৯; স্তীমাত্রে
মাতৃভাব ২০৪; স্তীনিকা ৩৩-৩৮,
২০৫, ৪২৬

হ্রমোহনবাব্—৩৪০
হরিপদ মিত্র—৩৬০
হরিপদ মিত্র—৩৬০
হরিপদ মিত্র—৩৯০
হাণ্টার, ভার উইলিয়ম—৪৫৪
হিংলা ও অহিংলা—১৫১ হিন্দু ৪৫৫, ৪৬০, ৪৭৬; হিন্দুধর্ম ৫০,
৪৩৯, ৪৫৮, ৪৫৯; হিন্দুধর্মত্যাগীদের প্নগ্রহণ ১৮৩
হিলেল—৩০৯
হেন্দির, ভেডিড—২৭৭, ২৭৮
হোমর—৪৫৮
হ্যামলেট—৩১০

বাহদী--৪৯৪